



ভারতের ইতিকথা



বন্দ্যোপাধ্যায় ও গুপ্ত



পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক অনুমোদিত নূতন পাঠ্যক্রম অনুসারে নবম শ্রেণীর ইতিহাসের পাঠ্যপুস্তক রূপে লিখিত
বিজ্ঞপ্তি নং—৮৬/২ তারিখ ১-৮-৮৬ পত্রানুসারে।
[*T. B. NO. SYL/H/IX/87/86 Dt. 13.11.87*]

ভারতের ইতিকথা

(নবম শ্রেণী)

অধ্যাপক নীহারেন্দু বন্দ্যোপাধ্যায়
প্রধান অধ্যাপক ইতিহাস বিভাগ, রামপুরহাট কলেজ
ও
অধ্যক্ষ স্বাধীন গুপ্ত
গুসকরা মহাবিদ্যালয়
প্রাক্তন অধ্যাপক, কৃষ্ণচন্দ্র কলেজ, হেতমপুর

শ্রীভূমি পাবলিশিং কোম্পানী
কলিকাতা-৯

প্রকাশক ঃ
শ্রীঅরুণ পুরকায়স্থ
৭৯, মহাত্মা গান্ধী রোড
কলিকাতা-৭০০০০৯

প্রথম প্রকাশ ঃ মে, ১৯৮৭
সংশোধিত সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮৮

মূল্য ঃ পঁচিশ টাকা।

মুদ্রাকর ঃ
শ্রীঅজিত চৌধুরী
সাধনা প্রেস
৪৫/১ এফ, বিডন স্ট্রীট
কলিকাতা-৭০০০০৬

ভূমিকা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক প্রবর্তিত নবম শ্রেণীর নতুন পাঠ্যক্রম অনুসারে 'ভারতের ইতিকথা' লিখিত হয়েছে। পাঠ্যসূচীর অন্তর্গত প্রতিটি বিষয়বস্তু যতদূর সম্ভব সতর্কতার সঙ্গে আলোচনা করা হয়েছে। সম্প্রতি ইতিহাসেও পঠন-পাঠন পদ্ধতিতে বিশেষ মৌলিক পরিবর্তন ঘটেছে। রাজ-রাজড়াদের কাহিনী ও যুদ্ধবিগ্রহের চেয়ে সমাজ, সংস্কৃতি ও অর্থনীতির বিষয়বস্তু ইতিহাস গ্রন্থে যথেষ্ট স্থান করে নিয়েছে। বর্তমান পাঠ্যক্রম এর ব্যতিক্রম নয়। আলোচ্য গ্রন্থে প্রাচীন যুগ থেকে আধুনিক যুগ পর্যন্ত ভারতের ইতিহাসের রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক ধারার বিশদ বিশ্লেষণ করা হয়েছে। উদ্দেশ্য হল উক্ত ধারাসমূহ সম্পর্কে ছাত্রছাত্রীদের সচেতন করে তোলা। বর্তমান গ্রন্থখানি পর্ষদ নির্দিষ্ট পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে। ছাত্রছাত্রীদের সুবিধার জন্য গ্রন্থের শেষে রচনাত্মক, সংক্ষিপ্ত উত্তরভিত্তিক ও বিষয়মুখী প্রশ্নমালা সংযোজন করা হয়েছে। গ্রন্থখানি ছাত্রছাত্রীদের উপকারে এলে আমাদের পরিশ্রম সার্থক হবে বলে মনে করি।

কলকাতা
রবীন্দ্র পক্ষ, ১৯৮৭

ইতি—
গ্রন্থকারদ্বয়

WEST-BENGAL BOARD OF SECONDARY EDUCATION

HISTORY SYLLABUS FOR CLASS IX

Chapter I : **Geography & History :**

(a) Chief physical features of the Indian subcontinent and its main othnic elements ;

(b) Influence of Geography on History ;

(c) The Fundamental unity ;

(d) Source of ancient Indian History.

Chapter II ; **Dawn of Indian Civilisation :**

(a) Palaeolithic, Mesolithic and Neolithic stages of cultures.

(b) Harappan Civilisation (Chalcolithic) chief features—its antiquity (with special reference to its extent, urban character, town planning, and social, economic and religious life), relations with outside world.

Chapter III : **The Vedic Age :**

(a) The 'Aryans'—their original homeland; Their first literary work in India—the Rig-Veds ;

(b) Vedic literature ; Later **Samhitas, Brahmans, Aranyakas, Upanishadas** and **Sutras** ;

(c) Life of the people as reflected in the Vedic literature.

(i) Social, economic and religious life and political and administrative activities of the people as known from the Rig-Veds ;

(d) (ii) later developments ;

(d) Expansion of Vedic culture in the subcontinent ;

(e) Beginning of the Iron Age.

Chapter IV : **Protest Movement :**

(a) Social, economic and religious causes of the beginning of the movements protesting against the dominance of the age-old Vedic or Brahmanical culture ;

(b) Jainism and Buddhism ;

(c) Lives and teachings of the Buddha and Mahavir.

Chapter V : **The Age of Imperialism and Political Unification :**

(a) Reference to sixteen Mahajanapadas

(b) A bare outline of the history of the growth of the power of Magadha from the days of Bimbisara to the rise of the Mauryas ;

(c) History of the Maurya empire with special reference to the periods of Chandragupta (his achievements, administration of the age as known from the account of Megasthenes and the **Arthasastra** of Kautilya dated generally to the Maurya Age) and Asoka (his conquest of Kalinga, limits of his empire, propagation of Buddhism and his own Dharma, his hamanitarian work, his contacts with outside world and his place in world history)

(d) Invasions of India by foreigners—

(i) Reference only to the extension of the Achaemenid empire to part of the Indian subcontinent, Alexandar's invasion and its effects.

(ii) after the fall of the Mauryas—reference to the rule of the Indo-Greeks, Sakas and Pahlavas ;

(iii) Social and economic condition—with reference to agriculture, trade and industry—foreign elements in the population—contacts with the outside world—Mauryan Art.

(e) History of the Kushana empire with special reference to the reign of Kaniskha (his probable date, his conquests, limit of his empire, his patronage of Buddhism and Indian art and culture) and to India's contact with the outside world in Kushana age ; cultural importance of thc Kushana period in Indian History ;

(f) the Satavahana empire—

(i) its extent,

(ii) the achievements of its greatest ruler—Gautamiputra Satakarni ;

(g) History of the Gupta empire—with special reference to

(i) the periods of Sumudragupta (his conquests and achievements, war against the Saka Kahatrapas ; (his other achievements) Chandragupta II a legendary figure. Evidence of Fa-Hien ; Kumargupta I and Skandhagupta (his success against the Hunas)

(ii) Causes of the downfall of the Gupta empire. Distinctive features of the Gupta culture.

Chapter VI : **Struggle for Domination :**

(a) North India—

(i) Reference to the Hunas—Yasodharman

(ii) Rise of Gauda under Sasanka, his relations with Bhaskarvarman of Kamarupa and Harshavardhana of Thaneswar and Kanauj ;

(iii) Conquests of Harshavardhana, limits of his kingdom, account of Huan-tsang

(iv) Rise of the Pratihara and Pala empires—brief reference to the tripartite struggle and its outcome.

(v) Important Pala and Sena rulers—Dharmapala, Devapala, Mahipala I, Lakshmensen.

(b) Deccan—

(i) the early Chalukyas of Badami ;

(ii) Achievements of Pulakesi II

(iii) the Rashtrakutas

(iv) Achievements of Givinda III and Krishna III. Later Chalukyas of Kalyans; and achievements of Vikramaditya VI (c. A.D. 1076-1128)

(c) South India—

(i) The Pallavas of Kanchi—some notable rulers and their achievements—the longdrawn conflict between the Pallavas and Chalukyas

(ii) The Cholas of Tanjore

(iii) Achievements of Rajaraja I and Rajendra I with special reference to their overseas campaigns.

Chapter VII :

(a) Social, economic and cultural life from the 7th Century to the 12th Century A.D. under the Palas, the Senas, the Chalukyas, the Rashtrakutas, the Chandellas, the greater Gangas of Orissa and the Pallavas and the Cholas of the far South ;

(b) Commercial and cultural contents with outside world.

MEDIEVAL INDIA till 1707

1. Why should we call it 'Medieval india' rather than Muslim India ?
2. A brief note on the types of sources : the Sultanate period.
3. Advent of Islam in India : The Arab conquest of Sind—its impact negligible.
4. Beginning of Muslim rule : condition of Northen and Western India on the eve of the Muslim invasion—Sultan Mahmud—Results of his invasions—Al-Biruni on Indian culture and civilisation.
5. From Invasion to Empire-building ; Foundation of the Delhi Sultanate by Qutbuddin—Iltutmish and Balban ; nature of the external and internal threats—consolidation of the Sultanate.
6. Khalji Imperialism ; growth of the empire under Alauddin (no detailed account of his campaigns) his attempts at consolidating the authority of the Central Government—his economic measures and their results.
7. A short assessment of Muhammad bin Tugluq's rule—Nature of the changes during Firuz Shah's rule ; some of his beneficient measures.
8. Invasion of Timur—effects—disintegration of Sultanate : the Sayyids and Lodis (only a brief outline).
9. Rise of some regional powers :

   (a) Bengal under Ilias-Sahi rulers : Hussain Shah and Nasarat Shah : cultural developments.

   (b) The Bahmani Kingdom (no details)—split up into five kingdoms.

(c) The nature of the Bahmani-Vijayanagar conflict (details of the wars to be omitted).

(d) Vijaynagar empire—Dev Rai and Krishna Rai—special emphasis on the administrative system—and the social, cultural and economic life.

10. Impact of Islam on India during this period—with particular stress of the impact on the cultural life—the initial orthodox reaction ; gradual synthesis of cultures—the Bhakti cult—Sufism—Religious reference—their message. Art and architecture—development of vernacular literature and regional art and culture—patronage of literature etc. by the ruling groups—growth of Urdu.

THE MUGHAL AGE : 1526-1707

1. A brief note of the types of sources.
2. Origins of the Mughals : foundation of the Padshahi, by Babar—Panipath, Khanua and Ghogra—(details of wars to be omitted). Babar's memoirs.

(a) Mughal-Afghan contest—its nature—a brief narrative of the building up of an empire by Sher Shah—special stress on the administrative and revenue systems.

Sher Shah's contributions—a brief reference to the establishment of the Mughal power.

(b) Widening of the empire and its consolidation by Akbar : Stress on the methods by which Akbar achieved it : (details of the wars to be omitted)—foundation of a new administrative system—Jagirdari system—revenue system—cultural life ; Din-i-Ilahi—Akbar's court—His building activities,

(c) Jahangir and Shahjahan : Assessment as rulers : particular stress on their patronage of art and architecture—Their policy towards European traders.

(d) Aurangzeb : a short note on the wars of succession—stress on two developments in the political sphere : further widening of the empire on the one hand, and

the emergence on the other of certain conditions which tended to weaken the imperial authority : Roots and nature of his troubles in Northern and North-Western India : the Deccan policy—Shivaji and the first phase of the Mughal-Maratha conflict—organisation of the civil and military administration by Shivaji—assessment of Shivaji as a rular : the far-reaching consequences of Aurangzeb's Deccan wars—organisation by Aurangzeb of the civil and military administration—His religious policy—his character and personality—a brief estimate as ruler.

(e) Activities of the European trading companies (a brief outline).

3. India under the Mughals : Political unification of a large part of India—measures in connection with the assertion of the Central Authority—the Mughal rulers and Jagirdars—land revenue system—the ruler society of India in the eyes of foreigners—trade industry and commerce—European traders—special emphasis on the cultural life ; art, architecture, paintings, literature—history writing—music—some reference to some distinctive regional cultures.

HISTORY OF INDIA : 1707-1857

1. Decline and disintegration of the Mughal empire—beginning of the process during Aurangzeb's time—threats to the Mughal empire from different quarters—drain on the imperial finances due to wars—implications of the fast increasing jagirs while the revenue income did not increase—increased factionalism in the Mughal Court—different parties and faction—weakness of the successors of Aurangzeb—power struggle—the nobles etc. further consolidated their powers—Central control over the different Subas and regions gradully disappeared—effects of the invasion of Nadir Shah.

2. **Growth of regional powers** (emphasis on those, whose encounters with the British affected the later political scene).
   (i) The regions to be particularly studied Bengal, Hyderabad, Mysore, Awadh, the rise of the Sikhs upto Guru Govind—
   (ii) Growth and decline of the Marathas (till 1761)—Expansion of the Maratha Power—Third battle of Panipath (1761)—its impact.
3. Growth of European Commerce and conflict among European trading companies-Anglo-French conflict—Carnatic : the first area of conflict—Effects of the Anglo-French rivalry in Europe and elsewhere—War of Austrian succession and Seven Years' war—Reaction of Carnatic rulers to the growing conflict—Result of the wars—causes of French failure.
4. Growth of English East India Company's commerce and political power in Bengal till 1765—Growth of English trade in Bengal in the first half of 18th Contury—Farman of 1717—frictions with the Nawabs—conflict between the English and Siraj from 1756 to Plassey—its results—conflict with Mir Qasim : Buxer (1764)—Dewani (1765).
5. **1767-1857**
   British Imperial Expansion :
   (The War operations to be described as briefly as possible. The main stress shold be given on (a) The Britssh Motives,
   (b) The decisive factors in the British victory)—
   (c) Marathas (one long narrative)
   (d) Mysore (do)
   Subsidiary Alliance (1798) as an instrument of British political control.
   (c) Other conquests, (excluding ralationship with the Sikhs—Anglo-Sikh relations till the death of Ranajit Singh.
   (d) Annexation of the Punjab.
   (e) Dalhousie and British imperial expansion—Novel features.

6. **Administrative Foundations**

(i) Nature of the growth of British political power till 1765 (two short paragraphs)—Implications of Diwani of 1765—and of Diarchy in 1772.

(ii) Growth of centralisation : (Hastings to Cornwallis)

(iii) Organisation of a new and judicial and police system.

(iv) Need for an increased income from land-revenue—Types of arrangements in this connection—their broad effects.

7. **Industry and Trade**

Expansion of India's foreign trade and decline of some Indian industries—(To stress cotton-goods during the period, 1765-1857).

8. **The Cultural Scene**

(i) Brief note on the old educational system : The changes : English Education—Decline of vernacular education. Contact with Western culture.

(ii) A history of social and cultural Movements with special reference to Bengal and Maharashtra.

9. **Peasant unrest and uprisings**

(a) Peasant Rebellions—Ferazi—Wahabi Movements ;

(b) Tribal Movements—Kols—Santhals.

10. **The revolt of 1857—causes**

Extent of popular participation leadership—Nature of the Revolt.

———

সূচীপত্র

প্রথম অধ্যায়

ভারতের প্রাকৃতিক পরিবেশ, ঐতিহাসিক বৈশিষ্ট্য ও প্রাচীন ভারত-ইতিহাসের উপাদান

প্রাকৃতিক বৈশিষ্ট্য

আমাদের জন্মভূমি ভারতবর্ষ এশিয়া মহাদেশের দক্ষিণাংশে অবস্থিত। উত্তর দিকে নগাধিরাজ হিমালয় ও অপর তিন দিকে সমুদ্রের বিপুল জলরাশি পৃথিবীর অন্যান্য অংশ থেকে এই উপদ্বীপটিকে পৃথক করে রেখেছে। আবার দেশের অন্তর্ভাগেও কতকগুলি পাহাড়-পর্বত, নদনদী, মরুভূমি ভারতবর্ষকে কয়েকটি প্রাকৃতিক অঞ্চলে বিভক্ত করে রেখেছে। এই সমস্ত প্রাকৃতিক বৈশিষ্ট্য ও আয়তনের বিশালতা ভারতবর্ষকে যেন একটি মহাদেশের রূপ দান করেছে। সাধারণতঃ ভূপ্রাকৃতিক গঠন অনুসারে ভারতবর্ষকে আর্যাবর্ত ও দাক্ষিণাত্য—এই দুটি প্রধান ভাগে বিভক্ত করা হয়। আর্যাবর্তকে আবার তিনটি ও দাক্ষিণাত্যকে দুটি ভাগে অর্থাৎ ভারতবর্ষকে মোট পাঁচটি ভাগে বিভক্ত করা হয়ে থাকে।

আর্যাবর্তের তিনটি বিভাগ

(ক) **উত্তরের পর্বতাশ্রয়ী হিমালয় অঞ্চল :** ভারতের উত্তরে পৃথিবীর উচ্চতম পর্বতশ্রেণী হিমালয় তার শিরোভূষণস্বরূপ। হিমালয় ও তৎসংলগ্ন সুলেমান, হিন্দুকুশ, লুসাই ইত্যাদি পর্বতমালা ভারতের উত্তর দিক দিয়ে উত্তর-পশ্চিম সীমান্ত পর্যন্ত বিস্তৃত হয়ে একটি বিশাল দুর্লঙ্ঘ্য প্রাচীর সৃষ্টি করেছে। অবশ্য দেশ-বিভাগের (১৯৪৭ খ্রীঃ) ফলে উত্তর-পশ্চিম সীমান্ত এখন পাকিস্তানের অন্তর্ভুক্ত; সুলেমান ও হিন্দুকুশ পর্বতশ্রেণীর সঙ্গে ভারতের সংযোগ বিচ্ছিন্ন। যুগ যুগ ধরে এই পর্বতশ্রেণীর খাইবার, বোলান ইত্যাদি গিরিপথ ধরে এসেছে আর্য, পারসিক, গ্রীক, শক, হূণ, কুষাণ প্রভৃতি বিভিন্ন জাতি।

(খ) **সিন্ধু-গঙ্গা-ব্রহ্মপুত্র-বিধৌত সমভূমি :** সিন্ধু-গঙ্গা-ব্রহ্মপুত্র-বিধৌত সমভূমি ভারত-ইতিহাসের প্রাণকেন্দ্র। হিমালয়ের পাদদেশ থেকে মধ্য ভারতের মালভূমি পর্যন্ত বিস্তৃত এই ভূখন্ডের অধিকাংশই অত্যন্ত উর্বর ও প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। এছাড়া, এই অঞ্চল নদীবহুল হওয়ায় অতি প্রাচীনকাল থেকেই যোগাযোগের ব্যবস্থা খুব উন্নত। সেজন্য এই অঞ্চলে বহু সাম্রাজ্যের ও বড় বড় নগরের বিকাশ ঘটেছিল।

(গ) **মধ্য ভারতের মালভূমি :** বিন্ধ্যপর্বত ও সিন্ধু-গাঙ্গেয় উপত্যকার মধ্যবর্তী অঞ্চল মধ্য ভারতের মালভূমি নামে পরিচিত। এই অঞ্চল পর্বতসঙ্কুল, অরণ্যময় ও অনুর্বর; এইজন্য জনবিরল। প্রাচীনকালে আর্যদের দ্বারা বিতাড়িত

হয়ে কোল, ভীল, মুন্ডা প্রভৃতি আদিম অধিবাসীরা এই অঞ্চলে আশ্রয় নেয় ও তাদের স্বতন্ত্র অস্তিত্ব বজায় রাখে।

দাক্ষিণাত্যের দুটি বিভাগ

(ক) **দক্ষিণ ভারতের মালভূমি :** বিন্ধ্য পর্বতের দক্ষিণে, পূর্ব ও পশ্চিমঘাট পর্বতমালার মধ্যবর্তী অঞ্চল দক্ষিণ ভারতের মালভূমি নামে পরিচিত। বিন্ধ্যপর্বত সমগ্র উত্তর ভারত থেকে দাক্ষিণাত্যকে বিচ্ছিন্ন করে রেখেছে। আবার এই পর্বতই উত্তর ভারতের আক্রমণকারীদের হাত থেকে দাক্ষিণাত্যকে অনেক পরিমাণে রক্ষা করেছিল। তাছাড়া, এই মালভূমির মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে নর্মদা, তাপ্তী, গোদাবরী, কৃষ্ণা, কাবেরী প্রভৃতি খরস্রোতা নদী। ফলে জমির উর্বরতা যেমন বৃদ্ধি পায়নি তেমনি যোগাযোগের ব্যবস্থাও উন্নত হয়নি। দীর্ঘকাল উত্তর ভারতের কোন হিন্দু বা মুসলমান নরপতি এই অঞ্চলে স্থায়ীভাবে প্রভুত্ব বিস্তার করতে পারেন নি। এই অঞ্চলেই শিবাজীর নেতৃত্বে মারাঠা শক্তি চরম শিখরে উঠেছিল এবং ঔরঙ্গজীব তথা মুঘল সাম্রাজ্যের পতন অনিবার্য করে তুলেছিল।

(খ) **সুদূর দক্ষিণ :** কৃষ্ণা ও তুঙ্গভদ্রা নদীর দক্ষিণে অবস্থিত ভূখন্ডটি সুদূর দক্ষিণ নামে পরিচিত। এই ভূখন্ডটি দ্রাবিড় সভ্যতার বিকাশস্থল। যুগে যুগে এই ভূখন্ডের ওপরে আধিপত্য বিস্তারের চেষ্টা করেছিলেন উত্তর ভারতীয় নরপতিরা, কিন্তু তাঁদের সেই প্রচেষ্টা ব্যর্থ হয়। প্রাচীনকালে এখানেই চের, চোল, পান্ড্য ইত্যাদি শক্তিশালী রাজ্যগুলি গড়ে উঠেছিল। আবার এখান থেকেই ভারতীয়রা দক্ষিণ-পূর্ব এশিয়ায় উপনিবেশ স্থাপন ও বাণিজ্যবিস্তার করেছিল।

ভারতের নরগোষ্ঠী

দৈহিক গঠনের ভিত্তিতে আধুনিক নৃতত্ত্ববিদরা ভারতের জনসমষ্টিকে মোট ছয়টি ভাগে বিভক্ত করেছেন।

নেগ্রিটো

প্রথমতঃ, 'নেগ্রিটো' জাতির লোকেরা ভারতে প্রায় নিশ্চিহ্ন হয়ে গেছে। আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জ এবং দক্ষিণ ভারতীয় কিছু উপজাতির মধ্যে নেগ্রিটো জাতির মুষ্টিমেয় বংশধরদের দেখা যায়। এদের দৈহিক গঠনের লক্ষণ হল—খর্বাকৃতি, অনুন্নত নাসিকা, কৃষ্ণবর্ণ ও পশমের মত কেশ।

প্রোটো-অস্ট্রলয়েড

দ্বিতীয়তঃ, 'প্রোটো-অস্ট্রলয়েড' 'অস্ট্রিক' অর্থাৎ অস্ট্রেলিয়ার আদিম অধিবাসীদের সঙ্গে সাদৃশ্যযুক্ত এক জাতির লোক ভারতবর্ষে দেখা যায়। মধ্য ভারতের সাঁওতাল, ভীল, মুন্ডা এবং আসামের খাসিয়ারা এদের বংশধর।

মোঙ্গলয়েড

তৃতীয়তঃ, মোঙ্গলয়েড জাতির লোকেরাও ভারতবর্ষে বসবাস করে। পূর্ব ভারতের ভুটিয়া, লেপচা, নাগা, নেপালী, কিরান্তী প্রভৃতি এদের বংশধর। সংস্কৃত সাহিত্যে এরা কিরাত বলে বর্ণিত হয়েছে। এদের বর্ণ হরিদ্রাভ, নাসিকা অনুন্নত, চোখ চাপা।

চতুর্থতঃ, মেডিটেরানিয়ান বা ভূমধ্যসাগর অঞ্চলের আদিম অধিবাসীদের সাদৃশ্য-যুক্ত জাতির লোক গঙ্গা উপত্যকা, পাঞ্জাব, সিন্ধু, রাজপুতানা, উত্তরপ্রদেশ ইত্যাদি অঞ্চলে দেখা যায়। মেডিটেরানিয়ান

পঞ্চমতঃ, ব্রাকিসিফেলাস (অর্থাৎ হ্রস্ব বা প্রশস্ত শির) জাতির লোক বাংলা, বিহার, উড়িষ্যা, উত্তর প্রদেশের পূর্বাঞ্চল, কানাড়া, তামিল ও গিলগিট প্রভৃতি অঞ্চলে দেখা যায়। ব্রাকিসিফেলাস

সর্বশেষে, নর্ডিক বা আর্যজাতির বংশধরদের বাসস্থান হল পাঞ্জাব, কাশ্মীর, রাজপুতানা ইত্যাদি। এরা দীর্ঘাকৃতি, গৌরবর্ণ এবং উন্নত নাসিকাবিশিষ্ট। নর্ডিক

বিভিন্ন সময়ে অনেক বিদেশী জাতি, যথা—পারসিক, গ্রীক, শক, হূণ, পাঠান, মুঘল ভারতবর্ষে প্রবেশ করেছে। কোন জাতিই তার মূলগত বিশুদ্ধতা বজায় রাখতে পারেনি। বিভিন্ন জাতির সংমিশ্রণে গড়ে উঠেছে এক মহাজাতি। বিভিন্ন জাতির সংমিশ্রণ

ভারতের ইতিহাসের উপর ভৌগোলিক প্রভাব

একদিকে হিমালয় পর্বতমালা, অপর তিন দিকে সমুদ্রবেষ্টিত ভারতবর্ষ প্রতিবেশী দেশগুলি থেকে বিচ্ছিন্ন হয়ে আছে। আবার ভারতবর্ষে প্রাকৃতিক সম্পদের প্রাচুর্য থাকায় ভারতবাসীর জীবিকানির্বাহ সহজ হয়েছে। ফলে ভারতবাসী বহু পরিমাণে জাগতিক প্রয়োজন ও সমস্যা থেকে মুক্ত হয়ে ধর্ম, দর্শন, বিজ্ঞান, ও সাহিত্যে আত্মনিয়োগ করতে পেরেছে। এই কারণে ভারতবর্ষে একটি স্বতন্ত্র ও সমৃদ্ধ সভ্যতার বিকাশ ঘটেছে। স্বতন্ত্র সভ্যতার বিকাশ

অনাদিকাল থেকে ভারতীয়দের চরিত্র ও রাজনৈতিক ভাগ্য নির্ধারণে হিমালয়ের প্রভাব অনন্য। হিমালয় দুর্লঙ্ঘ্য প্রাচীর হিসেবে অন্যান্য সভ্যতার সংক্রমণ থেকে ভারতবর্ষকে বাঁচিয়ে তার সামাজিক ও সাংস্কৃতিক জীবনের ধারাবাহিকতা বজায় রেখেছে। তুষারশীতল উত্তর-পূর্ব বায়ুকে বাধা দিয়ে প্রচন্ড শৈত্য থেকে এদেশকে রক্ষা করে হিমালয়। আবার, ভারত মহাসাগর ও আরব সাগর থেকে মৌসুমী বায়ু হিমালয়ে বাধা পেয়ে বসবাস ও কৃষিকর্মের জন্য প্রয়োজনীয় বৃষ্টিপাত ঘটায়। হিমালয় থেকে উদ্ভূত গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধু ও এগুলির বহু উপনদী ভারতভূমিকে শুধু শস্যশ্যামলই করেনি, যোগাযোগ ব্যবস্থা এবং বাণিজ্যের পথও প্রশস্ত করেছে। হিমালয় অবশ্য ভারতবর্ষকে বহির্বিশ্ব থেকে একেবারে বিচ্ছিন্ন করে রাখতে পারেনি। খাইবার, বোলান প্রভৃতি বহু গিরিপথ দিয়ে যুগে যুগে বিভিন্ন জাতি ভারতে প্রবেশ করেছে। ধীরে ধীরে তারা আত্মস্বাতন্ত্র্য বিসর্জন দিয়ে গড়ে তুলেছে এক মিশ্র জাতি। আবার এই গিরিপথ দিয়েই ভারতের সভ্যতা ও পণ্য পৌঁছেছে বহির্বিশ্বে। হিমালয়ের প্রভাব

ভারত-ইতিহাসের গতি-প্রকৃতি নির্ধারণে হিমালয়ের পরেই বিন্ধ্য পর্বতের স্থান।

এই পর্বত উত্তর ভারত বা আর্যাবর্ত থেকে দক্ষিণ ভারত বা দাক্ষিণাত্যকে পৃথক করে রেখেছিল। সেখানে দ্রাবিড় জাতি স্বকীয় প্রতিভায় গড়ে তুলেছিল স্বতন্ত্র দ্রাবিড় সভ্যতা। অবশ্য এই সভ্যতা আর্য সভ্যতার স্পর্শ এড়িয়ে চলতে পারেনি। শেষ পর্যন্ত আর্যরা দলে দলে বিন্ধ্য পর্বত অতিক্রম করে দক্ষিণ ভারতে বসতি স্থাপন করেছিল। পরবর্তীকালে মৌর্য, গুপ্ত, খলজী ও মুঘলরা বিন্ধ্যপর্বতমালা অতিক্রম করে একটি অখন্ড ও ঐক্যবদ্ধ ভারতীয় রাষ্ট্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিল।

বিন্ধ্য পর্বতের প্রভাব

সমুদ্রের প্রভাব

ভারত-ইতিহাসের ধারায় সমুদ্রের প্রভাবও লক্ষণীয়। সমুদ্র-সান্নিধ্য ভারতের বিস্তৃত উপকূলভাগের অধিবাসীদের করেছে কুশল নাবিক ও নৌ-সেনা। জীবিকার সন্ধানে তারা দেশ-দেশান্তরের উদ্দেশ্যে অশান্ত সমুদ্রে পাড়ি জমিয়েছে। এইভাবেই দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপিত হয়; আর পণ্য-বিনিময়ের মাধ্যমে ঐ সমস্ত দেশে ঘটে ভারত সংস্কৃতির জয়যাত্রা। ঐ সমস্ত দেশে আজও ভারতীয় সভ্যতার বহু নিদর্শন বিদ্যমান।

উত্তর ও দক্ষিণ ভারতের পার্থক্যের জন্য সমুদ্রের দায়িত্ব

উত্তর ভারতের সঙ্গে দক্ষিণ ভারতের যে পার্থক্য দেখা যায় তার জন্য অনেক পরিমাণে দায়ী সামুদ্রিক অবস্থান। দক্ষিণ ভারতের সমুদ্রোপকূল তথাকার অধিবাসীদের সমুদ্রমুখী করেছে, সমুদ্রপথেই তারা উন্নতির পথ খুঁজেছে। তাই সমুদ্র তাদের লোকগাথায়, সাহিত্যে, শিল্পে একটি বিরাট স্থান অধিকার করেছে। অন্যদিকে উত্তর ভারতীয়রা দেশের অন্তর্ভাগে সমুদ্র থেকে দূরে বাস করায় তাদে মধ্যে সমুদ্রবিমুখ-প্রবণতা প্রবল হয়েছে।

ভারতের মৌলিক ঐক্য

নানা বৈচিত্র্যের লীলাভূমি আমাদের এই ভারতবর্ষ। প্রাকৃতিক পরিবেশ, জাতি, ভাষা, ধর্ম, আচার-অনুষ্ঠান নানা দিক দিয়ে এই বৈচিত্র্য দৃশ্যমান।

ভূ-প্রকৃতি ও জলবায়ুর বৈচিত্র্য

ভারতের ভৌগোলিক বৈচিত্র্য সহজেই দৃষ্টি আকর্ষণ করে। ভূ-প্রকৃতি ও জলবায়ুর ক্ষেত্রে কত না বৈচিত্র্য! কোন অঞ্চল সুজলা, সুফলা, শস্যশ্যামলা, কোথাও বা দিগন্তবিস্তৃত রুক্ষ মরুপ্রান্তর; কোথাও অত্যুচ্চ পর্বতশ্রেণী; কোথাও নিম্ন সমতলভূমি; কোথাও দারুণ শীতের প্রকোপ; কোথাও অসহনীয় গরম।

জাতি, ভাষা ও ধর্মগত বৈচিত্র্য

সুপ্রাচীনকাল থেকেই বহু জাতি-উপজাতি ভারতে প্রবেশ করেছে। স্বভাবতঃই বহু ভাষা ও ধর্মের উৎপত্তি ঘটেছে। ভারতবর্ষে অন্ততঃ চৌদ্দটি ভাষা আছে যেগুলির নিজস্ব সাহিত্য আছে। এই ভাষাগুলির আবার দু'শোরও বেশী শাখা-প্রশাখা আছে। তেমনি হিন্দু, ইসলাম, জৈন, বৌদ্ধ, খ্রীষ্টান প্রভৃতি ধর্মগুলির মিলনক্ষেত্রও এই ভারত-ভূমি। এই সমস্ত বিভিন্নতার সূত্র ধরে ভারতবাসীদের আচার-ব্যবহার, পোশাক-পরিচ্ছদ, সামাজিক রীতিনীতির বিভিন্নতাও দেখা যায়।

বিভিন্নতার মধ্যে ঐক্য : এই সমস্ত বিভিন্নতা থাকা সত্ত্বেও একটি মৌলিক ঐক্যের স্রোত ভারতীয় জীবনধারায় বহমান। একদিকে হিমালয় ও অপর তিনদিকে সমুদ্র ভারতবর্ষকে একটি স্বতন্ত্র ভৌগোলিক সত্তা দান করেছে। এই ভৌগোলিক সত্তা সৃষ্টি করেছে ভৌগোলিক ঐক্য ও ভাবপ্রবণতার ঐক্য। পুরাণ, রামায়ণ, মহাভারত ইত্যাদিতে ভারতবর্ষ নামের ব্যবহার এবং ভারতবাসীদের 'ভারতী সন্ততি' বলে উল্লেখ করায় ভারতবর্ষ যে একটি অখন্ড দেশ—এই ধারণাই তাদের মনে বদ্ধমূল হয়েছে। বস্তুতঃ, "ভারতবর্ষ" নামটিই অত্যন্ত আবেগসঞ্চারী। এই নামটি উচ্চারণের সঙ্গে সঙ্গে ভারতবাসীর মনে হিমালয় থেকে কন্যাকুমারিকা পর্যন্ত একটি বিশাল ভূখন্ডের ধারণা জাগে।

ভৌগোলিক ও ভাবপ্রবণতার ঐক্য

সমগ্র ভারতব্যাপী রাজনৈতিক ঐক্য সম্পূর্ণভাবে প্রতিষ্ঠিত না হলেও এই আদর্শ ভারতীয় শাসকরা কোনদিন বিস্মৃত হননি। সমস্ত প্রাকৃতিক বাধা তুচ্ছ করে কয়েকবার সমগ্র ভারত এক শাসনাধীন হয়েছিল। ইংরেজদের বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলনের সময় এই আদর্শই ভারতবাসীকে উদ্বুদ্ধ করেছিল।

রাজনৈতিক ঐক্যের আদর্শ

নানা ধর্ম ও ভাষার দেশ হলেও উত্তর ভারতের সমস্ত ভাষার মূল উৎস সংস্কৃত। এমনকি দক্ষিণ ভারতীয় ভাষাগুলিতে সংস্কৃতের প্রভাব নগণ্য নয়। আবার, ভারতবর্ষ প্রধানতঃ হিন্দুধর্মের দেশ। সমগ্র দেশে বেদ, পুরাণ, রামায়ণ, মহাভারত ইত্যাদি ধর্মগ্রন্থ পাঠ ও ভারতের বিভিন্ন স্থানে অবস্থিত তীর্থস্থানগুলিতে গমনাগমনের মাধ্যমে একটি ধর্মাশ্রিত ঐক্য গড়ে উঠেছে। মধ্যযুগে ইসলাম ধর্ম প্রসারলাভ করে। প্রাথমিক পর্বে হিন্দু ও ইসলাম ধর্মের মধ্যে বিরোধ ও বিদ্বেষ দেখা গেলেও পরস্পর পরস্পরকে প্রভাবিত করে। উভয় ধর্মই তাদের স্বাতন্ত্র্য বজায় রেখেছে অথচ ঘটেছে এক অপূর্ব সমন্বয়।

ভাষাগত ও ধর্মাশ্রয়ী ঐক্য

যুগ যুগ ধরে বিভিন্ন বিদেশী জাতি এসেছে ভারতে, তারা আত্ম-স্বাতন্ত্র্য বিসর্জন দিয়ে ভারতের জনস্রোতে মিশে গেছে। তারা গড়ে তুলেছে এক মহাজাতি। তারা সকলে প্রায় একই ধরনের সরল ও অনাড়ম্বর জীবনযাত্রায় অভ্যস্ত এবং পরধর্মবিদ্বেষ তাদের নেই। কাজেই ভারতবর্ষে আমরা দেখতে পাই বৈচিত্র্য ও বিভিন্নতার মধ্যে সমন্বয়, বিভেদের মধ্যে মিলন।

জীবনযাত্রার ঐক্য

প্রাচীন ভারত-ইতিহাসের উপাদান

সমস্ত দেশের ইতিহাসের মতই ভারত-ইতিহাসকে তিনটি যুগে বিভক্ত করা যেতে পারে—প্রাচীন যুগ, মধ্যযুগ, ও আধুনিক যুগ। এই তিন যুগের ঐতিহাসিক উপাদানের পরিমাণ ও প্রকৃতি এক ও অভিন্ন হতে পারে না।

প্রাচীন যুগের ঐতিহাসিক উপাদান : প্রাচীন ভারতে সাহিত্য ও জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে জ্ঞানী-গুণীর অভাব ছিল না সত্য, কিন্তু তাঁরা ভারতের তথ্যভিত্তিক

ধারাবাহিক ইতিহাস রচনার দিকে একেবারেই দৃষ্টি দেননি। তাই আধুনিক কালের ঐতিহাসিকরা বহু পরিশ্রম করে সেই অভাব পূরণের চেষ্টা করেছেন এবং এখনও কিছু কিছু প্রশ্নের তর্কাতীত উত্তর মেলেনি। এই কাজে তাঁরা প্রধানতঃ চারটি উপাদানের উপর নির্ভর করেছেন। উপাদানগুলি হলঃ (১) বিভিন্ন ধর্মগ্রন্থ ও সাহিত্য, (২) ঐতিহাসিক সাহিত্য, (৩) প্রত্নতত্ত্ব এবং (৪) বৈদেশিক বিবরণ।

প্রাচীন ভারতের তথ্য-নির্ভর ধারাবাহিক ইতিহাসের অভাব

[১] **বিভিন্ন ধর্মগ্রন্থ ও সাহিত্য:** ভারতের প্রাচীনতম ধর্মগ্রন্থ হচ্ছে বেদ। বেদ থেকে আর্যদের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক জীবনের পরিচয় পাওয়া যায়। 'ত্রিপিটক', 'নিকায়', 'জাতক', 'দীপবংশ', 'মহাবংশ' প্রভৃতি বৌদ্ধ ধর্মগ্রন্থগুলি তৎকালীন ভারতের সামাজিক, ধর্মীয়, অর্থনৈতিক ও রাজনৈতিক জীবন সম্বন্ধে বহু তথ্যে পূর্ণ। তেমনি 'ভগবতীসূত্র', 'মেরুতুঙ্গ' ইত্যাদি জৈন ধর্মগ্রন্থগুলিও ইতিহাসের উপাদান হিসাবে গুরুত্বপূর্ণ।

ধর্মগ্রন্থ ছাড়া অন্যান্য সাহিত্য থেকেও মূল্যবান তথ্য সংগৃহীত হয়েছে। এ প্রসঙ্গে 'গার্গী সংহিতা' নামে জ্যোতির্বিদ্যা বিষয়ক গ্রন্থ, পাণিনি ও পতঞ্জলির ব্যাকরণ ও কৌটিল্যের 'অর্থশাস্ত্র'-র নাম উল্লেখযোগ্য।

[২] **ঐতিহাসিক সাহিত্য:** অষ্টাদশ পুরাণ, রামায়ণ ও মহাভারত থেকে বহু রাজবংশের কথা জানা গেছে, সমসাময়িক সমাজ, ধর্ম ও রাজনীতি বিষয়ে বহু তথ্যও পাওয়া গেছে। অবশ্য এগুলির মধ্যে কিংবদন্তী মিশে আছে, তাই সতর্কতার সঙ্গে এগুলি ব্যবহৃত হওয়া প্রয়োজন। এছাড়া, প্রাচীন রাজারা তাঁদের সভাকবির সাহায্যে তাঁদের বংশাবলী ও রাজত্বকালের গুরুত্বপূর্ণ ঘটনাবলী লিপিবদ্ধ করিয়ে রাখতেন। এই সমস্ত রাজবংশাবলীর মধ্যে উল্লেখযোগ্য হল কল্হন-রচিত 'রাজতরঙ্গিণী'—এর থেকে কাশ্মীরের রাজবংশের ধারাবাহিক ইতিহাস পাওয়া যায়; সোমেশ্বর-রচিত 'রাসমালা' ও রাজশেখর-রচিত 'প্রবন্ধকোষ' থেকে গুজরাট রাজবংশের ধারাবাহিক ইতিহাস পাওয়া যায়।

এছাড়া, বাণভট্ট-রচিত 'হর্ষচরিত', বিহ্লন-রচিত 'বিক্রমাংকদেব-চরিত', সন্ধ্যাকর নন্দী-রচিত 'রামচরিত' ইত্যাদি জীবন-চরিতগুলি নানা তথ্যের আকর।

[৩] **প্রত্নতাত্ত্বিক উপাদান:** প্রাচীন ভারতের ইতিহাস রচনায় সবচেয়ে নির্ভরযোগ্য ওগুরুত্বপূর্ণ উপাদান হল প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলি। প্রত্নতাত্ত্বিক নিদর্শন-সমূহ আবিষ্কারের ক্ষেত্রে বিভিন্ন জায়গায় খননকার্যের দ্বারা এক এক সময়কার সভ্যতার কাল নির্ণয় করা সম্ভব হয়। প্রাচীন ভারতীয় সভ্যতার বিভিন্ন পর্যায় সম্পর্কে উল্লেখযোগ্য আবিষ্কার করেছেন ইউরোপীয় পণ্ডিত বুকানন হ্যামিল্টন, প্রিন্সেপ, মার্শাল ও ভারতীয় পণ্ডিত রাখালদাস বন্দ্যোপাধ্যায়, কে. এন দীক্ষিত প্রমুখ। এই শ্রেণীর উপাদানকে তিনটি ভাগে বিভক্ত করা যায়।

(ক) **সৌধ ও স্মৃতিস্তম্ভ:** প্রাচীন ভারতের সাংস্কৃতিক ইতিহাস রচনায় সৌধ, স্মৃতিস্তম্ভ ইত্যাদির ধ্বংসাবশেষ খুবই গুরুত্বপূর্ণ। মহেঞ্জোদড়ো ও হরপ্পার

ধ্বংসাবশেষ প্রমাণিত করেছে আমাদের সিন্ধু সভ্যতা আর্য সভ্যতার পূর্ববর্তী মেসোপটেমিয়া, মিশর, চীন ইত্যাদি প্রথম মানব-সভ্যতারই সমসাময়িক। তেমনি তক্ষশীলার খননকার্যের ফলে কুষাণ ও গান্ধার শিল্প সম্বন্ধেও বহু তথ্য পাওয়া গেছে।

(খ) **লিপি**ঃ পাথর, তামা, ব্রোঞ্জ ইত্যাদি স্থায়ী জিনিসের ওপরে খোদিত প্রাচীন লিপি খুবই বিশ্বাসযোগ্য তথ্যের আকর। পর্বতগাত্রে, গুহায়, প্রস্তরস্তম্ভে খোদিত অসংখ্য অশোকের শিলালিপি তাঁর ও তাঁর রাজত্বকাল সম্বন্ধে নানা তথ্যে পূর্ণ। সমুদ্রগুপ্তের 'এলাহাবাদ স্তম্ভলিপি', রুদ্রদামনের 'জুনাগড় লিপি', কলিঙ্গরাজ খারবেলের 'হাতিগুম্ফা লিপি' ইত্যাদি থেকে রাজাদের কীর্তিকাহিনী, রাজ্যের আয়তন, তৎকালীন সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা জানা যায়।

(গ) **মুদ্রা**ঃ অন্যান্য উপাদান থেকে প্রাপ্ত ঐতিহাসিক তথ্য বিভিন্ন স্থানে প্রাপ্ত মুদ্রার সাহায্যে যাচাই করা হয়েছে। মুদ্রাগুলি সমকালীন ভারতের অর্থনৈতিক অবস্থা, ধাতুশিল্প, মুদ্রানীতি ইত্যাদি বিষয়ের ওপর আলোকপাত করে। এছাড়া, মুদ্রায় উৎকীর্ণ সন-তারিখ থেকে কাল নির্ণয় করা যায় এবং প্রাপ্তিস্থান দেখে রাজ্যের বিস্তৃতি ও ব্যবসা-বাণিজ্যের প্রসার সম্বন্ধে ধারণা করা যায়। কুষাণ আমলে প্রাপ্ত রোমান সম্রাটদের মুদ্রাগুলি ঐ দুই সাম্রাজ্যের যোগাযোগের অন্যতম প্রমাণ। ব্যাকট্রীয় গ্রীক, শক, পহ্লব ও কুষাণদের সম্বন্ধে অনেক তথ্যই আহৃত হয়েছে মুদ্রা থেকে।

[৪] **বৈদেশিক বিবরণ**ঃ বহু বিদেশী লেখক ও পর্যটক প্রাচীন ভারত পরিভ্রমণ, এমনকি বসবাস করে বহু গ্রন্থ রচনা করেছেন। এঁদের রচনায় অতিরঞ্জনদোষ, কিংবদন্তীর ওপর নির্ভরতা, ভাষাগত বাধার জন্য অথ্যাবিকৃতি থাকলেও এগুলি ইতিহাস রচনার অমূল্য উপাদান। আলেকজাণ্ডারের ভারত আক্রমণের বিবরণ বিস্তৃতভাবে পাওয়া যায় গ্রীক ও রোমান লেখক কার্টিয়াস, ডায়োডোরস্, আরিয়ান, প্লুটার্ক প্রমুখের রচনায়। গ্রীক রাজদূত মেগাস্থিনিসের লেখা 'ইণ্ডিকা'র পান্ডুলিপি পাওয়া না গেলেও আরিয়ান স্ট্রাগে প্রমুখদের রচনায় যে বিস্তর উদ্ধৃতি আছে তা মৌর্যভারত সম্পর্কে যথেষ্ট আলোকপাত করেছে।

চীনা পর্যটকদের মধ্যে ফা হিয়েন ও হিউয়েন সাঙের নাম সবিশেষ উল্লেখযোগ্য। ফা হিয়েন ও হিউয়েন সাঙ্ যথাক্রমে গুপ্ত সম্রাট দ্বিতীয় চন্দ্রগুপ্ত ও হর্ষবর্ধনের রাজত্বকাল সম্বন্ধে মনোজ্ঞ বিবরণ রেখে গেছেন। খ্রীষ্টীয় সপ্তম শতকে এসেছিলেন ই সিং। তিনি বৌদ্ধধর্ম সম্বন্ধে অনেক কথা লিখে গেছেন।

তিব্বতীয় গ্রন্থকার তারানাথ ভারতবর্ষ সম্বন্ধে নানা কথা লিখেছেন। আরব পন্ডিতদের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হলেন অল-বিরুণী। তাঁর রচিত 'তহকিক্-ই-হিন্দ্' থেকে মুসলমান বিজয়ের প্রাক্কালে ভারতের রাজনৈতিক ও সামাজিক অবস্থার বিস্তৃত বিবরণ পাওয়া যায়।

———

দ্বিতীয় অধ্যায় | প্রাগৈতিহাসিক পটভূমি : হরপ্পা সভ্যতা

প্রস্তর যুগের জীবনযাত্রা

লিখিত ইতিহাসের পূর্বেও মানুষের অস্তিত্ব ছিল। মানুষের জীবনযাত্রার এই পর্বটিকে প্রাগৈতিহাসিক যুগ বলা হয়। এই যুগের মানুষ লিপির ব্যবহার জানত না। তাই লিখিত বিবরণের অভাবে তাদের ব্যবহৃত হাতিয়ার থেকে তাদের সভ্যতার কথা জানতে হয়। এই প্রত্নতাত্ত্বিক উপাদান ছাড়া তাদের সম্বন্ধে আর কোন উপাদান পাওয়া যায় না।

প্রাগৈতিহাসিক যুগ

প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলি থেকে বলা যেতে পারে যে, খ্রীষ্টের জন্মের পাঁচ লক্ষ বৎসর পূর্ব থেকে ভারতবর্ষে মানুষ বাস করছে। গৃহনির্মাণ, কৃষিকর্ম, পশুপালন, ধাতুর ব্যবহার ইত্যাদি সমস্তই অজানা ছিল এই আদিম মানুষদের কাছে। এরা খাদ্য উৎপাদন করতে জানত না। এরা ছিল খাদ্য-সংগ্রাহক মানুষ অর্থাৎ বনের ফলমূল ও বন্যজন্তু শিকার করে জীবনধারণ করত। শিকার ও আত্মরক্ষার প্রয়োজনে এরা পাথরের হাতিয়ার ব্যবহার করত। এই হাতিয়ার-গুলি ছিল অমসৃণ ও ভোঁতা। এগুলি দিয়েই এরা প্রয়োজন মেটাত বলে এদের বলা হয় Paleolithic বা পুরাতন প্রস্তর যুগের মানুষ।

পুরাতন প্রস্তর যুগ

৮০০০ খ্রীষ্টপূর্বাব্দ পর্যন্ত দীর্ঘস্থায়ী এই পুরাতন প্রস্তর যুগ ছিল তুষার যুগও। কেননা সেই সময় গ্রীষ্মমন্ডলীয় অঞ্চল ছাড়া সমস্তই বরফাবৃত ছিল। সে যাই হোক, পাথরের হাতিয়ার ও জলবায়ুর পরিবর্তনের প্রকৃতি অনুসারে পুরাতন প্রস্তর যুগকে আদি, মধ্য ও অন্ত প্রস্তর যুগে বিভক্ত করা হয়েছে। আদি পুরাতন প্রস্তর যুগের হাতিয়ার হল বাঁটহীন হাত-কুড়ুল ও ছুরি। এগুলি পাওয়া গেছে পাঞ্জাবের সোয়াম নদীর উপত্যকা (বর্তমানে পাকিস্তানের অন্তর্গত) ও উত্তর প্রদেশের মির্জাপুর জেলায় অবস্থিত বেলান উপত্যকায়। এরা ছিল গুহাবাসী। এই পর্বে জলবায়ু অপেক্ষাকৃত কম আর্দ্র ছিল। মধ্য পুরাতন প্রস্তর যুগের বৈশিষ্ট্য চাছা ও ফুটো করার এবং ক্ষুরজাতীয় হাতিয়ার। এগুলির প্রাপ্তিস্থান সোয়ান উপত্যকা, নর্মদা নদীর যুগ হল তুষার যুগেরও শেষ পর্ব। সুতরাং আবহাওয়া তুলনামূলকভাবে উষ্ণ। চকমকি পাথরের ব্যাপক ব্যবহার এবং ক্ষুর ও বাটালি ইত্যাদি হাতিয়ার এই পর্বের বৈশিষ্ট্য। অন্ধ্র, কর্ণাটক, মহারাষ্ট্র, ভূপাল, ছোটনাগপুর উপত্যকা, গুজরাট প্রভৃতি জায়গায় এগুলি পাওয়া গেছে।

পুরাতন প্রস্তর যুগের তিনটি পর্ব

পুরাতন প্রস্তর যুগ ও নব্য প্রস্তর যুগের সন্ধিকাল হল মধ্য প্রস্তর যুগ (Mesolithic Age)। তুষার যুগের অবসানে তখন আবহাওয়া শুষ্ক ও উষ্ণ।

মধ্য প্রস্তর যুগ

পাথরের হাতিয়ারগুলি তখন ছিল ক্ষুদ্র ক্ষুদ্র। এই ধরনের হাতিয়ার পাওয়া গেছে ছোটনাগপুর, মধ্য ভারত ও কৃষ্ণা নদীর দক্ষিণে অবস্থিত কয়েকটি স্থানে। এই যুগের স্থিতিকাল ৮০০০ খ্রীষ্টপূর্বাব্দ থেকে ৪০০০ খ্রীষ্টপূর্বাব্দ বলে ধরা হয়েছে।

নব্য প্রস্তর যুগ

মধ্য প্রস্তর যুগের পর এল নব্য প্রস্তর যুগ (Neolithic Age)। এই যুগের মানুষদের পাথরের হাতিয়ারগুলি চকচকে, মসৃণ ও ধারাল হয়ে ওঠে। এগুলির মধ্যে বাঁটযুক্ত কুঠার স্থান পেয়েছিল। শ্রীনগরের সন্নিকটে বুরজাহমে মসৃণ পাথরের কুঠার ব্যবহারকারী অধিবাসীদের সন্ধান পাওয়া গেছে। মাটিতে বৃত্তাকার গর্ত করে এরা বসবাস করত। পাথরের হাতিয়ারের পাশাপাশি হাড়ের তৈরী সুঁচ, বাটালি এরা তৈরী করত। ধূসর বর্ণের পাত্রও এরা তৈরী করত। গোদাবরী নদীর দক্ষিণে পাওয়া পাথরের জাঁতা থেকে প্রমাণিত হয় যে, তারা কৃষিকাজ শিখেছিল ও শস্যোৎপাদন করত। খাদ্য সংগ্রহকারী পূর্বপুরুষদের তুলনায় তারা উন্নত জীবনযাপন করত। আসামের পাহাড় ও মেঘালয়ের গারো পাহাড়েও নব্য প্রস্তর যুগের হাতিয়ার পাওয়া গেছে। এছাড়া, মধ্যপ্রদেশের এলাহাবাদ জেলা, বেলুচিস্থান, কর্ণাটক, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশের কয়েকটি স্থানে এই যুগের মানব-বসতি আবিষ্কৃত হয়েছে। নব্য প্রস্তর যুগের মানুষ ক্রমশঃ কৃষিকর্ম, গৃহনির্মাণ, পশুপালন, পাত্র নির্মাণ ইত্যাদি শিখে স্থায়ী আস্তানা গড়ে তোলে। খ্রীষ্টের জন্মের আনুমানিক তিন হাজার বৎসর পূর্বে এই পরিবর্তনগুলি ঘটেছিল। এইভাবেই তারা মানব সভ্যতার ঊষালগ্নে পৌঁছে যায়।

তাম্র প্রস্তর যুগ

নব্য প্রস্তর যুগের শেষদিকে পাথরের পাশাপাশি তামার প্রচলন শুরু হয়। এই যুগকে তাম্র-প্রস্তর যুগ বলা হয়। এই যুগের মানুষ অলংকারের জন্য সোনা এবং অস্ত্রশস্ত্র ও দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় সরঞ্জামের জন্য তামা ব্যবহার করত। পরে তামার সঙ্গে টিন মিশিয়ে ব্রোঞ্জ নামে একটি শক্ত ধাতু তৈরী করা হয়েছিল। লোহার ব্যবহার তারা জানত না। এই সময়কালের মধ্যে সিন্ধুনদকে ঘিরে গড়ে-ওঠা ভারতবর্ষের প্রাচীনতম সভ্যতা হরপ্পা বা সিন্ধু সভ্যতার বিকাশ ঘটেছিল।

হরপ্পা বা সিন্ধু সভ্যতার কথা

বৈশিষ্ট্যসমূহ

(ক) বিস্তৃতি

আর্য সভ্যতাই ভারতবর্ষের আদি সভ্যতা বলে দীর্ঘকাল ধরে একটি ভুল ধারণা প্রচলিত ছিল। ১৯২২ খ্রীষ্টাব্দে স্বর্গীয় রাখালদাস বন্দ্যোপাধ্যায় ও দয়ারাম সাহানী কর্তৃক যথাক্রমে সিন্ধু প্রদেশের* মহেঞ্জোদড়ো (অর্থঃ মৃতের স্তূপ) ও পশ্চিম পাঞ্জাবের হরপ্পায় প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে আর্য সভ্যতার চেয়ে প্রাচীন সভ্যতার সন্ধান পাওয়া যায়। এই সভ্যতাটি হরপ্পা সভ্যতা নামে পরিচিত। সিন্ধুনদকে ঘিরে এটি গড়ে উঠেছিল বলে

*মহেঞ্জোদড়ো ও হরপ্পা এখন পাকিস্তানের অন্তর্ভুক্ত।

একে সিন্ধু সভ্যতাও বলা হয়। মহেঞ্জোদড়ো ও হরপ্পায় এই সভ্যতার সর্বাপেক্ষা অধিক ও গুরুত্বপূর্ণ নিদর্শনগুলি পাওয়া গেছে। তবে পাঞ্জাবের অংশবিশেষ, সিন্ধুপ্রদেশ, বেলুচিস্তান, গুজরাট, রাজস্থান ও পশ্চিম-উত্তর প্রদেশের সীমান্ত পর্যন্ত বিস্তারলাভ করেছিল এই সভ্যতা। সমসাময়িক মেসোপটেমিয়া ও মিশরের সভ্যতাও এত বিশাল ভূখন্ড জুড়ে বিস্তৃত ছিল না।

হরপ্পা সভ্যতার নিদর্শনগুলির মধ্যে অজস্র সীলমোহর ও তাম্রফলকে খোদিত চিত্রলিপির পাঠোদ্ধার আজও হয় নি, ফলে বহু জিজ্ঞাসার উত্তর আজও মেলে নি।

(খ) প্রাচীনত্ব

তবু প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলি থেকে ঐতিহাসিক মার্শাল স্থির করেছেন যে, এই সভ্যতার স্থিতিকাল ৩২৫০-২৭৫০ খ্রীষ্টপূর্বাব্দ। আধুনিক বৈজ্ঞানিক পরীক্ষায় প্রায় এই হিসেবেরই সমর্থন পাওয়া গেছে। সুতরাং খ্রীষ্টপূর্ব তিন হাজার বৎসর পূর্বের প্রাচীন সুমেরীয়-মিশরীয় সভ্যতার সমকালীন সভ্যতা হল হরপ্পা সভ্যতা এবং ভারতের আদি সভ্যতা—এ সিদ্ধান্ত যুক্তিসহ।

হরপ্পা সভ্যতা নগর-কেন্দ্রিক। এই সভ্যতার নিদর্শনগুলি আড়াইশ'রও বেশী স্থানে পাওয়া গেছে। তবে এগুলির মধ্যে ছয়টি শহর পদবাচ্য। সেগুলি হল,

(গ) নগর-কেন্দ্রিকতা

(১) মহেঞ্জোদড়ো, (২) হরপ্পা, (৩) মহেঞ্জোদড়োর আশী মাইল দিক্ষণে চানহুদড়ো, (৪) গুজরাটে অবস্থিত লোথাল, (৫) উত্তর রাজস্থানে অবস্থিত কালিবঙ্গান এবং (৬) হরিয়ানায় অবস্থিত বনওয়ালি।

হরপ্পা সভ্যতার শহরগুলির বিশেষতঃ মহেঞ্জোদড়ো ও হরপ্পার ধ্বংসাবশেষ থেকে প্রমাণিত হয় যে, এত সুষ্ঠু নগর পরিকল্পনা সমকালীন পৃথিবীতে কোথাও ছিল না।


(ঘ) নগর পরিকল্পনা

মহেঞ্জোদড়ো শহরটি বেশ কয়েকবার পুনর্নির্মিত হয়েছিল, কেননা সাতটি বিভিন্ন স্তরের সন্ধান পাওয়া গেছে। হরপ্পাতেও পাওয়া গেছে আটটি বিভিন্ন স্তরের সন্ধান। সুপরিকল্পিত এই নগর দু'টিতে নাগরিক জীবনের এক তুলনাহীন বিকাশ লক্ষ্য করা যায়। মহেঞ্জোদড়োতে দু'কামরাযুক্ত বাড়ী থেকে বিশাল অট্টালিকার ধ্বংশাবশেষ পাওয়া গেছে; এর মধ্যে অধিকাংশই ছিল পোড়া ইঁটের তৈরী দোতলা, অবশ্য এর চেয়েও উঁচু বাড়ীর সন্ধান পাওয়া গেছে। প্রতিটি বাড়ীর মসৃণ দেওয়াল, উন্মুক্ত অঙ্গন, কুয়ো, দরজা-জানলা, বাঁধানো মেঝে তখনকার জীবনযাত্রার উন্নত মানের ইঙ্গিত দেয়। প্রতিটি বাড়ীতে আলাদা রান্নাঘর, স্নানের ঘর, শৌচাগার এবং পোড়ামাটির নলের সাহায্যে বাড়ীর জল নিষ্কাশিত হয়ে রাজপথের ঢাকা নর্দমায় পড়ার ব্যবস্থা, রাজপথের পাশে পাশে আবর্জনাকুন্ড ইত্যাদি শুধুমাত্র নগর-জীবনের সুখ-স্বাচ্ছন্দ্যই নির্দেশ করে না, নাগরিকদের স্বাস্থ্য সম্পর্কেও সচেতনতার সাক্ষ্য দেয়। দুটি শহরেই রাজপথ ছিল প্রশস্ত এবং রাজপথের দুই পাশে বাড়ীগুলি ছিল সুবিন্যস্ত ও সারিবদ্ধ। এসব থেকে অনুমান করা হয় যে, শহরে সুগঠিত পৌরসংস্থা ছিল।

মহেঞ্জোদড়োতে আবিষ্কৃত হয়েছে একটি বিশাল স্নানাগার। এটি আজও টিকে আছে—সেকালে গৃহনির্মাণ বিদ্যা কতখানি উন্নত ছিল এটি তার জাজ্জ্বল্য প্রমাণ।

সেখানকার বিশালতম অট্টালিকাটি হল একটি শস্যাগার, হরপ্পাতেও পাওয়া গেছে একসঙ্গে ছয়টি শস্যাগার। সম্ভবতঃ বন্যার হাত থেকে রক্ষা পাওয়ার জন্য উভয় স্থানেই একটি উচ্চ মঞ্চের ওপর শস্যাগারগুলি নির্মিত হয়েছিল। হরপ্পায় দুকামরাযুক্ত অনেক বাড়ী রাজপথের দুধারে সারিবদ্ধ দেখা যায়। সম্ভবতঃ এগুলি ছিল শ্রমিক আবাসন।

কালিবঙ্গানেও শস্যাগারের জন্য নির্মিত মঞ্চ পাওয়া গেছে। কালিবঙ্গান ও বনওয়ালিতে একই রূপ জল নিষ্কাশন পদ্ধতি আবিষ্কৃত হয়েছে।



সিন্ধু সভ্যতার বিকাশস্থল

অর্থনৈতিক জীবন ঃ শস্যভান্ডারগুলির নিদর্শন দেখে বোঝা যায় যে, সিন্ধুবাসীরা ছিল প্রধানতঃ কৃষিজীবী। তাদের উৎপন্ন ফসল ছিল গম, যব, মটরশুঁটি রাই, সরষে। সর্বত্র না হলেও লোথালে ধান চাষ হত। এরাই সর্বপ্রথম তুলা চাষ করেছিল। গ্রীকরা তুলাকে বলত সিন্ডন—শব্দটি সিন্ধু শব্দ থেকেই এসেছে। সুতা কাটার টাকুও পাওয়া গেছে। গরু, মহিষ, ভেড়া, ছাগল, শুয়োর, গাধা, হাতী, কুকুর, বিড়াল ঘরে পালিত হত। কেবলমাত্র মহেঞ্জোদড়োর ওপরের স্তরে ঘোড়ার কঙ্কাল পাওয়ায় মনে হয় ঘোড়ার ব্যাপক প্রচলন ছিল না। অজস্র হাড় থেকে মনে হয় অনেক গৃহপালিত পশুর মাংস তারা খেত এবং তামার বঁড়শী থেকে অনুমান করা হয় যে, মাছ ধরা ও খাওয়ায় তারা অভ্যস্ত ছিল।

কৃষি ও পশু পালন

হরপ্পা সভ্যতার অধিবাসীরা শিল্পে দক্ষতা দেখিয়েছিল। তারা সোনা, রূপো, ব্যবহার জানত। লোহার ব্যবহার অজানা ছিল। তামা বা ব্রোঞ্জের তৈরী কুঠার, কাস্তে, ক্ষুর ছুরি, বঁড়শী পাওয়া গেছে। মহেঞ্জোদড়োতে প্রাপ্ত ব্রোঞ্জে ঢালাই নর্তকী মূর্তি সীলমোহরের ওপর অঙ্কিত মানুষ বা পশুর ছবি, শিশুদের মাটির খেলনা তাদের শিল্পনৈপুণ্যের

তামা ও ব্রোঞ্জের শিল্প

সাক্ষ্য দেয়। মৃৎ শিল্পীরা থালা, কলসী, জালা ইত্যাদি তৈরী করে নানা রং দিয়ে চিত্রিত করত—এগুলি তাদের শিল্প জ্ঞানের পরিচয় দেয়। এদের মত আগুনে পুড়িয়ে ইট তৈরী করার ব্যাপারে দক্ষতা সমসাময়িক সভ্যতার জনগণের কারুর ছিল না। এছাড়া, বয়ন শিল্প, ধাতু শিল্প অলংকার নির্মাণ শিল্পেও তারা দক্ষতা দেখিয়েছিল।

হরপ্পা সভ্যতার লোকদের প্রধান উপজীবিকা কৃষি হলেও তারা ব্যবসা-বাণিজ্যে পশ্চাৎপদ ছিল না। ভারতের ভিতরে ও বাইরে তারা ব্যবসা-বাণিজ্য করত। তাদের কোন মুদ্রা পাওয়া যায় নি, সেজন্য মনে হয় বিনিময় প্রথার

ব্যবসা-বাণিজ্য

মাধ্যমে ব্যবসা করা হত। সম্ভবতঃ নিজেদের তৈরী জিনিসপত্র ও খাদ্যশস্যের বিনিময়ে তারা প্রয়োজনীয় তামা, সোনা, রুপো ইত্যাদি সংগ্রহ করত দক্ষিণ ভারত, রাজপুতানা, আফগানিস্থান, বেলুচিস্তান ও পারস্য থেকে। নদীপথে নৌকা ও স্থলপথে গরুর গাড়ীর সাহায্যে বাণিজ্যিক কার্যকলাপ চলত। মিশর ও মেসোপটেমিয়ার সঙ্গেও বাণিজ্যিক সংযোগ ছিল। হরপ্পা সভ্যতার কিছু সীলমোহর মেসোপটেমিয়ায় পাওয়া গেছে, মনে হয় ব্যবসার প্রয়োজনে ওগুলি ব্যবহৃত হত। গুজরাটের লোথাল শহরটি সম্ভবতঃ সামুদ্রিক বন্দর হিসেবে ব্যবহৃত হত।

সামাজিক জীবন: বহুজাতির সমন্বয়ে গঠিত হরপ্পা সভ্যতার সমাজকে বিশ্বজনীন আখ্যা দেওয়া যায়। এদের মধ্যে ছিল নানা পেশার ও শ্রেণীর লোক, যথা—অভিজাত, পুরোহিত, কৃষক, বণিক, স্থপতি, কর্মকার,

বিভিন্ন শ্রেণীর লোক

কুম্ভকার প্রভৃতি। একই সঙ্গে বিরাট অট্টালিকা ও কুটীর শ্রেণীভিত্তিক সমাজব্যবস্থার ইঙ্গিত দেয়। জাতিভেদ ছিল কিনা তার কোন প্রমাণ নেই।

কার্পাস ও পশমের বস্ত্রের প্রচলন ছিল। পরিচ্ছদের দুটি অংশ ছিল—একটি দেহের উপরিভাগের, অন্যটি নিম্নভাগের জন্য। স্ত্রী-পুরুষ উভয়েই গলার হার, বালা, বাজুবন্ধ ও আংটি ব্যবহার করত। নাকছাবি, কোমরের বিছে,

পরিচ্ছদ ও খাদ্য

পায়ের মল ছিল কেবলমাত্র স্ত্রীলোকদের নির্দিষ্ট গহনা। অলংকারগুলিতে অনেক সময় মূল্যবান পাথর খচিত থাকত। স্ত্রীলোকরা প্রসাধন দ্রব্য ব্যবহার করত এমন প্রমাণ পাওয়া গেছে। তাদের প্রধান খাদ্য ছিল গম, যব, দুধ, মটরশুঁটি খেজুর, মাছ, মাংস ইত্যাদি।

মার্বেল, বল ও পাশা খেলা প্রচলিত ছিল। তাদের আমোদ-প্রমোদের উপকরণ ছিল বন্য পশু শিকার, ষাঁড়ের লড়াই, মাছ ধরা ইত্যাদি।

আমোদ-প্রমোদ

এক কথায় হরপ্পা সভ্যতার অধিবাসীরা একটি উন্নত ও কৃষ্টিসম্পন্ন সমাজজীবন যাপন করত।

ধর্মীয় জীবন: হরপ্পা সভ্যতার ধ্বংসাবশেষের মধ্যে কোন মন্দির বা দেবস্থান জাতীয় কিছু পাওয়া যায় নি। তবে পোড়ামাটির অজস্র মাতৃমূর্তি

মাতৃপূজা, পশু, গাছ, লিঙ্গ পূজার প্রচলন

এই ধারণা সৃষ্টি করে যে, মাতৃপূজা খুব জনপ্রিয় ছিল। আরও মনে হয় তারা সাপ, পশু ওগাছেরপূজা করত। একটি সীলমোহরে অংকিত আছে, পশুর দল বেষ্টিত যোগাসনে উপবিষ্ট ত্রিমূর্তিবিশিস্ট পুরুষ। অনুমান

করা হয় ইনি হলেন পশুপতি শিব। শিবলিঙ্গের আকারে বহু পাথর থেকে অনুমান করা হয় যে, লিঙ্গ পূজারও প্রচলন ছিল। হরপ্পায় আবিষ্কৃত একটি বিশাল কবর থেকে ধারণা করা হয় যে তারা মৃতদেহ সমাধিস্থ করত এবং মৃতের ব্যবহৃত নানান জিনিসপত্র মৃতদেহের পাশে রেখে দিত। সুতরাং মনে হয় তাদের ধারণা ছিল মৃত্যুর সঙ্গে সঙ্গেই জীবনের শেষ হয় না।

রাজনৈতিক জীবন ঃ কোন লিখিত বিবরণ না পাওয়ায় এদের রাজনৈতিক জীবন সম্বন্ধে কিছু জানা যায় না। বিভিন্ন স্থানে অবস্থিত শহরগুলি পরিকল্পনা অনুযায়ী নির্মিত হওয়ায় অনুমান করা যায় যে একটি সুসংবদ্ধ কেন্দ্রীয় সরকার ছিল।

সুসংবদ্ধ কেন্দ্রীয় সংস্থা

হরপ্পা সভ্যতার সঙ্গে বহির্বিশ্বের সম্পর্ক ঃ নীল নদের তীরে গড়ে ওঠা মিশরীয় সভ্যতার সঙ্গে হরপ্পা সভ্যতার নানা সাদৃশ্য আছে। উন্নত নাগরিক জীবন, ধাতুর ব্যবহার, চিত্রধর্মী লিপি, মৃতদেহ সমাধিস্থ করার প্রথা, ষাঁড় পূজা, কৃষি-শিল্প বাণিজ্যে দক্ষতা উভয় সভ্যতার অভিন্ন বৈশিষ্ট্য। মিশরীয় জিনিষপত্র কিছু কিছু সিন্ধু উপত্যকায় পাওয়া গেছে। তাই অনুমান করা হয় উভয় সভ্যতার মধ্যে ঘনিষ্ঠ সংযোগ ছিল।

মিশরীয় সভ্যতার সঙ্গে সম্পর্ক

উপরোক্ত অভিন্ন বৈশিষ্ট্যগুলি সুমেরীয় ও হরপ্পা সভ্যতার মধ্যেও ছিল। এছাড়া সুমের অঞ্চল ও সিন্ধু উপত্যকার নারীদের কেশচর্চার রীতি ছিল অভিন্ন। মেসোপটেমিয়ায় সিন্ধু উপত্যকায় অসংখ্য সীলমোহর পাওয়া গেছে। তাছাড়া, উভয় সভ্যতায় পোড়া ইঁটের ব্যবহার, কুমোরের চাক, তামা ব্রোঞ্জের পাত্র ইত্যাদির মধ্যে আশ্চর্য মিল দেখা যায়।

সুমেরীয় সভ্যতার সঙ্গে সম্পর্ক

মিশর ও মোসোপটেমিয়ার সঙ্গে হরপ্পা সভ্যতার বাণিজ্যিক সম্পর্ক ছিল।

হরপ্পা সভ্যতার ধ্বংসের কারণ ঃ হরপ্পা সভ্যতার স্রস্টা কারা ছিলেন তার সদুত্তর যেমন মেলেনি তেমনি হরপ্পা সভ্যতার ধ্বংসের কারণও সঠিকভাবে জানা যায় নি। কেউ মনে করেন, সিন্ধু নদীর গতির পরিবর্তন, আবার কেউ মনে করেন আসিরীয়, ব্যাবিলনীয়দের পুনঃ পুনঃ আক্রমণ এর ধ্বংসের জন্য দায়ী। মহেঞ্জোদড়ো অর্থাৎ 'মৃতের স্তূপ' এই নামকরণ থেকে অনেকে অনুমান করেন প্লাবন জাতীয় কোন আকস্মিক দুর্ঘটনায় বহু মৃতদেহ রাশিকৃত হয়েছিল। মার্টিমার হুইলার-এর মতে আর্যজাতির আক্রমণই সিন্ধু সভ্যতাকে ধ্বংস করেছিল। আর্যরা উন্নত অস্ত্রশস্ত্র ও যুদ্ধে ব্যবহৃত ঘোড়ার দ্বারা শক্তিশালী ছিল বলে সম্ভবতঃ হরপ্পা সভ্যতার অধিবাসীরা পরাজিত হয়। তাদের 'দুর্গ' ও 'পুর' বা নগরগুলিকে জয় করে বৈদিক আর্যরা উল্লাস প্রকাশ করেছিল—সেজন্য দেবরাজ ইন্দ্রের এক নাম হল 'পুরন্দর' অর্থাৎ যিনি 'পুর' বা নগরকে ধ্বংস করেছেন। মার্টিমার হুইলারের এই মত সর্বজনস্বীকৃত না হলেও বর্তমানে অনেকে এটিকে যথেষ্ট গুরুত্ব দেন।

বিভিন্ন তত্ত্ব

———

আর্যদের পরিচয়ঃ ভারতবর্ষের সভ্যতা ও সংস্কৃতিতে আর্যদের অবদান সর্বাপেক্ষা অধিক। 'আর্য' শব্দটির মৌলিক অর্থ 'বিশ্বস্ত জন' বা 'একই জাতির মানুষ।' পণ্ডিতেরা মনে করেন 'আর্য' হচ্ছে প্রাচীন কালের একটি ভাষার নাম, শব্দটি আদৌ জাতিবাচক নয়। আর্য বা ইন্দো-ইউরোপীয় ভাষায় যারা কথা বলত তারাই আর্য নামে পরিচিত। আমাদের জানা দরকার যে, ইন্দো-ইউরোপীয় ভাষা থেকেই সংস্কৃত, ল্যাটিন, ইরাণীয়, গ্রীক ইত্যাদি ভাষার সৃষ্টি হয়েছে। এই আর্যভাষা-গোষ্ঠী ছিল পশুপালক ও যাযাবর। বহিরাগত এই জনগোষ্ঠী উত্তর-পশ্চিম সীমান্ত দিয়ে ভারতবর্ষে প্রবেশ করেছিল। এরা ছিল গৌরবর্ণ, দীর্ঘদেহী ও উন্নত নাসিকা-বিশিষ্ট। এদের দৃষ্টিতে ভারতের কৃষ্ণবর্ণ আদিম অধিবাসীরা ছিল 'অনার্য'। এদের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয়ে তারা এদের 'দাস' বা 'দস্যু' নামে অভিহিত করেছিল।

আর্যদের আদি বাসভূমিঃ আনুমানিক ১৫০০ খ্রীষ্টপূর্বাব্দের কিছু আগে আর্যরা ভারতে প্রবেশ করেছিল। কিন্তু এদের আদি বাসভূমি কোথায় ছিল তা সঠিকভাবে এখনও নির্ণীত হয়নি। কোন কোন পন্ডিত আর্যদের আদৌ বহিরাগত মনে করেন না, ভারতবর্ষকেই তাদের পিতৃভূমি বলে চিহ্নিত করেছেন। কেননা আর্যরা সপ্তসিন্ধু ছাড়া অন্য কোন অঞ্চলকে নিজেদের দেশ বলে বর্ণনা করে নি। আবার কারও মতে উত্তর মেরু অঞ্চল, কারও মতে আবার মধ্য এশিয়ার পামীর মালভূমি, কারও মতে রাশিয়ার দক্ষিণে ককেশাস অঞ্চল ছিল আর্যদের আদি নিবাস। এছাড়া কেউ কেউ বর্তমান হাঙ্গেরী, অস্ট্রিয়া, যুগোশ্লাভিয়া নিয়ে গঠিত ইউরোপীয় ভূখন্ডকে তাদের পিতৃভূমি বলে অভিমত দিয়েছেন। সে যাই হোক, এ ব্যাপারে কোন সর্বজনস্বীকৃত তত্ত্ব নেই। ব্রান্ডেনস্টিন নামে এক পন্ডিতের মতবাদকে অনেক আধুনিক ঐতিহাসিক সমর্থন করেন। তাঁর মত হল এই যে, উরাল পর্বতের দক্ষিণে কিরঘিজ তৃণভূমি অঞ্চল ছিল আর্যদের আদি বাসভূমি। সেখান থেকে কোন এক অজ্ঞাত কারণে তাদের একটি শাখা ইরান ও ভারতবর্ষের দিকে যায়। অন্য একটি শাখা ইউরোপের দিকে চলে যায়। বস্তুতঃ, ইরান বা পারস্যের প্রাচীনতম গ্রন্থ 'আভেস্তা' ও আর্যদের প্রাচীনতম গ্রন্থ 'ঋগ্বেদে,র ভাষা ও দেবদেবীর নামের আশ্চর্য সাদৃশ্য লক্ষ্য করা যায়। দৃষ্টান্ত হিসেবে, ভারতীয় আর্যদের দেবতা 'ইন্দ্র' আভেস্তাতে ঐ নামেই পরিচিত। এছাড়া, ভারতীয় আর্যদের দেবতা সূর্য, অগ্নি, বরুণ, মারুৎ ইরাণীয় আর্যদের কাছে উচ্চারণের সামান্য পার্থক্য ছাড়া প্রায় একই রূপে লিখিত আছে। আর্য-ভাষাগোষ্ঠীর যারা ইরাণে থেকে যায় তারা 'ইন্দো-ইরাণীয়' এবং যারা উত্তর-পশ্চিম সীমান্ত দিয়ে ভারতে প্রবেশ করে তারা 'ইন্দো-আরিয়ান' বা আর্য নামে

ব্রাণ্ডেনস্টিনের তত্ত্ব ও তার যৌক্তিকতা

পরিচিতি লাভ করে। এই সমস্ত কারণে ব্রান্ডেনস্টিনের তত্ত্বটি যুক্তিযুক্ত মনে হয়।

আর্যরা অবশ্য একসঙ্গে ভারতে প্রবেশ করে নি। বিভিন্ন সময়ে তাদের বিভিন্ন গোষ্ঠী ভারতে প্রবেশ করে বসতি স্থাপন করেছিল।

আর্যদের সাহিত্যচর্চা : ভারতীয় আর্যদের সম্বন্ধে জানা যায় ঋগ্বেদ থেকে। ঋগ্বেদ হল ইন্দো-ইউরোপীয় ভাষায় রচিত সর্বাপেক্ষা প্রাচীন গ্রন্থের নিদর্শন। ঋগ্বেদ হচ্ছে বিভিন্ন কবি, গোষ্ঠী বা সন্ন্যাসীদের রচিত ইন্দ্র, অগ্নি, মিত্র, বরুণ ও অন্যান্য দেবতাদের উদ্দেশ্যে প্রার্থনার একটি সংকলন। এতে আছে দশটি 'মন্ডল' বা খন্ড ; এগুলির মধ্যে দ্বিতীয় থেকে সপ্তম খন্ডগুলি আদি খন্ড এবং সম্ভবতঃ প্রথম ও দশম খন্ডটি পরে সংযোজিত হয়েছিল। এই ঋগ্বেদ থেকেই জানা যায় যে, আফগানিস্তান সীমান্ত থেকে পাঞ্জাব পর্যন্ত এই বিস্তীর্ণ ভূখন্ডে আর্যরা প্রথম বসতি স্থাপন করেছিল। এই অঞ্চল 'সপ্তসিন্ধু' নামে উল্লিখিত হয়েছে। আবার ঋগ্বেদের রচনাকাল জানলে আর্যদের ভারত আগমনের সময় নিরূপণ করা যায়। বিভিন্ন সময়ে ঋগ্বেদের বিভিন্ন অংশ রচিত হয়েছিল। আধুনিক পন্ডিতদের যুক্তিসঙ্গত সিদ্ধান্ত হল যে, ঋগ্বেদের রচনাকাল ১৪০০ থেকে ১০০০ খ্রীষ্টপূর্বাব্দ। আর্যরা ১৪০০ বা ১৫০০ খ্রীষ্টপূর্বাব্দে ভারতে এসেছিল বলা যেতে পারে।

ঋগ্বেদ ও তার গুরুত্ব

কিন্তু আর্যরা ঋগ্বেদ রচনার পরে আরও তিনটি বেদ, যথা—সাম, যজুঃ ও অথর্ব বেদ রচনা করেছিল। বেদ হিন্দু সভ্যতার আদি গ্রন্থ। 'বিদ্' শব্দের অর্থ 'জ্ঞান' থেকেই বেদ কথাটির উৎপত্তি। হিন্দুদের কাছে বেদ অপৌরুষেয় অর্থাৎ এটি মনুষ্য-রচিত নয়, ঈশ্বরের বাণী। প্রাচীন ঋষিরা বেদকে ঈশ্বরের কাছ থেকে শ্রুত বলে অভিহিত করেছেন। তাই বেদের অন্য নাম 'শ্রুতি'।

প্রতিটি বেদের চারটি ভাগ আছে—সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ। সংহিতা অংশ পদ্যে রচিত এবং এটি প্রধানতঃ স্তোত্র, মন্ত্র ইত্যাদি। ঋগ্বেদের পরবর্তীকালে রচিত হয়েছিল অন্যান্য বেদগুলি। ঋগ্বেদের সংহিতার বহু স্তোত্র সামবেদের সংহিতায় পুনরায় গৃহীত হয়েছে। এগুলি যজ্ঞের সময় সুর করে গানের মত গাওয়া হত। এভাবেই ভারতীয় সঙ্গীতকলার জন্ম হয়। যজুর্বেদ সংহিতায় যাগযজ্ঞের মন্ত্রগুলি সন্নিবিষ্ট আছে। অথর্ববেদে সৃষ্টিরহস্য, শত্রুদমন প্রক্রিয়া, চিকিৎসা পদ্ধতি ও গুপ্তবিদ্যার উল্লেখ আছে।

সংহিতা

ব্রাহ্মণ অংশ গদ্যে রচিত। এতে যজ্ঞের বিধিব্যবস্থা, কোন যজ্ঞ করলে কি ফল পাওয়া যায় ইত্যাদির বিস্তৃত আলোচনা আছে। আরণ্যক ও উপনিষদ্ আর্যদের দর্শন তত্ত্বের আকর। আরণ্যক অংশে পরিণত বয়সে বানপ্রস্থ অবলম্বন করে কিভাবে জীবন যাপন করতে হয় তারই আলোচনা আছে। আরণ্যকে প্রাচীন ঋষিদের দর্শন চর্চার যে সূত্রপাত ঘটেছিল তারই পূর্ণাঙ্গ

ব্রাহ্মণ

পরিণতি ঘটে উপনিষদে। উপনিষদে হিন্দু দর্শন সমুন্নতি লাভ করে—এর রচনাকালে হিন্দুধর্ম একটি সুস্পষ্ট রূপ পরিগ্রহ করে। এতে পরম ব্রহ্ম, পরমাত্মা, পুনর্জন্মবাদ ও পুনর্জন্ম থেকে মোক্ষলাভের উপায় প্রভৃতি বিষয় সর্বপ্রথম আলোচিত হয়। ধ্রুপদী বিশ্বসাহিত্যের মধ্যে যে সমস্ত গ্রন্থ শ্রেষ্ঠ স্থান লাভ করেছে উপনিষদ নিঃসন্দেহে তার মধ্যে অন্যতম। বেদের অন্তে বা শেষে উপনিষদ আছে বলে এর নাম বেদান্ত।

আরণ্যক ও উপনিষদ

চতুর্বেদ ছাড়াও বেদাঙ্গ বৈদিক সাহিত্যের অন্তর্ভুক্ত। বেদাঙ্গকে সূত্র সাহিত্যও বলা হয়। বেদাঙ্গ অপৌরুষের বেদের পর্যায়ভুক্ত নয়, কিন্তু বেদবিদ্যার সহায়ক বলে বেদাঙ্গ নামে পরিচিত। বেদাঙ্গের ছটি ভাগ—শিক্ষা বা উচ্চারণতত্ত্ব, ছন্দ বা বেদের পদবিন্যাস তত্ত্ব, ব্যাকরণ বা ভাষাকে শুদ্ধভাবে প্রয়োগের শাস্ত্র, নিরুক্ত বা শব্দতত্ত্ব, জ্যোতিষ বা শুভদিন বা শুভনক্ষত্র নির্ণয়ের শাস্ত্র, কল্প বা যজ্ঞতত্ত্ব ও জীবনযাত্রা বিধি। বেদাঙ্গের মধ্যে কল্প সবচেয়ে উল্লেখযোগ্য এবং এর চারটি অংশ—শ্রৌত, গৃহ্য, শুল্ব ও ধর্ম। শ্রৌত ও শুল্ব সূত্রে যজ্ঞানুষ্ঠানের প্রণালী এবং ধর্মসূত্রে সামাজিক বিধিনিষেধ ও দন্ডবিধির কথা আছে। সূত্রগুলির মধ্যে গৃহ্যসূত্রটি উল্লেখযোগ্য এই জন্য যে, হিন্দুদের একান্ত স্বকীয় বৈশিষ্ট্য জন্ম, মৃত্যু, বিবাহ ইত্যাদি সংশ্লিষ্ট অনুষ্ঠানবিধি এতেই বিধৃত আছে।

বেদাঙ্গ

ষড়দর্শন বা ছয়টি দর্শনকে বেদাঙ্গের অপর অংশ বলে গণ্য করা হয়। এইগুলি হল—কপিলমুনি রচিত সাংখ্য, পতঞ্জলির যোগশাস্ত্র, গৌতমের ন্যায়দর্শন, কণাদ প্রণীত বৈশেশিক দর্শন, জৈমিনির পূর্ব-মীমাংসা এবং বেদব্যাস রচিত উত্তর-মীমাংসা।

ষড়দর্শন

চতুর্বেদ, বেদাঙ্গ ও ষড়দর্শন (সূত্র সাহিত্য) ছাড়াও আয়ুর্বেদ, ধনুর্বিদ্যা, সঙ্গীত, শিল্প ও নাট্যশাস্ত্র, অর্থশাস্ত্র, কামশাস্ত্র, স্থপতিবিদ্যা সম্বন্ধে বহু রচনার কথা জানা যায়।

অন্যান্য বিদ্যা

আর্যদের সামাজিক, অর্থনৈতিক, ধর্মীয় ও রাজনৈতিক জীবন

বৈদিক যুগকে পন্ডিতরা সাধারণতঃ দুটি ভাগে বিভক্ত করেছেন—(ক) ঋগ্বেদের যুগ এবং (খ) পরবর্তী বৈদিক যুগ। আদিপর্বে বা ঋগ্বেদের যুগের আর্য জীবনধারার সঙ্গে পরবর্তীকালের জীবনধারার বহু পার্থক্য দেখা যায়।

ঋগ্বেদের যুগে আর্যদের সামাজিক জীবনঃ ঋগ্বেদের সমাজ ছিল পিতৃকেন্দ্রিক। পরিবারের প্রধান ছিলেন পিতা, তিনি 'গৃহপতি' বা 'দম্পতি' বলে অভিহিত হতেন। তিনি ছিলেন পরিবারের মধ্যে বয়োজ্যেষ্ঠ এবং সবার ওপরে তাঁর পূর্ণ কর্তৃত্ব ছিল। সেকালে একান্নবর্তী পরিবার প্রচলিত ছিল।

পিতৃকেন্দ্রিক
একান্নবর্তী পরিবার

সমাজে নারী জাতির যথেষ্ট মর্যাদা ছিল। গৃহের অন্তঃপুরে তাঁদের সর্বময়

কর্তৃত্ব ছিল, বহির্জীবনেও ছিল যথেষ্ট স্বাধীনতা। পিতৃগৃহে তাঁদের শিক্ষার অবাধ সুযোগ ছিল। বিবাহের পর স্ত্রী হতেন স্বামীর সহধর্মিণী অর্থাৎ সমস্ত ধর্মানুষ্ঠানে স্বামীর সহযোগিণী। পর্দাপ্রথা, বাল্যবিবাহ প্রচলিত ছিল না। বিধবা বিবাহ অজ্ঞাত ছিল না। বৈদিক নারী শাস্ত্রচর্চাতেও অংশ নিতেন—ঘোষা, বিশ্ববারা, আপালা, লোপামুদ্রা মন্ত্র রচনাও করেছিলেন। স্বামী নির্বাচনের অধিকার ছিল আর্যনারীর, পুরুষকে দিতে হত কন্যাপণ। অবশ্য পুরুষদের মধ্যে বহু-বিবাহ প্রথা প্রচলিত ছিল। তবু বলা যায় যে, ঋগ্বেদের যুগে স্ত্রী-স্বাধীনতা ছিল অন্যতম বৈশিষ্ট্য।

নারী জাতির মর্যাদা

আর্যরা কার্পাস, পশম ও পশুর চামড়ার তৈরি পোশাক-পরিচ্ছদ ব্যবহার করত। পুরুষরা ঊর্ধ্বাঙ্গের জন্য উত্তরীয় ও নিম্নাঙ্গের জন্য পরিধান ব্যবহার করত। স্ত্রীলোকরা দুই প্রস্থ পোশাক ছাড়াও 'নীবি' বা কোমর বন্ধনী ব্যবহার করত। স্ত্রী-পুরুষ উভয়েই সোনা, রুপো ও মূল্যবান পাথরের তৈরি অলঙ্কার ব্যবহার করত।

পোশাক-পরিচ্ছদ ও অলঙ্কার

পুরোডাশ (পিঠা), দুধ, ঘি, ফলমূল শাকসবজী, মধু, যব, গো-অশ্ব-মহিষ-ছাগ মাংস তাদের আহার্য ছিল। ঋগ্বেদে গমের উল্লেখ না থাকলেও সপ্তসিন্ধু অঞ্চলে গম উৎপাদিত হওয়া খুবই স্বাভাবিক ছিল। সেজন্য গমও তাদের আহার্যের মধ্যে ছিল মনে হয়। বিশেষতঃ যাগ-যজ্ঞের সময় সোমরস (সোমলতা নামে একটি লতার উত্তেজক রস) ও সুরা পান প্রচলিত ছিল। মৃগয়া, মৎস্যশিকার, অশ্ব ও রথচালনা, নৃত্যগীত ও পাশা খেলা ছিল তাদের আমোদ-প্রমোদের অঙ্গ।

খাদ্য ও আমোদ-প্রমোদ

আর্যরা ভারতে প্রবেশের সময় তিন শ্রেণীতে বিভক্ত ছিল, যথা—যোদ্ধৃশ্রেণী বা রাজন্য, ব্রাহ্মণ বা পুরোহিত শ্রেণী ও সাধারণ সম্প্রদায়। ঋগ্বেদে 'বর্ণ' শব্দটির উল্লেখ থাকলেও তা জাতি অর্থে ব্যবহৃত হয় নি। আর্যরা নিজেদের গৌরবর্ণ ও দীর্ঘদেহ সম্বন্ধে খুবই সচেতন ছিল। কৃষ্ণকায় অনার্যদের থেকে নিজেদের শ্রেষ্ঠত্ব প্রদর্শন ও পার্থক্য বোঝানোর জন্য 'বর্ণ' শব্দটি তারা ব্যবহার করেছিল। ঋগ্বেদের দশম মন্ডলে 'পুরুষ' সূক্তে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের উল্লেখ পাওয়া যায়। কিন্তু অনেকেই মনে করেন এই দশম মন্ডলটি পরবর্তীকালে ঋগ্বেদে সংযোজিত হয়েছিল। সুতরাং বলা যায় বৈদিক যুগে বর্ণভেদের সূত্রপাত হলেও তা কঠোর আকার ধারণ করে নি, জাতিভেদও সৃষ্টি হয় নি। এই বর্ণবিভাগ গুণ ও কর্মের ওপর ভিত্তি করে গড়ে উঠেছিল। তাই অসবর্ণ বিবাহ বা আহারাদিতে কোন বাধা ছিল না। কেউ উপযুক্ত গুণের অধিকারী হলে নিজ বৃত্তি ত্যাগ করে অন্য বৃত্তি গ্রহণ করতে পারত।

বর্ণভেদ কিন্তু জাতিভেদ নয়

ঋগ্বেদের যুগে আর্যদের রাজনৈতিক জীবন ঃ বিভিন্ন গোষ্ঠীতে* বিভক্ত

* এই গোষ্ঠীগুলির বিভিন্ন নাম, যথা—যদু, অনু, পুরু, ভারত (কুরু বংশ)। এই ভারত জাতি থেকে ভারতবর্ষ নামের উৎপত্তি।

আর্যরা বিভিন্ন সময়ে ভারতে আগমন করে ও বসতি স্থাপন করে। অনার্যদের সঙ্গে ও নিজেদের মধ্যে নিরন্তর যুদ্ধবিগ্রহের ফলে সম্ভবতঃ তাদের মধ্যে রাজতন্ত্রের উদ্ভব ঘটে। এই সমস্ত যুদ্ধবিগ্রহে যারা সামরিক দক্ষতার পরিচয় দিতে পেরেছিল তারাই রাজা নির্বাচিত হয়েছিল।

রাজতন্ত্রের উদ্ভব

ঋগ্বেদের যুগে রাষ্ট্র ও সমাজের ভিত্তি ছিল পরিবার। প্রত্যেক পরিবারের প্রধান বা 'গৃহপতি'র নিজ পরিবারে অবাধ কর্তৃত্ব ছিল। কয়েকটি পরিবার নিয়ে গঠিত হত একটি গ্রাম। গ্রামের সর্বোচ্চ শাসক ছিলেন 'গ্রামণী'। আবার কয়েকটি গ্রাম নিয়ে গঠিত হত একটি 'বিশ' বা 'জন'—এর সর্বোচ্চ শাসক হলেন 'রাজন' বা রাজা। এই যুগে আর্যদের রাজ্যগুলি ছিল ক্ষুদ্র আয়তনের।

গ্রাম, বিশ্‌ বা জন

রাজপদ প্রধানতঃ ছিল বংশানুক্রমিক, অবশ্য কোন কোন ক্ষেত্রে জনগণ দ্বারা নির্বাচনমূলকও ছিল। শত্রুর বিরুদ্ধে সৈন্য পরিচালনা, জনগণের মধ্যে বিবাদ-বিসংবাদের মীমাংসা করা, শান্তি-শৃঙ্খলা রক্ষা করা ছিল রাজার কর্তব্য। তিনি প্রজাদের কাছ থেকে 'বলি' অর্থাৎ উৎপন্ন ফসলের একাংশ স্বেচ্ছাদান হিসেবে পেতেন। বিজিতদের কাছ থেকে কর আদায় করতেন।

রাজা ও রাজকর্তব্য

রাজাকে শাসন পরিচালনার জন্য বিভিন্ন কর্মচারী নিযুক্ত হত। পুরোহিত রাজার খুব ঘনিষ্ঠ কর্মচারী ছিলেন। তিনি রাজার অভিষেক সম্পন্ন করতেন। এই অভিষেকের মাধ্যমে জনগণ থেকে রাজা স্বতন্ত্র এবং স্বর্গীয় অধিকারযুক্ত বলে ঘোষিত হত। এইভাবে রাজা ও পুরোহিত উভয়ে মর্যাদার অধিকারী হতেন। যাগযজ্ঞ ও ধর্মীয় অনুষ্ঠানে পুরোহিত ছিলেন চরম ক্ষমতার অধিকারী। এছাড়া কূটনৈতিক পরামর্শ দান, এমনকি, যুদ্ধক্ষেত্রে রাজার সঙ্গে গমনও পুরোহিতের কর্তব্যভুক্ত ছিল। 'সেনানী'র হাতে থাকত সামরিক বিভাগের দায়িত্ব। গ্রামের সামরিক ও অসামরিক কাজের দায়িত্ব পালন করত 'গ্রামণী'। দূত ও গুপ্তচর শত্রুর গতিবিধির খবর দিত।

রাজকর্মচারীরা

রাজা স্বেচ্ছাচারী হতে পারতেন না। 'সভা' ও 'সমিতি' নামে দুটি পরিষদের মতামতের প্রতি লক্ষ্য রেখে শাসন পরিচালনা করতেন। সম্ভবতঃ মুখ্য ব্যক্তিরা সভার সদস্য হতেন এবং সমস্ত জনসাধারণ নিয়ে গঠিত হত সমিতি।

সভা ও সমিতি

ঋগ্বেদের যুগে পদাতিক ও রথারোহী সৈন্য ছিল। সৈন্যবাহিনীর প্রয়োজনে ঘোড়া ব্যবহৃত হত। তীর, ধনুক, বর্শা ও তরবারি ছিল প্রধান যুদ্ধাস্ত্র।

সৈন্যবিভাগ

ঋগ্বেদের যুগে আর্যদের অর্থনৈতিক জীবন ঃ ঋগ্বেদের যুগে কৃষি ও পশুপালন ছিল আর্যদের প্রধান জীবিকা। কৃষিকর্ম একেবারে অনুন্নত ছিল না। বলদ দিয়ে লাঙ্গল টানা হত। লাঙ্গলের অগ্রভাগে ফাল লাগানোর পদ্ধতিও অজানা ছিল না। গৃহপালিত পশুর মধ্যে গরু, ছাগল, ভেড়া, ঘোড়া, উট-এর উল্লেখ পাওয়া যায়। গোচারণের জন্য পৃথক ভূমি সংরক্ষিত থাকত।

কৃষি ও পশুপালন

গরুকে বলা হত গোধন। কোন ব্যক্তির আর্থিক অবস্থার বিচার করা হত গরুর সংখ্যা দিয়ে। যার যত বেশী গরু সে তত বেশী ধনী। সুতরাং সমাজে অর্থনৈতিক সাম্য ছিল না। বেশী ধনী ব্যক্তিরা তার চেয়ে কম ধনীদের কাছ থেকে সম্মান পেত।

গোধন ও ধনবৈষম্য

কৃষিভিত্তিক অর্থনীতির প্রয়োজনে বিভিন্ন বৃত্তির মানুষের উল্লেখ ঋগ্বেদে পাওয়া যায়। কৃষক ও পশুপালক ছাড়াও 'তষ্টা' বা সূত্রধর, 'বাসোবায়' বা তন্তুবায়, 'কর্মার' বা কুম্ভকার, 'কার্মার' বা কর্মকার, 'দ্রবি' (অর্থাৎ ধাতুকে দ্রবীভূত করে যে) বা স্বর্ণকার ইত্যাদির উল্লেখ আছে। এছাড়াও 'ভিষক্' বা চিকিৎসক, 'মাল্যকার', 'বপ্তা' বা নাপিতেরও উল্লেখ পাওয়া যায়।

বিভিন্ন বৃত্তি

আর্যরা ব্যবসায়েও নিযুক্ত হত। অনেকে গো ও মেষপালন ব্যবসায়ে লিপ্ত থাকত। এরা তৃণভূমির সন্ধানে বনান্তরে গমন করত। আর্য গ্রাম ও বসতিগুলির মধ্যে বেশীর ভাগ বাণিজ্য চলত। স্থলপথে রথ বা গো-গাড়ী ও জলপথে নৌকার মাধ্যমে ব্যবসা চলত। সেকালে মুদ্রার পরিবর্তে বিনিময় প্রথার মাধ্যমেই ব্যবসা চলত। 'নিষ্ক' নামে স্বর্ণমুদ্রা থাকলেও তার বহুল প্রচলন ছিল না। ব্যবসা-বাণিজ্যের জন্য সমুদ্রযাত্রারও উল্লেখ ঋগ্বেদে আছে। অবশ্য সামুদ্রিক বাণিজ্য ব্যাপকতা লাভ করে নি।

ব্যবসা-বাণিজ্য

ধর্মীয় জীবন ঃ আর্যরা ছিলেন বহু দেবদেবীর উপাসক, কিন্তু পৌত্তলিক ছিলেন না। প্রকৃতির বিভিন্ন প্রকাশ যা ভীতি, বিস্ময় বা শ্রদ্ধা উদ্রেক করত তা-ই দেবতারূপে পূজিত হত, যথা—পৃথিবী, চন্দ্র, ইন্দ্র, বরুণ, মরুৎ, অগ্নি, বজ্র প্রভৃতি। কোন কোন পণ্ডিত মনে করেন যে, এক ঈশ্বর বিভিন্নরূপে প্রকাশমান তা তাঁরা বিশ্বাস করতেন। ধর্মের প্রধান অঙ্গ ছিল যজ্ঞানুষ্ঠান। মন্দির ছিল না, তবে বিশেষ বিধি অনুসারে নির্মিত হত বেদী। সাধারণতঃ ঘি, যব ও মধু যজ্ঞাগ্নিতে আহুতি দেওয়া হত। কখনও কখনও পশুবলি দেওয়া হত—সম্ভবতঃ এটি অনার্য প্রভাবের সাক্ষ্য দেয়। ঋগ্বেদের যুগে যাগ-যজ্ঞ ছিল অতি সাধারণ। তারা দেবতাদের কাছে সুখ, সমৃদ্ধি, পুত্রসন্তান, শত্রুদের বিনাশ ইত্যাদি কামনা করত।

প্রকৃতি পূজা

যাগ-যজ্ঞ

পরবর্তী বৈদিক যুগে আর্যদের সামাজিক জীবন ঃ পরবর্তী বৈদিক যুগে আর্য ভারতের অবস্থা জানার উপাদান হল ব্রাহ্মণ-সাহিত্য, উপনিষদ ও সূত্র-সাহিত্য। পরবর্তী বৈদিক যুগে ভারত পূর্বের মতই গ্রামকেন্দ্রিক থাকলেও নগর গড়ে উঠেছিল।

নগর

এই সমাজে নারীর মর্যাদা বহুলাংশে হ্রাস পায়। পুত্রের তুলনায় কন্যা যে দুঃখের কারণ তার উল্লেখ পাওয়া যায়। নারীরা পুরুষদের সঙ্গে ধর্মাচরণের অধিকার থেকে বঞ্চিত হয়। পুরুষদের মধ্যে বহু-বিবাহের ব্যাপক প্রসার, বাল্যবিবাহ ইত্যাদির ফলে নারীরা অন্তঃপুরবাসিনী হয়ে পড়ে। অবশ্য নারীশিক্ষা একেবারে নিষিদ্ধ হয় নি। সে যুগেও গার্গী ও মৈত্রেয়ীর মত

নারীদের মর্যাদা হ্রাস

বিদুষী মহিলার আবির্ভাব ঘটেছিল। জনক সভায় গার্গী ও যাজ্ঞবল্ক্যের ব্রহ্ম সম্পর্কে বিতর্ক বৃহদারণ্যক উপনিষদের একটি উজ্জ্বল অধ্যায়।

পরবর্তী বৈদিক যুগে 'বর্ণ' শব্দটি জাতি অর্থে ব্যবহৃত হত। বৃত্তি অনুসারে সমাজে চারটি শ্রেণীর উদ্ভব হয়— ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। ব্রাহ্মণরা যাগযজ্ঞের একচেটিয়া অধিকারের সূত্র ধরে অলৌকিক শক্তির অধিকারী হিসাবে সমাজে বিশেষ মর্যাদা লাভ করে। ক্ষত্রিয়রা রাজকার্য পরিচালনা ও যোদ্ধা হিসাবেও সমাজে বিশেষ মর্যাদা পায়। ব্রাহ্মণ ও ক্ষত্রিয়রা বৈশ্যদের হেয় জ্ঞান করতে থাকে। এসব সত্ত্বেও জাতিভেদ প্রথা খুব কঠোর ছিল না। ব্রাহ্মণ ও ক্ষত্রিয় পুরুষের পক্ষে বৈদ্য ও শূদ্র নারী বিবাহ নিষিদ্ধ ছিল না, যদিও বৈশ্য ও শূদ্র পুরুষ ব্রাহ্মণ বা ক্ষত্রিয় নারী বিবাহ করতে পারত না।

জাতিভেদ প্রথার উদ্ভব

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য—এই তিন জাতির জীবনকে 'চতুরাশ্রমে' বিভক্ত করা হত। এরা সকলেই উপনয়নের অধিকারী ছিল। বাল্যবয়সে উপনয়নের পর গুরুগৃহে থেকে অধ্যয়ন, গুরুসেবা, কৃচ্ছ্রসাধন ইত্যাদি করতে হত—এই জীবন-যাপনকে বলা হয় 'ব্রহ্মচর্য'। দ্বিতীয় আশ্রম হল 'গার্হস্থ্য'—বিবাহ করে সংসার করা। জীবনের তৃতীয় স্তর হল অরণ্যে গিয়ে 'বানপ্রস্থ' অবলম্বন এবং সর্বশেষ স্তরে 'যতি' বা সন্ন্যাস নিয়ে মোক্ষলাভের জন্য সচেষ্ট হওয়া।

চতুরাশ্রম

চারটি শ্রেণীতে বিভক্ত থাকলেও অনার্যরা আর্যসমাজে স্থানলাভ করত। সামবেদে অনার্যদের আর্যসমাজে অন্তর্ভুক্তির নির্দিষ্ট বিধান আছে। এছাড়াও 'ব্রাত্য' ও 'নিষাদ' নামে দুটি স্বতন্ত্র জাতির উল্লেখ পাওয়া যায়। ব্রাত্যরা ছিল সম্ভবতঃ সেইসব আর্য যারা ছিল পশুপালক ও যাযাবর। 'নিষাদ' ছিল সম্ভবতঃ অনার্য যারা পশু-পক্ষী বধ করে জীবিকা নির্বাহ করত।

ব্রাত্য ও নিষাদ

পরবর্তী বৈদিক যুগে আর্যদের রাজনৈতিক জীবন

দীর্ঘকাল আর্যদের মধ্যে গোষ্ঠীদ্বন্দ্ব, অনার্যদের সঙ্গে যুদ্ধ ইত্যাদির মধ্য দিয়ে আর্যরা সমগ্র আর্যাবর্ত, এমনকি দাক্ষিণাত্যেরও কোন কোন অঞ্চলে বসতি বিস্তার করে। এর ফলে তাদের রাষ্ট্রীয় ব্যবস্থাও বদলে যায়। পরবর্তী বৈদিক যুগে মধ্যদেশে তাদের কতকগুলি শক্তিশালী রাজ্যের উদ্ভব ঘটে, যেমন, কুরু, পাঞ্চাল, বৎস, কাশী প্রভৃতি। শক্তিশালী রাজ্যের উদ্ভব হওয়ায় সমগ্র ভারতে সার্বভৌম রাজশক্তি স্থাপনের ইচ্ছা প্রবল হয়ে ওঠে। যে সমস্ত রাজা অন্যদের রাজ্য জয় করে নিতেন তাঁরা 'সম্রাট', 'সার্বভৌম' ইত্যাদি উপাধি ধারণ করতেন। পুনঃপুনঃ 'অশ্বমেধ', 'রাজসূয়' যজ্ঞানুষ্ঠান এই প্রবণতারই ইঙ্গিত দেয়।

শক্তিশালী রাষ্ট্রের উদ্ভব

সার্বভৌম রাজশক্তি স্থাপনের ইচ্ছা

রাজার ক্ষমতা বৃদ্ধি পেয়েছিল। পূর্বের মতই প্রজাদের রক্ষা ও পালন, শাসন, বিচার ও সৈন্য পরিচালনা রাজকর্তব্যের অঙ্গীভূত ছিল। 'সভা' ও 'সমিতি'র ক্ষমতা সীমিত হয়ে পড়লেও রাজা স্বেচ্ছাচারী হতে পারতেন না। কেননা অভিষেকের

সময় প্রজাদের মঙ্গল ও রাজ্যের সমৃদ্ধির জন্য নিজ প্রাণ উৎসর্গ করবেন এমন প্রতিশ্রুতি তাঁকে দিতে হত। এছাড়া, ব্রাহ্মণরা রাজার অভিষেক সম্পাদন করতেন, তাই তাঁদের প্রতি তিনি শ্রদ্ধাশীল থাকতেন।

রাজার ক্ষমতা ও দায়িত্ব

পরবর্তী বৈদিক যুগে আর্যদের অর্থনৈতিক জীবন

কৃষি-নির্ভর গ্রামীণ অর্থনীতি

পরবর্তী বৈদিক যুগেও কৃষি-নির্ভর ও গ্রামীণ অর্থনীতি লক্ষ্য করা যায়। নাগরিক জীবনের বিকাশ অবশ্য ঘটেছিল। সেইসঙ্গে চাষবাসের উন্নতিও হয়েছিল।

ধাতুর ব্যবহার

টিন, দস্তা, রুপো ও লোহার প্রচলন ছিল। লোহার ব্যবহারের ফলে তা থেকে উদ্ভূত হাতিয়ারের দ্বারা বনজঙ্গল পরিষ্কার করা হয় এবং কৃষি ও বসতির সম্প্রসারণ ঘটে।

ব্যবসা-বাণিজ্য

ব্যবসা-বাণিজ্যের বিশেষ অগ্রগতি ঘটে। শুধু আভ্যন্তরীণ নয়, বহির্বাণিজ্যও বিস্তার লাভ করে। সমুদ্রপথে বাণিজ্যের সুনিশ্চিত প্রমাণ পাওয়া যায়। মেসোপটেমিয়ার সঙ্গে সমুদ্রপথে বাণিজ্য চলত। বাণিজ্যের উন্নতির ফলে শিল্পোন্নতিও ঘটে। বৈশ্যরা বংশানুক্রমিকভাবে বাণিজ্যে নিযুক্ত থাকত। তারা বাণিজ্য-সঙ্ঘ বা নিগম গঠন করেছিল।

পরবর্তী বৈদিক যুগে আর্যদের ধর্মীয় জীবন

যাগ-যজ্ঞের জটিলতা ঃ পুরোহিততন্ত্র ও দেবতারা

পরবর্তী বৈদিক যুগে যাগ-যজ্ঞ জটিল ও ক্রিয়াবহুল হয়ে পড়ে। স্বভাবতই পুরোহিততন্ত্রের গুরুত্ব বেড়ে যায়। ঋগ্বেদে উল্লিখিত সাত প্রকারের পুরোহিতের সংখ্যা বেড়ে দাঁড়ায় সাতাশে। ঋগ্বেদের দেবতা ইন্দ্র, মিত্র ও বরুণের পূজা ধীরে ধীরে লুপ্ত হয় এবং প্রজাপতি ব্রহ্মা, শিব ও বিষ্ণু প্রধান দেবতা হিসাবে পরিগণিত হন।

দর্শনতত্ত্ব

এই যুগে যাগ-যজ্ঞ-নির্ভর ধর্মের পাশাপাশি একটি দার্শনিক তত্ত্বের উদ্ভব ঘটে। বিশ্ব ব্রহ্মান্ডের সৃষ্টি রহস্য ভেদ করতে গিয়ে আর্য ঋষিরা বুঝতে পারেন যে প্রকৃতির সমস্ত শক্তি একই মহাশক্তির বিভিন্ন প্রকাশ মাত্র ; সমস্ত চরাচর ও বিশ্বব্রহ্মান্ডের মধ্য দিয়ে তাঁরই মহিমার প্রকাশ ঘটেছে। এই মহাশক্তি উপনিষদে পরম ব্রহ্ম বা পরমাত্মা নামে অভিহিত হয়েছে। শুধু একেশ্বরবাদই নয়, কর্মফল ও জন্মান্তরবাদ এই যুগেই সুস্পষ্ট রূপ পরিগ্রহ করেছিল।

আর্যদের বসতি ও সংস্কৃতির বিস্তার

উত্তর ভারতে

ঋগ্বেদে হিমালয়, গঙ্গা, যমুনা, সরস্বতী ও সিন্ধু নদের উল্লেখ আছে। এ থেকে অনুমান করা হয় যে, ঋগ্বেদের কালে আফগানিস্তান, পাঞ্জাব ও উত্তর প্রদেশের কতক অঞ্চলে আর্যরা প্রথম জনপদ গড়েছিল। এই অঞ্চল 'সপ্তসিন্ধু' নামে পরিচিত। প্রথম দিকে আর্যরা শান্তিপূর্ণভাবে বসতি স্থাপন করেছিল কিন্তু ক্রমশঃ উত্তর ভারতের অন্যান্য স্থানে বসতি বিস্তারের

কালে আদিম আধিবাসী 'অনার্য'দের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয় ও অন্যান্য অঞ্চল অধিকার করে। ক্রমে সমগ্র 'মধ্যদেশ' অর্থাৎ সরস্বতী নদী থেকে গাঙ্গেয় উপত্যকা পর্যন্ত তাদের অধিকার বিস্তৃত হয়। এরপর তারা পূর্বাভিমুখী হয়ে ক্রমে মগধ, সৌরাষ্ট্র, অবন্তী প্রভৃতি অঞ্চলে বসতি বিস্তার করে। এইভাবে হিমালয় থেকে বিন্ধ্যপর্বত এবং বঙ্গোপসাগর থেকে আরব সাগর পর্যন্ত বিরাট ভূখন্ডে আর্যদের বসতি বিস্তৃত হয় এবং এই অঞ্চলকে 'আর্যাবর্ত', বলা হতে থাকে।

দক্ষিণ ভারতে

দাক্ষিণাত্যে আর্যদের বিস্তৃতির পক্ষে বিন্ধ্যপর্বত ছিল বিরাট বাধা। রামায়ণ থেকে জানা যায়, আর্যরা গোদাবরী অতিক্রম করে তুঙ্গভদ্রা পর্যন্ত অগ্রসর হয়েছিল। কালক্রমে সিংহলেও তাদের প্রভাব বিস্তৃত হয়। কিন্তু উত্তর ভারতের মত দক্ষিণ ভারতে আর্যদের প্রভাব ব্যাপকতা লাভ করেনি। অবশ্য সেখানকার উন্নত দ্রাবিড় সভ্যতার উপর আর্য সভ্যতার প্রভাব একেবারে নগণ্য ছিল না।

মিশ্র আর্য-অনার্য সংস্কৃতি

এইভাবে আর্য সংস্কৃতি বিস্তার লাভ করেছিল। কিন্তু আর্য ও অনার্য সংস্কৃতি পরস্পর পরস্পরকে প্রভাবিতও করেছিল। উভয়ের সংমিশ্রণে হিন্দু সভ্যতা একটি উন্নত সভ্যতায় উন্নীত হয়েছিল। ভারতীয় সভ্যতার মূলগত বৈশিষ্ট্য আর্য-অনার্যদের মিশ্র সংস্কৃতি।

ভারত-ইতিহাসে লৌহ যুগের সূচনা : ভারতবর্ষের ইতিহাসে লৌহের ব্যবহারের সূচনা প্রাগৈতিহাসিক যুগের অবসান ও ঐতিহাসিক যুগের সূত্রপাত ঘটিয়েছিল। লৌহ আবিষ্কারের ফলে এই ধাতুর শক্ত ও ধারাল হাতিয়ারের সাহায্যে বনজঙ্গল সাফ করে বসতি স্থাপনের সুবিধা হয়। আবার লাঙ্গলে লোহার ফাল যুক্ত হওয়ায় কৃষির উন্নতি ঘটে। এর ফলে ঘটে উৎপাদন বৃদ্ধি—এই বাড়তি ফসল নতুন নতুন নগর সৃষ্টির পথ প্রশস্ত করে।

লৌহ যুগের গুরুত্ব

ভারতে কবে প্রথম লৌহের প্রচলন হয় তা নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতভেদ আছে। ঋগ্বেদে 'অয়স' শব্দের উল্লেখ পাওয়া যায়। কিন্তু ঐতিহাসিক ব্যাসাম বলেছেন যে 'অয়স' শব্দটি ল্যাটিন '*Aes*' শব্দের অনুরূপ, যার অর্থ ব্রোঞ্জ। সুতরাং 'অয়স' শব্দটির অর্থ লোহা নয়, ব্রোঞ্জ বা তামা। ভারতীয় ঐতিহাসিকরা পরবর্তী বৈদিক যুগে লোহার প্রথম প্রচলন হয় মনে করেন। তাঁরা সাধারণতঃ 'অথর্ব' বেদে উল্লিখিত তথ্যের ওপর নির্ভর করে আনুমানিক ১০০০ খ্রীষ্টপূর্বাব্দে উত্তর ভারতে লৌহযুগ শুরু হয়েছিল মনে করেন। যজুর্বেদের একটি স্তোত্রে দেখা যায় আর্যরা দেবতার কাছে প্রার্থনা করছে সুবৃষ্টি, সুফসল, লোহা, ব্রোঞ্জ ও তামা। আলিগড়ের সন্নিকটে অত্রনজিখেরা ও পশ্চিমবঙ্গে অজয় নদের তীরে পান্ডু রাজার ঢিবিতে খননকার্য চালিয়ে ১০০০ খ্রীষ্ট-পূর্বাব্দের কাছাকাছি সময়ে লৌহ ব্যবহারের প্রমাণ পাওয়া গেছে।

লৌহ যুগের সূচনা কাল

———

চতুর্থ অধ্যায়

প্রতিবাদী ধর্ম-আন্দোলন : জৈন ও বৌদ্ধ ধর্ম

খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকে উত্তর-পূর্ব ভারতে প্রায় বাষট্টিটি ধর্মমতের উদ্ভব ঘটেছিল। এগুলির উদ্ভব ব্রাহ্মণ্য ধর্মমতের প্রতিবাদী ধর্ম সংস্কার আন্দোলন হিসাবে। এগুলির মধ্যে জৈনধর্ম ও বৌদ্ধধর্মই প্রধান।

প্রতিবাদী ধর্ম-আন্দোলনের উদ্ভবের কারণ : বৈদিকোত্তর যুগে জন্মের ভিত্তিতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—এই চারটি বর্ণ দেখা দেয় এবং জাতিভেদ প্রথা কঠোর হয়ে ওঠে। প্রতিটি বর্ণের নির্দিষ্ট কাজ ছিল। এদের মধ্যে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়রা ছিল বিশেষ সুযোগসুবিধা-প্রাপ্ত শ্রেণী। ব্রাহ্মণরা ছিল যাগযজ্ঞ-পূজা ইত্যাদি অনুষ্ঠানের একমাত্র অধিকারী ও আচার্য। এরাই ছিল সমাজের সর্বোচ্চ শ্রেণী। এদের সুযোগসুবিধার মধ্যে উল্লেখযোগ্য হল : বিভিন্ন দান গ্রহণ, করদান ও দন্ড থেকে অব্যাহতি। সমাজে এর পরেই স্থান ছিল ক্ষত্রিয়ের। এরা ছিল যোদ্ধা ও রাজশক্তি। এরা কৃষকদের কাছ থেকে কর আদায় করত। বৈশ্যরা কৃষি ও বাণিজ্যে আত্মনিয়োগ করত। এরা করভারের সিংহভাগ বহন করত। সমাজের সর্বনিম্নে অবস্থান ছিল শূদ্রদের। তিন শ্রেণীর এরা ছিল সেবাদাসমাত্র এবং এই তিন শ্রেণীর কাছে অস্পৃশ্য। এদের স্বর্গে প্রবেশের অধিকার স্বীকৃত ছিল না।

সামাজিক কারণ
(ক) কঠোর বর্ণবিভাগ

ব্রাহ্মণ-শাসিত এই বর্ণবিভক্ত সমাজে বিরোধ অনিবার্য হল। শাসন পরিচালক ও যোদ্ধা ক্ষত্রিয়রা ব্রাহ্মণ আধিপত্য অস্বীকার করল। তারা ব্রাহ্মণদের সমান মর্যাদা দাবি করে। এ যুগের সাহিত্যে এই ব্রাহ্মণ-ক্ষত্রিয়দের সংঘাতের প্রমাণ পাওয়া যায়। এ প্রসঙ্গে স্মরণীয় যে, জৈন ধর্মের প্রবক্তা বর্ধমান মহাবীর ও বৌদ্ধধর্মের প্রবক্তা বুদ্ধদেব ক্ষত্রিয় সমাজেরই প্রতিনিধি।

(খ) ক্ষত্রিয় সমাজের প্রতিক্রিয়া

প্রতিবাদী ধর্মমতগুলির উদ্ভবের পশ্চাতে অর্থনৈতিক উপাদানের গুরুত্ব ছিল খুব বেশী। সূত্র যুগ হতে আর্য সমাজের অর্থনীতি দ্রুত বদলে যাচ্ছিল। কৃষি ও বাণিজ্যে দৃশ্যমান পরিবর্তন ঘটছিল। লাঙ্গলে লোহার ফাল ব্যবহৃত হওয়ায় গভীরভাবে ভূমিকর্ষণ সম্ভব হয়। আবার দাস ও অনার্যদের কৃষিকাজে লাগিয়ে প্রচুর জমি চাষ-আবাদ করা সম্ভব হয়। এর ফলে শস্যোৎপাদন বৃদ্ধি পায়। উদ্বৃত্ত ফসলের অধিকারী হয়ে গৃহপতিরা বিত্তবান শ্রেণীতে পরিণত হয়। কৃষিকর্মের অপরিহার্য অঙ্গ গোধন (লাঙ্গল টানা হত বলদ দিয়ে) রক্ষায় এরা তৎপর হয়। কেননা সেকালের বিরাট বিরাট যজ্ঞে অসংখ্য গাভী-বলদ বলি দেওয়া হত। কাজেই ব্রাহ্মণ্যধর্মের প্রতি তাদের বিদ্বেষ স্বাভাবিক ছিল।

অর্থনৈতিক কারণ :
(ক) কৃষির উন্নতি ও বৈশ্যদের সমৃদ্ধি

কৃষির উন্নতির পাশাপাশি শিল্প ও বাণিজ্যের উন্নতি ঘটে। লোহার বহুল

প্রচলনে বিভিন্ন কারিগর, বিশেষতঃ কর্মকার, সূত্রধর ইত্যাদিদের গুরুত্ব বেড়ে যায়। তারা বাণিজ্য সংঘের মাধ্যমে জিনিসপত্রের মূল্য ধার্য করে ভাল উপার্জন করতে থাকে। আবার নতুন নতুন নগর গড়ে উঠলে রাস্তাঘাটের উন্নতি ঘটে। এর ফলে আর্য সমাজে আন্তর্বাণিজ্য ও বহির্বাণিজ্যেরও উন্নতি ঘটে। এক্ষেত্রেও বৈশ্যদের গুরুত্ব বেড়ে যায়। অথচ ব্রাহ্মণ-শাসিত সমাজে তাদের সম্মান ও স্বীকৃতি নেই। সুতরাং যে ধর্ম তাদের এই আকাঙ্ক্ষিত সম্মান ও স্বীকৃতি দেবে সেই ধর্মকে সমর্থন করা এদের পক্ষে একান্তই স্বাভাবিক ছিল। জৈনধর্ম ও বৌদ্ধধর্ম প্রাথমিক পর্বে প্রচলিত জাতিভেদকে অস্বীকার করেছিল। তাই এই শ্রেণীর অকুন্ঠ সমর্থন পেয়েছিলেন মহাবীর ও গৌতমবুদ্ধ।

(খ) শিল্প-বাণিজ্যের উন্নতি ও তার প্রতিক্রিয়া

বৈশ্য শ্রেণীর ব্রাহ্মণ্য ধর্মের প্রতি অনাস্থা ও জৈন এবং বৌদ্ধধর্মের প্রতি আনুকূল্য প্রদর্শনের আরও কারণ আছে। প্রথমতঃ, সমুদ্রযাত্রা ও বিদেশযাত্রা এবং সুদের ব্যবসা উভয়ই ব্রাহ্মণ্য ধর্মে নিন্দিত। অথচ বাণিজ্যের স্বার্থে বৈশ্যরা এতে লিপ্ত থাকতে বাধ্য হত। দ্বিতীয়তঃ, জৈন ও বৌদ্ধধর্ম উভয়ই অহিংসাকে পরম ধর্ম মনে করে। এর ফলে যুদ্ধ পরিত্যক্ত হবে, সমাজে শান্তি বিরাজ করবে। এই শান্তিপূর্ণ পরিবেশে ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটবে। এই ভাবেই বৈদিক ধর্ম জনপ্রিয়তা হারায় ও প্রতিবাদী ধর্ম-গুলির উদ্ভবের পথ প্রশস্ত হয়।

বৈদিক যুগের শেষ দিকে প্রাচীন আর্য ধর্ম তার সরলতা হারিয়ে ব্যয়বাহুল্য ও বিপুল ক্রিয়াকলাপে জটিল হয়ে পড়ে ; এটি পরিণত হয় বাহ্য অনুষ্ঠানসর্বস্ব ধর্মে। গৃহস্থের পুণ্যার্জন বা পাপস্খলের জন্য অনুষ্ঠিত যাগ-যজ্ঞের সমস্ত ভার ছিল ব্রাহ্মণ পুরোহিতদের ওপর। এই সুযোগে পুরোহিত শ্রেণীর প্রাধান্য বেড়ে যায়। ব্রাহ্মণদের এই অন্যায় প্রাধান্য বা পুরোহিততন্ত্রের অত্যাচার বৈদিক যুগের শেষ ভাগে জনগণের মনে ক্ষোভ সঞ্চার করেছিল। পশুবলি, জাতিভেদ ও নিম্নবর্ণের প্রতি ঘৃণা ব্রাহ্মণ্য ধর্মের প্রতি সাধারণ মানুষের উষ্মা সৃষ্টি করেছিল।

ধর্মীয় কারণ বাহ্য অনুষ্ঠানসর্বস্ব বৈদিক ধর্ম

জৈন ও বৌদ্ধধর্মের উদ্ভবের আগে ধর্মীয় ব্যবস্থায় একটি আত্মঘাতী স্ববিরোধিতা লক্ষ্য করা যায়। একদিকে যাগ-যজ্ঞের ওপর পূর্ণ গুরুত্ব আরোপ অর্থাৎ এগুলির মাধ্যমেই মানুষ তার কাম্যবস্তুর সন্ধান পাবে এই ধারণার সৃষ্টি হয়েছিল। অন্যদিকে উপনিষদ ধর্ম বিষয়ে স্বাধীন চিন্তার জন্ম দিয়েছিল। কর্মফলবাদ মানুষকে শিখিয়েছিল কর্মফল তাকে ভোগ করতেই হবে। যাগ-যজ্ঞের মাধ্যমে এর হাত থেকে মুক্তি পাওয়া যায় না। শুদ্ধ নৈতিক জীবনচর্যা পালনই এর থেকে মুক্তির একমাত্র পথ। আবার জন্মান্তর-বাদের শিক্ষা ছিল মানুষ নিজ কর্মফলেই জন্ম থেকে জন্মান্তর গ্রহণ করে। এক্ষেত্রেও যাগ-যজ্ঞ মানুষকে জন্মান্তর থেকে মুক্তি দিতে পারে না। এর থেকে মুক্তির উপায় সৎকর্ম, সৎ-আচরণ, ও ভক্তি। এই সমস্ত তত্ত্ব থেকে বৈদিক ব্রাহ্মণ্যধর্ম-বিরোধী মতের উদ্ভব ঘটে। জৈন ও বৌদ্ধ ধর্মের উপর এই সমস্ত চিন্তাধারার প্রভাব সুস্পষ্ট।

প্রাক-বৌদ্ধযুগে ধর্মীয় ব্যবস্থার স্ববিরোধিতা

মনে রাখতে হবে, ব্রাহ্মণ্য ধর্মের প্রতিবাদী ধর্ম হিসাবে জৈন ও বৌদ্ধধর্মের অভ্যুদয় ঘটলেও ধর্ম দুটি সম্পূর্ণ বেদবিরোধী নয়। উভয় ধর্মই হিন্দু ধর্ম থেকে বহু বিষয়ে পৃথক কিন্তু উভয়েই আরণ্যক ও উপনিষদের প্রভাবমুক্ত হতে পারে নি।

মহাবীর ও জৈনধর্ম

কিংবদন্তী অনুসারে চব্বিশ জন তীর্থংকর বা মুক্তির পথপ্রদর্শক জৈনধর্ম প্রবর্তন ও প্রচার করে গেছেন। তেইশ ও চব্বিশতম তীর্থংকর হলেন যথাক্রমে পার্শ্বনাথ ও মহাবীর। প্রথম তীর্থংকর ঋষভদেব ও অন্যান্য একুশ জন সম্বন্ধে কোন ঐতিহাসিক তথ্যই পাওয়া যায় না।

পার্শ্বনাথ: ঐতিহাসিক তথ্যের ভিত্তিতে তীর্থংকর পার্শ্বনাথকেই জৈন ধর্মের প্রবর্তক বলা হয়। তাঁর সম্বন্ধে যে অল্প তথ্য পাওয়া গেছে তা থেকে অনুমান করা হয় যে, কাশীর এক রাজবংশে তাঁর জন্ম। প্রায় ত্রিশ বৎসর রাজপ্রাসাদের বিলাসবহুল জীবনযাপনের পর তিনি সংসার ত্যাগ করেন। পরম জ্ঞান লাভের আশায় কঠোর তপস্যায় তিনি লিপ্ত হন। তাঁর প্রচারিত চারটি উপদেশ বা 'চতুর্যাম' হল জৈনধর্মের মূল ভিত্তি। এই চতুর্যাম হচ্ছে—অহিংসা, সত্য, অচৌর্য ও অপরিগ্রহ।

পার্শ্বনাথ পরেশনাথ পাহাড়ে নির্বাণ লাভ করেছিলেন বলে জৈনদের কাছে আজও এটি একটি পবিত্র তীর্থস্থান।

মহাবীর: জৈনধর্মের শেষ তীর্থংকর মহাবীরের বাল্যনাম বর্ধমান। তিনি ৫৪০ খ্রীষ্টপূর্বাব্দে বৈশালীর কাছে কুন্দ-গ্রামে এক ক্ষত্রিয় বংশে জন্মেছিলেন।

সংক্ষিপ্ত জীবনী

তাঁর পিতার নাম সিদ্ধার্থ ও মাতা ত্রিশলা লিচ্ছবী বংশের কন্যা ছিলেন। মাতার দিক থেকে মগধের রাজপরিবারের সঙ্গে বর্ধমানের আত্মীয়তা ছিল। তিনি গৌতম বুদ্ধের সমসাময়িক ছিলেন। যশোদা নামে এক ক্ষত্রিয় কন্যার সঙ্গে তাঁর বিবাহ হয়, একটি কন্যারও জন্ম হয়। তিনি ত্রিশ বৎসর বয়সে সংসার ত্যাগ করে সন্ন্যাস নেন। দীর্ঘ বার বৎসর তিনি বিভিন্ন স্থানে ঘুরে বেড়ান। বিয়াল্লিশ বৎসর বয়সে কঠোর তপস্যার পর তিনি 'কৈবল্য' বা সিদ্ধিলাভ করেন। এর পর তিনি 'জিন' (অর্থাৎ রিপুজয়ী) নামে পরিচিত হন। তাঁর শিষ্যরা সেজন্য জৈন নামে পরিচিত হন। প্রায় ত্রিশ



মহাবীর

বৎসর ধরে জৈনধর্ম প্রচারের পর বাহাত্তর বৎসর বয়সে দক্ষিণ বিহারের পাবা শহরে তাঁর দেহান্ত ঘটে (৪৬৮ খ্রীঃ পূঃ)।

জৈন ধর্মমত ঃ জৈনধর্মের মূল ভিত্তি হচ্ছে পার্শ্বনাথ-প্রচারিত চতুর্যাম অর্থাৎ হিংসা করবে না, মিথ্যা বলবে না, চুরি করবে না এবং কোন কিছুতে আসক্তি রাখবে না। এইসঙ্গে মহাবীর একটি উপদেশ সংযোজিত করেন—ব্রহ্মচর্য পালন করবে। সংসারের বন্ধন থেকে মানবাত্মার মুক্তিই ছিল তাঁর প্রকৃত লক্ষ্য। এইজন্য তাঁর প্রতিষ্ঠিত সম্প্রদায়ের নাম ছিল 'নির্গ্রন্থ' বা গ্রন্থিহীন। মহাবীরের কাছে বসনভূষণও ছিল বন্ধন। এজন্য তিনি তাঁর অনুগামীদের তা ত্যাগ করতে উপদেশ দিতেন। সুতরাং বলা যায় মহাবীর কৃচ্ছ্রসাধন ও কঠোর জীবন যাপনের পক্ষপাতী ছিলেন। এই সূত্র ধরেই পরবর্তীকালে জৈন ধর্মের দুটি সম্প্রদায় গড়ে ওঠে—একটি শ্বেতাম্বর অর্থাৎ যারা শ্বেতবস্ত্র পরিধান করত, অন্যটি দিগম্বর অর্থাৎ যারা নগ্ন থাকত।

জৈন ধর্মে দেবতারা অস্বীকৃত নন, কিন্তু তাঁদের স্থান 'জিনের' নীচে। বৌদ্ধ-ধর্মের মত জৈন ধর্মে বর্ণ ব্যবস্থা নিন্দিত হয় নি। মহাবীরের অভিমত ছিল ঃ পূর্ব-জন্মের স্বকৃত পাপ বা পুণ্যের ফলে উচ্চবর্ণ বা নিম্নবর্ণে মানুষ জন্মগ্রহণ করে। এই কর্মফল ও জন্মান্তর থেকে যাগ-যজ্ঞের মাধ্যমে মুক্তি লাভ ঘটে না। এই মুক্তির জন্য ত্রিরত্ন অর্থাৎ সৎ বিশ্বাস, সৎ জ্ঞান,সৎ আচরণ পালন করতে হবে। এ ছাড়া, মহাবীর বিশ্বাস করতেন শুধুমাত্র চেতন পদার্থেই নয়, জড় পদার্থেও আত্মা বিরাজ করে।

জৈনধর্মের বিস্তৃতি ঃ খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে জৈনধর্ম ও বৌদ্ধধর্ম ছিল দুই প্রতিদ্বন্দ্বী ধর্ম। মহাবীর ও বুদ্ধ সমসাময়িক এবং উভয়ে একই অঞ্চলে অর্থাৎ উত্তর-পূর্ব ভারতে নিজ নিজ ধর্মপ্রচার করেছিলেন। প্রাথমিক পর্বে জনপ্রিয়তায় জৈনধর্ম এগোতে থাকে। অজাতশত্রুর পুত্র উদায়িন এবং নন্দরাজারা জৈনধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। কিংবদন্তী অনুসারে চন্দ্রগুপ্ত মৌর্য জৈনধর্মে দীক্ষিত হয়েছিলেন এবং তাঁরই আনুকূল্যে দক্ষিণ ভারতে কর্ণাটকে জৈনধর্ম বিস্তৃত হয়। এই মতের সমর্থনে অবশ্য অন্য কোন উপাদান পাওয়া যায় নি। দক্ষিণ ভারতে জৈনধর্ম প্রসারের আর একটি কারণ আছে। খ্রীঃ পূঃ চতুর্থ শতাব্দীর শেষ দিকে পূর্ব ভারতে দীর্ঘস্থায়ী দুর্ভিক্ষ-জনিত দুর্দশা এড়াতে জৈন সম্প্রদায়ের অধ্যক্ষ ভদ্রবাহু কিছু শিষ্য নিয়ে দাক্ষিণাত্যে আশ্রয় নেন। এর ফলে সেখানে জৈনধর্ম প্রসার লাভ করে।

ঐ দুর্ভিক্ষের পর দাক্ষিণাত্য থেকে কিছু জৈন ফিরে এসে মগধে বসবাসকারী জৈনদের বিরুদ্ধে বলে যে তারা জৈন ধর্মের অনুশাসন ভঙ্গ করেছে। এই বিবাদের সমাধানের জন্য পাটলিপুত্রে একটি ধর্ম পরিষদ আহূত হয়, কিন্তু দাক্ষিণাত্য-প্রত্যাগত জৈনরা এটি বর্জন করে। এখন থেকে দাক্ষিণাত্যের জৈনরা দিগম্বর ও মগধবাসী জৈনরা শ্বেতাম্বর নামে অভিহিত হতে থাকে।

কালক্রমে জৈনধর্ম কলিঙ্গ, তামিলনাড়ু, মালব, গুজরাট ও রাজস্থানে প্রসার লাভ করে। জৈনধর্ম বৌদ্ধধর্মের মত রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা লাভ করে নি এবং প্রাথমিক

পরে খুব বেশী প্রসারলাভ করে নি, তবু জৈনধর্ম কয়েকটি স্থানে আজও টিকে আছে। অন্যদিকে বৌদ্ধধর্ম ভারতবর্ষে বিলুপ্ত হয়ে গেছে। এর কারণ এই যে, জৈনধর্ম হিন্দুধর্মের সঙ্গে সামঞ্জস্য করে চলেছিল এবং বহু হিন্দু দেবদেবী (যেমন গণেশ, লক্ষ্মী) জৈনধর্মে গৃহীত হয়েছিল।

জৈন ধর্মগ্রন্থ ঃ মহাবীর তাঁর উপদেশাবলী লিপিবদ্ধ করে যান নি। খ্রীঃ পূঃ তৃতীয় শতকে পাটলিপুত্রে এক সম্মেলন আহ্বান করে তাঁর উপদেশগুলি বারটি অঙ্গে সংকলিত হয়। এগুলি 'দ্বাদশ অঙ্গ' বলে পরিচিত। পরে বলভীতে আর একটি সম্মেলন আহূত হয়; কিছু সংশোধন করে আরও বারটি অনুশাসন এর সঙ্গে যুক্ত হয়। এগুলি 'দ্বাদশ উপ-অঙ্গ' নামে পরিচিত।

গৌতম বুদ্ধ ও বৌদ্ধধর্ম

বৌদ্ধধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধ হিমালয়ের পাদদেশে কপিলাবস্তু রাজ্যে লুম্বিনী গ্রামে জন্মেছিলেন (আনুমানিক ৫৬৭ খ্রীঃ পূঃ)। তাঁর প্রকৃত নাম সিদ্ধার্থ। তাঁর পিতা শুদ্ধোধন ছিলেন ক্ষত্রিয় শাক্যবংশের একজন শাসক। তাঁর মাতার নাম মায়া দেবী। জন্মের কিছু পরেই মাতার মৃত্যু ঘটে। শৈশব থেকেই বাহ্য জীবনের ভোগবিলাস ও রাজঐশ্বর্যে সিদ্ধার্থের মানসিক স্বস্তি ছিল না। ষোল বৎসর বয়সে গোপা বা যশোধরা নামে এক সুন্দরী রাজকন্যার সঙ্গে তাঁর বিবাহ হয়। একদিন নগর পরিভ্রমণকালে তিনি পরপর চারটি দৃশ্য দেখেন—একজন জরাগ্রস্ত বৃদ্ধ, একজন মুমূর্ষু ব্যক্তি, একটি মৃতদেহ ও একজন সৌম্যকান্তি সন্ন্যাসী। এ থেকে তাঁর মনে হয় সংসার জীবন দুঃখময় ও সাংসারিক সুখ ক্ষণস্থায়ী এবং সংসারত্যাগী ঐ সন্ন্যাসীই হলেন প্রকৃত সুখী ব্যক্তি। তাঁর সংসার ত্যাগের বাসনা জাগে। এই সময় তিনি রাহুল নামে এক পুত্র সন্তানের জনক হন। পুত্র-পত্নীর আকর্ষণ তাঁকে আর ধরে রাখতে পারল না। তিনি গৃহত্যাগ করলেন। ঘটনাটি বৌদ্ধ সাহিত্যে 'মহাভিনিষ্ক্রমণ' নামে খ্যাত।

প্রথম জীবন



বুদ্ধদেব

গৃহত্যাগের পর সিদ্ধার্থ প্রায় সাত বৎসর ঘুরে উপযুক্ত গুরুর শিষ্যত্ব নিয়েও দিব্যজ্ঞান লাভ করলেন না। অবশেষে গয়ার সন্নিকটে উরুবিল্ব গ্রামে নিরঞ্জনা

নদীতে স্নান করে অশত্থ গাছের তলায় গভীর ধ্যানে নিমগ্ন হন। এখানেই তাঁর 'বোধি' বা দিব্যজ্ঞান লাভ হল। গাছটির নাম হল 'বোধিদ্রুম'। সিদ্ধার্থ পরিচিত হলেন বুদ্ধ বা জ্ঞানী নামে।

বুদ্ধত্ব লাভ

এরপর বুদ্ধদেব বারাণসীর কাছে সারনাথের মৃগশিখা বনে তাঁর ধর্মমত সর্বপ্রথম ব্যাখ্যা করেন। ঘটনাটি বৌদ্ধ সাহিত্যে 'ধর্মচক্রপ্রবর্তন' নামে খ্যাত। বুদ্ধের প্রথম পাঁচজন শিষ্য তাঁর আদেশ অনুযায়ী ভারতের বিভিন্ন প্রান্তে তাঁর বাণী প্রচার শুরু করেন। দীর্ঘ পঁয়তাল্লিশ বৎসর তিনি স্বয়ং বাণী প্রচার করেছিলেন। মগধরাজ বিম্বিসার, কোশলরাজ প্রসেনজিৎ তাঁর শিষ্যত্ব নিয়ে তাঁর বাণী প্রচার করেছিলেন। ধীরে ধীরে তাঁর বাণী ও উপদেশ সমগ্র ভারতে ছড়িয়ে পড়ে। তাঁর প্রধান শিষ্যরা—মহাকাশ্যপ, আনন্দ, সারিপুত্ত, মোগ্গালান ও উপালি বুদ্ধের বাণী প্রচার করেন। এইভাবে ধর্মপ্রচার করে আশি বৎসর বয়সে গোরক্ষপুর জেলায় তিনি দেহত্যাগ করেন (৪৮৬ খ্রীঃ পূঃ, মতান্তরে ৪৮৩ খ্রীঃ পূঃ)। এটি 'মহাপরিনির্বাণ' নামে অভিহিত।

ধর্মপ্রচার ও নির্বাণ

বৌদ্ধ ধর্মমত ঃ জাগতিক দুঃখদুর্দশার অবসান ঘটিয়ে মানুষের মুক্তির পথের সন্ধানলাভই ছিল বুদ্ধদেবের একমাত্র ব্রত। দেবতার দূত বা ত্রাণকর্তা হিসাবে তিনি নিজেকে জাহির করেন নি। তিনি ছিলেন মানবমুক্তির পথপ্রদর্শক। এই পথ-নির্দেশ করতে গিয়ে তিনি তাঁর সাধনালব্ধ চারটি 'আর্যসত্যে'র কথা বলেছেন ঃ (১) দুঃখ, (২) দুঃখ সমুদয়, (৩) দুঃখ নিরোধ এবং (৪) দুঃখ নিরোধ মার্গ। বুদ্ধদেবের মতে এই জগৎ ও জীবন দুঃখময়। জগতে যেমন দুঃখ আছে, তেমনি দুঃখেরও কারণ আছে—কারণ ছাড়া কার্য হয় না। সংসারে জন্মগ্রহণ না করলে মানুষকে জরা-ব্যাধি মৃত্যু বা দুঃখ ভোগ করতে হত না। সুতরাং জন্মই দুঃখের কারণ। আর পার্থিব ভোগতৃষ্ণাই বারবার জন্মান্তর ঘটায়। সুতরাং যে কারণে দুঃখের উৎপত্তি তাকে বিনাশ করতে পারলেই ঘটবে দুঃখ নিরোধ বা নির্বাণ লাভ। যে পথ ধরে চললে দুঃখ থেকে মানুষের চিরমুক্তি ঘটবে সেই পথকে বুদ্ধদেব নিরোধ মার্গ বলেছেন।

আর্য সত্য

নিরোধ মার্গের আটটি অঙ্গ বা স্তর আছে—এগুলিকে বলা হয় আর্য-অষ্টাঙ্গিক মার্গ। হিন্দুধর্মে বিশ্বাসীদের মত বুদ্ধদেব কর্মফলবাদ ও পুনর্জন্মবাদে বিশ্বাস করতেন। তিনি কর্মফলের ভোগ থেকে চিরমুক্তির জন্য এই আর্য-অষ্টাঙ্গিক মার্গ অনুসরণের আদেশ দিয়েছিলেন। এগুলি হল ঃ (১) সম্যক দৃষ্টি, (২) সম্যক সংকল্প, (৩) সম্যক বাক্, (৪) সম্যক কর্মান্ত, (৫) সম্যক আজীব (৬) সম্যক ব্যায়াম, (৭) সম্যক স্মৃতি, (৮) সম্যক সমাধি।

অষ্টাঙ্গিক মার্গ

বুদ্ধদেব দুঃখ সম্বন্ধে যা বলেছেন (অর্থাৎ আর্য সত্য) তা যারা বুঝতে পারে ও বিশ্বাস করে তারাই সম্যক দৃষ্টির অধিকারী। নৈষ্কাম্য, অবিদ্বেষ ও অহিংসা বিষয়ে সঙ্কল্প হচ্ছে সম্যক সঙ্কল্প। মিথ্যা কথা না বলা, পরনিন্দা না করা, কাউকে রূঢ় কথা না বলা হল সম্যক্ বাক। প্রাণী হত্যা না করা, অদেয় বস্তু

গ্রহণ না করা, কাম-ভোগ থেকে বিরত হওয়া এই সমস্ত সম্যক কর্মান্ত। সাধু উপায়ে জীবিকা অর্জন করাই হল সম্যক আজীব। মন থেকে সর্বপ্রকার অসৎ ও অশুভ চিন্তা দূর করা ও সর্বদা শুভ চিন্তা দিয়ে মনকে পূর্ণ রাখার চেষ্টা হল সম্যক ব্যায়াম। দেহ-মনের যে পবিত্র ও অপবিত্র দিক আছে সে সম্বন্ধে অবহিত হয়ে অপবিত্র দিক থেকে মুক্ত থাকার জন্য সর্ববিষয়ে স্মৃতিকে জাগ্রত রাখার নামই সম্যক স্মৃতি। এইভাবে দেহমনকে পরিশুদ্ধ, সংহত ও শান্ত করে ধীর-স্থিরভাবে সাধনা ও ধ্যান করার নামই সম্যক সমাধি। এই অষ্টাঙ্গিক মার্গ অনুসরণ করলে ঘটে নির্বাণ।

অষ্টাঙ্গিক মার্গের ব্যাখ্যা

বুদ্ধদেবের উপদেশাবলীর মধ্যে তাঁর নির্ধারিত আচরণবিধির উল্লেখ করা প্রয়োজন। তাঁর শিষ্যরা দুই শ্রেণীতে বিভক্ত ছিলেন—উপাসক ও ভিক্ষু। তাঁর উপদেশ ছিল উপাসক বা গৃহীভক্তকে প্রাত্যহিক জীবনে পাঁচটি নিয়ম পালন করতে হবে—(১) অহিংসা অর্থাৎ প্রাণী হত্যা না করা, (২) সত্য অর্থাৎ মিথ্যা কথা না বলা, (৩) অস্তেয় অর্থাৎ অন্যের জিনিস অন্যায়ভাবে না নেওয়া, (৪) পবিত্রতা অর্থাৎ দেহ-মনে সংযমের দ্বারা পবিত্রতা পালন করা, (৫) সংযম অর্থাৎ মাদকদ্রব্য ব্যবহার না করা। এছাড়াও ভিক্ষু বা সন্ন্যাসীদের ক্ষেত্রে আরও তিনটি নিয়ম পালনীয় ছিল, যথা—(১) সময়মত আহার করা, (২) নাচ, গানে যোগদান থেকে বিরত হওয়া, (৩) মালা ও গন্ধদ্রব্য ব্যবহার না করা।

আচরণ বিধি

বুদ্ধের ধর্মমত বিশ্লেষণ করলে দেখা যায় বুদ্ধদেব বাস্তববাদী সংস্কারক ছিলেন। বৈদিক ধর্মের আচার-সর্বস্বতা ও পুরোহিততন্ত্রের অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদী ধর্ম হিসাবে বৌদ্ধধর্মের উৎপত্তি। তাই জটিল যাগ-যজ্ঞ পশুবলি, জাতিভেদ, নিম্নবর্ণের প্রতি ঘৃণা প্রভৃতি গণ-অসন্তোষের কারণগুলি এই ধর্মে বিদূরিত হয়েছিল। বুদ্ধদেব ধর্মের সহজ কথা সরল ভাষায় ব্যক্ত করেছেন। তিনি ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কে সম্পূর্ণ নীরব। বৌদ্ধধর্ম প্রকৃতপক্ষে পবিত্র জীবনযাপনের একটি পথ-নির্দেশিকা মাত্র। তাঁর প্রচারিত অষ্টাঙ্গিক মার্গ চরম ভোগ ও অতিরিক্ত কৃচ্ছ্রসাধন—এই দুই-এর মধ্যে "মধ্যপন্থা।"

বৌদ্ধ ধর্মমতের সমালোচনা

বৌদ্ধ ধর্মশাস্ত্র ও বৌদ্ধ সঙ্গীতি ঃ বুদ্ধদেব তাঁর ধর্মমত লিপিবদ্ধ করে যাননি। তাঁর উপদেশগুলি মুখে মুখে প্রচারিত হত। তাঁর নির্বাণ লাভের পর তাঁর শিষ্যরা মহাকাশ্যপের নেতৃত্বে রাজগৃহে একটি সম্মেলন আহ্বান করেন। এই সম্মেলনটি প্রথম বৌদ্ধ সঙ্গীতি নামে অভিহিত। এই সম্মেলনে বুদ্ধদেবের বাণী ও উপদেশাবলী তিনটি খণ্ডে লিপিবদ্ধ করা হয়। পালিভাষায় রচিত এই খন্ড তিনটিকে বলা হয় ত্রিপিটক। প্রথম খণ্ড বিনয়পিটকে আছে বৌদ্ধ ভিক্ষু ও ভিক্ষুণীদের পালনীয় নিয়মাবলী ও বৌদ্ধ সঙ্ঘের নিয়মাবলী। দ্বিতীয় খণ্ড সুত্তপিটকে আছে ছোট ছোট গানের মাধ্যমে বুদ্ধদেবের বাণী ও উপদেশ। তৃতীয় খন্ড অভিধর্ম্ম পিটকে আছে বৌদ্ধধর্মের দর্শনতত্ত্বসমূহ।

এছাড়া, 'জাতক' গ্রন্থটিও বৌদ্ধ ধর্মশাস্ত্রের অন্তর্ভুক্ত। এতে আছে বুদ্ধদেবের বিভিন্ন জন্মের কাহিনী। প্রথম বৌদ্ধ-সঙ্গীতির পর আরও তিনটি বৌদ্ধ সঙ্গীতি আহূত হয়েছিল।

বৌদ্ধ সঙ্ঘ ঃ বুদ্ধদেব তাঁর ধর্মমতকে সংগঠিত করার উদ্দেশ্যে ভিক্ষু বা বৌদ্ধ সন্ন্যাসী ও ভিক্ষুণী বা বৌদ্ধ সন্ন্যাসিনীদের পৃথক পৃথক সংঘ গঠন করেন। সঙ্ঘের কতকগুলি নিয়ম ছিল। প্রথমে মস্তক মুন্ডন করে গুরুর কাছে দীক্ষা নিয়ে চীবর ধারণ করতে হত। তাদের সর্বপ্রথম শপথ নিতে হত যে তারা "বুদ্ধ, ধম্ম ও সংঘকে" মেনে চলবে। সঙ্ঘে কঠোরভাবে নিয়মানুবর্তিতা বজায় রাখা হত। সংঘগুলির গঠনে গণতান্ত্রিক আদর্শ অনুসরণ করা হত। এগুলি ছিল স্বয়ং-শাসিত ও স্বাধীন। সমস্ত সদস্য-ভিক্ষুরা সমবেত হয়ে ভোটের দ্বারা নিজেদের মত প্রকাশ করত ও মঠাধ্যক্ষ নির্বাচন করত।

বৌদ্ধধর্মের বিস্তার ঃ বৌদ্ধ সংঘগুলির সংগঠিত প্রচারকার্যের ফলে বুদ্ধদেবের জীবদ্দশাতেই বৌদ্ধধর্ম অত্যন্ত প্রসারলাভ করেছিল। মগধ, কোশল, কৌশাম্বী এবং কতকগুলি প্রজাতান্ত্রিক রাষ্ট্র বৌদ্ধধর্ম গ্রহণ করেছিল। বুদ্ধের দেহত্যাগের দু'শ বৎসর পর মৌর্য সম্রাটের চেষ্টায় বৌদ্ধধর্ম বিশ্বধর্মে পরিণতি লাভ করে। তিনি দূত প্রেরণ করে মধ্য এশিয়া, পশ্চিম এশিয়া ও সিংহলে এই ধর্ম বিস্তৃত করে দেন। একথা সত্য যে, বৌদ্ধধর্ম ভারতবর্ষ থেকে বিলুপ্ত হয়ে গেছে কিন্তু আজও সিংহল, ব্রহ্মদেশ, তিব্বত, চীনের ও জাপানের কতকাংশে বহু বৌদ্ধধর্মাবলম্বী আছেন।

বৌদ্ধধর্মের বিস্তারের প্রাথমিক সাফল্যের কারণ ঃ বুদ্ধদেবের চারিত্রিক মহত্ত্ব, তাঁর আকর্ষণীয় ব্যক্তিত্ব, সরল ভাষায় মর্মস্পর্শী ধর্মীয় উপদেশদান বৌদ্ধধর্ম বিস্তারের সাফল্যের অন্যতম কারণ। বৌদ্ধধর্মে উপনিষদের মত দুরূহ দর্শনতত্ত্ব নেই। জটিল যাগ-যজ্ঞ, পশুবলি, জাতিভেদ, নিম্নবর্ণের প্রতি ঘৃণা ইত্যাদি গণ-উষ্মার কারণগুলি বিদূরিত হয়ে বৌদ্ধধর্ম জনপ্রিয়তা অর্জন করে। বৌদ্ধধর্মের এই সরলতা ও মানবিক আবেদন জনসাধারণকে এর প্রতি আকৃষ্ট করেছিল।

বুদ্ধের মহত্ত্ব ও ধর্মের সরলতা

নিম্নশ্রেণীর ওপর ব্রাহ্মণদের অত্যাচার, ব্রাহ্মণদের প্রাধান্যের বিরুদ্ধে ক্ষমতাশালী ক্ষত্রিয়দের ক্ষোভ বৌদ্ধধর্মকে জনপ্রিয় করে তোলে। এ প্রসঙ্গে স্মরণীয় যে, বুদ্ধদেব স্বয়ং ক্ষত্রিয় সমাজের প্রতিনিধি ছিলেন।

ক্ষত্রিয়দের পৃষ্ঠপোষকতা

বিম্বিসার, অশোক, কণিষ্ক, হর্ষবর্ধন প্রভৃতি রাজার পৃষ্ঠপোষকতায় বৌদ্ধধর্ম দেশে বিদেশে বিস্তৃতি লাভ করে। সমসাময়িক যুগে রাজার ধর্মই ছিল প্রজার ধর্ম। তাই রাজারা শুধুমাত্র নিজেরাই বৌদ্ধধর্ম গ্রহণ করেন নি, এই ধর্ম বিস্তারের জন্য নানা প্রচেষ্টা করেছেন, অকাতরে অর্থব্যয় করেছেন।

রাজকীয় পৃষ্ঠপোষকতা

এছাড়া, বৌদ্ধধর্ম বিস্তারে বৌদ্ধ সংগঠন সঙ্ঘের ভূমিকা ছিল উল্লেখযোগ্য। বৌদ্ধ ভিক্ষুক ও ভিক্ষুণীদের এই সংঘগুলি কঠোর নিয়মানুবর্তিতা, পবিত্র জীবনযাপন,

সমস্ত সিদ্ধান্ত গ্রহণে গণতান্ত্রিক রীতিনীতির প্রতি অকৃত্রিম শ্রদ্ধাবোধ দেখিয়ে একটি অসাধারণ আদর্শ স্থাপন করেছিল এবং জনগণের শ্রদ্ধা আকর্ষণ করতে পেরেছিল।

বৌদ্ধসঙ্ঘের ভূমিকা

হিন্দু ও জৈন-বৌদ্ধধর্মের তুলনা ঃ বৈদিক হিন্দুধর্মের বিরুদ্ধে প্রতিবাদী ধর্ম হিসাবে বৌদ্ধ ও জৈনধর্মের উদ্ভব ঘটেছিল। তবু প্রতিবাদী ধর্ম দুটি সম্পূর্ণভাবে বেদবিরোধী নয়। অনেকের অভিমত হল ধর্ম দুটি হিন্দু ধর্মেরই শাখা বলা যেতে পারে এবং বৈদিক দর্শন ও মতবাদের ওপর প্রতিষ্ঠিত। এছাড়া, উভয় ধর্মই হিন্দুদের কর্মফল ও জন্মান্তরবাদে বিশ্বাসী। হিন্দুধর্মের প্রভাব লক্ষ্য করা যায় মহাযান বৌদ্ধধর্মে মূর্তিপূজায়। অন্যদিকে জৈনরা হিন্দুদের দেবদেবী লক্ষ্মী ও গণেশ পূজা করে থাকে।

সাদৃশ্য

কিন্তু হিন্দুধর্মের সঙ্গে প্রতিবাদী ধর্ম দুটির মৌলিক পার্থক্য আছে। বৌদ্ধ ও জৈনরা বেদের অপৌরুষেয়তা ও যাগ-যজ্ঞ অনুষ্ঠানে বিশ্বাস করেন না। তাঁরা হিন্দুদের মত ঈশ্বরের অস্তিত্বেও বিশ্বাসী নন, হিন্দুদের জাতিভেদ প্রথা ও ব্রাহ্মণদের শ্রেষ্ঠত্বও তাঁরা স্বীকার করেন না। উপনিষদে অহিংসার উল্লেখ অবশ্যই আছে কিন্তু অহিংসার উপর অত্যন্ত গুরুত্ব আরোপ করেন বৌদ্ধ ও জৈনরা। হিন্দুধর্মে সঙ্ঘের উল্লেখ নেই, কিন্তু বৌদ্ধধর্মের অন্যতম স্তম্ভ হচ্ছে সঙ্ঘ।

বৈসাদৃশ্য

জৈন ও বৌদ্ধধর্মের তুলনা ঃ জৈন ও বৌদ্ধধর্ম উভয়েই একই সময়ে বৈদিক সভ্যতার বিরুদ্ধে প্রতিবাদী ধর্ম হিসাবে আত্মপ্রকাশ করেছিল, তাই উভয়ের মধ্যে অনেক সাদৃশ্য লক্ষ্য করা যায়। রাজানুকূল্য উভয় ধর্ম প্রসারের অন্যতম কারণ। উভয় ধর্মই বেদের অপৌরুষেয়তা, জাতিভেদ প্রথা ও ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাসী নয়। উভয়েই জন্মান্তরবাদ ও কর্মফলে বিশ্বাসী। উভয় ধর্মই সরল ও সহজবোধ্য ভাষায় প্রচারিত হয়েছিল। উভয়েরই লক্ষ্য জাগতিক দুঃখদুর্দশা থেকে চিরমুক্তি বা নির্বাণ লাভ।

সাদৃশ্য

কিন্তু উভয় ধর্মের মধ্যে পার্থক্যও কম নয়। বৌদ্ধধর্মের চেয়ে জৈনধর্মে অহিংসার ওপর বেশি গুরুত্ব আরোপ করা হয়েছে। জৈনরা এমন কি অচেতন পদার্থের মধ্যেও প্রাণের অস্তিত্বে বিশ্বাস করেন বলে অচেতন পদার্থের প্রতিও তাঁরা অহিংস। কিন্তু বৌদ্ধরা তা বিশ্বাস করেন না। জৈনরা কৃচ্ছ্রসাধনে বিশ্বাসী ও এটিকে নির্বাণ লাভের উপায় মনে করেন। কিন্তু বৌদ্ধরা ভোগবিলাস ও কৃচ্ছ্রসাধন উভয়কেই চরম পথ মনে করেন ও তাঁরা মধ্যপন্থী। এছাড়া, জৈনধর্মে হিন্দুধর্মের প্রভাব বেশী—তাঁরা গণেশ, এবং লক্ষ্মী পূজা করেন ও কিছুটা জাতিভেদ প্রথা মেনে নিয়েছেন। জৈনধর্মে সঙ্ঘ নেই কিন্তু বৌদ্ধধর্মে সঙ্ঘ এই ধর্মের অন্যতম স্তম্ভ।

বৈসাদৃশ্য

বৌদ্ধধর্ম পতনের কারণ ঃ একদা বৌদ্ধধর্ম ভারতে ও ভারতের বাইরে মানুষের হৃদয় জয় করে বিশ্বধর্মে পরিণত হয়েছিল কিন্তু কয়েক শতাব্দীর মধ্যে সেই

ধর্ম অবক্ষয়ের পথ ধরে খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীর মধ্যেই ভারতবর্ষ থেকে অবলুপ্ত হয়ে যায়। এর কারণগুলি এভাবে বিশ্লেষণ করা যায়ঃ

বৌদ্ধধর্মের অবক্ষয়

প্রথমতঃ, বৌদ্ধধর্ম ব্রাহ্মণ্যধর্মের প্রতিবাদী ধর্ম হিসাবে দেখা দিলেও কালক্রমে পৌত্তলিক হিন্দুদের অনুকরণে বুদ্ধের এই ধর্মে মূর্তিপূজা ও তান্ত্রিকতার অনুপ্রবেশ ঘটে। ফলে বৌদ্ধধর্ম স্বাতন্ত্র্য হারিয়ে ফেলতে থাকে। এছাড়া বৌদ্ধধর্মাবলম্বীরা জনগণের কাছে সহজবোধ্য পালি ভাষার ব্যবহার ত্যাগ করে বিদগ্ধজনের ভাষা সংস্কৃত ভাষা ব্যবহার করতে শুরু করায় তারা জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। রাজা ও শ্রেষ্ঠীদের অকাতর দানে বৌদ্ধমঠ ও সঙ্ঘগুলিতে ভিক্ষু ও ভিক্ষুণীদের জীবনযাত্রা সহজ হয়ে ওঠে। ক্রমশঃ এগুলি পূর্বের নিয়মানুবর্তিতা ও পবিত্র জীবনের পথ থেকে আদর্শভ্রষ্ট হয়। এগুলি পার্থিব সুখ, ভোগবিলাসিতা ও অনাচারের কেন্দ্রে পরিণত হয়। বৌদ্ধধর্মাবলম্বীরা* হীনযান ও মহাযান দুই পরস্পরবিরোধী সম্প্রদায়ে বিভক্ত হয়ে যায়। বৌদ্ধধর্মের ঐক্য ও সংহতি নষ্ট হয়ে যায়। হিন্দুধর্মের বিরোধিতার চেয়ে সম্প্রদায়গত দ্বন্দ্ব প্রবল হয়ে ওঠে।

হিন্দুধর্মের পুনরুজ্জীবন ও উভয় ধর্মের অভিন্নতা

অন্যদিকে বৌদ্ধধর্মের প্রসার রোধ করতে গিয়ে ব্রাহ্মণরা হিন্দুধর্মের সংস্কার করেন। তাঁরা গোধন রক্ষাকে পবিত্র দায়িত্ব হিসাবে গ্রহণ করেন, শূদ্রদের স্বর্গে অধিকারের স্বীকৃতি দেন। ফলে হিন্দু ও বৌদ্ধধর্মের মধ্যে পার্থক্য-রেখা ক্রমশঃ ক্ষয় পেতে থাকে। শংকরাচার্য, কুমারিল ভট্ট ইত্যাদির মত প্রতিভাধর হিন্দুধর্মের প্রচারক ও পন্ডিতদের চেষ্টায় বৌদ্ধধর্মের প্রভাব হ্রাস পেতে থাকে। মহাযান বৌদ্ধ-ধর্মের তপস্যাবাদ শৈবরা ও ভক্তিবাদ বৈষ্ণবরা গ্রহণ করে। অবশেষে বুদ্ধদেব স্বয়ং হিন্দুধর্মে দশম অবতার হিসাবে স্বীকৃতি লাভ করলে বৌদ্ধধর্ম হিন্দুধর্মেরই অঙ্গে পরিণত হয়।

তুর্কী আক্রমণের ফল

বৌদ্ধ মঠগুলির ধনরত্ন তুর্কী আক্রমণকারীদের প্রলুব্ধ করেছিল। তারা বহু বৌদ্ধ সন্ন্যাসীকে হত্যা করে। অনেক বৌদ্ধকে ইসলাম ধর্মে ধর্মান্তরিত করে। এইভাবে খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীর মধ্যেই বৌদ্ধধর্মের উদ্ভব-ক্ষেত্র ভারতবর্ষ থেকে এই ধর্মের বিলুপ্তি ঘটে।

---

* এ সম্বন্ধে বিস্তারিত বিবরণের জন্য পঞ্চম অধ্যায়ের কণিষ্কের রাজত্বকাল দ্রষ্টব্য।

সর্বভারতীয় রাষ্ট্রীয় ঐক্যের আদর্শঃ সার্বভৌম রাষ্ট্র প্রতিষ্ঠার কথা সর্বপ্রথম বৈদিক যুগের ঋষিরা বলেছিলেন। রামায়ণ ও মহাভারত পাঠ করলে এই ধারণা জাগে যে, বৈদিকোত্তর যুগে এই আদর্শের বাস্তব রূপায়ণ ঘটেছিল। এতে আছে যে, প্রাচীন ইক্ষ্বাকু ও কুরুবংশীয় রাজারা দিগ্বিজয় করে সমগ্র ভারতবর্ষের অধীশ্বর হন। কিন্তু এই কাহিনীর কোন ঐতিহাসিক ভিত্তি না থাকলেও বোঝা যায় সমগ্র ভারতবর্ষব্যাপী একটি অখন্ড, ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনের আদর্শ কবিচিত্ত অধিকার করেছিল।

বুদ্ধদেবের সমকালীন ভারতের রাজনৈতিক অবস্থাঃ খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দী অর্থাৎ বুদ্ধদেবের সমকালীন ভারতে কোন কেন্দ্রীয় রাজশক্তি ছিল না।

ষোড়শ মহাজনপদ

কাবুল উপত্যকা থেকে দাক্ষিণাত্যের গোদাবরী নদী পর্যন্ত ষোলটি রাজ্য বা ষোড়শ মহাজনপদ ছিল। এগুলি হল (১) কাশী (বারাণসী), (২) কোশল (অযোধ্যা), (৩) অঙ্গ (পূর্ব বিহার), (৪) মগধ (দক্ষিণ বিহার), (৫) বৃজি বা বজ্জি (উত্তর বিহার), (৬) মল্ল বা মালা (গোরক্ষপুর), (৭) চেদী (বুন্দেলখন্ড), (৮) বৎস্য বা বংশ (এলাহবাদ), (৯) কুরু (দিল্লী), (১০) পাঞ্চাল (রোহিলখন্ড), (১১) মৎস্য (জয়পুর), (১২) শূরসেন (মথুরা অঞ্চল), (১৩) অস্মক (গোদাবরীর দক্ষিণ তীরস্থ অঞ্চল), (১৪) অবন্তী (মালব- ও মধ্যপ্রদেশের কিছু অংশ), (১৫) গান্ধার (পেশোয়ার ও রাওয়ালপিন্ডি), (১৬) কম্বোজ (ভারতের উত্তর-পশ্চিম অঞ্চল)। এগুলির অধিকাংশই ছিল রাজতন্ত্র-শাসিত, তবে কতকগুলি ছিল গণতান্ত্রিক রাষ্ট্র।

ষোড়শ মহাজনপদগুলির মধ্যে মগধ, কোশল, বৎস ও অবন্তী খুব শক্তিশালী হয়ে ওঠে। একক প্রাধান্য প্রতিষ্ঠার জন্য এরা পরস্পরের বিরুদ্ধে যুদ্ধবিগ্রহে লিপ্ত হয়।

মগধের প্রাধান্য

অবশেষে মগধ তার প্রতিদ্বন্দ্বী রাজ্যগুলিকে ধ্বংস করে আর্যাবর্তে সার্বভৌম রাজশক্তি স্থাপন করে। মগধকে কেন্দ্র করে পরবর্তীকালে প্রায় সমগ্র ভারতবর্ষ জুড়ে একটি অখন্ড, ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠিত হয়।

মগধের অভ্যুত্থানঃ খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে মগধের সিংহাসনে আরোহণ করেন হর্যকবংশীয় বিম্বিসার। তিনি কোশলরাজ মহাকোশলের কন্যা

হর্যক বংশঃ
বিম্বিসারের বৈবাহিক
নীতি ও অঙ্গরাজ্য জয়

কোশলদেবীকে বিয়ে করে সমৃদ্ধিশালী কাশী লাভ করেন। এছাড়া বৈশালী, বিদেহ ও পাঞ্জাবের মদ্র—এই তিন রাজ্যের রাজকন্যাদের বিবাহ করে রাজ্যগুলির সঙ্গে সখ্যসূত্র গড়ে তোলেন। তিনি অঙ্গরাজ ব্রহ্মদত্তকে পরাজিত ও নিহত করে অঙ্গরাজ্য মগধের অন্তর্ভুক্ত করেন। মগধের সম্প্রসারণবাদের সূচনা হয়। আশী হাজার গ্রাম নিয়ে গঠিত হয়েছিল বিম্বিসারের রাজ্য। তাঁর রাজধানী ছিল রাজগৃহ।

বিম্বিসার শুধু সমরবিজেতাই নন, রাজ্যে একটি সুদক্ষ শাসনব্যবস্থাও গড়ে তোলেন। বৌদ্ধ ও জৈন উভয় ধর্মকেই তিনি সমান শ্রদ্ধা করতেন। বৌদ্ধ শাস্ত্রানুযায়ী তিনি তাঁর পুত্র অজাতশত্রুর হাতে নিহত হন। ফলে শোকাহত রানী কোশলদেবী প্রাণত্যাগ করেন।

অজাতশত্রুর সঙ্গে কোশলের যুদ্ধ

রাজা হয়েই অজাতশত্রু তাঁর মাতুল কোশলরাজ প্রসেনজিতের সঙ্গে যুদ্ধে অবতীর্ণ হতে বাধ্য হলেন। প্রসেনজিৎ নাকি তাঁর ভগ্নীর অকালমৃত্যুর প্রতিশোধ নিতে চেয়েছিলেন। কিছুকাল যুদ্ধ চলার পর অজাতশত্রু জয়লাভ করেন। প্রসেনজিৎ অজাতশত্রুর সঙ্গে নিজ কন্যার বিবাহ দেন ও কাশী প্রত্যর্পণ করে সন্ধি স্থাপন করেন।

গণতান্ত্রিক রাষ্ট্রগুলির সঙ্গে যুদ্ধে জয়লাভ

এরপর অজাতশত্রু লিচ্ছবীর বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। বৃজি, মল্ল প্রভৃতি গণতান্ত্রিক রাষ্ট্রগুলি লিচ্ছবীর পক্ষ নেয়। তিনি এই রাষ্ট্রগুলির ঐক্য বিনষ্ট করে অসাধারণ কূটনৈতিক সাফল্য লাভ করেন। ষোল বৎসর যুদ্ধ চালিয়ে তিনি রাষ্ট্রগুলির পতন ঘটান। আর্যাবর্তে মগধের শ্রেষ্ঠত্ব স্বীকৃত হয়। তিনি সম্ভবতঃ জৈন ও বৌদ্ধ উভয় ধর্মের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন।

অজাতশত্রুর পরবর্তী বংশধরদের রাজত্বকাল নির্ণয় দুরূহ। তাঁর পর উদয়িন বা উদয়ভদ্র, অনিরুদ্ধ, মুন্ড ও নাগদাসক পর পর সিংহাসনে বসেন। অত্যাচারী নাগদাসকে হত্যা করে মন্ত্রী শিশুনাগ মগধের সিংহাসন অধিকার করেন।

শৈশুনাগ বংশ : শিশুনাগ

খ্রীষ্টপূর্ব পঞ্চম শতাব্দীর শেষভাগে মগধের সিংহাসনে বসেছিলেন শিশুনাগ। তিনিই শৈশুনাগ বংশের প্রতিষ্ঠাতা। তিনি অবন্তী অধিকার করে মগধের রাজধানী তাঁর পিতৃরাজ্য বৈশালীতে স্থানান্তর করেন।

কালাশোক

শিশুনাগের পর রাজা হন কালাশোক বা কাকবর্ণ। তাঁর আমলে মগধ উত্তর ভারতের শ্রেষ্ঠ রাজ্যে পরিণত হয়। তিনি স্থায়ীভাবে পাটলিপুত্রে রাজধানী স্থানান্তরিত করেন। তাঁর সময় বৈশালীতে দ্বিতীয় বৌদ্ধমহাসভা আহূত হয়। মহাপদ্ম নন্দ শৈশুনাগ বংশকে উচ্ছেদ করে নন্দ বংশের শাসন প্রতিষ্ঠিত করেন।

নন্দ বংশ : মহাপদ্ম নন্দ

নন্দবংশের প্রতিষ্ঠাতা মহাপদ্ম নন্দের জন্মবৃত্তান্ত ও রাজত্বকালের সময়সীমা সঠিকভাবে বলা শক্ত। জৈন বৃত্তান্ত অনুসারে তিনি নাপিতের সন্তান ও তাঁর রাজত্বকাল চলেছিল ১৫৫ বৎসর। পুরাণের মতে তিনি শূদ্রাণীর গর্ভজাত সন্তান এবং তাঁর রাজত্বের সময়সীমা ৮৮ বৎসর। বৌদ্ধমতে তাঁর রাজত্বকাল চলেছিল ২২ বৎসর। গ্রীক লেখকরাও তাকে নীচ বংশজাত বলে গেছেন।

সমরবিজেতা ও শাসক হিসাবে মহাপদ্ম নন্দ অসামান্য যোগ্যতার পরিচয় দিয়েছিলেন। যে বিশাল সৈন্যবাহিনীর ভয়ে গ্রীকবীর আলেকজান্ডারের সৈন্যবাহিনী

ভারতের অন্তর্ভাগে প্রবেশ করতে অস্বীকার করেছিল তা মহাপদ্মই গঠন করেছিলেন। এই সৈন্যবাহিনীর সাহায্যে তিনি ইক্ষ্বাকু, পাঞ্চাল, অস্মক, কুরু, মিথিলা প্রভৃতি প্রাচীন ক্ষত্রিয় রাজাদের উচ্ছেদ করেন। সম্ভবতঃ অবন্তী ও কলিঙ্গ রাজ্যও তাঁর সাম্রাজ্যভুক্ত হয়। এইভাবে পাঞ্জাব সীমান্ত থেকে গোদাবরী পর্যন্ত এই বিস্তীর্ণ সাম্রাজ্যের তিনি অধীশ্বর হন। পুরাণে তাঁকে 'সর্বক্ষত্রান্তক' (সকল ক্ষত্রিয়ের উচ্ছেদকারী) ও 'একরাট' বলে বর্ণনা করা হয়েছে। বস্তুতঃ, তাঁকেই ভারতের আদি সাম্রাজ্যস্রষ্টা বলা যায়।

মহাপদ্মের পর সম্ভবতঃ তাঁর আটজন পুত্র রাজত্ব করেন। শেষ নন্দরাজা ধননন্দের সময় গ্রীকবীর আলেকজান্ডার পাঞ্জাব আক্রমণ করেন। গ্রীক লেখকরা তাঁর বিশাল সৈন্যবাহিনীর কথা বলেছেন। তিনি ছিলেন অর্থলিপ্সু ও অত্যাচারী। চন্দ্রগুপ্ত মৌর্য চাণক্য নামে এক কূটকৌশলী ব্রাহ্মণের সাহায্যে নন্দবংশকে ধ্বংস করে মগধ অধিকার করেন।

মৌর্যবংশের প্রতিষ্ঠা : মৌর্য বংশের রাজত্বকাল (খ্রীঃপূঃ ৩২১-১৮৫) ভারত-ইতিহাসে একটি গৌরবময় যুগ। প্রায় সমগ্র ভারত এই সাম্রাজ্যের অধীনে সর্বপ্রথম ঐক্যবদ্ধ হয়ে একটি বিশাল অখন্ড দেশে রূপলাভ করেছিল। এই সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন চন্দ্রগুপ্ত মৌর্য। আবার এই যুগেই বৌদ্ধধর্ম বিশ্বধর্মে পরিণত হয়েছিল।

চন্দ্রগুপ্ত মৌর্য : চন্দ্রগুপ্ত মৌর্যের বংশ পরিচয় সম্বন্ধে সংশয়াতীত সিদ্ধান্তে পৌঁছুনো সম্ভব নয়। প্রাচীন হিন্দু কিংবদন্তী অনুসারে তিনি নন্দরাজার উপপত্নী মুরার গর্ভজাত সন্তান এবং মুরার নাম থেকেই 'মৌর্য' নামের উদ্ভব। জৈন গ্রন্থে আছে যে, তিনি ছিলেন ময়ূর-পোষকদের এক প্রজাতান্ত্রিক গোষ্ঠীর নায়কের পুত্র। আবার বৌদ্ধশাস্ত্রে তাঁকে পিপ্পলিবনের 'মোরিয়' নামে শাক্য গোষ্ঠীর অন্তর্ভুক্ত ক্ষত্রিয় বংশজাত বলে বর্ণনা করা হয়েছে। 'মৌর্য' কথাটি এই মোরিয় কথা থেকেই এসেছে।

বংশ পরিচয়

পিতৃহীন বালক চন্দ্রগুপ্তের বাল্যকাল ও কৈশোর অতিবাহিত হয়েছিল মগধে। মগধে তখন নন্দরাজ ধননন্দের অত্যাচারে জনরোষ চরমে উঠেছিল। এই পরিস্থিতিতে ভাগ্যান্বেষী চন্দ্রগুপ্ত নন্দবংশের উচ্ছেদের জন্য গ্রীকবীর আলেকজান্ডারের শিবিরে উপস্থিত হয়ে তাঁর সাহায্যপ্রার্থী হন। কিন্তু তাঁর দুর্বীনিত কথাবার্তায় অত্যন্ত ক্রুদ্ধ হয়ে আলেকজান্ডার তাঁর প্রাণদন্ডের আদেশ দেন। কোনক্রমে গ্রীক শিবির থেকে পালিয়ে চন্দ্রগুপ্ত নিজ প্রাণরক্ষা করেন। এরপর তক্ষশিলা নিবাসী পন্ডিত চাণক্যের সঙ্গে তাঁর পরিচয় ঘটে। চাণক্য নন্দরাজ কর্তৃক অপমানিত হয়ে নন্দরাজত্ব উচ্ছেদের সংকল্প নিয়েছিলেন। চন্দ্রগুপ্ত তাঁর সাহায্যে একদল সৈন্য গঠিত করেন। অবশেষে পাটলিপুত্র আক্রমণ করে ধননন্দকে পরাজিত করে নন্দবংশ ধ্বংস করেন। এইভাবে তিনি মগধের সিংহাসনে বসেন।

বাল্যকাল

সিংহাসন লাভ করেই চন্দ্রগুপ্ত সাম্রাজ্য বিস্তারে মনোযোগী হন। কয়েকটি যুদ্ধে

গ্রীকদের পরাজিত করে পাঞ্জাব ও সিন্ধু উপত্যকা গ্রীক শাসনমুক্ত করেন। আলেকজান্ডারের সেনাপতি সেলিউকাস উত্তর-পশ্চিম ভারত পুনরুদ্ধার করতে উদ্যোগী হলে চন্দ্রগুপ্তের কাছে পরাজিত হয়ে সন্ধি স্থাপন করেন। এর শর্তানুযায়ী সেলিউকাস চন্দ্রগুপ্তকে কাবুল, কান্দাহার, হিরাট ও মাকরান দান করেন। উভয়ের মধ্যে বৈবাহিক সম্পর্ক স্থাপিত হয় এবং মৈত্রীর নিদর্শন হিসাবে সেলিউকাস মেগাস্থিনিস নামে এক গ্রীক দূতকে চন্দ্রগুপ্তের রাজসভায় প্রেরণ করেন।

সাম্রাজ্য বিস্তার

চন্দ্রগুপ্তের রাজ্যসীমা ঃ চন্দ্রগুপ্ত একটি বিশাল সাম্রাজ্যের অধিপতি ছিলেন। গ্রীকদের বিতাড়িত করে পাঞ্জাব ও সিন্ধু প্রদেশ তাঁর সাম্রাজ্যভুক্ত করেন। সেলিউকাস তাঁকে আফগানিস্তানের কিছু অংশ দান করতে বাধ্য হয়েছিলেন। পশ্চিমে সৌরাষ্ট্র, পূর্বে গঙ্গানদীর মোহনায় অবস্থিত ভূখন্ড ও দক্ষিণে মহীপুর পর্যন্ত বিশাল ভূখণ্ড জুড়ে বিস্তৃত ছিল তাঁর সাম্রাজ্য। সুদূর দাক্ষিণাত্যের তামিল ভাষাভাষী অঞ্চল ও সম্ভবতঃ কলিঙ্গ তাঁর সাম্রাজ্যভুক্ত ছিল না। এর পূর্বে এত বিস্তৃত সাম্রাজ্য কেউ গড়ে তুলতে পারেন নি। সত্যই চন্দ্রগুপ্ত ছিলেন প্রথম সর্বভারতীয় ঐতিহাসিক সম্রাট।

চন্দ্রগুপ্তের কৃতিত্ব ঃ চন্দ্রগুপ্ত নিঃসন্দেহে একজন শক্তিশালী ও প্রতিভাধর ব্যক্তি ছিলেন। তিনি একদিকে অত্যাচারী নন্দবংশের শাসন উচ্ছেদ করে প্রজাকল্যাণধর্মী শাসনব্যবস্থা প্রবর্তন করেছিলেন, অন্যদিকে দেশকে বিদেশী শাসনমুক্ত করে জাতীয় বীর হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করেছিলেন। প্রায় সমগ্র দেশকে এক সাম্রাজ্যের সীমানাভুক্ত করে তিনি ভারতবাসীর সর্বভারতীয় ঐক্যের দীর্ঘকালের স্বপ্নকে বাস্তবে রূপদান করেছিলেন। কেবলমাত্র যোদ্ধা হিসাবে নয়, সংগঠক হিসাবেও তিনি অনন্য কৃতিত্ব অর্জন করেছিলেন। তিনি যে সুদক্ষ কেন্দ্রীভূত শাসনব্যবস্থা গড়ে তুলেছিলেন তাতে তাঁর সুবিশাল সাম্রাজ্যের সংহতি অক্ষুণ্ন ছিল। বিদেশী শাসকরাও এই শাসনব্যবস্থার ভূয়সী প্রশংসা করে গেছেন।

মৌর্যযুগে শাসন ব্যবস্থা ঃ মৌর্যযুগের শাসন ব্যবস্থার মূল কাঠামো চন্দ্রগুপ্তের রাজত্বকালের মধ্যেই গড়ে উঠেছিল। এই শাসনব্যবস্থা সম্বন্ধে তিনটি সূত্র থেকে মূল তথ্যগুলি সংগ্রহ করা হয়েছে ঃ (১) চন্দ্রগুপ্তের রাজসভায় গ্রীকদূত মেগাস্থিনিসের বিবরণ, (২) কৌটিল্যের অর্থশাস্ত্র, (৩) সম্রাট অশোকের বিভিন্ন শিলালিপি।

মৌর্য শাসন ব্যবস্থা দু'ভাগে বিভক্ত ছিল—কেন্দ্রীয় ও প্রাদেশিক। কেন্দ্রীয় শাসন ব্যবস্থায় সর্বোচ্চ শাসক ছিলেন রাজা। কৌটিল্যের মতে, রাজতন্ত্র দৈব নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান হলেও রাজা দেবতা নন এবং প্রজাদের সুখেই রাজার সুখ ও প্রজাদের মঙ্গলেই রাজার মঙ্গল। তিনি ছিলেন সর্বোচ্চ কার্যনির্বাহক, প্রধান সেনাপতি, প্রধান বিচারপতি এবং আইন প্রণেতা। শাসন ব্যাপারে তাঁকে সাহায্য করতেন মন্ত্রী, অমাত্য বা উচ্চপদস্থ সচিব ও মন্ত্রিপরিষদ।

রাজা, মন্ত্রী, অমাত্য ও মন্ত্রিপরিষদ

সুষ্ঠু শাসনের উদ্দেশ্যে বিভিন্ন বিভাগের জন্য একজন করে 'অধ্যক্ষ' থাকত। এছাড়াও বহু উচ্চপদস্থ কর্মচারী নিযুক্ত হত, যথা—হিসাব পরীক্ষক, পুরোহিত, প্রদেশপাল ইত্যাদি। বহু সংখ্যক গুপ্তচর থাকত, এরা দেশের ও সৈন্যবাহিনীর সমস্ত সংবাদ রাজাকে দিত।

রাজকর্মচারীরা

রাজা ছিলেন সর্বোচ্চ বিচারপতি। শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ ও অভিজ্ঞ মন্ত্রীদের সাহায্যে তিনি বিচার করতেন। মেগাস্থিনিস বলেছেন যে, চন্দ্রগুপ্ত সারাদিন রাজসভায় বসে থেকে প্রজাদের আর্জি শুনে বিচার করতেন। রাজকীয় বিচারালয় ছাড়াও বিভিন্ন জনপদ ও নগরে নিম্ন বিচারালয় ছিল। অর্থশাস্ত্রে তিন প্রকার এই ধরনের আদালতের উল্লেখ আছে—'স্থানীয়', 'দ্রোণমুখ' ও 'সংগ্রহণ'।

বিচারব্যবস্থা

ভূমি রাজস্বই ছিল রাষ্ট্রের প্রধান আয়। উৎপন্ন শস্যের এক-ষষ্ঠাংশ রাজার 'ভাগ' হিসাবে সংগৃহীত হত। রাজকর্মচারীদের ভরণ-পোষণের জন্য অঞ্চল বিশেষে সংগৃহীত করের নাম ছিল 'বলি'। এছাড়া বিক্রয়মূল্যের এক-দশমাংশ, জন্ম-মৃত্যু কর, বাণিজ্য কর, জলকর ইত্যাদিও সংগৃহীত হত।

রাজস্ব

মেগাস্থিনিসের বিবরণ থেকে চন্দ্রগুপ্তের অতুলনীয় সামরিক সংগঠন ও শক্তি সম্বন্ধে জানা যায়। তিনি এক বিশাল সৈন্যবাহিনী গড়ে তোলেন। ত্রিশজন সদস্যবিশিষ্ট 'সমর পরিষদ' সমর বিভাগ পরিচালনা করত। এই পরিষদ ছ'টি সমিতিতে বিভক্ত ছিল। নৌবাহিনী, পদাতিক বাহিনী, অশ্বারোহী বাহিনী, যুদ্ধরথ, হস্তীবাহিনী, রসদ ও যানবাহন ইত্যাদি বিভিন্ন বিভাগ সমিতিগুলির দ্বারা পরিচালিত হত।

সামরিক বিভাগ

মেগাস্থিনিসের বিবরণ থেকে রাজধানী পাটলিপুত্রের শাসন সম্বন্ধে পরিচয় পাওয়া যায়। ত্রিশজন সদস্যবিশিষ্ট 'নগর পরিষদ' ছিল মুখ্য শাসক-পরিচালক। এটি বিভক্ত ছিল ছ'টি সমিতিতে। প্রতিটি সমিতির সুনির্দিষ্ট বিভাগ ছিল। বিভাগগুলি হল শিল্পোৎপাদন, বিদেশীদের অভ্যর্থনা, জন্ম-মৃত্যুর হিসাবরক্ষা, ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণ, পণ্যসামগ্রীর বিক্রয়ের তত্ত্বাবধান এবং বিক্রীত পণ্যের উপর এক-দশমাংশ কর সংগ্রহ। মেগাস্থিনিস শুধুমাত্র পাটলিপুত্রের শাসনব্যবস্থার উল্লেখ করেছেন। মনে হয় মৌর্য সাম্রাজ্যের সমস্ত নগরে একই রকম শাসন প্রচলিত ছিল।

নগর শাসন

চন্দ্রগুপ্তের সময়ে মৌর্য সাম্রাজ্য চারটি প্রদেশে বিভক্ত ছিল, যথা—প্রাচ্য, উত্তরাপথ, অবন্তী ও দক্ষিণাপথ। অশোকের রাজত্বকালে পঞ্চম প্রদেশ 'কলিঙ্গ' যুক্ত হয়েছিল। রাজা স্বয়ং পাটলিপুত্র থেকে 'প্রাচ্য' শাসন করতেন। অন্যান্য প্রদেশগুলির ভার থাকত 'কুমার' উপাধিধারী রাজপুত্রদের ওপর। কখনও কখনও 'মহামাত্র' উপাধিধারী রাজকর্মচারীরাও প্রাদেশিক শাসনকর্তা হতেন।

প্রাদেশিক শাসন

প্রতিটি প্রদেশ বিভক্ত ছিল কতকগুলি জেলায়। সেগুলির শাসনভার ন্যস্ত থাকত স্থানিকদের উপরে। সর্বনিম্নস্তরে ছিল গ্রাম, এর মুখ্য শাসক ছিল 'গ্রামিক'। পাঁচ থেকে দশটি গ্রামের শাসনভার থাকত 'গোপদের' উপরে।

স্থানিক, গ্রামিক, গোপ

মৌর্য শাসনব্যবস্থার মত পরিণত ও সুবিন্যস্ত শাসনব্যবস্থা প্রাচীন ভারতে ছিল না। চন্দ্রগুপ্তের রাজত্বকালে গঠিত এই শাসন কাঠামো মূলতঃ অপরিবর্তিত থেকে যায়; ধর্মনীতি প্রচার ও প্রজাকল্যাণের জন্য শাসনব্যবস্থাকে সুষ্ঠুভাবে পরিচালনা করে তার আরও উন্নতি বিধান করেছিলেন অশোক।

বিন্দুসার (খ্রীঃ পূঃ ৩০০-২৭৩): চন্দ্রগুপ্তের মৃত্যুর পর তাঁর পুত্র বিন্দুসার 'অমিত্রঘাত' (অর্থ: শত্রু নিধনকারী) উপাধি ধারণ করে সিংহাসন লাভ করেন। তিনি পিতৃ সাম্রাজ্যের সীমা অক্ষুণ্ণ রাখেন।

অশোকের সিংহাসনারোহণ ও কলিঙ্গ জয়: বিন্দুসারের পর মগধের সিংহাসন লাভ করেন তাঁর পুত্র অশোক। কথিত আছে যে, বিন্দুসারের মৃত্যু হওয়ার পর তাঁর পুত্রদের মধ্যে উত্তরাধিকার নিয়ে দ্বন্দ্ব দেখা দেয়; অশোক তাঁর ভাইদের হত্যা করে রাজা হন। এই কাহিনীর সত্যাসত্য নির্ধারণের কোন উপায় নেই। তবে একথা সত্য যে, সিংহাসন লাভের চার বৎসর পর অশোকের অভিষেক ক্রিয়া সম্পন্ন হয়েছিল (খ্রীঃ পূঃ ২৬৯)।



অশোক

প্রথম জীবনে অশোক আমোদ-প্রমোদ, যুদ্ধবিগ্রহ, মৃগয়া ইত্যাদি করে দিন অতিবাহিত করেছিলেন। স্বভাবতই সাম্রাজ্য বিস্তারে তাঁর প্রবল আগ্রহ ছিল। উড়িষ্যা ও গঞ্জাম জেলার কিছু অংশ নিয়ে গঠিত ছিল কলিঙ্গ। মৌর্য সাম্রাজ্যের সীমান্তে এই শক্তিশালী স্বাধীন রাজ্যটির অবস্থিতি তাঁর সাম্রাজ্যের নিরাপত্তা বিঘ্নিত করতে পারে—এই আশংকা সম্ভবতঃ অশোকের মনে দেখা দিয়েছিল। এছাড়া, দাক্ষিণাত্যের সঙ্গে মগধের যোগাযোগের পথে বাধা ছিল কলিঙ্গ। তাই তাঁর অভিষেকের নবম বৎসরে এক রক্তক্ষয়ী যুদ্ধে জয়লাভ করে তিনি কলিঙ্গ দেশ তাঁর সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন। এই যুদ্ধে লক্ষ লক্ষ মানুষ হতাহত বা গৃহহারা হয়েছিল। যুদ্ধের বীভৎসতা ও মর্মান্তিকতা অশোকের হৃদয়-মনকে নাড়া দিয়েছিল। অনুতপ্ত অশোক শপথ নিলেন আর কখনও যুদ্ধ করবেন না। বৌদ্ধধর্ম গ্রহণ করে তিনি মানসিক স্বস্তি লাভ করেন।

কলিঙ্গ জয়

কলিঙ্গ যুদ্ধ শুধুমাত্র অশোকের হৃদয় পরিবর্তনই ঘটায় নি, মৌর্য সাম্রাজ্যের আভ্যন্তরীণ ও পররাষ্ট্রনীতিতেও বৈপ্লবিক পরিবর্তন ঘটিয়েছিল। তিনি তাঁর সাম্রাজ্যের সীমান্তে অবস্থিত প্রতিবেশী রাজ্যগুলিকে আশ্বাস দেন যে, তাঁর সামরিক শক্তিকে তাদের আর ভয় করতে হবে না, কেননা রাজ্যজয়ের বাসনা তাঁর আর নেই। তিনি সম্প্রীতি, মানবতা ও ভ্রাতৃত্বের মধ্য দিয়ে অপরের হৃদয় জয় বা 'ধর্ম বিজয়ের' পথ অবলম্বন করলেন। তিনি যুদ্ধের "ভেরী ঘোষকে" পরিণত করলেন "ধর্ম ঘোষে"। তাই সুযোগ থাকা সত্ত্বেও চোল, পান্ড, সত্যপুত্র ইত্যাদি রাজ্যগুলিকে নিজ সাম্রাজ্যভুক্ত করেন নি।

ফলাফল



অশোকের রাজ্যসীমা : কলিঙ্গ সংযুক্তির পর প্রায় সমগ্র ভারত জুড়ে মগধের আধিপত্য প্রতিষ্ঠিত হয়। উত্তর-পশ্চিমে আফগানিস্তান, বেলুচিস্তান ও সিন্ধুপ্রদেশ অশোকের সাম্রাজ্যভুক্ত ছিল। কাশ্মীর রাজ্যটিও তাঁর সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। দক্ষিণে মৌর্য সাম্রাজ্য পেনার নদী পর্যন্ত বিস্তৃত হয়েছিল। পূর্বে এই সাম্রাজ্য ব্রহ্মপুত্র নদ পর্যন্ত বিস্তৃত হয়েছিল। পশ্চিমে এটি আরব সাগর পর্যন্ত বিস্তৃত ছিল।

অশোকের ধর্মমত : কলিঙ্গ যুদ্ধে মানুষের জীবনের অহেতুক অপচয়ে অশোকের হৃদয় অনুশোচনায় দগ্ধ হয়েছিল। অবশেষে সন্ন্যাসী উপগুপ্তের কাছে

বৌদ্ধধর্মের দীক্ষা নিয়ে তিনি মানসিক স্বস্তি লাভ করেন। অশোক যে 'ধম্‌মো' বা ধর্ম প্রচার করতে থাকেন তা অবশ্য বৌদ্ধধর্ম হলেও আরও বেশী উদারতা ও বাস্তবতার ওপর তা প্রতিষ্ঠিত ছিল। অহিংসা ও পরধর্ম সহিষ্ণুতা এর দুটি প্রধান স্তম্ভ ছিল। এই ধর্মমত ছিল সর্বধর্মের সারকথা ও নীতিমূলক। তিনি বুদ্ধদেবের নির্বাণ লাভ বা ধর্মীয় কোন গভীর তত্ত্বকথা প্রচার করেন নি। সমস্ত ধর্মের প্রতিই তাঁর সমান শ্রদ্ধা ছিল। তাঁর ধর্ম-নীতি ব্যাখ্যা করে অশোক বলেছেন যে, "পাপের স্বল্পতা, কল্যাণকর্মের প্রাচুর্য, দয়া, দান, সত্য ও শৌচ" হচ্ছে ধর্ম। এছাড়াও তাঁর প্রচারিত নানাবিধ নীতির মধ্যে উল্লেখযোগ্য ছিল পিতামাতা ও বয়োজ্যেষ্ঠদের প্রতি শ্রদ্ধা, ব্রাহ্মণ, জৈন ও শ্রমণদের প্রতি ভক্তি, কর্মচারী ও চাকরদের সঙ্গে সদ্ব্যবহার ইত্যাদি। তাই অনেকে বলেন, অশোকের ধর্মমতে ধর্মীয় তত্ত্ব নেই, আছে নৈতিক আচরণবিধি।

নীতিমূলক

অশোকের ধর্মপ্রচার ও জনহিতকর কাজ: ভারতের ভিতরে ও বাইরে বৌদ্ধধর্ম প্রচারে ও প্রসারে অশোকের অবদান অসামান্য। ভারতের ভিতরে এই ধর্ম প্রচারের জন্য তিনি বিভিন্ন পন্থা অনুসরণ করেছিলেন। যেমন, (ক) অশোক স্বয়ং 'ধর্ম-যাত্রা'য় বেরিয়ে সর্বস্তরের মানুষের মধ্যে ধর্মসভার মাধমে ধর্মশিক্ষা দিতেন। (খ) রাজুক, যুত, মহামাত্র প্রভৃতি রাজকর্মচারীরা জনগণের অভিযোগের প্রতিকার করা ছাড়াও ধর্মশিক্ষা দিতেন। (গ) 'ধর্মমহামাত্ররা' জনগণের মধ্যে ধর্মপ্রচার করত। (ঘ) অশোক ধর্মের অনুশাসনগুলি পর্বতগাত্রে, স্তূপে-স্তম্ভে উৎকীর্ণ করেছিলেন। (ঙ) সাধারণ মানুষের মনে ধর্মভাব জাগানোর জন্যে নানা প্রকার অলৌকিক ক্রিয়া ও দৃশ্য দেখানো হত। (চ) বৌদ্ধধর্মের মূল পবিত্রতা ও সংহতি রক্ষার জন্য অশোক তৃতীয় বৌদ্ধ সঙ্গীতি আহ্বান করেন। এই সঙ্গীতির সিদ্ধান্তগুলি খোদিত হয়েছিল 'সারনাথ স্তম্ভলিপি'তে। (ছ) এই সঙ্গীতির সিদ্ধান্ত অনুযায়ী কাশ্মীর, গান্ধার, নেপাল, মহারাষ্ট্র, মহীশুর, বারাণসী ও দাক্ষিণাত্যের বিভিন্ন রাজ্যে বৌদ্ধধর্ম প্রচারক প্রেরিত হয়েছিল। (জ) অশোক অহিংসা নীতিতে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য রাজ্যমধ্যে অকারণ প্রাণীহত্যা নিষিদ্ধ করেন।

এছাড়াও অশোক বৃদ্ধ, রুগ্ন ও পশুপক্ষীদের জন্য চিকিৎসালয় স্থাপন এবং পথের পাশে কূপ খনন ও ছায়াপ্রদ বৃক্ষরোপণ করেন। মানুষ ও পশুর চিকিৎসার জন্য প্রয়োজনীয় সমস্ত ঔষধ-গুল্ম রোপণ করিয়েছিলেন। এই সমস্ত কল্যাণকর্ম অশোকের মহত্ত্বই শুধু প্রকাশ করেনি, এগুলির মাধ্যমে বৌদ্ধধর্ম প্রচারলাভও করেছিল।

অশোকের ভারতের বাইরে বৌদ্ধধর্ম প্রচার ও বহির্বিশ্বের সঙ্গে সংযোগ: তৃতীয় বৌদ্ধ সঙ্গীতির সিদ্ধান্ত অনুযায়ী অশোক বৌদ্ধধর্ম প্রচারের জন্য দেশ দেশান্তরে দূত পাঠিয়েছিলেন। ভ্রাতা (মতান্তরে পুত্র) মহেন্দ্র ও কন্যা সঙ্ঘমিত্রাকে এই উদ্দেশ্যে সিংহল পাঠিয়েছিলেন। তাঁর নির্দেশে সিরিয়া, মিশর, কাইরিন, ম্যাসিডনিয়া, ইপিরাস প্রভৃতি গ্রীক দেশগুলিতে ও ব্রহ্মদেশ এবং সন্নিহিত

অঞ্চলে ধর্মপ্রচারক প্রেরিত হয়। ফলে বিভিন্ন দেশের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপিত হয়। বৌদ্ধধর্ম বিশ্বধর্মে পরিণত হয়। আজও যে পৃথিবীর জনসংখ্যার এক-তৃতীয়াংশ ধর্মে বৌদ্ধ—এর কৃতিত্ব বহুল পরিমাণে অশোকেরই প্রাপ্য।

বিশ্ব ইতিহাসে অশোকের স্থান : ভারত তথা পৃথিবীর ইতিহাসে নানাবিধ গুণাবলী ও চরিত্র-মাধুর্যে অশোকের স্থান দ্যুতিময় হয়ে আছে। সিংহাসন লাভের অল্পকালের মধ্যে কলিঙ্গ আক্রমণ ও জয় তাঁর রাজনৈতিক জ্ঞান ও সামরিক দক্ষতার পরিচয় বহন করে। কিন্তু যুদ্ধের বীভৎসতা অশোকের হৃদয়ের অন্তর্নিহিত মনুষ্যত্বকে উদ্ঘাটিত করেছিল। সামরিক গৌরব দীপ্তির মধ্যে এই অস্ত্রত্যাগের দৃষ্টান্ত ইতিহাসে বিরল। হিংসা নীতি পরিত্যাগ করে তিনি লিপ্ত হলেন ধর্মবিজয়ে—প্রেম ও মৈত্রীর দ্বারা মানুষের হৃদয় জয় করতে চাইলেন। তিনি প্রতিবেশী রাজ্যগুলির প্রতি আক্রমণের নীতি পরিত্যাগ করে তাদের সঙ্গে মৈত্রীবদ্ধ হন; দেশে বিদেশে বৌদ্ধধর্ম প্রচারের অক্লান্ত প্রয়াস করেছিলেন। বৌদ্ধধর্মকে বিশ্বধর্মের অন্যতম হিসাবে প্রতিষ্ঠার কৃতিত্ব অনেকখানি তাঁরই প্রাপ্য। পরধর্মের প্রতি বিদ্বেষ তাঁর একেবারেই ছিল না, বরঞ্চ পরধর্মসহিষ্ণুতা ও মানবহিতৈষণায় তিনি বিশ্বসভায় শ্রেষ্ঠত্ব দাবী করতে পারেন।

ধর্ম বিজয়

পরধর্মসহিষ্ণুতা ও মানবহিতৈষণা

অশোকের মত জনসেবায় উৎসর্গীকৃতপ্রাণ রাজর্ষি ইতিহাসে নেই। জনকল্যাণের জন্য তিনি দিবারাত্র পরিশ্রম করতেন। এজন্য তিনি গর্ববোধ করতেন না, বরঞ্চ বলতেন তিনি জীবের প্রতি তাঁর ঋণশোধ করছেন। দেশে দেশে যুগে যুগে প্রজাহিতৈষী রাজা আবির্ভূত হয়েছেন। কিন্তু তাঁর প্রজাহিতৈষণা পিতৃসুলভ রাজকর্তব্যের উন্নত আদর্শের ভিত্তির ওপর প্রতিষ্ঠিত ছিল। তিনি ঘোষণা করেছিলেন, 'সব মুনিষে পজা মমা' অর্থাৎ সকল মানুষই আমার সন্তান। এই আদর্শকে অবিচল নিষ্ঠায় তিনি কার্যকর করেছিলেন। প্রজাদের ইহলৌকিক ও পারলৌকিক সুখ-সমৃদ্ধির দিকে তীক্ষ্ম নজর রেখেছিলেন। জনগণের উপর রাজকর্মচারীদের অত্যাচার দূর করার জন্য তাঁর তীব্র আকুলতা ছিল। তাঁর জনহিতকর কাজগুলি ছিল প্রজাদের জাগতিক সুখ-শান্তি দানের সাক্ষ্য। তিনি তাদের আদর্শ গৃহস্থে পরিণত করার উদ্দেশ্যে নীতিশিক্ষার জন্য ধর্মের মূল নীতিগুলি খোদাই করে রেখেছিলেন পর্বতগাত্রে, স্তম্ভে, গুহায়। তাদের পারলৌকিক জীবন যাতে সুখের হয় তার জন্য 'ধর্মমহামাত্র' নামে রাজকর্মচারী নিয়োগ করেছিলেন।

জনসেবার আদর্শ

পিতৃসুলভ রাজ-কর্তব্যের আদর্শ

অহিংসা নীতির সার্থক রূপায়ণে, বিশ্বমৈত্রী স্থাপনে তাঁর স্বকালে ও পরবর্তী-কালে তাঁর সমকক্ষ কেউ নেই। পররাষ্ট্রগুলির প্রতি সাম্য, মৈত্রী ও ভ্রাতৃত্বের যে নীতি অশোক অনুসরণ করেছিলেন তা আজও স্বাধীন ভারতের পররাষ্ট্র নীতি ও বিশ্বশান্তির ভিত্তি।

অহিংসা নীতি ও বিশ্বমৈত্রীর আদর্শ

অশোকের উচ্চ আদর্শ ও পিতৃ-সুলভ রাজকর্তব্যের ধারণা প্রাচ্য-পাশ্চাত্যের

পন্ডিতগণকে বিস্মিত করেছে এবং তাঁরা সকলেই তাঁর প্রশংসায় পঞ্চমুখ। ইংরাজ মনীষী এইচ. জি. ওয়েল্‌স্ সারা পৃথিবীর ইতিহাস পরিক্রমা করে বলেছেন যে, ইতিহাসের অসংখ্য রাজার মধ্যে একমাত্র অশোক যেন উজ্জ্বল তারকার মত উদ্ভাসিত হয়ে আছেন।

উপসংহার

ভারতে বৈদেশিক আক্রমণ

খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতাব্দীতে উত্তর-পূর্ব ভারতে মগধের নেতৃত্বে একটি ঐক্যবদ্ধ সাম্রাজ্য গড়ে উঠলেও উত্তর-পশ্চিম ভারত ছিল কয়েকটি ক্ষুদ্র ক্ষুদ্র বিবদমান রাষ্ট্রের সমষ্টি। এই সুযোগে ঐ শতাব্দীর মাঝামাঝি, বিম্বিসারের সমকালে, পারস্যদেশের আকামেনীয় রাজবংশের পরাক্রমশালী প্রতিষ্ঠাতা কাইরাস বা কুরুষ সিন্ধুনদের পশ্চিম উপকূল পর্যন্ত সাম্রাজ বিস্তার করেন। এই বংশের তৃতীয় সম্রাট দারায়ুস পাঞ্জাব, সিন্ধু নদের পশ্চিমাংশ ও সিন্ধু প্রদেশ নিজ সাম্রাজ্যভুক্ত করেন। তাঁর পুত্র জারেক্সিস উত্তর-পশ্চিম ভারতে পারসিক সাম্রাজ্য অক্ষুণ্ণ রাখেন। খ্রীষ্টপূর্ব চতুর্থ শতাব্দীতেই বিজিত ভারতীয় প্রদেশগুলির ওপর পারসিক প্রভুত্ব শিথিল হয়ে পড়ে। পারস্য সম্রাট তৃতীয় দারায়ুসের রাজত্বকালে ম্যাসিডনরাজ আলেকজান্ডার তাঁকে পরাজিত করলে ভারতে পারসিক প্রভুত্ব বিনষ্ট নয়। উত্তর-পশ্চিম ভারত কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত হয়ে যায়।

আলেকজাণ্ডারের ভারত অভিযান: উত্তর-পশ্চিম ভারতে পারসিক প্রভুত্ব প্রায় দু'শ বৎসর স্থায়ী হয়েছিল। অবশেষে খ্রীষ্টপূর্ব চতুর্থ শতকের শেষ দিকে ম্যাসিডনরাজ আলেকজান্ডার সমগ্র পারস্য সাম্রাজ্য পদানত করার পর হিন্দুকুশ পর্বত অতিক্রম করে ভারতে প্রবেশ করেন (৩২৭ খ্রীঃ পূঃ)। ভারতের উত্তর-পশ্চিম সীমান্তবর্তী বিবদমান ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যগুলি তিনি সহজেই জয় করেন। কাবুল উপত্যকার মধ্য দিয়ে অগ্রসর হয়ে তিনি কাবুল ও সিন্ধুনদের মধ্যবর্তী রাজ্য পুষ্কলাবতী দখল করেন। এর পর তক্ষশীলার রাজা অম্ভি তাঁর বশ্যতা স্বীকার করেন। সেখান থেকে পুরুরাজ্যে পৌঁছুলে আলেকজান্ডার সর্বপ্রথম তীব্র বাধার সম্মুখীন হন। পুরুরাজ্যের রাজা পুরু অসীম বীরত্বের সঙ্গে যুদ্ধ করে পরাজিত ও বন্দী হন।

দিগ্বিজয়ী গ্রীকবীর এর পর বিপাশা নদীর তীরে পৌঁছান। কিন্তু তাঁর রণক্লান্ত ও গৃহকাতর সৈন্যবাহিনী আর অগ্রসর হতে রাজী হল না। এছাড়া, মগধের নন্দরাজদের বিপুল সামরিক শক্তির কথা জেনে তারা আতঙ্কিত হয়ে পড়েছিল। এই পরিস্থিতিতে আলেকজান্ডার মাতৃভূমি গ্রীসের দিকে যাত্রা করেন। পথিমধ্যে ব্যাবিলনে তাঁর মৃত্যু হয় (৩২৩ খ্রীঃ পূঃ)।

আলেকজাণ্ডারের ভারত আক্রমণের ফলাফল: আলেকজান্ডারের ভারত আক্রমণের প্রত্যক্ষ ফলাফল খুব গুরুত্বপূর্ণ নয়। তিনি মাত্র উনিশ মাস ভারতবর্ষে ছিলেন। যে সমস্ত ভারতবর্ষীয় শাসক তাঁর বশ্যতা স্বীকার করেছিল তাঁদের রাজ্য তিনি ফিরিয়ে দিয়েছিলেন। অধিকৃত

প্রত্যক্ষ ফল

রাজ্যগুলির শাসন পরিচালনার জন্য তিনজন গ্রীক শাসনকর্তা তিনি নিযুক্ত করে গিয়েছিলেন। কয়েকটি শহর ও দুর্গ নির্মাণ করে গ্রীক ও ম্যাসিডোনীয় সৈন্য স্থাপন করে যান। কিন্তু আলেকজান্ডারের মৃত্যুর পরেই গ্রীক সেনাপতিরা সাম্রাজ্যের ভাগাভাগি নিয়ে দ্বন্দ্বে মেতে ওঠে। অবশেষে চন্দ্রগুপ্ত গ্রীকদের বিতাড়িত করে এই স্থানগুলি মৌর্য সাম্রাজ্যভুক্ত করেন। তবু আলেকজান্ডারের ভারত আক্রমণের একটি প্রত্যক্ষ ফল উল্লেখযোগ্য। এই আক্রমণের ফলেই সর্বপ্রথম প্রাচীন ইউরোপের সঙ্গে প্রাচীন ভারতের নিবিড় সংযোগ ঘটেছিল। উভয় দেশের মধ্যে গড়ে উঠেছিল তিনটি স্থলপথ ও একটি জলপথ। ফলে গ্রীক শিল্পী ও বণিকদের ভারতের সঙ্গে বাণিজ্যের পথ প্রশস্ততর হয়েছিল ; ঘটেছিল উভয় দেশের মধ্যে ভাবের আদানপ্রদান।

পরোক্ষ ফল

ঐ অভিযানের পরোক্ষ ফল ছিল খুবই উল্লেখযোগ্য। প্রথমতঃ আলেকজান্ডার বিজিত ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যগুলিকে একটি কেন্দ্রীয় শাসনের অধীনে এনেছিলেন। ফলে তাদের মধ্যে রাজনৈতিক ঐক্য স্থাপিত হয়। এতে এই অঞ্চলে চন্দ্রগুপ্ত মৌর্যের পক্ষে রাজ্যবিস্তার সহজতর হয়েছিল। দ্বিতীয়তঃ ভারতের শিল্পে গ্রীক প্রভাবের ফলে ভারতে গান্ধার শিল্প নামে একটি নতুন শিল্পরীতি গড়ে ওঠে। পরবর্তীকালে ভারতীয় বিজ্ঞান ও মুদ্রানীতির ওপর যেমন গ্রীক প্রভাব পড়েছিল, তেমনি ভারতীয় গণিতশাস্ত্র, জ্যোতির্বিদ্যা পাশ্চাত্যদেশে বিস্তৃতি লাভ করেছিল।

সর্বশেষে, আলেকজান্ডারের সঙ্গে বহু গ্রীক মনীষী ভারতে এসেছিলেন। তাঁদের রচিত বিবরণ সেকালের ইতিহাস রচনার অন্যতম উপাদান। সুনির্দিষ্ট কালানুক্রমিক ভারত ইতিহাস রচিত হয়েছে আলেকজান্ডারের ভারত আক্রমণ থেকেই।

ভারতে ইন্দো-গ্রীক, শক ও পহ্লব রাজত্ব

মৌর্য সম্রাট অশোকের মৃত্যুর পর সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে একদিকে ভারতে নতুন নতুন স্বাধীন রাষ্ট্রের উদ্ভব ঘটছিল অন্যদিকে বিদেশী জাতিরা ভারতের বিভিন্ন অঞ্চলে অধিকার স্থাপন করছিল। এই জাতিগুলির মধ্যে গ্রীক বা ব্যাকট্রিয় গ্রীক, শক, পহ্লব কুষাণ ও হূণরা উল্লেখযোগ্য।

ইউথিডেমস, ডিমেট্রিয়স, মিনাণ্ডার

গ্রীক আক্রমণ : আলেকজান্ডারের মৃত্যুর পর তাঁর বিশাল সাম্রাজ্য ভেঙে পড়তে থাকে। খ্রীঃ পূঃ তৃতীয় শতকের মধ্যেই সিরিয়া সাম্রাজ্য ছিন্ন ভিন্ন হয়ে যায়। ক্রমান্বয়ে ব্র্যাকট্রিয়া, পার্থিয়া প্রভৃতি প্রদেশগুলি স্বাধীন রাষ্ট্রে পরিণত হয়। এই ব্র্যাকট্রিয়ার তৃতীয় রাজা ইউথিডেমস ভারত অভিযান করেন। সম্ভবতঃ দক্ষিণ আফগানিস্তান পর্যন্ত তিনি রাজত্ব করতেন। তাঁর পুত্র ডিমেট্রিয়স পাঞ্জাব ও সিন্ধুদেশ জয় করেন। কেউ কেউ মনে করেন যে, তিনি পাটলিপুত্র পর্যন্ত অগ্রসর হয়েছিলেন। ইন্দো-গ্রীক শাসকদের মধ্যে বিখ্যাত ছিলেন মিনান্ডার। কাবুল থেকে মথুরা পর্যন্ত বিস্তৃত ভূখন্ডে তাঁর মুদ্রা পাওয়া গেছে।

উত্তর-পূর্ব ভারতে গ্রীক-শাসন স্থায়ী হয়েছিল প্রায় একশ বৎসর। কিন্তু আত্ম-কলহে গ্রীকরা দুর্বল হয়ে পড়ে। তখন শক, পহ্লব, কুষাণ জাতির আক্রমণে গ্রীক শাসনের অবসান ঘটে।

গ্রীক শাসনের অবসান

শক আক্রমণ : শকরা ছিল মধ্য এশিয়ার সিরদরিয়ার উত্তরাঞ্চলের যাযাবর জাতি। খ্রীঃ পূঃ দ্বিতীয় শতকের মধ্যভাগে ইউ-চি জাতি এদের বিতাড়িত করে। তখন শকরা দক্ষিণে অগ্রসর হয়ে ব্যাকট্রিয়া ও পার্থিয়া অধিকার করে। কিন্তু পার্থিয়ানদের পুনরুত্থানের ফলে তারা দক্ষিণ দিকেই অগ্রসর হতে থাকে। কালক্রমে তারা সিন্ধু উপত্যকা ও পশ্চিম ভারত অধিকার করে নেয়। শক রাজারা 'ক্ষত্রপ' নামে পরিচিত ছিল। উত্তরাঞ্চলের ক্ষত্রপদের মধ্যে উল্লেখযোগ্য ছিল মোগ। কাবুল, পূর্ব পাঞ্জাবের মধ্যবর্তী অঞ্চল ও গান্ধার অঞ্চল জুড়ে তাঁর রাজ্য বিস্তৃত ছিল। পরবর্তী ক্ষত্রপ প্রথম আজেস এই রাজ্যের সঙ্গে যুক্ত করেছিলেন পূর্ব পাঞ্জাব। মথুরাতেও একটি শক্তিশালী শক রাজ্য গড়ে উঠেছিল।

উত্তরাঞ্চলের শক রাজ্য

শক জাতির 'ক্ষহরত' শাখা রাজধানী নাসিককে কেন্দ্র করে পশ্চিম ভারতে একটি শক রাজ্য স্থাপন করে। এই বংশের শ্রেষ্ঠ রাজা নহপানের মহারাষ্ট্র ও কোঙ্কনের উত্তরাংশ থেকে সৌরাষ্ট্র, মালব, আজমীর পর্যন্ত বিরাট ভূখন্ড জুড়ে রাজ্য প্রতিষ্ঠিত হয়েছিল। পরে সাতবাহনদের কাছে পরাজিত হয়ে তাঁর রাজ্যসীমা হ্রাস পায়।

পশ্চিমাঞ্চলের শকরাজ্য

শক জাতির 'কর্দমক' শাখা উজ্জয়িনীতে রাজত্ব করতেন। এই বংশের শ্রেষ্ঠ নরপতি রুদ্রদমন সাতবাহনদের পরাজিত করেন। মালব, কাথিওয়াড়, গুজরাট, মাড়ওয়াড়, উত্তর কোঙ্কন ও সিন্ধু উপত্যকা তাঁর রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। উজ্জয়িনীর ক্ষত্রপ বংশ প্রায় দু'শ বৎসর রাজত্ব করেছিল।

পহ্লব বা পার্থিয়ান রাজত্ব : পার্থিয়ান বা পহ্লবরা সিরিয়ার সঙ্গে সম্পর্কচ্ছেদ করে স্বাধীন রাষ্ট্রে পরিণত হয়। তারা প্রথম মিথ্রিডেটিস নামে রাজার নেতৃত্বে সম্ভবতঃ সিন্ধু উপত্যকা পর্যন্ত বিস্তৃত ভারতে একটি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করে (১৭১-১৩১ খ্রীঃ পূঃ)। খ্রীষ্টীয় প্রথম শতকে গান্ধারের একাংশ পহ্লবরা শকদের কাছ থেকে ছিনিয়ে নিয়েছিল। এদের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন গন্ডোফার্নিস। দক্ষিণ আফগানিস্তান, তক্ষশীলা, কাবুল, কান্দাহার তাঁর সাম্রাজ্যভুক্ত ছিল। তাঁর মৃত্যুর পর তাঁর রাজ্য ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত হয়ে পড়ে। সেগুলিকে গ্রাস করে নেয় কুষাণরা।

মৌর্য ও মৌর্যোত্তর যুগে ভারতীয় সমাজ ও অর্থনীতি : মেগাস্থিনিস তাঁর 'ইন্ডিকা' গ্রন্থে বলেছেন ভারতে সাতটি জাতি ছিল, যথা—দার্শনিক (ব্রাহ্মণ ও শ্রমণ), কৃষক, শিকারী ও পশুপালক, শিল্পী ও ব্যবসায়ী, যোদ্ধা, পরিদর্শক, সচিব ও অমাত্য। স্পষ্টতই মেগাস্থিনিস বৃত্তি বা জীবিকার ভিত্তিতে জাতি বিভাগ করেছেন। মৌর্যযুগে ঐ বৃত্তিগুলিই ছিল প্রধান। তিনি বংশানুক্রমিক চারটি বর্ণের কথা বলেন নি। এ থেকে মনে হয় মৌর্য যুগে

মৌর্য যুগে সমাজ

ভারতে জাতিভেদ প্রথা খুব তীব্র হয়ে ওঠে নি। এজন্যই বিদেশী পর্যটকের এ ব্যাপারে দৃষ্টি পড়ে নি। তবে তিনি দেখেছিলেন যে ব্রাহ্মণরা ছাড়া অন্যান্য লোকেরা নিজ নিজ শ্রেণীর বাইরে বিবাহ করতে পারত না। বৃত্তি পরিবর্তনও করা যেত না। কিন্তু এর ব্যতিক্রম ঘটত না এমন নয়। রাজকার্য ও সামরিক বৃত্তি বংশানুক্রমিক ছিল না। উদাহরণ হিসাবে, নন্দ রাজারা শূদ্র ছিলেন, শুঙ্গ বংশের প্রতিষ্ঠাতা (মৌর্য রাজাদের প্রাক্তন সেনাপতি) পুষ্যমিত্র শুঙ্গ ছিলেন ব্রাহ্মণ, চন্দ্রগুপ্ত মৌর্য কর্তৃক নিযুক্ত সৌরাষ্ট্রের শাসনকর্তা পুষ্যগুপ্ত ছিলেন বৈশ্য।

জাতিভেদ প্রথার তীব্রতা হ্রাস

বৌদ্ধধর্মের প্রভাব ও গ্রীক আক্রমণের ফলেই সম্ভবতঃ জাতিভেদের তীব্রতা হ্রাস পেয়েছিল। মৌর্য সম্রাটদের গ্রীক পত্নীর কথা জানা যায়। জাতিভেদ প্রথার কঠোরতা যাতে আরও হ্রাস না পায় সেজন্য সমাজের রক্ষণশীলরা তৎপর হয়। কৃষি ও বাণিজ্যে উন্নতি করে বৈশ্যরা সামাজিক স্বীকৃতি লাভের চেষ্টা করলে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়রা তাদের দমন করেন। এই সামাজিক সংঘাতের জন্যই সম্ভবতঃ অশোক সামাজিক সাম্য ও শান্তির কথা বলেছিলেন।

জাতিভেদে সঙ্কীর্ণতা

মৌর্য সমাজে নারীর মর্যাদা ক্রমশঃ হ্রাস পাচ্ছিল। নাবালক পুত্রদের অভিভাবিকা হিসাবে রাজকার্য পরিচালনার দৃষ্টান্ত থাকলেও পূর্বের মত স্ত্রীজাতির অবাধ স্বাধীনতা ছিল না। পুরুষরা বহু-বিবাহে অভ্যস্ত ছিল। অবরোধ প্রথারও প্রচলন হয়। বিধবা বিবাহের উপর কঠোর বিধিনিষেধ আরোপিত হয়। গ্রীক লেখকদের মতে সতীদাহ প্রথা প্রচলিত ছিল। অবশ্য অভিজাত সম্প্রদায়ের নারীরা লেখাপড়া করত।

নারীদের অবস্থা

মেগাস্থিনিস বলেছেন যে, মৌর্যযুগে দাসপ্রথা ছিল না। প্রকৃতপক্ষে গ্রীসে দাসদের প্রতি যে নির্দয় ব্যবহার করা হত ভারতে তা করা হত না। ভারতের দাসরা মূলতঃ গৃহভৃত্য। গ্রীস-রোমের ক্রীতদাসদের কাজকর্ম ভারতে শূদ্ররাই করত। কৌটিল্যের অর্থশাস্ত্রে দাসদের নানারকম অধিকারের কথা আছে।

দাসপ্রথা

মৌর্যোত্তর যুগে সমাজ ঃ মৌর্যোত্তর সমাজে ব্রাহ্মণদের আধিপত্যের পুনঃ-প্রতিষ্ঠা একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। শুঙ্গ-কাণ্ব-সাতবাহন ইত্যাদি রাজারা ছিলেন জাতিতে ব্রাহ্মণ। হিন্দু সমাজজীবনের বেদস্বরূপ বিখ্যাত 'মনু সংহিতা' এ যুগেরই রচনা এবং এটি ব্রাহ্মণ-আধিপত্যের সাক্ষ্য। এই যুগে ভারতীয় সমাজে একটি নতুন উপাদানের সৃষ্টি হয়েছিল। গ্রীক, শক, পহ্লব, কুষাণ প্রভৃতি জাতি ভারতীয় রীতিনীতি ও ধর্ম গ্রহণ করে ভারতীয় সমাজে বিলীন হয়ে যায়। যেহেতু এরা এসেছিল বিজেতা হিসাবে, তাই যোদ্ধৃশ্রেণী ক্ষত্রিয় সমাজে এরা স্থান পায়। মনু সংহিতায় এদের ব্রাত্য বা পতিত ক্ষত্রিয় বলা হয়েছে। এই যুগের মত অন্য কোন যুগে বিদেশীরা ভারতীয় সমাজে এতখানি মিশে যায় নি। ভারতীয় ভাষা, ধর্ম,

ব্রাহ্মণ-আধিপত্য

জনজীবনে বিদেশী জাতি সমন্বয়

আচার এরা গ্রহণ করলেও এদের কিছু কিছু আচার ভারতীয় সমাজে প্রবেশ করে। এইভাবে একটি সমন্বয় ঘটে। এদের সঙ্গে ভারতীয়দের বৈবাহিক ও রক্তের সম্পর্ক ঘটে।

নারিদের অবস্থার অবনতি

মৌর্যোত্তর যুগে নারীদের অবস্থার আরও অবনতি ঘটেছিল। বিদেশী জাতির আগমনে অবরোধ প্রথা ব্যাপকতা লাভ করে। তারা সম্পূর্ণভাবে পুরুষদের ওপর নির্ভরশীল হয়ে পড়ে।

মৌর্যযুগে অর্থনৈতিক অবস্থাঃ মেগাস্থিনিস বলেছেন যে, মৌর্যযুগে অধিকাংশ লোক ছিল কৃষিজীবী। রাষ্ট্র কৃষকদের জলসেচের সুবিধা দিত। বড় খালগুলি থেকে ছোট খালগুলি দিয়ে সেচের জল যাচ্ছে কিনা তা তত্ত্বাবধান করার জন্য রাজকর্মচারী ছিল। তিনি বলেছেন যে, যুদ্ধের সময়ও তারা নির্বিঘ্নে চাষ-আবাদ করতে পেত। ভূমি ছিল অত্যন্ত উর্বর, প্রতি বৎসরই ফসল উঠত দু'বার। দুর্ভিক্ষ সেখানে ছিল অজ্ঞাত। মেগাস্থিনিসের বিবরণের মধ্যে অতিরঞ্জন থাকলেও মনে হয় সে সময় কৃষি ব্যবস্থা উন্নত ছিল।

কৃষি

এই যুগে হস্তশিল্পের বিশেষ প্রসার ঘটেছিল। কাঠ, পাথর, মাটি, চামড়া, লোহা ইত্যাদি শিল্প প্রসার লাভ করেছিল। গ্রীক লেখকরা বলেছেন যে, শুধুমাত্র যুদ্ধ ও কৃষির প্রয়োজনীয় অস্ত্র ও যন্ত্রপাতি নয়, জাহাজ ও নৌকাও নির্মিত হত। সূত্রধররা অসাধারণ দক্ষ হয়ে উঠেছিল। পাটলিপুত্রে চন্দ্রগুপ্তের কাষ্ঠনির্মিত প্রাসাদ মেগাস্থিনিসের বিমুগ্ধ বিস্ময় সৃষ্টি করেছিল। বয়ন শিল্পে মৌর্য ভারত অসাধারণ উন্নতি করেছিল। দেশে-বিদেশে ভারতীয় বস্ত্রের কদর ছিল। বাংলা, কাশী, কর্ণাটক ও কোঙ্কন ছিল বস্ত্র শিল্পের প্রধান কেন্দ্র।

বৌদ্ধগ্রন্থ থেকে জানা যায় যে, ব্যবসা-বাণিজ্যের দৌলতে বুদ্ধদেবের সময় থেকেই বহু বণিক অত্যন্ত বিত্তবান হয়ে ওঠে। মৌর্য যুগে আভ্যন্তরীণ ও বৈদেশিক উভয় প্রকার বাণিজ্য সমৃদ্ধ হয়ে উঠেছিল। ব্যবসা-বাণিজ্যের প্রসারের সঙ্গে সঙ্গে উৎপাদন ও বিক্রয় নিয়ন্ত্রণ করার প্রয়োজন হয়েছিল। এই কাজ করত 'অধ্যক্ষ' নামে সরকারী কর্মচারীরা। অন্যদিকে স্থানীয় শিল্পে একচেটিয়া অধিকার প্রতিষ্ঠার উদ্দেশ্যে বড় বড় শহরে বণিক ও শিল্পীরা গিল্ড বা বাণিজ্য সংঘ গড়ে তুলেছিল। শিল্পী বা কারিগরদের সংঘ 'শ্রেণী' নামে অভিহিত হত। রাষ্ট্রীয় স্বীকৃতিপ্রাপ্ত এই বাণিজ্য সংঘগুলি ধনী বণিকরা ও শ্রেণীগুলি ধনী শিল্পীরা নিয়ন্ত্রণ করত। এইভাবে উন্নত কৃষির মাধ্যমে গৃহপতি ও সমৃদ্ধ ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে শ্রেষ্ঠীরা বিত্তবান হয়ে ওঠে এবং ধনতান্ত্রিক ব্যবস্থা গড়ে উঠতে থাকে।

ব্যবসা-বাণিজ্য

মৌর্যোত্তর যুগে অর্থনৈতিক অবস্থাঃ মৌর্যযুগে কৃষি, শিল্প ও আভ্যন্তরীণ বাণিজ্যে যে সমুন্নতি ঘটেছিল তা মৌর্যোত্তর যুগে অক্ষুণ্ণ ছিল। এছাড়া ভারতের বহির্বাণিজ্য খুব সমৃদ্ধ হয়ে ওঠে। চীন দেশের সঙ্গে পূর্বেই বাণিজ্যিক সংযোগ ছিল। অর্থশাস্ত্রে 'চীনসর', 'চীনাপট্ট' প্রভৃতি দ্রব্যের উল্লেখ পাওয়া যায়। 'মিলিন্দ পঞ্হো' নামে বৌদ্ধ গ্রন্থে উল্লেখ আছে যে, জলপথে চীনের সঙ্গে বাণিজ্য চলত। ব্রহ্মদেশ ও তিব্বতের মধ্য দিয়েও চীনের সঙ্গে বাণিজ্যের উল্লেখ আছে।

রোমের সঙ্গে বাণিজ্যিক সংযোগ ছিল। কুষাণ যুগে এই বৈদেশিক বাণিজ্য উন্নতির চরম শিখরে উঠেছিল।

মৌর্য যুগে ভারতের সঙ্গে বহির্বিশ্বের সংযোগ ঃ ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত দিয়ে নানা বিদেশী জাতি এই দেশে অনুপ্রবেশ করায় ও বসতি বিস্তার করায় ভারতের সঙ্গে বহির্বিশ্বের সংযোগ স্বাভাবিক করে তোলে। এছাড়া, শিল্প সমৃদ্ধির সূত্র ধরে বৈদেশিক বাণিজ্যকে সমৃদ্ধ করা ও ভারতীয় ধর্ম প্রচার করার উদ্দেশ্যেও এই সংযোগ অনিবার্য হয়ে ওঠে। আমরা আগেই দেখেছি, অশোক বৌদ্ধধর্ম প্রচারের উদ্দেশ্যে সিংহল, সিরিয়া, মিশর, কাইরিন, ম্যাসিডনিয়া, ইপিরাস, ব্রহ্মদেশ ইত্যাদি দেশগুলির সঙ্গে সম্পর্ক স্থাপন করেছিলেন। আবার আফগানিস্থান (গান্ধার), মধ্য এশিয়া ও গ্রীসের সঙ্গে বাণিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগও গড়ে ওঠে। নেপাল, তিব্বত ও চীনের সঙ্গে তার যোগাযোগ ছিল নিবিড় এবং ব্রহ্মদেশ, সুবর্ণভূমি প্রভৃতি দেশের সঙ্গে দীর্ঘকাল থেকেই তার সংযোগ ছিল। এই যুগেই তক্ষশীলা থেকে ভারতীয় পণ্য ব্যাকট্রিয়া হয়ে কাস্পিয়ান ও ককেশাস দিয়ে ইউরোপ যেত। চীনের সঙ্গেও তার বাণিজ্যিক সংযোগ ছিল। মৌর্যোত্তর যুগে বিশেষতঃ কুষাণ যুগে ভারতের সঙ্গে রোম ও চীনের সংযোগ নিবিড়তর হয়ে ওঠে।

মৌর্য শিল্পকলা ঃ মৌর্যযুগে স্থাপত্য, ভাস্কর্য ও চিত্রকলার প্রভূত উন্নতি হয়েছিল। চন্দ্রগুপ্ত মৌর্যের কাষ্ঠ-নির্মিত প্রাসাদ ও তার অলংকরণ মেগাস্থিনিসকে বিস্ময়ে অভিভূত করেছিল। অশোকের প্রস্তর প্রাসাদের অপূর্ব কারুকার্য ও সৌন্দর্যে বিমোহিত চীনা পরিব্রাজক ফা-হিয়েন মনে করেছিলেন এটি দানবদের তৈরী। সাঁচী, সারনাথ, বুদ্ধগয়া, ইন্দ্রপ্রস্থ ইত্যাদি স্থাপত্য শিল্পের উন্নতির সাক্ষ্য দেয়।

স্থাপত্য শিল্প

ভাস্কর্য শিল্পেও সমুন্নতি ঘটেছিল। সারনাথ স্তম্ভ-শীর্ষের সিংহমূর্তি ও ধৌলির খোদিত হাতীর বিশাল মূর্তি শিল্পীদের আশ্চর্য পরিমিতি বোধ ও দক্ষতার পরিচয় বহন করছে। পাথরের উজ্জ্বল মসৃণতা আজও বিস্ময় উদ্রেক করে।

ভাস্কর্য

আজীবিক গুহায় অঙ্কিত চিত্রগুলি মৌর্য ভারতের চিত্র শিল্পে উন্নতির সাক্ষ্য দেয়। অনেক ইউরোপীয় পন্ডিত এই সমস্ত মৌর্য শিল্পকলার ওপর গ্রীক ও পারসিক প্রভাবের কথা উল্লেখ করেছেন। কিন্তু আধুনিক ভারতীয় পন্ডিতরা মনে করেন যে, কিছুটা বিদেশী প্রভাব পড়লেও এই শিল্পনিদর্শনগুলি মূলতঃ ভারতীয় ও ভারতীয় জীবনাদর্শই এতে প্রতিফলিত হয়েছে।

চিত্রশিল্প

বিদেশী প্রভাব

কুষাণ সাম্রাজ্য

পহ্লবদের পরে ভারতে এসেছিল কুষাণরা। কুষাণরা ছিল মধ্য এশিয়ার যাযাবর ইউচি জাতির পাঁচটি শাখার অন্যতম। কুষাণরা সর্বপ্রথম ব্যাকট্রিয়া বা উত্তর

আফগানিস্তান থেকে শকদের বিতাড়িত করে তা দখল করে নেয়। ক্রমশঃ তারা কাবুল উপত্যকার দিকে এগোতে থাকে এবং গ্রীক ও পহ্লবদের বিতাড়িত করে গান্ধার অধিকার করে। অবশেষে তারা নিম্ন সিন্ধু উপত্যকা ও গাঙ্গেয় উপত্যকার বেশীর ভাগে আধিপত্য প্রতিষ্ঠা করে।

কুষাণদের পরিচয়

খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে কুষাণরাজ প্রথম কদফিস কাবুল ও পশ্চিম গান্ধার জয় করে সিন্ধু নদের পশ্চিম তীর পর্যন্ত রাজ্যবিস্তার করেন। তাঁর পুত্র দ্বিতীয় কদফিসের আমলে উত্তর ভারতের একটি বিস্তৃত অঞ্চল জুড়ে কুষাণ আধিপত্য প্রতিষ্ঠিত হয়।

প্রথম ও দ্বিতীয় কদফিস

কণিষ্ক ঃ কুষাণরাজদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন কণিষ্ক। তাঁর সিংহাসন লাভ ও রাজত্বকাল সম্বন্ধে ঐতিহাসিকরা একমত নন। তবে আধুনিক ঐতিহাসিকদের অধিকাংশই মনে করেন কণিষ্ক ৭৮ খ্রীষ্টাব্দে সিংহাসনে আসীন হন এবং ১০২ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করে- ছিলেন। ৭৮ খ্রীষ্টাব্দ থেকে তিনি শকাব্দ নামে একটি অব্দের প্রচলন করেন।

কণিষ্কের রাজত্বকাল ও শকাব্দের প্রচলন

দক্ষ যুদ্ধবিজেতা কণিষ্ক একটি বিশাল সাম্রাজ্য গড়ে তুলেছিলেন। তিনি কাশ্মীর জয় করেছিলেন। পাঞ্জাব, সিন্ধু ও গান্ধার দেশ তাঁর সাম্রাজ্যভুক্ত ছিল। পূর্বভারতে সারনাথ, বারাণসী, অযোধ্যা বা সাকেত, মথুরা, দক্ষিণে সাঁচী পর্যন্ত তাঁর সাম্রাজ্য বিস্তৃত ছিল।

সাম্রাজ্য বিস্তার

ভারতের অভ্যন্তরে পূর্বে বারাণসী থেকে পশ্চিমে সিন্ধু উপত্যকা, উত্তরে কাশ্মীর থেকে দক্ষিণে সাঁচী পর্যন্ত বিস্তৃত ছিল কণিষ্কের সাম্রাজ্য। ভারতের বাইরেও তাঁর সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল ব্যাকট্রিয়া, কাশগড়, খোটান, ইয়ারখন্দ, পামীর অঞ্চল ও সিনকিয়াং-এর কিছু অংশ এবং সিস্তান বাদে আফগানিস্তান। সুতরাং ভারতের অভ্যন্তরের ও বহির্ভাগের কণিষ্কের সাম্রাজ্যকে একীভূত করে বলা যায় যে, অক্ষু নদীর উপত্যকা থেকে ভারতের গাঙ্গেয় উপত্যকা পর্যন্ত বিশাল ভূখন্ড জুড়ে বিস্তৃত ছিল কুষাণ সাম্রাজ্য।

রাজ্য সীমা

বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকতা ঃ কণিষ্ক বৌদ্ধধর্ম গ্রহণ করেছিলেন এবং এই ধর্মের পৃষ্ঠপোষকতা করেছিলন। তিনি পেশোয়ারে একটি বিশাল বৌদ্ধমঠ নির্মাণ করিয়েছিলেন। ইতিমধ্যে বৌদ্ধধর্ম* 'হীনযান' ও 'মহাযান'—এই দুটি মতে বিভক্ত হয়ে পড়েছিল। এই মতভেদ দূর করা এবং বৌদ্ধধর্মের টীকা প্রস্তুতের জন্য তিনি কাশ্মীরে (মতান্তরে জলন্ধরে) চতুর্থ বৌদ্ধ সঙ্গীতি আহ্বান করেন। বৌদ্ধ পন্ডিত বসুমিত্র এই সম্মেলনে সভাপতিত্ব করেন। এই বৌদ্ধ সঙ্গীতির সিদ্ধান্তের ফলে মহাযান বৌদ্ধধর্মের উদ্ভব ঘটে। কণিষ্ক এই মহাযান ধর্মমত ভারতের ঘরে-বাইরে প্রচার করেন। তাঁরই প্রচারে এই ধর্ম চীন, জাপান ও কোরিয়ায় বিস্তৃতি লাভ করে।

* আদি বৌদ্ধধর্মে (হীনযান) কঠোর সাধনার দ্বারা ব্যক্তিগত নির্বাণের কথা বলা হয়েছিল, কিন্তু মহাযানে সমষ্টিগত নির্বাণের কথা বলা হয় এবং সেকারণে নির্বাণের সহজ পথ অবলম্বন করা হয়। এছাড়া হীনযান ধর্মমতে পৌত্তলিকতার স্থান নেই। কিন্তু মহাযান ধর্মমতাবলম্বীরা বুদ্ধমূর্তির পূজা করতে থাকে।

সাহিত্য ও শিল্পের পৃষ্ঠপোষকতা : সাহিত্য ও শিল্পের পৃষ্ঠপোষক হিসাবেও কণিষ্ক খ্যাতিমান হয়েছিলেন। তাঁর রাজত্বকালে বৌদ্ধ দার্শনিক অশ্বঘোষ, বসুমিত্র, আয়ুর্বেদশাস্ত্রে সুপন্ডিত চরক, বৈজ্ঞানিক নাগার্জুন প্রমুখ মনীষীরা কণিষ্কের রাজসভা অলংকৃত করেছিলেন। তাঁর রাজত্বকালে গ্রীক, রোমান ও বৌদ্ধ শিল্পের সমন্বয়ে যে অপূর্ব 'গান্ধার শিল্পের' উদ্ভব হয় তা সমুন্নত হয়ে ওঠে। কণিষ্ক ভারতীয় শিল্পরীতিকেও উৎসাহিত করতেন। তাঁর স্থাপিত পেশোয়ারের বিহার সে যুগের উন্নত শিল্পরীতির পরিচয় দেয়। তক্ষশীলা, মথুরা ও কাশ্মীরে তিনি বহু চৈত্য নির্মাণ করিয়েছিলেন।

কুষাণ যুগে বহির্বিশ্বের সঙ্গে সংযোগ : কুষাণ যুগে বাণিজ্যিক বা সাংস্কৃতিক সূত্রে ভারতের সঙ্গে বহির্বিশ্বের সংযোগ খুব ঘনিষ্ঠ হয়ে ওঠে।

অশোকের সময় থেকেই আফগানিস্তান বা গান্ধারে বৌদ্ধধর্ম বিস্তৃত হয়েছিল। কণিষ্কের সময় এই সংযোগ এত নিবিড় হয়ে ওঠে যে গান্ধার যেন ভারতেরই অংশে পরিণত হয়েছিল। মধ্য এশিয়ার কাশগড়, খোটান, ইয়ারখন্দ কণিষ্কের সাম্রাজ্যভুক্ত ছিল। কুষাণ রাজত্বকালে ভারতীয় বৌদ্ধ-ধর্ম প্রচারকরা মধ্য এশিয়ার বহু স্থানে গিয়ে এই ধর্ম প্রচার করেন। সুদূর প্রাচ্যেও (অর্থাৎ চীন, জাপান, কোরিয়া,) কণিষ্কের আমলে বৌদ্ধধর্ম প্রচারিত হয়েছিল।

আফগানিস্তান, মধ্য এশিয়া ও দূরপ্রাচ্য

বাণিজ্যিক সূত্র ধরে রোম সাম্রাজ্য ও চীনের সঙ্গে ভারতের সংযোগ ঘনিষ্ঠ হয়ে ওঠে। কুষাণ আমলে মধ্য এশিয়ার পথ ধরে ভারতের সঙ্গে চীনের বাণিজ্যিক ও সাংস্কৃতিক সংযোগ নিবিড় হয়ে উঠেছিল। চীন থেকে চীনা রেশম ব্যাকট্রিয়া হয়ে ভারতের পথে সিন্ধু অঞ্চলের বন্দর দিয়ে রোমে পৌঁছুত। আবার ভারত থেকে মসলা, রেশম, মণি-মুক্তা, চন্দন, গজদন্ত ইত্যাদি ভারতীয় পণ্য সিন্ধু মোহনায় অবস্থিত বারবারিকাম ও দাক্ষিণাত্যের পশ্চিম উপকূলস্থ বারিগজা (ব্রোচ) বন্দরগুলি থেকে রোমে রপ্তানি হত। রোমের সঙ্গে এই বাণিজ্যের ফলে রোম থেকে ভারতে প্রচুর সোনা আসত। এজন্য সমকালীন একজন রোমান লেখক প্লিনি আক্ষেপ করে লিখেছিলেন যে শুধু বিলাসদ্রব্য কিনতে গিয়েই রোমের লক্ষ লক্ষ স্বর্ণমুদ্রা চলে যাচ্ছে।

চীন ও রোম

কুষাণ যুগের সাংস্কৃতিক গরিমা : কুষাণরা বিদেশী হলেও ভারতবর্ষকে আপন দেশ বলে গ্রহণ করেছিলেন এবং সভ্যতা ও সংস্কৃতির ক্ষেত্রে ভারত ইতিহাসের একটি উজ্জ্বল অধ্যায় সংযোজিত করেছিলেন।

কুষাণ যুগে বহির্দেশের সঙ্গে ঘনিষ্ঠ সংযোগের সূত্র ধরে বিশেষতঃ মধ্য ও পূর্ব এশিয়ায় ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি অভূতপূর্ব বিস্তৃতিলাভ করেছিল। এই সমস্ত অঞ্চলে বৌদ্ধধর্ম ক্রমশঃ জনপ্রিয় হয়ে ওঠে। চীন সম্রাটের আমন্ত্রণে বৌদ্ধ পন্ডিত কাশ্যপ মাতঙ্গ চীনে বৌদ্ধধর্ম প্রচার করতে যান কুষাণ যুগেই। এই যুগেই হীনযান ও মহাযান বৌদ্ধ ধর্মমতের মধ্যে

ধর্মীয় ক্ষেত্রে

মতবিরোধ ও বৌদ্ধধর্মের টীকা প্রস্তুতের জন্য চতুর্থ বা সর্বশেষ বৌদ্ধ সঙ্গীতি আহূত হয়েছিল। আদি বৌদ্ধধর্ম বা হীনযান ধর্মমতে ব্যক্তিগত নির্বাণলাভের উপায় সন্ন্যাস-জীবন। কিন্তু মহাযান মতে—সর্বজীবের প্রতি প্রেম এবং ভক্তি সহকারে বৌদ্ধ মূর্তি পূজা দ্বারা গৃহস্থরাও নির্বাণলাভের অধিকারী—এ কথা বলা হয়। এর পর থেকেই মহাযান ধর্মমত শক্তিশালী হয়ে ওঠে।

সাহিত্য ও দর্শন

সাহিত্য দর্শনেও কুষাণ যুগ একটি বিশিষ্ট দিকচিহ্ন। কুষাণ রাজারা ছিলেন কবি ও সাহিত্যিকদের পৃষ্ঠপোষক। বসুমিত্র ও নাগার্জুন ছিলেন দার্শনিক, তাঁরা কণিষ্কের রাজসভা অলঙ্কৃত করেছিলেন। অশ্বঘোষ শুধু দার্শনিকই ছিলেন না, কবি, নাট্যকার, সঙ্গীতজ্ঞ ও নৈয়ায়িক হিসাবেও তাঁর খ্যাতি ছিল। আবার আয়ুর্বেদশাস্ত্রে অসাধারণ পন্ডিত মহর্ষি চরক ছিলেন কণিষ্কের চিকিৎসক।

গান্ধার শিল্প

রাজাদের বিশেষতঃ কণিষ্কের পৃষ্ঠপোষকতায় শিল্পক্ষেত্রেও কুষাণ যুগ চরম উন্নতির কাল। পুরুষপুরের (পেশোয়ার) বিশাল চৈত্য কুষাণ স্থাপত্যের সমুন্নতির সাক্ষ্য। মথুরায় মস্তকহীন কণিষ্কের প্রতিমূর্তি আজও বিস্ময় জাগায়। গ্রীক, রোমান ও বৌদ্ধরীতি মিশে একটি নতুন শিল্পরীতি গড়ে উঠেছিল। এটি গান্ধার শিল্প নামে খ্যাত। গান্ধার (আফগানিস্তান) দেশে এই শিল্পরীতির নিদর্শন সবচেয়ে বেশি পাওয়া গেছে, তাই এই নামকরণ। মহাযান বৌদ্ধদের বুদ্ধমূর্তি পূজার জন্য বুদ্ধমূর্তির প্রয়োজনীয়তা বৃদ্ধি পেলে ভাস্কররা এই শিল্পরীতি অনুসরণ করতে থাকেন। এই শিল্পরীতিতে কেশ শোভিত ভারী পোশাক পরিহিত বুদ্ধমূর্তি গ্রীক দেবতা অ্যাপোলোর অনুকরণে গড়া হয়েছিল। কিন্তু গান্ধার শিল্পে বিদেশী প্রভাব শিল্পের বহিরঙ্গেই প্রকাশিত। বিষয়বস্তু সম্পূর্ণভাবেই ভারতীয়।

সংস্কৃত ভাষার উন্নতি

কুষাণ যুগে পালির চেয়ে সংস্কৃত ভাষাই বেশি উৎকর্ষ লাভ করেছিল। সংস্কৃত ভাষাই জৈন ও বৌদ্ধধর্মের বাহন হয়ে ওঠে। এ যুগের শ্রেষ্ঠ সাহিত্য ও দর্শন সংস্কৃত ভাষাতেই রচিত হয়।

সাতবাহন সাম্রাজ্য

সাতবাহনদের পরিচয়

মৌর্য সাম্রাজ্যের পতনের পর মগধে প্রতিষ্ঠিত ছিল প্রথমে শুঙ্গ বংশ, পরে কাণ্ব বংশ। দাক্ষিণাত্যের পশ্চিমভাগে প্রবল প্রতিপত্তিশালী হয়ে ওঠে সাতবাহন বংশীয় রাজারা। এই সাতবাহনরা 'অন্ধ্র' নামে পরিচিত হলেও অন্ধ্র তাদের আদি বাসভূমি ছিল না। আদি সাতবাহন রাজারা প্রথম আবির্ভূত হয়েছিলেন মহারাষ্ট্রে। পরে তাঁদের রাজ্য অন্ধ্রে সীমাবদ্ধ হয়ে গেলে সম্ভবতঃ তাঁরা ঐ নামে অভিহিত হন। তাঁরা প্রথমে উচ্চতর গোদাবরী উপত্যকায় কর্তৃত্ব স্থাপন করেন। কালক্রমে তাঁরা কর্ণাটক ও অন্ধ্রে আধিপত্য স্থাপন করেন। খ্রীষ্টপূর্ব প্রথম শতাব্দীতে এই রাজবংশ স্থাপন করেছিলেন সিমুক। সাতবাহনরা

দীর্ঘ তিনশ' বৎসর রাজত্ব করে গেছেন। এই বংশের তৃতীয় রাজা শাতকর্ণির সময় তাঁদের মর্যাদা বৃদ্ধি পায়। তিনি মালব দেশের একটি অংশ জয় করে অশ্বমেধ যজ্ঞ করেন। অবশ্য কলিঙ্গরাজ খারভেলের হাতে তাঁর পরাজয় ঘটে। তাঁর সময়ে তাঁদের রাজধানী ছিল প্রতিষ্ঠান (পৈঠান)।

সাতবাহন বংশের শ্রেষ্ঠ নরপতি গৌতমীপুত্র শাতকর্ণির রাজত্বকাল ছিল এই সাম্রাজ্যের সবচেয়ে গৌরবময় কাল। উচ্চ দাক্ষিণাত্য ও পশ্চিম ভারতের শকরা ছিল সাতবাহনদের সবচেয়ে প্রবল প্রতিদ্বন্দ্বী। তিনি শকরাজ নহপানকে পরাজিত করে মহারাষ্ট্র ও মালব জয় করেন। গ্রীক ও পহ্লবদেরও তিনি পরাজিত করে দেশ থেকে বিতাড়িত করেন। এর ফলে উত্তর কোঙ্কন, সৌরাষ্ট্র, বেরার এবং মালবও তাঁর সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়েছিল। তাঁর মাতার নাসিক প্রশস্তিতে আছে তিনি পূর্বঘাট থেকে পশ্চিমঘাট পর্বতমালা পর্যন্ত বিস্তৃত অঞ্চলের অধিপতি ছিলেন। তিনি আনুমানিক ১০৬ খ্রীষ্টাব্দ থেকে ১৩০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন।

সাম্রাজ্য বিস্তার

গৌতমীপুত্র সুশাসকও ছিলেন। তিনি ছিলেন প্রজাহিতৈষী—রাজস্ব ব্যবস্থার পুনর্বিন্যাস করে দরিদ্রদের ওপর থেকে করভার লাঘব করেন। তিনি সমাজ-সংস্কারকও ছিলেন। নাসিক প্রশস্তি থেকে জানা যায় যে, তিনি বর্ণাশ্রম ও চতুর্বর্ণকে রক্ষার জন্য উদ্যোগী হয়েছিলেন। তিনি এইভাবে আর্য সভ্যতাকে দৃঢ়ভাবে দক্ষিণ ভারতে প্রতিষ্ঠিত করেন। দক্ষিণ ও মধ্য ভারতে শক অগ্রগতিকে ব্যাহত করার কৃতিত্ব তাঁরই প্রাপ্য।

শাসক ও সমাজ সংস্কারক হিসাবে

গৌতমীপুত্রের উত্তরাধিকারীরা ২২০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেছিলেন। গৌতমী-পুত্রের পরবর্তী রাজা বশিষ্ঠপুত্র পুলমায়ী (১৩০-১৫৪ খ্রীঃ) কৃষ্ণা ও গোদাবরী নদীর মধ্যবর্তী অন্ধ্রদেশ জয় করেন। কিন্তু তিনি শক-ক্ষত্রপ রুদ্রদমনের হাতে দু'বার পরাজিত হন এবং তাঁর কন্যাকে বিবাহ করেন। অনেক পণ্ডিতের অনুমান এই যে, পুলমায়ী সাম্রাজ্যের পশ্চিমভাগ শকদের অর্পণ করেন এবং অন্ধ্রদেশে তাঁর রাজধানী স্থানান্তরিত করেন। এর পর থেকেই সাতবাহনরা অন্ধ্র নামে পরিচিত হয়।

বশিষ্ঠপুত্র পুলমায়ী

এই বংশের সর্বশেষ পরাক্রান্ত রাজা হলেন যজ্ঞশ্রী শাতকর্ণি। মহারাষ্ট্রের কিছু অংশ ও উত্তর কোঙ্কন শক ক্ষত্রপদের কাছ থেকে পুনরুদ্ধার করেন। তাঁর কতকগুলি মুদ্রায় জাহাজের ছাপ থাকায় বোঝা যায় যে, সাতবাহনরা নৌ-বাণিজ্যেও যথেষ্ট উন্নতি করেছিল। তাঁর মৃত্যুর পর সাতবাহন সাম্রাজ্যের দ্রুত পতন শুরু হয়ে যায়। অবশেষে সাতবাহন রাজ্যের বিভিন্ন অংশে ইক্ষ্বাকু, বাকাটক, পহ্লব, কদম্ব, অভির প্রভৃতি বংশের আধিপত্য প্রতিষ্ঠিত হয়।

পরবর্তী রাজারা

গুপ্ত সাম্রাজ্য

মৌর্য সাম্রাজ্যের ভাঙনের পর কুষাণ ও সাতবাহনরা অত্যন্ত পরাক্রমশালী হয়ে ওঠে। সাতবাহনরা দক্ষিণ ভারতে রাজনৈতিক ঐক্য এবং অর্থনৈতিক সমৃদ্ধি এনেছিলেন, অন্যদিকে কুষাণরা উত্তর ভারতে ঐ একই ভূমিকা পালন করেছিলেন। অবশেষে উভয় সাম্রাজ্যই খ্রীষ্টীয় তৃতীয় শতকের মধ্যভাগে বিলুপ্ত হয়ে যায়। উভয় সাম্রাজ্যের বৃহদংশের ধ্বংসস্তূপের ওপর গড়ে উঠেছিল গুপ্ত সাম্রাজ্য। এই সাম্রাজ্য মৌর্য সাম্রাজ্যের চেয়ে আয়তনে ছোট হলেও প্রায় এক শতাব্দীকাল (৩৩৫ খ্রীঃ থেকে ৪৫৫ খ্রীঃ) উত্তর ভারতে রাজনৈতিক ঐক্য অক্ষুণ্ণ রেখেছিল।

পটভূমিকা

গুপ্ত বংশের উৎপত্তি সম্পর্কে বিশেষ কিছু জানা যায় না। অনেকে মনে করেন গুপ্ত সম্রাটদের কোন একজন পূর্বপুরুষ কুষাণ সম্রাটের অধীনস্থ কর্মচারী ছিলেন। চীনা পরিব্রাজক ই সিং-এর বিবরণে শ্রীগুপ্ত নামে জনৈক রাজার উল্লেখ আছে। সম্ভবতঃ মগধের কোন ক্ষুদ্র অংশে তিনি একজন সামন্তরাজা ছিলেন এবং জাতিতে ছিলেন বৈশ্য।

গুপ্ত বংশের উৎপত্তি

প্রথম চন্দ্রগুপ্ত : গুপ্ত বংশের প্রথম স্বাধীন নরপতি হলেন শ্রীগুপ্তের পৌত্র প্রথম চন্দ্রগুপ্ত। তিনি ক্ষত্রিয় বংশজাত লিচ্ছবী রাজকুমারী কুমার দেবীকে বিবাহ করে শক্তিশালী হয়ে ওঠেন। তাঁর সিংহাসন লাভের বৎসর থেকে (৩১৯-২০ খ্রীষ্টাব্দ) তিনি 'গুপ্ত সম্বত' প্রচলন করেন। একটি আঞ্চলিক রাজ্য থেকে গুপ্তরাজ্যকে সাম্রাজ্যের মর্যাদাদানের সূচনা তিনিই করে গেছিলেন।

সমুদ্রগুপ্ত (৩৩৫-৩৮০ খ্রীঃ) : প্রথম চন্দ্রগুপ্ত কর্তৃক উত্তরাধিকারী মনোনীত হয়ে সমুদ্রগুপ্ত সম্ভবতঃ ৩৩৫ খ্রীষ্টাব্দে মগধের সিংহাসন লাভ করেন। নানাদিক দিয়ে তাঁর রাজত্বকাল (৩৩৫-৩৯০ খ্রীঃ) প্রাচীন ভারত-ইতিহাসের এক গৌরবময় অধ্যায়। এলাহবাদ দুর্গের অভ্যন্তরে প্রস্তরস্তম্ভে উৎকীর্ণ সভাকবি হরিষেণ রচিত প্রশস্তি, বিভিন্ন মুদ্রা ও শিলালিপি, চীনা ঐতিহাসিকদের রচিত গ্রন্থ সমুদ্রগুপ্ত ও তার রাজত্বকালের ওপর যথেষ্ট আলোকপাত করে।

সমুদ্রগুপ্তের রাজত্বকালের উপাদান

সিংহাসন লাভ করেই সমুদ্রগুপ্ত সাম্রাজ্য বিস্তারে মনোনিবেশ করেন। ভারতবর্ষের বৃহদংশের ওপর তাঁর আধিপত্য প্রতিষ্ঠিত হয়েছিল। অবশ্য মৌর্য সাম্রাজ্যের তুলনায় গুপ্ত সাম্রাজ্য বৃহৎ ছিল না। তিনি আর্যাবর্তের নয়টি ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের নরপতিদের শক্তি চূর্ণ করে তাঁদের রাজ্যগুলিকে নিজ সাম্রাজ্যভুক্ত করেন। এই সমস্ত নরপতিদের বহু নাম এলাহবাদ প্রশস্তি থেকে জানা যায়, যথা—অচ্যুত, নাগসেন, গণপতিনাগ, চন্দ্রবর্মণ প্রমুখ। এঁদের রাজ্যগুলির সঠিক অবস্থান নিয়ে পন্ডিতদের মধ্যে প্রচন্ড মতবিরোধ আছে। এরপর মধ্যপ্রদেশের আটবিক রাজ্যগুলি নিজ সাম্রাজ্যভুক্ত করেন।

আর্যাবর্ত বিজয়

আর্যাবর্তে একচ্ছত্র আধিপত্য প্রতিষ্ঠিত করে তিনি দক্ষিণ ভারতের দিকে অগ্রসর

হন। তিনি কোশলের মহেন্দ্র, মহাকান্তারের ব্যাঘ্ররাজা কাঞ্চীর বিষ্ণুগোপ ইত্যাদি রাজাদের সিংহাসনচ্যুত করেন। হরিষেণের মতে দাক্ষিণাত্যে সমুদ্রগুপ্ত গ্রহণ পরিমোক্ষ* নীতি গ্রহণ করেন। এই নীতি ধর্মবিজয় নীতি নামেও অভিহিত। এই নীতি অনুসারে দক্ষিণ ভারতের বিজিত রাজ্যগুলিকে নিজ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত সমুদ্রগুপ্ত করেন নি। বিজিত রাজ্যগুলির রাজাদের কাছ থেকে আনুগত্যের শপথ নিয়েই সন্তুষ্ট ছিলেন। সম্ভবতঃ পাটলিপুত্র থেকে সুদূর দাক্ষিণাত্যের রাজ্যগুলির ওপর প্রত্যক্ষ শাসন প্রতিষ্ঠিত করা অসুবিধা-জনক বিবেচনা করেই তিনি এই নীতি গ্রহণ করেছিলেন।

দক্ষিণ ভারত বিজয়

সমুদ্রগুপ্তের অস্ত্রশক্তির পরিচয় পেয়ে পূর্বসীমান্তস্থিত সমতট (পূর্ব বাংলা), কামরূপ (উত্তর আসাম), দবক (ঢাকা), নেপাল, কর্তৃপুর (জলন্ধরের কর্তারপুর) প্রভৃতি রাজ্যগুলি স্বেচ্ছায় বশ্যতা স্বীকার করে সামন্ত রাজ্যে পরিণত হয়।

সামান্তস্থিত সামন্তরাজ্য

পশিচম সীমান্তস্থিত উপজাতিক প্রজাতন্ত্রগুলিও তাঁর বশ্যতা স্বীকার করে। এগুলিকে সমুদ্রগুপ্ত অধীনস্থ মিত্ররাজ্য হিসাবে গণ্য করতেন বলে কোন কোন ঐতিহাসিক মনে করেন। এলাহবাদ প্রশস্তিতে নয়টি উপজাতির নামোল্লেখ আছে, যথা—মালব, অর্জুনায়ন, যৌধেয়, ক্ষুদ্রক, আভীর, কাক ইত্যাদি। ঐ একই পথ অনুসরণ করেছিলেন উত্তর-পশ্চিম ভারতের কুষাণ ও গুজরাটের শকরাজারা।

অধীনস্থ মিত্র রাজ্য


সমুদ্রগুপ্তের অসাধারণ সামরিক সাফল্য প্রতিবেশী রাষ্ট্রগুলিকেও প্রভাবিত করেছিল। মালব ও সৌরাষ্ট্রের রাজারা তাঁর সঙ্গে সদ্ভাব বজায় রাখার জন্য বহু উপঢৌকন পাঠাতেন। সিংহলের রাজা মেঘবর্মণ তাঁর অনুমতি নিয়ে বুদ্ধগয়ায় একটি বৌদ্ধমন্দির নির্মাণ করেন। অনেকে মনে করেন যে, সমুদ্রগুপ্ত মালয় উপদ্বীপ, জাভা, সুমাত্রা ও অন্যান্য হিন্দু উপনিবেশের ওপর কিছুটা কর্তৃত্ব ভোগ করতেন।

বৈদেশিক রাজাদের সঙ্গে সম্পর্ক

সমুদ্রগুপ্ত "সর্বরাজোচ্ছেত্তা" (অর্থ ঃ সর্ব রাজাদের উচ্ছেদকারী), "ব্যাঘ্রপরাক্রম", "পরাক্রমাঙ্ক", "অশ্বমেধপরাক্রম" ইত্যাদি উপাধি ধারণ করেছিলেন। রাজ্যজয় সমাপ্ত করে তিনি অশ্বমেধ যজ্ঞ করেন, এই যজ্ঞের স্মৃতিরক্ষার্থে স্বর্ণমুদ্রাও প্রচলন করেন। এ সমস্তই প্রমাণ করে যে, তাঁর অপ্রতিহত ক্ষমতা বহুদূর বিস্তৃত ছিল। মৌর্য সম্রাট অশোকের তুলনায় তাঁর সাম্রাজ্য আয়তনে ক্ষুদ্র এবং হরিষেণের প্রশস্তিতে অতিশয়োক্তি থাকতে পারে। তবু তাঁর সাম্রাজ্য বহু-বিস্তৃত ছিল বলা যায়। সাম্রাজ্যের যে অংশ প্রত্যক্ষভাবে সমুদ্রগুপ্তের

রাজ্যসীমা

* গ্রহণ পরিমোক্ষ নীতির অর্থ হল ঃ প্রথমে গ্রহণ অর্থাৎ শত্রুকে পরাজিত করে বন্দী করা, এরপর মোক্ত অর্থাৎ শত্রুর বশ্যতা স্বীকৃতির পর মুক্তি দান। সবশেষে অনুগ্রহ অর্থাৎ পরাজিত শত্রুর সার্বভৌমত্ব ফিরিয়ে না দিলেও তার রাজ্য ফিরিয়ে দেওয়া।


গুপ্ত সাম্রাজ্য
অশোকের শিলালিপি
মৌর্য সাম্রাজ্যের সীমানা
গুপ্ত সাম্রাজ্যের সীমানা
সমুদ্রগুপ্তের অভিযানপথ
গন্ধার
কাবুল
কাশ্মীর
তক্ষশীলা
কুষাণ রাজ্য
কর্তৃপুর
মদ্রক
যৌধেয়
সিন্ধু নদ
দিল্লী
মিরাট
শ্রাবস্তী
নেপাল
ললিতাপুর
কপিলবস্তু
কামরূপ
আশ্রিত
রাজ্য
মথুরা
বৈরাট
অযোধ্যা
কোশল
বৈশালী
ব্রহ্মপুত্র নদ
যমুনা নদী
প্রয়াগ
কাশী
পাটলিপুত্র
শকরাজ্য
সাঁচী
শোণ নদী
বুদ্ধগয়া
সমতট
মালব
উজ্জয়িনী
বঙ্গ
সৌরাষ্ট্র
গিরনার
নর্মদা নদী
মহাকোশল
তাম্রলিপ্তি
তাপ্তী নদী
মহানদী
উড়্র
ধৌলি
সুরাট
নাসিক
গোদাবরী নদী
অন্ধ্র
অমরাবতী
বেঙ্গী
আরব
সিদ্ধপুর
কৃষ্ণা নদী
সাগর
পেন্নার নদী
বঙ্গোপসাগর
কাঞ্চী
পল্লব
কাবেরী নদী
চোল
পাণ্ড্য
সিংহল

শাসনাধীন ছিল তা হল—উত্তরে হিমালয়ের পাদদেশ থেকে দক্ষিণে নর্মদা এবং পূর্বে ব্রহ্মপুত্র থেকে পশ্চিমে যমুনা ও চম্বল নদী পর্যন্ত।

সমুদ্রগুপ্তের কৃতিত্ব ঃ প্রাচীন ভারত-ইতিহাসে সমুদ্রগুপ্ত হলেন অবিস্মরণীয় সম্রাট। যুদ্ধবিজয়ের মাধ্যমে সর্বভারতীয় সাম্রাজ্য গঠনের আদর্শ তিনি সার্থক করে তুলেছিলেন বহুল পরিমাণে। বিজেতা হিসাবে তাঁকে নির্দ্বিধায় 'ভারতীয় নেপোলিয়ন' বলা যায়। অবশ্য বুদ্ধিমত্তা ও হৃদয়বৃত্তিতে তিনি ফরাসী সম্রাট নেপোলিয়নকে অতিক্রম করে গেছিলেন। তিনি ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী। এলাহবাদ প্রশস্তিতে আছে যে, বহু কবিতা লিখে তিনি 'কবিরাজ' উপাধি লাভ করেছিলেন। তিনি একজন সুকবি ও সাহিত্যিক ছিলেন, যদিও তাঁর কোন রচনাই কালের করাল গ্রাস থেকে রক্ষা পায় নি। তিনি সঙ্গীতানুরাগীও ছিলেন। তাঁর মুদ্রায় বীণাবাদনরত মূর্তি খোদিত আছে। তিনি শাস্ত্রজ্ঞ ছিলেন। জ্ঞানী-গুণীর সঙ্গলাভে তিনি আনন্দ পেতেন। সম্ভবতঃ বৌদ্ধ পন্ডিত বসুবন্ধু তাঁর মন্ত্রী ছিলেন। নিজে ব্রাহ্মণ্য ধর্মাবলম্বী হলেও তিনি পরধর্মসহিষ্ণু ছিলেন। তাঁরই অনুমতিতে সিংহলরাজ মেঘবর্মণ বুদ্ধগয়ায় একটি বৌদ্ধ মন্দির নির্মাণ করেছিলেন।

দ্বিতীয় চন্দ্রগুপ্ত (৩৮০-৪১২ খ্রীঃ) ঃ সমুদ্রগুপ্ত কর্তৃক মনোনীত গুপ্ত সাম্রাজ্যের উত্তরাধিকারী দ্বিতীয় চন্দ্রগুপ্ত গুপ্তবংশের অন্যতম সম্রাট। যুদ্ধজয় ও বৈবাহিক সম্পর্ক স্থাপনের মাধ্যমে তিনি গুপ্ত সাম্রাজ্যের সীমা বর্ধিত করেছিলেন। তিনি কুবেরনাগ নামে এক নাগবংশীয়া রাজকন্যাকে বিবাহ করেন। আবার কন্যা প্রভাবতীর সঙ্গে ব্রাহ্মণ বাকাটক বংশীয় রাজা দ্বিতীয় রুদ্রসেনের বিবাহ দেন। রুদ্রসেনের মৃত্যুর পর নাবালক পুত্রের অভিভাবিকা হিসাবে প্রভাবতী পিতৃ-প্রেরিত এক কর্মচারীর সাহায্যে শাসন পরিচালনা করতেন। মধ্যপ্রদেশের নাগ ও দাক্ষিণাত্যের বাকাটক শক্তির সঙ্গে মিত্রতা শক শক্তির বিরুদ্ধে অভিযান করতে প্রভূত সাহায্য করেছিল।

সাম্রাজ্য বিস্তার

শক ক্ষত্রপদের বিরুদ্ধে চন্দ্রগুপ্তের সাফল্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুদীর্ঘ চার শতাব্দী ধরে মালব ও গুজরাটে শকদের আধিপত্য প্রতিষ্ঠিত ছিল। দ্বিতীয় চন্দ্রগুপ্ত শকদের পরাজিত করে ভারতের শক-শাসন সমূলে উচ্ছেদ করেন এবং 'শকারি' উপাধি গ্রহণ করেন। এইভাবে গুপ্ত সাম্রাজ্য আরব সাগর পর্যন্ত বিস্তৃত হয়ে যায়। পশ্চিম উপকূলের ভৃগুকচ্ছ বা বারিগজা বন্দর তাঁর অধিকারে চলে আসে। এই বন্দর থেকে রোম, বাইজান্টিয়াম প্রভৃতির সঙ্গে ভারতের সমৃদ্ধ বাণিজ্য পরিচালিত হত। ভারতীয় পণ্য রেশমের কাপড়, মসলা ছাড়াও চীনের রেশম এই বন্দর থেকেই রপ্তানি হত। এই বিরাট বাণিজ্য গুপ্তরাজদের হস্তাগত হওয়ায় তাঁরা বিত্তশালী হয়ে ওঠেন। এই অঞ্চলের গুরুত্বপূর্ণ শহর উজ্জয়িনীর গুরুত্ব বেড়ে যায়। দ্বিতীয় চন্দ্রগুপ্ত সেজন্যই সম্ভবতঃ উজ্জয়িনীতে তাঁর দ্বিতীয় রাজধানী স্থাপন করেন।

দিল্লীর কুতবমিনারের কাছে একটি লৌহস্তম্ভে জনৈক চন্দ্ররাজার একটি লিপি

খোদিত আছে। অনেকে মনে করেন ঐ চন্দ্ররাজাই হচ্ছেন দ্বিতীয় চন্দ্রগুপ্ত। এই ধারণা যথার্থ হলে তিনি উত্তর-পশ্চিম ভারত ও বঙ্গদেশের একটি বড় অংশের ওপর প্রভুত্ব বিস্তার করেছিলেন।

চন্দ্ররাজ ও দ্বিতীয় চন্দ্রগুপ্ত কি অভিন্ন?

এইভাবে চন্দ্রগুপ্তের রাজ্যসীমা পশ্চিমে আরব সাগরের উপকূল থেকে পূর্বে বঙ্গদেশ পর্যন্ত বিস্তৃত হয়ে পড়েছিল। তিনি সমুদ্রগুপ্তের সাম্রাজ্যকে আরও সুবিস্তৃত ও সুদৃঢ় করেছিলেন। তিনি সমগ্র আর্যাবর্তকে একচ্ছত্র শাসনাধীন করে রাজনৈতিক ঐক্যকে সম্প্রসারিত করেছিলেন। আবার পশ্চিম উপকূল পর্যন্ত সাম্রাজ্য বিস্তার করে বৈদেশিক বাণিজ্যকে সমৃদ্ধ করেছিলেন। সাম্রাজ্যের রাজনৈতিক ঐক্য ও অর্থনৈতিক সমৃদ্ধিতে সমৃদ্ধ সাহিত্য ও শিল্পকলার বিকাশের পথ তিনি প্রশস্ত করেছিলেন।

রাজ্যসীমা ও তার গুরুত্ব

চন্দ্রগুপ্ত 'বিক্রমাদিত্য' উপাধি ধারণ করেছিলেন। অনেকে মনে করেন বহু কাহিনী ও কিংবদন্তীর নায়ক উজ্জয়িনীর বিক্রমাদিত্য ও দ্বিতীয় চন্দ্রগুপ্ত একই ব্যক্তি—এই নায়ক শকদের পরাজিত করে 'শকারি' উপাধি গ্রহণ করেন। তাঁর সভায় নবরত্ন বা ন'জন পন্ডিতের সমাবেশ হয়েছিল। এঁরা হলেন মহাকবি কালিদাস, জ্যোতির্বিদ বরাহমিহির, বৈয়াকরণ বররুচি, অভিধান-প্রণেতা অমর সিংহ, চিকিৎসাবিদ্যা-বিশারদ ধন্বন্তরী, শঙ্কু, বেতালভট্ট, ক্ষপণক ও ঘটকর্পর। এঁরা সম্ভবতঃ সকলেই গুপ্তযুগে আবির্ভূত হয়েছিলেন। কিন্তু সকলেই সমসাময়িক ছিলেন এমন প্রমাণ নেই। দ্বিতীয় চন্দ্রগুপ্ত শকদের পরাজিত করেছিলেন, উজ্জয়িনী সম্ভবতঃ তাঁর দ্বিতীয় রাজধানী ছিল, তিনি বিক্রমাদিত্য উপাধি ধারণ করেছিলেন এবং মহাকবি কালিদাস তাঁর সভা অলঙ্কৃত করতেন। এই ভিত্তিতে অনেকে কিংবদন্তীর বিক্রমাদিত্য ও দ্বিতীয় চন্দ্রগুপ্তকে অভিন্ন ব্যক্তি বলে মনে করেন।

কিংবদন্তীর বিক্রমাদিত্য ও দ্বিতীয় চন্দ্রগুপ্ত কি অভিন্ন লোক?

দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালের একটি উল্লেখযোগ্য ঘটনা হল চীনা পরিব্রাজক ফা-হিয়েন (৩৯৯-৪১৪ খৃঃ) ভারতবর্ষ পরিভ্রমণে এসে ভারতবর্ষ সম্বন্ধে একটি মনোজ্ঞ বিবরণ রেখে গেছেন।

ফা-হিয়েনের বিবরণ : ফা-হিয়েন ছিলেন বিখ্যাত চীনা পরিব্রাজক। ভারতবর্ষে তীর্থস্থানগুলি দেখা ও 'বিনয়পিটক' মূল গ্রন্থটি সংগ্রহ করা ছিল তাঁর উদ্দেশ্য। তিনি স্থলপথে খোটান ও উত্তর-পশ্চিম সীমান্ত অতিক্রম করে উত্তর ভারতে আসেন। ভারতবর্ষে তিনি প্রায় দশ বৎসর কাটিয়েছিলেন—এর মধ্যে পাটলিপুত্রে সম্ভবতঃ তিন বৎসর ও তাম্রলিপ্তিতে দু'বৎসর কাটিয়েছিলেন। দেশে ফিরে ভারতবর্ষ সম্বন্ধে তাঁর প্রত্যক্ষ অভিজ্ঞতার বিবরণ লিখে যান। যদিও তিনি কোন রাজার নামোল্লেখ করেননি, তবু সাল-তারিখের ভিত্তিতে নিশ্চিতভাবে বলা যায় যে, দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলেই তিনি এসেছিলেন। তাঁর বিবরণে গুপ্তযুগের বিভিন্ন দিক চিত্রিত হয়েছে। এইজন্য গুপ্তযুগের ইতিহাস রচনার এটি একটি মূল্যবান উপাদান।

গুপ্তযুগের শাসনব্যবস্থা সম্পর্কে ফা-হিয়েন অকুন্ঠ প্রশংসা করেছেন। জমির

উৎপাদনের একাংশ রাজস্ব হিসাবে আদায় করা হত। জনসাধারণের ওপর কর বা রাজস্বের বোঝা হাল্কা ছিল, কেননা রাজার খাসজমি থেকে আয় হত প্রচুর। জিনিসপত্র ছিল খুব সস্তা। দণ্ডবিধির কঠোরতা ছিল না। অপরাধীদের অর্থদণ্ড দিতে হত। রাজদ্রোহ ছাড়া অঙ্গচ্ছেদ প্রথা প্রচলিত ছিল না। প্রাণদণ্ড প্রথা রহিত হয়েছিল। এক কথায়, সুশাসনে প্রজারা সুখে-শান্তিতে বাস করত।

শাসন ব্যবস্থা ও প্রজাদের সুখ-শান্তি

পাটলিপুত্র নগরীর সমৃদ্ধির কথা বলেছেন ফা-হিয়েন। অশোকের প্রস্তর-নির্মিত প্রাসাদের গঠননৈপুণ্য ও কারুকার্যে বিস্মিত হয়ে তাঁর ধারণা হয়েছিল এটি কোন দানবের কাজ। সেখানে একটি চিকিৎসালয়ও ছিল, এখানে ধনী-নির্ধন সকলেই সুচিকিৎসা লাভ করত। পশু চিকিৎসালয়ও ছিল। মথুরা নগরীতে কুড়িটি বৌদ্ধ মঠে তিন হাজার বৌদ্ধ ভিক্ষু বাস করছে দেখে তিনি মুগ্ধ হয়েছিলেন। অন্যান্য সমৃদ্ধিশালী নগরীর মধ্যে উজ্জয়িনীর উল্লেখ করেছেন তিনি।

শহরের কথা

ফা-হিয়েন যখন এদেশে আসেন তখন ব্রাহ্মণ্যধর্মের প্রসার ঘটেছিল। বৌদ্ধধর্মের কোন কোন কেন্দ্রে বৌদ্ধধর্মের হীনাবস্থা দেখে তিনি দুঃখিত হন। তবে বৌদ্ধধর্মের প্রতি জনগণের শ্রদ্ধা দেখে তিনি সন্তোষবোধ করেছিলেন। হিন্দু ও বৌদ্ধদের মধ্যে সম্প্রদায়গত সম্প্রীতি ছিল।

ধর্মীয় অবস্থা

এদেশের অর্থনৈতিক সমৃদ্ধির প্রশংসায় তিনি ছিলেন পঞ্চমুখ। তাঁর ধারণা মগধের মত অঞ্চলে সকলেই ধনী। ভারতীয়রা সামুদ্রিক বাণিজ্যে লিপ্ত ছিল। বাংলার তাম্রলিপ্ত (বর্তমান তমলুক) ছিল বিখ্যাত বন্দর। এই বন্দর থেকে ভারতীয় সওদাগররা বাণিজ্যতরী নিয়ে যেত সিংহল, ব্রহ্মদেশ, মালয়, কম্বোজ প্রভৃতি স্থানে।

আর্থিক সমৃদ্ধি

সমাজজীবন সম্পর্কেও ফা-হিয়েন অনেক কথা বলেছেন। জনগণের সিংহভাগ বৌদ্ধধর্মনীতি অনুযায়ী জীবন যাপন করত। অবশ্য জাতিভেদ প্রথা ও অস্পৃশ্যতার উল্লেখ তিনি করেছেন। চন্ডাল ও অন্যান্য নীচ জাতিকে বাস করতে হত শহরের বাইরে। শহরে ঢুকতে হলে তারা কাঠি বাজাত যাতে সকলে তাদের কাছ থেকে সরে যেতে পারে। এরা ছাড়া সকলেই ছিল নিরামিষভোজী এবং এরা ছাড়া কেউ প্রাণী হত্যা করত না। জনগণ সচ্ছল ও শান্তি-পূর্ণ জীবনযাপন করত। চুরি-ডাকাতি হ'ত না। ঘরের দরজা খুলে রাখলেও চুরি হত না, রাস্তায় সোনা ফেলে রাখলেও তা ফিরে পাওয়া যেত। আদালতে তাই মামলা-মোকর্দমা বেশি হত না।

সমাজজীবন

পরবর্তী গুপ্তরাজারা : দ্বিতীয় চন্দ্রগুপ্তের পর তাঁর পুত্র প্রথম কুমার গুপ্ত (৪১৫-৪৫৫ খ্রীঃ) সিংহাসন লাভ করেন। তিনি 'মহেন্দ্রাদিত্য' উপাধি গ্রহণ করেন। তাঁর সুদীর্ঘ চল্লিশ বৎসর রাজত্বকালে গুপ্ত সাম্রাজ্যের অখন্ডতা ও গৌরব অক্ষুণ্ণ ছিল। সমুদ্রগুপ্তের মত তিনি অশ্বমেধ যজ্ঞ

প্রথম কুমারগুপ্ত

করেছিলেন। তাঁর রাজত্বকালের শেষ দিকে নর্মদা উপত্যকার পুষ্যমিত্র নামে এক দুর্ধর্ষ উপজাতি গুপ্ত সাম্রাজ্য আক্রমণ করেছিল। কিন্তু শেষ পর্যন্ত যুবরাজ স্কন্দগুপ্ত প্রবল যুদ্ধ করে তাদের পরাজিত করে গুপ্ত সাম্রাজ্যকে রক্ষা করেন।

স্কন্দগুপ্ত

প্রথম কুমারগুপ্তের পর তাঁর পুত্র স্কন্দগুপ্ত (৪৫৫-৪৬৭ খ্রীঃ) বিক্রমাদিত্য উপাধি গ্রহণ করেন। তিনি ছিলেন গুপ্তবংশের শেষ শক্তিশালী নরপতি। সিংহাসন লাভের পরই তাঁকে দুর্ধর্ষ হূণ নামে এক বিদেশী জাতির প্রবল আক্রমণের সম্মুখীন হতে হয়। পশ্চিম ও উত্তর সীমান্তে তাদের প্রবল আক্রমণে গুপ্ত সাম্রাজ্য বিপন্ন হয়ে ওঠে। কিন্তু তিনি শেষ পর্যন্ত হূণদের পরাজিত করে সাম্রাজ্য রক্ষা করতে সমর্থ হন।

গুপ্ত সাম্রাজ্যের পতনের কারণ : স্কন্দগুপ্তের মৃত্যুর পর থেকে ধীরে ধীরে গুপ্ত সাম্রাজ্য ধ্বংস হয়ে যায়। ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে গুপ্ত সাম্রাজ্যের অস্তিত্ব প্রায় বিলুপ্ত হয়। এর পিছনে কতকগুলি কারণ ছিল।

পুষ্যমিত্র জাতির আক্রমণ

প্রথমতঃ, কুমারগুপ্তের রাজত্বকালে পুষ্যমিত্র নামে দুর্ধর্ষ পার্বত্য জাতি গুপ্ত সাম্রাজ্য আক্রমণ করে। কুমারগুপ্ত সাফল্যের সঙ্গে তাদের আক্রমণ প্রতিরোধ করেন। কিন্তু এদের শক্তি হ্রাস পায় নি। আঘাতের পর আঘাত করে তারা সাম্রাজ্যের ভিত্তি দুর্বল করে দেয়।

হূণ আক্রমণ

দ্বিতীয়তঃ, আভ্যন্তরীণ বিদ্রোহে যখন সাম্রাজ্য হীনবল, তখন বিদেশী হূণ জাতির আক্রমণ ঘটে। ৪৮৫ খ্রীষ্টাব্দের মধ্যেই হূণরা পূর্ব মালব ও মধ্য ভারতের কতকাংশ দখল করে নেয়। অবশ্য মালবের যশোধর্মণ হূণ শক্তিকে চূর্ণ করেছিলেন। কিন্তু তিনি শেষ পর্যন্ত গুপ্ত কর্তৃত্বকে অস্বীকার করেছিলেন। যশোধর্মণের রাজত্বকাল দীর্ঘস্থায়ী না হলেও গুপ্ত সাম্রাজ্যের ওপর প্রবল আঘাত হেনেছিল।

প্রাদেশিক শাসক ও সামন্তরাজাদের স্বাধীনতা ঘোষণা এবং অর্থ নৈতিক পঙ্গুত্ব

তৃতীয়তঃ, আভ্যন্তরীণ বিদ্রোহ ও বৈদেশিক আক্রমণে যখন গুপ্ত সম্রাটরা বিব্রত, তখন সুযোগ বুঝে স্বার্থান্ধ প্রাদেশিক শাসকরা স্বাধীন হয়ে পড়ে। বলভী বা সৌরাষ্ট্রে মৈত্রক, উত্তর প্রদেশে মৌখরীরা গুপ্ত সাম্রাজ্যের আনুগত্য অস্বীকার করে। বলভীর শাসকরা গুজরাট ও পশ্চিম মালবে প্রাধান্য প্রতিষ্ঠিত করে। পঞ্চম শতাব্দীর মধ্যেই পশ্চিম ভারত হাতছাড়া হয়ে যাওয়ায়, গুপ্ত সম্রাটদের সমৃদ্ধ বৈদেশিক বাণিজ্য বন্ধ হয়ে যায়। ফলে গুপ্ত সাম্রাজ্যের অর্থনৈতিক ভিত্তি শিথিল হয়ে পড়ে।

গুপ্ত রাজকুমারদের অন্তর্দ্বন্দ্ব

চতুর্থতঃ, স্বার্থপর গুপ্তরাজকুমাররা পতনোন্মুখ সাম্রাজ্যকে নিজেদের মধ্যে বন্টন করার হীন চক্রান্তে লিপ্ত হন। প্রাদেশিক শাসনকর্তাদের স্বার্থের দ্বন্দ্বেও অংশ নেওয়ায় গুপ্ত সাম্রাজ্য হীনবল হয়ে পড়ে।

সামরিক প্রস্তুতির প্রতি অবহেলা

সর্বশেষে, স্কন্দগুপ্তের পরবর্তী বহু গুপ্ত সম্রাট বৌদ্ধধর্মের প্রভাবে অহিংসা ও মৈত্রীনীতির দ্বারা উদ্বুদ্ধ হয়ে সামরিক প্রস্তুতি সম্বন্ধে অবহেলা করেন। ফলে গুপ্ত সাম্রাজ্যের পতন ত্বরান্বিত হয়।

পূর্বোল্লিখিত কারণগুলির জন্য গুপ্ত সাম্রাজ্যের পতন ঘটে। ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে এই সাম্রাজ্য সঙ্কুচিত হয়ে পরিণত হয় একটি ক্ষুদ্র রাজ্যে। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে সেটির সম্পূর্ণ অবলুপ্তি ঘটে।

গুপ্ত যুগের নানা দিক ঃ গুপ্তযুগ ভারত-ইতিহাসের একটি স্বাতন্ত্র্য-চিহ্নিত অধ্যায়। এই যুগে নানা দিকে ভারতবর্ষের সমুন্নতি ঘটেছিল। প্রায় দু'শতাব্দী-ব্যাপী স্থায়ী রাজনৈতিক ঐক্য এই যুগেই গড়ে উঠেছিল। একটি দক্ষ ও উন্নত শাসন ব্যবস্থা জনগণের সুখ-শান্তি সুনিশ্চিত করেছিল। দেশের এই ঐক্য, শান্তি ও সমৃদ্ধির ফলে ভারতীয়রা জীবনের বিভিন্ন ক্ষেত্রে সৃজনধর্মী কাজে আত্মনিয়োগ করতে পেরেছিল।

রাজনৈতিক ঐক্য এবং শান্তি-সমৃদ্ধি

ফা-হিয়েনের বিবরণ ও অন্যান্য তথ্য থেকে গুপ্ত যুগের সামাজিক অবস্থা সম্পর্কে জানা যায়। গুপ্ত রাজারা জাতিতে সম্ভবতঃ বৈশ্য হলেও ব্রাহ্মণ-পুরোহিতরা তাঁদের ক্ষত্রিয় হিসাবে গণ্য করতেন। এই রাজারা ব্রাহ্মণ্য ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। ব্রাহ্মণরা এঁদের কাছ থেকে প্রচুর ভূমিদান গ্রহণ করে বিত্তশালী হয়ে ওঠেন। সুতরাং তাঁদের আধিপত্য বেড়ে যায়। গুপ্তযুগে রচিত স্মৃতিশাস্ত্রগুলি থেকে প্রমাণিত হয় যে, ব্রাহ্মণরা সমাজে বিশেষ সুবিধাপ্রাপ্ত সম্প্রদায় ছিল। ব্রাহ্মণ্য ধর্ম শক্তিশালী হয়ে ওঠার ফলে জাতিভেদ প্রথা অত্যন্ত কঠোর হয়ে ওঠে। হূণরা হিন্দুদের ক্ষত্রিয় সমাজে স্থান পায়। তারা ক্ষত্রিয় রাজপুতদের ছত্রিশটি উপজাতির মধ্যে অন্যতম গণ্য হয়। আজও রাজপুতদের কেউ কেউ হূণ উপাধি ব্যবহার করে। এই যুগে একদিকে বিদেশী জাতি হিন্দু সমাজে বিলীন হয়ে যাচ্ছিল, অন্যদিকে এর প্রতিক্রিয়ায় সমাজের বিধিনিষেধগুলি সুস্পষ্টভাবে লিপিবদ্ধ হয়। সমাজের এই রক্ষণশীল প্রকৃতি স্মৃতিশাস্ত্রগুলিতে খুব স্পষ্ট। এই যুগেই অস্পৃশ্য উপজাতির সংখ্যা বেড়ে যায়। চন্ডালরা শহরের বাইরে বাস করত। এই অস্পৃশ্য জাতি কাঠি বাজিয়ে লোকদের সতর্ক করে দিত যাতে তাদের সান্নিধ্যে উচ্চজাতির লোকেরা অপবিত্র না হয়—এ কথা বলেছেন ফা-হিয়েন। এই চন্ডালরা ছাড়া কেউ প্রাণিহত্যা করত না এবং মাছ, মাংস খেত না।

ব্রাহ্মণ্য ধর্মের প্রসারতা ও কঠোর জাতিভেদ প্রথা

নারীরা এই যুগে রামায়ণ, মহাভারত ও পুরাণ পাঠ শোনার অধিকার পায়। তবু নারীর সামাজিক মর্যাদা বাড়ে নি। স্মৃতিশাস্ত্রে বাল্যবিবাহের নির্দেশ আছে। পুরুষরা বহু-বিবাহে অভ্যস্ত ছিল। সতীদাহ প্রথা একেবারে লুপ্ত হয়ে যায়নি। শূদ্রদের অবস্থার উন্নতি ঘটে। তারা নতুন দেবতা কৃষ্ণের পূজা আরম্ভ করেছিল। সপ্তম শতাব্দীর পর থেকে তারা গৃহভৃত্য দাস ও কৃষি-মজুরের থেকে কৃষকে উন্নীত হয়।

নারী ও শূদ্রদের অবস্থা

ধর্মীয় ক্ষেত্রে বৌদ্ধধর্মের ক্রমাবনতি ও ব্রাহ্মণ্য ধর্মের চরম উন্নতি ঘটেছিল। কিন্তু বৈদিক যুগের ব্রাহ্মণ্য ধর্মের সঙ্গে এই ব্রাহ্মণ্য ধর্মের প্রভূত পার্থক্য ছিল। পুরাণগুলি এই হিন্দুধর্মের ভিত্তি রচনা করেছিল বলে এটি পৌরাণিক ধর্ম বলে

পরিচিত। যাগযজ্ঞের পরিবর্তে মূর্তিপূজা প্রাধান্য পায়। এই সময় থেকে হিন্দুদের মধ্যে ব্রহ্মা, বিষ্ণু, শিব এবং দুর্গা, কালী, লক্ষ্মী, সরস্বতী প্রভৃতি দেবদেবীর পূজার প্রচলন হয়। হিন্দুধর্ম বলতে যা বোঝায়, গুপ্ত যুগে তার প্রথম স্পষ্ট প্রকাশ দেখা যায়। গুপ্তরাজারা ছিলেন পরধর্মসহিষ্ণু। ধর্মের ক্ষেত্রে সাম্প্রদায়িক সম্প্রীতি ছিল এই যুগের অন্যতম বৈশিষ্ট্য।

ধর্মীয় অবস্থা

গুপ্ত যুগ অর্থনৈতিক দিক থেকে খুবই সমৃদ্ধ ছিল। পশ্চিমে আরব সাগরের উপকূল ও পূর্বে বঙ্গোপসাগরের উপকূল পর্যন্ত সাম্রাজ্য বিস্তৃত হওয়ায় অন্তর্দেশীয় বাণিজ্য প্রসার লাভ করে। অন্যদিকে পশ্চিমে ভৃগুকচ্ছ ও পূর্বে তাম্রলিপ্ত ও অন্যান্য বন্দর থেকে বহির্বাণিজ্য খুবই বিস্তৃতি লাভ করেছিল। ফলে দেশ সমৃদ্ধিশালী হয়ে ওঠে। কিন্তু ৫৫০ খ্রীষ্টাব্দের মধ্যে গুপ্ত ভারতের বহির্বাণিজ্যে ভাঁটা পড়তে থাকে। কেননা ভারতীয় রেশমের ক্রেতা পূর্ব রোমান সাম্রাজ্যের অধিবাসীরা চীনাদের কাছ থেকে রেশম উৎপাদন শিখে নিয়েছিল। ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগের আগেই বিদেশে ভারতীয় রেশমের চাহিদা হ্রাস পেয়েছিল।

অর্থনৈতিক অবস্থা

পূর্বেই বলা হয়েছে ব্রাহ্মণরা গুপ্তরাজদের কাছ থেকে ভূমিদান গ্রহণ করে ধনী হয়ে ওঠে। কৃষির ক্ষেত্রে এইভাবে ব্রাহ্মণ ভূস্বামী সম্প্রদায়ের উদ্ভব ঘটে।

ব্রাহ্মণ ভূস্বামী সম্প্রদায়ের উদ্ভব

ভারতীয় সভ্যতা-সংস্কৃতির ইতিহাসে গুপ্ত শাসনকাল একটি বিশিষ্ট দিকচিহ্ন। এটি প্রাচীন ভারত-ইতিহাসের 'স্বর্ণ যুগ' আখ্যা লাভ করেছে। গুপ্ত যুগের দীর্ঘকালব্যাপী রাজনৈতিক ঐক্য, শান্তি-শৃঙ্খলা, বাণিজ্য বিস্তার, সুদক্ষ শাসনব্যবস্থা, জনগণের বৈষয়িক উন্নতি জনগণকে ধর্ম-সাহিত্য-বিজ্ঞান-দর্শনের চর্চায় উদ্বুদ্ধ করেছিল। ফলে সর্বক্ষেত্রে নবজাগরণের জোয়ার দেখা দিয়েছিল।

স্বর্ণ যুগ

সংস্কৃত সাহিত্যের ক্ষেত্রে গুপ্ত যুগ অভাবনীয় উন্নতির কাল। গুপ্তরাজারা সংস্কৃত ভাষা ও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। এই যুগ বহু ধর্ম-নিরপেক্ষ সাহিত্য-কীর্তির জন্য বিখ্যাত। এই পর্বে ভাস তেরটি নাটক রচনা করেছিলেন। ভারতীয় কবি ও নাট্যকারদের মধ্যে শ্রেষ্ঠ মহাকবি কালিদাস দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজসভা অলংকৃত করেছিলেন। তাঁর রচিত 'শকুন্তলা', 'মেঘদূত', 'কুমারসম্ভব' প্রভৃতি বিশ্বসাহিত্যের দরবারে মর্যাদাপূর্ণ স্থান লাভ করেছে। 'মৃচ্ছকটিক'-প্রণেতা শূদ্রক, 'মুদ্রারাক্ষস'-রচয়িতা বিশাখ দত্ত, 'কিরাতার্জুনীয়ম্' প্রণেতা ভারবি গুপ্ত যুগেই আবির্ভূত হয়েছিলেন।

ধর্মনিরপেক্ষ সাহিত্য

ধর্মীয় সাহিত্যেও গুপ্ত যুগ সমৃদ্ধ। এই যুগে রামায়ণ ও মহাভারত মহাকাব্য দুটি ও অষ্টাদশ পুরাণগুলি সঙ্কলিত হয়ে নতুন সাহিত্যের রূপ লাভ করে। এই মহাভারতেই আছে 'ভগবদ্গীতা' যা হিন্দু চিন্তার শ্রেষ্ঠ ফসল। অন্যদিকে বৌদ্ধ দার্শনিক ও গ্রন্থকার বসুবন্ধু এই যুগেই আবির্ভূত হয়েছিলেন।

ধর্মীয় সাহিত্য

শিল্পকলা ও ভাস্কর্যের ক্ষেত্রেও গুপ্ত যুগের অনন্য অবদান ছিল। গুপ্ত যুগের বহু স্থাপত্য শিল্পের নিদর্শন মুসলমান আক্রমণে ধ্বংস হয়ে যায়। তবু যেগুলি টিকে আছে সেগুলির মধ্যে কানপুরের কাছে ভিতরগাঁও-এর মন্দির এবং ঝাঁসীর কাছে অবস্থিত দেওগরের মন্দিরটি বিশেষভাবে উল্লেখযোগ্য। এই মন্দির দুটি অপূর্ব কারুকার্যে শোভিত। সারনাথের প্রস্তর মন্দিরও গুপ্ত স্থাপত্যের উৎকর্ষ ঘোষণা করছে। গুহা স্থাপত্যেও গুপ্ত শিল্পীরা দক্ষতা দেখিয়েছিলেন। বিশ্ববিখ্যাত অজন্তার বৌদ্ধমঠগুলি শিল্পকর্মে সমৃদ্ধ। পাথর কেটে সেখানে তৈরি হয়েছিল বহু স্তম্ভ, অলিন্দ ইত্যাদি।

স্থাপত্য শিল্প

ভাস্কর্য শিল্পেও গুপ্ত যুগে অভূতপূর্ব উন্নতি ঘটে। সারনাথের ধ্যানমগ্ন বুদ্ধমূর্তি, মথুরার দন্ডায়মান বুদ্ধ ও সুলতানগঞ্জের দু' মিটারের বেশী উঁচু ব্রোঞ্জের বুদ্ধমূর্তি এই যুগের শ্রেষ্ঠ বৌদ্ধ ভাস্কর্যের নিদর্শন। পৌরাণিক কাহিনী অবলম্বনে রাম, কৃষ্ণ, শিব, বিষ্ণু ইত্যাদি দেবতার মূর্তি গুপ্ত হিন্দু ভাস্কর্যের নিদর্শন।

ভাস্কর্য

চিত্রকলায় গুপ্ত যুগের অবদান অসাধারণ। অজন্তার গুহাচিত্রগুলি গুপ্ত যুগের চিত্রশিল্পের সমুন্নতি আজও ঘোষণা করছে। অবশ্য এই চিত্রগুলি প্রথম থেকে সপ্তম শতাব্দীর মধ্যে অঙ্কিত হলেও, অধিকাংশ গুপ্ত যুগেই অঙ্কিত। প্রধানতঃ বুদ্ধদেবের জীবনের বিভিন্ন ঘটনা ও তাঁর পূর্বজন্মের বিভিন্ন ঘটনা এগুলির বিষয়বস্তু। জীবন্ত ও বর্ণাঢ্য এই ছবিগুলি আজও দর্শকদের বিমুগ্ধ বিস্ময় সৃষ্টি করে চলেছে। প্রায় ১৪০০ বৎসর অতিক্রান্ত হলেও ছবিগুলির রঙ্ নষ্ট হয়ে যায় নি।

অজন্তার চিত্রশিল্প

গুপ্ত যুগে বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার ক্ষেত্রেও বিস্ময়কর উন্নতি ঘটেছিল। গণিত, জ্যোতিষ, রসায়ন প্রভৃতি ক্ষেত্রে ভারতীয়রা সবিশেষ উন্নতি করেছিলেন। এ যুগের শ্রেষ্ঠ গণিতশাস্ত্র-বিশারদ আর্যভট্ট গ্রহ-নক্ষত্রের অবস্থান সম্পর্কে অভ্রান্ত সিদ্ধান্তে পৌঁছেছিলেন—পৃথিবী যে নিজ কক্ষপথে ঘুরছে তাও তাঁর অজানা ছিল না। প্রখ্যাত জ্যোতির্বিদ বরাহমিহির সূর্য ও চন্দ্রগ্রহণ এবং গ্রহ-উপগ্রহগুলির অবস্থান বিষয়ে আলোকপাত করেন। ব্রহ্মগুপ্ত মাধ্যাকর্ষণ নীতি সম্পর্কে ধারণা করেছিলেন। ভারতে দশমিক প্রথা অজানা ছিলনা। গুপ্ত যুগে শল্যবিদ্যার প্রচলন ছিল—প্রখ্যাত শল্য চিকিৎসক সুশ্রুত সম্ভবতঃ এই যুগেই আবির্ভূত হয়েছিলেন। দিল্লীর কুতবমিনারের কাছে চন্দ্ররাজের লৌহস্তম্ভ গুপ্ত যুগের ধাতু শিল্পের উৎকর্ষের পরিচয় দিচ্ছে—আজও তাতে মরিচা ধরেনি। রসায়ন শাস্ত্রে সুপন্ডিত নাগার্জন গুপ্ত যুগেরই লোক।

বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা

———

গুপ্ত যুগের পর উত্তর ভারত

স্কন্দগুপ্তের মৃত্যুর পর থেকে গুপ্ত সাম্রাজ্য হীনবল হয়ে পড়তে থাকে। সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে ধীরে ধীরে বিভিন্ন অঞ্চলে কয়েকটি স্বাধীন রাজ্য গড়ে উঠতে থাকে —যেমন গান্ধার ও পাঞ্জাব থেকে মালব পর্যন্ত মধ্য এশিয়ার বর্বর জাতি হূণদের রাজ্য, বলভীর মৈত্রক বংশ, থানেশ্বরের পুষ্যভূতি বংশ, কনৌজের মৌখরী বংশ এবং দক্ষিণ-পূর্ব ও উত্তরবঙ্গের রাজ্য দুটি। এদের পারস্পরিক দ্বন্দ্বে রাজনৈতিক অস্থিরতা দেখা দেয়।

যশোধর্মন
(৫৩০-৫৫০ খ্রীঃ)

গুপ্ত সাম্রাজ্যের পতনোন্মুখ পরিস্থিতিতে মালবের যশোধর্মন নামে একজন সামন্ত তাঁর শক্তি বৃদ্ধি করেন। তাঁর রাজধানী ছিল মান্দাশোর। যশোধর্মনের মান্দাশোর লিপি থেকে জানা যায় যে, তিনি হূণরাজ মিহিরকুলকে পরাজিত করেন (৫৩৩ খ্রীঃ)। এর পর তিনি রাজ্য বিস্তারে মনোযোগী হন। তাঁর রাজ্য ব্রহ্মপুত্র থেকে আরব সাগর ও হিমালয় থেকে পূর্বঘাট পর্যন্ত বিস্তৃত ছিল। যশোধর্মনের মৃত্যুর সঙ্গে সঙ্গেই মান্দাশোর রাজবংশের পরিসমাপ্তি ঘটে (৫৫০ খ্রীঃ)।

শশাঙ্ক কর্তৃক
গৌড় জয়

গৌড় সাম্রাজ্যের অভ্যুদয়ঃ গুপ্ত সাম্রাজ্য যখন পতনোন্মুখ তখন গুপ্ত উপাধিধারী রাজারা উত্তরবঙ্গ ও পশ্চিমবঙ্গের কতকাংশে স্বাধীনভাবে রাজত্ব করতে শুরু করেন। এই সময় এই অঞ্চল গৌড় নামে পরিচিতি লাভ করে। কনৌজের মৌখরী ও দাক্ষিণাত্যের চালুক্যরাজদের অবিরত আক্রমণে গৌড়রাজারা হীনবল হয়ে পড়েন। এই সুযোগে শশাঙ্ক নামে একজন সামন্ত ৬০৬ খ্রীষ্টাব্দ নাগাদ গৌড়দেশ জয় করে কর্ণসুবর্ণ নগরে রাজধানী স্থাপন করেন। রাজা হয়েই শশাঙ্ক রাজ্যবিস্তারে মনোনিবেশ করেন। এর ফলে উত্তর ভারতের উদীয়মান রাষ্ট্রগুলির সঙ্গে তাঁর বিরোধের সূত্রপাত হয়। দক্ষিণ দিকে রাজ্যবিস্তার করে তিনি দন্ডভুক্তি (মেদিনীপুর), উৎকল ও কোঙ্গদ (গঞ্জাম) জয় করেন। মগধ রাজ্যও তাঁর সাম্রাজ্যভুক্ত ছিল। এরপর সম্ভবতঃ বারাণসী পর্যন্ত তাঁর রাজ্য বিস্তারলাভ করেছিল। এইভাবে গৌড় সাম্রাজ্য মৌখরী রাজ্যের পূর্ব সীমান্তে পেঁছে যায়। ফলে কনৌজের সঙ্গে শশাঙ্কের সংঘাত অনিবার্য হয়ে ওঠে।

কনৌজ জয়

দীর্ঘকাল ধরে কনৌজের মৌখরী রাজারা মগধ ও গৌড় অধিকারের জন্য সচেষ্ট ছিলেন। তাঁদের প্রতিরোধ করার জন্য শশাঙ্ক মালবরাজ দেবগুপ্তের সঙ্গে মৈত্রীবদ্ধ হন। সম্ভবতঃ স্থির হয়েছিল উভয়ে সম্মিলিতভাবে কনৌজ আক্রমণ করবেন। কিন্তু দেবগুপ্ত শশাঙ্কের সঙ্গে মিলিত হওয়ার পূর্বেই সর্বশেষ মৌখরিরাজ গ্রহবর্মনকে পরাজিত ও নিহত করে কনৌজ অধিকার করেন। শশাঙ্ক রাজমহিষী রাজ্যশ্রীকে বন্দী করে রাখেন। এরপর দেবগুপ্ত

কনৌজের মিত্র রাষ্ট্র থানেশ্বরের অভিমুখে যাত্রা করেন। এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, তৎকালীন থানেশ্বরের পুষ্যভূতি বংশের রাজা রাজ্যবর্ধন ছিলেন গ্রহবর্মনের শ্যালক। দেবগুপ্ত শেষ পর্যন্ত রাজ্যবর্ধনের হাতে পরাজিত ও নিহত হলেন। এরপর রাজ্যবর্ধন কনৌজের দিকে অগ্রসর হলে পথে শশাঙ্কের হাতে পরাজিত ও নিহত হন।


রাজ্যবর্ধনের সঙ্গে যুদ্ধ

মাত্র অল্প কিছুকালের ব্যবধানে এইভাবে কনৌজ ও থানেশ্বরের সিংহাসন শূন্য হয়। সম্ভবতঃ অমাত্যদের অনুরোধেই রাজ্যবর্ধনের কনিষ্ঠ ভ্রাতা হর্ষবর্ধন দুই রাজ্যেরই শাসনভার গ্রহণ করেন। রাজা হয়েই হর্ষবর্ধন ভগ্নী রাজ্যশ্রীকে উদ্ধার করেন এবং ভ্রাতৃহত্যার প্রতিশোধ নিতে শশাঙ্কের বিরুদ্ধে অগ্রসর হন। সুযোগ বুঝে শশাঙ্কের অপর শত্রু কামরূপের রাজা ভাস্করবর্মন হর্ষবর্ধনের সঙ্গে মৈত্রী গড়ে তোলেন। শশাঙ্কের সঙ্গে হর্ষবধনের কোন যুদ্ধ হয়েছিল কিনা সন্দেহ আছে। তবে মনে হয় হর্ষবর্ধন-ভাস্করবর্মন জোটের জন্য তিনি কনৌজ পরিত্যাগ করে চলে যান। কনৌজ পরিত্যাগের পরেও শশাঙ্ক ও হর্ষের মধ্যে সম্পর্কের উন্নতি ঘটেনি। শশাঙ্কের জীবদ্দশায় হর্ষবর্ধন তাঁর কোন ক্ষতিসাধন করতে পারেন নি।

হর্ষবর্ধন-ভাস্করবর্মন বনাম শাশঙ্ক

চীনা পরিব্রাজক হিউয়েন-সাঙের বিবরণী থেকে জানা যায় যে, শশাঙ্ক তাঁর মৃত্যু-কাল (৬৩৭ খৃীঃ) পর্যন্ত মগধের ওপর অধিকার বজায় রেখেছিলেন। এক কথায়, শশাঙ্ক তাঁর মৃত্যু পর্যন্ত সগৌরবে রাজত্ব করেছিলেন। শশাঙ্কের মৃত্যুর পর তাঁর পুত্র মানবদেবকে পরাজিত করে হর্ষ ও ভাস্করবর্মন বাংলাদেশ ভাগ করে নিয়েছিলেন।

হর্ষবর্ধনের রাজ্যজয়ঃ পুষ্যভূতি বংশীয় থানেশ্বর ও কনৌজের রাজা হর্ষবর্ধনের রাজ্যজয় সম্বন্ধে অভ্রান্তভাবে বলা মুশ্কিল। তাঁর সমসাময়িক চীনা পরিব্রাজক হিউয়েন-সাঙ্ তাঁর বিবরণীতে বলেছেন যে, হর্ষবর্ধন ক্রমান্বয়ে পাঁচ বৎসর রাজ্যজয়ে ব্যস্ত ছিলেন। কিন্তু এগুলির কোন বিস্তৃত বিবরণ দেন নি। পূর্বেই বলা হয়েছে যে, রাজ্যশ্রীকে উদ্ধার করে তিনি গৌড়রাজ শশাঙ্কের বিরুদ্ধে অগ্রসর হন। কিন্তু তিনি শশাঙ্ককে জব্দ করতে পারেননি।



হর্ষবর্ধন

শশাঙ্ক আমৃত্যু মগধে সগৌরবে রাজত্ব করেছিলেন। অবশ্য শশাঙ্কের মৃত্যুর পর তাঁর সাম্রাজ্যের অন্তর্ভুক্ত মগধ, পশ্চিমবঙ্গ, উড়িষ্যা ও কঙ্গোদ হর্ষ জয় করে নেন।

পশ্চিমে তিনি সৌরাষ্ট্রের বলভী রাজ্যের রাজা ধ্রুব সেনকে পরাজিত করে নিজ অধিপত্য বিস্তার করেন। কিন্তু ধ্রুব সেনের সঙ্গে হর্ষবর্ধন নিজ কন্যার বিবাহ দিলেও ধ্রুব সেন স্বাধীন রাজা হিসেবে রাজ্য শাসন করেন। এছাড়া হর্ষবর্ধন লতা, মালব ও গুর্জরদের পরাজিত করতে পারেন নি। হর্ষবর্ধনের সভাকবি বাণভট্ট রচিত 'হর্ষচরিতে' আছে যে, তিনি সিন্ধুদেশ আক্রমণ করেন ও সেখানকার সম্পদ আত্মসাৎ করেন। এটি কবির অতিরঞ্জন কেননা হিউয়েন-সাঙ্ বলেছেন যে সিন্ধুদেশ স্বাধীন ছিল। নেপাল ও কাশ্মীর তাঁর সাম্রাজ্যভুক্ত ছিল কিনা তার সুস্পষ্ট প্রমাণ নেই। দাক্ষিণাত্যের অপ্রতিদ্বন্দ্বী রাজা বাতাপীর চালুক্য বংশীয় দ্বিতীয় পুলকেশীর বিরুদ্ধে ব্যাপক যুদ্ধ প্রস্তুতি করেও তিনি সফল হন নি। সেজন্য হর্ষ নর্মদা নদীর দক্ষিণে নিজ আধিপত্য প্রতিষ্ঠিত করতে পারেন নি।

তাঁর রাজ্যসীমা ঃ আইহোল শিলালিপিতে হর্ষবর্ধনকে "সকলোত্তরপথনাথ" (উত্তরাপথের প্রভু) বলা হলেও, উত্তর ভারতের একটি সীমাবদ্ধ অঞ্চল জুড়ে তাঁর সাম্রাজ্য বিস্তৃত হয়েছিল মাত্র। উত্তর ভারতের কাশ্মীর, পশ্চিম পাঞ্জাব, সিন্ধু, গুজরাট, রাজপুতানা, নেপাল, কামরূপ সমস্তই তাঁর সাম্রাজ্যের বাইরে ছিল। পূর্ব-পাঞ্জাব, বিহার, বাংলা ও উড়িষ্যার কতকাংশ নিয়ে তাঁর সাম্রাজ্য গঠিত ছিল।

হিউয়েন সাঙের বিবরণ ঃ চীনা পরিব্রাজক হিউয়েন-সাঙ্ হর্ষবর্ধনের রাজত্বকালে ভারতবর্ষে এসেছিলেন। নালন্দা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন ও বৌদ্ধধর্মের মূলগ্রন্থ সংগ্রহের উদ্দেশ্যে এসে তিনি চৌদ্দ বৎসর (৬৩০-৬৪৪ খ্রীঃ) এদেশে ছিলেন। তিনি হর্ষবর্ধনের ঘনিষ্ঠ সান্নিধ্যে এসেছিলেন। তাঁর রচিত বিবরণী পড়ে আমরা ভারতের তৎকালীন অবস্থা সম্পর্কে অনেক কথা জানতে পারি।


হিউয়েন সাঙ

হিউয়েন-সাঙ্ হর্ষবর্ধনের শাসনব্যবস্থার উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। রাজ্যে শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য হর্ষবর্ধন নিজে রাজ্যের সর্বত্র পরিভ্রমণ করতেন। রাজ্যের দন্ডবিধি অত্যন্ত কঠোর ছিল। তবু দস্যু-তস্করের উপদ্রব ছিল। হিউয়েন-সাঙ্ নিজেই কয়েকবার দস্যুদের হাতে পড়েছিলেন।

হর্ষের শাসনব্যবস্থা

বিদ্যোৎসাহী ও সাহিত্যসেবী হিসাবে হর্ষবর্ধনের খ্যাতির বর্ণনা করতে গিয়ে তিনি বলেছেন যে, হর্ষ নালন্দা বিশ্ববিদ্যালয়ের পৃষ্ঠপোষক ছিলেন। সমকালীন ভারতের

শিক্ষা ও সংস্কৃতির সমুন্নতির কথা আছে তাঁর বিবরণীতে। নালন্দা বিশ্ববিদ্যালয় এশিয়ায় প্রসিদ্ধ ছিল। এশিয়ার নানা দেশ থেকে বহু ছাত্র এখানে অধ্যয়ন করত। ছাত্রসংখ্যা ছিল প্রায় দশ হাজার। হিউয়েন-সাঙ্ প্রথমে অধ্যয়ন ও পরে এখানে অধ্যাপনা করেছিলেন। এই বিশ্ব-বিদ্যালয়ের অধ্যক্ষ শীলভদ্র বাঙ্গালী ছিলেন।

নালন্দা বিশ্ববিদ্যালয়

হিউয়েন-সাঙের মতে হর্ষের রাজধানী কনৌজ ছিল উত্তর ভারতের শ্রেষ্ঠ নগর। পাটলিপুত্রের ধ্বংসাবশেষ তিনি দেখেছিলেন। তিনি দাক্ষিণাত্যে চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর রাজ্যও ভ্রমণ করেন ও তাঁর উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। চালুক্য রাজধানীর আকার ও সমৃদ্ধি তাঁকে মুগ্ধ করেছিল। তদানীন্তন কাঞ্চী রাজ্যেরও প্রভূত প্রশংসা তিনি করেছেন।

উত্তর ও দক্ষিণ ভারত নিয়ে প্রশংসা

হিউয়েন-সাঙের কনৌজ থাকাকালীন হর্ষবর্ধন কর্তৃক আহূত এক বিশাল ধর্ম সম্মেলনের কথা এই চীনা পর্যটক বলেছেন। একটি বিশাল স্বর্ণনির্মিত বৌদ্ধ মূর্তিসহ বিশাল শোভাযাত্রা প্রতিদিন বেরোত। শোভাযাত্রা শেষে হর্ষ বুদ্ধদেবকে পূজা করে গণভোজ দিতেন। এরপর সভায় বৌদ্ধ-ধর্ম নিয়ে আলোচনা হত এবং হিউয়েন-সাঙ স্বয়ং এখানে বৌদ্ধধর্ম নিয়ে আলোচনা করেন। এই সম্মেলন চলেছিল প্রায় এক মাস।

ধর্ম সম্মেলন

হিউয়েন-সাঙ্ হর্ষবর্ধনের প্রয়াগ উৎসবের বর্ণনা দিয়েছেন। এই উৎসব করা হত প্রতি পাঁচ বৎসর অন্তর। হর্ষ বুদ্ধ, শিব ও সূর্যের উপাসনা করতেন। এরপর জাতিধর্ম-নির্বিশেষে সকলকে প্রার্থনা অনুযায়ী দান করতেন। সমস্ত ধনরত্ন ও অন্যান্য সামগ্রী, এমনকি পরিধেয় বস্ত্রটিও দান করে ভগ্নীর কাছ থেকে একটি জীর্ণ বস্ত্র চেয়ে তা পারতেন।

প্রয়াগ উৎসব

হিউয়েন-সাঙ্ ভারতীয়দের চরিত্রমাধুর্যে মুগ্ধ হয়েছিলেন। তিনি বলেছেন ভারতীয়রা ন্যায়পরায়ণ, প্রতিশ্রুতি পালনে তৎপর, আইনমান্য-কারী ও চরিত্রবান। তারা সরল ও অনাড়ম্বর জীবন যাপন করত।

ভারতীয়দের জাতীয় চরিত্র

হিউয়েন-সাঙ্ লিখেছেন বিদেশীদের চোখে ভারতবর্ষ ব্রাহ্মণদের দেশ। বৌদ্ধ-ধর্মের প্রভাব হ্রাস পেলেও, তাঁর মনে হয়েছিল ভারতবর্ষ বৌদ্ধ-মঠ ও বিহারে পরিপূর্ণ। এই দেশের উন্নত ব্যবসা-বাণিজ্যের কথাও উল্লেখ করতে তিনি ভোলেন নি। তাম্রলিপ্ত ছিল বাংলাদেশের শ্রেষ্ঠ বন্দর। মালব, গুজরাট প্রভৃতি অঞ্চল থেকে সমুদ্রপথে পাশ্চাত্যের সঙ্গে বাণিজ্য চলত।

ধর্মভাব

ব্যবসা-বাণিজ্য

গুর্জর প্রতিহার ও পাল বংশের উত্থান ও ত্রিশক্তি প্রতিদ্বন্দ্বিতা : হর্ষের মৃত্যুর সঙ্গে সঙ্গেই তাঁর সাম্রাজ্যের অবসান ঘটে। কেননা তাঁর উত্তরাধিকারীরা কেউ যোগ্য শাসক ছিলেন না। তখন পুনরায় উত্তর ভারতে ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের উদ্ভব হয়। এগুলির মধ্যে কালক্রমে গুর্জর-প্রতিহার রাজবংশের অধীনে মালব ও পাল বংশের অধীনে বঙ্গদেশ শক্তিশালী হয়ে

প্রতিহার বংশের উত্থান

ওঠে। গুর্জর-প্রতিহাররা ছিলেন হূণ জাতির একটি শাখা, ক্রমে এঁরা রাজপুত জাতির সঙ্গে মিশে ক্ষত্রিয় নামে পরিচিত হন। অষ্টম শতকের প্রথম ভাগে প্রতিহার রাজ প্রথম নাগভট্ট (৭২৫-৭৪০ খ্রীঃ) সিন্ধু দেশের আরবদের পরাজিত করে খ্যাতিমান হন। তিনি উজ্জয়িনীতে তাঁর রাজধানী স্থাপন করেছিলেন। এরপর বৎসরাজ (৭৭৫-৮০০ খ্রীঃ) ছিলেন শক্তিশালী রাজা—কনৌজ তথা উত্তর ভারতে প্রাধান্য অর্জনের জন্য বাংলার পালরাজ ধর্মপালকে পরাজিত করেন।

পাল বংশের উত্থান

এদিকে বাংলায় শশাঙ্কের মৃত্যুর পর প্রায় একশ' বৎসর ধরে অনৈক্য, অরাজকতা, অন্তর্দ্বন্দ্ব ও বহিঃশত্রুর আক্রমণ চলেছিল। এই রকম পরিস্থিতিতে জনগণের দুঃখ-দুর্দশা বেড়ে গিয়েছিল। বাংলায় দেখা দিয়েছিল 'মাৎস্যন্যায়', (অর্থাৎ বড় মাছ যখন ছোট মাছগুলিকে গিলে খায়)—দুর্বলের ওপরে চলছিল সবলের অত্যাচার। এই অরাজকতা থেকে মুক্তি পাবার উদ্দেশ্যে বাংলার প্রবীণ নেতারা ও সাধারণ প্রজারা একত্রিত হয়ে গোপাল নামে জনৈক সামন্তকে রাজা নির্বাচিত করে। ঘটনাটি ঘটেছিল খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীর মধ্যভাগে। এইভাবে প্রতিষ্ঠিত হয় পাল রাজবংশ। তাঁর পরবর্তী পাল রাজা ছিলেন ধর্মপাল (আনুমানিক ৭৭০-৮১০ খ্রীঃ)।

ত্রি-শক্তি প্রতিদ্বন্দ্বিতা

সে যুগে কনৌজ আর্যাবর্তের রাজধানী বিবেচিত হওয়ায় শক্তিশালী রাজ্যগুলির লুব্ধ দৃষ্টি থাকত কনৌজের ওপরে। তাই ধর্মপালের সিংহাসন লাভের কয়েক বৎসরের মধ্যেই কনৌজ (বা 'মহোদরশ্রী') তথা উত্তর ভারতের প্রভুত্ব নিয়ে গুর্জর-প্রতিহার, দাক্ষিণাত্যের রাষ্ট্রকূট বংশ ও পাল বংশের মধ্যে ত্রি-শক্তি প্রতিদ্বন্দ্বিতা শুরু হয়। ধর্মপাল পশ্চিম দিকে অগ্রসর হলে প্রতিহাররাজ বৎসরাজের কাছে পরাজিত হন। কিন্তু শীঘ্রই বৎসরাজ আবার পরাজিত হন রাষ্ট্রকূটরাজ ধ্রুবের হাতে। মগধ, বারাণসী ও প্রয়াগ জয় করে তখন ধর্মপাল অগ্রসর হচ্ছিলেন। ধ্রুবের সঙ্গে এইবার তাঁর যুদ্ধ হল, কিন্তু ধর্মপাল পরাজিত হলেন। কিন্তু ধ্রুব শীঘ্রই দাক্ষিণাত্যে ফিরে যান। এই সুযোগে ধর্মপাল উত্তর ভারতে তাঁর সাম্রাজ্য বিস্তার করেন। তিনি কনৌজের রাজা ইন্দ্রায়ুধকে পরাজিত করে তাঁর মনোনীত চক্রায়ুধকে কনৌজের সিংহাসনে প্রতিষ্ঠিত করেন। চক্রায়ুধের অভিষেকের সময়ে ভোজ, মৎস্য, কুরু, অবন্তী, গান্ধার প্রভৃতি রাজ্যের রাজারা উপস্থিত ছিলেন। সুতরাং অনুমান করা হয় যে, ধর্মপালের প্রাধান্য এঁরা স্বীকার করে নিয়েছিলেন। এরপর ধর্মপাল সিন্ধুনদ ও পাঞ্জাব পর্যন্ত অগ্রসর হন। তিনি "পরমেশ্বর পরমভট্টারক মহারাজাধিরাজ" উপাধি গ্রহণ করেন।

কিন্তু নবম শতাব্দীর প্রথমার্ধে প্রতিহাররাজ দ্বিতীয় নাগভট্ট (৮০৫-৮২৫ খ্রীঃ) কনৌজ আক্রমণ করে চক্রায়ুধকে পরাস্ত করেন; মুঙ্গেরের কাছে ধর্মপালকেও পরাস্ত করেন। পাল সাম্রাজ্যের এই সংকটকালে রাষ্ট্রকূটরাজ তৃতীয় গোবিন্দ নাগভট্টকে পরাস্ত করেন। নাগভট্ট স্বরাজ্যে ফিরে যান। ধর্মপাল ও চক্রায়ুধ উভয়েই সম্ভবতঃ তৃতীয় গোবিন্দের আনুগত্য স্বীকার করেছিলেন। তৃতীয় গোবিন্দ দাক্ষিণাত্যে ফিরে যান।

ফলে উত্তর ভারতে ধর্মপালের আর কোন প্রতিদ্বন্দ্বী রইল না। ধর্মপাল উত্তর ভারতে তাঁর প্রাধান্য পুনরায় প্রতিষ্ঠা করেন এবং তাঁর মৃত্যু পর্যন্ত সেই প্রাধান্য বজায় ছিল। এইভাবে ত্রি-শক্তি প্রতিদ্বন্দ্বিতার অবসান হয়।

ধর্মপালের পর তাঁর উল্লেখযোগ্য উত্তরাধিকারীরা ঃ ধর্মপালের পুত্র দেবপালের রাজত্বকালে (আনুমানিক ৮১০-৮৫০ খৃীঃ) পাল রাজ্য প্রবল শক্তির অধিকারী হয়। বস্তুতঃ তাঁকে পাল বংশের শ্রেষ্ঠ রাজা বলা যায়। তিনি কলিঙ্গ ও কামরূপ জয় করেন। গুর্জর-প্রতিহার, দ্রাবিড়, কম্বোজ ও হূণদেরও তিনি পরাজিত করেন। ফলে তাঁর সাম্রাজ্য উত্তরে হিমালয় থেকে দক্ষিণে বিন্ধ্য পর্বত পর্যন্ত এবং পূর্বে বঙ্গোপসাগর থেকে পশ্চিমে আরব সাগর পর্যন্ত বিস্তৃত হয়েছিল।

দেবপালের রাজ্য জয় ও রাজ্যসীমা

আরব পর্যটক সুলেমান বলেছেন যে, দেবপালের সৈন্যবাহিনী রাষ্ট্রকূট ও প্রতিহারদের চেয়ে শক্তিশালী ও সুদক্ষ ছিল। শুধু স্বদেশে নয়, বিদেশেও তিনি খ্যাতিমান ছিলেন। সুমাত্রা, যবদ্বীপ প্রভৃতি অঞ্চলের অধিপতি শৈলেন্দ্র বংশীয় মহারাজা বালপুত্রদেব নালন্দা বিশ্ববিদ্যালয়ে একটি মঠ নির্মাণের জন্য তাঁর অনুমতি ও সাহায্য পেয়েছিলেন।

দেশে বিদেশে খ্যাতি

দেবপালের পরবর্তী দুর্বল উত্তরাধিকারীদের সময় রাষ্ট্রকূট, প্রতিহার ও কম্বোজ পার্বত্য জাতির আক্রমণে পাল সাম্রাজ্য সংকুচিত হয়ে যায়। এর পর রাজা প্রথম মহীপালের সময় (আনুমানিক ৯৮৮-১০৩৮ খৃীঃ) পাল বংশের প্রতিপত্তি কিছুটা ফিরে আসে। তিনি কম্বোজদের বিতাড়িত করেন। রাজেন্দ্র চোলের আক্রমণ প্রতিহত করে বারাণসী পর্যন্ত তাঁর সাম্রাজ্য বিস্তৃত করেন। তাঁর রাজত্বের শেষভাগে বৈদেশিক আক্রমণ তাঁর সাম্রাজ্যকে হীনবল করে দেয়।

প্রথম মহীপাল

প্রথম মহীপালের পর থেকে পাল রাজশক্তি ক্রমশঃ হীনবল হতে থাকে। অবশেষে পালরাজ দ্বিতীয় মহীপালকে নিহত করে কৈবর্ত জাতিদের বিদ্রোহী নেতা দিব্য বাংলার সিংহাসন দখল করেন। দ্বিতীয় মহীপালের ভ্রাতা রামপাল পাল বংশের মর্যাদা কিছুটা পুনরুদ্ধার করেন। তিনি দিব্যর উত্তরাধিকারী ভীমকে পরাজিত করেন। রামপালের উত্তরাধিকারীরা পাল সাম্রাজ্যের পতনের পথ রোধ করতে পারেন নি। অবশেষে সেন বংশীয় রাজা বিজয় সেন বাংলা অধিকার করে নেন।

পাল বংশের পতন

সেন বংশ ঃ বিজয় সেন (আনুমানিক ১০৯৫-১১৫৮ খৃীঃ) বাংলায় পাল-আধিপত্য উচ্ছেদ করে সেন বংশের প্রাধান্য প্রতিষ্ঠা করেন। তিনি রাঢ় দেশে নিজ আধিপত্য প্রতিষ্ঠার পর পূর্ববঙ্গ ও উত্তরবঙ্গ দখল করেন। তিনি উত্তর-বিহার, উড়িষ্যা ও আসামের সঙ্গে যুদ্ধে লিপ্ত হন। তাঁর রাজধানী ছিল দুটি—একটি পশ্চিমবঙ্গের বিজয়পুরে, অন্যটি পূর্ববঙ্গের বিক্রমপুরে।

বিজয় সেন

পরবর্তী রাজা বল্লাল সেন রাজ্যবিস্তারের চেয়ে আভ্যন্তরীণ সংস্কারে কৃতিত্ব

দেখিয়েছিলেন। তাঁর পুত্র লক্ষ্মণ সেন (১১৭৯-১২০৫ খ্রীঃ) সমগ্র বাংলার শেষ স্বাধীন হিন্দু রাজা। তিনি গৌড়, কামরূপ, কলিঙ্গ ও কাশীর রাজাদের যুদ্ধে পরাজিত করেন। তিনি গাড়োয়াল রাজ্যের সঙ্গে যুদ্ধ করেন এবং এলাহবাদ ও বেনারস পর্যন্ত সসৈন্যে অগ্রসর হন। অবশেষে ১১৯৭ খ্রীষ্টাব্দে ইখ্‌তিয়ারউদ্দিন বিন-বখ্‌তিয়ার খলজীর অতর্কিত আক্রমণে নিজ দ্বিতীয় রাজধানী নদীয়া* রক্ষা করতে ব্যর্থ হন লক্ষ্মণ সেন। এরপর তিনি পূর্ববঙ্গে আশ্রয় নেন। সেখানে তাঁর বংশধরেরা বহু বৎসর রাজত্ব করেন।

বল্লাল সেন

লক্ষ্মণ সেন

দাক্ষিণাত্যে আধিপত্যের সংগ্রাম

বাতাপির চালুক্য বংশ ঃ গুপ্ত সাম্রাজ্যের পতনের পর খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে দাক্ষিণাত্যে চালুক্য বংশ প্রবল প্রতিপত্তিশালী হয়ে ওঠে। বিজাপুর জেলার অন্তর্গত বাতাপি (বর্তমান বাদামি) নগরে সর্বপ্রথম এই রাজ্য প্রতিষ্ঠিত হয়েছিল। চালুক্যদের প্রথম শক্তিশালী রাজা জয়সিংহ রাষ্ট্রকুটরাজ ইন্দ্রকে পরাজিত করে শক্তিশালী হয়ে ওঠেন। জয়সিংহের পুত্র প্রথম পুলকেশী অশ্বমেধ যজ্ঞ করেছিলেন। এর পর রাজা হন কীর্তিবর্মন। তিনি বেলারি, কোঙকন ও উত্তর কর্ণাটক অধিকার করেন। তারপর চালুক্য সিংহাসনে আসীন হন মঙ্গলেশ। তিনি মালবের কলচুরিদের পরাজিত করে উত্তর ও মধ্য মহারাষ্ট্র নিজ সাম্রাজ্যভুক্ত করেন। তিনি মহারাষ্ট্রের রত্নগিরি জেলাও অধিকার করেন।

চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি হলেন দ্বিতীয় পুলকেশী (৬১০-৬৪২ খ্রীঃ)। তিনি ছিলেন ঘোর সাম্রাজ্যবাদী। তিনি মহীশূরের গঙ্গ রাজ্য, কোঙকনের মৌর্যরাজ্য, মালব ও গুজরাট জয় করেন। তিনি সসৈন্যে কাবেরী নদী অতিক্রম করলে সুদূর দক্ষিণের চোল, চের (কেরল), পান্ড্য রাজ্যগুলি তাঁর অধীনতা স্বীকার করে। তিনি পল্লবরাজ প্রথম মহেন্দ্রবর্মনকে পরাজিত করে নিজ শক্তি ও যশ বহু পরিমাণে বর্ধিত করেন। কথিত আছে, পারস্যরাজ খসরুর সঙ্গে তিনি দূত-বিনিময় করেছিলেন। তদানীন্তন এশিয়ায় পরাক্রান্ত রাজা বলে তিনি স্বীকৃত ছিলেন। প্রায় সমগ্র দক্ষিণ ভারত তাঁর পদানত হয়েছিল। উত্তর ভারতের প্রবল প্রতাপান্বিত রাজা হর্ষবর্ধনকে পরাজিত করে তিনি দক্ষিণ ভারতে তাঁর সাম্রাজ্য বিস্তারের পরিকল্পনাকে ব্যর্থ করে দিয়েছিলেন। অবশ্য শোনা যায় যে, তিনি পল্লভরাজ নরসিংহবর্মনের হাতে পরাজিত হয়েছিলেন। তাঁর রাজধানী বাতাপি অগ্নিদগ্ধ হয় ও তিনি দেহত্যাগ করেন। রাজ্যের পূর্ব দিকে সরে গিয়ে চালুক্য বংশের একটি শাখা বেঙ্গীতে স্বতন্ত্র রাজ্য গড়ে তোলে। এরা পূর্ব-চালুক্য নামে পরিচিত হন।

দ্বিতীয় লুলকেশীর কৃতিত্ব

* লক্ষ্মণ সেনের প্রধান রাজধানী ছিল মালদহের সন্নিকটে গৌড়, এর অন্য নাম লক্ষ্মণাবতী।

দ্বিতীয় পুলকেশীর মৃত্যুর পর চালুক্যরা দুর্বল হয়ে পড়েছিলেন। এর তের বৎসর পর তাঁর পুত্র প্রথম বিক্রমাদিত্য পল্লভরাজকে পরাজিত করে চালুক্যশক্তির কিছু পরিমাণে পুনরুদ্ধার করেন। এরপর দ্বিতীয় বিক্রমাদিত্যের কৃতিত্ব উল্লেখযোগ্য। আনুমানিক ৭৪০ খ্রীষ্টাব্দে তিনি পল্লভদের পরাজিত করে তাদের রাজধানী কাঞ্চী অধিকার করে নেন। কিন্তু চালুক্য-শক্তি দীর্ঘস্থায়ী হয় নি। আনুমানিক ৭৫২ খ্রীষ্টাব্দে দন্তিদুর্গ নামে একজন সামন্তের নেতৃত্বে রাষ্ট্রকূটেরা চালুক্যদের পরাজিত করে। চালুক্য-শক্তির অবসান ঘটে। এরপর দু'শ বৎসরেরও বেশী রাষ্ট্রকূট বংশ দক্ষিণ ভারতের এক বিস্তীর্ণ অংশে তাদের সার্বভৌম শক্তির পতাকা উড্ডীন রেখেছিল।

পরবর্তী চালুক্য রাজারা

রাষ্ট্রকূট বংশ: চালুক্য-শক্তিকে উৎখাত করে অষ্টম শতাব্দীর মধ্যভাগে দন্তিদুর্গ রাষ্ট্রকূট বংশের প্রতিষ্ঠা করেন। এই রাজ্যের রাজধানী ছিল নাসিক। দন্তিদুর্গ কলিঙ্গ, কোশল, কাঞ্চী ইত্যাদিও সম্ভবতঃ জয় করেন। পূর্বেই দেখেছি, এই বংশের রাজা ধ্রুব প্রতিদ্বন্দ্বী প্রতিহাররাজ বৎসরাজ ও পালরাজ ধর্মপালকে পরাজিত করেছিলেন। তিনি দাক্ষিণাত্যে ফিরে আসেন। উত্তর ও দক্ষিণ ভারতের সমস্ত প্রধান রাজারা তাঁর কাছে নতিস্বীকার করেন বলে তিনি সার্বভৌম ক্ষমতার অধিকারী হন।

ধ্রুবের পর তৃতীয় গোবিন্দ (৭৯৩-৮১৫ খ্রীঃ) সিংহাসনে বসেন। উত্তর ভারতে কনৌজকে কেন্দ্র করে যে প্রতিদ্বন্দ্বিতা চলছিল তাতে অংশগ্রহণ করে তিনি গুর্জর-প্রতিহাররাজ দ্বিতীয় নাগভট্টকে পরাস্ত করেন। বাংলার ধর্মপাল ও তাঁর সামন্ত চক্রায়ুধকে তাঁর বশ্যতা স্বীকারে বাধ্য করেন। উত্তর ভারতে হিমালয় পর্যন্ত বিজয়াভিযান করে দাক্ষিণাত্যে ফিরে আসেন (৮০০ খ্রীঃ)। ইতিমধ্যে গঙ্গ, পল্লভ, চের প্রভৃতি রাষ্ট্রকূট-বিরোধী জোট গড়লে তিনি তাদের পরাস্ত করে কাঞ্চী দখল করেন। তৃতীয় গোবিন্দ রাষ্ট্রকূট বংশের শ্রেষ্ঠ রাজা হিসাবে গণ্য হতে পারেন, তিনি রাষ্ট্রকূট রাজ্যকে কিছুকালের জন্যে ভারতের সবচেয়ে শক্তিশালী রাজ্যে পরিণত করেছিলেন।

তৃতীয় গোবিন্দ

তৃতীয় গোবিন্দের পুত্র অমোঘবর্ষকে (৮১৫-৮৭৭ খ্রীঃ) এই বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি বলা হলেও শিল্প-সাহিত্যের পৃষ্ঠপোষকতার জন্যই তাঁর এই খ্যাতি। পূর্ব-চালুক্যদের পরাজিত করা ও প্রতিহাররাজ প্রথম ভোজের দক্ষিণ ভারত অভিমুখে অগ্রগতি রোধ করা ছাড়া কোন সামরিক কৃতিত্ব তিনি অর্জন করেন নি।

অমোঘবর্ষ

অমোঘবর্ষের পর তাঁর পুত্র দ্বিতীয় কৃষ্ণ রাজা হন। তাঁর পরবর্তী রাজা তৃতীয় ইন্দ্র গুর্জর-প্রতিহাররাজকে পরাস্ত করে কনৌজ দখল করেন। তাঁর পুত্র তৃতীয় কৃষ্ণ (৯৪০-৯৬৮ খ্রীঃ) রাষ্ট্রকূক বংশের শেষ বিখ্যাত রাজা। তিনি চোল রাজাদের পরাজিত করে কাঞ্চী ও তাঞ্জোর অধিকার করেন। তিনি পুরোপুরি দাক্ষিণাত্য জয় করেছিলেন। কিন্তু তাঁর মৃত্যুর পর

তৃতীয় কৃষ্ণ

রাষ্ট্রকূট শক্তির দ্রুত পতন ঘটে। দশম শতাব্দীর শেষভাগে চালুক্য বংশীয় দ্বিতীয় তৈল শেষ রাষ্ট্রকূট রাজা কর্ককে পরাজিত করে কল্যাণে চালুক্য বংশের প্রাধান্য প্রতিষ্ঠা করেন।

কল্যাণের চালুক্য বংশঃ খ্রীষ্ট্রীয় দশম শতাব্দীর শেষভাগে বাতাপির চালুক্য বংশের বংশধর দ্বিতীয় তৈল কল্যাণে (বর্তমান অন্ধ্ররাজ্যের অন্তর্গত) একটি স্বাধীন রাজ্য গড়ে তোলেন। এটি কল্যাণের চালুক্য রাজ্য নামে অভিহিত হয়। পূর্বেই বলা হয়েছে যে, তিনি রাষ্ট্রকূট বংশের শেষ রাজাকে পরাজিত করেছিলেন। কথিত আছে, তিনি উড়িষ্যা, নেপাল ও কুন্তল প্রভৃতি রাজ্যগুলিও জয় করেন। তাঁর পরবর্তীকালে সত্যাশ্রয়, দ্বিতীয় জয় সিংহ, প্রথম সোমেশ্বর ইত্যাদি সকলকেই চোলদের সঙ্গে যুদ্ধে প্রবৃত্ত হতে হয়েছিল এবং অনেকে পরাজয়বরণও করেছিলেন। অবশেষে এই বংশের শ্রেষ্ঠ রাজা ষষ্ঠ বিক্রমাদিত্য (আনুমানিক ১০৭৬-১১২৮ খ্রীঃ) চোলরাজ কুলোতুঙ্গকে পরাজিত করেন। তিনি হোয়সলরাজ বিষ্ণুবর্ধনকেও পরাজিত করে মহীশূরের একাংশ দখল করেন।

দ্বিতীয় তৈল

বিক্রমাদিত্য

ষষ্ঠ বিক্রমাদিত্যের পর কল্যাণীর চালুক্য বংশের পতন শুরু হয়। মহীশূরের হোয়সল ও মহারাষ্ট্রের যাদবরা শেষ পর্যন্ত চালুক্য রাজ্য দখল করে নেয়। এইভাবে এই রাজ্যের অবসান ঘটে।

সুদূর দক্ষিণে আধিপত্যের সংগ্রাম

পল্লভ বংশঃ সাতবাহন সাম্রাজ্যের পতনের পর খ্রীষ্টীয় তৃতীয় শতকে দাক্ষিণাত্যের কাঞ্চী নগরীকে কেন্দ্র করে পল্লভরা একটি নতুন রাজ্যের প্রতিষ্ঠা করেছিল। শিবস্কন্দবর্মন সম্ভবতঃ এই বংশের প্রতিষ্ঠাতা ছিলেন। তাঁর রাজ্য কৃষ্ণা থেকে বেলারি পর্যন্ত বিস্তৃত ছিল। তারপর চতুর্থ শতকে বিষ্ণুগোপ নামে একজন রাজার উল্লেখ পাওয়া যায়, তিনি সমুদ্রগুপ্তের কাছে পরাজয় বরণ করেন।

আদি পল্লভ রাজারা

ষষ্ঠ শতাব্দীতে রাজা সিংহবিষ্ণুর (৫৭৫-৬০০ খ্রীঃ) অধীনে পল্লভ বংশের অগ্রগতির সূচনা হয়। কথিত আছে, তিনি চোল, চের, পান্ড্য ও সিংহলরাজকে পরাস্ত করেছিলেন। কৃষ্ণা থেকে কাবেরী পর্যন্ত ভূভাগে তাঁর আধিপত্য প্রতিষ্ঠিত হয়।

সিংহবিষ্ণু

এরপর পল্লভ সিংহাসনে আসীন হন প্রথম মহেন্দ্রবর্মন (৬০০-৬৩০ খ্রীঃ)। তাঁর রাজত্বকাল থেকেই দীর্ঘকালব্যাপী পল্লভ-চালুক্য সংঘর্ষের সূত্রপাত হয়। তিনি প্রতিদ্বন্দ্বী চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর হস্তে পরাজয় বরণ করেন ও বেঙ্গীর ওপর তাঁর অধিকার হারান।

প্রথম মহেন্দ্রবর্মন

মহেন্দ্রবর্মনের পুত্র নরসিংহবর্মন ছিলেন এই বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি। তাঁর রাজত্বকালে (৬৩০-৬৬৮ খ্রীঃ) পল্লভ শক্তি শীর্ষবিন্দুতে পৌঁছেছিল। পিতৃ-

পরাজয়ের প্রতিশোধ নিতে তিনি চালুক্য আক্রমণের বিরুদ্ধে দৃঢ় প্রতিরোধ গড়ে তোলেন। তিনি দ্বিতীয় পুলকেশীকে পরাজিত করে তুঙ্গভদ্রার উত্তরে সরে যেতে বাধ্য করেন। তিনি চালুক্য রাজধানী বাতাপি অধিকার করেন (৬৪২ খ্রীঃ)। উত্তরে কৃষ্ণা নদী থেকে দক্ষিণে পান্ড্য রাজ্যের মাদুরার নিকটস্থ অঞ্চল পর্যন্ত বিস্তৃত ভূখন্ডের ওপর তাঁর আধিপত্য বিস্তৃত হয়েছিল। তিনি সিংহলেও দুটি নৌ অভিযান পাঠিয়েছিলেন।

নরসিংহ বর্মন

পরবর্তী রাজা পরমেশ্বরবর্মনের রাজত্বকালে (৬৭০-৬৯৫ খ্রীঃ) পল্লভ-চালুক্য দ্বন্দ্ব পুনরায় শুরু হয়। চালুক্যরাজ প্রথম বিক্রমাদিত্য নিজ রাজ্য থেকে পল্লভদের বিতাড়িত করেন। তিনি পল্লভ রাজধানী কাঞ্চী অধিকার করেন। অবশেষে পরমেশ্বরবর্মন কাঞ্চী পুনরুদ্ধার করেন।

পরমেশ্বর বর্মন

পল্লভরাজ দ্বিতীয় নন্দীবর্মনকে চালুক্যরাজ দ্বিতীয় বিক্রমাদিত্য পরাজিত করে কাঞ্চী দখল করে নেন (৭৪০ খ্রীঃ)। এর পর থেকেই পল্লভ-শক্তি দুর্বল হয়ে পড়তে থাকে। অবশেষে চোলরাজ আদিত্য পল্লভ বংশের অপরাজিতকে পরাজিত করে পল্লভরাজ্য অধিকার করে নেন।

দ্বিতীয় নন্দীবর্মন

চোল বংশঃ চোলরা সুদূর দক্ষিণ ভারতের অতি প্রাচীন জাতি। বর্তমান তাঞ্জোর ও ত্রিচিনপল্লী নিয়ে গঠিত ছিল চোলরাজ্য। খ্রীষ্টীয় তৃতীয় থেকে অষ্টম শতাব্দী পর্যন্ত চোলরা স্বাধীন সত্তা হারিয়ে পল্লভদের অধীন হয়ে পড়ে। আবার পল্লভরা হীনবল হয়ে পড়লে চোলশক্তি তার হৃতগৌরব ফিরে পেতে থাকে। নবম শতাব্দীতে চোলরাজ বিজয়ালয় (৮৫০-৮৭১ খ্রীঃ) তাঞ্জোর জয় করে সেখানে রাজধানী স্থাপন করেন। এরপর তাঁর পুত্র আদিত্য (৮৭১-৯০৭ খ্রীঃ) পল্লভরাজ অপরাজিতকে পরাজিত ও নিহত করে পল্লভ রাজ্য অধিকার করেন। পরবর্তী চোলরাজ প্রথম পরান্তক (৯০৭-৯৫৩ খ্রীঃ) ছিলেন দুঃসাহসী বীর। তিনি পান্ড্যরাজ্য অধিকার করে নিয়েছিলেন এবং সিংহল পর্যন্ত আক্রমণ করেছিলেন। তিনি রাষ্ট্রকূটরাজ দ্বিতীয় কৃষ্ণকেও পরাজিত করেন। কিন্তু তাঁর পরবর্তী কয়েকজন অক্ষম রাজার শাসনে চোলরাজ্য হীনবল হয়ে পড়ে।

বিজয়ালয়, প্রথম আদিত্য ও প্রথম পরান্তক

এরপর চোলরাজ্যের হৃতগৌরব পুনরুদ্ধার করেন রাজরাজ (৯৮৫-১০১৮ খ্রীঃ)। প্রবল প্রতাপান্বিত এই রাজাকে অনেকেই চোল বংশের শ্রেষ্ঠ রাজা বলে গণ্য করেছেন এবং 'মহান' আখ্যা দিয়েছেন। তিনি চের (কেরল) ও পান্ড্য রাজাদের পরাস্ত করেন। তিনি গঙ্গ বা মহীশূর অধিকার করেন। পূর্ব চালুক্যের রাজধানী বেঙ্গীও তিনি অধিকার করেছিলেন। জলে-স্থলে চোল রাজ্যের প্রাধান্য তিনি প্রতিষ্ঠিত করেন। তাঁর বিপুল সৈন্যবাহিনী ছিল। তার সাহায্যে তিনি সিংহলের কিছু অংশ, মালদ্বীপ, লাক্ষাদ্বীপ জয় করেছিলেন। এইভাবে সমগ্র মাদ্রাজ প্রেসিডেন্সী, কুর্গ,

রাজরাজ

সামুদ্রিক অভিযান

মহীশূর, সিংহলের একাংশ ও মালদ্বীপ নিয়ে গঠিত একটি বিশাল সাম্রাজ্যের তিনি অধীশ্বর হন।

রাজরাজের সুযোগ্য উত্তরাধিকারী ছিলেন তাঁর পুত্র রাজেন্দ্র চোল (১০১৮-৪৩ খ্রীঃ)। তিনি ছিলেন দিগ্বিজয়ী বীর। অনেকে তাঁকেই চোল বংশের শ্রেষ্ঠ রাজা হিসেবে গণ্য করেন। তিনি সমগ্র সিংহল জয় করেন এবং পান্ড্য ও চের রাজ্য নিজ শাসনাধীনে এনেছিলেন। চালুক্য শক্তিকেও তিনি বিধ্বস্ত করেন। উত্তর ভারতে পর্যন্ত তাঁর বিজয় পতাকা উড়েছিল—বাংলার পালবংশীয় রাজা প্রথম মহীপালকে তিনি পরাজিত করেন। তিনি "গঙ্গইকোন্ড" উপাধি ধারণ করে "গঙ্গইকোন্ড চোলপুরম" নামে একটি নতুন রাজধানী স্থাপন করেন।

রাজেন্দ্র চোল ঃ তাঁর বিজয়

তাঁর সময়ে চোল নৌ-শক্তি শীর্ষবিন্দুতে পেঁৗছেছিল। সমুদ্র অতিক্রম করে ব্রহ্মদেশের কিছু অংশ তিনি জয় করে নেন, সুমাত্রার বিখ্যাত শ্রীবিজয় রাজ্য তিনি আক্রমণ করেন। ব্রহ্মদেশ থেকে মালয়, যবদ্বীপ পর্যন্ত বহু অঞ্চলে তাঁর আধিপত্য বিস্তৃত হয়। পশ্চিমে আফ্রিকা পর্যন্ত চোলরাজ্যের বাণিজ্য-ক্ষেত্র গড়ে ওঠে। ভারতের অন্য কোন রাজা সমুদ্রপথে এতদূর প্রাধান্য প্রতিষ্ঠা করতে পারেন নি।

তাঁর সামুদ্রিক অভিযান

এরপর রাজাধিরাজ রাজা হন। তাঁর পরবর্তী রাজা হলেন অধিরাজেন্দ্র। তাঁরা কেউই কৃতী রাজা ছিলেন না। রাজেন্দ্র চোলের দৌহিত্র তৃতীয় রাজেন্দ্রচোল 'কুলোত্তুঙ্গ' চোল-চালুক্য বংশ স্থাপন করেন। কেননা তাঁর পিতা ছিলেন বেঙ্গীর চালুক্যরাজ। তিনি পান্ড্য ও চের রাজ্যের বিদ্রোহ দমন করে এবং কয়েকটি রাজ্য জয় করে চোল বংশের হৃতমর্যাদা কিছুটা পুনরুদ্ধার করেছিলেন।

'কুলোত্তুঙ্গ'

কুলোত্তুঙ্গের উত্তরাধিকারীরা ছিলেন দুর্বল। দ্বাদশ শতাব্দীর মধ্যভাগে পান্ড্যরাজ্য শক্তিতে চোলরাজ্যকে অতিক্রম করে যায়। কোনরূপে চোল রাজ্য তার অস্তিত্ব বজায় রাখে। অবশেষে চতুর্দশ শতাব্দীর প্রথমভাগে আলাউদ্দিন খিলজির সেনাপতি মালিক কাফুর চোল রাজ্যকে বিলুপ্ত করে দেন (১৩১০ খ্রীঃ)।

চোল রাজ্যের পতন

——

সপ্তম অধ্যায়

ভারতীয় সমাজ ও সংস্কৃতির ক্রমবিকাশ (৭০০-১১০০ খ্রীঃ)

মানব সভ্যতার সামাজিক ও অর্থনৈতিক জীবনের পরিবর্তন রাজনৈতিক পরিবর্তনের তুলনায় ধীরগতিতে ঘটে। তাই পূর্ববর্তী পর্বের বহু অর্থনৈতিক ও সামাজিক বৈশিষ্ট্য আমরা সপ্তম শতাব্দী বা তার পরেও দেখতে পাই। সাধারণতঃ নতুন কিছু প্রবণতার সঙ্গে পুরাতন প্রবণতা প্রতি যুগেই থেকে যায়, অবশ্য পরিবর্তনের গতি-প্রকৃতি বিভিন্ন যুগে বিভিন্ন রকম হয়ে থাকে।

সপ্তম শতাব্দীতে অর্থনৈতিক অবস্থা ঃ পূর্ববর্তী যুগের মতই হর্ষবর্ধনের যুগে বা সপ্তম শতাব্দীতে ভারতীয়দের প্রধান জীবিকা ছিল কৃষি। গম, ধান, আখ, ফল ইত্যাদির ব্যাপক চাষ-আবাদ হত। ফসলের এক-ষষ্ঠাংশ রাজস্ব হিসাবে দিতে হত। হিউয়েন-সাঙ্ বলেছেন যে, বিদ্বানদের উৎসাহিত করার জন্য ভূমি দান করা হত। এছাড়াও, হর্ষবর্ধন রাজকর্মচারীদের বেতনের পরিবর্তে ভূমি দান করতেন। ইতিপূর্বেই বলা হয়েছে, গুপ্ত যুগে রাজারা পুণ্যার্জনের জন্য ব্রাহ্মণদের ভূমিদান করতেন। এইভাবে সৃষ্টি হল একদল ভূস্বামী শ্রেণী যারা নিজ হাতে চাষ-আবাদ করত না। মেগাস্থিনিস বলেছেন যে শূদ্ররা ছিল কৃষক। সুতরাং যুক্তিসঙ্গত ভাবেই বলা যেতে পারে যে, পূর্বতন স্বাধীন বৈশ্য কৃষকদের অধোগতি হয়। অন্যদিকে শূদ্ররা জমির মালিকানা স্বত্ব না পেলেও ভূস্বামীদের কাছ থেকে জমি নিয়ে প্রকৃত কৃষকে পরিণত হল। তারা সম্ভবতঃ ভূস্বামীকে উৎপন্ন ফসলের অংশ দিত। এইভাবে সামন্ত প্রথার উদ্ভব হয়।

সামন্ত প্রথার উদ্ভব

খ্রীষ্টীয় ষষ্ঠ শতাব্দী থেকে ব্যবসা-বাণিজ্যেরও অবনতি ঘটে। তৃতীয় শতাব্দীতেই ইন্দো-রোম বাণিজ্য বন্ধ হয়ে গেছিল। ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে পারস্য ও বাইজান্টিয়ামের সঙ্গে সমৃদ্ধ রেশমের ব্যবসাও বন্ধ হয়ে যায়। চীন ও দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে বাণিজ্যের সুফল বেশি ভোগ করত আরব বণিকরা। এইভাবে বহির্বাণিজ্যের অবনতির ফলে স্বভাবতই শহরগুলিতে দুরবস্থা দেখা দেয়। এক্ষেত্রেও বাণিজ্যে লিপ্ত বৈশ্যদের অবস্থার অবনতি ঘটে। বহু শিল্পী, কারিগর তাদের পেশা ত্যাগ করে গ্রামে গিয়ে চাষ-আবাদে লিপ্ত হয়; সম্পদ উৎপাদন হ্রাস পায়। ফলে গ্রামগুলি অর্থনৈতিক দিক থেকে স্বয়ম্ভর হবার চেষ্টা করে।

বাণিজ্যের অবনতি ও শহরের অবনতি

সপ্তম শতাব্দীতে সামাজিক অবস্থা ঃ সমাজে ব্রাহ্মণদের প্রভাব-প্রতিপত্তি ছিল খুব বেশী। হিউয়েন-সাঙ্ বলেছেন যে, বিদেশীদের চোখে ভারতবর্ষ ব্রাহ্মণদের দেশ হিসাবে গণ্য হত। সামন্তপ্রথার প্রভাবে যুদ্ধকে বীরধর্ম হিসাবে বিবেচনা করা হত বলে ক্ষত্রিয়দেরও সামাজিক সম্মান ও প্রতিপত্তি ছিল। উত্তর ভারতের লোকদের হিউয়েন-সাঙ্ বলেছেন তারা

ব্রাহ্মণপ্রধান সমাজ

মার্জিতরুচি, সংস্কৃতিবান, শিক্ষিত ও সংযমী আর সাধারণ মানুষ সৎ ও শান্তিপ্রিয়। দক্ষিণ ভারতের চালুক্যরাজ্যের যোদ্ধাদের খ্যাতির কথাও বলেছেন। এখানকার অধিবাসীরা হঠাৎ ক্ষিপ্ত হয়ে উঠলেও ক্ষমাশীল বলে তিনি বর্ণনা দিয়েছেন।

এই যুগে কিভাবে বৈশ্যদের অবনতি ঘটে ও তারা শূদ্রদের সমগোত্রীয় হয়ে পড়ে তা আলোচিত হয়েছে। এর ফলে ভারতে প্রতিষ্ঠিত চতুর্বর্ণ ব্যবস্থায় পরিবর্তন অবশ্যম্ভাবী হয়ে ওঠে। উভয় বর্ণের মধ্যে বৈবাহিক সম্পর্ক স্থাপিত হয়। এর ফলে অসংখ্য উপ-জাতি গড়ে ওঠে। অষ্টম শতকের পুরাণে আছে এইভাবে অসংখ্য মিশ্র জাতির গড়ে ওঠার কথা। এইভাবেই নিম্নবর্ণ শূদ্র ও অস্পৃশ্য জাতির বহু উপজাতি, যেমন—চন্ডাল, কসাই, ধীবর ইত্যাদি গড়ে ওঠে। এদের গ্রামের বাইরে বাস করতে হত। এই শতাব্দীতে রাজপুত জাতি সমাজে ও শাসনব্যবস্থায় গুরুত্বপূর্ণ স্থান পায়।

চতুর্বর্ণ প্রথায় পরিবর্তন

সপ্তম শতাব্দীর সাংস্কৃতিক অবস্থা : ষষ্ঠ-সপ্তম শতব্দীতে অন্ধ্র, আসাম, বাংলা, গুজরাট, কর্ণাটক, মহারাষ্ট্র, উড়িষ্যা ইত্যাদি স্থানগুলিতে ভাষা, আচার-ব্যবহার, পোশাক-পরিচ্ছদ-এর ভিত্তিতে স্বতন্ত্র জাতীয় জনসমাজ গড়ে উঠতে থাকে। আবার সংস্কৃত পূর্বের মতই শাসক ও বিদগ্ধজনের ভাষা ছিল। তাঁরা বিলাসে-ঐশ্বর্যে জীবন অতিবাহিত করতেন বলে এই ভাষার রচনাশৈলী হয়ে ওঠে শব্দাড়ম্বরবহুল ও অলঙ্কারে পূর্ণ। এই রচনাশৈলীর আদর্শ হল বাণভট্টের হর্ষচরিত।

বিভিন্ন জাতীয় জনসমাজের উদ্ভব ও সংস্কৃত ভাষার উন্নতি

বাংলা, অসমীয়া, মৈথিলী, ওড়িয়া, হিন্দী, গুজরাটি, রাজস্থানী ইত্যাদি আঞ্চলিক ভাষাগুলির আলো- আঁধারির কাল হল সপ্তম শতাব্দী। প্রতিটি অঞ্চল বিচ্ছিন্ন হয়ে নিজ নিজ ভাষার উন্নতি করেছিল। গুপ্ত সাম্রাজ্যের পতনের পর ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্য গড়ে ওঠে। একের সঙ্গে অন্যের সংযোগ ছিল না। বাণিজ্যের অবনতির ফলে এই সংযোগও গড়ে ওঠে নি। ফলে বিচ্ছিন্নভাবে আঞ্চলিক ভাষাগুলি সমৃদ্ধ হতে থাকে। প্রতিটি ভাষার লিপিও বিভিন্ন হয়ে পড়ে।

আঞ্চলিক ভাষা ও লিপির উদ্ভব

অষ্টম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত ভারতের অর্থ নৈতিক অবস্থা : অষ্টম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত ভারতের অর্থনৈতিক ও সামাজিক অবস্থা অঞ্চল-বিশেষে কিছুটা পৃথক হলেও কতকগুলি অভিন্ন সাধারণ বৈশিষ্ট্য দেখা যায়।

আলোচ্য পর্বে ভারতের অর্থনীতি কৃষি নির্ভরই ছিল। কৃষির উন্নতি ঘটেছিল। আরব পর্যটকদের অনেকেই এদেশের ভূমির উর্বরতা ও কৃষকদের দক্ষতার উল্লেখ করেছেন। এই পর্বে বস্ত্র, সোনা-রূপোর কাজ, ধাতু শিল্প ইত্যাদি হস্তশিল্পেও অসাধারণ উন্নতি ঘটেছিল।

কৃষি ও হস্তশিল্পে উন্নতি

সপ্তম শতাব্দীতে যে ব্যবসা-বাণিজ্যের অবনতি ও তজ্জনিত শহরগুলির দুরবস্থা ঘটেছিল তা উত্তর ভারতে অব্যাহত ছিল দশম শতাব্দী পর্যন্ত। বিশেষ করে ভারতের বহির্বাণিজ্যে ভগ্নদশার জন্য ভারতে সোনা-রূপোর আগমন বন্ধ হয়ে যায়। ইসলামের

অভ্যুত্থানে ভারত-পারস্য স্থল-বাণিজ্য ধ্বংস হওয়ায় উত্তর ভারতে সোনা রূপোর নতুন মুদ্রা খুবই কম দেখা যায়। পশ্চিম এশিয়া ও উত্তর আফ্রিকায় আরবদের শক্তিশালী সাম্রাজ্যের অভ্যুদয়ে এই অবস্থার পরিবর্তন ঘটতে থাকে। নবম ও দশম শতাব্দীতে বহু আরব পর্যটক পশ্চিম ভারতের বন্দরগুলিতে এসেছিল। আরবরা ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে বাণিজ্যে লিপ্ত হয়। এইভাবে দশম শতাব্দী থেকে ভারতের বহির্বাণিজ্য আবার সমৃদ্ধ হয়ে উঠতে থাকে। এতে সবচেয়ে লাভবান হয় মালব ও গুজরাট। ফলে পুনরায় শহরের পত্তন হতে থাকে।

দশম শতাব্দী পর্যন্ত বাণিজ্যের অবনতি

ব্যবসা-বাণিজ্যের অবনতি ও গ্রামগুলির অর্থনৈতিক স্বয়ম্ভরতা অর্জনের যে প্রবণতা ইতিপূর্বে দেখা গিয়েছিল তা এই পর্বে সুস্পষ্ট হয়ে ওঠে। অর্থনীতিতে বাণিজ্য সংঘ ও শ্রেণীগুলি গুরুত্ব হারায়।

অর্থনৈতিক স্বয়ম্ভরতা

অবশ্য দক্ষিণ-পূর্ব এশিয়া ও চীনের সঙ্গে সমুদ্রপথে ভারতের বাণিজ্য চলছিল। বাংলার পাল ও সেন বংশ এবং দক্ষিণ ভারতের পল্লভ ও চোল বংশ এই সামুদ্রিক ব্যবসার উন্নতিকল্পে চীনের সম্রাটের কাছে দূত পাঠিয়েছিলেন। প্রকৃতপক্ষে এই বাণিজ্যে ভারতীয় রাজ্যগুলির মধ্যে বাংলা ও দক্ষিণ ভারতীয় রাজ্যগুলির প্রধান ভূমিকা ছিল। আর এই কারণেই এই সমস্ত স্থান খুব সমৃদ্ধ হয়ে উঠেছিল। দ্বাদশ শতাব্দীর পর এই বাণিজ্য সম্পূর্ণভাবে আরবদের হস্তগত হয়।

দক্ষিণ-পূর্ব এশিয়া ও চীনের সঙ্গে ভারতের সামুদ্রিক বাণিজ্য

অষ্টম থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত ভারতের সামাজিক অবস্থা : অষ্টম থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত সামন্ত প্রথার প্রসারের জন্য গুরুত্বপূর্ণ সামাজিক পরিবর্তন ঘটে। সমাজে সামন্ত, মহাসামন্ত নামে জমিদাররা দোর্দন্ড প্রতাপশালী শ্রেণীতে পরিণত হয়। এঁরা নিজেদের অধীনে সামরিক বাহিনী রাখতেন। রাজার সাহায্যার্থে এই বাহিনী যেমন পাঠান হত, প্রয়োজন হলে এর দ্বারাই রাজার কর্তৃত্ব অস্বীকার করা হত। এরা অবশ্য গ্রামাঞ্চলে জনগণের জীবন ও সম্পত্তির নিরাপত্তা রক্ষা করতেন। কেউ কেউ চাষ-আবাদের উন্নতির জন্য চেষ্টা করতেন। অনেকে বহুতলবিশিষ্ট অট্টালিকায় বহু দাসদাসীপরিবৃত হয়ে আরামে বিলাসিতায় কাল কাটাতেন। কিন্তু এই পরজীবী শ্রেণীর আরামের উপকরণ যোগাত যে সাধারণ মানুষরা তাদের আর্থিক অবস্থা আদৌ ভাল ছিল না। গ্রামাঞ্চলের কৃষকদের দেয় রাজস্ব পূর্বের মতই উৎপন্ন ফসলের এক-ষষ্ঠাংশ ছিল। কিন্তু পুষ্করিণী, চারণভূমি ইত্যাদির ওপর বহু কর তাদের দিতে হত। জমিদারের কাছে বিনা মজুরীতে কাজও করে দিতে হত। জমিদাররা অনেক সময় অত্যাচারী হতেন। দুর্ভিক্ষ ও যুদ্ধের সময় কৃষক ও সাধারণ মানুষের দুঃখ-দুর্দশার অন্ত থাকত না।

সামন্ততান্ত্রিক সমাজ

এই পর্বে স্মৃতিশাস্ত্রকাররা জাতি ও বর্ণের বৈষম্য সম্বন্ধে কঠোর বিধি-নিষেধ রচনা করেছিলেন। বাংলার সেনরাজ বল্লালসেন কৌলিন্য-প্রথা প্রবর্তন করে বাংলার

সমাজব্যবস্থা নতুন করে গড়ে তোলেন। সমাজে শূদ্রদের অবস্থা আরও খারাপ হয়েছিল। অস্পৃশ্যতা ব্যাপকতা লাভ করে। হূণ-ভারতীয় মিশ্রিত জাতি রাজপুতরা ক্ষত্রিয় সমাজে স্থান লাভ করে। এরা খুব প্রতাপশালী হয়ে ওঠে। একাদশ শতাব্দীর আরব পর্যটক অলবেরুণীর ভারত-বিবরণ থেকে জানা যায় যে, বিদেশী আগন্তুকরা আর আদৌ সমাদর পেত না। হিন্দুদের দৃষ্টিতে এরা ছিল ম্লেচ্ছ বা অপবিত্র। সুতরাং তাদের-সঙ্গে মেলামেশা করত না। অবশ্য এর ব্যতিক্রমও ছিল। দাক্ষিণাত্যের রাষ্ট্রকূট রাজারা সম্ভবতঃ বাণিজ্যিক স্বার্থে আরবদের সঙ্গে মৈত্রীবন্ধ ছিলেন। গুজরাটের একজন রাজা মুসলমানদের মসজিদ নির্মাণে অর্থ সাহায্য করেছিলেন।

জাতিভেদ ও বর্ণবৈষম্য

সমাজে নারীদের স্থান উচ্চে ছিল না। বেদ পড়ার অধিকার তাদের ছিল না। নারীদের বিবাহযোগ্য বয়স খুবই কমিয়ে দেওয়া হয়। স্বামীর মৃত্যু হলে তাদের কঠোর বৈধব্য জীবন যাপন করতে হত। সম্ভবতঃ উচ্চপদস্থ কর্মচারী বা রাজসভার সদস্য ইত্যাদি উচ্চশ্রেণীর ব্যক্তিদের কন্যারা উচ্চশিক্ষা লাভ করত। সতীদাহ প্রথা একেবারে অপ্রচলিত ছিল না। আরব পর্যটক সুলেমান বলেছেন যে, রানীরা ইচ্ছে করলে রাজার সঙ্গে সহমরণে যেতেন। নারীরা অন্তঃপুরবাসিনী হলেও অন্তঃপুরে তাঁরা মর্যাদাহীন ছিলেন না। কতকগুলি ক্ষেত্রে নারীরা সম্পত্তির উত্তরাধিকার লাভ করতেন।

নারীদের মর্যদা

সপ্তম থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত ভারতবর্ষের অর্থনৈতিক-সামাজিক জীবন সম্বন্ধে সাধারণ আলোচনা ওপরে করা হল। এর পর বিভিন্ন রাজবংশের অধীনে সমাজ ও সংস্কৃতির রূপরেখা আলোচনা করা হল।

উত্তর ভারতের সমাজ ও সংস্কৃতিঃ পাল ও সেন যুগ

হর্ষোত্তর যুগে বিশেষতঃ অষ্টম শতাব্দীর মধ্যভাগের পর থেকে উত্তর ভারতের সভ্যতা ও সংস্কৃতির প্রাণকেন্দ্র হয়ে উঠতে থাকে বাংলা দেশ। সেজন্য পাল ও সেন যুগে বাংলা দেশের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা সম্বন্ধে আমাদের কৌতূহল জাগা স্বাভাবিক।

পাল যুগে অর্থ নৈতিক অবস্থা : পাল যুগে বাংলার অর্থনীতি ছিল কৃষি-নির্ভর। ধান, পাট, আখ, সরিষা, কার্পাস ইত্যাদি উৎপন্ন হত। উৎকৃষ্ট আখ উৎপন্ন হত বলে বাংলায় উৎকৃষ্ট চিনি ও গুড় হত। এগুলি ভারতের অন্যান্য অঞ্চল এবং বিদেশে সিংহল, আরব ও পারস্যে রপ্তানি হত। এছাড়া লবণ তৈরী, রেশম শিল্প, বস্ত্র শিল্প, ইত্যাদি বাংলার প্রধান শিল্প ছিল। বাংলার জাহাজ শিল্প ও পিতল-কাঁসা শিল্পও বিখ্যাত ছিল। ধাতুর মধ্যে লোহা, তামা, সোনা ইত্যাদি পাওয়া যেত।

কৃষি ও শিল্প

পাল যুগে বাংলার বাণিজ্য খুব সম্ভবতঃ সমৃদ্ধ ছিল না। এই যুগে স্বর্ণমুদ্রার প্রচলন ছিল না। রূপো ও তামার মুদ্রা প্রচলিত থাকলেও তাদের সংখ্যা বেশি ছিলনা।

ফলে নিশ্চয়ই বাণিজ্য ব্যাহত হত। পাশ্চাত্যের সঙ্গে বাংলার বহির্বাণিজ্যের অবনতি হয়েছিল। তবে দক্ষিণ-পূর্ব এশিয়া ও চীনের সঙ্গে বাণিজ্যিক সংযোগ অব্যাহত ছিল। আরব বণিক সুলেমানের বিবরণীতে আছে যে, বাঙালীরা সেই সময় গন্ডারের শিং চীনদেশে রপ্তানি করত। কিন্তু অষ্টম শতাব্দী থেকে আরব বণিকরা ভারত মহাসাগরে ও বঙ্গোপসাগরে আসতে থাকে। ধীরে ধীরে তারাই এই বাণিজ্য নিজেদের স্বার্থে নিয়ন্ত্রণ করতে থাকে। অষ্টম শতাব্দীর পর বাংলার বিখ্যাত বন্দর তাম্রলিপ্তির উল্লেখ কোথাও নেই।

বাণিজ্য

সামন্ততান্ত্রিক অর্থনীতি

বাংলায় বাণিজ্যে-শিল্পে অবনতি ঘটলে সামন্ত প্রথা প্রসারিত হয়। বণিক, শিল্পী ইত্যাদিরা মর্যাদা হারায়, তার জায়গায় জমিদাররা শক্তি ও মর্যাদার অধিকারী হয়। ফলে জমিদাররা ঐশ্বর্য ও বিলাসিতায় জীবন অতিবাহিত করতে অভ্যস্ত হয়ে পড়ে। সাধারণ মানুষ ও কৃষকরা সামন্ততান্ত্রিক শোষণ ও অত্যাচারের শিকার হয়।

জাতিভেদ

সামাজিক অবস্থা ঃ সমকালীন সাহিত্য থেকে পাল যুগের সহজ ও অনাড়ম্বর সমাজজীবনের পরিচয় পাওয়া যায়। জাতিভেদ প্রথা তখন ছিল। তদানীন্তন সমাজে ছিল ব্রাহ্মণ, বৈদ্য, কায়স্থ ও শূদ্র—এই চারটি শ্রেণী। তন্তুবায়, গন্ধবণিক, স্বর্ণকার, কর্মকার, মালাকার ইত্যাদি কারিগরদের নিজস্ব সংঘ ছিল। সম্ভবতঃ এগুলি পরে জাতিতে পরিণত হয়েছিল। অন্ন গ্রহণ ও বিবাহ সম্বন্ধ ব্যাপারে বিধিনিষেধ খুব কঠোর ছিল।

নারীর স্থান

পাল যুগে স্ত্রী-স্বাধীনতা ছিল না, তবে অবরোধ প্রথা ব্যাপকতা লাভ করে নি। রাজবাড়ির মেয়েরা পর্দার আড়াল থেকে অনাত্মীয় পুরুষের সঙ্গে কথা বলতেন। বিধবা বিবাহ নিন্দনীয় ছিল, কিন্তু পুরুষদের বহু-বিবাহ প্রচলিত ছিল। স্বামীর সঙ্গে স্ত্রীর সহমরণের উল্লেখ পাওয়া যায়। বিধবা স্ত্রী স্বামীর সম্পত্তির উত্তরাধিকার লাভ করতেন।

খাদ্য, পোশাকপরিচ্ছদ ও প্রসাধন

বাঙালীরা ছিল আমিষাশী ও অন্যান্য খাদ্য এখনকার মতই ছিল। ছেলেদের ধুতি ও মেয়েদের শাড়ী পরাই ছিল রীতি। কানে কুন্ডল, গলায় হার, আংটি ইত্যাদি ছিল স্ত্রী-পুরুষ উভয়েরই অলঙ্কার। কর্পূর, চন্দন ইত্যাদি প্রসাধন সামগ্রীর ব্যবহার ছিল। মেয়েরা আলতা, সিঁদুর ও কুমকুম ব্যবহার করত।

আমোদপ্রমোদ ও যোগাযোগ ব্যবস্থা

ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে নৃত্য, গীত ও বাদ্যের ব্যবস্থা থাকত। বারমাসে তের পার্বণ লেগেই থাকত। স্থলপথে যাতায়াতের ব্যবস্থা ছিল গো-গাড়ী, ঘোড়া ও পালকী এবং জলপথে নৌকা। সুতরাং বলা যায় রাজা ও সামন্তপ্রভুদের বাদ দিয়ে পালযুগের বাঙালীরা সহজ ও অনাড়ম্বর জীবনযাপন করত।

পাল যুগে সংস্কৃতি ঃ পাল যুগে রাজনৈতিক ঐক্য ও অর্থনৈতিক সমৃদ্ধি

বাংলার সাংস্কৃতিক সমুন্নতিতে সহায়তা করেছিল। পাল রাজাদের দীর্ঘ চারশ বৎসরের শাসনকাল বাঙালী সংস্কৃতির ইতিহাসে এক স্মরণীয় অধ্যায়।

সাহিত্য ও জ্ঞান-বিজ্ঞান

পাল রাজাদের পৃষ্ঠপোষকতায় দেশে জ্ঞান-বিজ্ঞান ও শাস্ত্রচর্চা বৃদ্ধি পেয়েছিল। পালযুগের শ্রেষ্ঠ আয়ুর্বেদ বিশারদ চক্রপাণি দত্ত, কবি সন্ধ্যাকর নন্দী, অভিনন্দ প্রমুখ মনীষী সাহিত্য ও জ্ঞান ভান্ডারকে সমৃদ্ধ করেছিলেন। পাল রাজাদের আমলেই বাংলার নিজস্ব 'জাতীয় ভাষা' গড়ে ওঠে—এযুগেই সর্বপ্রথম বাংলা বর্ণমালার আভাস ফুটে ওঠে। বাংলা ভাষার আদি রচনা বৌদ্ধ চর্যাপদগুলির অধিকাংশই পালযুগের রচনা মনে করা হয়।

স্থাপত্য ভাস্কর্য ও চিত্রশিল্প

পাল যুগে স্থাপত্য, ভাস্কর্য ও চিত্রশিল্পের অভাবনীয় উন্নতি ঘটেছিল। ওদন্তপুরী, বিক্রমশীলা ও সোমপুরী মহাবিহারগুলি পালযুগের নির্মাণ পদ্ধতি ও স্থাপত্য কৌশলের পরিচায়ক। সোমপুরী বিহারের অনুকরণে জাভা, বোর্ণিও প্রভৃতি দেশে বহু স্থাপত্যের নিদর্শন দেখা যায়। পালযুগের মূর্তিগুলি ভাস্কর্য শিল্পের উন্নতির সাক্ষ্য বহন করছে। ধীমান ও তাঁর পুত্র বীতপাল সে যুগের শ্রেষ্ঠ ভাস্কর, চিত্রশিল্পী ও ধাতুমূর্তি-নির্মাতা।

ধর্মীয় ক্ষেত্রে

পাল রাজারা বৌদ্ধ ও মহাযান সম্প্রদায়ের পৃষ্ঠপোষক হলেও হিন্দু সংস্কৃতি ও পৌরাণিক ব্রাহ্মণ্যধর্মের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন। তাঁদের পৃষ্ঠপোষকতাতেই বৌদ্ধধর্ম বাংলা, বিহার, নেপাল, কাশ্মীর ও তিব্বতে প্রচারিত হয়েছিল। সর্বজনশ্রদ্ধেয় বাঙালী বৌদ্ধ পন্ডিত অতীশ দীপংকর এযুগেই আবির্ভূত হয়েছিলেন।

শিক্ষার ক্ষেত্রে

পাল রাজারা শিক্ষার উন্নয়নে যত্নবান ছিলেন। ওদন্তপুর, সোমপুর, পাহাড়পুর, বিক্রমশীলা ইত্যাদি বৌদ্ধবিহার ও শিক্ষাকেন্দ্র স্থাপিত হয়েছিল। নালন্দা বিশ্ববিদ্যালয়ও পুনরায় প্রসিদ্ধি অর্জন করেছিল। বিক্রমশীলা (বর্তমানে বিহারের ভাগলপুর জেলা) একটি বিখ্যাত শিক্ষাকেন্দ্র ছিল। সেখানে ১০৭টি মন্দির ও ছয়টি মহাবিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল। বহু প্রথিতযশা পন্ডিত সেখানে অধ্যাপনা করতেন। দেশ-বিদেশ থেকে শিক্ষার্থীরা সমবেত হতেন এবং তাঁদের শিক্ষার কোন ব্যয়ভার নিজেদের বহন করতে হত না। এই মহাবিহারেই অসাধারণ পন্ডিত দীপংকর শ্রীজ্ঞান (অতীশ) অধ্যাপনায় রত ছিলেন।

উপসংহার

উপসংহারে বলা যায়, পাল যুগে বাংলায় সাহিত্যে, কাব্যে, শিক্ষায়, শিল্পে নবজাগরণের এক জোয়ার দেখা দিয়েছিল। বাংলার বাইরেও তখন বাঙালীর যথেষ্ট সম্মান ও প্রতিপত্তি ছিল। বাংলা তথা ভারতেই নয়, ভারতের বাইরে ভারতীয় ধর্ম ও সংস্কৃতি বিস্তারে পাল রাজারা সচেষ্ট হয়েছিলেন। তাই অনেকে মনে করেন যে, আধুনিক বাংলা সংস্কৃতির বৈশিষ্ট্যগুলির সূচনা পালযুগেই হয়েছিল।

সেন আমলে বাংলার সমাজ ও সংস্কৃতি

খ্রীষ্টীয় দ্বাদশ শতকে অর্থাৎ সেন শাসন যুগে বাংলার সমাজ জীবনে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটে। সেটি হল সেনরাজ বল্লালসেন কর্তৃক কৌলিন্য প্রথার প্রবর্তন। ব্রাহ্মণ, কায়স্থ ও বৈদ্য—এই তিন শ্রেণীর মধ্যে ঐ প্রথা প্রবর্তিত হয়। কয়েকটি বিশেষ গুণের অধিকারী হলে কুলীনের মর্যাদা দেওয়া হত। স্পৃশ্য, অস্পৃশ্য ও প্রায়শ্চিত্ত প্রভৃতি সংস্কার সেন শাসনকালেই ব্যাপকতা লাভ করেছিল। 'বল্লাল চরিত' থেকে জানা যায় যে, রাজার ইচ্ছানুযায়ী কোন শ্রেণীকে সমাজে উন্নত বা অবনত করা হত। সমাজে জাত-পাতের বিভেদ হয়ে ওঠে, সমাজের রক্ষণশীলতা বেড়ে যায়।

কৌলিন্য প্রথা

সেন যুগে সভ্যতা ও সংস্কৃতির উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছিল। সেনরাজারা সাহিত্য ও শিল্পের পৃষ্ঠপোষক ছিলেন। সেনরাজ বল্লাল সেন স্বয়ং 'আচার্যসাগর', 'প্রতিষ্ঠাসাগর', 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' নামে চারটি গ্রন্থ রচনা করেন। এযুগের শ্রেষ্ঠ কবি জয়দেবের 'গীতগোবিন্দম্' ও ধোয়ীর 'পবনদূতম' সেকালের সাহিত্যকীর্তির মধ্যে অমূল্য রত্ন। এছাড়া শরণ, গোবর্ধন, উমাপতি ধর, হলায়ুধ প্রমুখদের মত মনীষী সেনযুগেই আবির্ভূত হয়েছিলেন। এঁদের সকলের অবদানেই সেন যুগের সাহিত্য সমৃদ্ধ হয়েছিল। বাংলা বর্ণমালা এ যুগেই পূর্ণতার দিকে এগিয়ে যায়।

সেনযুগের সংস্কৃতি

সাহিত্য

সেন যুগে ব্রাহ্মণ্য হিন্দুধর্মের প্রাধান্য প্রতিষ্ঠার চেষ্টা হয়েছিল। পালযুগের তান্ত্রিক ধর্মের প্রভাবে যে অপসংস্কৃতির অনুপ্রবেশ ঘটেছিল তা দূর করে ব্রাহ্মণ্য ধর্মের বৈশিষ্ট্য পুনঃ প্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন সেনরাজরা। কিন্তু এর ফলে ধর্মে রক্ষণশীলতাই বেশি বৃদ্ধি পায় বলে অনেকে মনে করেন।

ব্রাহ্মণ্য ধর্মের পুনঃ-প্রতিষ্ঠা

শিক্ষা ও শিল্পের ক্ষেত্রে সেন যুগে পাল যুগের ধারা অব্যাহত ছিল। সেন যুগের শ্রেষ্ঠ শিল্পী ছিলেন শূলপাণি।

শিক্ষা ও শিল্প

দক্ষিণ ভারতের সমাজ ও সংস্কৃতি

সুপ্রাচীনকালে উত্তর ভারত থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে দক্ষিণ ভারতে একটি স্বতন্ত্র সমাজ ও সংস্কৃতি গড়ে উঠেছিল। এই সভ্যতা সাধারণতঃ দ্রাবিড় সভ্যতা নামে পরিচিত। খ্রীষ্টের জন্মের বহু পূর্বেই পশ্চিম এশিয়ার দেশগুলির সঙ্গে সংযোগের ফলে দ্রাবিড় সভ্যতা উন্নত হয়ে ওঠে। দীর্ঘকাল দক্ষিণ ভারত আর্য সভ্যতার সংস্পর্শে আসে নি। খৃষ্টীয় প্রথম তিন শতাব্দীতে দক্ষিণ ভারত আর্য সভ্যতার সংস্পর্শে আসে। দ্রাবিড় সভ্যতা ও আর্য সভ্যতার মধ্যে সমন্বয় সাধিত হয়। দক্ষিণ ভারতে সমাজ জীবনে নানা পরিবর্তন ঘটতে থাকে। উত্তর ভারতের জাতিপ্রথা দক্ষিণ ভারতে ক্রমশঃ প্রচলিত হতে থাকে। উত্তর ভারত থেকেও জাতিভেদ

দক্ষিণ ভারতে কঠোর হয়ে উঠেছিল। ব্রাহ্মণ্য ধর্ম ও বর্ণাশ্রম প্রথা প্রসার লাভ করতে থাকে। পরবর্তীকালে এগুলি সমাজ জীবনের ভিত্তি হয়ে দাঁড়ায়।

দক্ষিণ ভারতের সংস্কৃতি

উত্তর ভারতের মত দক্ষিণ ভারতেও হিন্দু সংস্কৃতির উৎকর্ষ লক্ষ্য করা যায়। শিলপকলা, সাহিত্য, দর্শন, ধর্ম সকল ক্ষেত্রেই দক্ষিণ ভারতীয় মনীষার আশ্চর্য প্রকাশ ঘটেছিল।

চালুক্য শিল্প

দক্ষিণ ভারতের স্থাপত্য ও ভাস্কর্যে প্রভূত উৎকর্ষ লক্ষিত হয়। চালুক্যরাজদের বাতাপির গুহামন্দিরগুলিতে দ্রাবিড় শিল্পরীতির আভাস পাওয়া যায়। চালুক্যরাজদের আমলেই এলিফ্যান্টার গুহাগুলি নির্মিত হয়েছিল এবং অজন্তার বিশ্ববিখ্যাত কালজয়ী বহু দেওয়াল চিত্র অংকিত হয়েছিল।

রাষ্ট্রকূট শিল্প

রাষ্ট্রকূটরাজাদের আমলে তাঁদের পৃষ্ঠপোষকতায় স্থাপত্য ও ভাস্কর্যে সমুন্নতি ঘটেছিল। ইলোরার কৈলাসনাথের মন্দির রাষ্ট্রকূট স্থাপত্যের শ্রেষ্ঠ নিদর্শন— জনৈক ঐতিহাসিক এটিকে অষ্টম আশ্চর্যের অন্যতম বলে গণ্য করেছেন। ইলোরার গুহামন্দিরগুলি এই স্থাপত্যের উৎকর্ষের সাক্ষ্য দিচ্ছে। এগুলির প্রাচীরগাত্রে পৌরাণিক কাহিনী অনবদ্যভাবে রূপায়িত আছে।

চান্দেল্ল শিল্প

রাজপুত জাতির অন্যতম জেজকাভুক্তির (বর্তমান বুন্দেলখন্ড) চান্দেল্ল বংশের আমলে খাজুরাহোর বিখ্যাত মন্দির ও ভাস্কর্য বহু দর্শকের বিমুগ্ধ বিস্ময় সৃষ্টি করে।

উড়িষ্যার স্থাপত্য-ভাস্কর্য

মন্দিরময় দেশ উড়িষ্যা। আলোচ্য যুগে উড়িষ্যার স্থাপত্য ও ভাস্কর্য অপূর্ব উৎকর্ষ লাভ করেছিল। পূর্ব গঙ্গবংশের শ্রেষ্ঠ নরপতি অনন্তবর্মন চোড়গঙ্গের রাজত্বকালে ভারতের অন্যতম শ্রেষ্ঠ জগন্নাথের মন্দির নির্মিত হয়েছিল। এছাড়া ভুবনেশ্বরের বিখ্যাত লিঙ্গরাজের মন্দিরটি উড়িষ্যার মন্দির স্থাপত্যের উৎকর্ষ ঘোষণা করছে। ভুবনেশ্বরে নির্মিত পাঁচশ' মন্দিরের মধ্যে হলদে পাথরের তৈরী 'রাজারানী মন্দির' 'মুক্তেশ্বর মন্দির' ইত্যাদি উড়িষ্যার উৎকৃষ্ট স্থাপত্যের নিদর্শন।

পল্লভ স্থাপত্য ও ভাস্কর্য

সুদূর দক্ষিণে পল্লভ ও চোল শিলপ চরমোৎকর্ষ লাভ করেছিল। পল্লভরাজাদের শাসনকালে কাঞ্চী ছিল একটি সুসজ্জিত নগরী। প্রথম মহেন্দ্রবর্মনের আমলে পাহাড় কেটে সুন্দর সুন্দর মন্দির নির্মিত হয়েছিল। প্রথম নরসিংহবর্মনের আমলে মহাবলীপুরম্ বা মামল্লপুরমে 'সপ্তরথ' যার প্রত্যেকটি রথ এক একটি বিরাট শিলাখন্ড কেটে নির্মিত এবং গিরিগাত্রে দেবদেবী, জীবজন্তুর জীবন্ত প্রতিকৃতি দর্শকমাত্রেরই বিস্ময় সৃষ্টি করে। কাঞ্চীর কৈলাসনাথ মন্দির পল্লভ শিল্পের অপর এক নিদর্শন।

চোল শিল্প

হিন্দু মন্দির স্থাপত্যের পূর্ণ প্রকাশ ঘটে চোল শিল্পে। চোলরাজ রাজরাজ কর্তৃক তাঞ্জোরে নির্মিত বিশাল শিবমন্দিরটি চোল শিল্পকলার উৎকৃষ্ট নিদর্শন। এই মন্দিরের শীর্ষদেশের বিশাল শিলাখন্ডটি কিভাবে স্থাপিত হয়েছিল তা আজও বিস্ময় সৃষ্টি করে। এছাড়া এই আমলের

মন্দিরগুলি আকাশচুম্বী গোপুরম্ বা তোরণগুলি এবং সেগুলির অলংকরণবহুল ভাস্কর্যও বিস্ময় জাগায়। রাজেন্দ্র চোল কর্তৃক স্থাপিত 'গঙ্গইকোন্ড চোলপুরম্' নগরের পারিপাট্য, প্রাসাদের সূক্ষ্ম কারুকার্য এবং নগরের মধ্যস্থলে অবস্থিত মন্দিরটির শিল্পসুষমা চোল শিল্পের উৎকর্ষ ঘোষণা করছে।

দক্ষিণ ভারতের জ্ঞান-বিজ্ঞান ঃ দক্ষিণ ভারতে সাহিত্য, শিক্ষা ও জ্ঞানবিজ্ঞান চর্চায় উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছিল। শিক্ষার মান খুব উন্নত ছিল। নালন্দা বিশ্ববিদ্যালয়ের মত কাঞ্চীর বিশ্ববিদ্যালয় ছিল উচ্চশিক্ষার প্রধান কেন্দ্র। রাষ্ট্রকূটরাজ তৃতীয় কৃষ্ণের বিদেশমন্ত্রী কর্তৃক স্থাপিত সালগোতি বিশ্ববিদ্যালয় প্রসিদ্ধি অর্জন করেছিল। এছাড়া, প্রত্যেকটি উল্লেখযোগ্য মন্দিরের সঙ্গে সংযুক্ত থাকত অবৈতনিক মহাবিদ্যালয়।

দক্ষিণ ভারতের অনেক রাজা শিক্ষা ও সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন। অনেকে নিজেরাও সাহিত্যসেবী ছিলেন। এ প্রসঙ্গে উল্লেখ করা যায় রাষ্ট্রকূটরাজ অমোঘবর্ষ রচনা করেছিলেন 'রত্নমালিকা' ও 'কবিরাজমার্গ', পল্লভরাজ মহেন্দ্রবর্মন রচনা করেছিলেন 'মত্তবিলাস' প্রহসন নামে একটি রূপক। কুমারিল ভট্ট, শংকরাচার্য, রামানুজ প্রভৃতি অসাধারণ পন্ডিতরা দর্শনশাস্ত্রে অসামান্য অবদান রেখে যান। পল্লভ যুগে প্রখ্যাত কবি ভারবি, সংস্কৃত গদ্যের যাদুকর দন্ডিন, পন্ডিত দিক্‌নাগ্ সংস্কৃত সাহিত্যকে সমৃদ্ধ করে যান। পল্লভ যুগেই তামিল ভাষায় রচিত হয় 'কুরল' নামক গ্রন্থ।

দক্ষিণ ভারতের ধর্ম ঃ উত্তর ভারত থেকে বৌদ্ধ ও জৈনধর্ম দক্ষিণ ভারতে প্রসারিত হয়েছিল। সপ্তম শতাব্দীতে ঐ দুই ধর্মমতের বিরুদ্ধে শৈব ও বৈষ্ণবরা তীব্র আন্দোলন শুরু করেন। এই ধর্ম আন্দোলন হিন্দু ধর্মে নবজাগরণ এনেছিল। অবশ্য নবম ও দশম শতাব্দীতে জৈন ধর্মও শক্তিশালী হয়েছিল। কর্ণাটকের গঙ্গ রাজারা জৈন ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। এই সময় জৈন ধর্মের বিরুদ্ধে শিব ও বিষ্ণুর উপাসকরা (এঁরা 'নায়নার' ও 'আলভার' নামে পরিচিত) ভক্তি আন্দোলন শুরু করেন। তাঁদের দৃষ্টিতে ধর্ম হল ঈশ্বর ও তাঁর উপাসকদের মধ্যে এক প্রেমের বন্ধন। এই ধর্মের সন্ন্যাসীরা জনগণের বোধ্য তামিল ভাষায় ধর্ম প্রচার করতেন। জাতিভেদের সংকীর্ণতা বা অসাম্য এঁরা মানতেন না। এই ধর্ম অসাধারণ জনপ্রিয়তা অর্জন করে। অনেক বৌদ্ধ ও জৈন এই ধর্মমতে দীক্ষিত হয়। শৈব লিঙ্গায়ত আন্দোলনও আলোচ্য পর্বে জনপ্রিয় হয়ে উঠেছিল। এই আন্দোলনের নেতা ছিলেন বাসব ও চন্নবাসব। এঁরা জাতিভেদ, উপবাস, তীর্থভ্রমণ, বলিদান প্রথার বিরোধী ছিলেন। সামাজিক ক্ষেত্রে তাঁরা বাল্যবিবাহের বিরোধী ও বিধবা বিবাহের পক্ষপাতী ছিলেন।

দক্ষিণ ভারতে গভীর মননের দ্বারা যাঁরা জৈন ও বৌদ্ধধর্মে আঘাত হেনে হিন্দুধর্মের ধ্বজা তুলে ধরেছেন তাঁরা হলেন কুমারিল ভট্ট, শংকরাচার্য ও রামানুজ। কুমারিল ভট্ট সপ্তম শতাব্দীতে ব্রাহ্মণ পরিবারে জন্মেছিলেন। বৈদিক শাস্ত্রে তাঁর

অসাধারণ ব্যুৎপত্তি ছিল। শঙ্করাচার্য সম্ভবতঃ নবম শতাব্দীতে কেরলে জন্মেছিলেন। তাঁর জীবনী সম্বন্ধে সঠিকভাবে বলা শক্ত। সংসারত্যাগী এই সন্ন্যাসীর বেদ ও বেদান্তে অসাধারণ পাণ্ডিত্য ছিল। তিনি গীতা ও উপনিষদের টীকা রচনা করেছিলেন। সমগ্র ভারত ভ্রমণ করে তিনি তাঁর অদ্বৈত বেদান্তমত প্রচার করেন। এই ধর্মমতের মূল কথা হল ঃ ব্রহ্ম এক ও অদ্বিতীয় ; ব্রহ্মই একমাত্র সত্য, জগৎ মিথ্যা। শঙ্করাচার্যের গভীর দর্শনতত্ত্বের আবেদন ছিল উচ্চ সম্প্রদায়ের, বিশেষতঃ, শিক্ষিত মহলে। এরপর একাদশ শতাব্দীতে ভক্তিবাদের সঙ্গে বৈদিক ধর্মের সামঞ্জস্য করেন রামানুজ। তাঁর মতে মোক্ষলাভের উপায় ঈশ্বরজ্ঞান নয়, তাঁর করুণা। ভক্তি আন্দোলন ধীরে ধীরে প্রসার লাভ করতে থাকে।

বহির্ভারতে ভারতের বাণিজ্যিক ও সাংস্কৃতিক সংযোগ ঃ

ভারতবর্ষের উত্তরে নগাধিরাজ হিমালয়, অন্য তিন দিকে সমুদ্রের বিপুল জলরাশি উপমহাদেশটিকে একটি স্বতন্ত্র ভৌগোলিক সত্তা দান করেছে। তবু ভারতবর্ষ কোনদিন গণ্ডিবদ্ধ জীবনযাপন করে নি। হরপ্পা সভ্যতার কাল থেকেই তার সঙ্গে এশিয়ার প্রতিবেশী রাজ্যগুলির সঙ্গে সংযোগ ছিল। ভারতীয় বণিকরা মেসোপটেমিয়ার শহরগুলিতে যেত কেননা ওখানে পাওয়া তাদের সীলমোহরের কাল হল ২৪০০ খ্রীষ্টপূর্বাব্দ থেকে ১৭০০ খ্রীষ্টপূর্বাব্দ। খ্রীষ্টীয় প্রথম শতাব্দীর প্রারম্ভ থেকেই চীন, দক্ষিণ-পূর্ব এশিয়া, পশ্চিম এশিয়া এবং রোমান সাম্রাজ্যের সঙ্গে ভারতের বাণিজ্যিক সংযোগ ছিল। বাণিজ্য, ধর্মপ্রচার ও উপনিবেশ স্থাপন উপলক্ষে এই সংযোগ নিবিড় হয়ে ওঠে।

বহির্ভারতের সঙ্গে বাণিজ্যিক ও সাংস্কৃতিক সংযোগ

খ্রীষ্টীয় প্রথম শতাব্দীর শেষভাগে এক অজ্ঞাতনামা গ্রীক নাবিক জলপথে ভারতে আসেন। তাঁর রচিত 'পেরিপ্লাস' পুস্তকে সমকালীন ভারতের বন্দরের এক দীর্ঘ তালিকা আছে। এতে সে সময়ে ভারতে সমুদ্রপথে চলাচলের উপযোগী বড় বড় বাণিজ্যপোত নির্মিত হত—তার উল্লেখও পাওয়া যায়। রোমান ঐতিহাসিক প্লিনির রচনাতেও এর সমর্থন পাওয়া গেছে। পণ্য বিনিময়ের মাধ্যমে উপরি-উক্ত দেশগুলির সঙ্গে সাংস্কৃতিক বিনিময়ও ঘটে। মৌর্য সম্রাট অশোকের ধর্মপ্রচারের উদ্দেশ্যে বিদেশে ধর্মপ্রচারক ও দূত প্রেরণ নিশ্চয়ই সাংস্কৃতিক প্রভাব বিস্তার ও যোগাযোগের পথ প্রস্তুত করেছিল।

'পেরিপ্লাস'

আফগানিস্তান ও মধ্য এশিয়া ঃ প্রাচীনকালে আফগানিস্তান ও মধ্য এশিয়ার খোটান, কুচি, কাশগড়, ইয়ারখন্দ ইত্যাদি ভারতীয় সভ্যতার কেন্দ্র ছিল। কুষাণ যুগে সর্বপ্রথম মধ্য এশিয়ায় যাযাবর জাতিদের মধ্যে মহাযান বৌদ্ধধর্ম প্রচারিত হয়। ভারতীয় সভ্যতার এই কেন্দ্রগুলি গোবি মরুভূমি গ্রাস করে ফেলেছিল। কিছুকাল ঐ মরু অঞ্চলে স্যার অরেলস্টাইন প্রমুখ প্রত্নতত্ত্ববিদ্‌রা খননকার্য করে প্রাচীন সমৃদ্ধ নগরের ধ্বংসাবশেষ আবিষ্কার করেছেন। এই অঞ্চলের ভারতীয়

সভ্যতার প্রধান কেন্দ্র ছিল খোটান। কথিত আছে, কুণাল নামে অশোকের এক পুত্র বিমাতার অত্যাচারে ভারতবর্ষ ত্যাগ করতে বাধ্য হন এবং খোটানে একটি রাজ্য স্থাপন করেন। খোটান ও তার চতুর্দিকে বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয়েছে ; অসংখ্য স্তূপ, বৌদ্ধ ও হিন্দু দেবদেবীর মূর্তি, পুঁথিপত্র, ছবি, সংস্কৃত ও প্রাকৃত ভাষায় লেখা বহু গ্রন্থ পাওয়া গেছে। স্টাইন মন্তব্য করেছেন যে, খননের সময় তাঁর মনে হত যেন তিনি পাঞ্জাবের কোন প্রাচীন শহরে এসেছেন। চীনা পরিব্রাজক ফা-হিয়েন খোটানের প্রসিদ্ধ গোমতী বিহারের বর্ণনা দিয়েছেন। এই বিহারে এশিয়ার বিভিন্ন জায়গা থেকে শিক্ষার্থীরা অধ্যয়নের জন্য আসত। সপ্তম শতাব্দীতেও হিউয়েন-সাঙ্ এই অঞ্চলে বৌদ্ধ ও ভারতের সংস্কৃতির প্রভাব লক্ষ্য করেছিলেন।

খোটান ছাড়া কুচি, কাশগড়, ইয়ারখন্দ ছিল ভারতীয় সভ্যতা ও বৌদ্ধধর্মের উল্লেখযোগ্য কেন্দ্র। এই অঞ্চলের বহু রাজা ভারতীয় নামে পরিচিত ছিলেন। দৃষ্টান্তস্বরূপ উল্লেখ করা যায়, কুচির রাজাদের নাম হরদেব, সুবর্ণদেব, কাশগড়ের বিজিতধর্ম আর ইয়ারখন্দের সূর্যভদ্র।

খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীর শেষ পর্যন্ত মধ্য এশিয়ায় বৌদ্ধধর্মের প্রভাব শক্তিশালী ছিল। শুধুমাত্র ধর্ম নয়, বাণিজ্যও ভারতের সঙ্গে মধ্য এশিয়ার সম্পর্ক নিবিড় করে তুলেছিল।

পূর্ব এশিয়া ঃ মধ্য এশিয়া থেকে বৌদ্ধধর্ম চীন, কোরিয়া ও জাপানে বিস্তৃত হয়। ভারতবর্ষ থেকে বহু পন্ডিত ও রাজকুমার বৌদ্ধধর্ম প্রচারের জন্য চীনে গিয়েছিলেন। এঁদের মধ্যে কাশ্যপ-মাতঙ্গ ও ধর্মরত্নের নাম সর্বাধিক প্রসিদ্ধ। কুচিতে বসবাসকারী সে যুগের শ্রেষ্ঠ বৌদ্ধ পন্ডিত কুমারজীব চীন কর্তৃক কুচি আক্রমণকালে বন্দী হয়ে চীনে আনীত হন। তাঁর প্রকৃত পরিচয় লাভের পর চীনে তাঁকে শ্রেষ্ঠ বৌদ্ধ পন্ডিতের মর্যাদা দেওয়া হয়। সেখানে কুমারজীব তাঁর শিষ্যদের সহায়তায় বহু ভারতীয় বৌদ্ধগ্রন্থ চীনা ভাষায় অনুবাদ করেন। অন্যদিকে তীর্থ ভ্রমণ ও বৌদ্ধধর্ম সম্বন্ধে জ্ঞানলাভ ও বৌদ্ধগ্রন্থ সংগ্রহের উদ্দেশ্যে বহু চীনা বৌদ্ধ শ্রমণ এদেশে আসতেন। এঁদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন ফা-হিয়েন, হিউয়েন-সাঙ্ ও ই-সিং। ফা-হিয়েন এদেশে এসেছিলেন দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে, হিউয়েন-সাঙ্ এসেছিলেন হর্ষবর্ধনের শাসনকালে এবং আরও ত্রিশ বৎসর পর আসেন ই-সিং। এই সংযোগের ফলে চীন ও ভারত উভয়েই লাভবান হয়। ভারতীয় সঙ্গীত, বৌদ্ধ চিত্রাঙ্কন রীতি, মূর্তি গঠন ও গুহামন্দির নির্মাণ প্রণালী চীনে প্রভাব বিস্তার করে ; আর চীন থেকে ভারতীয়রা শিখেছিল রেশমের উৎপাদন কৌশল।

তিব্বত ঃ ভারতবর্ষের সঙ্গে তিব্বতের সম্পর্ক অতি প্রাচীন। খ্রীষ্টীয় সপ্তম শতাব্দীতে সেই সম্পর্ক ঘনিষ্ঠ হয়ে ওঠে। ঐ সময়ে স্রং-সান-গাম্পো নামে একজন শক্তিশালী রাজা তিব্বতে রাজত্ব করতেন। তিনি ছিলেন হর্ষবর্ধনের সমসাময়িক। তিনি স্বয়ং বৌদ্ধধর্ম গ্রহণ করেন এবং তিব্বতে অসংখ্য বৌদ্ধস্তূপ ও বিহার নির্মাণ

করিয়েছিলেন। তাঁর প্রয়াসে নিজ দেশে বৌদ্ধধর্ম ও ভারতীয় লিখন পদ্ধতি প্রবর্তিত হয়। চীনাদের মতই বহু তিব্বতী পন্ডিত তীর্থভ্রমণ ও বৌদ্ধধর্ম সম্বন্ধে জ্ঞানলাভের উদ্দেশ্যে এদেশে আসতেন। এঁদের মধ্যে অনেকে নালন্দা ও বিক্রমশীলা মহাবিহারে থেকে পড়াশুনো করতেন। তেমনি অনেক ভারতীয় পন্ডিত তিব্বতে যেতেন। এ প্রসঙ্গে বাংলার বিখ্যাত পন্ডিত অতীশ দীপংকরের নাম উল্লেখযোগ্য। সে সময়ে চলছিল পালবংশের রাজত্বকাল। তিব্বতরাজ জ্ঞানপ্রভ বৌদ্ধধর্মের সংস্কারের জন্য তাঁকে আমন্ত্রণ করেন। অবশেষে ১০৫০ খ্রীষ্টাব্দ নাগাদ অতীশ তিব্বত যাত্রা করেন। সেখানে গিয়ে তিনি বৌদ্ধধর্মের সংস্কার করেন। সেখানেই ঘটে তাঁর তিরোধান। আজও তিব্বতীরা তাঁকে মহাপুরুষ হিসাবে শ্রদ্ধা জানায়।


দক্ষিণ-পূর্ব এশিয়া : মধ্য ও পূর্ব এশিয়ায় ভারতীয় সংস্কৃতির প্রসার ঘটেছিল স্থলপথে। কিন্তু দক্ষিণ-পূর্ব এশিয়ায় তার বিস্তার ঘটে জলপথে। প্রাচীন ভারতীয় বণিকরা এই অঞ্চলের যে বিভিন্ন নামকরণ করেছিলেন তা থেকেই বোঝা যায় কোন্ কোন্ পণ্য সংগ্রহের জন্য তাঁরা সে সমস্ত জায়গায় যেতেন—যেমন, 'সুবর্ণভূমি' (পেগু ও মৌলমেন), 'সুবর্ণদ্বীপ' (ইন্দোনেশিয়া), কনকপুরী (মালয় উপদ্বীপের অংশ), 'কর্পূরদ্বীপ', 'যবদ্বীপ', 'তক্কোল' (এলাচের বাজার), 'নারকেল দ্বীপ' ইত্যাদি। ব্রহ্মদেশ ছাড়া দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যান্য স্থানে ব্রাহ্মণ্য ধর্মের মাধ্যমে ভারতীয় সংস্কৃতির বিস্তৃতি ঘটেছিল।

ব্রহ্মদেশ

ব্রহ্মদেশে অবশ্য এই বিস্তৃতির মাধ্যম ছিল বৌদ্ধধর্ম। ব্রোচ, বারাণসী ও ভাগলপুরের বণিকরা ব্রহ্মদেশের সঙ্গে বাণিজ্য করত। সেখানে গুপ্ত যুগের বহু বৌদ্ধ ধ্বংসাবশেষ পাওয়া গেছে। ব্রহ্মদেশের ধর্মগ্রন্থ পালি ভাষায় লিখিত।

ইন্দোনেশিয়া

খ্রীষ্টীয় প্রথম শতকে ভারতবর্ষ ইন্দোনেশিয়ার অন্তর্গত জাভার সঙ্গে নিবিড় সম্পর্ক স্থাপন করেছিল। সেখানে ৫৬ খ্রীষ্টাব্দে সর্বপ্রথম ভারতীয় বসতি বিস্তৃত হয়। খ্রীষ্টীয় দ্বিতীয় শতাব্দীতে সেখানে কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র হিন্দু রাজ্য গড়ে ওঠে। খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীতে জাভা পরিভ্রমণকালে ফা-হিয়েন সেখানে ব্রাহ্মণ্যধর্মের প্রচলন লক্ষ্য করেছিলেন। পল্লবরাজারাও সুমাত্রায় উপনিবেশ বিস্তার করেছিলেন। কালক্রমে এখানে শ্রীবিজয় নামে একটি শক্তিশালী রাজ্য গড়ে ওঠে। অষ্টম শতাব্দীতে এই রাজ্য শৈলেন্দ্র সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়ে যায়। মালয়, সুমাত্রা, যবদ্বীপ, বলিদ্বীপ, বোর্নিও প্রভৃতি শৈলেন্দ্র সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। অষ্টম শতাব্দীর আরব লেখকরা শৈলেন্দ্র সম্রাটের ধন-সম্পদ ও শক্তি-সামর্থ্যের প্রশংসায় পঞ্চমুখ। শৈলেন্দ্র সম্রাটকে তাঁরা 'মহারাজ' আখ্যা দিয়েছিলেন। ধর্ম ও সংস্কৃতিতে শৈলেন্দ্র বংশীয়রা ছিলেন সম্পূর্ণ ভারতীয়। তাঁরা মহাযান বৌদ্ধধর্মের অনুরাগী ছিলেন। চীন ও ভারতের সঙ্গে তাঁদের কূটনৈতিক সম্পর্ক ছিল। শৈলেন্দ্ররাজ বালপুত্রদেব বাংলার পালরাজ দেবপালের অনুমতি নিয়ে নালন্দায় একটি বৌদ্ধমঠ নির্মাণ করিয়েছিলেন। তাঁরা সুন্দর সুন্দর


ভারতীয় সংস্কৃতির বিস্তার
খৃঃ পূঃ ২৫০ - ১০০০ খৃষ্টাব্দ
হিন্দু
বৌদ্ধ

মন্দিরও নির্মাণ করিয়েছিলেন। এগুলির মধ্যে অষ্টম শতকে নির্মিত বরবুদরের বৌদ্ধ মন্দিরটি পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা বৃহৎ বৌদ্ধমন্দির। পাহাড়ের ওপর অবস্থিত এই মন্দিরটি নয়টি স্তরে নির্মিত। প্রত্যেকটি স্তরের ওপর প্রশস্ত ছাদ—একেবারে ওপরে ঘন্টাকৃতি একটি বিরাট স্তূপ। মন্দিরের প্রাচীরে বৌদ্ধজাতক ও রামায়ণ-মহাভারতের বহু কাহিনী খোদিত আছে। এর অপূর্ব কারুকার্য দর্শক মাত্রেরই বিস্ময় জাগায়।

ইন্দোচীনে (বর্তমান ভিয়েতনাম, কামপুচিয়া ও লাওস) ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি বিস্তার লাভ করে। এখানে দুটি বিশাল হিন্দুরাজ্য স্থাপিত হয়েছিল—একটির নাম চম্পা, অন্যটি কম্বুজ।

খ্রীষ্টীয় দ্বিতীয় শতাব্দীতে বিখ্যাত হিন্দুরাজ্য চম্পা (বর্তমানে আনাম) প্রতিষ্ঠিত হয়। কিংবদন্তী অনুসারে, একদল ভারতীয় বণিক এই রাজ্যটি প্রতিষ্ঠিত করে নিজেদের অঞ্চলের চম্পা (বর্তমানে বিহারে অবস্থিত) নামানুসারে এর নামকরণ করেন চম্পা। প্রতিবেশী কম্বুজ রাজ্য ও মোঙ্গলদের আক্রমণ প্রতিহত করে চম্পার নাগরিকরা তেরশ' বছরেরও বেশী তাদের স্বাধীনতা অক্ষুণ্ণ রেখেছিল। চম্পায় ব্রাহ্মণ্য ধর্মই প্রবল ছিল। শৈব-ধর্মাবলম্বীদের সংখ্যাই ছিল বেশী। বৌদ্ধধর্মও সেখানে প্রসারলাভ করেছিল। ভারতীয় সমাজের ধাঁচে সেখানে চতুর্বর্ণ সমাজ (অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র) প্রচলিত ছিল। চম্পার অধিবাসীরা ক্রমে ভারতীয় পোশাক-পরিচ্ছদ গ্রহণ করে। সমাজে সতীদাহ প্রথাও প্রচলিত ছিল। রাষ্ট্রীয় ভাষা ছিল সংস্কৃত। এই রাজ্যে অনেক সমৃদ্ধ নগর এবং হিন্দু ও বৌদ্ধ মন্দির ছিল। পঞ্চদশ শতকের শেষে চীনা ও মোঙ্গল আক্রমণে এই রাজ্য ধ্বংসপ্রাপ্ত হয়।

চম্পা

ইন্দোচীনের অন্যতম হিন্দু ঔপনিবেশিক রাজ্য ছিল কম্বুজ (বর্তমানে কম্বোডিয়া)। চীনাদের কাছে এই রাজ্য 'ফুনান' নামে পরিচিত ছিল। কিংবদন্তী অনুসারে, কৌন্ডিণ্য নামে এক ব্রাহ্মণ সমুদ্রপথে এসে স্থানীয় নাগবংশের রাজকুমারীকে বিবাহ করে কম্বুজ রাজ্য স্থাপন করেন। চৈনিক সূত্রে জানা যায় যে, ভারত থেকে আগত সহস্রাধিক ব্রাহ্মণ এখানে বসবাস করতেন এবং দিবারাত্র শাস্ত্র অধ্যয়নে রত থাকতেন। এই রাজ্যে ব্রাহ্মণ্যধর্ম প্রচলিত ছিল। জয়বর্মন, যশোবর্মন, সূর্যবর্মন প্রভৃতি রাজাদের রাজত্বকালে এই রাজ্য পরাক্রমশালী হয়ে উঠেছিল। এঁদের মধ্যে যশোবর্মনের নাম সবিশেষ উল্লেখযোগ্য। তাঁর সময়ে রাজধানী যশোধরপুর (বর্তমানে আঙ্কোরথোম) ছিল একটি অতি সুসজ্জিত, সমৃদ্ধশালী নগর। শহরের মাঝখানে ছিল রেয়নের (সম্ভবতঃ শিবের) মন্দির। কম্বুজের আর একটি পৃথিবীবিখ্যাত মন্দির হল আঙ্কোরভাটের বিষ্ণুমন্দির। এটি বরবুদরের মন্দিরের চেয়েও বিশাল। দ্বাদশ শতাব্দীতে কম্বুজরাজ সূর্যবর্মন এই মন্দিরটি নির্মাণ করিয়েছিলেন। আজও এই মন্দির ভারতবর্ষের স্থাপত্য ও ভাস্কর্যের উৎকর্ষ ঘোষণা করছে—আজও তা বিশ্বের বিস্ময়। মন্দিরটি তিনটি

কম্বুজ

স্তরে নির্মিত। দৈর্ঘ্যে বারশ' ফুট আর প্রস্থে নয়শ' ফুট একটি পাথরের প্রাচীর মন্দিরটিকে বেষ্টন করে আছে। মন্দিরের গায়ে অপূর্ব কারুকার্য, তাতে পুরাণ-রামায়ণ-মহাভারতের কাহিনী জীবন্ত হয়ে উঠেছে। আর আছে অসংখ্য সুন্দর সুন্দর প্রস্তরমূর্তি। খ্রীষ্টীয় পঞ্চদশ শতকে আনাম ও থাই জাতির আক্রমণে এই রাজ্য ধ্বংস হয়ে যায়।

যবদ্বীপ

খ্রীষ্টীয় প্রথম শতাব্দীতে ভারতের সঙ্গে যবদ্বীপের বাণিজ্যিক সম্পর্ক স্থাপিত হয়েছিল। কালক্রমে এটি হিন্দু ঔপনিবেশিক রাজ্য হিসাবে গড়ে ওঠে। কিন্তু শৈলেন্দ্র সাম্রাজ্যের শক্তিবৃদ্ধির ফলে রাজ্যটি শৈলেন্দ্র সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়ে যায়। নবম শতাব্দীতে যবদ্বীপ পুনরায় স্বাধীন সত্তা অর্জন করে; ক্রমে তা একটি শক্তিশালী রাজ্যে পরিণত হয়। যবদ্বীপে ভারতীয় সমাজের ধাঁচে বর্ণপ্রথা গড়ে ওঠে। তবে সমাজে ভারতীয় নারীদের চেয়ে যবদ্বীপের নারীরা বেশি স্বাধীনতা ভোগ করত—অবরোধ প্রথা সেখানে ছিল না। এছাড়া, সেখানে বিধবা বিবাহ বা বহু-বিবাহ প্রচলিত ছিল। রামায়ণ ও মহাভারতের কাহিনী অবলম্বনে সেখানে বহু কাব্য ও গদ্য সাহিত্য রচিত হয়েছিল। চতুর্দশ শতাব্দীতে ইসলাম ধর্ম প্রবর্তিত হলে সেখান থেকে ভারতীয় প্রভাব হ্রাস পেতে থাকে।

বলি দ্বীপ

হিন্দু সভ্যতা ও সংস্কৃতির আর একটি কেন্দ্র ছিল বলি দ্বীপ। মালয় উপদ্বীপ ও মালয় দ্বীপপুঞ্জে ইসলাম ধর্মের প্রাধান্য প্রতিষ্ঠিত হলেও আজও বলিতে হিন্দু ধর্মেরই প্রাধান্য বজায় আছে।

সিংহল ও শ্যামদেশ

সিংহল ও শ্যাম দেশেও বৌদ্ধধর্ম প্রসার লাভ করেছিল। কথিত আছে, মগধ থেকে শ্যাম দেশে বৌদ্ধধর্ম প্রচারিত হয়েছিল। শ্যাম দেশে সংস্কৃত ভাষার চর্চা হত। সিংহলের স্থাপত্য চিত্রাঙ্কন রীতির ওপর ভারতীয় প্রভাব আজও লক্ষ্য করা যায়।

উপসংহার

সমস্ত এশিয়া জুড়ে শান্তিপূর্ণ উপায়ে ভারতীয় উপনিবেশ ও সভ্যতার বিস্তার ইতিহাসের এক আশ্চর্য কাহিনী। আমরা ভারতবাসীরা এতে সঙ্গতভাবেই গর্ববোধ করতে পারি। ভারতবর্ষ এশিয়ার এই দেশগুলিকে দিয়েছে যেমন অনেক কিছু, তেমনি নিয়েছেও কিছু। ভারতীয় ধর্ম, শিল্পকলা, বর্ণমালা ও ভাষার কাছে এই দেশগুলির ঋণ অনস্বীকার্য। তেমনি চীনের কাছ থেকে রেশম উৎপাদনের কৌশল, ইন্দোনেশিয়ার কাছ থেকে পান চাষ শিখেছে ভারতীয়রা। আবার ভারত থেকেই কার্পাস চাষের পদ্ধতি পৌঁছেছে চীন ও মধ্য এশিয়ায়।

———

ভারতে মুসলিম শক্তির অভ্যুদয়

ইতিহাসের গতি প্রবহমান নদীর স্রোতের মত নিরবচ্ছিন্ন ও বিরতিহীন। ঘটনা পরম্পরার মধ্যে সংযোগ-সূত্র কখনও ছিন্ন হয়ে যায় না। ইতিহাস তাই একটি অখন্ড অবিভাজ্য বিষয়। তাই ইতিহাসে যুগ-বিভাগ অযৌক্তিক। তবু ইতিহাসের গতিকে বিভিন্ন যুগে, পর্বে বিভক্ত করা হয় আলোচনার সুবিধের জন্য। কেননা একটি অখন্ড বিশাল বিষয়ের ধারণা করা আমাদের সীমাবদ্ধ শক্তিতে সম্ভব হয় না, তাই ইতিহাসকে সাধারণতঃ প্রাচীন, মধ্য ও আধুনিক যুগে বিভক্ত করা হয়েছে বিভিন্ন বৈশিষ্ট্যের নিরিখে। যুগ যুগ ধরে মানব সমাজের সূচনা, বিকাশ ও পরিণতি নিয়েই ইতিহাসের আসল কারবার। ইতিহাসের প্রধান বৈশিষ্ট্য হ'ল মানবসমাজে পরিবর্তনের গতি। মানব ইতিহাস নদীর স্রোতের মতন। সেখানে চিরস্থায়ী রূপ কিছু নেই। তাই ভিন্ন ভিন্ন যুগে বিভিন্ন ধরনের বিশ্বাস, মতবাদ, সংস্কৃতি ও রাষ্ট্রীয় ব্যবস্থার পরিচয় পাওয়া যায়। আবার এই পরিবর্তন সব সময় একই গতিতে চলে না। এর মূলে রয়েছে আলাদা আলাদা ধরনের উৎপাদন প্রথা ও আর্থনীতিক ব্যবস্থা। এই উৎপাদন ব্যবস্থা ও আর্থিক ব্যবস্থা পরিবর্তনের ফলে সমাজ ব্যবস্থারও পরিবর্তন ঘটে। যুগে যুগে উৎপাদন পদ্ধতির প্রকৃতি বদলানোর সঙ্গে সঙ্গে ভিন্ন ভিন্ন সমাজের উদ্ভব হয়। ভারতবর্ষে প্রাচীন সভ্যতা দীর্ঘস্থায়ী ছিল কারণ এখানে বহুকাল ধরে উৎপাদনের পদ্ধতি পরিবর্তিত হয়নি। এখানে সাম্রাজ্যের পর সাম্রাজ্য পতন হলেও সমাজব্যবস্থা একই রকম থেকে যায়। কাজেই মূলতঃ উৎপাদন ব্যবস্থা ও আর্থিক ব্যবস্থা পরিবর্তনের সঙ্গে সঙ্গে ইতিহাস এক যুগ থেকে অন্য যুগে প্রবেশ করে। এইভাবে মধ্যযুগের সামন্তব্যবস্থা আধুনিক যুগে পুঁজিবাদী ব্যবস্থায় পরিবর্তিত হয়। অনেক ক্ষেত্রে পুঁজিবাদী ব্যবস্থার জায়গায় সমাজতান্ত্রিক ব্যবস্থার সূত্রপাত ঘটে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, ভারতীয় ইতিহাসের বিবর্তনে অর্থনৈতিক ব্যবস্থার প্রভাব সম্পর্কিত বিষয়টির প্রতি বিশেষ আলোকপাত করা হয়নি। ভারতের ইতিহাসকে রাজা-মহারাজাদের সাম্রাজ্য প্রতিষ্ঠার দ্বন্দ্ব-সংঘর্ষ হিসেবেই মূলতঃ চিত্রিত করা হয়েছে। এ দেশের ইতিহাসকে তিনটি ছকে বিভক্ত করা হয়েছে। প্রাচীনকাল থেকে মুসলমান শাসনের পূর্ব পর্যন্ত প্রাচীন যুগ, মুসলমান শাসনের শুরু থেকে ব্রিটিশ শাসনের পূর্ব পর্যন্ত মধ্যযুগ এবং ব্রিটিশ শাসনের প্রতিষ্ঠা থেকে আধুনিক যুগ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই ইতিহাসে যুগে যুগে ভারতীয় সমাজব্যবস্থার কোনও পরিচয় মেলে না।

যুগ-বিভাগের অযৌক্তিকতা

প্রাচীন যুগ সম্বন্ধে আমরা আগেই আলোচনা করেছি। এরপর আমরা আলোচনা করব মধ্যযুগ সম্বন্ধে। কেউ কেউ এ যুগকে মুসলিম ভারত বলে আখ্যা দিয়ে থাকেন। এর পেছনে যুক্তি হল তুর্কী-আফগান, মুঘল ইত্যাদি বহিরাগত শাসকগোষ্ঠী ছিলেন ধর্মে ইসলাম বা জাতিতে মুসলমান। কিন্তু এইভাবে ভারতের মধ্যযুগকে দেখার অনেক ত্রুটি আছে।

'মুসলিম ভারত' অভিধা কি সঙ্গত?

প্রসঙ্গক্রমে বলা যায় যে, প্রাচীন ভারতে যখন বৌদ্ধ ধর্মের ব্যাপক প্রসার ঘটেছিল সেই সময়কালকে বৌদ্ধযুগ বলে অভিহিত করলে নিশ্চয়ই ভুল করা হবে। কেননা কোনকালেই ভারতবর্ষের অধিকাংশ লোক বৌদ্ধধর্মে ধর্মান্তরিত হয়নি। তাই বলা যায়, তথাকথিত মুসলিম ভারতে মধ্যভারত ও রাজস্থানের বহু অঞ্চলে হিন্দু শাসন প্রতিষ্ঠিত ছিল। এমনকি চতুর্দশ শতাব্দীর প্রথম দশকে মালিক কাফুর (আলাউদ্দীনের সেনাপতি) দাক্ষিণাত্যে বিজয় অভিযান করার পরও দাক্ষিণাত্যে হিন্দু শাসনের প্রতিষ্ঠা ঘটেছিল। একথা সত্য, ইসলাম ধর্মাবলম্বী শাসকরা ভারত আক্রমণ করে রাজ্যবিস্তারের প্রাথমিক পর্বে তারা যে বহিরাগত বা বিদেশী তা বিস্মৃত হয় নি। কিন্তু অল্পকাল পরেই তারা ভারতীয় সমাজে মিশে ভারতীয় হয়ে যায়। এ প্রসঙ্গে বলা দরকার যে, পরকে আপন করার শক্তি ভারতীয় সভ্যতার ছিল একথা আমরা আগেই দেখেছি। এই সমন্বয়ী ভারতীয় সভ্যতার প্রভাবে খলজী, তুঘলক ও মুঘলরা ভারতবর্ষকেই মাতৃভূমি হিসাবে গ্রহণ করেছিল।

কখন কোন্ জাতি বা ধর্মাবলম্বী শাসকগোষ্ঠী রাজত্ব করছে তার সঙ্গে সামাজিক, ধর্মীয়, অর্থনৈতিক পরিবর্তনের বা যুগের বিবর্তনের কার্যকারণ সম্পর্ক আবিষ্কার করা সবসময়ে সঙ্গত নয়। দৃষ্টান্ত হিসাবে, ভারতবর্ষে মুঘল শাসনের প্রাক্কালে হিন্দী, ব্রজভাষা, মারাঠী ভাষা ইত্যাদি আঞ্চলিক ভাষাগুলি যে উন্নত হয়েছিল তার জন্য নিশ্চয়ই শাসকগোষ্ঠীর ইসলাম ধর্মকে দায়ী করা যায় না। সেজন্য প্রাচীন ভারতকে যেমন হিন্দু-ভারত বলা সঙ্গত নয়, তেমনি মধ্যযুগের ভারতকে মুসলিম ভারত বলাও অযৌক্তিক।

শাসক গোষ্ঠীর ধর্মের সঙ্গে যুগের গতিধারার সম্পর্কহীনতা

ভারতে মুসলমান রাজত্বের সূচনা : ৭১১ খ্রীষ্টাব্দে আরবরা সিন্ধু ও মুলতান প্রদেশ জয় করে নিলে ভারতে সর্বপ্রথম মুসলমান রাজত্বের সূত্রপাত হয়। এর প্রায় তিনশ' বছর পর গজনীর তুর্কী জাতীয় সুলতান মামুদ পাঞ্জাব অধিকার করেন। এইভাবে সমগ্র সিন্ধু উপত্যকায় প্রতিষ্ঠিত হয় মুসলমান আধিপত্য। তদানীন্তন পরস্পর-বিবদমান শক্তিশালী উত্তর ভারতীয় হিন্দু রাজারা ঐক্যবদ্ধভাবে এই আধিপত্যের বিরুদ্ধে দাঁড়াতে পারেন নি। এর ফলে ভারতে তুর্কো-আফগান শক্তির অভ্যুত্থান ও প্রসারের পথ প্রশস্ত হয়। এই তুর্কো-আফগান শাসনের পর্বটি ভারত-ইতিহাসে দিল্লীর সুলতানী যুগ (১২০৬-১৫২৬ খ্রীঃ) নামে অভিহিত হয়।

সুলতানী যুগের ঐতিহাসিক উপাদান : সুলতানী যুগের ইতিহাসের উপাদনের অভাব নেই, বরঞ্চ প্রাচুর্যই আছে। এগুলিকে পাঁচটি ভাগে বিভক্ত করা যেতে পারে—(১) সরকারী দলিলপত্র, (২) সমকালীন ঐতিহাসিকদের রচনা, (৩) বিদেশী পর্যটকদের বিবরণ, (৪) মুদ্রা ও শিল্পের নিদর্শন এবং (৫) হিন্দু লেখকদের রচনা।

(১) সরকারী দলিলপত্র : সুলতানী আমলে সরকারী দলিলপত্র সংরক্ষিত হত এবং এগুলি নিঃসন্দেহে একটি মূল্যবান উপাদান। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এগুলির অধিকাংশই যুদ্ধবিগ্রহাদিতে ধ্বংস হয়ে গেছে। তবু যা পাওয়া গেছে তা এই পর্বের ইতিহাস রচনায় সহায়ক হয়েছে।

(২) সমকালীন ঐতিহাসিকদের রচনা : সুলতানী আমলের অনেক ঐতিহাসিক সাহিত্য পাওয়া গেছে। এঁদের কারো কারো রচনা পক্ষপাতদুষ্ট হলেও সামগ্রিকভাবে এগুলি বিভিন্ন সুলতানের শাসন আমল, ভারতের জ্ঞান-বিজ্ঞান, হিন্দু সমাজের রীতি-নীতি, অর্থনীতি ইত্যাদি সম্বন্ধে আলোকপাত করে। এই সমস্ত ঐতিহাসিকদের মধ্যে উল্লেখযোগ্য 'তহকিক-ই-হিন্দ' রচয়িতা অল্ বেরুণী, 'তবকৎ-ই-নাসিরী' প্রণেতা মিনহাজ-উদ্দীন সিরাজ, 'তারিখ-ই-ফিরোজশাহী' রচয়িতা জিয়াউদ্দীন বারণী। এছাড়া আমীর খসরু, আইন-উল মুল্‌ক, সুলতান ফিরুজ শাহ স্বয়ং সুলতানী আমল সম্বন্ধে নানা কথা লিখে গেছেন।

(৩) বিদেশী পর্যটকদের বিবরণ : বহু বিদেশী পর্যটক সমকালীন ভারতবর্ষ সম্বন্ধে অনেক কথা লিখে গেছেন। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন—আফ্রিকাবাসী ইবন বতুতা, ইতালীয় মার্কো পোলো, চীনা মাহুয়ান, ইতালীয় পর্যটক নিকোলো কন্টি, পারসিক আব্দুর রজ্জাক, রুশ নিকিতিন ও পোর্তুগীজ পর্যটক পায়েজ ও নুনিজ।

(৪) মুদ্রা ও শিল্পের নিদর্শন : সুলতানী আমলের মুদ্রাগুলি থেকে ঐ যুগের মুদ্রানীতি ও ধাতুশিল্পের পরিচয় পাওয়া যায়। আবার ঐ আমলের শিল্প নিদর্শন-গুলি হিন্দু ও মুসলমান শিল্পকৌশলের সমন্বয়ের সাক্ষ্য দেয়।

(৫) হিন্দু লেখকদের রচনা : সুজন রায় ভান্ডারী রচিত 'খুলাসাৎ-উৎ-তোয়ারিখ', রাজপুত চারণদের চারণগীতি ইত্যাদি হিন্দুদের রচনাও সুলতানী আমলের ইতিহাস রচনার অন্যতম উপাদান।

আরবদের সিন্ধু বিজয় : ভারতবর্ষে প্রথম মুসলমান আক্রমণ ঘটেছিল আরব থেকে। সপ্তম শতাব্দীতে তারা বহুবার ভারত আক্রমণ করে ঘাঁটি দখলের চেষ্টা করেছিল। কিন্তু অষ্টম শতাব্দীর আগে তারা ভারতে রাজ্য বিস্তারে সফল হয় নি। ইরাকের আরব-শাসনকর্তা হজ্জাজ ভারতে ইসলাম প্রভুত্ব স্থাপনের জন্য সচেষ্ট হন। তিনি ভারত আক্রমণের আদেশ দিয়েছিলেন। এই আক্রমণের অজুহাত হল : সিন্ধু রাজ্যের দেবল বন্দরের অদূরে সমুদ্রবক্ষে কয়েকটি আরব জাহাজ জলদস্যু কর্তৃক লুন্ঠিত হওয়া। তখন সিন্ধু রাজ্যের রাজা ছিলেন দাহির নামে এক ব্রাহ্মণ। হজ্জাজ দাহিরের কাছে ক্ষতিপূরণ দাবি করলে দাহির তা দিতে অস্বীকৃত হন। ক্রুদ্ধ হজ্জাজ তাঁর বিরুদ্ধে দু'বার অভিযান করেন কিন্তু তা ব্যর্থ হয়। তখন তিনি মহম্মদ-বিন-কাশিম নামে এক সেনাপতির নেতৃত্বে আর একটি অভিযান প্রেরণ করেন। ৭১১ খ্রীষ্টাব্দে বিন-কাশিম দেবল অধিকার করেন। পরের বছর রাওয়ারের যুদ্ধে দাহির অসীম বীরত্বের সঙ্গে যুদ্ধ করেও তাঁর হাতে পরাজিত ও নিহত হন! তাঁর মৃত্যুর পর তাঁর পুত্র ও মহিষী শত্রুর আক্রমণ প্রতিরোধ করে যেতে থাকেন। কিন্তু সংখ্যাগরিষ্ঠ আরব সৈন্যের হাতে পরাজয় সুনিশ্চিত জেনে তিনি সহচরীদের সঙ্গে জ্বলন্ত অগ্নিকুন্ডে ঝাঁপ দিয়ে মৃত্যুবরণ করেন। এরপর বিন-কাশিম বিভিন্ন স্থান জয় করে সমগ্র সিন্ধু-দেশে মুসলমান আধিপত্য প্রতিষ্ঠিত করেন।

আরব শাসনের ফলাফল : সিন্ধুদেশ প্রায় তিন শ' বছর আরব শাসনাধীন ছিল। অবশেষে ত্রয়োদশ শতাব্দীতে মহম্মদ ঘোরী সিন্ধুদেশ জয় করে নিলে আরব

শাসনের অবসান হয়। কিন্তু এই আরব শাসনের ফলাফল অকিঞ্চিৎকর। আরবদের অধিকার সিন্ধুদেশ অর্থাৎ একটি ক্ষুদ্র ও বিচ্ছিন্ন অংশেই সীমাবদ্ধ ছিল। ভারতের অন্তর্ভাগে তারা প্রবেশ করতে পারে নি। স্থানীয় কিছু অধিবাসী মুসলমান ধর্ম গ্রহণ করতে বাধ্য হয়েছিল, কিন্তু এই ধর্মের ব্যাপক বিস্তার ঘটে নি। এছাড়া, আরবরা ভারতীয় ভাষা-সংস্কৃতি ইত্যাদির ওপরও কোন প্রভাব বিস্তার করতে পারে নি।

ভারতে মুসলমান রাজত্বের সূচনা ঃ আরবদের আধিপত্য সিন্ধু প্রদেশেই সীমাবদ্ধ ছিল। ভারতের অন্তর্ভাগে তারা প্রবেশ করতে পারে নি বা ভারতীয়দের জীবনেও তারা সুস্পষ্ট কোন প্রভাব রেখে যেতে পারে নি। সেজন্য দশম শতাব্দীর শেষভাগে গজনীর তুর্কী মুসলমানদের আক্রমণের সময় থেকেই ভারতে প্রকৃত মুসলমান আক্রমণ ও আধিপত্য বিস্তারের সূচনা হয়েছিল বলে ঐতিহাসিকদের মত।

মুসলমান আক্রমণের প্রাক্কালে উত্তর ও পশ্চিম ভারতের অবস্থা ঃ তুর্কী আক্রমণের প্রাক্কালে উত্তর ও পশ্চিম ভারতে পরস্পর-বিবদমান কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্য ছিল। গজনীর সুলতান মামুদের আক্রমণের সময় উত্তর-পশ্চিম ভারতে শাহী বংশের হিন্দুরাজারা রাজত্ব করতেন। সেই সময় কাশ্মীরে রাজত্ব করতেন দিদা নামে এক মহিলা। তাঁর মৃত্যুর পর লোহার রাজবংশের প্রতিষ্ঠা ঘটে (১০০৩ খ্রীঃ)। তদানীন্তন রাজপুত প্রতিহার-রাজ খুব দুর্বল ছিলেন। প্রতিহার সাম্রাজ্যের ওপর কয়েকটি রাজপুত রাজ্য গড়ে উঠেছিল, যথা—বুন্দেলখন্ডের চান্দেল্ল বংশ, গুজরাটের চালুক্য বংশ ও মালবের পরমার বংশ। সংক্ষেপে, আঞ্চলিকতাবোধ-কবলিত উত্তর ভারতে কোন সার্বভৌম শক্তি ছিল না। মুসলমান আক্রমণের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে ওঠার কোন সম্ভাবনাও ছিল না।

রাজনৈতিক

নৈতিক অবনতি, জাতিভেদের মাত্রাহীন কঠোরতা, বাল্যবিবাহ, সতীদাহ প্রথা, ধর্মের নামে আচারসর্বস্বতা ও কুসংস্কার তৎকালীন উত্তর ভারতীয় সমাজকে পঙ্গু করে দিয়েছিল। আবার সমাজে সুষম ধনবন্টনও ছিল না। অভিজাত ও বণিকরা আরামে-বিলাসে জীবনযাপন করতেন কিন্তু সাধারণ মানুষ চরম দারিদ্র্যের মধ্যে বসবাস করতে বাধ্য হত।

সামাজিক ও অর্থনৈতিক

সুলতান মামুদের ভারত অভিযান ঃ আফগানিস্তানের পার্বত্যময় অঞ্চলে গজনীরাজ্য অবস্থিত ছিল। গজনীর সুলতান সবুক্তগীন উত্তর-পশ্চিম ভারতের শাহীরাজ জয়পালের রাজ্য কয়েকবার আক্রমণ করেন। তাঁর মৃত্যুর পর তাঁর পুত্র সুলতান মামুদ (৯৯৮-১০৩০ খ্রীঃ) পিতার আরব্ধ কাজ সম্পন্ন করেন। তিনি সতের বার (মতান্তরে বার বার) ভারত আক্রমণ করেন। রাজ্যজয় বা ইসলাম ধর্ম প্রচারের চেয়ে ভারতের প্রবাদ-তুল্য ধনরত্ন লুন্ঠন করাই ছিল তাঁর প্রকৃত উদ্দেশ্য।

সুলতান মামুদের ভারত অভিযানের উদ্দেশ্য

সুলতান মামুদ তাঁর প্রথম আক্রমণে খাইবার গিরিপথের কাছে কয়েকটি দুর্গ দখল করেন (১০০০ খ্রীঃ)। পর বৎসর পেশোয়ারে শাহীরাজ জয়পালের সঙ্গে তাঁর

প্রবল সংঘর্ষ হয়। এতে জয়পাল পরাজিত ও বন্দী হন। জয়পালের পুত্র আনন্দপাল প্রচুর মুক্তিপণ দিয়ে পিতাকে মুক্ত করেন। কিন্তু অপমানের জ্বালায় জয়পাল পুত্রকে শাসনভার দিয়ে জ্বলন্ত চিতায় আত্মহত্যা করেন। আনন্দপালের বিরোধিতাকে চূর্ণ করে সুলতান মামুদ মুলতান দখল করেন (১০০৬ খ্রীঃ); এরপর মামুদ আনন্দপালের রাজ্য আক্রমণ করে উন্দের যুদ্ধে জয়লাভ করেন। বিজয়ী মামুদ নগরকোট দুর্গ অধিকার করে বহু ধনরত্ন লুন্ঠন করেন এবং নারায়ণপুর অধিকার করেন। অবশেষে তিনি শাহীবংশের বিলোপ সাধন করে সমগ্র রাজ্যটি গজনীর অন্তর্ভুক্ত করেন (১০২৬ খ্রীঃ)।

ভারতের প্রধান প্রধান নগর ও তীর্থস্থানগুলি, বিশেষ করে ধনরত্নে পূর্ণ হিন্দু মন্দিরগুলি মামুদের আক্রমণের লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছিল। ফলে কনৌজ, মথুরা, থানেশ্বর, কালিঞ্জর প্রভৃতি স্থানগুলি তিনি লুন্ঠন ও বিধ্বস্ত করেন। গুজরাটের সোমনাথ মন্দির লুন্ঠন করে অগাধ সোনা-রুপো, মণিমুক্তা নিয়ে গজনীতে ফিরে যান। ফেরার পথে জাঠরা তাঁকে বাধা দেয়। এজন্য তাদের বিরুদ্ধে সর্বশেষ অভিযান মামুদ পরিচালনা করেন (১০২৭ খ্রীঃ)। এরপর তাঁর মৃত্যু হয় (১০৩০ খ্রীঃ)।

সুলতান মামুদের ভারত আক্রমণের ফলাফল : সুলতান মামুদের ভারত আক্রমণের কোন প্রত্যক্ষ ফল ছিল না। এগুলির মূলে তাঁর লুন্ঠন-স্পৃহাই কাজ করেছিল। ভারতে স্থায়ী রাজ্য সংগঠিত করার কোন উদ্যোগ তিনি নেন নি। এই বিজয়ী বীর হিন্দুদের ইসলাম ধর্মে ধর্মান্তরিত করার চেষ্টাও করেন নি।

প্রত্যক্ষ ফল

পরোক্ষ ফলের মধ্যে উল্লেখ করা যায় যে, তাঁর বার বার আক্রমণ ও নির্বিবেক লুন্ঠনের ফলে উত্তর ভারতের সামরিক ও অর্থনৈতিক দুর্বলতা দেখা দেয়। এতে উত্তর ভারতের জনগণের নৈতিক শক্তি ও মনোবলও ভেঙ্গে যায়। তুর্কীরা অপরাজেয় এই ধারণা তাদের মধ্যে দেখা দেয়। এছাড়া, হিন্দুশাহী রাজ্যের বিলুপ্তি, পাঞ্জাব ও মুলতান গজনী রাজ্যভুক্ত হলে আফগানিস্তান থেকে ভারত আক্রমণ সহজতর হয়। ঐ পথ ধরেই মহম্মদ ঘোরী তাঁর ভারত আক্রমণ পরিচালনা করেন।

পরোক্ষ ফল

অলবেরুণী : সমকালীন পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ পন্ডিত অলবেরুণী সুলতান মামুদের সঙ্গে ভারতে এসেছিলেন। আরবী ও ফার্সী ভাষায় তাঁর অসাধারণ ব্যুৎপত্তি ছিল। তিনি ভারতে এসে সংস্কৃত ভাষা শিক্ষা করে হিন্দু দর্শন, ধর্ম ও সাহিত্য সম্পর্কে গভীর জ্ঞান অর্জন করেন। তাঁর রচিত 'তহ্কক্-ই-হিন্দ' ভারতীয় দর্শন, জ্যোতির্বিদ্যা, গণিত, রসায়নবিদ্যা, ভূগোল সম্পর্কে একটি মূল্যবান গ্রন্থ। সুলতান মামুদের ভারত অভিযানের প্রাক্কালে ভারতের হিন্দু সমাজের রীতিনীতি, আচার-ব্যবহার সম্পর্কেও এটি একটি নির্ভরযোগ্য ঐতিহাসিক উপাদান। অলবেরুণী হিন্দু সংস্কৃতির উচ্ছ্বসিত প্রশংসা করলেও সমকালীন হিন্দুদের নিজ সংস্কৃতির শ্রেষ্ঠত্বে গর্বিত ও কূপমন্ডূক বলে চিত্রিত করেছেন, এদেশের বিদ্বানরা বিদেশীদের সঙ্গে বিজ্ঞান বা সাহিত্য বিষয়ে আলোচনা করতে একেবারেই আগ্রহশীল ছিলেন না।

নবম অধ্যায়

তুর্কী-আফগান শাসনের যুগ (১২০৬-১৫২৬)

তুর্ক-আফগান সাম্রাজ্যের উত্থানঃ ভারতে স্থায়ী রাজ্য স্থাপনের ইচ্ছা সুলতান মামুদের ছিল না। ভারতে তুর্কী সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন গজনী ও হিরাটের ঘোর বংশের সুলতান মহম্মদ ঘোরী। তিনি আজমীরের রাজপুত চৌহান বংশীয় রাজা পৃথ্বীরাজকে তরাইনের দ্বিতীয় যুদ্ধে (১১৯২ খ্রীঃ) পরাজিত করেন। এই যুদ্ধের ফলেই ভারতে তুর্কী শাসনের ভিত্তি স্থাপিত হয়। অপুত্রক মহম্মদ ঘোরী তাঁর অন্যতম সেনাপতি কুতবউদ্দীনের হাতে ভারতের বিজিত রাজ্যগুলির শাসনভার দিয়ে যান। এই কুতবউদ্দীন আইবক সুলতান উপাধি ধারণ করে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন (১২০৬ খ্রীঃ)। তাঁর প্রতিষ্ঠিত রাজবংশ সাধারণতঃ 'দাসবংশ' নামে পরিচিত। কেননা তিনি ও এই বংশের অন্যতম বিখ্যাত দু'জন সুলতান প্রথম জীবনে দাস ছিলেন। তাঁর সময় থেকেই ভারতে গজনীর সঙ্গে সম্পর্কচ্যুত একটি স্বতন্ত্র সুলতানী রাজত্বের সূচনা হয়েছিল। ১২০৬ খ্রীঃ থেকে ১৫২৬ খ্রীঃ পর্যন্ত পাঁচটি তুর্ক-আফগান রাজবংশ ক্রমান্বয়ে ভারতবর্ষ শাসন করেছিল।

দাসবংশের উত্থান

কুতবউদ্দীনের মৃত্যুর (১২১০ খ্রীঃ) পর তাঁর অপদার্থ পোষ্যপুত্র আরাম শাহ্ দিল্লীর সিংহাসনে বসেন। কিন্তু কুতবউদ্দীনের পূর্বতন ক্রীতদাস ও জামাতা ইলতুৎমিস্ দিল্লী ও পাঞ্জাবের আমীরদের সহায়তায় তাঁকে গদীচ্যুত করে সুলতান হন। ইলতুৎমিস ছিলেন 'ইলবারী' গোষ্ঠীর তুর্কী। তাঁর শাসনকাল থেকেই ইলবারী শাসনের শুরু হয়। জন্মসূত্রে তিনি অভিজাত হলেও চক্রান্তের ফলে ক্রীতদাস হিসাবে জীবন শুরু করতে বাধ্য হয়েছিলেন।

ইলতুৎমিস

সিংহাসনে বসেই ইলতুৎমিসকে বহু জটিল সমস্যার মোকাবিলা করতে হয়। আলিমর্দান খান নিজেকে বাংলা ও বিহারের রাজা বলে ঘোষণা করেন; অন্যদিকে মুলতানের শাসনকর্তা নাসিরুদ্দীন কুবাচা স্বাধীনতা ঘোষণা করে লাহোর ও পাঞ্জাবের অংশবিশেষ অধিকার করেন। আজমীর, দোয়াব অঞ্চল, গোয়ালিয়র ইত্যাদি রাজপুত রাজারা দিল্লীর শাসন কর্তৃত্ব অস্বীকার করে। ১২২০ খ্রীষ্টাব্দের মধ্যেই ইলতুৎমিস আভ্যন্তরীণ বিদ্রোহ দমন করেন। তিনি আমীরদের দমন করে দিল্লীর সন্নিকটস্থ অঞ্চলগুলি পুনরুদ্ধার করেন। এরপর তিনি কুবাচাকে পাঞ্জাব ও মুলতান থেকে বিতাড়িত করেন এবং সমগ্র সিন্ধু উপত্যকা নিজ নিয়ন্ত্রণে এনেছিলেন।

বিদ্রোহ দমন

ইলতুৎমিস যখন আভ্যন্তরীণ বিদ্রোহ দমনে ব্যাপৃত, তখন দুর্ধর্ষ মোঙ্গল নেতা চেঙ্গিস খান পশ্চিম এশিয়ার খোয়ারিজম্ রাজ্যের শাহ্ জালালুদ্দীনকে তাড়া করে উত্তর-পশ্চিম ভারতে উপস্থিত হন। জালালুদ্দীন ইলতুৎমিসের কাছে আশ্রয় ভিক্ষা করলে তিনি তা দিতে অস্বীকার

মোঙ্গল সঙ্কট

করেন। তাই চেঙ্গিস আর সিন্ধুনদ অতিক্রম করে ভারত আক্রমণ করেন নি। এইভাবে ইলতুৎমিস সাময়িকভাবে মোঙ্গল সংকট থেকে পরিত্রাণ পান।

অতঃপর ইলতুৎমিস পর পর দু'বার বাংলা অভিযান করে সেখানকার সুলতান 'গিয়াসুদ্দীন সুলতান' উপাধিধারী আইওয়াজ খলজীকে পরাজিত ও নিহত করেন এবং নিজ পুত্র নাসিরুদ্দীনকে বাংলার শাসনকর্তা নিযুক্ত করেন। তাঁর রাজত্বের শেষ দিকে তিনি রণথম্ভোর, গোয়ালিয়র, জালোর ইত্যাদি পুনরধিকার করেন। মালব আক্রমণ করে ভিল্সা (প্রাচীন বিদিশা) দুর্গ জয় করেন ও উজ্জয়িনী লুণ্ঠন করেন। মেবারের রাজধানী নাগদ তিনি আক্রমণ করে তা' দখল করতে ব্যর্থ হন। গুজরাটের চালুক্যরাজের বিরুদ্ধে অভিযান করেও তিনি ব্যর্থ হন। যুদ্ধ ও শাসন দক্ষতা ছাড়াও ইলতুৎমিসের শিল্পানুরাগও ছিল। দিল্লীতে উনের (বোগদাদের সন্নিকটে) কুতবউদ্দীন নামে এক ধার্মিক ব্যক্তির স্মৃতিরক্ষার্থে তিনি কুতবমিনার নির্মাণ করিয়েছিলেন। ১২৩৬ খ্রীষ্টাব্দে তিনি দেহত্যাগ করেন।

ইলতুৎমিসের পুত্র ও উত্তরাধিকারী রুকনউদ্দীনকে আমীররা সিংহাসনচ্যুত করে তাঁর কন্যা রাজিয়াকে সিংহাসনে বসান। দিল্লীর রাজপদে আর কখনও কোন নারী বসেন নি। তিনি পুরুষের পোশাকে দরবারে আসতেন ও ঘোড়ায় চড়তেন। লাহোর, বদাউন ও মুলতানের শাসনকর্তারা বিদ্রোহী হয়ে দিল্লী আক্রমণ করেন। তাঁরা সকলেই পরাজিত হন। কিন্তু প্রভাবশালী 'চল্লিশ চক্র' (ইলতুৎমিসের চল্লিশজন সুদক্ষ ক্রীতদাস এই দলটি গঠন করে, এটিকে 'চাহেলগানি'ও বলা হত) তাঁর বিরুদ্ধাচরণ করতে থাকে। পাঞ্জাবের সিরহিন্দের শাসনকর্তা আল্‌তুনিয়া বিদ্রোহী হলে রাজিয়া তা দমন করতে যান। কিন্তু পরাজিত হয়ে বন্দিনী হন। রাজিয়া এরপর আল্‌তুনিয়াকেই বিবাহ করেন। উভয়ে দিল্লী পুনরুদ্ধারের চেষ্টা করেন। ইতিমধ্যে চল্লিশ চক্র রাজিয়ার ভ্রাতা বাহরাম শাহ্‌কে দিল্লীর রাজাসনে বসিয়েছিলেন। বাহরামের সঙ্গে যুদ্ধে আল্‌তুনিয়া ও রাজিয়া উভয়েই মারা যান।

রাজিয়া



রাজিয়া

বাহরাম শাহ্, আলাউদ্দীন মাসুদ ও নাসিরুদ্দীন

রাজিয়ার পর বাহরাম শাহ্ (১২৪০-৪২ খ্রীষ্টাব্দ) আলাউদ্দীন মাসুদ (১২৪২-৪৬ খ্রীষ্টাব্দ) পর পর রাজত্ব করেন। এঁদের অকর্মণ্যতার সুযোগে দিল্লীর আমীররা সর্বাত্মক প্রাধান্য লাভ করে। অবশেষে 'চল্লিশ চক্রের' অন্যতম সদস্য গিয়াস্‌উদ্দীন বলবন আলাউদ্দীন মাসুদকে গদীচ্যুত করে ইলতুৎমিসের কনিষ্ঠ পুত্র নাসিরুউদ্দীনকে সিংহাসনে বসান। নাসিরুদ্দীন (১২৪৬-৬৬) ছিলেন ধর্মভীরু ও ন্যায়পরায়ণ; শাসনভার ছিল মন্ত্রী উলুখ খাঁর (পরবর্তীকালে গিয়াসউদ্দীন বলবন) হাতে। নিজ কন্যার সঙ্গে নাসিরুদ্দীনের বিবাহ দিয়ে তিনি সর্বেসর্বা হয়ে ওঠেন।

নাসিরুদ্দীনের মৃত্যুর পর উলুখ খাঁ গিয়াসউদ্দীন বলবন নামধারণ করে সিংহাসন লাভ করেন। তিনি প্রজাদের মধ্যে রাজকীয় মর্যাদাবৃদ্ধি ও ভীতি উৎপাদনের নীতি অবলম্বন করেন। তাঁর রাজসভাকে তিনি এক গুরুগম্ভীর সভায় পরিণত করেন—হাস্যকৌতুক, মদ্যপান, দ্যূতক্রীড়া বন্ধ করেন। পারসিক প্রথা 'সিজদা' ও 'পাইবস্' (সাষ্টাঙ্গ প্রণিপাত হয়ে রাজপদ চুম্বন) প্রবর্তিত হয়। উচ্চপদগুলিতে কেবলমাত্র তুর্কী অভিজাতদেরই নিযুক্ত করা হয়। আবার একই সঙ্গে তিনি প্রভাবশালী আমীরদের বিশেষতঃ 'চল্লিশ চক্রে'র সদস্যদের ক্ষমতা চূর্ণ করেন—এক্ষেত্রে নানা অজুহাতে বেত্রাঘাত, অর্থদন্ড, এমনকি বিষ প্রয়োগের নীতিও গ্রহণ করা হয়েছিল।

রাজমর্যাদা বৃদ্ধি ও আমীরদের শক্তিনাশ

বলবন রাজশক্তিকে দৃঢ় করার জন্য অশ্বারোহী ও পদাতিক বাহিনীকে পুনর্গঠিত করেন। তিনি এর সাহায্যে মেওয়াটি রাজপুত দস্যু ও লুঠেরাদের দমন করেন। বাংলা ও দিল্লীর মধ্যে বাণিজ্যপথ অবরোধকারী ও শান্তিবিঘ্নকারী দোয়াবের দুর্ধর্ষ দস্যুদের তিনি দমন করেন। বাংলার বিদ্রোহী শাসনকর্তা তুঘিল খাঁর বিরুদ্ধে দু'বার তাঁর প্রেরিত অভিযান ব্যর্থ হলে তিনি স্বয়ং সসৈন্যে অগ্রসর হন। তুঘ্রিল খাঁর পরিজনদের নৃশংসভাবে হত্যা করা হয়। বলবন তাঁর দ্বিতীয় পুত্র বুঘরা খাঁকে বাংলার শাসনকর্তা নিযুক্ত করে দিল্লী ফিরে আসেন।

দস্যু ও বিদ্রোহ দমন

বলবনের রাজত্বকালে দুর্ধর্ষ মঙ্গোলরা ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত বার বার আক্রমণ করে। এই মঙ্গোল আক্রমণ প্রতিরোধ করার জন্য তিনি সীমান্তে বহু নতুন দুর্গ নির্মাণ করেন, পুরানো দুর্গগুলির সংস্কার করেন ও বিশ্বস্ত সেনাপতিদের অধীনে ঐ সমস্ত স্থানে বহু সৈন্য মোতায়েন করেন। এসব সত্ত্বেও ১২৮৫ খ্রীষ্টাব্দে মঙ্গোলরা অতর্কিতে মুলতান আক্রমণ করে। বলবনের জ্যেষ্ঠপুত্র মহম্মদ সসৈন্যে এই আক্রমণ প্রতিরোধ করেন। এতে মহম্মদ নিহত হলেও মঙ্গোলরা ভারতের অন্তর্ভাগে প্রবেশ করতে সাহসী হয়নি।

মঙ্গোল আক্রমণ প্রতিরোধের ব্যবস্থা

বলবনের মৃত্যুর (১২৮৬ খ্রীষ্টাব্দ) পর আমীররা কায়কোবাদকে দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত করে। তিনি ছিলেন অকর্মণ্য শাসক। আমীরদের আত্মকলহের সুযোগে খলজী বংশের জনৈক আমীর জালালউদ্দীন খলজী কায়কোবাদকে হত্যা করে তাঁর শিশুপুত্রকে সিংহাসনে স্থাপন করেন। কিছুদিনের মধ্যেই তাকে হত্যা করে নিজেই দিল্লীর সিংহাসন অধিকার করেন। এইভাবে খলজী বংশের প্রতিষ্ঠা হয়।

দাস বংশের পতন ও খলজী রাজবংশের প্রতিষ্ঠা

ইলবারী শাসনকালে বৈদেশিক সঙ্কটের প্রকৃতি ও তা প্রতিরোধের প্রয়াস

ভারতবর্ষের চারদিকে প্রাকৃতিক সীমান্ত গড়ে উঠলেও তার উত্তর-পশ্চিম সীমান্ত দুর্লঙ্ঘ্য ছিল না। তাই যুগে যুগে শক, হূণ, গ্রীক, তুর্কী ইত্যাদি বিভিন্ন বৈদেশিক জাতি ঐ পথেই ভারতবর্ষে এসেছে। যাতে কোন বৈদেশিক জাতি

পাঞ্জাবের পঞ্চনদের দানে সমৃদ্ধ, উর্বর উপত্যকা দখল করতে না পারে সেজন্য উত্তর ভারতের শাসকদের চেষ্টার অন্ত ছিল না। এই কারণে তাঁদের পক্ষে কাবুল-গজনী-কান্দাহারকে নিজেদের নিয়ন্ত্রণে রাখা ছিল অত্যন্ত প্রয়োজনীয়।

ভারতের উত্তর-পশ্চিম সীমান্তের দুর্বলতা

উত্তর-পশ্চিম সীমান্ত দিয়েই ইলবারী তুর্কী শাসনকালে বার বার আক্রমণ করেছিল মধ্য এশিয়ার দুর্ধর্ষ জাতি মোঙ্গলরা। নির্বিচার হত্যা ও লুন্ঠনের দ্বারা সন্ত্রাস সৃষ্টি করে তারা অগ্রসর হত। ১২২১ খ্রীষ্টাব্দে মোঙ্গল নেতা চেঙ্গিস খান পশ্চিম এশিয়ার খোয়ারিজমের শাহ্ জালালুদ্দীনকে তাড়া করে সর্বপ্রথম ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে উপস্থিত হন। জালালুদ্দীন ইলতুৎমিসের কাছে আশ্রয় প্রার্থনা করলে তিনি তা দিতে অস্বীকৃত হন। তাই চেঙ্গিস খান আর সিন্ধু নদ অতিক্রম করে ভারত আক্রমণ করেন নি। কিন্তু লাহোর ও শতদ্রু নদীর মধ্যবর্তী স্থানে জালালুদ্দীন কিছুকাল অবস্থান করেন। সেজন্য পুনঃ পুনঃ মোঙ্গল আক্রমণ ঘটতে থাকে। ইলতুৎমিস সিন্ধু নদ থেকে সরে এসে লাহোর ও মুলতানকে মোঙ্গল আক্রমণের প্রতিরোধের ঘাঁটিতে পরিণত করেন।

চেঙ্গিস খানের উত্তর-পশ্চিম সীমান্তে উপস্থিতি

চেঙ্গিস খানের মৃত্যুর (১২২৬ খ্রীঃ) পর মোঙ্গল সাম্রাজ্য কয়েকটি অংশে বিভক্ত হয়ে পড়ে। অন্যত্র ব্যস্ত থাকায় মোঙ্গলরা প্রায় চৌদ্দ বৎসর ভারত আক্রমণ থেকে বিরত ছিল। বলবনের রাজত্বকালে উত্তর-পশ্চিম সীমান্তে বার বার মোঙ্গলের আক্রমণ ঘটতে থাকে। এই আক্রমণের মোকাবিলার জন্য বলবন ঐ সীমান্তে রণকুশল আফগান সৈন্যের অধীনে বহু দুর্গ স্থাপন করেন। সমগ্র অঞ্চলটির দায়িত্ব তিনি অর্পণ করেন নিজ আত্মীয় রণকুশল যোদ্ধা শের খানের ওপর। শের খানের মৃত্যুর (১২৭০ খ্রীঃ) পর বলবন এই অঞ্চলটিকে দুভাগে বিভক্ত করেন, মুলতান, সিন্ধু ও লাহোরের দায়িত্ব তিনি দেন জ্যেষ্ঠ পুত্র মহম্মদকে ও পাঞ্জাবের সুনাম ও সামানার দায়িত্ব দেন দ্বিতীয় পুত্র বুঘরা খানকে।

মোঙ্গল আক্রমণ প্রতিরোধ ব্যবস্থা

১২৭৯ খ্রীষ্টাব্দে মোঙ্গল বাহিনী পাঞ্জাবে প্রবেশের চেষ্টা করলে বলবনের দুই পুত্র একত্রিত হয়ে বাধা দেন। মোঙ্গলরা ভারত ত্যাগ করতে বাধ্য হয়। কিন্তু সাত বৎসর পর পুনরায় পাঞ্জাব আক্রমণ করলে বলবনের জ্যেষ্ঠপুত্র তাদের বাধা দিতে গিয়ে নিহত হন। বলবনের মৃত্যুর (১২৮৬ খ্রীঃ) পরও উত্তর-পশ্চিম সীমান্তে তাঁর প্রবর্তিত ব্যবস্থা কার্যকর ছিল।

ইলবারী শাসনকালে আভ্যন্তরীণ সঙ্কটের প্রকৃতি ও দিল্লী সুলতানীর সংহতি সাধন ঃ ইলবারী তুর্কীদের শাসনকালে দিল্লী সুলতানীকে একদিকে বৈদেশিক আক্রমণ, অন্যদিকে আভ্যন্তরীণ দ্বন্দ্ব ও বিদ্রোহের সম্মুখীন হতে হয়েছিল। এই সমস্ত আভ্যন্তরীণ বিদ্রোহের নেতৃত্বে ছিলেন কখনও উচ্চাকাঙ্ক্ষী স্বাধীনতাকামী মুসলমান শাসক, কখনও বা হিন্দু রাজপুত রাজা ও জমিদাররা। রাজপুত রাজা ও জমিদারদের এই বিদ্রোহগুলিকে 'হিন্দু

আভ্যন্তরীণ সঙ্কটের প্রকৃতি

প্রতিরোধ' আখ্যা দেওয়া উচিত নয়। কেননা এগুলির কোন কোনটির উদ্দেশ্য ছিল তুর্কীদের বিতাড়িত করা। আবার কোনটির উদ্দেশ্য ছিল তুর্কী শাসকদের দুর্বলতার সুযোগে প্রতিবেশী রাজ্যগুলিকে গ্রাস করে নিজেদের শক্তি বৃদ্ধি করা। স্বার্থপর এই রাজপুত শাসকরা নিজেদের মধ্যে দ্বন্দ্বে লিপ্ত হতেও কুণ্ঠিত হতেন না। ভারতের মত বিশাল দেশে একটিমাত্র কেন্দ্র থেকে শাসন পরিচালনা ছিল দুরূহ। তাই প্রাদেশিক শাসনকর্তারা বহু পরিমাণে স্বাধীনভাবে শাসন কর্তৃত্ব ভোগ করতেন। আর ভারতে আঞ্চলিকতাবাদ প্রবল থাকায় প্রাদেশিক শাসকরা তাতে উস্কানি দিয়ে কেন্দ্রীয় কর্তৃত্বকে অস্বীকার করে স্বাধীন সত্তা অর্জন করতেন।

ইলবারী তুর্কীদের শাসনকালে পূর্ব সীমান্ত মাঝে মাঝে অশান্ত হয়ে উঠত। কুতবউদ্দীনের পর বাংলাদেশের খলজী মালিকরা দিল্লীর সুলতানের আনুগত্য অস্বীকার করেন। তাঁদের মধ্যে ঘিয়াসউদ্দীন খলজী খুব শক্তিশালী হয়ে ওঠেন। তিনি স্বাধীনভাবে জাজনগর, কামরূপ, তিরহুত ও গৌড়ের শাসকদের কাছ থেকে কর আদায় করতেন। ইলতুৎমিস তাঁর বিরুদ্ধে সামরিক অভিযান প্রেরণ করলে ঘিয়াসউদ্দীন তাঁর বশ্যতা স্বীকার করেন। কিন্তু ইলতুৎমিস বাংলাদেশ পরিত্যাগ করার সঙ্গে সঙ্গে তিনি পুনরায় স্বাধীনতা ঘোষণা করেন ও বিহার দখল করে নেন। এই সময় অযোধ্যার শাসনকর্তা নাসিরুদ্দীন ঘিয়াসউদ্দীনের বিরুদ্ধে অভিযান করে তাঁকে পরাজিত ও নিহত করেন। কিন্তু অল্পকাল পরেই নাসিরুদ্দীন মারা যান। তখন লক্ষ্মণাবতীর খিলজী মালিকরা বিদ্রোহী হন। ইলতুৎমিস বাংলার খিলজী মালিকদের বিরুদ্ধে এক অভিযান প্রেরণ করেন। খিলজী মালিকরা পরাজিত ও ক্ষমতাচ্যুত হন। ইলতুৎমিস আলাউদ্দীন জানিকে বাংলার শাসনকর্তা নিযুক্ত করেন।

বাংলার বিদ্রোহ ও ইলতুৎমিস

ইলতুৎমিসের মৃত্যুর পর বাংলার শাসনকর্তারা পরিস্থিতি অনুযায়ী কখনও দিল্লীর আনুগত্য স্বীকার করতেন কখনও বা স্বাধীন হয়ে শাসন পরিচালনা করতেন। বলবন বাংলাদেশে কঠোর হাতে তাঁর নিয়ন্ত্রণ স্থাপন করেছিলেন। তিনি সেখানকার বিদ্রোহী শাসনকর্তা তুঘ্রল খাঁর বিরুদ্ধে দুটি অভিযান প্রেরণ করেন, কিন্তু উভয় অভিযানই ব্যর্থ হয়। অবশেষে তিনি স্বয়ং অভিযান পরিচালনা করলে তুঘ্রল খাঁ রাজধানী থেকে পলায়ন করেন। কিন্তু তিনি ধৃত ও নিহত হন। বলবন তাঁর দ্বিতীয় পুত্র বুঘরা খাঁকে বাংলার শাসনকর্তা নিযুক্ত করেন। বলবনের মৃত্যুর পর অবশ্য বুঘরা খাঁ দিল্লীর কর্তৃত্ব অস্বীকার করে সেখানেই স্বাধীনভাবে রাজত্ব করতে থাকেন।

বলবন ও বাংলাদেশ

দোয়াব অর্থাৎ গঙ্গা-যমুনার মধ্যবর্তী ভূখণ্ডে সুলতানী শাসন দৃঢ় প্রতিষ্ঠিত ছিল না। বর্তমান উত্তর প্রদেশের বাদায়ুন, কনৌজ ও বারাণসী জেলাগুলি ইলতুৎমিসের হাতছাড়া হয়ে যায়। পরে তিনি এগুলিকে একে একে পুনরুদ্ধার করেন। দীর্ঘ সংগ্রামের পর অযোধ্যাও দিল্লীর অধীনে আসে।

দোয়াব অঞ্চল পুনরুদ্ধার

দক্ষিণ সীমান্তও সম্পূর্ণ নিরাপদ ছিল না। ইলতুৎমিসের উত্তর-পশ্চিম সীমান্তে ব্যস্ততার সুযোগে গোয়ালিয়র, কালিঞ্জর, রণথম্ভোর, জালোর ইত্যাদি রাজপুত রাজ্যগুলি দিল্লীর আধিপত্য অস্বীকার করে। ইলতুৎমিস রণথম্ভোর, জালোর, গোয়ালিয়র ইত্যাদি পুনরুদ্ধার করলেও গুজরাট, মালব ও কালিঞ্জরের ওপর তাঁর আধিপত্য স্থাপন করতে পারেন নি।

রাজপুতানার অংশ-বিশেষের ওপর ইলতুৎমিসের নিয়ন্ত্রণ স্থাপন

ইলতুৎমিসের মৃত্যুর পর বিশৃঙ্খলার সুযোগে প্রায় সমগ্র পূর্ব রাজপুতানা স্বাধীন হয়ে যায়। বলবন রণথম্ভোর ও গোয়ালিয়র পুনরুদ্ধারে ব্যর্থ হলেও পূর্ব রাজপুতানায় তুর্কী শাসন সংহত করতে পেরেছিলেন। রাজপুত শাসকদের অন্তর্দ্বন্দ্ব তাঁকে এ বিষয়ে প্রভূত সাহায্য করেছিল।

বলবন কর্তৃক পূর্ব রাজপুতানায় তুর্কী শাসনের সংহতি বিধান

এইভাবে ইলবারী তুর্কী শাসনে (বা দাস বংশের রাজত্বকালে) দিল্লী সুলতানী মোঙ্গল সঙ্কট থেকে রক্ষা পায়, গঙ্গার দোয়াব অঞ্চলে তা দৃঢ়মূল হয়, আর পূর্ব রাজপুতানায় তার নিয়ন্ত্রণ সুপ্রতিষ্ঠিত হয়। এর ফলে দিল্লী সুলতানীর পশ্চিম ও দক্ষিণ ভারতে বিস্তৃতির পথ প্রশস্ত হয়।

দিল্লীর সুলতানীর সংহতি সাধনের ফল

ভারতে খলজী সাম্রাজ্যের বিস্তৃতি

খলজী বংশের প্রতিষ্ঠাতা জালালুদ্দীনের ভ্রাতুষ্পুত্র ও জামাতা আলাউদ্দীন ছিলেন দিল্লীর তুর্কী-আফগান সুলতানদের মধ্যে সর্বশ্রেষ্ঠ। তাঁর রাজত্বকালে প্রায় সমগ্র ভারতে সুলতানী শাসন বিস্তৃত হয়। জালালুদ্দীন তাঁকে প্রথমে কারা ও পরে অযোধ্যার শাসনকর্তা নিযুক্ত করেন। উচ্চাকাঙ্ক্ষী আলাউদ্দীনের দিল্লীর সিংহাসনের ওপর লুব্ধ দৃষ্টি পড়েছিল। তিনি নিজ শক্তি বৃদ্ধি ও ধনরত্নের আশায় সুলতানের বিনা অনুমতিতেই দাক্ষিণাত্যের দেবগিরি রাজ্য আক্রমণ করেন। সেখানকার যাদববংশীয় রাজা রামচন্দ্রকে পরাজিত করে প্রচুর পরিমাণে ধনরত্ন নিয়ে আসেন। আলাউদ্দীন ছলনা করেন যে, তিনি জালালুদ্দীনকে সম্বর্ধনা জানাবেন। স্নেহান্ধ জালালুদ্দীন কারায় আগমন করলে পরিকল্পনা মত তাঁকে হত্যা করা হয়। আমীরদের মধ্যে পর্যাপ্ত ধন বিতরণ করে তাদের মুখ বন্ধ করে তিনি দিল্লীর সিংহাসনে আরোহণ করেন (১২৯৬ খ্রীঃ)।

আলাউদ্দীনের সিংহাসনে আরোহণ

রাজ্যবিস্তার ঃ আলাউদ্দীন ছিলেন ঘোর সাম্রাজ্যবাদী ও যুদ্ধপ্রিয় সুলতান। সমগ্র ভারতে সার্বভৌম রাজশক্তি প্রতিষ্ঠিত করাই ছিল তাঁর লক্ষ্য।

সিংহাসন লাভের পর বৎসরই তিনি গুজরাটে অভিযান প্রেরণ করেন। গুজরাট অধিকৃত হয়। এরপর রণথম্ভোরের বিরুদ্ধে অভিযান প্রেরিত হয়। কূটকৌশলে এই রাজ্য অধিকার করা হয় (১৩০১ খ্রীঃ)। ১৩০৩ খ্রীষ্টাব্দে তিনি স্বয়ং রাজপুতানার শ্রেষ্ঠ রাজ্য মেবারের রাজধানী চিতোর

উত্তর ভারত বিজয়

আক্রমণ করেন। পাঁচ মাস ধরে তুমুল যুদ্ধের পর মেবারের রাণা পরাজিত হন। আলাউদ্দীন নিজ পুত্র খিজির খাঁকে চিতোরের শাসনকর্তা নিযুক্ত করেন। এর দু বৎসর পর আলাউদ্দীন উজ্জয়িনী, ধার, চান্দেরী প্রভৃতি অধিকার করে মালব জয় সম্পূর্ণ করেন। এইভাবে প্রায় সমগ্র উত্তর ভারত আলাউদ্দীনের শাসনাধীন হয়ে পড়ে।

উত্তর ভারতে আধিপত্য বিস্তার করে আলাউদ্দীন দাক্ষিণাত্য বিজয়ের দায়িত্ব অর্পণ করেন সেনাপতি মালিক কাফুরের ওপর। জালালুদ্দীনের রাজত্বকালে দেবগিরি জয় করেছিলেন আলাউদ্দীন। সেখানকার রাজা রামচন্দ্র শর্তভঙ্গ করে কর দিচ্ছিলেন না। গুজরাটের রাজাকেও তিনি আশ্রয় দিয়েছিলেন। এজন্য মালিক কাফুর রামচন্দ্রকে পরাজিত করে সুলতানের বশ্যতা স্বীকারে বাধ্য করেন (১৩০৭ খ্রীঃ)। পর বৎসর মালিক কাফুর বরঙ্গলের বিরুদ্ধে অভিযান করেন। সেখানকার কাকতীয় বংশের রাজা প্রতাপরুদ্র পরাজিত হয়ে সুলতানের বশ্যতা স্বীকার করেন। ১৩১০ খ্রীষ্টাব্দে মালিক কাফুর দ্বারসমুদ্র আক্রমণ করেন। পরাজিত হয়ে হোয়সলরাজ তৃতীয় বীরবল্লাল দিল্লীর অধীনতা স্বীকার করেন। পর বৎসর পান্ড্য রাজ্যের রাজধানী মাদুরা অধিকার করেন কাফুর। এরপর তিনি দাক্ষিণাত্যে সর্বশেষ অভিযান করেন দেবগিরির রাজা শঙ্করদেবের (রামচন্দ্রের পুত্র) বিরুদ্ধে। শঙ্করদেব পরাজিত হন। দেবগিরি দিল্লী সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয় (১২১৩ খ্রীঃ)। এইভাবে উত্তরে হিমালয়ের পাদদেশ থেকে দক্ষিণে রামেশ্বর পর্যন্ত আলাউদ্দীনের সাম্রাজ্য বিস্তৃত হয়। এর আগে সুলতানী সাম্রাজ্য এরকম বিশালতা লাভ করেনি।

দক্ষিণ ভারত বিজয়

মোঙ্গল আক্রমণ ও তার প্রতিরোধ ব্যবস্থা : আলাউদ্দীনের রাজত্বকালে মোঙ্গলরা বার বার ভারত আক্রমণ করতে থাকে। কিন্তু আলাউদ্দীনের সামরিক শক্তির কাছে তারা পরাভূত হয়। এই আক্রমণ থেকে মুক্তিলাভের উদ্দেশ্যে আলাউদ্দীন বলবনের নির্মিত সীমান্তের দুর্গগুলির সংস্কার করেন। নতুন দুর্গও নির্মিত হয়। এই দুর্গগুলিতে রণদক্ষ সৈন্যদের মোতায়েন রাখা হয়।

আলাউদ্দীনের শাসননীতি : আলাউদ্দীন দৈবস্বত্ব নির্ভর নিরঙ্কুশ রাজতন্ত্রে বিশ্বাসী ছিলেন। তাঁর শাসন পদ্ধতির মূল কথা ছিল সুলতানের ক্ষমতাকে অপ্রতিহত করে তোলা। তাই গোঁড়া মুসলমান হয়েও তিনি শরিয়তের বিধান বা উলেমাদের পরামর্শ অনুযায়ী শাসন পরিচালনা করতেন না। তাঁর ইচ্ছাই ছিল আইন।

শাসন ব্যবস্থাকে দৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করা ও বিদ্রোহ নিবারণের জন্য তিনি ব্যবস্থা গ্রহণ করেন। তাঁর রাজত্বকালের প্রথম দিকের বহু ষড়যন্ত্র-বিদ্রোহ থেকে তাঁর মনে হয়েছিল এগুলির মূল কারণ হল, (এক) সুলতানের রাজকার্যে অবহেলা, (দুই) মদ্যপান, (তিন) আমীরদের অবাধ মেলামেশা, এবং (চার) প্রজাদের আর্থিক স্বচ্ছলতা। আলাউদ্দীন এই সমস্ত ত্রুটি দূর করলেন। সমস্ত শ্রেণীর জনগণের কার্যকলাপ

বিদ্রোহ নিবারণের ব্যবস্থা

জানার জন্য অসংখ্য গুপ্তচর নিয়োগ করা হয়। রাজ্যের সর্বত্র মদ্যপান নিষিদ্ধ হয় এবং স্বয়ং আলাউদ্দীন মদ্যপান ত্যাগ করেন। আমীরদের অবাধ মেলামেশা বন্ধের জন্য তাদের গৃহে সামাজিক উৎসব এমন কি সুলতানের বিনা অনুমতিতে তাদের মধ্যে বৈবাহিক সম্বন্ধ স্থাপনও নিষিদ্ধ হয়। তাদের জায়গীরগুলিও বাজেয়াপ্ত করা হয়। কয়েকটি শ্রেণীর বিনা খাজনায় জমি ভোগের প্রথাও তুলে দেওয়া হয়। তিনি উৎপন্ন ফসলের অর্ধাংশ ভূমি-কর হিসাবে গ্রহণ করেন। সমস্ত শ্রেণীর ব্যক্তিদের করভারে জর্জরিত করা হয়। আর্থিক নিষ্পেষণে সমস্ত হিন্দুর অর্থবল নষ্ট হয়। আলাউদ্দীন মনে করতেন, এর ফলে তারা গ্রাসাচ্ছাদনের সমস্যা নিয়ে এমনই বিব্রত থাকবে যে বিদ্রোহ করার সময় পাবে না। এই সমস্ত কঠোর বিধিনিষেধে জনগণের জীবন দুর্বিসহ হয়ে ওঠে।

অর্থনৈতিক সংস্কার আলাউদ্দীনের শাসন ব্যবস্থার আর একটি উল্লেখযোগ্য দিক। আভ্যন্তরীণ বিদ্রোহ দমন ও বহিরাক্রমণ প্রতিরোধের উদ্দেশ্যে আলাউদ্দীন একটি স্থায়ী সৈন্যবাহিনী গঠন করেন। এই বিশাল সৈন্যবাহিনীর ব্যয় হ্রাসের জন্য প্রয়োজনীয় দ্রব্য, যথা—শস্য, চিনি, ঘি, তেল, ঘোড়া, কাপড় ইত্যাদির মূল্য নিয়ন্ত্রণ করেছিলেন। এছাড়া, দাক্ষিণাত্য থেকে প্রচুর ধনরত্ন নিয়ে আসায় উত্তর ভারতে কিছুটা মূল্যবৃদ্ধি ঘটেছিল, এটি রোধ করাও তাঁর উদ্দেশ্য ছিল। কোন ব্যবসায়ী নির্দিষ্ট দামের চেয়ে বেশী নিলে বা চোরাকারবারে লিপ্ত হলে কঠোর শাস্তি পেত। কোন অসাধু ব্যবসায়ী ক্রেতাকে কম ওজন দিলে তার দেহ থেকে সমপরিমাণ মাংস কেটে নেওয়া হত। প্রয়োজনের অতিরিক্ত শস্য সঞ্চয় নিষিদ্ধ ছিল। সুলতানের শস্য ভান্ডারে রাজ্যের সমস্ত স্থান থেকে নির্দিষ্ট পরিমাণ শস্য জমা দিতে হত, যাতে দুর্ভিক্ষ প্রপীড়িত স্থানে তা যথাসময়ে পেঁছে দেওয়া যায়। এই মূল্য নিয়ন্ত্রণ শুধুমাত্র দিল্লীতেই সীমাবদ্ধ ছিল, না অন্যান্য স্থানে বিস্তৃত হয়েছিল তা সঠিকভাবে বলা যায় না।

মূল্য নিয়ন্ত্রণ

আলাউদ্দীনের মূল্য নিয়ন্ত্রণ নীতির ফলে শস্য, বস্ত্র ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম কমে যায়। জীবনযাত্রার ব্যয় ছিল কম এবং স্থিতিশীল। নিত্য প্রয়োজনীয় জিনিস ছাড়াও ঘোড়া, গরু, দাসদাসীদের দাম কমে যায়। মূল্য নিয়ন্ত্রণের ফলে সৈন্যবাহিনী এবং সাধারণ মানুষ উপকৃত হয়। কৃষক ও ব্যবসায়ীরা সম্ভবতঃ এর ফলে ক্ষতিগ্রস্ত হয়েছিল।

মূল্য-নিয়ন্ত্রণের ফলাফল

আলাউদ্দীন রাজ্যের রাজস্ব নীতিতেও গুরুত্বপূর্ণ সংস্কার সাধন করেছিলেন। এক্ষেত্রে তাঁর উদ্দেশ্য ছিল (১) রাজকোষ পূর্ণ করা এবং (২) জনগণের অর্থনৈতিক শক্তি খর্ব করা। অধিকাংশ ক্ষেত্রেই উৎপন্ন ফসলের অর্ধাংশ ভূমি-রাজস্ব হিসাবে ধার্য হত। রাজস্ব দিতে হত নগদ অর্থে নয়, উৎপন্ন ফসল দিয়ে। কৃষক ও খুৎ, মুকাদ্দম (অর্থাৎ পরবর্তীকালে যারা জমিদার নামে অভিহিত) সকলকেই ফসলের অর্ধাংশ দিতে হত। কৃষকদের জমির

রাজস্ব নীতির সংস্কার

পরিমাণ ও তার মূল্য নির্ধারণের জন্য জমি জরিপ করার ব্যবস্থা গৃহীত হয়। সমস্ত জায়গীর বাজেয়াপ্ত করা হয় এবং বিনা খাজনায় জমি ভোগ দখল রদ করা হয়। হিন্দুদের ওপর জিজিয়া কর চাপান হয়।

রাজস্ব নীতির ফলাফল

আলাউদ্দীনের রাজস্ব নীতির ফলে কৃষক ও জমিদার প্রমুখদের অসন্তোষ বৃদ্ধি পায়। কিন্তু রাজ্যের রাজস্ব বহুগুণে বৃদ্ধি পায় এবং কেন্দ্রীয় শক্তি অপ্রতিহত হয়ে ওঠে।

খলজী বংশের পতন : বৃদ্ধ ও অথর্ব আলাউদ্দীনকে সম্ভবতঃ মালিক কাফুর বিষপ্রয়োগে হত্যা করেন এবং তাঁর নাবালক পুত্রের নামে শাসন পরিচালনা করতে থাকেন। তাঁর অত্যাচারে ক্ষুব্ধ আমীররা তাঁকে হত্যা করে আলাউদ্দীনের তৃতীয় পুত্র মুবারককে সিংহাসনে স্থাপন করেন। কিন্তু মুবারক ছিলেন অলস ও অকর্মণ্য। তাঁর বন্ধু ও প্রধানমন্ত্রী খসরুর চক্রান্তে তিনি নিহত হন (১৩২০ খ্রীঃ)। তাঁর মৃত্যুর সঙ্গে সঙ্গে খলজী বংশের পতন ঘটে।

তুঘলক বংশের প্রতিষ্ঠা

খসরু ছিলেন ধর্মান্তরিত মুসলমান। সুতরাং তাঁর রাজত্বকালে নিজেদের প্রভাব হ্রাস পেতে পারে এমন আশংকা হল দিল্লীর তুর্কী আমীরদের। তাঁদের ষড়যন্ত্রে পাঞ্জাবের শাসনকর্তা গাজী মালিক দিল্লী আক্রমণ করেন। তিনি খসরুকে সিংহাসনচ্যুত করেন ও হত্যা করেন (১৩২০ খ্রীঃ)। গাজী মালিক 'গিয়াসউদ্দীন তুঘলক' উপাধি ধারণ করে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। এইভাবে তুঘলক বংশের প্রতিষ্ঠা ঘটল।

তুঘলক বংশের রাজত্বকাল (১৩২০-১৪১২ খ্রীঃ)

গিয়াসউদ্দীন তুঘলক (১৩২৫-৫১ খ্রীঃ)

তুঘলক বংশের প্রতিষ্ঠাতা গিয়াসউদ্দীন তুঘলক ছিলেন উদার ও প্রজাহিতৈষী। উত্তর-পশ্চিম সীমান্তে মোঙ্গল আক্রমণ প্রতিরোধ ও আভ্যন্তরীণ বিদ্রোহ দমনে তিনি কৃতিত্ব দেখিয়েছিলেন। তাঁর রাজত্বকালে তিনি কৃষি, রাস্তাঘাট, ডাক চলাচল ইত্যাদির উন্নতি সাধন করেন।

মহম্মদ বিন তুঘলক (১৩২৫-'৫১ খ্রীঃ)

গিয়াসউদ্দীনের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠপুত্র জুনা খাঁ 'মহম্মদ বিন তুঘলক' উপাধি গ্রহণ করে সিংহাসনে আরোহণ করেন। তাঁর রাজত্বকালকে (১৩২৫-৫১ খ্রীঃ) আভ্যন্তরীণ ও বৈদেশিক ক্ষেত্রে কতকগুলি দুঃসাহসী অথচ ব্যর্থ পরীক্ষা-নিরীক্ষার কাল বলে গণ্য করা যায়।

দোয়াব অঞ্চলে রাজস্ব বৃদ্ধি

আভ্যন্তরীণ সংস্কার : সিংহাসনে আসীন হওয়ার পরই মহম্মদ রাজ্যের রাজস্ব বিষয়ে মনোযোগ দেন। তিনি আয়-ব্যয়ের হিসাব রক্ষার ব্যবস্থা গ্রহণ করেন। রাজ্যের আয়বৃদ্ধির উদ্দেশ্যে তিনি দোয়াব অঞ্চলে কৃষকদের ওপর করভার বর্দ্ধিত করেন। ফলে ঐ অঞ্চলে কৃষকদের দুর্দশার অন্ত রইল না। রাজকর্মচারীদের অত্যাচারের ফলে সেখানে দুর্ভিক্ষ

দেখা দেয়। ফলে ছয় মাস ধরে সুলতান বিনামূল্যে খাদ্য বিতরণ করেন। কিন্তু এই বিলম্বিত ব্যবস্থা বহু কৃষককে মৃত্যুর হাত থেকে রক্ষা করতে পারে নি।

সুলতান সম্ভবতঃ দক্ষিণ ভারতে নিজ নিয়ন্ত্রণ সুপ্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন, তাই তিনি রাজধানী দিল্লী থেকে দেবগিরিতে স্থানান্তরিত করেন। দেবগিরির নতুন নামকরণ করা হয় দৌলতাবাদ। সাম্রাজ্যের কেন্দ্রস্থলে এই রাজধানী স্থানান্তর যুক্তিহীন ছিল না। কিন্তু তিনি দিল্লীর অধিবাসীদের দৌলতাবাদ যেতে বাধ্য করেন। গ্রীষ্মের খরতাপে পথশ্রমে বহু নর-নারী ও শিশু মারা যায়। কিন্তু কিছুকাল পর তাঁর উদ্দেশ্যসিদ্ধি হল না বলে তিনি আবার সকলকে দিল্লী ফিরে যেতে আদেশ দেন।

রাজধানী স্থানান্তর

বিশাল সৈন্যবাহিনীর ব্যয়ভার, মুক্তহস্তে দান ও প্রশাসনিক ব্যয় ইত্যাদির জন্য রাজকোষ শূন্য হয়ে পড়ছিল। সম্ভবতঃ অর্থ সংকট থেকে মুক্তি পাওয়ার জন্য সুলতান চীনের অনুকরণে তামার নোটের প্রবর্তন করেন। তিনি ভুলে গেছিলেন যে, অল্প দামের ধাতুর মুদ্রাকে বেশী দামের মুদ্রার প্রতীক হিসাবে ব্যবহার করতে হলে সেই মুদ্রা যাতে জাল না হয় সেজন্য সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। তাই জাল নোটে বাজার ছেয়ে যায়। তিনি সোনার টাকার বিনিময়ে যাবতীয় তামার নোট তুলে নিলেন। সুতরাং রাজকোষের অপূরণীয় ক্ষতি হল।

তামার নোটের প্রচলন

কৃষির উন্নতির জন্য সুলতান 'আমীর-ই-কোহী' নামে একটি বিশেষ দপ্তর স্থাপন করেন। একটি এলাকা জুড়ে সরকারী কৃষি খামার স্থাপিত হয়েছিল। এখানে উন্নত প্রথায় চাষ-আবাদের ব্যবস্থা করা হয়। কিন্তু চাষের অনুপযোগী জমি, কর্মচারীদের দুর্নীতি ও অলসতা ইত্যাদি কারণে এই পরিকল্পনা ব্যর্থ হয়।

কৃষির উন্নতির চেষ্টা


বৈদেশিক নীতি ঃ বৈদেশিক ক্ষেত্রেও মহম্মদ বিন তুঘ্লকের পরিকল্পনা ব্যর্থতায় পর্যবসিত হয়। খোরাসানের আভ্যন্তরীণ বিশৃঙ্খলার সুযোগে তা জয় করার পরিকল্পনা করেন সুলতান। এই উদ্দেশ্যে প্রচুর অর্থব্যয়ে প্রায় চারলক্ষ সৈন্য পোষণ করেন এক বছর ধরে। কিন্তু সেখানকার পরিস্থিতি তাঁর প্রতিকূল বলে সেই পরিকল্পনা পরিত্যাগ করেন। এতে আর্থিক ক্ষতি হয় প্রচুর। ১৩৩৭ খ্রীষ্টাব্দে পাঞ্জাবের অন্তর্গত নগরকোট নামে পার্বত্য রাজ্যটি তিনি অধিকার করেন। এরপর কারাজলের (হিমালয়ের কুর্মাচল প্রদেশ) পার্বত্য জাতিকে স্ববশে আনার উদ্দেশ্যে সেখানে এক অভিযান প্রেরণ করেন। আকস্মিক বৃষ্টিপাতে সেই অভিযানে প্রচুর ক্ষয়-ক্ষতি হয়। অবশ্য মনে হয় যে, সেখানকার রাজা দিল্লীর বশ্যতা স্বীকার করেছিলেন।

খোরাসান জয় পরিকল্পনা, নগরকোট জয় এবং কারাজল অভিযান

দৌলতাবাদে রাজধানী স্থানান্তরের কিছুকালের মধ্যেই মোঙ্গলরা সেই সুযোগে ভারত আক্রমণ করে। সুলতান তাদের ধনরত্ন দিয়ে বিদায় দেন। উত্তর-পশ্চিম সীমান্ত সংরক্ষণের ব্যাপারে সুলতান যে সতর্ক ছিলেন না তা এর থেকে বোঝা যায়।

মোঙ্গল আক্রমণ

সুলতানের কার্যাদির সমালোচনা : রাজধানী স্থানান্তর, দোয়াবের করবৃদ্ধি, তামার নোট প্রচলন, খোরাসান ও কারাজল বিজয়ের পরিকল্পনা প্রভৃতি মহম্মদ বিন তুঘলকের পাগলামীর পরিচায়ক বলে অনেকে মনে করেন। কিন্তু পরিকল্পনাগুলি মস্তিষ্কের বিকার বা খেয়ালীপণা-প্রসূত ছিল না। এগুলির প্রকৃত ত্রুটি হল



এগুলিকে কার্যকর করার পদ্ধতির ত্রুটি। দৌলতাবাদে রাজধানী স্থানান্তর বা তাম্র-নোট প্রচলন প্রশাসনিক দিক থেকে অপ্রয়োজনীয় ছিল না। কিন্তু তিনি বুঝতে পারেন নি যে, দপ্তর স্থানান্তরিত করলেই স্বাভাবিকভাবেই রাজধানী স্থানান্তরিত হয়।

আবার তামার নোটের প্রচলন অব্যাহত রাখার জন্য নোট যাতে জাল না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখেন নি। খোরাসান জয় বা কারাজল জয়ের পরিকল্পনা অবাস্তব বলা যায় না। প্রকৃতপক্ষে মহম্মদ তুঘ্‌লকের চিন্তার প্রসারতা ছিল কিন্তু গভীরতা ছিল না। যুগের চেয়ে অগ্রবর্তী চিন্তা, ধৈর্যহীনতা, রাজকর্মচারীদের সহযোগিতার অভাব ইত্যাদির জন্য তিনি ব্যর্থ হয়েছেন এবং 'উন্মাদ ও বিকৃত মস্তিষ্ক' বলে অভিহিত হয়েছেন।

মহম্মদ বিন তুঘ্‌লকের মত বিতর্কিত ব্যক্তিত্ব ইতিহাসে খুব কমই দেখা যায়। প্রকৃতপক্ষে, তাঁর চরিত্রে কতকগুলি পরস্পর-বিরোধী উপাদানের সমাবেশ ঘটেছিল। তাই কেউ তাঁকে উন্মাদ বলেছেন, কেউ বলেছেন নিষ্ঠুর ও রক্ত-পিপাসু, আবার কেউ বলেছেন তিনি মধ্যযুগের সর্বশ্রেষ্ঠ সুলতান। তিনি অসাধারণ মেধা ও পাণ্ডিত্যের অধিকারী ছিলেন। দর্শন, বিজ্ঞান, জ্যোতিষ, গণিত ও ধর্মশাস্ত্রে তিনি বিশেষ পারদর্শিতা লাভ করেছিলেন। কবি ও দার্শনিক এই সুলতানের চরিত্র ছিল নিষ্কলুষ। তিনি ছিলেন বিনয়ী ও দানশীল। কিন্তু তাঁর চরিত্রের নিন্দনীয় দিকগুলি হল—ক্ষণক্রোধ, হিংস্রতা, সংকীর্ণচিত্ততা, ধৈর্যহীনতা ইত্যাদি।

চরিত্র ও কৃতিত্ব

সুলতান যাতে হাত দিয়েছিলেন প্রায় তাতেই ব্যর্থ হয়েছিলেন বলা যায়। এই ব্যর্থতা সত্ত্বেও ধর্ম-নিরপেক্ষ শাসনব্যবস্থা প্রবর্তন, ন্যায় ও পক্ষপাতশূণ্য বিচার-ব্যবস্থা স্থাপন ও কৃষক এবং কৃষির উন্নতি বিধানে আংশিক সাফল্য মধ্যযুগের নিরিখে নিশ্চয়ই প্রশংসার দাবী রাখে।

সুলতানী সাম্রাজ্যে ভাঙ্গন ঃ মহম্মদ বিন তুঘ্‌লকেয় কার্যকলাপে দেশের সর্বত্র বিশৃঙ্খলা দেখা দেয়। সুদূর দক্ষিণে মালাবারে একটি স্বাধীন রাজ্য স্থাপিত হয় (১৩৩৫ খৃীঃ)। এরপর বাংলাদেশও স্বাধীন হয়ে যায় (১৩৩৮ খৃীঃ)। কিছুকাল পর তেলেঙ্গানা অঞ্চল স্বাধীনতা ঘোষণা করে। দাক্ষিণাত্যে ১৩৪৬ খৃীষ্টাব্দে বিজয়নগর ও ১৩৪৮ খৃীষ্টাব্দে বাহমনী নামে দুটি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হয়। গুজরাট ও সিন্ধু দেশও বিদ্রোহী হয়। বিদ্রোহ দমনে সুলতান সাম্রাজ্যের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ছুটোছুটি করতে থাকেন। অবশেষে সিন্ধু প্রদেশে বিদ্রোহ দমন করতে গিয়ে তাঁর মৃত্যু হয় (১৩৫১ খৃীঃ)। তাঁর মৃত্যুকালে দিল্লী-সুলতানী আয়তনে বহু পরিমাণে সঙ্কুচিত হয়ে যায়।

ফিরুজ তুঘ্‌লক (১৩৫১-৮৮ খ্রীঃ)

মহম্মদ বিন তুঘলকের মৃত্যুর পর গিয়াসউদ্দীনের ভ্রাতা রজবের পুত্র ফিরুজ দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তাঁর রাজত্বকাল (১৩৫১-৮৮ খৃীঃ) পূর্ববর্তী শাসন আমলের থেকে বহুক্ষেত্রে পৃথক ছিল।

সুলতান হয়েই ফিরুজকে সাম্রাজ্যের আসন্ন পতন রোধে আত্মনিয়োগ করতে হয়। অবশ্য একটি কেন্দ্র থেকে যতদূর তিনি শাসন পরিচালনা করতে পারবেন সেই

অঞ্চলটুকুর ওপরেই তাঁর কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন। সেজন্য তিনি দক্ষিণ ভারত ও দাক্ষিণাত্য পুনরুদ্ধার করতে যান নি। বাংলাকে স্ববশে আনতে তিনি দুবার অভিযান করেন, কিন্তু ব্যর্থ হন। বাংলা স্বাধীন থেকে যায়। উড়িষ্যা আক্রমণ করে পুরীর মন্দির লুন্ঠন করেন, কিন্তু উড়িষ্যাকে নিজ সাম্রাজ্যভুক্ত করেন নি। নগরকোট তিনি পুনরায় অধিকার করেন। সিন্ধুদেশের বিদ্রোহ তিনি দমন করেন, সিন্ধুরাজ পরাজিত হয়ে কর প্রদানে স্বীকৃত হন। সংক্ষেপে মহম্মদ তুঘলকের অধীনে বিশাল সাম্রাজ্য তখন বহু পরিমাণে সঙ্কুচিত হয়ে পড়েছিল। অবশ্য আয়তনে ফিরুজের সাম্রাজ্য আলাউদ্দীনের মতই ছিল।

সঙ্কুচিত সাম্রাজ্যসীমা

আলাউদ্দীন ও মহম্মদ তুঘলক শাসন ব্যাপারে উলেমা ও অভিজাতদের হস্তক্ষেপের বিরোধী ছিলেন। কিন্তু ফিরুজ প্রথমেই জায়গীর প্রথা প্রবর্তন ও তাকে বংশানুক্রমিক করে অভিজাতদের তোষণ করেন। এই কারণেই তাঁর রাজত্বকালে অভিজাতদের নেতৃত্বে বিদ্রোহের সংখ্যা খুব অল্প ছিল। আবার তিনি নিজে ছিলেন নিষ্ঠাবান মুসলমান এবং ঘোষণা করেন যে, তাঁর অধীনস্থ রাষ্ট্র হল একটি প্রকৃত ইসলামিক রাষ্ট্র। এতে উলেমারা সন্তুষ্ট হয়। ধর্মীয় ও শাসন ব্যাপারে ফিরুজ উলেমাদের পরামর্শ গ্রহণ করতেন। তিনি ব্রাহ্মণদেরও জিজিয়া (অ-মুসলমানদের ওপর ধার্য কর) কর দিতে বাধ্য করেন। এছাড়া, হিন্দুদের ইসলাম ধর্মে ধর্মান্তরিত করার জন্য তিনি নিজে উদ্যোগী হতেন। ইসলাম ধর্ম পরিত্যাগ করতে কিছু মুসলমানকে উৎসাহিত করার অপরাধে একজন ব্রাহ্মণকে তিনি মৃত্যুদন্ড পর্যন্ত দিয়েছিলেন।

উলেমা ও অভিজাত-দের সমর্থন লাভ

ইসলামিক রাষ্ট্রের প্রবর্তন

ফিরুজ কর্মচারীদের এমন কি সৈনিকদের নগদ মাহিনার বদলে জায়গীর দান করেন। এই জায়গীর বংশানুক্রমিক করা হয়। ফলে সৈন্য-বাহিনীর মান নেমে যায়, আর আমীররা নিজ নিজ অঞ্চলে স্বাধীন শাসকের মত আচরণ করতে থাকে।

জায়গীর প্রথার কু-ফল

প্রজাদের আনুগত্য লাভের জন্য তিনি কতকগুলি অসঙ্গত ও অন্যায় কর বাতিল করেন। তিনি রাজস্বের পরিমাণ হ্রাস করেন এবং কোরানের নির্দেশ অনুযায়ী মাত্র চারটি কর ধার্য করেন। এগুলি হল : (১) 'খারাজ' বা ভূমিকর, (২) 'খামস' বা লুন্ঠিত দ্রব্যের এক-পঞ্চমাংশ, (৩) 'জিজিয়া' বা অমুসলমানদের ওপর ধার্য কর, (৪) 'জাকাৎ' বা মুসলমানদের দেয় ধর্মকর।

রাজস্ব নীতি

ধর্মের গোঁড়ামি থাকলেও ফিরুজ জনকল্যাণকামী ছিলেন। সেচ ব্যবস্থার উন্নতি ও বসতি বিস্তারের জন্য তিনি বহু খাল খনন করেন। খালগুলি শুধু সেচের জলই যোগাত না, এগুলির পাড়ে বহু গ্রাম গড়ে ওঠে। তিনি একজন কর্মচারীর অধীনে কর্মসংস্থান কেন্দ্র স্থাপন করেন। এখানে বেকারদের নাম নথিভুক্ত করা হত ও যোগ্যতানুযায়ী কাজ দেওয়া হত। তিনি মুসলমান অনাথ, বিধবা ও কন্যাদায়গ্রস্ত পিতাদের অর্থ সাহায্যের জন্য 'দেওয়ান-ই-

জনহিতকর কার্য

খয়রাত' নামে একটি দপ্তর গঠন করেন এবং দরিদ্রদের সুচিকিৎসার জন্য তিনি 'দার-উল-সাফা' নামে একটি দাতব্য চিকিৎসালয় স্থাপন করেন। তিনি অসংখ্য মাদ্রাসা স্থাপনও করেছিলেন। তিনি দন্ডবিধির সংস্কার করেন এবং একমাত্র গুরুতর অপরাধ ছাড়া কোন মুসলমানের মৃত্যুদন্ড নিষিদ্ধ হয়। অপরাধীর দৈহিক নির্যাতন ও অঙ্গচ্ছেদ রহিত করা হয়। যাতে সকলে সুবিচার পায় সেদিকেও তাঁর লক্ষ্য ছিল। এই সমস্ত জনহিতকর কাজ প্রমাণ করে যে, ফিরুজ মনে করতেন দন্ডদান ও রাজস্ব সংগ্রহই শুধু-মাত্র রাষ্ট্রীয় কর্তব্য নয়, জনকল্যাণও বটে। মধ্যযুগে সীমাবদ্ধভাবে হলেও জনকল্যাণ-ব্রতী রাষ্ট্রের এই আদর্শ নিঃসন্দেহে প্রশংসার্হ।

নির্মাতা ও সংস্কৃতির পৃষ্ঠপোষক

ফিরুজ ছিলেন ধর্মান্ধ। সামরিক প্রতিভা তাঁর ছিল না। জায়গীর প্রথাভিত্তিক সামরিক সংগঠন সাম্রাজ্যকে দুর্বল করে দিয়েছিল। আমীর ও উলেমাদের গুরুত্বদানও মারাত্মক হয়েছিল। দিল্লীর সুলতানীর আসন্ন পতন রোধ করার ক্ষমতা তাঁর ছিল না। তবু সাময়িক কালের জন্য তিনি প্রজাদের সুখ-শান্তি ফিরিয়ে এনেছিলেন। জৌনপুর, হিস্সার, ফিরুজপুর, ফিরুজাবাদ প্রভৃতি অনেক শহর প্রতিষ্ঠা করে এবং দিল্লীর উপকন্ঠে বহু উদ্যান রচনা করে রাজধানীর সৌন্দর্য বৃদ্ধি করে তাঁর শখ মিটিয়েছিলেন। আবার সংস্কৃত ভাষায় লিখিত অসংখ্য হিন্দু ধর্মশাস্ত্র ও সঙ্গীত পুস্তকের ফারসী ভাষায় অনুদিত করিয়ে-ছিলেন। এই কাজ দুটি নির্মাতা ও সংস্কৃতির পৃষ্ঠপোষক হিসাবে তাঁর কৃতিত্বের সাক্ষ্য বহন করে।

তুঘলক বংশের পতন : ফিরুজের মৃত্যুর পর যে কয়জন সুলতান হয়েছিলেন তাঁরা সকলেই ছিলেন অপদার্থ ও অক্ষম। শাসন-ক্ষমতা চলে গিয়েছিল অমাত্যদের হাতে। আর সুলতান ও অভিজাতদের মধ্যে শুরু হয় ক্ষমতার দ্বন্দ্ব। রাজা, জমিদার ও প্রাদেশিক শাসনকর্তারা আভ্যন্তরীণ গোলযোগের সুযোগে স্বাধীন হয়ে পড়তে থাকে। সুলতানীর সাম্রাজ্য-সীমা ক্রমশঃ সংকুচিত হতে থাকে। অবশেষে সর্বশেষ তুঘলক সুলতান নাসিরুদ্দীন মামুদ (১৩৯৪-১৪১২ খৃীঃ) দিল্লী ও তার পার্শ্ববর্তী স্থান নিয়ে রাজত্ব করতে থাকেন। সুলতানীর পতন যখন আসন্ন তখন এর ওপর মারাত্মক আঘাত হানলো তৈমুরলঙ্গের আক্রমণ। ১৪১২ খৃীষ্টাব্দে নাসিরুদ্দীন মামুদের মৃত্যু হলে তুঘলক বংশের অবসান হয়।

তৈমুরলঙ্গের ভারত আক্রমণ ও তার ফলাফল

ভারত আক্রমণের কারণ

তৈমুরলঙ্গ মধ্য এশিয়ার সমরখন্দের দিগ্বিজয়ী বীর। সুলতানী সাম্রাজ্যের ভগ্নদশা তাঁকে ভারত আক্রমণে উৎসাহিত করেছিল। এই আক্রমণের অজুহাত হিসাবে তিনি বলেছিলেন যে, তুর্কী সুলতানরা ভারতবর্ষে এসে হিন্দু-ধর্মের সংস্পর্শে ইসলাম ধর্মের মর্যাদাহানি ঘটিয়েছেন বলে তিনি তাঁদের শাস্তি দেবেন। কিন্তু তুর্কী সুলতানরা দুশো বছর ধরে ভারতে যে ধনরত্ন সঞ্চয় করেছিলেন তা লুন্ঠন করাই ছিল প্রকৃত উদ্দেশ্য।

১৩৯৮ খ্রীষ্টাব্দে তৈমুরলঙ্গ বিশাল সৈন্যবাহিনীসহ সমরখন্দ থেকে যাত্রা করেন। তিনি সিন্ধুনদ অতিক্রম করে দিল্লী যাওয়ার পথে সমস্ত শহরগুলি লুন্ঠন, অগ্নি-সংযোগ ও অধিবাসীদের হত্যা করেন। এরপর তিনি দিল্লী অধিকার করেন। পরাজিত সুলতান নাসিরুদ্দীন মামুদ গুজরাটে পালিয়ে যান। তিনি দিল্লীর সমস্ত সম্পদ লুন্ঠন করেন, শত সহস্র নরনারীকে হত্যা করেন। পনের দিন সেখানে থাকার পর লুন্ঠিত ধনরত্ন ও অসংখ্য বন্দীসহ তৈমুর স্বদেশ অভিমুখে যাত্রা করেন।

তৈমুরের লুণ্ঠন ও হত্যালীলা

তৈমুরলঙ্গের মত নিষ্ঠুর ও অত্যাচারী ইতিহাসে খুব অল্পই দেখা যায়। তাঁর আক্রমণে অসংখ্য নরনারী ও শিশুর প্রাণহানি ঘটে। বহু শহর ও গ্রাম বিধ্বস্ত হয়। সমগ্র উত্তর ভারতে অরাজকতা দেখা দেয়। দিল্লী নগরী ধ্বংস-স্তূপে পরিণত হয়। সেখানে দুর্ভিক্ষ ও মহামারীতে অবশিষ্ট লোকের মৃত্যু ঘটে। শেষ পর্যন্ত এটি জনহীন শ্মশানে পরিণত হয়। ঐতিহাসিক বাদায়ুনী বলেছেন, "দু'মাস ধরে দিল্লীতে একটি পাখিও উড়তে দেখা যায় নি।" অরাজকতা ও শাসন শৈথিল্যে সুলতানী সাম্রাজ্যের প্রদেশগুলি স্বাধীন হয়ে যেতে থাকে। দিল্লীর সুলতানী দ্রুত পতনের পথে এগিয়ে যায়।

ফলাফল

সৈয়দ ও লোদী বংশ

তৈমুরের ভারতীয় সাম্রাজ্যের প্রতিনিধি খিজির খাঁ দিল্লীর সিংহাসন অধিকার করেন (১৪১৪ খ্রীঃ)। তিনি হজরত মহম্মদের বংশধর বলে দাবি করতেন, সেজন্য তাঁর পরিবারের সকলে ছিলেন সৈয়দ। সৈয়দ রাজবংশের প্রতিষ্ঠাতা অবশ্য সুলতান উপাধি গ্রহণ করেন নি। তাঁর মৃত্যুর পর পর্যায়ক্রমে মুবারক (১৪২১-৩৪), মহম্মদ (১৪৩৪-৪৫), আলাউদ্দীন (১৪৪৫-৫১) রাজত্ব করেন। মুবারক ছাড়া সকলেই ছিলেন অকর্মণ্য। ১৪৫১ খ্রীষ্টাব্দে আফগান জাতির লোদী বংশীয় বহলুল খান দিল্লী আক্রমণ করলে সুলতান আলাউদ্দীন বিনা যুদ্ধে সিংহাসন ত্যাগ করে বদাউনে চলে যান। এইভাবে সৈয়দ বংশের অবসান ও লোদী বংশের প্রতিষ্ঠা ঘটে।

বহলুল খাঁন হলেন দিল্লীর প্রথম আফগান বা পাঠান সুলতান (১৪৫১-৮৯)। তিনি ও তাঁর পরবর্তী সুলতান সিকন্দর লোদী (১৪৮৯-১৫১৭ খ্রীঃ) ছিলেন সুযোগ্য শাসক। তাঁরা দিল্লী সুলতানীর নষ্ট শক্তি কিছুটা পুনরুদ্ধার করলেও, তার অধোগতি এমন পর্যায়ে পেঁছিছিল যে তা রোধ করা অসম্ভব হয়ে পড়েছিল। সিকন্দরের পুত্র ও উত্তরাধিকারী ইব্রাহিম লোদীর (১৫১৭-২৬ খ্রীঃ) ঔদ্ধত্যে আফগান অভিজাতরা অসন্তুষ্ট হয়। লাহোরের শাসনকর্তা দৌলত খান এবং আলম খানের (ইব্রাহিমেরই কাকা) আমন্ত্রণে কাবুলের অধিপতি বাবর দিল্লী আক্রমণ করেন। ১৫২৬ খ্রীষ্টাব্দে পাণিপথের প্রথম যুদ্ধে বাবর ইব্রাহিমকে পরাজিত ও নিহত করেন। তিনি দিল্লীর সিংহাসন অধিকার করেন। এইভাবে লোদী বংশের অবসান ও মুঘল বংশের প্রতিষ্ঠা ঘটল।

তুর্কী-আফগান সাম্রাজ্যের পতনের কারণঃ তুঘ্‌লক বংশের পতনের সঙ্গে সঙ্গে দিল্লী সুলতানীর পতন অনিবার্য হয়ে ওঠে। সৈয়দ ও লোদী বংশের শাসন সেই পতনকে বিলম্বিত করেছিল মাত্র। প্রকৃতপক্ষে দিল্লীর সুলতানী জনসমর্থনবঞ্চিত নিছক সামরিক শক্তির ওপর নির্ভরশীল ছিল। জায়গীর প্রথা প্রচলিত থাকায় স্বার্থান্ধ অভিজাতরা রাজশক্তিকে অস্বীকার করতেন। তাঁরা ও প্রভাবশালী রাজ পরিবারের লোকেরা সুলতানদের ইচ্ছামত সিংহাসনে বসাতেন বা সিংহাসনচ্যুত করতেন। এছাড়া মহম্মদ বিন তুঘ্‌লকের পরিকল্পনার বাস্তবায়নের ত্রুটি ও অবিবেচনা-প্রসূত-নীতি এবং ফিরুজ তুঘলকের ও তাঁর বংশধরদের দুর্বলতা প্রাদেশিক শাসনকর্তাদের বিদ্রোহ ও স্বাধীনতা লাভে প্ররোচিত করেছিল। আবার, ক্রমাগত মোঙ্গল আক্রমণে দিল্লী সুলতানীর সমরশক্তি হ্রাস পায়। তৈমুরলঙ্গের আক্রমণে দিল্লী সুলতানীর রাজনৈতিক ও অর্থনৈতিক কাঠামো বিধ্বস্ত হয়ে যায়। সর্বশেষে, বাবরের সামরিক শক্তি ও রণকৌশলে ইব্রাহিম লোদীর সৈন্যবাহিনী বিপর্যস্ত হয়ে যায় এবং দিল্লী সুলতানীর পতন ঘটে।

দিল্লী সুলতানীর ক্রমবর্ধমান দুর্বলতা ও তৈমুরের আক্রমণে সুলতানের দিল্লী থেকে পলায়ন কয়েকজন প্রাদেশিক শাসনকর্তা ও কিছু সংখ্যক স্বয়ংশাসিত দেশকে স্বাধীনতা ঘোষণা করতে অনুপ্রাণিত করেছিল। দক্ষিণ ভারতে বাহমনী ও বিজয়নগর নামে দুটি স্বাধীন রাজ্যের উদ্ভব হয়। উত্তর ভারতে বাংলা, সিন্ধু, মুলতান, গুজরাট, মালব, জৌনপুর এবং রাজপুতানার বিভিন্ন রাজ্য ক্রমে ক্রমে স্বাধীন হয়ে যায়।

ইলিয়াস শাহী ও হুসেন শাহী শাসন আমল

দিল্লী থেকে বহুদূরে অবস্থিত ও সমৃদ্ধ দেশ ছিল বলে মধ্যযুগে বাংলা প্রায়ই দিল্লীর কর্তৃত্ব অস্বীকার করত। গিয়াসউদ্দীন তুঘলক স্ববশে রাখার জন্য বাংলাকে লক্ষ্মণাবতী (পশ্চিমবঙ্গ), সোনার গাঁ (পূর্ববঙ্গ) ও সাত গাঁ (দক্ষিণ বঙ্গ) এই তিন অংশে বিভক্ত করেন এবং প্রত্যেক অংশের জন্য একজন পৃথক শাসনকর্তা নিযুক্ত করেন। এসব সত্ত্বেও বাংলা বিদ্রোহের পথ থেকে সরে আসে নি। অবশেষে হাজী ইলিয়াসের নেতৃত্বে সমগ্র বাংলা জুড়ে একটি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হয়। ইনিই ইলিয়াস শাহী বংশের প্রতিষ্ঠাতা।

সামসুদ্দীন ইলিয়াস শাহ্ (১৩৪২-৫৭ খ্রীঃ): ১৩৪২ খ্রীষ্টাব্দে হাজী ইলিয়াস 'সামসুদ্দীন ইলিয়াস শাহ্' উপাধি ধারণ করে বাংলার সিংহাসনে আরোহণ করেন। পান্ডুয়াতে ছিল তাঁর রাজধানী। তিরহুত, উড়িষ্যা ইত্যাদি তিনি আক্রমণ করেন। পশ্চিমে বারাণসী পর্যন্ত তাঁর রাজ্য বিস্তৃত হয়। ১৩৫৩ খ্রীষ্টাব্দে তিনি পূর্ববঙ্গও নিজ রাজ্যের অন্তর্ভুক্ত করেন। তাঁকে শিক্ষা দেবার জন্য সুলতান ফিরুজ তুঘলক স্বয়ং বাংলা অভিযান করে পান্ডুয়া অধিকার করেন। তখন ইলিয়াস তাঁর সুরক্ষিত একডালা দুর্গে আশ্রয় নেন। বহুদিন অবরোধ করেও সেই দুর্গ অধিকার করতে ব্যর্থ হয়ে ফিরুজ দিল্লী প্রত্যাবর্তন করেন। ১৩৫৭ খ্রীষ্টাব্দে তিনি কামরূপ রাজ্য জয় করেন। এরপর তাঁর মৃত্যু হয়। ইলিয়াস শাহ্ রণকুশল যোদ্ধাই নন, সুশাসকও ছিলেন। সংস্কৃতি বিশেষতঃ স্থাপত্যে তাঁর অবদান ছিল। হিন্দু-মুসলমান সাম্প্রদায়িক সম্প্রীতি ছিল তাঁর শাসন আমলের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।

সিকন্দর শাহ্ (১৩৫৭-৮৯ খীঃ): ইলিয়াস শাহের পুত্র ও পরবর্তী সুলতান সিকন্দর শাহ্ কৃতী শাসক ছিলেন। তিনি সুলতান ফিরুজ তুঘলকের আক্রমণ ব্যর্থ করে বাংলার স্বাধীনতা অক্ষুণ্ণ রাখেন। এরপর প্রায় দু'শ বছর বাংলার সুলতানরা স্বাধীনভাবেই রাজত্ব করে গিয়েছিলেন। তাঁর রাজত্বকালে শান্তি ও সমৃদ্ধি বেড়েছিল। পান্ডুয়ার প্রসিদ্ধ আদিনা মসজিদ তিনিই নির্মাণ করান।

গিয়াসুদ্দীন আজম শাহ্ (১৩৮৯-১৪০৯ খ্রীঃ) : সিকন্দর শাহকে হত্যা করে তাঁর পুত্র গিয়াসুদ্দীন আজম শাহ্ বাংলার সিংহাসনে আরোহণ করেন (১৩৮৯ খ্রীঃ)। তিনি ছিলেন সুশাসক, সাহিত্যানুরাগী ও ন্যায়পরায়ণ। তিনি চীনে দূত প্রেরণ করেন। তাঁর রাজত্বকালে চীনা পর্যটক মা-হুয়ান বাংলায় আসেন। তাঁর বিবরণ থেকে বাংলার ও তার জনগণের সম্বন্ধে বহু তথ্য পাওয়া যায়।

রাজা গণেশ ঃ গিয়াসুদ্দীনের মৃত্যুর পর তাঁর পুত্র সৈফুদ্দীন হাজমা বাংলার সিংহাসন লাভ করেন। তাঁর মৃত্যুর পর ভাতুড়িয়া ও দিনাজপুরের প্রতিপত্তিশালী হিন্দু রাজা গণেশ বাংলার শাসনভার হস্তগত করেন। ফলে ইলিয়াস শাহী বংশের সাময়িক পতন ঘটে।

রাজা গণেশের পুত্র যদু ইসলাম ধর্মগ্রহণ করে জালালউদ্দীন নামে সিংহাসনে আরোহণ করেন। তাঁর পুত্র ও উত্তরাধিকারী সামসুদ্দীন আহমদ শাহ্ (১৪৩১-৪২ খ্রীঃ) নিহত হন।

ইলিয়াস শাহী বংশের পুনঃপ্রতিষ্ঠা ঃ সামসুদ্দীন আহমদ শাহ্ নিহত হওয়ার পর আমীর ও অমাত্যরা ইলিয়াস শাহী বংশের নাসিরুদ্দীন মাহমুদ শাহকে সিংহাসনে বসান (১৪৪২ খ্রীঃ)। এরপর প্রায় পঁয়তাল্লিশ বৎসর রাজত্ব করেন এই বংশেরই বিভিন্ন সুলতান। এই সময়ের মধ্যে আফ্রিকার আবিসিনীয় বা হাবসী ক্রীতদাসরা প্রতিপত্তিশালী হয়ে উঠতে থাকে। এই বংশের শেষ সুলতান জালাল-উদ্দীন ফংকে হত্যা করে জনৈক হাবসী ক্রীতদাস সিংহাসন অধিকার করে এবং ইলিয়াস শাহী বংশের চূড়ান্ত পতন ঘটে।

হুসেন শাহী বংশ

আলাউদ্দীন হুসেন শাহ্ (১৪৯৩-১৫১৯ খ্রীঃ) ঃ হাবসী অত্যাচার ও কুশাসনে অতিষ্ঠ হয়ে বাংলার বিদ্রোহী জনসাধারণ সর্বশেষ হাবসী সুলতানকে হত্যা করে। এই বিদ্রোহের নেতা তাঁরই মন্ত্রী হুসেন শাহ্ বাংলার মসনদে বসেন। তিনি ছিলেন প্রজাহিতৈষী, দানশীল, বিদ্যোৎসাহী নরপতি। তিনি কামরূপের পশ্চিমাংশে অবস্থিত কামতাপুর জয় করেন। উড়িষ্যা ও ত্রিপুরার কিছু অংশ তাঁর রাজ্যের অন্তর্ভুক্ত হয়। তাঁর শাসনের বিরুদ্ধে কোন বিদ্রোহ ঘটে নি। তিনি বহু হিন্দুকে উচ্চপদে নিযুক্ত করেন। প্রখ্যাত রূপ গোস্বামী ও সনাতন গোস্বামী ছিলেন তাঁর মন্ত্রী। বহু সাহিত্যিক তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেছিল। ধর্মে তিনি ছিলেন উদার। সাম্প্রদায়িক মৈত্রী ছিল তাঁর শাসনের লক্ষ্যণীয় বৈশিষ্ট্য। তিনি স্থাপত্য-শিল্পের পৃষ্ঠপোষক ছিলেন।

নসরৎ শাহ্ (১৫১৯-১৫৩২ খ্রীঃ) ঃ হুসেন শাহের মৃত্যুর পর তাঁর পুত্র নসরৎ শাহ্ বাংলার মসনদে বসেন (১৫১৯ খ্রীঃ)। পিতার মত তিনি ছিলেন প্রজাহিতৈষী, উদার-হৃদয়, বিদ্যোৎসাহী ও স্থাপত্য শিল্পের পৃষ্ঠপোষক। তিনি তিরহুত জয় করেন। মুঘলদের আক্রমণের বিরুদ্ধে তিনি নিজ রাজ্যসীমা ও নিরাপত্তা অক্ষুন্ন

রেখেছিলেন। তিনি কূটকৌশলে মুঘল সম্রাট বাবরের সঙ্গে মৈত্রীবন্ধ হয়ে মুঘল আক্রমণ থেকে বাংলাকে রক্ষা করেন। কিন্তু এরপর তিনি মুঘল বিরোধী মিত্রসংঘ গড়ে তোলেন। কিন্তু শেষ পর্যন্ত এই মিত্রসংঘ ভেঙে যায়। সুলতান তাঁর এক প্রাসাদ-রক্ষী দ্বারা নিহত হন (১৫৩২ খ্রীঃ)।

হুসেন শাহী বংশের অবসান : নসরৎ শাহের মৃত্যুর পর তাঁর পুত্র ফিরুজ শাহ (১৫৩২-৩৩ খ্রীঃ) মাত্র অল্পকাল রাজত্ব করেছিলেন। তাঁর খুল্লতাত গিয়াসুদ্দীন তাঁকে হত্যা করে সুলতান হন। গিয়াসুদ্দীন শেরশাহের হস্তে পরাজিত ও ক্ষমতাচ্যুত হন, এরই সঙ্গে হুসেন শাহী বংশের পতন ঘটে।

ইলিয়াস শাহী ও হুসেন শাহী বংশের আমলে সাংস্কৃতিক উন্নতি

কেবলমাত্র রাজনৈতিক দিকেই নয়, সাংস্কৃতিক দিক দিয়েও ইলিয়াস শাহী ও হুসেন শাহী রাজবংশ দুটি বাংলার ইতিহাসে একটি নতুন যুগের সূচনা করেছিল।

সম্প্রদায়গত সম্প্রীতি

ইলিয়াস শাহী বংশের সুলতানদের শাসনকালের অন্যতম বৈশিষ্ট্য ছিল হিন্দু-মুসলমানদের মধ্যে সম্প্রীতি। একের আচার অন্যের আচার-ব্যবহারকে যথেষ্ট পরিমাণে প্রভাবিত করেছিল। হুসেন শাহী বংশের রাজত্বকালে এই সমন্বয়-সাধনার সুস্পষ্ট প্রকাশ ঘটে উভয় সম্প্রদায় কর্তৃক সত্যপীরের আরাধনায়। সত্যপীর হিন্দু দেবতা সত্যনারায়ণেরই প্রতিরূপ। হিন্দুরা যেমন পীর পূজা শুরু করে তেমনি মুসলমানরাও ওলাবিবি, শীতলার পূজা করতে শুরু করে।

উভয় রাজবংশের পৃষ্ঠপোষকতায় সাহিত্যের ক্ষেত্রে বাংলার মনীষার অভূতপূর্ব বিকাশ ঘটে। 'শ্রীকৃষ্ণ বিজয়' কাব্যের রচয়িতা মালাধর বসু ইলিয়াস শাহী সুলতানের পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন। সুলতান তাঁকে 'গুণরাজ খান' উপাধিতে ভূষিত করেন। তাঁর পুত্রও সুলতানের কাছ থেকে 'সত্যরাজ খাঁ' উপাধি লাভ করেন। বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাসে হুসেন শাহ ও নসরৎ শাহ বিশিষ্ট স্থানের অধিকারী। তাঁদের আগ্রহ ও আনুকূল্যে বহু বিখ্যাত গ্রন্থ রচিত হয়। বৈষ্ণব রূপ গোস্বামী 'বিদগ্ধ মাধব' ও 'ললিত মাধব' নামে দুটি গ্রন্থ রচনা করেন। এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, হুসেন শাহী সুলতানদের ধর্মীয় সহনশীলতার জন্য বৈষ্ণবধর্ম ও বৈষ্ণব সাহিত্য বাংলায় প্রসার লাভ করে এবং শ্রীচৈতন্য এই সময়েই আবির্ভূত হয়েছিলেন। হুসেন শাহের সেনাপতি পরাগল খানের পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর বাংলা ভাষায় মহাভারত অনুবাদ করেন। হুসেন শাহী আমলে মনসামঙ্গল রচিত হয়েছিল। 'বিদ্যাসুন্দর' কাব্য রচয়িতা দ্বিজ শ্রীধর এই যুগেরই লোক। সংস্কৃত ভাষার চর্চাতেও এই যুগ বিশিষ্টতা অর্জন করেছিল। নবদ্বীপ ছিল সংস্কৃত চর্চার প্রধান কেন্দ্র।

সাহিত্যের ক্ষেত্রে উন্নতি

স্থাপত্যেও এই দুই রাজবংশের অবদান স্মরণীয়। পাণ্ডুয়ার উপকণ্ঠে অবস্থিত আদিনা মসজিদ নির্মাণ করিয়েছিলেন সিকন্দর শাহ্। এরকম বিশালায়তন মসজিদ ভারতে আর নেই এবং এটি পৃথিবীর বৃহৎ মসজিদগুলির অন্যতম। এই মসজিদে চারশ' গম্বুজ আছে। নসরৎ শাহের নির্মিত গৌড়ের 'কদমরসুল' ও 'বড় সোনা' মসজিদ উল্লেখযোগ্য স্থাপত্য কীর্তি।

স্থাপত্য শিল্পে উন্নতি

বাহমনী রাজ্য

মহম্মদ বিন তুঘলকের রাজত্বকালের শেষভাগে কেন্দ্রীয় শাসনশৈথিল্যের সুযোগে দাক্ষিণাত্যে দেবগিরির (দৌলতাবাদ) বিদ্রোহী অভিজাতরা একটি নতুন মুসলমান রাজ্য প্রতিষ্ঠিত করেছিল। প্রথমে অভিজাতরা দেবগিরি দখল করে ইসমাইল মুখ্ নামে তাদেরই একজন নেতাকে রাজপদে বসান। কিন্তু ইসমাইল স্বেচ্ছায় সিংহাসন ত্যাগ করলে হাসান বা জাফর খান নামে একজন সেনাপতি তাঁর স্থলাভিষিক্ত হন (১৩৪৭ খ্রীঃ)। তাঁর প্রতিষ্ঠিত রাজবংশ বাহমনী বংশ এবং রাজ্যটি বাহমনী রাজ্য নামে খ্যাত হয়। কিংবদন্তী অনুসারে হাসান প্রথম জীবনে গঙ্গু নামে এক ব্রাহ্মণের কাছে কাজ করেছিল বলে হাসান কৃতজ্ঞতা স্বরূপ আলাউদ্দীন বাহমন শাহ (বা ব্রাহ্মণ শাহ্) উপাধি ধারণ করেন। আধুনিক ঐতিহাসিকরা মনে করেন যে, হাসান পারস্যের বিখ্যাত বীর বহমনের বংশধর বলে দাবি করতেন, তাই এই নামকরণ।

বাহমনী রাজ্যের অভ্যুদয়

আলাউদ্দীন বাহমন শাহ্ (১৩৪৭-৫৮ খ্রীঃ): বাহমনী বংশের প্রতিষ্ঠাতা আলাউদ্দীন বাহমন শাহ্ সুযোগ্য শাসক ছিলেন। তাঁর রণনৈপুণ্যে বাহমনী রাজ্য নর্মদা ও কৃষ্ণা নদীর মধ্যবর্তী বিস্তীর্ণ ভূভাগে বিস্তৃত হয়ে পড়েছিল। তাঁর রাজধানী ছিল গুলবর্গা, এর নামকরণ করা হয় হাসনাবাদ। পশ্চিম উপকূলে গোয়া পর্যন্ত এই রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। তিনি সমগ্র রাজ্যটিকে দৌলতাবাদ, গুলবর্গা, বেরার ও বিদর এই চারটি তরফে বিভক্ত করেন।

বাহমনী রাজ্য প্রায় ১৮০ বৎসর (১৩৪৭-১৫২৭ খ্রীঃ) টিকে ছিল এবং আঠারো জন সুলতান রাজত্ব করেছিলেন। তাঁদের রাজত্বকালের ইতিহাস হল অন্তর্দ্বন্দ্ব, গুপ্ত ষড়যন্ত্র ও হত্যার মসীলিপ্ত ইতিহাস। অধিকাংশ সুলতানই ছিলেন অযোগ্য এবং পরধর্মসহিষ্ণুতা তাঁদের আদৌ ছিল না। প্রতিবেশী হিন্দুরাজ্য বিজয়নগরের সঙ্গে তাঁরা প্রায় নিরবচ্ছিন্নভাবে যুদ্ধে লিপ্ত ছিলেন।

বাহমনী শাসনের প্রকৃতি

প্রথম মহম্মদ শাহ (১৩৫৮-১৩৭১ খ্রীঃ): হাসানের পরবর্তী সুলতান তাঁর পুত্র প্রথম মহম্মদ শাহের রাজত্বকালে বিজয়নগর রাজ্যের সঙ্গে দীর্ঘস্থায়ী যুদ্ধের সূত্রপাত হয়। তিনি অবশ্য রাজ্যে শান্তি-শৃঙ্খলা স্থাপন করেন এবং বরঙ্গল রাজ্যকে পরাজিত করে গোলকুন্ডা অধিকার করেন।

দ্বিতীয় মহম্মদ শাহ (১৩৭৮-৯৭ খ্রীঃ): প্রথম মহম্মদ শাহের মৃত্যুর পর

ক্রমান্বয়ে সুলতান হন মুজাহিদ শাহ্, দাউদ খান ও দ্বিতীয় মহম্মদ শাহ্। মহম্মদ শাহ্ ছিলেন প্রজাহিতৈষী, বিদ্যানুরাগী ও শান্তিপ্রিয়। অহেতুক যুদ্ধে তিনি লিপ্ত হন নি।

তাজউদ্দীন ফিরুজ শাহ্ (১৩৯৭-১৪২২ খ্রীঃ) ঃ তাজউদ্দীন ফিরুজ শাহ্ ছিলেন সংস্কৃতিবান। তিনি বহু বিদ্বজ্জনের সমাবেশে দাক্ষিণাত্যকে ভারতের সাংস্কৃতিক কেন্দ্রে পরিণত করতে চেয়েছিলেন। সর্বধর্মের প্রতি তিনি শ্রদ্ধাশীল ছিলেন। বহু হিন্দুকে শাসন বিভাগে নিযুক্ত করেছিলেন। কবি ও সঙ্গীতপ্রেমী এই সুলতান সমরকুশলও ছিলেন। তিনি দুবার বিজয়নগর রাজ্যকে পরাজিত করেন, অবশ্য তৃতীয়বারে তিনি নিজেই পরাজিত হন।

আহমদ শাহ্ (১৪২২-৩৫ খ্রীঃ) ঃ আহমদ শাহ্ ছিলেন রণকুশল, তিনি বিজয়নগরের রাজাকে পরাজিত করে তাঁকে কর দিতে বাধ্য করেন। তিনি বরঙ্গল অধিকার করেন এবং মালবের সুলতানকে পরাজিত করেন। তিনি গুলবর্গা থেকে বিদরে রাজধানী স্থানান্তরিত করেন। তিনি বিদ্যানুরাগী ছিলেন। তাঁর রাজত্বকালে দক্ষিণী বা ভারতীয় এবং বিদেশী আমীরগণ—এই দুই দলের মধ্যে দ্বন্দ্ব রাজ্যের সংহতি বিনষ্ট করে।

দ্বিতীয় আলাউদ্দীন (১৪৩৫-৫৪ খ্রীঃ) ঃ দ্বিতীয় আলাউদ্দীনের সমরনৈপুণ্যে তাঁর কাছে কোঙ্কন ও খান্দেশের শাসকরা পরাজিত হন। তিনি বিজয়নগরকেও পরাজিত করে বহু অর্থ আদায় করেন।

হুমায়ুন শাহ্ (১৪৫৭-৬১ খ্রীঃ) ঃ জালিম (অত্যাচারী) নামে অভিহিত হুমায়ুন শাহ্ ছিলেন অত্যন্ত নিষ্ঠুর, অত্যাচারী ও অপদার্থ। তাঁর মৃত্যুর পর থেকে বাহমনী রাজ্যের অধোগতি শুরু হয়।

নিজম শাহ্ (১৪৬১-৬৩ খ্রীঃ) ঃ নিজাম শাহের নাবালকত্বের সুযোগে উড়িষ্যা ও তেলেঙ্গানার রাজারা বাহমনী রাজ্য আক্রমণ করেন। মালবের মামুদ খলজীও আক্রমণ করেন। কিন্তু এগুলি সমস্তই ব্যর্থ হয়।

তৃতীয় মহম্মদ শাহ্ (১৪৬৩-৮২ খ্রীঃ) ঃ তৃতীয় মহম্মদ শাহ্ ছিলেন মদ্যপ ও উচ্ছৃঙ্খল। সৌভাগ্যক্রমে মামুদ গাওয়ান নামে একজন সুযোগ্য মন্ত্রী শাসন পরিচালনা করতেন। তাঁরই দক্ষতার ফলে বাহমনী রাজ্য উন্নতির চরম শিখরে উঠেছিল। তাঁর ব্যক্তিগত জীবন ছিল অনাড়ম্বর ও নিষ্কলুষ। বিদরে তাঁর প্রতিষ্ঠিত মহাবিদ্যালয় ও বিশাল গ্রন্থাগার তাঁর শিক্ষা ও সংস্কৃতির প্রতি অনুরাগের সাক্ষ্য দেয়। মামুদ গাওয়ান কোঙ্কনের হিন্দু রাজাকে পরাজিত করে বহু দুর্গ দখল করেন। সঙ্গমেশ্বরের রাজার কাছ থেকে 'খলনা' দুর্গটি লাভ করেন ; বিজয়নগরের অন্যতম সমৃদ্ধ বন্দর গোয়া অধিকার করেন। তিনি উড়িষ্যা আক্রমণ করে বহু ধনরত্ন নিয়ে আসেন। কিন্তু দক্ষিণী আমীরদের প্ররোচনায় বিদেশী এক আমীরকে রাজদ্রোহের অপরাধে মত্ত অবস্থায় তৃতীয় মহম্মদ শাহ্ প্রাণদণ্ড দেন। গাওয়ানের মৃত্যুর পর থেকে বাহমনী রাজ্য দ্রুত পতনের দিকে এগোতে থাকে।

তৃতীয় মহম্মদ শাহের পর যাঁরা রাজত্ব করেছিলেন তাঁরা সকলেই শাসক হিসাবে ছিলেন অযোগ্য। বাহমনী বংশের শেষ সুলতান কালিমুল্লা শাহের মৃত্যুর সঙ্গে সঙ্গে এই বংশের শাসনের অবসান হয় (১৫২৭ খ্রীঃ)।

বাহমনী রাজ্যোদ্ভূত পঞ্চরাজ্য: বাহমনীবংশের পতনের পূর্বেই বাহমনী রাজ্য সঙ্কুচিত হতে থাকে। শেষ পর্যন্ত ইহা পাঁচটি স্বাধীন রাজ্যে বিভক্ত হয়ে পড়ে।

(১) **বিজাপুর:** পাঁচটি রাজ্যের মধ্যে শক্তি ও আয়তনে শ্রেষ্ঠ ছিল বিজাপুর। সেখানে ইউসুফ আদিল শাহ্ আদিলশাহী রাজবংশ প্রতিষ্ঠিত করেন (১৪৯০ খ্রীঃ)। তিনি ছিলেন সুশাসক। গোয়া বন্দর থেকে পর্তুগীজদের তিনি বিতাড়িত করেন। দ্বিতীয় ইব্রাহিম আদিল শাহ্ (১৫৭৯-১৬২৬ খ্রীঃ) এই বংশের শ্রেষ্ঠ সুলতান। তিনি বিদরকে নিজ রাজ্যভুক্ত করেন (১৬১৮-১৯ খ্রীঃ)। অবশেষে মুঘল সম্রাট ঔরঙ্গজীব বিজাপুরকে নিজ সাম্রাজ্যভুক্ত করেন (১৬৮৬ খ্রীঃ)।

(২) **আহ্মদনগর:** ১৪৯০ খ্রীষ্টাব্দে জুন্নারের শাসনকর্তা মালিক আহ্মদের নেতৃত্বে তাঁরই প্রতিষ্ঠিত আহ্মদনগরে একটি স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হয়। তাঁর প্রবর্তিত রাজবংশের নাম নিজামশাহী বংশ। প্রায় শতাধিক বৎসর টিকে থাকার পর এটি মুঘল সম্রাট আকবরের অধীনস্থ রাজ্যে পরিণত হয় (১৬০০ খ্রীঃ)। অবশেষে এটি মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয় (১৬৩৬ খ্রীঃ)।

(৩) **গোলকুণ্ডা:** ১৫১২ খ্রীষ্টাব্দে কুতুব-উল-মুল্ক গোলকুন্ডায় কুতুবশাহী বংশ স্থাপন করেন। প্রায় ১৭৫ বৎসর স্বাধীন সত্তা অক্ষুণ্ণ রেখে রাজ্যটি মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয় (১৬৮৭ খ্রীঃ)।

(৪) **বেরার:** ১৪৯০ খ্রীষ্টাব্দে ফতে উল্লা ইমাদ শাহ্ বেরারে ইমাদশাহী বংশ প্রতিষ্ঠিত করেন। ১৫৭৪ খ্রীষ্টাব্দে আহ্মদনগরের সুলতান রাজ্যটিকে নিজ রাজ্যভুক্ত করেন।

(৫) **বিদর:** ১৫২৭ খ্রীষ্টাব্দে বিদরে আমীর আলি বারিদ বারিদশাহী বংশের প্রতিষ্ঠা করেন। প্রায় ৯১ বৎসর পর বিদর বিজাপুরের অন্তর্ভুক্ত হয়ে যায় (১৬১৯ খ্রীঃ)।

বাহমনী-বিজয়নগর সংগ্রাম

দাক্ষিণাত্যের মুসলমান বাহমনী রাজ্য ও হিন্দু বিজয়নগর রাজ্যের মধ্যে এক সুদীর্ঘ, প্রায় বিরতিহীন সংগ্রাম চলেছিল। এই সংগ্রামের মূল কারণ হল প্রধানতঃ তিনটি অঞ্চলের আধিপত্য নিয়ে স্বার্থের সংঘাত। অঞ্চল তিনটি হল: (১) কৃষ্ণা ও তুঙ্গভদ্রা নদীর মধ্যবর্তী সম্পদশালী তুঙ্গভদ্রা বা রায়চুর দোয়াব অঞ্চল, (২) অত্যন্ত উর্বর ও বৈদেশিক বাণিজ্য নিয়ন্ত্রণকারী সমৃদ্ধ বন্দরে পূর্ণ কৃষ্ণা-গোদাবরী উপত্যকা এবং (৩) মারাঠা দেশ। এখানে পশ্চিমঘাট পর্বতমালা ও আরব সাগরের মাঝে কোঙ্কন শুধু উর্বরই ছিল না, এর অন্তর্ভুক্ত ছিল

সংগ্রামের কারণ

বিখ্যাত গোয়া বন্দর যার মাধ্যমে ইরাক, ইরান থেকে আসত যন্দ্ধের জন্য প্রয়োজনীয় অতি শক্তিশালী আরবী ঘোড়া।

এই দীর্ঘস্থায়ী সংগ্রামে কখনও একপক্ষ জয়ী হত কখনও অন্যপক্ষ, আর রাজ্য দন্টির যতদিন অস্তিত্ব ছিল ততদিনই প্রায় নিরবচ্ছিন্নভাবে এই সংগ্রাম চলেছিল। অনেক সময়ই উভয় পক্ষের প্রাণ ও সম্পদহানির পরিমাণ হত বিপন্ল। তুঙ্গভদ্রা-দোয়াবের আধিপত্য নিয়ে এই সংঘর্ষের সন্ত্রপাত হয়। বিজয়নগররাজ প্রথম বন্ক্কা ঐ অঞ্চলের মন্দকল দন্র্গ অধিকার করে বাহমনী সৈন্যবাহিনীর একজনকে বাদ দিয়ে সকলকে হত্যা করেন (১৩৬৭ খন্রীঃ)। বাহমনী সুলতান প্রথম মহম্মদ শাহ্ দন্র্গটি পন্নরধিকার করেই ক্ষান্ত হলেন না, বিজয়নগরের অসংখ্য নরনারী ও শিশন্কে হত্যা করলেন। কিন্তু তিনি কিছন্তেই পরাজিত প্রথম বন্ক্কাকে বন্দী করতে বা তাঁর রাজধানী অধিকার করতে পারলেন না। দীর্ঘদিন যন্দ্ব চলতে থাকায় উভয়পক্ষ রণক্লান্ত হয়ে সন্ধি স্থাপন করে। তুঙ্গভদ্রা-দোয়াবকে পন্র্বের মতই উভয়পক্ষ ভাগাভাগি করে নেয়। আরও স্থির হয়, ভবিষ্যৎ যন্দ্ধে উভয়পক্ষই নিরস্ত্র অসহায় অধিবাসীদের হত্যা করবে না।

সংঘর্ষের সূচনা

তুঙ্গভদ্রা-দোয়াবের আধিপত্য নিয়ে বিজয়নগররাজ দ্বিতীয় হরিহরের ১৩৭৭-১৪০৬ খন্রীঃ) সঙ্গে বাহমনীরাজ ফিরন্জশাহের যন্দ্ধে বিজয়নগররাজ পরাস্ত হন। পরবর্তী বিজয়নগররাজ প্রথম দেবরায়কেও (১৪০৬-১৪২২) ফিরন্জ শাহ্ পরাজিত করেন এবং প্রচুর অর্থ আদায় করেন। দেবরায় ফিরন্জের সঙ্গে নিজ কন্যার বিবাহ ও যৌতুক হিসাবে বাঁকাপন্র দিতেও বাধ্য হন। তবন্ কৃষ্ণা-গোদবরী উপত্যকা নিয়ে পন্নরায় দ্বন্দ্ব শন্রন্ হয়। এবারে দেবরায় ফিরন্জশাহকে শোচনীয়ভাবে পরাজিত করে কৃষ্ণা নদী পর্যন্ত ঐ অঞ্চল অধিকার করে নেন।

দ্বিতীয় হরিহর, প্রথম দেবরায় বনাম ফিরুজশাহ্

পরবর্তী বিজয়নগর রাজ দ্বিতীয় দেবরায় (১৪২২-৪৬ খন্রীঃ) মন্দকল, বাঁকাপন্র পন্নরন্দ্ধারের উদ্দেশ্যে বাহমনী রাজ্য আক্রমণ করেন। কিন্তু তিনটি যন্দ্ধেও চন্ড়ান্ত নিষ্পত্তি হয় নি। উভয়পক্ষ পন্রাতন সীমান্তই মেনে নেয়।

দ্বিতীয় দেবরায় বনাম বাহমনীরাজ

পরবর্তী বিজয়নগররাজ মল্লিকার্জন্ন (১৪৪৬-৬৫ খন্রীঃ) বাহমনী ও উড়িষ্যার হিন্দন্ রাজ্যের সমবেত আক্রমণ থেকে নিজ রাজ্যকে কোনক্রমে রক্ষা করতে পেরেছিলেন। পরবর্তী বিজয়নগরের রাজা বিরন্পাক্ষকে পরাজিত করে বাহমনীরাজার মন্ত্রী মামন্দ গাওয়ান গোয়া দখল করে নেন।

গোয়া দখল

বিজয়নগরের সর্বশ্রেষ্ঠ সম্রাট কৃষ্ণদেব রায়ের রাজত্বকালে (১৫০৯-১৫৩০ খন্রীঃ) বাহমনী রাজ্য পাঁচটি পৃথক স্বাধীন রাজ্যে পরিণত হয়। তিনি বাহমনী সুলতান মামন্দ শাহ্কে পরাজিত করেন। বিজাপন্রের সুলতানও পরাজিত হন। কৃষ্ণদেব তুঙ্গভদ্রা দোয়াব ও বিদরের দন্র্গ অধিকার করেন। গোলকুন্ডা ও বিজাপন্রের যন্গ্ম আক্রমণ তিনি প্রতিহত করেন।

কৃষ্ণদেব রায় বনাম পঞ্চরাজ্য

বিজয়নগর

বাহমনী রাজ্যের দক্ষিণে অবস্থিত ছিল বিজয়নগর রাজ্য। এই রাজ্যের উৎপত্তি নানা কিংবদন্তী ও তত্ত্বে রহস্যাবৃত। সম্ভবতঃ বরঙ্গলের কাকতীয় বংশের প্রাক্তন কর্মচারী হরিহর ও বুক্কা রায় নামে দুই ভ্রাতা এই রাজ্যের প্রতিষ্ঠা করেন। তাঁরা অবশ্য রাজা উপাধি গ্রহণ করেন নি। পিতার নামানুসারে তাঁদের প্রতিষ্ঠিত বংশ সঙ্গম বংশ নামে পরিচিত।

উৎপত্তি

হিন্দু রাজ্য বিজয়নগর ও মুসলমান রাজ্য বাহমনীর মধ্যে দীর্ঘস্থায়ী প্রতিদ্বন্দ্বিতা ও সংঘর্ষের কথা পূর্বেই উল্লিখিত হয়েছে। প্রধানতঃ বিজয়নগর রাজ্যের বাধাদানের ফলেই দক্ষিণ ভারতে মুসলমান সাম্রাজ্য বিস্তৃত হতে পারে নি।

বাহমনী-বিজয়নগর দ্বন্দ্বের ফল

সঙ্গম বংশ : সঙ্গম বংশের প্রতিষ্ঠাতা হরিহর ও বুক্কা রায় হোয়সল রাজ্যটিকে বিজয়নগরের অন্তর্ভুক্ত করেন (১৩৪৬ খ্রীঃ)। ১৩৫৩ খ্রীষ্টাব্দে হরিহরের মৃত্যু হলে বুক্কা মাদুরার মুসলমান রাজ্যটি নিজ রাজ্যের অন্তর্ভুক্ত করেন এবং পার্শ্ববর্তী বহু স্থান অধিকার করেন। তিনি চীনে দূত পর্যন্ত প্রেরণ করেছিলেন। তাঁর পরবর্তী উত্তরাধিকারী ও পুত্র দ্বিতীয় হরিহর (১৩৭৭-১৪০৬ খ্রীঃ) রাজা উপাধি গ্রহণ করেন। তাঁর রাজত্বকালে মহীশূর, কাঞ্চী, ত্রিচিনাপল্লী প্রভৃতি বিজয়নগরের অন্তর্ভুক্ত হয়। তিনি অবশ্য বাহমনীরাজ ফিরুজ শাহের কাছে পরাজিত হন। তাঁর পুত্র প্রথম দেবরায়ও (১৪০৬-১৪২৩) ফিরুজ শাহের কাছে পরাজিত হন। কিন্তু পরে তিনি ফিরুজ শাহ্‌কে শোচনীয়ভাবে পরাস্ত করেন। তাঁর পুত্র দ্বিতীয় দেবরায় বাহমনী রাজ্যের সঙ্গে যুদ্ধে ব্যর্থ হলেও দেশের শাসন, বাণিজ্য, সৈন্যবাহিনীর উন্নতি সাধনে তৎপর হন। দক্ষিণে সিংহল পর্যন্ত তাঁর রাজ্য বিস্তৃত হয়। তাঁর রাজত্বকালে ইতালীয় পর্যটক নিকোলো কন্টি ও পারস্যের রাজদূত আবদুর রজ্জাক বিজয়নগর পরিদর্শন করেন। তাঁরা তাঁকে দাক্ষিণাত্যের শ্রেষ্ঠ রাজা নামে অভিহিত করেন এবং রাজ্যের ঐশ্বর্য ও শক্তির ভূয়সী প্রশংসা করেন।

শালুভ বংশ : সঙ্গম বংশের শেষ রাজা বিরূপাক্ষের দুর্বলতায় কাঞ্চী ও গোয়া হাতছাড়া হয় ও রাজ্যে বিশৃঙ্খলা দেখা দেয়। তখন চন্দ্রগিরির শক্তিশালী শাসনকর্তা নরসিংহ শালুভ বিরূপাক্ষকে হত্যা করে বিজয়নগরের সিংহাসনে আরোহণ করেন। তাঁর প্রতিষ্ঠিত রাজবংশ শালুভ বংশ নামে পরিচিত। তিনি যদিও বাহমনী সুলতানের হাত থেকে রায়চুর দোয়াব পুনরুদ্ধার করতে পারেন নি, তিনি তামিল রাজ্যের বৃহৎ অংশ জয় করেন ও আভ্যন্তরীণ বিদ্রোহ দমন করেন। তাঁর একমাত্র পুত্র ও পরবর্তী রাজা ইম্মদী নরসিংহ অকর্মণ্য ছিলেন বলে তাঁর সেনাপতি নরস নায়ক ছিলেন প্রকৃত শাসন পরিচালক। নরস নায়কের মৃত্যুর পর তাঁর পুত্র বীর নরসিংহ ইম্মদী নরসিংহকে হত্যা করে স্বয়ং সিংহাসন দখল করেন। এইভাবে প্রতিষ্ঠিত হয় তুলুভ বংশ

তুলুভ বংশ : তুল্‌ভ বংশ তথা বিজয়নগরের সর্বশ্রেষ্ঠ রাজা কৃষ্ণ দেবরায়ের রাজত্বকালে (১৫০৯-১৫৩০ খ্রীঃ) বিজয়নগর রাজ্য শক্তি ও সমৃদ্ধির সর্বোচ্চ শিখরে উঠেছিল। বিজেতা হিসাবে তিনি ছিলেন বিশিষ্ট। তিনি উড়িষ্যা আক্রমণ করে উদয়গিরি পুনরুদ্ধার করেন ও কয়েকটি স্থান জয় করেন। বিজাপুরের সুলতানকে



পরাস্ত করে রায়চুর দোয়াব অধিকার করেন, গুলবর্গা দুর্গটিকে ধূলিসাৎ করেন। দক্ষিণে সমুদ্র উপকূল পর্যন্ত বিস্তীর্ণ ভূখন্ডের তিনি অধীশ্বর হন। দক্ষিণ ভারতে বিজয়নগর সবচেয়ে শক্তিশালী রাজ্যে পরিণত হয়।

কৃষ্ণদেব রায় বহুগুণান্বিত নরপতি ছিলেন। তাঁর প্রজাহিতৈষণা ছিল প্রবাদতুল্য।

বিজয়নগরের সন্নিকটে নির্মিত নগর ও বিশাল জলাশয় (যা সেচের কাজেও ব্যবহৃত হত) নির্মাতা হিসাবে তাঁর কীর্তির পরিচয় দেয়। তিনি ছিলেন বিদ্যানুরাগী এবং স্বয়ং কৃতী লেখক। তাঁর বিভিন্ন রচনাবলীর মধ্যে একটি সংস্কৃত নাটক ও তেলেগুতে লিখিত রাজনীতি বিষয়ক রচনা পাওয়া গেছে। এই উদার ও পরধর্ম-সহিষ্ণু নরপতির রাজত্বকালে সকলেই ধর্মীয় স্বাধীনতা ভোগ করত। বারবোসা, পায়েস, নুনিজ প্রভৃতি বৈদেশিক পর্যটকরা তাঁর দক্ষ প্রশাসন ও ঐশ্বর্যের উচ্ছ্বসিত প্রশংসা করেছেন।

কৃষ্ণদেব রায়ের মৃত্যুর পর রাজ্যভার লাভ করেন ক্রমান্বয়ে দুইজন অযোগ্য রাজা অচ্যুত রায় ও সদাশিব রায় (১৫৪৭-৬৭ খ্রীঃ)। সদাশিব রায়ের রাজত্বকালে শাসন পরিচালনা করতেন আরবিড়ু বংশীয় মন্ত্রী রাম রায়। রাম রায় যোগ্য প্রশাসক হলেও তাঁর দক্ষিণের পাঁচটি মুসলমান রাজ্যের মধ্যে ভেদনীতির দ্বারা বিজয়নগরের শক্তি-বৃদ্ধির নীতি ব্যর্থ হয়। অবশেষে বিজাপুর, গোলকুন্ডা, বিদর ও আহ্‌মদনগর জোটবন্ধ হয়ে বিজয়নগর আক্রমণ করে। ১৫৬৫ খ্রীষ্টাব্দে তালিকোটার রক্তক্ষয়ী যুদ্ধে বিজয়নগরের পরাজয় ঘটে। রাম রায় বন্দী হয়ে প্রাণ হারান। দীর্ঘদিন ধরে সমৃদ্ধ বিজয়নগর লুণ্ঠিত হয়ে একটি বিরাট ধ্বংসস্তূপে পরিণত হয়।

আরবিড়ু বংশঃ তালিকোটের যুদ্ধের কিছুকাল পর রাম রায়ের ভ্রাতা তিরুমল সদাশিব রায়কে সিংহাসনচ্যুত করে আরবিড়ু বংশ স্থাপন করেন (১৫৭০ খ্রীঃ)। তাঁর বংশধররা প্রায় এক শতাব্দী রাজত্ব করেছিলেন। কালক্রমে বিজাপুর ও গোলকুন্ডার সুলতানরা বিজয়নগর রাজ্যের অধিকাংশ গ্রাস করে নেন।

বিজয়নগর রাজ্যের নানাদিক

শাসনব্যবস্থা: উত্থান থেকে পতন পর্যন্ত বিজয়নগর রাজ্যকে প্রায় নিরবচ্ছিন্ন-ভাবে যুদ্ধ-বিগ্রহে লিপ্ত থাকতে হয়েছিল; তাই এর শাসনব্যবস্থায় সামরিক দিকের প্রাধান্য ছিল স্বাভাবিক। কিন্তু তা সত্ত্বেও এই শাসনব্যবস্থা ছিল সুশৃঙ্খল ও সুদক্ষ। শাসনব্যবস্থার শিখরাসীন ছিলেন রাজা; সামরিক, বেসামরিক ও বিচার সংক্রান্ত ব্যাপারে তিনিই ছিলেন সর্বাত্মক ক্ষমতার অধিকারী। কিন্তু সাধারণতঃ তিনি স্বৈরাচারী হলেও স্বেচ্ছাচারী ছিলেন না। প্রজাদের মঙ্গল ও জনমতের প্রতি তিনি উদাসীন থাকতেন না। রাজাকে সাহায্য করার জন্য মন্ত্রিসভা থাকত। মন্ত্রী ছাড়াও রাজ-কোষাধ্যক্ষ, বাণিজ্য-সচিব, পুলিশ বাহিনীর অধিনায়ক প্রভৃতি রাজকর্মচারীরা তাঁকে সাহায্য করতেন।

রাজতন্ত্রের প্রকৃতি

সমগ্র রাজ্যটি কয়েকটি 'রাজ্য' বা 'মন্ডলমে' (প্রদেশে) বিভক্ত ছিল। এগুলির নিম্নস্থ বিভাগ হল 'নাড়ু' (জেলা), 'স্থল' (মহকুমা) এবং 'গ্রাম'। প্রাদেশিক শাসনকর্তা বা 'নায়ক'রা সাধারণতঃ রাজ পরিবার বা অভিজাত-শ্রেণী থেকে নিযুক্ত হত। নির্দিষ্ট রাজস্ব ও সৈন্য সরবরাহের দায়িত্ব পালন করতে হত তাদের। চোল সাম্রাজ্যের গ্রাম্য স্বায়ত্তশাসন রীতির ঐতিহ্য

প্রাদেশিক শাসন

বিজয়নগরে অব্যাহত ছিল। রাজা ও গ্রামগুলির মধ্যে সেতুবন্ধের কাজ করতেন পুলিশবাহিনীর 'মহানায়কাচার্য' নামে এক শ্রেণীর রাজকর্মচারীরা।

রাজস্ব-সংক্রান্ত যাবতীয় কাজের একটি পৃথক রাজস্ব দপ্তর ছিল। ভূমি-রাজস্বই ছিল রাজ্যের প্রধান আয়ের উৎস। ভূমির উর্বরতা, শস্যের প্রকারভেদ, সেচ প্রণালী ইত্যাদি বিবেচনা করে এই রাজস্ব ধার্য হত। এছাড়া সম্পত্তি কর, পেশা সংক্রান্ত কর, বিবাহ কর ইত্যাদি বহু কর ছিল। রাজা ছিলেন সর্বোচ্চ বিচারক ও আইনপ্রণেতা। সুষ্ঠু বিচারের জন্য বহু বিচারক নিযুক্ত হতেন। দন্ডবিধি সাধারণতঃ কঠোরই ছিল।

রাজস্ব ব্যবস্থা

বিচার ব্যবস্থা

যুদ্ধ বিগ্রহের প্রয়োজনে প্রচুর অর্থব্যয়ে বিপুল সৈন্যবাহিনী রাখা হত। পারসিক পর্যটক আবদুর রজ্জাকের বিবরণ অনুযায়ী রাজ্যে এগার লক্ষ্য সৈন্য এবং এক হাজার রণহস্তী ছিল। অশ্বারোহী সৈন্যসংখ্যা ছিল প্রভূত। বিজয়নগরের যোদ্ধাদের রণদক্ষতা ও সাহসের শতমুখে প্রশংসা করেছেন পোতুর্গীজ পর্যটক পায়েজ।

সৈন্যবাহিনী

সামাজিক জীবন ঃ বিজয়নগর রাজ্যের শ্রেণীবিভক্ত সমাজে ব্রাহ্মণদের স্থান ছিল উচ্চে। রাজনীতিক্ষেত্রেও তাঁরা প্রভাবশালী ছিলেন। সমাজে নারীজাতির স্থানও ছিল উচ্চে। জীবনের বহুক্ষেত্রে তাঁরা পুরুষদের সমমর্যাদা ভোগ করতেন। সঙ্গীত, অসি চালনা এমন কি মল্লযুদ্ধেও নারীরা পারদর্শিতা দেখাতেন। স্ত্রী বিচারক ও জ্যোতিষীও ছিলেন। অবশ্য বিত্তবানদের মধ্যে বহুবিবাহ এবং সাধারণতঃ বাল্যবিবাহ প্রচলিত ছিল। সতীদাহ প্রথার প্রচলনও ছিল।

ব্রাহ্মণ ও নারীদের উচ্চস্থান

সামাজিক কুপ্রথা

বিজয়নগরে হিন্দুধর্মের প্রাধান্য থাকলেও বৌদ্ধ ও জৈন ধর্মাবলম্বীও ছিল। এছাড়া খ্রীষ্টান, ইহুদি, মুসলমান ইত্যাদি সম্প্রদায় অবাধে নিজ নিজ ধর্মমত অনুসরণ করতে পারত, কেননা রাজারা পরধর্ম-সহিষ্ণু ছিলেন।

ধর্মীয় উদারতা

অর্থনৈতিক জীবন ঃ বিজয়নগর রাজ্যের ঐশ্বর্য ও সমৃদ্ধির বিস্ময়কর বর্ণনা দিয়ে গেছেন বিদেশী পর্যটকরা। ইতালীয় পর্যটক নিকোলো কোন্টি বলেছেন যে, বিজয়নগর শহরটির পরিধি ছিল ষাট বর্গমাইল। পারসিক পর্যটক আবদুর রজ্জাক লিখেছেন যে, বিজয়নগরের সমস্ত অধিবাসীই মণিমুক্তার অলঙ্কার পরত। আর রাজপ্রাসাদে কতকগুলি ক্ষুদ্র গহ্বরে সোনা ভর্তি থাকত। আবার পর্তুগীজ পর্যটক পায়েজের কথায় "বিজয়নগর পৃথিবীর মধ্যে খাদ্যদ্রব্যে সবচেয়ে সমৃদ্ধ নগরী।"

বিজয়নগরের সমৃদ্ধি

বিজয়নগর রাজ্যের সর্বত্র কৃষি ও শিল্পের উন্নতি ঘটেছিল। কৃষিক্ষেত্রগুলি শুধু উর্বরই ছিল না, রাষ্ট্র সেচের সুবন্দোবস্তও করত। রাজ্যের শিল্পগুলির মধ্যে উল্লেখযোগ্য ছিল বস্ত্র, ধাতু, মৃৎ ও খনিশিল্প।

কৃষি ও শিল্প

ব্যাবসা-বাণিজ্যেও রাজ্যটি যথেষ্ট উন্নত ছিল। বহু বাণিজ্য-বন্দর ছিল। কালিকট ছিল রাজ্যের সর্বশ্রেষ্ঠ বন্দর। বিজয়নগরের বণিকরা ব্রহ্মদেশ, মালয় দ্বীপপুঞ্জ, চীন, আরব, পারস্য, দক্ষিণ আফ্রিকা, পোর্তুগাল প্রভৃতি দেশের সঙ্গে বাণিজ্য করত। রপ্তানি তালিকায় ছিল লোহা, চাল, চিনি, কাপড়, মশলা ইত্যাদি। আমদানি হত ঘোড়া, হাতী, তামা, পারদ, রেশম, কর্পূর, কস্তুরী, চন্দন ইত্যাদি।

ব্যবসা-বাণিজ্য

কিন্তু অনেক ঐতিহাসিক মনে করেন বৈদেশিক পর্যটকদের গ্রাম্য জীবন সম্বন্ধে কোন ধারণা ছিল না। বিজয়নগরের ঐশ্বর্যের সাধারণীকরণ করেছেন তাঁরা। সেজন্য অনেকে মনে করেন অন্যান্য শ্রেণী বিভক্ত সমাজের মতই উপরতলায় ঐশ্বর্য পুঞ্জীভূত হলেও কৃষক ও সাধারণ মানুষের আর্থিক স্বচ্ছলতা ছিল না।

সাধারণ মানুষের আর্থিক দুর্গতি

সাংস্কৃতিক জীবন ঃ বিজয়নগর রাজ্যটি দক্ষিণ ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির প্রধান কেন্দ্র ছিল। বিজয়নগরের পৃষ্ঠপোষকতায় সংস্কৃত, তামিল, তেলেগু ও কানাড়ী ভাষার সমুন্নতি ঘটে। রাজাদের অনেকেই বিদ্বান ও বিদ্যোৎসাহী ছিলেন। কৃষ্ণদেব রায় স্বয়ং সুসাহিত্যিক ছিলেন, 'অষ্টাদিগ্‌গজ' বা আটজন খ্যাতিমান কবি তাঁর সভা অলঙ্কৃত করতেন। বহু সুরম্য প্রাসাদ, মন্দির ও অট্টালিকা সেকালে নির্মিত হয়েছিল। আজও 'হাজার মন্দির' ও 'বিঠলস্বামী মন্দির' বিজয়নগরের স্থাপত্য শিল্পের উৎকর্ষ ঘোষণা করছে। চিত্রশিল্প ও সঙ্গীত শিল্পেও সে যুগে উন্নতি ঘটেছিল।

একাদশ অধ্যায়

ভারতীয় সমাজ ও সংস্কৃতিতে ইসলামের প্রভাব (সুলতানী যুগ)

পূর্বেই দেখেছ পরকে আপন করে নেওয়ার আশ্চর্য ক্ষমতা ভারতের ছিল। তাই বিভিন্ন সময়-তরঙ্গে গ্রীক, শক, হূণ, গুর্জর প্রভৃতি যে সমস্ত বিদেশী জাতি ভারতবর্ষে এসেছিল তারা নিজ নিজ সত্তা বিসর্জন দিয়ে ভারতবাসীদের মধ্যে মিশে গিয়েছিল। কিন্তু মুসলমান আক্রমণকারীদের ক্ষেত্রে এর ব্যতিক্রম ঘটে। একটি সুনির্দিষ্ট ধর্মমত, স্থাপত্য, শিল্পকলা এবং শাসনব্যবস্থার একটি সুস্পষ্ট ধারণা নিয়ে তারা এসেছিল। তারা ছিল কঠোরভাবে একেশ্বরবাদী। তাদের সমাজ ছিল গণতান্ত্রিক, ভ্রাতৃত্ববোধে সঞ্জীবিত। এছাড়া, তারা এসেছিল বিজয়ীর বেশে উদ্যত তরবারি হাতে। তাই বিজিত হিন্দুদের বহু দেবদেবীর আরাধনা, জাতিভেদ প্রথা ও সামাজিক রীতিনীতিকে তারা ঘৃণার দৃষ্টিতে দেখেছিল। শ্রেষ্ঠত্বের অহংকারে প্রচন্ড ধর্মাবেগে তারা হিন্দুদের দেবদেবী ভেঙেছে, তাদের মন্দির ভেঙে গড়েছে মসজিদ এবং বিধর্মীদের ইসলাম ধর্মে ধর্মান্তরিত করেছে। বিজিত হিন্দুরা নিজ দেশেই হয়েছে পরবাসী। মুসলমানরা তাদের বলত 'জিম্মি' অর্থাৎ শর্তাধীনে বসবাসের অধিকারী। জিজিয়া কর প্রদান ছিল সেই শর্তগুলির মধ্যে প্রধান। হিন্দু পীড়ন ইসলামীয় আইন বিশেষজ্ঞদের দ্বারা সমর্থিত হত। মিশরের জনৈক ইসলামীয় আইন বিশেষজ্ঞ আলাউদ্দীনকে একটি পত্রে লিখেছিলেন, "শুনলাম আপনি নাকি হিন্দুদের এমন দুরবস্থা ঘটিয়েছেন যে, তাদের স্ত্রী-সন্তানেরা মুসলমানদের দ্বারে দ্বারে অন্নভিক্ষা করছে। এইভাবে আপনি ধর্মের মহান সেবা করছেন। একমাত্র এ কাজের জন্যই আপনার সমস্ত পাপ স্খালন হবে।" ধর্মান্ধ উলেমা-প্রভাবিত সুলতানী শাসনের সংকীর্ণতা যেমন মুসলমান সমাজে হিন্দু-বিদ্বেষ তেমনি হিন্দু সমাজে মুসলমান-বিদ্বেষ বর্ধিত করেছিল। স্বাভাবিকভাবেই হিন্দু-মুসলমান ঐক্যের ভিত্তিতে একটি বৃহত্তর ভারতীয় সমাজ গড়ে ওঠার পথ রুদ্ধ হয়ে যায়।

মুসলমান স্বাতন্ত্র্য বজায় থাকার কারণ

ভারতবর্ষে মুসলমান আক্রমণ যখন ঘটে তখন হিন্দু সমাজ ছিল অত্যন্ত রক্ষণশীল। বিজয়ীর ধর্ম ও সংস্কৃতিকে হিন্দুরা সন্দেহের চোখে দেখতে থাকে। প্রচন্ড ঘৃণায় মুসলমানদের তারা 'ম্লেচ্ছ' নামে অভিহিত করে। হিন্দুরা ইসলামের প্রভাব থেকে হিন্দু সমাজ ও ধর্মকে রক্ষার জন্য আত্ম-স্বাতন্ত্র্যের প্রাচীর শক্ত করে তোলে। হিন্দু সমাজ আরও রক্ষণশীল হয়ে ওঠে। জাতিভেদ ও অস্পৃশ্যতা আরও কঠোর হয়ে ওঠে। মাধব বিদ্যারণ্যের পরাশর স্মৃতি টীকা 'কাল নির্ণয়,' বিশ্বেশ্বরের 'মদন পারিজাত' প্রভৃতি স্মৃতিশাস্ত্রের ব্যাখ্যার মাধ্যমে এই রক্ষণশীলতার চরম প্রকাশ ঘটেছিল। এসবের ফলেই সতীদাহ, বাল্যবিবাহ এবং অবরোধ প্রথা বৃদ্ধি পেয়েছিল।

রক্ষণশীল হিন্দু সমাজের প্রতিক্রিয়া

সুতরাং মুসলমানরা যেমন হিন্দু তথা ভারতীয় সভ্যতাকে গ্রাস করতে পারল না, তেমনি হিন্দুরাও তাদের নিজ সমাজে সম্পূর্ণভাবে গ্রহণ করতে পারে নি। প্রকৃতপক্ষে মুসলমান বিজয়ের প্রারম্ভে ও তার কিছুকাল পরেও উভয় সম্প্রদায়ের মধ্যে ঘৃণা ও বিদ্বেষ ছিল। কিন্তু বাস্তব প্রয়োজনে উভয়ের মধ্যে বিরোধ হ্রাস পেতে থাকে। প্রথমতঃ, আক্রমণকারী মুসলমানদের সঙ্গে কৃষক শ্রেণী ছিল না। তাই বাধ্য হয়ে তাদের হিন্দু কৃষক ও জমিদারদের মাধ্যমেই অত্যাবশ্যকীয় কৃষিকাজ চালাতে হয়েছিল। সকলকে অবশ্যই জোর করে ইসলাম ধর্মে দীক্ষিত করা হয় নি। তার প্রমাণ—গঙ্গা-যমুনার দোয়াব অঞ্চল প্রায় সাতশো বৎসর মুসলমান শাসনাধীন থেকেও তার জনসংখ্যার সিংহভাগ হিন্দুই থেকে যায়। দ্বিতীয়তঃ, মুসলমানরা ছিল প্রধানতঃ যোদ্ধা, বাণিজ্য ব্যাপারে তাদের কোন আগ্রহ ছিল না। তাই মুসলমান রাজত্বকালে হিন্দু বণিকরাই অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করত। তৃতীয়তঃ, প্রাদেশিক ও জেলা স্তরে রাজকর্মচারীরা মুসলমান থাকলেও নিম্নতন রাজকর্মচারীরা হিন্দুই ছিল। ক্রমশঃ হিন্দুরাও উচ্চপদগুলিতে নিযুক্ত হতে থাকে। দৃষ্টান্ত হিসাবে বৈষ্ণব রূপ ও সনাতন হুসেন শাহের মন্ত্রী ছিলেন। হিন্দু ও মুসলমানদের মধ্যে ব্যবধান হ্রাস পেতে থাকে। সুলতানী যুগে সুলতানরা সব সময়েই হিন্দুধর্মের প্রতি বিদ্বেষ পোষণ করতেন এ কথা মনে করার কারণ নেই। এমন কি আলাউদ্দীন বা ফিরুজশাহের মত সুলতান যাঁরা প্রচণ্ড হিন্দু-বিদ্বেষী বলে কুখ্যাতি অর্জন করেছিলেন তাঁরাও কোন কোন হিন্দু ধর্মনেতাকে সম্মান প্রদর্শনে কুণ্ঠাবোধ করেন নি। আলাউদ্দীন সুদূর কর্ণাটক থেকে জৈন আচার্য মহাসেনকে আমন্ত্রণ করে তাঁর সঙ্গে ধর্ম বিষয়ে আলোচনা করেছিলেন ও দু-জন প্রখ্যাত জৈন সন্ন্যাসীর সঙ্গে প্রীতির সম্পর্ক বজায় রেখেছিলেন। তেমনি হিন্দু কবি রত্নশেখরের প্রতি ফিরুজ তুঘলক অত্যন্ত শ্রদ্ধাশীল ছিলেন। বিজাপুরের আদিল শাহ্ হিন্দুদের কেবল উচ্চপদেই নিযুক্ত করতেন না, তাঁর আমলে সরকারী দলিল দস্তাবেজও মারাঠী ভাষায় লেখা হত। অন্যদিকে, দাক্ষিণাত্যের হিন্দুরাজ্য বিজয়নগরের (যার সঙ্গে মুসলমান রাজ্য বাহমনীর চিরশত্রুতা ছিল) রাজা দ্বিতীয় দেবরায় সৈন্যবাহিনীতে মুসলমান সৈন্য নিয়োগে কুণ্ঠিত হন নি।

উভয় সম্প্রদায়ের মধ্যে বিরোধের হ্রাস

দীর্ঘকাল পাশাপাশি বসবাস করার ফলে ও মুসলমানদের ধর্মান্ধতা স্তিমিত হয়ে পড়লে প্রাথমিক যুগের হিন্দু ও মুসলমানদের সংমিশ্রণ ও সমন্বয়ের বাধাগুলি দূর হতে থাকে। ক্রমে উভয় সভ্যতা পরস্পরকে প্রভাবিত করল—ঘটল এক অপূর্ব সমন্বয়। সমাজ ও সংস্কৃতিতে—স্থাপত্য, সাহিত্য, শিল্পকলা, সঙ্গীত, পোশাক-পরিচ্ছদ, আচার-ব্যবহার এমন কি খাদ্য প্রণালীতে এই সমন্বয়-সাধনা রেখে গেল এক স্থায়ী স্বাক্ষর। মনে রাখতে হবে, হিন্দু ও মুসলমান সংস্কৃতি একে অন্যকে গ্রাস করতে পারে নি, কোনটিই তার মৌলিক সত্তা বিসর্জন দেয়নি। কিন্তু পরস্পর প্রভাবিত হয়ে উভয়ে নবরূপে প্রকাশিত হয়।

উভয় সংস্কৃতির সমন্বয়

উভয় সম্প্রদায়ের সমাজ জীবনে পারস্পরিক প্রভাব পড়েছিল। হিন্দু সমাজের

সংকীর্ণতা, জাতিভেদ ইত্যাদির ফলে উৎপীড়িত তথাকথিত নিম্নবর্ণের বহু লোক স্বেচ্ছায় ইসলাম ধর্ম গ্রহণ করে। উচ্চপদলোভেও অনেকে ঐ ধর্ম গ্রহণ করেছিল। আবার অনেক সুলতান হিন্দুকন্যা বিবাহ করেন। ফলে হিন্দু আচার-ব্যবহার মুসলমান সমাজে প্রবেশ করে। হিন্দুদের সাধু-সন্ন্যাসীদের মত পীর-পয়গম্বররা শ্রদ্ধা পেতে থাকলেন। মুসলমান সমাজে জাতিভেদ না থাকলেও বিবাহাদি ব্যাপারে শ্রেণীগত বৈষম্য দেখা দিল। হিন্দু সমাজের 'সতী' প্রথা ও 'জৌহর' প্রথার অনুপ্রবেশ মুসলমান সমাজে ঘটে। বস্তুতঃ, সম্ভ্রান্ত মুসলমান পরিবারের মহিলাদের কেউ কেউ স্বামীর মৃত্যুর পর আত্মাহুতি দিয়েছেন অর্থাৎ 'সতী' হয়েছেন এমন দৃষ্টান্তও পাওয়া গেছে।

সমাজ জীবনে পারস্পরিক প্রভাব

অন্যদিকে ইসলামের সংস্পর্শে এসে হিন্দু সমাজ প্রচণ্ড রক্ষণশীল হয়ে উঠলেও ধীরে ধীরে সেই রক্ষণশীলতা হ্রাস পেতে থাকে। ইসলামের প্রভাবে বর্ণপ্রথার কঠোরতা হ্রাস পেতে থাকে, পূর্বতন সমাজের বিভিন্ন বর্ণের সুযোগ-সুবিধার নববিন্যাস ঘটে। ধর্মান্তরকরণের সম্ভাবনায় শঙ্কিত হয়ে হিন্দুধর্মের সমাজপতিরা উচ্চশ্রেণীর বৌদ্ধদের বা নিম্নবর্ণের হিন্দুদের হিন্দু সমাজের অন্তর্ভুক্ত করে নেন। ইসলামের প্রভাবে যে সমস্ত হিন্দু জাতিচ্যুত হয়েছিল, তাদের প্রায়শ্চিত্ত করে হিন্দু সমাজেই পুনরায় স্থান দেওয়া হয়েছিল। আবার পর্দা প্রথার প্রচলন ছিল মুসলমানদের মধ্যেই, কিন্তু ক্রমে উচ্চশ্রেণীর হিন্দু মহিলাদের মধ্যে এই প্রথা প্রচলিত হয়। অভিজাত মুসলমানদের পোশাক-পরিচ্ছদ উচ্চ ও বিত্তবান হিন্দুরা অনুকরণ করে। হিন্দুদের এই আচরণে গুরু নানক দুঃখ প্রকাশ করেন। কেননা তাঁর উদ্দেশ্য ছিল উভয় সম্প্রদায়ের পোশাক-পরিচ্ছদের সংমিশ্রণে একটি সর্বভারতীয় পোশাক-পরিচ্ছদ প্রচলিত করা। মুসলমানদের সামাজিক আদব কায়দারও হিন্দু সমাজে অনুপ্রবেশ ঘটে। তাদের সংস্পর্শে হিন্দুদের খাদ্য-প্রণালীর পরিবর্তন ঘটে।

ইসলামী প্রভাবে হিন্দু সমাজে পরিবর্তন

ভক্তি আন্দোলন: ইসলামের সংস্পর্শে হিন্দুধর্মের রক্ষণশীলতা যেমন বৃদ্ধি পায় তেমনি অন্যদিকে একটি উদার ধারা ঐ ধর্মে প্রবল হয়ে ওঠে। এই ধারারই পরিণতি ভক্তি আন্দোলন। এই আন্দোলনের লক্ষ্য ছিল সামাজিক অবক্ষয়, কুসংস্কার ও আচারসর্বস্বতা থেকে হিন্দু সমাজকে মুক্ত করে তাতে প্রাণশক্তি সঞ্চার করা। ইসলামের সাম্য ও সৌভ্রাতৃত্ব, একেশ্বরবাদ ও মানবতার প্রত্যুত্তর হিসাবেই হিন্দু সংস্কারকরা ভক্তিবাদ প্রচার করতে থাকেন। বস্তুতঃ, হিন্দুধর্মে ভক্তিবাদ নতুন কিছু নয়—এই আদর্শ অতি প্রাচীন। হিন্দুশাস্ত্রে মানবমুক্তির তিনটি পথের নির্দেশ আছে, যথা—জ্ঞান, কর্ম ও ভক্তি। শঙ্করাচার্য জ্ঞানযোগ বা দার্শনিক যুক্তি ও ভক্তিযোগের কথা বলেছিলেন। কিন্তু মধ্যযুগের ধর্ম-সংস্কারকরা ভক্তিযোগের ওপর গুরুত্ব আরোপ করেন। এই ভক্তিবাদের মূল কথা ছিল একেশ্বরে বিশ্বাস, ঈশ্বরে ঐকান্তিক ভক্তি, অন্তরের শুচিতা, সৎকর্ম ও সদাচার। এতে জাতিভেদ, বর্ণাশ্রম ও পৌত্তলিকতার কোন স্থান ছিল না। সংক্ষেপে,

ভক্তিবাদের উদ্ভব

ভক্ত ও ভগবানের মধ্যে অন্তরঙ্গ সম্পর্ক গড়ে তুলে ব্যক্তিগত ভক্তিকেই মোক্ষলাভের উপায় বলে গণ্য করেছিল এই আন্দোলন।

দক্ষিণ ভারতে এই আন্দোলন প্রাচীনকাল থেকে প্রচলিত থাকলেও এর প্রকৃত বিকাশকাল সপ্তম থেকে দ্বাদশ শতাব্দী বলে ধরা যেতে পারে। উত্তর ভারতে মুসলমান শাসন প্রতিষ্ঠিত হওয়ার পর এই আন্দোলন বিস্তার লাভ করে। এই বিলম্বের কারণ এই যে, দক্ষিণের আন্দোলনের গুরুরা স্থানীয় ভাষায় তাঁদের বাণী প্রচার করেন। দক্ষিণের ভক্তিবাদ প্রচারকদের মধ্যে উল্লেখযোগ্য হলেন নামদেব, বল্লভাচার্য, একনাথ, তুকারাম, রামদাস ও বামন পণ্ডিত। শ্রীচৈতন্যের সমসাময়িক তেলেগু জাতীয় ব্রাহ্মণ বল্লভাচার্য অদ্বৈতবাদ, কৃষ্ণপ্রেম ও পূর্ণসন্ন্যাসের মাহাত্ম্য প্রচার করেন।

দক্ষিণ ভারতের ভক্তি আন্দোলন

দক্ষিণ ভারত থেকে উত্তর ভারতে ভক্তি আন্দোলনের ভাবধারা বহন করে এনেছিলেন যাঁরা তাঁদের মধ্যে সর্বাগ্রগণ্য হলেন নামদেব। তিনি সন্ন্যাস জীবনের পূর্বে পেশায় দর্জি হলেও দস্যুতাবৃত্তি অবলম্বন করেছিলেন। তিনি বহুস্থান পরিভ্রমণ করেন এবং দিল্লীতে সুফী সন্তদের সঙ্গে ধর্মালোচনা করেন। মারাঠী ভাষায় রচিত তাঁর কবিতাগুলি ঈশ্বরের প্রতি প্রেম ও ভক্তিতে প্রোজ্জ্বল।

নামদেব

উত্তর ভারতে ভক্তি আন্দোলনের সঙ্গে যাঁদের নাম অচ্ছেদ্যভাবে জড়িত তাঁরা হলেন রামানন্দ, কবীর, গুরু নানক ও শ্রীচৈতন্য।

রামানন্দ ছিলেন বৈষ্ণব দর্শনের প্রথিতযশা পণ্ডিত রামানুজের শিষ্য। তিনি এলাহবাদের এক ব্রাহ্মণ পরিবারে জন্মেছিলেন। বারাণসী ছিল তাঁর প্রচার কেন্দ্র। বিষ্ণুর পরিবর্তে রামের তিনি পূজা করতেন। তিনি জাতিভেদ ও অস্পৃশ্যতার প্রচণ্ড বিরোধী ছিলেন। সমস্ত জাতির লোক বিশেষতঃ তথাকথিত নিম্নবর্ণের লোকদের তিনি শিষ্য হিসাবে গ্রহণ করতেন। তাঁর শিষ্যদের মধ্যে মুচী, তাঁতী, নাপিত এমন কি কসাই পর্যন্ত ছিল। তাঁর সর্বশ্রেষ্ঠ শিষ্য ছিলেন কবীর।

রামানন্দ


কবীর

কথিত আছে যে, কবীর ছিলেন ব্রাহ্মণ বংশজাত পরিত্যক্ত সন্তান। তিনি এক মুসলমান জোলার দ্বারা লালিতপালিত হন এবং ইসলাম ধর্মে ধর্মান্তরিত হন। মূর্তিপূজা, তীর্থযাত্রা, গঙ্গাস্নান বা নামাজের মত আনুষ্ঠানিক উপাসনার তিনি বিরোধী ছিলেন। তিনি হিন্দু-মুসলমান বা মানুষে মানুষে কোন পার্থক্য আছে তা স্বীকার করতেন না। তিনি

কবীর

বলতেন, আল্লাহ ও রামে কোন পার্থক্য নেই, হিন্দু আর মুসলমান একই মাটির পাত্র বিশেষ, নিষ্কলুষ অন্তরে প্রার্থনা করলে মানুষ একই ঈশ্বরের কাছে পেঁছে যাবে। সব ধর্মই এক। তিনি হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায় থেকে শিষ্য গ্রহণ করতেন। সরল হিন্দীতে রচিত তাঁর 'দোঁহা' বা দুই পঙ্ক্তির কবিতাগুচ্ছ দার্শনিক তত্ত্ব ও ভাবৈশ্বর্যে সমৃদ্ধ।

গুরু নানক

নানক ১৪৬৯ খ্রীষ্টাব্দে লাহোরের সন্নিকটে তালবন্দী গ্রামে জন্মেছিলেন। বাল্য-বয়সে তাঁর বিবাহ হয় এবং পিতার মত হিসাবরক্ষকের পেশা গ্রহণের জন্য ফার্সী ভাষা শিক্ষা করেন। কিন্তু জাগতিক সুখ-ঐশ্বর্যের চেয়ে সাধু-সন্তদের সঙ্গ তাঁকে আকর্ষণ করত বেশী। তাই কিছু-কালের মধ্যেই গৃহত্যাগ করে সন্ন্যাসী হন। কথিত আছে যে, তিনি বহুদেশ পরিভ্রমণ করেন, এমন কি শ্রীলঙ্কা, মক্কা ও মদিনাও তিনি গিয়েছিলেন। একেশ্বর-বাদের তত্ত্বকেই তিনি সহজ ভাষায় প্রচার করেন। কবীরের মতই তিনি মূর্তিপূজা, বর্ণভেদ, তীর্থযাত্রা ও ধর্মীয় আচার-অনুষ্ঠানের তীব্র নিন্দা করতেন। তিনি ঈশ্বরলাভের জন্য দুটি বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করতেন—(এক) চরিত্র ও আচরণের সততা এবং (দুই) পথ নির্দেশের জন্য গুরুবরণ। বিভিন্ন ধর্মের বিশেষতঃ হিন্দু ও ইসলামের মধ্যে সংঘাতের অবসান ঘটিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি ও সৌহার্দ্য স্থাপন তাঁর অন্যতম লক্ষ্য ছিল। হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের লোকই সাগ্রহে তাঁর শিষ্যত্ব গ্রহণ করেছিল। নতুন কোন ধর্ম প্রবর্তন করা আদৌ তাঁর লক্ষ্য ছিল না। কিন্তু পরবর্তীকালে তাঁর ভাবাধারা থেকে শিখ (অর্থ শিষ্য) ধর্ম নামে একটি নতুন ধর্ম গড়ে ওঠে।



শ্রীচৈতন্য

শ্রীচৈতন্য

ভক্তিবাদ প্রচারকদের মধ্যে শ্রীচৈতন্য (১৪৮৫-১৫৩৩ খ্রীঃ) স্বমহিমায় উজ্জ্বল। নবদ্বীপে এক ব্রাহ্মণ পরিবারে তিনি জন্মেছিলেন। বালক বয়সেই বিদ্যানুরাগ ও আধ্যাত্মিকতা তাঁর চরিত্রের লক্ষ্যণীয় বৈশিষ্ট্য ছিল। চব্বিশ বৎসর বয়সে যুবক নিমাই গৃহত্যাগ করে সন্ন্যাস গ্রহণ করেন। তিনি তখন শ্রীচৈতন্য

নামে পরিচিত হন। ভারতের প্রায় সর্বত্র তিনি পর্যটন করেন। কৃষ্ণনাম গান বা কীর্তনের (যাকে গণসঙ্গীত বলা যায়) মাধ্যমে বৈষ্ণব ধর্মের প্রেম ও বৈরাগ্যের বাণী তিনি অক্লান্তভাবে প্রচার করেছিলেন। বাংলা ও উড়িষ্যায় বৈষ্ণব ধর্মের বিস্তৃতি সাধনে তাঁর অসামান্য অবদান ছিল। তিনি বৃন্দাবনকে বৈষ্ণব ধর্মের প্রধান কেন্দ্রে পরিণত করেন। তিনি জাতিভেদ মানতেন না। 'যবন হরিদাস' প্রমুখ মুসলমানরাও তাঁর শিষ্যত্ব গ্রহণ করেন। আজও শ্রীচৈতন্য ভগবান কৃষ্ণের অবতার হিসাবে পূজিত হন।

সুফী আন্দোলন : হিন্দুধর্ম যখন এইভাবে উদার সংস্কারে সঞ্জীবিত হয়ে উঠেছিল, সেই সময় ইসলাম ধর্মেও অনুরূপ সংস্কার আন্দোলন দেখা দেয়। এই আন্দোলন সুফীবাদ নামে পরিচিত। সুফীবাদ অবশ্য বহু পূর্বেই ইসলামিক জগতে শুরু হয়েছিল। ভারতে সুলতানী যুগে এটি প্রবল হয়ে ওঠে। এই মতবাদের মূল কথা হল, আল্লাহ্ ও মানুষের মধ্যে ঐক্যসূত্র হল প্রেম। সুফী-সন্তরা ইসলামের অন্তর্নিহিত মূলনীতি প্রেম, মানবতা, পবিত্রতার ওপর গুরুত্ব আরোপ করতেন। তাঁরা প্রচার করতেন আল্লাহ্ বা ঈশ্বর এক এবং জগতের সব কিছুই তাঁর করুণার অংশ। আল্লাহ্‌র প্রতি ভক্তিকেই তাঁরা মুক্তির পথ বলে নির্দেশ করতেন। তাঁদের বিশ্বাস ছিল 'পীর' বা গুরু ছাড়া ঈশ্বরের কাছে আত্ম সমর্পণ করা যায় না। তাঁরা ইসলামের গোঁড়া উলেমাদের মত কোরাণের পাণ্ডিত্যপূর্ণ ব্যাখ্যা বা বাহ্য আচার-অনুষ্ঠানের পক্ষপাতী ছিলেন না। তাঁরা জোর দিতেন অতীন্দ্রিয়বাদ, নৈতিক শুচিতা ও ভক্তিতত্ত্বের ওপর।

সুফী ধর্ম

ইসলামের গোঁড়ামিমুক্ত এই উদার ধর্মমতের সন্তরা হিন্দু-মুসলমানদের সমন্বয়ের কথাও বলেন। ভারতে বিখ্যাত সুফী-সন্তদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন নিজামুদ্দীন আউলিয়া, মৈনুদ্দীন চিস্তি, নাসিরুদ্দীন মহম্মদ, মালিক মহম্মদ জয়সী প্রভৃতি। এঁরা সকলেই হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের শ্রদ্ধা অর্জন করেন।

ভারতের সুফীসন্তরা

উপরোক্ত ভক্তি আন্দোলন ও সুফী আন্দোলন যথাক্রমে হিন্দু ও মুসলমান সমাজ ও ধর্মে কতখানি মৌলিক পরিবর্তন এনেছিল বা আদৌ এনেছিল কিনা এ ব্যাপারে মতভেদ থাকবে। কিন্তু এ বিষয়ে সন্দেহ নেই যে, উভয় আন্দোলন ভারতের দুই প্রধান সম্প্রদায়কে খুব কাছাকাছি আনতে পেরেছিল এবং উভয় ধর্মের মানবিক ও কল্যাণকর দিকগুলি তুলে ধরেছিল। এর ফলে বাংলার হুসেন শাহের রাজত্বকালে (১৪৯৩-১৫১৯) সত্যপীরের পরিকল্পনায় হিন্দু-মুসলমানের একাত্মবোধের প্রকাশ ঘটে। সত্যপীরের পূজা আসলে সত্যনারায়ণের পূজার আর এক সংস্করণ। সত্যনারায়ণের প্রসাদকে আজও হিন্দুরা 'সিন্নি' বলে থাকেন। আবার 'কাশ্মীরের আকবর' সুলতান জৈন-উল-আবেদিন (১৪২০-৭০ খ্রীঃ) হিন্দুদের ওপর থেকে 'জিজিয়া' কর তুলে দেন। তাঁর ধর্মান্ধ পিতার রাজত্বকালে যে সমস্ত ব্রাহ্মণ কাশ্মীর পরিত্যাগ করে গিয়েছিলেন তিনি

ভক্তিবাদ ও সুফীবাদের ফলাফল

তাঁদের কাশ্মীরে ফিরিয়ে আনেন। তাঁর আগ্রহাতিশয্যে মহাভারত, রাজতরঙ্গিনী প্রভৃতি সংস্কৃত গ্রন্থ আরবী ও ফার্সী ভাষায় ও বহু আরবী ও ফার্সী গ্রন্থ হিন্দী ভাষায় অনূদিত হয়। বলা অযৌক্তিক নয় যে, পরবর্তীকালে মুঘল সম্রাট আকবরের উদার ধর্মীয় সহিষ্ণুতার নীতির (সুল-ই-কুল) ভিত্তি সুলতানী যুগেই রচিত হয়েছিল। এছাড়া ভক্তিবাদের প্রচারকরা হিন্দুধর্মে সংস্কার প্রবর্তন করে ইসলাম ধর্মের অগ্রগতিকে রুদ্ধ করেছিলেন। আঞ্চলিক ভাষা ও সাহিত্যের উন্নতিতেও এই ভক্তি আন্দোলনের অবদান অনস্বীকার্য।

শিল্প ও স্থাপত্য ঃ শিল্প ও স্থাপত্যে সুলতানী আমল বিশিষ্টতা অর্জন করেছিল। এক্ষেত্রে মুসলমানরা হিন্দুদের কিছু দান করেছিল, আবার কিছু গ্রহণও করেছিল। ফলে হিন্দু-মুসলমান ধ্যান ধারণার সমন্বয়ে ইন্দো-ইস্‌লামিক স্থাপত্য নামে একটি নতুন শিল্পরীতির বিকাশ ঘটে। এই শিল্প সমন্বয়ের কতকগুলি কারণ ছিল। প্রথমতঃ, দিল্লীর সুলতান ও প্রাদেশিক শাসনকর্তারা হিন্দু বা ধর্মান্তরিত স্থপতিদের নিযুক্ত করতেন। দ্বিতীয়তঃ, হিন্দু ও জৈন মন্দিরের ধ্বংসাবশেষ দিয়ে মসজিদ, প্রাসাদ, স্মৃতিস্তম্ভ ইত্যাদি নির্মিত হত। তৃতীয়তঃ অনেক সময় হিন্দু ও জৈন মন্দিরগুলির উর্ধ্বাংশ ভেঙে সেখানে ইসলামীয় পদ্ধতিতে গম্বুজ নির্মাণ করে মসজিদে রূপান্তরিত করা হত। চতুর্থতঃ, হিন্দু ও মুসলমান স্থাপত্য ছিল অলঙ্কারবহুল, এজন্য উভয়ের সংমিশ্রণ ঘটেছিল। এ প্রসঙ্গে উল্লেখ্য, হিন্দু-মন্দির ও স্থাপত্যে ব্যবহৃত স্বস্তিকা, পদ্ম ইত্যাদি বহু মসজিদে ব্যবহৃত হয়।

শিল্প সমন্বয়ের কারণ

দিল্লীর সুলতানদের অনেকেই স্থাপত্য শিল্পের পৃষ্ঠপোষক ছিলেন। দিল্লী ও তার পাশ্ববর্তী অঞ্চলে ইসলামীয় স্থাপত্য ধারার (অর্থাৎ গম্বুজ, খিলান, মিনার, সূক্ষ্ম জাফুরি কাজ ইত্যাদি) প্রাধান্য দেখা যায়। আজমীরের 'আড়াই-দিনকা ঝোপড়া', দিল্লীর 'কোয়াৎ-উল ইসলাম' নামে মসজিদ (উভয়ই হিন্দু-মন্দির মসজিদে রূপান্তরিত), কুতবমিনার, লাল প্রাসাদ, আলাই দরওয়াজা ইত্যাদি হল দিল্লীর স্থাপত্যের উদাহরণ।

দিল্লীর স্থাপত্য

প্রাদেশিক স্থাপত্যে ইসলামীয় স্থাপত্য রীতির চেয়ে স্থানীয় শিল্পরীতির প্রভাব বেশি ছিল। বাংলার পান্ডুয়ার আদিনা মসজিদ, একলাখি মসজিদ, গৌড়ের কদম রসুল ও বড়সোনা মসজিদ হল প্রাদেশিক স্থাপত্যের উদাহরণ। এক্ষেত্রে উল্লেখযোগ্য যে, বাংলার স্থাপত্যের বৈশিষ্ট্য হল স্তম্ভের ওপর খড়ের চালার আকারে খিলান তৈরী। এছাড়া প্রাদেশিক স্থাপত্যের অন্যান্য উদাহরণ হল জৌনপুরের আতাল মসজিদ, আহমদাবাদের জুম্মা মসজিদ, গুলবর্গার জুম্মা মসজিদ, দৌলতাবাদের চাঁদ মিনার, মান্ডুর জুম্মা মসজিদ, বিজাপুরের মহম্মদ আদিল শাহের সমাধি ইত্যাদি।

প্রাদেশিক স্থাপত্য

সুলতানী আমলে অবশ্য হিন্দু স্থাপত্য ও শিল্পেরও বিকাশ ঘটে। এগুলির

বিকাশ ঘটেছিল ইসলামের বিস্তৃতি রোধে দৃঢ়প্রতিজ্ঞ বিজয়নগর, উড়িষ্যা, মেবার প্রভৃতি হিন্দু রাজ্যে। পুরীর জগন্নাথ মন্দির, কোণারকের 'সূর্য' মন্দির,' বিজয়নগরের 'হাজার মন্দির' ও 'বিঠল স্বামী মন্দির' ইত্যাদি হিন্দু স্থাপত্যের উৎকর্ষ ঘোষণা করছে।

হিন্দু স্থাপত্য

সঙ্গীত: সঙ্গীতেও এই সমন্বয়-সাধনা লক্ষ্য করা যায়। তুর্কীদের সঙ্গে এসেছিল আরবী সঙ্গীতের ঐতিহ্য, রাবাব, সারেঙ্গী ইত্যাদি বাদ্যযন্ত্র। সুবিখ্যাত ফার্সী সাহিত্য-স্রষ্টা আমীর খসরুর সঙ্গীতের তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতা ছিল। তিনি ভারতীয় সঙ্গীতে 'ইমন,' 'ঘোর' ও 'সনম্' ইত্যাদি পারসিক-আরবীয় রাগের প্রচলন করেন। তিনিই সম্ভবতঃ সেতারের আবিষ্কর্তা। বৈষ্ণবদের কীর্তন ও সুফী-সন্তদের গান ভারতীয় সঙ্গীতকে সমৃদ্ধ করেছিল। সুলতানদের মধ্যে অনেকেই সঙ্গীতের অনুরাগী ও পৃষ্ঠপোষক ছিলেন।

ভাষা ও সাহিত্য: হিন্দু-মুসলমান সংস্কৃতির সমন্বয় এবং ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলনের ফলে আঞ্চলিক ভাষা ও সাহিত্যেরও উন্নতি ঘটে। ধর্মপ্রচারকরা সহজবোধ্য নিজ নিজ আঞ্চলিক ভাষায় ধর্মমত প্রচার করতেন। রামানন্দ ও কবীর সরল হিন্দী ভাষায় প্রচার করতেন বলে হিন্দীর প্রকাশ ক্ষমতা ও ভাবৈশ্বর্য বৃদ্ধি পায়। আবার নামদেব, একনাথ প্রমুখ ধর্মপ্রচারকদের বাণী মারাঠী ভাষায় প্রচারিত হওয়ায় তা সমৃদ্ধ হয়ে ওঠে। গুরু নানক ও অনুগামীরা গুরুমুখী বা পাঞ্জাবী ভাষায় প্রচার করেন। বাংলার বিদ্যাপতি, চন্ডীদাস ইত্যাদি বৈষ্ণব কবির দানে বাংলা ভাষা সমৃদ্ধ হয়ে ওঠে। তেমনি মীরাবাঈয়ের ভজন ব্রজভাষাকে সমৃদ্ধ করে তোলে।

আঞ্চলিক ভাষার উন্নতি

ভারতে মুসলমান রাজ্যের প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে আরবী ভাষার প্রচলন ঘটে। অবশ্য ভারতে আরবী ভাষা মুষ্টিমেয় ইসলামীয় বিদ্বজ্জনের মধ্যেই সীমাবদ্ধ থাকে। তুর্কীদের ভারত আগমনের পরেই দশম শতাব্দীতে ফার্সী ভাষা সাহিত্য ও প্রশাসনের ভাষা হিসাবে গৃহীত হয়। পশ্চিম এশিয়ায় মোঙ্গল আক্রমণের ফলে সেখান থেকে পারস্যের অনেক সাহিত্যস্রষ্টা দিল্লীর দরবারে আশ্রয় নেন। এছাড়া দিল্লীর সুলতানদের মধ্যে অনেকেরই সাহিত্যানুরাগ ছিল। সুলতানী যুগের সর্বশ্রেষ্ঠ সাহিত্যস্রষ্টা ছিলেন আমীর খসরু। ইনি একাধারে ছিলেন কবি, লেখক ও সঙ্গীতজ্ঞ। ১২৫২ খ্রীষ্টাব্দে পশ্চিম উত্তরপ্রদেশে ইনি জন্মেছিলেন এবং ভারতবর্ষকেই মাতৃভূমি বলতে গর্ববোধ করতেন। বলবনের রাজত্বকালে এঁর সাহিত্য জীবনের সূত্রপাত। গদ্যে ও পদ্যে বহু গ্রন্থ রচনা করে তিনি ফার্সী ভাষাকে সমৃদ্ধ করে যান। ভাষার লালিত্যের জন্য তিনি 'হিন্দুস্থানের তোতা' আখ্যা লাভ করেন।

ফার্সী ভাষার উন্নতি

সুলতানী যুগ ফার্সী ও আঞ্চলিক ভাষার উন্নতির কাল হলেও সংস্কৃত ভাষা চর্চা অব্যাহত ছিল। তখনও শিক্ষিত হিন্দুদের অবশ্যপাঠ্য ভাষা ছিল সংস্কৃত। এ যুগের

সংস্কৃত সাহিত্যসেবীদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন পার্থসারথি মিশ্র, রূপ গোস্বামী, সায়নাচার্য, মাধবাচার্য, বিদ্যাপতি ইত্যাদি। স্মৃতিশাস্ত্রগুলি এ যুগের উল্লেখযোগ্য সংস্কৃত সাহিত্যকীর্তি। স্মৃতিশাস্ত্রকারদের মধ্যে অগ্রগণ্য ছিলেন বাংলার রঘুনন্দন এবং দাক্ষিণাত্যের মাধব বিদ্যারণ্য। পদ্মনাভ ও বাচস্পতি মিশ্র ছিলেন মিথিলার বিখ্যাত স্মৃতিশাস্ত্রকার। সুলতান ও মুসলমান লেখকদের মধ্যে কেউ কেউ সংস্কৃত ভাষার অনুরাগী ছিলেন। অলবেরুণী দীর্ঘকাল সংস্কৃত ভাষা ও হিন্দুদর্শন আলোচনায় অতিবাহিত করেন।

সংস্কৃত ভাষার চর্চা

দিল্লীর সুলতান, প্রাদেশিক শাসক ও রাজাদের অনেকে সাহিত্যানুরাগী ছিলেন। শিল্পী ও সাহিত্যিকরা তাঁদের কাছ থেকে সাহায্য ও উৎসাহ পেতেন। এযুগের শ্রেষ্ঠ সাহিত্যস্রষ্টা আমীর খসরু বলবনের সভায় স্থান পেয়েছিলেন। শুধুমাত্র আরবী ফার্সীই নয়, তাঁদের মধ্যে অনেকে সংস্কৃত ভাষারও পৃষ্ঠপোষক ছিলেন। নগরকোট থেকে প্রাপ্ত তিন শ' সংস্কৃত গ্রন্হ ফিরুজ তুঘ্লক ফার্সী ভাষায় অনূদিত করিয়েছিলেন। লোদী বংশের সুলতান সিকন্দর লোদীও কিছু কিছু সংস্কৃত গ্রন্হ ফার্সীতে অনূদিত করিয়েছিলেন। কাশ্মীরের সুলতান জৈন-উল-আবেদিনও সংস্কৃত ভাষার পৃষ্ঠপোষক ছিলেন। বিজয়নগর রাজাদের পৃষ্ঠপোষকতায় তেলেগু ভাষার উন্নতি ঘটে। গুজরাটী সাহিত্যের উন্নতি ঘটেছিল গুজরাটের সুলতানদের আমলে। বিদ্যাপতি হিন্দুরাজার সভাকবি হিসাবে তাঁর পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন। বাংলা ভাষায় রামায়ণ রচয়িতা কৃত্তিবাস গৌড়রাজের পৃষ্ঠপোষকতা লাভ করেন। পূর্বেই আলোচিত হয়েছে যে, ইলিয়াস শাহী ও হুসেন শাহী আমলে সুলতানদের পৃষ্ঠপোষকতায় সাহিত্যের ক্ষেত্রে বাংলার মনীষার অসাধারণ বিকাশ ঘটেছিল। ইলিয়াস শাহী সুলতানের পৃষ্ঠপোষকতায় মালাধর বসু রচনা করেছিলেন 'শ্রীকৃষ্ণ বিজয়' কাব্য। সুলতান তাঁকে 'গুণরাজ খান' উপাধিতে ভূষিত করেছিলেন। আবার হুসেন শাহ ও নসরৎ শাহের আগ্রহ ও আনুকূল্যে বহু বিখ্যাত গ্রন্হ রচিত হয়—দৃষ্টান্তস্বরূপ, রূপ গোস্বামী-রচিত 'বিদগ্ধ মাধব' ও 'ললিত মাধব'। হুসেন শাহের সেনাপতি পরাগল খানের পৃষ্ঠপোষকতায় কবীন্দ্র পরমেশ্বর বাংলা ভাষায় মহাভারত অনুবাদ করেন।

দিল্লীর সুলতান ও প্রাদেশিক শাসকদের সাহিত্যানুরাগ

সুলতানী যুগে ইতিহাস সাহিত্যেরও বিকাশ ঘটেছিল। হাসান নিজামি, মিনহাজ-উস্-সিরাজ, জিয়া-উদ্দীন-বরণী, মহম্মদ ইসামী প্রভৃতি ঐতিহাসিকরা সুলতানী যুগের ধারাবাহিক ইতিহাস রচনা করে গেছেন।

ইতিহাস সাহিত্য

সর্বশেষে, হিন্দু-মুসলমান সংস্কৃতি সমন্বয়ের একটি উল্লেখযোগ্য ফল হল 'উদু' নামে একটি নতুন ভাষার উদ্ভব। ভারতীয় ও আগন্তুক মুসলমানদের মধ্যে কথা-

বার্তা ও ভাব বিনিময়ের জন্য এই ভাষার সৃষ্টি হয়। এই ভাষা ছিল মূলতঃ দিল্লী ও মীরাট অঞ্চলের বহু শতাব্দী যাবৎ প্রচলিত পশ্চিমা হিন্দীর একটি কথ্যরূপ মাত্র। কালক্রমে এই মৌলিক হিন্দু ভাষায় ফার্সী, আরবী ও তুর্কী শব্দের অনুপ্রবেশে এই মিশ্র ভাষাটি সমৃদ্ধ হয়ে ওঠে। ফার্সী ভাষার মত এই ভাষা দিল্লীর সুলতানদের পৃষ্ঠপোষকতা লাভ করে নি। সাহিত্য-স্রষ্টাদের মধ্যে আমীর খসরুই সর্বপ্রথম কবি-কল্পনা প্রকাশের বাহন হিসাবে উর্দুকে ব্যবহার করেন। আজও পাঞ্জাব ও উত্তর প্রদেশের পশ্চিমাঞ্চলের বহু হিন্দুর মাতৃ-ভাষা হল 'উর্দু'।

'উর্দু' ভাষার উদ্ভব

১৫২৬ খ্রীষ্টাব্দে পানিপথের যুদ্ধ এবং ঘটনা পরম্পরার মধ্য দিয়ে ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা এদেশের ইতিহাসে এক উল্লেখযোগ্য ঘটনা। মুঘল শাসন ভারতের ইতিহাসে এক নতুন যুগের সূচনা করে বললে অত্যুক্তি হবে না। এই নতুন যুগের ইতিহাস আলোচনার আগে এ যুগের ইতিহাস রচনার মূল্যবান উপাদান সম্পর্কে আলোকপাত করা যেতে পারে।

মুঘল যুগের ইতিহাসের উপাদান

ভারতের মধ্যযুগ, বিশেষ করে, মুঘল যুগের ইতিহাস রচনার উপাদানসমূহের প্রাচুর্য লক্ষ্য করার মত। প্রাচীন যুগের মত পরোক্ষ তথ্যাদির উপর নির্ভর না করে এই যুগের ইতিহাস রচনার প্রত্যক্ষ মালমসলা প্রচুর পরিমাণে পাওয়া যায়। মুঘল যুগের ইতিহাস রচনার উপাদানগুলোকে মোটামুটি চার ভাগে ভাগ করা যায়। যেমন সমসাময়িক রচনা, সরকারী দলিল দস্তাবেজ, মুদ্রা ও শিল্পকলা, বিদেশী পর্যটকদের বিবরণী।

(ক) **সমসাময়িক রচনা:** ভারতের ইতিহাসবেত্তারা মুঘল আমলের সমসাময়িক বহু রচনা থেকে ইতিহাসের উপকরণ সংগ্রহ করেছেন। এই সব রচনার মধ্যে বাবরের জীবনস্মৃতি 'বাবরনামা', জাহাঙ্গীরের জীবনস্মৃতি জোহর রচিত। 'তজকিরাৎ-উল-ওয়াকিয়াৎ', গুলবদন বেগম-রচিত 'হুমায়ুননামা', আকবরের সভাসদ ফেরিস্তা-রচিত মুঘল যুগের ইতিহাস বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়া আবুল ফজলের ইতিবৃত্ত 'আকবরনামা', বদাউনির 'মুন্তাখব-উৎ-তাওয়ারিখ', নিজামউদ্দিন আহ্মেদ-রচিত 'তবকত-ই-আকবরী' বিশেষ উল্লেখের দাবী রাখে। এই সব গ্রন্থ থেকে ষোড়শ শতকের মূল্যবান আকর-উপাদান মেলে। শাহ্জাহান ও ঔরঙ্গজীবের রাজত্বকাল সম্পর্কে বিস্তারিত তথ্যাদি সংগ্রহের জন্য 'আলমগীরনামা' ও পাদশাহীনামা' গ্রন্থ দুটি যথেষ্ট গুরুত্বপূর্ণ। ঔরঙ্গজীবের রাজত্বকাল সম্পর্কে মূল্যবান তথ্যাদি সংগ্রহের ক্ষেত্রে 'নাসির-ই-আলমগীর' ও কাফি খাঁ রচিত 'মুন্তাখাব-উল-লুবাব' গ্রন্থ দুটি খুব মূল্যবান। এ ছাড়াও মির্জা নাথানের 'বাখারিস্তান-ই-গাইবি ও মুহম্মদ সালিহ্ কাম্বুর রচিত 'আমাল-ই-সালিহ্' গ্রন্থদ্বয় বিশেষভাবে উল্লেখযোগ্য। মুঘলদের সমসাময়িক মারাঠা ও রাজপুত ইতিহাস রচনার ক্ষেত্রে শিবাজীর আমলে রচিত 'সভাসদ বখর', রাজপুত চারণদের রাজপুত গীতি ও টড-এর রাজস্থানের ইতিহাস (Annals and Antiquities of Rajasthan) প্রভৃতি গ্রন্থাদির মধ্যে যথেষ্ট পরিমাণ ঐতিহাসিক উপাদান পাওয়া যায়।

(খ) **সরকারী দলিল দস্তাবেজ:** মুঘল আমলের ইতিহাস রচনার ক্ষেত্রে ঐ সময়ের সরকারী দলিল দস্তাবেজ অত্যন্ত মূল্যবান উপাদান। কিন্তু যুদ্ধবিগ্রহের

সময় এর অধিকাংশই বিনষ্ট হয়। আকবরের গ্রন্থশালায় হাজার হাজার নথিপত্র ও পান্ডুলিপি সংগৃহীত ছিল কিন্তু এগুলি সম্পূর্ণভাবে বিনষ্ট হয়েছিল। এই মূল্যবান উপাদানসমূহ বিনষ্ট হলেও যেটুকু অবশিষ্ট ছিল তার থেকে অনেক মূল্যবান ঐতিহাসিক উপকরণের সন্ধান মেলে।

(গ) মুদ্রা ও শিল্পকলা : মুঘল আমলে নানা ধরনের মুদ্রার প্রচলন ছিল। এই-সব মুদ্রা থেকে এ যুগের মুদ্রানীতি ও ধাতু শিল্প সম্পর্কে জানতে পারা যায়। এযুগের স্থাপত্য ও শিল্পকলার নিদর্শনস্বরূপ দেওয়ান-ই খাস্, দেওয়ান-ই-আম, তাজমহল, ফতেপুর সিক্রীর স্থাপত্যসমূহ ও মুঘল দরবারের চিত্রকলা আজও টিকে রয়েছে। এর থেকে মুঘল যুগের স্থাপত্য ও শিল্পকলার পরিচয় পাওয়া যায়। এর অদ্ভুত বৈশিষ্ট্য হ'ল মুসলিম স্থাপত্যশৈলীর পাশাপাশি ভারতীয় শিল্পনীতির অভূতপূর্ব সহাবস্থান এবং কোনও কোনও ক্ষেত্রে সংমিশ্রণ।

(ঘ) বিদেশী পর্যটকদের বিবরণ : মুঘল যুগে অনেক বণিক ও বিদেশী পর্যটক ভারতবর্ষে এসেছিলেন। তাঁরা সমসাময়িক ভারতবর্ষের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্পর্কে বিবরণ লিখে গেছেন। এইসব বিবরণ থেকেও মুঘল যুগের ইতিহাসের উপকরণ সংগ্রহ করা হয়েছে। মুঘল যুগে আগত বিদেশীদের মধ্যে টমাস রো, র‍্যালফ ফিচ্, টেভারনিয়ে, বার্নিয়ে, ক্যারেরি, টের্রি, পার্কস্ মানুচি প্রমুখ ইউরোপীয় পর্যটক ও বণিকদের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়া জেসুইট ধর্মযাজকদের রচনা থেকেও এ যুগের ইতিহাস সম্পর্কে জানা যায়।

মুঘল জাতির পূর্বপরিচয় : 'মোগল' বা 'মুঘল' শব্দটি 'মোঙ্গল' থেকে এসেছে। আবার 'মোঙ্গল' কথাটি 'মোঙ্গ' থেকে এসেছে। 'মোঙ্গ' শব্দের অর্থ হ'ল নির্ভীক। অধুনা মোঙ্গলিয়া ছিল মুঘল জাতির আদি বাসভূমি। মোঙ্গল বীর ইউসুকাই-এর পুত্র চিঙ্গিস খাঁ মোঙ্গল জাতিকে এক শক্তিশালী সামরিক শক্তিতে পরিণত করেন। যুদ্ধের ইতিহাসে মোঙ্গল বীর চিঙ্গিস খাঁকে আলেকজান্ডার ও নেপোলিয়ানের সঙ্গে তুলনা করা যেতে পারে। চিঙ্গিসের পৌত্র কুবলাই খাঁ এশিয়ায় বিশাল সাম্রাজ্যের অধিপতি হ'ন। চতুর্দশ শতাব্দীর মধ্যভাগে তুর্কী-মোঙ্গল বীর তৈমুরলঙ্গের আবির্ভাব ঘটে। তৈমুরের রাজত্ব দিল্লী থেকে দার্দানেলিস প্রণালী পর্যন্ত বিস্তৃত ছিল। তৈমুরই প্রথম ভারতে মুঘল সাম্রাজ্যের সূত্রপাত করেন। তৈমুরের মৃত্যুর পর তাঁর সাম্রাজ্য ভেঙ্গে যায় ও ক্রমশঃ দুর্বল হয়ে পড়ে।

ইউসুকাই

চিঙ্গিস খাঁ

কুবলাই খাঁ

তৈমুরলঙ

মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা

বাবর (১৫২৬-৩০ খ্রী) : জহিরুদ্দিন মুহম্মদ বাবর ১৪৮৩ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা ওমরশেখ মির্জা মধ্য এশিয়ার ফরঘনা নামক একটি ক্ষুদ্র রাজ্যের অধিপতি ছিলেন। মাতৃকুলে বাবরের চতুর্দশতম পূর্বপুরুষ ছিলেন

চিঙ্গিস খাঁ, আর পিতৃকুলে তৈমুরলঙ ছিলেন বাবরের বৃদ্ধ প্রপিতামহ। কাজেই পিতা ও মাতা উভয় দিক থেকেই বাবর ছিলেন সেকালের দুজন শ্রেষ্ঠ বীর বংশের সন্তান।

কাবুল অধিকার

পিতার মৃত্যুর পর মাত্র বারো বৎসর বয়সে তিনি সিংহাসনে বসেন। কিন্তু কিছুদিনের মধ্যে উজবেক নেতা সাহাবাণী খাঁর হাতে বাবর পরাজিত হন এবং পৈতৃক রাজ্য ফরঘনা থেকে বিতাড়িত হ'ন। প্রায় এক বৎসর রাজ্যহারা হয়ে নানা দুঃখদুর্দশার মধ্যে কাটানোর পর তিনি কাবুল অধিকার করেন এবং অলপকালের মধ্যেই সমগ্র আফগানিস্তানের উপর প্রভুত্ব স্থাপন করেন। কাবুলে প্রতিষ্ঠিত হওয়ার পর বাবর ভারত জয়ের পরিকল্পনা গ্রহণ করেন।

বাবরের ভারত আক্রমণ : ভারতের বিপুল আয়তন, ঐশ্বর্য, সোনা-রুপার প্রাচুর্য বাবরকে সর্বাধিক আকৃষ্ট করেছিল। এ ছাড়া উত্তর ভারতের রাজনৈতিক অবস্থাও

ভারতের রাজনৈতিক পরিস্থিতি

তখন সংকটময় ছিল। দিল্লীর সুলতান তখন নামেমাত্র রাজা। আমীর ওমরাহদের পারস্পরিক হিংসা, বিদ্বেষ, ঝগড়া দেশের পরিস্থিতিকে আরো জটিল করে তুলেছিল। বলা বাহুল্য, এইরূপ পরিস্থিতি বাবরের ভারত আক্রমণের অনুকূল ছিল। ভারত আক্রমণের আগে তিনি কয়েকটি প্রাথমিক অভিযানে অগ্রসর হয়ে বজৌর দুর্গ, ভেরা, খুসাব ও চিনাব নদীর

ভারত আক্রমণের পূর্বে প্রাথমিক অভিযান

অববাহিকা অঞ্চলগুলি জয় করে কাবুলে ফিরে যান। এরপর ১৫২২ খ্রীষ্টাব্দে তিনি কান্দাহার জয় করেন। ইতিমধ্যে পাঞ্জাবের শক্তিশালী শাসক দৌলত খাঁ লোদী ও দিল্লীর সুলতান ইব্রাহিম লোদীর পিতৃব্য আলম খাঁ লোদী বাবরকে ভারতে আক্রমণের আমন্ত্রণ জানান।

বাবরকে ভারত আক্রমণের আমন্ত্রণ

১৫২৪ খ্রীষ্টাব্দে বাবর লাহোরে উপস্থিত হ'ন। কিন্তু দৌলত খাঁ লোদী ও আলম খাঁ লোদী বুঝতে পারেন যে, বাবরের উদ্দেশ্য রাজ্য জয় করা, তাঁদের উদ্দেশ্য চরিতার্থ করা নয়। কাজেই দৌলত খাঁর দল বাবরের বিরুদ্ধে অস্ত্রধারণ করায় বাবর কাবুলে ফিরে যান। এরপর শুরু হয় তাঁর ভারত আক্রমণের প্রস্তুতি।

পানিপথের প্রথম যুদ্ধ : ১৫২৫ খ্রীষ্টাব্দের নভেম্বর মাসে বাবর-পাঞ্জাব দখল করেন। দৌলত খাঁ লোদী বশ্যতা স্বীকার করতে বাধ্য হন। ১৫২৬ খ্রীষ্টাব্দের

ইব্রাহিম লোদীর পরাজয়

২১শে এপ্রিল পানিপথের ময়দানে মাত্র ১২০০০ সৈন্য-সহ একদল গোলন্দাজ বাহিনী নিয়ে বাবর দিল্লীর সুলতান ইব্রাহিম লোদীর বিশাল সৈন্যবাহিনীকে পরাজিত করেন। মোঙ্গলদের ব্যবহৃত যুদ্ধকৌশল বাবরের জয়লাভকে সুনিশ্চিত করে। অপরপক্ষে রণকৌশলে অনভিজ্ঞ দিল্লীর সুলতান বিশাল সৈন্যবাহিনী নিয়েও পরাজয় ও মৃত্যু বরণ করেন। দিল্লী ও আগ্রার বিপুল ঐশ্বর্য বাবরের হস্তগত হয়।

ভারতবর্ষের ইতিহাসে পানিপথের প্রথম যুদ্ধ একটি গুরুত্বপূর্ণ ঘটনা। এই

যুদ্ধের ফলে লোদী বংশের মেরুদন্ড ভেঙ্গে যায় এবং দিল্লী ও আগ্রার সমগ্র অঞ্চল বাবরের হস্তগত হয়। আগ্রায় সঞ্চিত ইব্রাহিম লোদীর ধনরাশি হস্তগত হওয়ায় বাবর অর্থনৈতিক সংকট থেকে মুক্ত হ'ন। জৌনপুর পর্যন্ত সমৃদ্ধ অঞ্চল বাবরের অধিকারে আসে। কিন্তু বাবরের অধিকার সুপ্রতিষ্ঠিত হওয়ার পূর্বে তাঁকে আরও দুটি কঠিন যুদ্ধের সম্মুখীন হতে হয়। কাজেই রাজনৈতিক দিক থেকে বিচার করলে পানিপথের প্রথম যুদ্ধকে চূড়ান্ত যুদ্ধ বলা যায় না। বরং বলা যায় যে, পানিপথের প্রথম যুদ্ধ ভারতে মুঘল শক্তি প্রতিষ্ঠার পূর্বাভাসমাত্র।

পানিপথের প্রথম যুদ্ধের গুরুত্ব

খানুয়ার যুদ্ধ: দিল্লীর সিংহাসন অধিকার করে বাবর নিশ্চিন্ত হতে পারেননি। কনৌজ থেকে গৌড় পর্যন্ত বিস্তৃত লোদী সাম্রাজ্যভুক্ত এলাকা তখনও তাঁর হস্তগত হয়নি। সর্বোপরি রানা সংগ্রাম সিংহের নেতৃত্বে রাজপুত শক্তির মোকাবিলা তখনও বাকী রয়েছে। ১৫২৭ খ্রীষ্টাব্দে বাবর ও সংগ্রাম সিংহ খানুয়ার প্রান্তরে যুদ্ধে অবতীর্ণ হ'ন। যুদ্ধে পানিপথের ইতিহাসের পুনরাবৃত্তি ঘটে। রাজপুতদের বিশাল বাহিনী বীরত্ব ও প্রচন্ড আক্রমণ সত্ত্বেও মুঘলের গোলন্দাজ বাহিনীর হাতে তাদের পরাজয় ঘটে। পরাজিত সংগ্রাম সিংহ যুদ্ধক্ষেত্র পরিত্যাগ করেন। খানুয়ার যুদ্ধের গুরুত্ব ছিল সুদূরপ্রসারী, এই যুদ্ধে রাজপুত সংহতি বিনষ্ট হয় এবং বাবরের নবপ্রতিষ্ঠিত রাজশক্তির ভিত্তিমূল সুদৃঢ় হয়। রাজপুতরা মাঝে মাঝে মাথাচাড়া দিয়ে উঠলেও মুঘল শক্তির অগ্রগতি রোধ করার মত শক্তি তাদের ছিল না। কাজেই বাবরের এদেশে রাজ্য স্থাপনের পরিকল্পনা উজ্জ্বল হয়ে ওঠে। মুঘল সাম্রাজ্যের রাজধানী কাবুল থেকে দিল্লীতে স্থানান্তরিত করা হয়। দিল্লী-আগ্রা অঞ্চলে বাবরের রাজনৈতিক প্রতিষ্ঠা শক্তিশালী হয়।

সংগ্রাম সিংহ

রাজপুতদের পরাজয়

বাবরের রাজনৈতিক প্রতিষ্ঠা

সংগ্রাম সিংহের মৃত্যুর পর মেদিনী রাও-এর নেতৃত্বে রাজপুতগণ পুনরায় ঐক্যবদ্ধ হ'ন। মেদিনী রাওয়ের অধীনে চান্দেরী দুর্গ ছিল খুবই দুর্ভেদ্য। ১৫২৮ খ্রীষ্টাব্দে বাবর চান্দেরী আক্রমণ করেন। বীরত্বের সঙ্গে যুদ্ধ করেও রাজপুতগণ পুনরায় পরাজয় বরণ করে। ইতিমধ্যে রানা সংগ্রাম সিংহের মৃত্যু হওয়ায় রাজপুত শক্তির পুনরুজ্জীবনের আশা বিনষ্ট হয়।

মেদিনীরাও

গোগ্রার যুদ্ধ: রাজপুত শক্তিকে পরাজিত করেও বাবর হিন্দুস্থানের সার্বভৌম অধিকার লাভ করতে পারেন নি। ইতিমধ্যে পূর্বভারতে বাংলার সুলতান নসরৎ শাহের নেতৃত্বে আফগান সর্দাররা জোটবদ্ধ হ'ন। বাবর এলাহাবাদ, চুনার ও বারাণসী জয় করে গোগ্রা নদীর তীরে উপস্থিত হ'ন। আফগানদের সম্মিলিত বাহিনী বাবরের কাছে পরাজিত হয় (১৫২৯ খ্রীঃ)। নসরৎ শাহ বাবরের কাছে পরাজিত হ'ন ও তাঁর বশ্যতা স্বীকার করেন। গোগ্রার যুদ্ধে জয়লাভের ফলে বাবরের আধিপত্য পূর্বভারত পর্যন্ত বিস্তৃত হয়। আফগানদের রাজনৈতিক প্রভুত্ব স্থাপনের প্রচেষ্টা সাময়িকভাবে বিনষ্ট হয়।

আফগান শক্তির জোট

গোগ্রার যুদ্ধের অল্পকাল পরে (২৬শে ডিসেম্বর ১৫৩০ খ্রীঃ) বাবরের মৃত্যু হয়।

বাবরের চরিত্র ও কৃতিত্ব: মধ্যযুগের ইতিহাসে বাবর এক অসাধারণ ব্যক্তিত্বসম্পন্ন পুরুষ। রাজা, যোদ্ধা, অথবা সংস্কৃতিবান ব্যক্তি হিসেবে তিনি ছিলেন সে যুগের শ্রেষ্ঠতম। তাঁর চরিত্রের অন্যান্য গুণাবলী ছিল ধৈর্য, শ্রমশীলতা ও অধ্যবসায়। নানা প্রতিকূলতার মধ্য দিয়েও তিনি তাঁর বীরত্ব, উদ্যম ও অসামান্য কর্মদক্ষতার বলে এক বিরাট সাম্রাজ্যের ইমারত গঠন করতে সক্ষম হয়েছিলেন। তিনি তাঁর সৈন্যদের যুদ্ধজয়ের পর দেশ বিধ্বস্ত করতে অথবা অকারণ নরহত্যা করার আদেশ কখনও দেননি।



বাবর

তিনি ছিলেন শিক্ষা, বিদ্যা ও সংস্কৃতির অকৃত্রিম অনুরাগী। ফার্সী ও তুর্কী উভয় ভাষাতেই তিনি উৎকৃষ্ট কবিতা রচনা করে গেছেন। সঙ্গীতের প্রতিও তাঁর প্রবল অনুরাগ ছিল। তিনি ছিলেন একজন প্রকৃতি-প্রেমিক। বাবর স্বধর্মনিষ্ঠ সুন্নী মুসলমান হলেও ধর্মান্ধ ছিলেন না। সাম্রাজ্য জয় করার পর তাকে গড়ে তোলার অবসর তাঁর মেলেনি। অর্থাভাব না থাকা সত্ত্বেও কোনও প্রজাকল্যাণমূলক কর্মসূচী তিনি গ্রহণ করতে পারেন নি কিন্তু একথা অনস্বীকার্য যে ভারতে মুঘল সাম্রাজ্যের ভিত্তি স্থাপন করে বাবর এদেশের ইতিহাসে এক বিশিষ্ট স্থান অধিকার করে আছেন।

শিক্ষা-সংস্কৃতির পৃষ্ঠপোষক

বাবরের জীবনস্মৃতি: বাবরের আত্মজীবনী তুজুক-ই-বাবরী বা বাবর-নামা একখানি অমূল্য গ্রন্থ। তুর্কী ভাষায় বাবর এই গ্রন্থখানি রচনা করেন। এই গ্রন্থে বাবর অতি সহজ ও সরল ভাষায় নিজের জীবনকাহিনী বর্ণনা করেছেন। হুমায়ুন এই গ্রন্থখানির একখানি অনুলিপি প্রস্তুত করেন। আবদুর রহিম খান-ই-খানান ও পায়ান্দা খাঁ এই গ্রন্থটি ফার্সী ভাষায় অনুবাদ করেন। মিসেস অ্যানেট বিভারিজ এই গ্রন্থের ইংরেজী অনুবাদ করেন। এই গ্রন্থে বাবরের জীবনের প্রায় সকল ঘটনা, ভারত ও মধ্য এশিয়া সম্পর্কিত অনেক তথ্য পাওয়া যায়। এই গ্রন্থে বাবর তাঁর নিজের দোষগুণ মুক্তকণ্ঠে স্বীকার করে গেছেন। রচনা হিসেবে বাবরের আত্মকথা চরম উপাদেয়। দিগ্বিজয়ী বীর না হলেও শুধু তাঁর 'আত্মকথা'র রচয়িতা হিসেবেও বাবর স্মরণীয় হতে পারতেন। ইতিহাসে রাজাবাদশাহদের মধ্যে এমন হৃদয়গ্রাহী চরিত্র খুব কম দেখা যায়। বাবরের আত্মচরিত একটি মূল্যবান ঐতিহাসিক দলিল।

মুঘল-আফগান সম্পর্ক

মুঘল আফগান সংঘর্ষ : বাবরের উত্তরাধিকারী হুমায়ুনের রাজত্বকালের প্রধান বিষয় হল তাঁর সঙ্গে আফগান বা পাঠান শক্তির সংঘর্ষ এবং তাতে আফগান শক্তির জয়লাভ। বাবরের কাছে আফগানরা পরাজিত হলেও তাদের শক্তি নিঃশেষিত হয় নি। বাংলা, বিহার, উড়িষ্যা, গুজরাট প্রভৃতি অঞ্চলে আফগান শাসকরা ক্রমশঃ প্রতিপত্তিশালী হয়ে উঠেছিল।

হুমায়ুন বনাম বাহাদুর শাহ সংঘর্ষ

গুজরাটের আফগান সুলতান বাহাদুর শাহ মালব ও চিতোর জয় করে নিজের শক্তিবৃদ্ধি করেন। এই উচ্চাকাঙ্ক্ষী সুলতান মুঘলদের বিতাড়িত করে উত্তর ভারতে রাজ্যবিস্তারের জন্য স্বপ্ন দেখতে থাকেন। মুঘল সম্রাট হুমায়ুন গুজরাট আক্রমণ করেন। বাহাদুর শাহ পলায়ন করলে মালব ও গুজরাট হুমায়ুনের হস্তগত হয়।* হুমায়ুন ভ্রাতা আস্‌কারিকে গুজরাটের শাসনকর্তা নিযুক্ত করেন। কিন্তু পর্তুগীজদের সাহায্যে বাহাদুর শাহ গুজরাট পুনরুদ্ধার করেন। হুমায়ুন তাঁকে দমন করতে পারেন নি।

হুমায়ুন বনাম শের খান সংঘর্ষ

ইতিমধ্যে বিহারের একজন সামান্য জায়গীরদারের পুত্র ফরিদ খানের নেতৃত্বে আফগানরা খুব শক্তিশালী হয়ে উঠেছিল। কথিত আছে, ফরিদ খান একাকী একটি বাঘ (শের) শিকার করে তাঁর প্রভু বিহারের শাসনকর্তার কাছ থেকে 'শের খান' উপাধি লাভ করেন। এরপর শূর বংশীয় এই আফগান বাবরের সৈন্যবাহিনীতে কিছুকাল কাজ করেন। তাই মুঘল রণকৌশল ও তাদের দুর্বলতা সম্বন্ধে তিনি অবহিত হয়েছিলেন। তারপর বিহারের নাবালক সুলতান জালাল খানের অভিভাবক হিসাবে সেখানে সর্বেসর্বা হয়ে ওঠেন। চুণার দুর্গের অধিপতির সদ্য-বিধবা স্ত্রীকে বিবাহ করে শেরখান প্রচুর ধনরত্নসহ ঐ দুর্গেরও অধিপতি হন। এর কিছুকাল পর জালাল খানকে সরিয়ে তিনি স্বয়ং বিহারের শাসক হয়ে বসেন।

হুমায়ুন যখন আস্‌কারির বিদ্রোহ দমনে ব্যস্ত ছিলেন তখন অকস্মাৎ শের খান সসৈন্যে বাংলার রাজধানী গৌড়ে এসে উপস্থিত হন। ভীতসন্ত্রস্ত গৌড়ের সুলতান তাঁকে প্রচুর ধনরত্ন দিয়ে সন্তুষ্ট করলেন। কিন্তু ১৫৩৭ খ্রীষ্টাব্দে পুনরায় তিনি গৌড় আক্রমণ করলেন। এইভাবে বিহার ও বাংলায় শের খানের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হলে হুমায়ুন তাঁর বিরুদ্ধে সসৈন্যে অগ্রসর হলেন। ছয়মাস অবরোধের পর তিনি চুণার দুর্গ অধিকার করলেন। হুমায়ুন বিনা বাধায় গৌড়ও দখল করলেন। শত্রুকে পর্যুদস্ত করতে পেরেছেন মনে করে মুঘল সম্রাট গৌড়ে প্রায় আটমাস আমোদ-স্ফূর্তিতে মেতে রইলেন। এই অবসরে শের খান বিহারে ফিরে এসে চুণার দুর্গ পুনরুদ্ধার

* পিতার নির্দেশ অনুসারে হুমায়ুন সম্রাট হয়ে মধ্যম ভ্রাতা কামরানকে কাবুল ও কান্দাহার, তৃতীয় ভ্রাতা হিন্দালকে মেওয়াট এবং কনিষ্ঠ ভ্রাতা আস্‌কারিকে সম্বল দেন।

করলেন। এছাড়া রোটাস, বারাণসী প্রভৃতি জয় করে কনৌজ পর্যন্ত অগ্রসর হলেন। আগ্রা প্রত্যাবর্তনের পথ প্রায় অবরুদ্ধ জেনে হুমায়ুন সসৈন্যে আগ্রা অভিমুখে যাত্রা করলেন। পথিমধ্যে অতর্কিতে শের খানের আক্রমণে চৌসার যুদ্ধে (১৫৩৯) হুমায়ুন পরাজিত হন। প্রায় এক বৎসর পর হুমায়ুন পুনরায় শের খানের হাতে বিলগ্রামের যুদ্ধে (১৫৪০) পরাজিত হয়ে রাজ্যচ্যুত হলেন। মুঘল সাম্রাজ্য শের খানের অধিকারে চলে গেল। হুমায়ুন পারস্যে গিয়ে আশ্রয় নেন।

শের শাহের রাজত্বকাল (১৫৩১-১৫৪৫) : চৌসার যুদ্ধে জয়লাভ করে শের খান 'শেরশাহ' উপাধি ধারণ করেছিলেন। মুঘলদের বিতাড়িত করে তিনি বাংলা, বিহার, জৌনপুর, আগ্রা ও দিল্লী অধিকার করে নেন। পাঞ্জাব, সিন্ধুদেশ ও মুলতান তিনি নিজ সাম্রাজভুক্ত করেন। এরপর মালব, মাড়ওয়ার, আজমীঢ়, চিতোর ও যোধপুর প্রভৃতি জয় করেন। অবশেষে বুন্দেলখন্ডে অবস্থিত কালিঞ্জর দুর্গ অবরোধকালে এক বিস্ফোরণের ফলে শেরশাহের মৃত্যু হয় (১৫৪৫)।

বিজেতা হিসাবে শেরশাহ

শের শাহের শাসন ব্যবস্থা : শের শাহের চরিত্রে রণপ্রতিভার সঙ্গে শাসন দক্ষতার অপূর্ব সমন্বয় ঘটেছিল। দিল্লীর মসনদ দখলের পর মাত্র পাঁচ বৎসরের মধ্যে একটি উন্নত শাসন ব্যবস্থা প্রবর্তন করে একটি সুসংবদ্ধ রাষ্ট্র গঠনের ভিত্তি স্থাপন করে গিয়েছিলেন শের শাহ।

শাসনের সুবিধার জন্য শের শাহ তাঁর সাম্রাজ্যকে ৪৭টি 'সরকারে' ও প্রত্যেকটি সরকারকে কয়েকটি পরগনায়' বিভক্ত করেন। প্রত্যেকটি সরকার 'শিকদার-ই-শিকদারান' ও 'মুনসিফ-ই-মুনসিফান' নামে দুজন উচ্চপদস্থ কর্মচারীর অধীনে থাকত। প্রতিটি পরগনায় থাকতেন একজন করে শিকদার, আমীন, মুনসিফ, খাজাঞ্চী, হিন্দু হিসাব-লেখক ও ফার্সী হিসাব-লেখক।

সাম্রাজ্যের শাসন-বিভাগ


শেরশাহ

তিনি দেশের অভ্যন্তরীণ শান্তি শৃংখলা বজায় রাখার জন্য পুলিসী ব্যবস্থার উন্নতি ঘটান। চুরি ডাকাতি বন্ধ করার জন্য তিনি গ্রামের প্রধান ব্যক্তিদের ওপর স্থানীয় শান্তিরক্ষার ভার দিয়েছিলেন। শের শাহ নিরপেক্ষ বিচার ব্যবস্থার প্রবর্তন করেন। এতে ধনী ও দরিদ্রের মধ্যে কোন পার্থক্য

পুলিশ ও বিচার ব্যবস্থা

করা হত না। দন্ডবিধি ছিল কঠোর। সামান্য অপরাধে প্রাণদন্ড পর্যন্ত দেওয়া হত। স্থানীয় প্রভাবপ্রতিপত্তি যাতে বাড়তে না পারে সেজন্য রাজকর্মচারীদের প্রতি তিন বৎসর অন্তর বদলি করা হত।

বদলি প্রথা

শের শাহ সামরিক বিভাগেও সংস্কার প্রবর্তন করেন। সৈন্য সংগ্রহের জন্য জায়গীরদারদের ওপর নির্ভরশীল না থেকে একটি স্থায়ী সৈন্যবাহিনী গঠন করেন। তিনি অত্যন্ত কঠোর হাতে সৈন্যদলে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা বজায় রাখতেন।

সামরিক সংস্কার

শের শাহের রাজস্ব-নীতি সবিশেষ উল্লেখযোগ্য। সাম্রাজ্যের সমস্ত জমি জরিপ করিয়ে তিনি রাজস্বের হার নির্ধারণ করেন। উৎপন্ন শস্যের এক-চতুর্থাংশ রাজকর হিসাবে গৃহীত হত। কৃষকদের জমির স্বত্ব ও দায়িত্ব সুনির্দিষ্টভাবে নির্ধারণের জন্য 'কবুলিয়ত' ও 'পাট্টা' প্রথার প্রবর্তন করা হয়।

রাজস্ব নীতি

বাণিজ্যের সুবিধার জন্য তিনি কতকগুলি বাণিজ্য শুল্ক ও কর রহিত করেন এবং আদর্শ মানের মুদ্রা প্রবর্তন করেন।

যাতায়াতের সুবিধার জন্য তিনি কয়েকটি সুদীর্ঘ রাজপথ নির্মাণ করান। এগুলির মধ্যে পূর্ববঙ্গে সোনার গাঁ থেকে সিন্ধুনদ পর্যন্ত প্রসারিত পথটি 'গ্রান্ড ট্রাংক রোড' নামে বর্তমানে পরিচিত। তিনি এই সমস্ত রাজপথের পাশে পাশে ছায়াপ্রদ বৃক্ষরোপণ ও পান্থশালা নির্মাণ করান। তিনিই প্রথম ঘোড়ায় পিঠে ডাক চলাচল ব্যবস্থার প্রবর্তন করেন।

যাতায়াতের ব্যবস্থা

শের শাহ ছিলেন প্রকৃত প্রজাহিতৈষী শাসক। স্বয়ং নিষ্ঠাবান মুসলমান হলেও হিন্দুদের প্রতি সদয় ব্যবহার করতেন। ব্রহ্মজিৎ গৌড় নামে একজন হিন্দু তাঁর বিখ্যাত সেনাপতি ছিলেন।

হিন্দুদের প্রতি উদারতা

শের শাহের শাসন দক্ষতা তাঁর রণপ্রতিভাকে ছাড়িয়ে গিয়েছিল বলা যায়। মধ্যযুগের রাজনৈতিক ও ধর্মীয় গোঁড়ামি থেকে তিনি মুক্ত ছিলেন। তিনি স্বৈরাচারী ছিলেন, কিন্তু স্বেচ্ছাচারী ছিলেন না। তাঁর প্রজাহিতৈষী রাজতন্ত্রের আদর্শ পরবর্তীকালে বহু শাসককে অনুপ্রাণিত করেছিল। তাঁর প্রশাসনিক ও অর্থনৈতিক সংস্কার এবং ধর্মীয় উদারতা আকবরের রাষ্ট্রীয় নীতির ভিত্তি রচনা করেছিল বলা যেতে পারে।

শেরশাহের অবদান

মুঘল বাদশাহীর পুনঃপ্রতিষ্ঠা : শের শাহের মৃত্যুর পর তাঁর পুত্র ইসলাম শাহ নয় বৎসর রাজত্ব করেন। কিন্তু ১৫৫৪ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যুর পর তাঁর শিশুপুত্রকে হত্যা করে আদিল শাহ বাদশাহ হয়ে বসেন। এই বিশৃঙ্খলার সুযোগে পারস্য সম্রাটের সাহায্যে দীর্ঘ পনের বৎসর পর হুমায়ুন পাঞ্জাব, দিল্লী ও আগ্রা অধিকার করেন। এইভাবে মুঘল বাদশাহীর পুনঃপ্রতিষ্ঠা ঘটল (১৫৫৫)। কিন্তু এক বৎসর পর নিজ গ্রন্থাগারের সিঁড়ি থেকে পড়ে তাঁর মৃত্যু হয় (১৫৫৬)।

মহামতি আকবরের রাজত্বকাল (১৫৫৬-১৬০৫)

পানিপথের দ্বিতীয় যুদ্ধ (১৫৫৬)

১৫৫৬ খ্রীষ্টাব্দে হুমায়ুনের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠপুত্র আকবর মাত্র তের বৎসর বয়সে বৈরাম খানের অভিভাবকত্বে দিল্লীর সম্রাট ঘোষিত হলেন। হুমায়ুন হৃত সাম্রাজ্যের একাংশ—পাঞ্জাব, দিল্লী ও আগ্রা পুনরুদ্ধার করতে পেরেছিলেন। সমগ্র ভারতবর্ষে তখন রাজনৈতিক বিশৃঙ্খলা বিরাজ করছিল। কাশ্মীর, মুলতান, বাংলা, গুজরাট, মেবার, যোধপুর ইত্যাদি রাজ্য স্বাধীন ছিল। এছাড়া, দাক্ষিণাত্যের আহম্মদনগর, বিজাপুর, গোলকুন্ডা, খান্দেশ প্রভৃতি সুলতানী রাজ্যগুলিও স্বাধীন ছিল। আর দিল্লীর মসনদ নিয়ে মুঘল-আফগান সংঘর্ষ চলছিল। শের শাহের উত্তরাধিকারীদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন আদিল শাহ। তাঁর হিন্দু মন্ত্রী হিমু আগ্রা ও দিল্লী দখল করে স্বয়ং দিল্লীর সিংহাসনে উপবেশন করেন। কিন্তু পানিপথের দ্বিতীয় যুদ্ধে বৈরাম খান ও আকবর হিমুকে পরাজিত ও নিহত করেন। এরপর আদিল শাহ ও তাঁর প্রতিদ্বন্দ্বী সিকন্দর শূর (ইনি পাঞ্জাবে স্বতন্ত্র রাজ্য গঠনের চেষ্টা করেন) আকবরের বশ্যতা স্বীকার করেন। এইভাবে আফাগান শক্তি বিধ্বস্ত হয় এবং মুঘল শাসনের পুনঃপ্রতিষ্ঠা ঘটে।



আকবর

আকবরের উদ্দেশ্য

আকবরের দীর্ঘ ঊনপঞ্চাশ বৎসরের রাজত্বকাল (১৫৫৬-১৬০৫) বিশ্লেষণ করলে দেখা যায় যে, আকবরের প্রধানতঃ তিনটি উদ্দেশ্য ছিল ঃ (১) রাজ্যবিস্তারের মাধ্যমে ভারতে একটি অখন্ড, সুসংবদ্ধ সাম্রাজ্য গঠন, (২) এই সাম্রাজ্যের ভিত্তি হবে হিন্দু ও মুসলমানদের সদিচ্ছা ও সহযোগিতা, তাই উভয় সম্প্রদায়কে ঐক্যসূত্রে গ্রথিত করা। (৩) এই ঐক্যবদ্ধ সাম্রাজ্যকে সুরক্ষিত রাখার জন্য একটি দক্ষ প্রশাসন ব্যবস্থা গঠন করা।

আকবরের সাম্রাজ্য বিস্তার ঃ আকবর ছিলেন ঘোর সাম্রাজ্যবাদী। পানিপথের দ্বিতীয় যুদ্ধের পর বৈরাম খানের সাহায্যে তিনি দিল্লী, আগ্রা, গোয়ালিয়র ও জৌনপুর অধিকার করেন। মালব ও গন্ডোয়ানাও অধিকৃত হয়।

এরপর আকবর রাজপুতদের প্রতি দৃষ্টি দিলেন। মুঘল সাম্রাজ্যকে দৃঢ়মূল করা বা তাকে নির্বিঘ্ন করতে হলে শৌর্যশালী রাজপুত জাতির সৌহার্দ্য একান্ত প্রয়োজন—একথা বোঝার মত রাজনৈতিক দূরদৃষ্টি আকবরের ছিল। তাই তিনি প্রথমে বন্ধুভাবে


আকবরের সাম্রাজ্য
সীমা
কাবুল
লাহোর
পাণিপথ
দিল্লী
অযোধ্যা
সিন্ধু
আগ্রা
বিহার
মুলতান
গৌড়
আজমীর
মালব
বঙ্গ
গণ্ডোয়ানা
গুজরাট
খান্দেশ
উড়িষ্যা
বেরার
আহম্মদনগর
বিদর
গোলকুণ্ডা
বিজাপুর
কুমারিকা

তাদের আনুগত্য অর্জনের জন্য সচেষ্ট হন। এই উদ্দেশ্যে ১৫৬২ খ্রীষ্টাব্দে অম্বরের রাজা বিহারীমলের কন্যাকে বিবাহ করেন। ১৫৭০ খ্রীষ্টাব্দে তিনি বিকানীরের রাজকন্যাকেও বিবাহ করেন এবং বিহারীমলের পুত্র ভগবান দাসের কন্যার সঙ্গে নিজের পুত্র সেলিমের বিবাহ দেন। বিহারীমল, তাঁর পুত্র ভগবান দাস ও পৌত্র মানসিংহ সকলেই মুঘল সৈন্যবাহিনীতে উচ্চ পদ পান। ক্রমে যোধপুর, জয়শলমীর, বুঁদী প্রভৃতির রাজপুত রাজারাও আকবরের বশ্যতা স্বীকার করে নেন। এইভাবে রাজপুত শক্তি মুঘল সাম্রাজ্যের অন্যতম স্তম্ভে পরিণত হল। অবশ্য রাজপুত রাজ্যগুলির মধ্যে শ্রেষ্ঠ মেবারের রাণা সংগ্রাম সিংহের পুত্র উদয় সিংহ 'অপরিচ্ছন্ন বিদেশী' আকবরের কাছে বশ্যতা স্বীকার বা কন্যাদানে অস্বীকৃতি জানালেন। উপরন্তু মালবের পলাতক রাজা রাজবাহাদুরকে তাঁর আশ্রয় দান আকবরের ক্ষোভের কারণ হয়। তাছাড়া, গুজরাট বিজয়ের জন্য মেবারের রাজধানী চিতোর দখল অপরিহার্য ছিল। সুতরাং আকবর চিতোর অবরোধ করলেন। রাজপুতেরা চারমাস বিপুল বিক্রমে মুঘল বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করেও ব্যর্থ হয়। দুর্গের ভিতরে রাজপুত রমণীরা অগ্নিকুন্ডে ঝাঁপ দিয়ে জহর ব্রত পালন করেন। অতঃপর চিতোর মুঘল বাহিনীর হাতে চলে যায় (১৫৬৮)।

রাজপুত নীতি

উদয় সিংহের মৃত্যুর পর তাঁর বীর পুত্র প্রতাপ সিংহ চিতোর পুনরুদ্ধারে ব্রতবদ্ধ হন। আজীবন তিনি আকবরের বিরুদ্ধে লড়েছিলেন। হলদিঘাটের যুদ্ধে (১৫৭৬) মুঘল সৈন্যের কাছে পরাজিত হয়ে রাজ্যসুখ বিসর্জন দিয়ে স্বাধীনচেতা এই রাজপুত-বীর বনে জঙ্গলে নানান দুঃখদুর্দশার মধ্যে কাটিয়েছিলেন। মৃত্যুর পূর্বে (১৫৯৭ খ্রীঃ) তিনি চিতোর ও আজমীর ছাড়া প্রায় সমগ্র মেবার পুনরুদ্ধার করেছিলেন।

রণথম্ভোর, কালিঞ্জর ও গুজরাট বিজয়

চিতোরের পর রণথম্ভোর ও কালিঞ্জর নামে রাজপুত রাজ্য দুটি আকবর জয় করেন। এরপর আকবর গুজরাট জয় করেন (১৫৭২)। গুজরাট মুঘল সুবায় পরিণত হলে মুঘল সাম্রাজ্যের সমৃদ্ধি বেড়ে যায়।

বাংলা ও উড়িষ্যা বিজয়

এরপর আকবর বাংলার দিকে দৃষ্টি দেন। সেখানকার শাসক আফগান সর্দার সুলেমান কররাণী আকবরের প্রাধান্য স্বীকার করেছিলেন। কিন্তু তাঁর পুত্র দায়ুদ সুলতান হয়েই স্বাধীনতা ঘোষণা করেন। ১৫৭৬ খ্রীষ্টাব্দে রাজমহলের কাছে মুঘল সৈন্যের হাতে তিনি চূড়ান্তভাবে পরাজিত ও নিহত হন। বাংলা মুঘল সাম্রাজ্যভুক্ত হলেও ঢাকা, মৈমনসিংহ, যশোহর, বিক্রমপুর ইত্যাদির জমিদাররা (যাঁরা বারোভুঁইঞা নামে সমধিক প্রসিদ্ধ) স্বাধীনভাবেই রাজত্ব করে চলেন। উড়িষ্যাও মুঘল সাম্রাজ্যভুক্ত হয় (১৫৯২)। এইভাবে আকবরের পূর্বভারত বিজয় সমাপ্ত হয়।

আকবর ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলের গুরুত্ব সম্পর্কে অবহিত ছিলেন। সেজন্য তিনি কাবুল, কাশ্মীর, সিন্ধুদেশ, কান্দাহার, বেলুচিস্তানের ওপর নিজ অধিকার প্রতিষ্ঠিত করেন।

একটি অখন্ড ভারত-সাম্রাজ্য স্থাপন ও পর্তুগীজদের দমনের উদ্দেশে আকবর দাক্ষিণাত্য বিজয়ে অগ্রসর হন। খান্দেশের সুলতান বিনা যুদ্ধে আকবরের বশ্যতা স্বীকার করেন। আকবর আহম্মদনগরের বিরুদ্ধে সৈন্য প্রেরণ করেন। বিধবা রাজমহিষী চাঁদ সুলতানা বীরবিক্রমে মুঘল সৈন্যের বিরুদ্ধে যুদ্ধ করে নগর রক্ষা করেন। অবশেষে তিনি আকবরকে বেরার প্রদেশ অর্পণ করে সন্ধি স্থাপন করেন। কিন্তু সেখানকার অভিজাত সম্প্রদায় বেরারকে মুঘল আধিপত্য থেকে মুক্ত করার চেষ্টা করে। তাঁদের হাতে চাঁদ সুলতানাও নিহত হন। ফলে মুঘল বাহিনী আহম্মদনগর বিধ্বস্ত করে একাংশ দখল করে নেয়। এরপর বিদ্রোহী খান্দেশের বিরুদ্ধে স্বয়ং আকবর সসৈন্যে অগ্রসর হন। খান্দেশের রাজধানী বুরহানপুর অধিকার এবং সুরক্ষিত দুর্গ আসীরগড় জয় করেন। অবশ্য দাক্ষিণাত্যে মুঘল-শাসন দৃঢ়মূল হওয়ার পূর্বেই আকবর শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চল বিজয়

দাক্ষিণাত্য বিজয়

আকবরের শাসন ব্যবস্থা : দূরদর্শী আকবর বুঝেছিলেন যে, শুধুমাত্র সামরিক শক্তি-নির্ভর কোন সাম্রাজ্য স্থায়িত্ব লাভ করতে পারে না। সুষ্ঠু ও দক্ষ শাসন পদ্ধতি প্রবর্তন ও প্রজাপুঞ্জের সদিচ্ছা ও সহযোগিতা ছাড়া কোন সাম্রাজ্য দৃঢ়মূল হতে পারে না। তাই আকবর-প্রবর্তিত শাসন ব্যবস্থার মূল বৈশিষ্ট্য ছিল উদারতা, দক্ষতা, ধর্মনিরপেক্ষতা ও প্রজার হিতসাধন।

শাসন ব্যবস্থার সর্বোচ্চে ছিলেন সম্রাট স্বয়ং। তিনি নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী ছিলেন। তিনি একাধারে ছিলেন শাসক, প্রধান বিচারক ও সামরিক বিভাগের সর্বময় কর্তা। কিন্তু তিনি স্বৈরাচারী হলেও স্বেচ্ছাচারী ছিলেন না। তাঁর শাসনকে প্রজাহিতৈষী স্বৈরাচার বলা যায়। কেন্দ্রীয় শাসন পরিচালনার জন্য আকবর বিভিন্ন উচ্চপদস্থ কর্মচারীর অধীনে কতকগুলি বিভাগের সৃষ্টি করেন। 'ভকিল' বা প্রধানমন্ত্রীর পদ রহিত না করলেও পদটিকে আকবর ক্ষমতাহীন আলঙ্কারিক পদে পরিণত করেছিলেন। 'উজীর' বা 'দেওয়ান' ছিলেন রাজস্ব বিভাগের সর্বোচ্চ কর্তা। মীরবক্সী ছিলেন সামরিক বিভাগ, গুপ্তচর ও তথ্য বিভাগের সর্বোচ্চ কর্তা। তাঁর অধীনে থাকত 'বারিদ' বা গুপ্তচর ও 'ওয়াকিয়া-নবিস' বা বার্তাবহ। মীর সামান ছিলেন সম্রাটের গৃহ পরিচালনা ও রাজ-কারখানার তত্ত্বাবধানের ভারপ্রাপ্ত উচ্চ রাজকর্মচারী। বিচার বিভাগের সর্বোচ্চ কর্তা ছিলেন প্রধান কাজী।

(ক) কেন্দ্রীর শাসন : প্রজাহিতৈষী স্বৈরাচারী শাসন

শাসনকার্যের সুবিধার জন্য *১৫৮০ খ্রীষ্টাব্দে আকবর সাম্রাজ্যকে বারটি 'সুবা' বা প্রদেশে বিভক্ত করেন। সুবার সর্বোচ্চ শাসক 'সিপাহশালার' পরবর্তীকালে 'সুবাদার' ছিলেন সম্রাটেরই প্রতিনিধি। এ ছাড়া কেন্দ্রের মত ছিল 'দেওয়ান', 'বক্সী', 'কাজী', 'ওয়াকিয়া-নবিস' ইত্যাদি। সুবাগুলি বিভক্ত ছিল কতকগুলি 'সরকার' বা জেলায়। 'ফৌজদার' সরকারের শান্তি রক্ষা করতেন।

(খ) প্রাদেশিক শাসন

* Medieval India—Satis Chandra, পৃষ্ঠা ১৫১ দ্রষ্টব্য।

প্রয়োজন হলে তিনি সুবাদারকে সৈন্য দিয়ে সাহায্য করতেন। শাসন ব্যাপারে তিনি সুবাদারের কাছে দায়ী থাকতেন। সরকারগুলি 'পরগনা' ও 'মহলে' বিভক্ত ছিল শহরাঞ্চলে 'কোতোয়াল' আর গ্রামাঞ্চলে গ্রাম্য মোড়ল শান্তি রক্ষা করতেন।

রাজস্ব নীতি

রাজস্ব বিভাগে আকবর বহু সংস্কার প্রবর্তন করেন। এ ব্যাপারে যাঁর সবচেয়ে বড় অবদান তিনি হলেন তাঁর হিন্দু মন্ত্রী টোডরমল। তিনি রাজ্যের সমস্ত জমি জরিপ করিয়ে উৎপাদিকা শক্তি অনুযায়ী জমিগুলিকে চারটি শ্রেণীতে বিভক্ত করেন। পূর্ববর্তী দশ বৎসরের উৎপন্ন ফসল ও তার গড়পড়তা মূল্য অনুসারে কৃষকদের দেয় কর নির্দিষ্ট হত। উৎপন্ন ফসলের এক-তৃতীয়াংশ রাজস্ব হিসাবে গৃহীত হত। অবশ্য রাজস্ব নির্ধারিত হত নগদ মূল্যে। পতিত জমির ওপর কর দিতে হত না বা ফসল না হলে সেই বৎসর খাজনা মকুব করা হত। এই রাজস্ব ব্যবস্থা ছিল 'রায়তওয়ারী, অর্থাৎ সরকারের সঙ্গে প্রজাদের ছিল প্রত্যক্ষ সম্পর্ক। ফলে জমিদার বা রাজস্ব আদায়কারী কর্মচারীদের অত্যাচার থেকে প্রজারা রক্ষা পেত।

মনসবদারী প্রথা ও জায়গীর প্রথা

আকবরের সামরিক ও বে-সামরিক শাসন ব্যবস্থার মূল ভিত্তি হয়ে উঠেছিল মনসবদারী প্রথা। 'মনসব' কথাটির অর্থ পদমর্যাদা। প্রত্যেকটি রাজকর্মচারীকে 'মনসব' বা সামরিক পদমর্যাদা দেওয়া হত। সাধারণতঃ দশ থেকে পাঁচ হাজার (আকবরের রাজত্বকালের শেষে বেড়ে সাত হাজার হয়েছিল) অশ্বারোহী পালনের মর্যাদা অনুযায়ী প্রায় তেত্রিশ শ্রেণীতে বিভক্ত করা হয়। মনসবদারের মর্যাদা ও বেতন অনুযায়ী সৈন্য নিয়ে সর্বদা প্রস্তুত থাকতে হত। তাঁরাই ছিলেন মুঘল অভিজাত শ্রেণী। তাঁরাই ছিলেন সামরিক ও বে-সামরিক শাসন ব্যবস্থার যোগসূত্র। মনসবদারী উত্তরাধিকার-সূত্রে পাওয়া যেত না, প্রমাণিত যোগ্যতার ভিত্তিতে সম্রাট মনসবদারী দান করতেন। সেকালের পরিমাপে মনসবদারদের আয় ছিল খুবই বেশি। এঁরা বেতন পেতেন হয় নগদ অর্থে, নয় জায়গীর পেয়ে। জায়গীরের অন্তর্গত জমির মালিকানা তাঁরা পেতেন না, তবে সেখানকার সংগৃহীত ভূমি-রাজস্ব থেকে তাঁরা বেতন নিতেন। জায়গীরগুলি ছিল হস্তান্তরযোগ্য—কোন বিশেষ জায়গীরদারের স্থানীয় প্রভাব-প্রতিপত্তি যাতে না বাড়তে পারে তার জন্য কিছুকাল পর এক জায়গীর থেকে সরিয়ে তাঁকে অন্য জায়গীর দেওয়া হত। বস্তুতঃ জায়গীর প্রথা এতই দৃঢ়মূল ছিল যে আকবর ঐ প্রথার প্রতি বিদ্বিষ্ট থাকলেও তা রহিত করেন নি।

শাসনব্যবস্থার সংক্ষিপ্ত মূল্যায়ন

আকবরকে মুঘল শাসন ব্যবস্থার প্রতিষ্ঠাতা বলা যায়। শেরশাহের শাসন ব্যবস্থা বহু ক্ষেত্রে অনুকরণ করলেও শাসন ব্যবস্থার সর্বক্ষেত্রে মৌলিক চিন্তাধারা ও সংগঠন শক্তির ছাপ রেখে গেছেন আকবর। এই শাসন ব্যবস্থা ভারতে অল্পবিস্তর কয়েকশত বৎসর প্রচলিত ছিল। এমন কি ভারতে বৃটিশ শাসন ব্যবস্থা আকবর-প্রবর্তিত শাসন ব্যবস্থার ধাঁচে গড়ে উঠেছিল।

আকবরের আমলে মুঘল সংস্কৃতি: ভারতের সাংস্কৃতিক ইতিহাসে আকবরের রাজত্বকাল একটি বিশিষ্ট দিকচিহ্ন। আকবরের পৃষ্ঠপোষকতায় সাহিত্যের উন্নতি ঘটেছিল। বহুমুখী প্রতিভার অধিকারী আবুল ফজল রচিত 'আকবরনামা' ও 'আইন-ই-আকবরী' অমূল্য গ্রন্থ দুটি আকবরের রাজত্বকাল সম্বন্ধে আকর গ্রন্থ। তাঁর ভ্রাতা ফৈজী ছিলেন সে যুগের শ্রেষ্ঠ কবি। নিজামউদ্দীন ও বদাউনী আকবরের রাজত্বকাল সম্বন্ধে মূল্যবান গ্রন্থ রচনা করে গিয়েছিলেন। আকবরের নির্দেশে মহাভারত, অথর্ববেদ প্রভৃতি বহু সংস্কৃত গ্রন্থ ফার্সী ভাষায় অনূদিত হয়েছিল। বীরবল ছিলেন আকবরের অন্যতম সভাকবি। তুলসীদাস, সুরদাস প্রমুখ কবিরা হিন্দী সাহিত্যের উৎকর্ষ সাধন করে গিয়েছিলেন।

সাহিত্যের উন্নতি

শিল্পের প্রতিও আকবরের গভীর অনুরাগ ছিল। হুমায়ুনের সমাধি, ফতেপুর-সিক্রির প্রাসাদ, বুলন্দ দরওয়াজা, পাঁচ মহল, বহু মিনার, সরাইখানা, বিদ্যালয় তাঁর স্থাপত্য শিল্পের প্রতি অনুরাগের সাক্ষ্য বহন করছে। এগুলিতে হিন্দু ও পারসিক শিল্পরীতির সংমিশ্রণ দেখা যায়। আকবরের পৃষ্ঠপোষকতায় চিত্রশিল্পেরও উন্নতি ঘটেছিল। হিন্দু চিত্র-শিল্পীরা পারসিক রীতি গ্রহণ করে চিত্রশিল্পের একটি নতুন ধারার প্রবর্তন করেছিলেন।

স্থাপত্য ও চিত্রশিল্পের উন্নতি

আকবরের ধর্মনীতি: ভারতবর্ষে যে সমস্ত মুসলমান নৃপতি রাজত্ব করে গিয়েছেন ধর্মীয় উদারতায় মহামতি আকবর তাঁদের সকলকে ছাড়িয়ে গেছেন। প্রথম জীবনেই উদার শিক্ষক আব্দুল লতিফ ও পারস্য থেকে আগত সুফীসন্তদের সংস্পর্শে এসে ধর্মীয় গোঁড়ামির ঊর্ধ্বে তিনি উঠতে পেরেছিলেন। তাঁর রাজপুত নীতি, হিন্দুদের ওপর থেকে জিজিয়া ও তীর্থকর লোপ, তাঁদের উচ্চপদে নিয়োগ ইত্যাদির পিছনে শুধুমাত্র ঐক্যবদ্ধ হিন্দু-মুসলমানদের সাম্রাজ্যের প্রতি স্বাভাবিক আনুগত্য বন্ধন সৃষ্টির রাজনৈতিক উদ্দেশ্যই ছিল না, ছিল ধর্মীয় উদারতার প্রেরণাও।

ধর্মীয় উদারতা

আকবর সমস্ত ধর্মের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন। তাঁর ধর্মনীতির মূল ভিত্তি ছিল সুল-ই-কুল বা সহিষ্ণুতা। পরধর্মসহিষ্ণুতায় তাঁর আন্তরিক ও অটল বিশ্বাস ছিল। তাঁর নতুন রাজধানী ফতেপুর সিক্রিতে একটি 'ইবাদৎখানা' বা উপাসনাগার নির্মাণ করিয়েছিলেন। সেখানে ধর্মতত্ত্ব আলোচনার জন্য প্রথমে মোল্লা বা ইসলাম ধর্মের ধর্মাচার্যদের আহ্বান করা হয়। কিন্তু তাঁদের গোঁড়ামি ও অহেতুক দম্ভে বিরক্ত হয়ে আকবর খৃষ্টান, হিন্দু জৈন, জরথুষ্টীয় সকলের কাছেই এর দ্বার উন্মুক্ত করে দেন। ফলে তাঁর রাজসভা শুধুমাত্র স্থাপত্য-সুষমায় মন্ডিতই থাকল না, বিভিন্ন ধর্মজ্ঞানীদের একটি পীঠস্থানে পরিণত হল। তাঁর রাজসভা আবুল ফজল, ফৈজী, পুরুষোত্তম,

ইবাদৎখানা

রাজসভা

ভানুচন্দ্র, হরিবিজয়, বিজয়সেন, মনসেরাট প্রমুখ ইসলাম, হিন্দু পারসিক, জৈন, খ্রীষ্টান ইত্যাদি বিভিন্ন ধর্মের মনীষীদের দ্বারা অলংকৃত ছিল।

দীন-ই-ইলাহী

এঁদের সকলের সংস্পর্শে এসে আকবরের এই বিশ্বাস দৃঢ় হল যে, প্রতিটি ধর্মেরই কিছু ভাল দিক আছে। এই দিকগুলির ওপর যথোচিত গুরুত্ব দিলে একটি সমন্বয় ও সৌহার্দ্যের পরিবেশ সৃষ্টি হবে। এটি-দেশের পক্ষে শুভপ্রদ হবে। তাই সমস্ত ধর্মের সারমর্ম নিয়ে দীন-ই-ইলাহী নামে একটি নতুন* ধর্মমত প্রবর্তন করেন। এর সারকথা ছিল ঃ ঈশ্বর এক। আকবর এই ধর্মমত জোর করে কারুর ওপর চাপিয়ে দেন নি। রাজসভার বাইরে এটি বিস্তৃত হয় নি এবং তাঁর মৃত্যুর সঙ্গে সঙ্গে এটির বিলুপ্তি ঘটে। তা সত্ত্বেও তাঁর ধর্ম-সমন্বয় ও পরধর্মসহিষ্ণুতা তাঁকে শ্রেষ্ঠ মানবকল্যাণকামীদের অন্যতম হিসাবে ইতিহাসে অমরত্ব দান করেছে।

আকবরের কৃতিত্ব ঃ আকবর ভারতে মুঘল সাম্রাজ্যকে শুধু দৃঢ়মূলই করেন নি, সমগ্র উত্তর ভারত ও দাক্ষিণাত্যের গোদাবরী নদী পর্যন্ত অঞ্চল নিজ সাম্রাজ্যভুক্ত করে রাজনৈতিক ঐক্য পুনঃপ্রতিষ্ঠিত করেন। তিনি একটি সুষ্ঠু ও দক্ষ শাসন ব্যবস্থার ভিত্তি রচনা করে গিয়েছিলেন। তিনি ধর্ম ও সম্প্রদায়-নিরপেক্ষ একটি জাতীয় সংস্কৃতিরও ভিত্তি স্থাপন করে যান। তাই পৃথিবীর শ্রেষ্ঠ নৃপতিদের সঙ্গে নির্দ্বিধায় তাঁর তুলনা করা যেতে পারে।

জাহাঙ্গীর (১৬০৫-২৭ খ্রীঃ) ঃ আকবরের মৃত্যুর পর তাঁর জেষ্ঠপুত্র সেলিম জাহাঙ্গীর নাম ধারণ করে মুঘল সিংহাসনে বসেন। বাল্যকালে তুর্কী, আরবী, ফার্সী, হিন্দী, ইতিহাস, অঙ্ক প্রভৃতি বিষয়ে উপযুক্ত শিক্ষার সুযোগ তিনি পেয়েছিলেন। পনের বৎসর বয়সে ভগবান দাসের কন্যার সঙ্গে তাঁর বিবাহ হয়েছিল। জাহাঙ্গীরের রাজত্ব-কালের সঙ্গে বিশ্ববিখ্যাত রূপসী নূর-জাহানের নাম অঙ্গাঙ্গীভাবে জড়িত হয়ে আছে। এঁর পূর্ব নাম মেহেরউন্নিসা। তাঁর স্বামী বাংলার বর্ধমানের বিদ্রোহী জায়গীরদার শের আফগান নিহত হলে তাঁকে জাহাঙ্গীর বিবাহ করেন। তখন তাঁর নাম দেন নূরজাহান বা জগতের আলো। ইনি

নূরজাহান



নূরজাহান

* আধুনিক গবেষকদের মতে আকবর 'তৌহিদ্-ই-ইলাহী, (অর্থাৎ একেশ্বরবাদী) বলে সুফীদের মতই একটি ধর্মীয় সম্প্রদায়ের সৃষ্টি করেন। এর ৮০ বৎসর-এর পূর্বে এর সঙ্গে 'দীন' (বিশ্বাস) শব্দটি যুক্ত হয় নি। এ বিষয়ে সতীশচন্দ্র কৃত 'Medieval India', পৃষ্ঠা ১৫৯ দ্রষ্টব্য।

ছিলেন প্রখর বুদ্ধিমতী ও রাজনীতিতে পারদর্শিনী। সংস্কৃতি ও সাহিত্যের প্রতি তাঁর প্রবল অনুরাগ ছিল। ফার্সী ভাষায় তাঁর ব্যুৎপত্তি ছিল এবং তিনি সুন্দর কবিতা রচনা করতেন। স্বাভাবিকভাবেই সম্রাটের ওপর তাঁর প্রচন্ড প্রভাব ছিল। প্রকৃতপক্ষে জাহাঙ্গীরের নামে তিনিই শাসন পরিচালনা করতেন।

বিদ্রোহ দমন

রাজত্বের প্রারম্ভে নিজ জেষ্ঠপুত্র খসরু বিদ্রোহী হলে জাহাঙ্গীর তাঁর চক্ষু উৎপাটন করে তাঁকে বন্দী করে রাখেন। আর খসরুকে সাহায্য দানের অপরাধে শিখগুরু অর্জুনের প্রাণদন্ড হয়।

রাজ্যবিস্তার

জাহাঙ্গীর পিতার মতই ছিলেন সাম্রাজ্যবাদী। তিনি মেবারের বিরুদ্ধে তিনটি অভিযান প্রেরণ করেন। রাণা অমর সিংহ প্রথম অভিযান দুটিকে ব্যর্থ করে দেন। তখন ১৬১৩ খ্রীষ্টাব্দে যুবরাজ খুর্‌রম (শাহ্‌জাহান)-এর নেতৃত্বে তৃতীয় অভিযান প্রেরিত হয়। পরাজিত রাণা বাধ্য হয়ে মুঘল সম্রাটের বশ্যতা স্বীকার করেন। আকবরের রাজত্বকালে বাংলাদেশ মুঘল সাম্রাজ্যভুক্ত হলেও বাংলার বিভিন্ন অংশের ভূঁইঞা বা জমিদাররা স্বাধীনভাবেই রাজত্ব করতেন। এঁরা একে একে পরাজিত হলে বাংলায় মুঘল প্রভুত্ব প্রতিষ্ঠিত হয়।

দাক্ষিণাত্য বিজয়

জাহাঙ্গীর পিতার মতই দাক্ষিণাত্য-বিজয়ে উদ্যোগী হন। তাঁর পুত্র খুর্‌রম আহম্মদনগরের সুদক্ষ মন্ত্রী মালিক অম্বরকে পরাজিত করে আহম্মদনগর ও কয়েকটি দুর্গ অধিকার করেন। জাহাঙ্গীর পুত্রকে এজন্য শাহ্‌জাহান (পৃথিবীর সম্রাট) উপাধিতে ভূষিত করেন। অবশ্য শাহ্‌জাহান সমগ্র আহম্মদনগর জয় করতে পারেন নি। মালিক অম্বর মুঘল অধিকৃত যে অঞ্চল অধিকার করে নিয়েছিলেন সেই অঞ্চলটিই প্রত্যর্পণ করেছিলেন। সুতরাং জাহাঙ্গীরের আমলে দাক্ষিণাত্যে মুঘল সাম্রাজ্যের বিস্তৃতি ঘটে নি।

এর কয়েক বৎসর পর মুঘল সৈন্যবাহিনী পাঞ্জাবের অন্তর্গত কাংড়া দুর্গ অধিকার করে। কিন্তু এই সময় উত্তর-পশ্চিম সীমান্তে পারস্যরাজ কান্দাহার অধিকার করে নিয়েছিলেন। জাহাঙ্গীর কান্দাহার পুনরুদ্ধারের জন্য শাহ্‌জাহানকে আদেশ দিলে তিনি বিদ্রোহী হন। ফলে কান্দাহার পুনরুদ্ধার পরিকল্পনা পরিত্যক্ত হয়।

পর্তুগীজ দমনের প্রয়াস

ইউরোপীয়দের সঙ্গে সম্পর্ক : জাহাঙ্গীরের রাজত্বকালে পর্তুগীজ, ওলন্দাজ, ইংরেজ প্রভৃতি ইউরোপীয় জাতিরা এদেশে ব্যবসা-বাণিজ্যের জন্য খুবই সচেষ্ট হয়। তাদের মধ্যে সর্বপ্রথম পর্তুগীজরা ভারতে এসেছিল। দাক্ষিণাত্যের পশ্চিম উপকূলে তারা নিজেদের বাণিজ্য ঘাঁটি গড়ে তুলেছিল। সম্ভবতঃ তাদের কাছ থেকে কামান গোলাবারুদ ইত্যাদি সংগ্রহের উদ্দেশ্যে জাহাঙ্গীর তাদের সঙ্গে সদ্ভাব বজায় রেখেছিলেন। কিন্তু তাদের ঔদ্ধত্যে বিরক্ত হয়ে সম্রাট তাদের গীর্জা বন্ধ করে দেন এবং তাদের ঘাঁটি আক্রমণ করেন। অবশ্য নৌবলের অভাবে তাদের দমন করা সম্ভব হয় নি।

এই সময়ে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানীও ভারতে বাণিজ্যবিস্তারে তৎপর হয়।

১৬০৮ খ্রীষ্টাব্দে ক্যাপ্টেন হকিন্স ইংল্যাণ্ডের রাজা প্রথম জেমসের কাছ থেকে বাণিজ্যিক সুযোগ-সুবিধা চেয়ে একটি অনুরোধপত্র নিয়ে জাহাঙ্গীরের দরবারে আসেন। জাহাঙ্গীর সেই সুযোগ-সুবিধা দান করলেও পর্তুগীজদের বিরোধিতায় এগুলি প্রায় নিষ্ফল হয়। সেজন্য প্রায় সতের বৎসর পর প্রথম জেমসের রাষ্ট্রদূত হয়ে মুঘল দরবারে আসেন স্যার টমাস রো। বহু চেষ্টায় তিনি ইংরেজ বণিকদের জন্য বিনা শুল্কে আমদানি-রপ্তানি বাণিজ্য পরিচালনার অধিকার লাভ করেন।

ব্রিটিশ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ও জাহাঙ্গীর

জাহাঙ্গীরের মূল্যায়ণ : মহামতি আকবরের সঙ্গে জাহাঙ্গীরের তুলনা চলে না। তিনি ছিলেন অহিফেনসেবী, সুরাসক্ত, অলস ও বিলাসপরায়ণ। কিন্তু তাঁকে অপদার্থ শাসক ভাবলে ভুল হবে। দোষে-গুণে তিনি ছিলেন এক আশ্চর্য শাসক। কি ধনী, কি নির্ধন—সকলেই সরাসরি তাঁর কাছে বিচারপ্রার্থী হতে পারত। তিনিই সর্বপ্রথম মুঘল যুগে লিখিত বারোটি আইন রচনা করেছিলেন। দরিদ্রদের প্রতি তাঁর দয়াদাক্ষিণ্য প্রবাদতুল্য ছিল। আবার নৃশংসতায় তাঁর জুড়ি মেলা ভার। তিনি পরধর্মসহিষ্ণুতা ও ধর্মোন্মত্ততার এক আশ্চর্য সংমিশ্রণ ছিলেন। তিনি ছিলেন বিদ্যানুরাগী ও জ্ঞানী-গুণীদের পৃষ্ঠপোষক। শিল্প-স্থাপত্যের প্রতি তাঁর গভীর অনুরাগ ছিল। আগ্রার প্রাসাদের কিছু দেওয়ালচিত্র তিনি নিজেই এঁকেছিলেন। তাঁর রচিত জীবনস্মৃতি 'তুজক্-ই-জাহাঙ্গীরী' তাঁর শিল্প-সাহিত্যের প্রতি অনুরাগ ও প্রাকৃতিক সৌন্দর্যবোধের পরিচয় বহন করে।

শাহ্‌জাহান (১৬২৭-৫৮খ্রীঃ) **:** ১৬২৭ খ্রীষ্টাব্দে জাহাঙ্গীরের মৃত্যু হলে শাহ্‌জাহান মুঘল সিংহাসনের সমস্ত সম্ভাব্য দাবিদারকে হত্যা করে সিংহাসনে আরোহণ করেন। এর পরেই তিনি বুন্দেলখণ্ডরাজ জুঝর সিংহ ও দাক্ষিণাত্যের মুঘল শাসনকর্তা খানজাহান লোদীর বিদ্রোহ কঠোর হাতে দমন করেন। এই সময় পর্তুগীজ বণিকদের দমন জরুরী হয়ে দেখা দিয়েছিল। ১৫৭৯ খ্রীষ্টাব্দে সর্বপ্রথম পর্তুগীজ বণিকরা দিল্লীর সম্রাটের অনুমতি-ক্রমে বাংলার সাতগাঁয় নদীর তীরে বাণিজ্য ঘাঁটি গড়ে তুলেছিল। কিন্তু ক্রমে এরা বাণিজ্য ছাড়াও জোর করে ভারতীয়দের খ্রীষ্টধর্মে ধর্মান্তরিত করা, গ্রাম ও জনপদ লুন্ঠন, বালকদের ক্রীতদাস হিসাবে বিক্রয় ইত্যাদি অপকর্মের সঙ্গে লিপ্ত হয়। এই সমস্ত কারণে শাহ্‌জাহান পর্তুগীজদের বিতাড়িত করার আদেশ দেন। তিন মাসেরও বেশী বাংলার শাসনকর্তা কাশিম খানের পুত্র যুদ্ধ করে পর্তুগীজ বাণিজ্য-ঘাঁটি হুগলী থেকে তাদের বিতাড়িত করলেন। অসংখ্য পর্তুগীজকে হত্যা ও বন্দী করা হয়।

প্রারম্ভিক বিপত্তি ও পর্তুগীজ দমন

পূর্বসূরীদের দাক্ষিণাত্য বিজয়ের নীতি শাহ্‌জাহান অনুসরণ করেন। তিনি আহম্মদনগর জয় করেন। গোলকুণ্ডার সুলতান সম্রাটের বশ্যতা স্বীকার করে করদানে সম্মত হন। কিন্তু বিজাপুরের সুলতান অসম্মত হওয়ায় তাঁর বিরুদ্ধে মুঘল সৈন্যবাহিনী প্রেরিত হয়। পরাজিত সুলতান বাধ্য হয়ে বশ্যতা স্বীকার করেন। ১৬৩৮ খ্রীষ্টাব্দে শাহ্‌জাহান কান্দাহার পুনরুদ্ধার

রাজ্য বিস্তার নীতি

করেন। কিন্তু কয়েক বৎসরের মধ্যে পারস্যরাজ পুনরায় কান্দাহার নিজ সাম্রাজ্যভুক্ত করেন। শাহ্‌জাহান পর পর তিনটি অভিযানে প্রায় ১২ কোটি টাকা ও বহু সৈন্যক্ষয় করেও কান্দাহার পুনরুদ্ধার করতে পারেন নি। মুঘল সামরিক শক্তির দুর্বলতা প্রকট হয়ে পড়ায় পারসিকরা ভারত-জয়ে উদ্যোগী হয়। এরপর শাহ্‌জাহান মুঘল সম্রাটদের পৈতৃক বাসভূমি মধ্য এশিয়ার বাল্‌খ্‌ ও বাদাকসান প্রদেশ দুটি জয় করেন। কিন্তু বছর খানেক পরেই মুঘল বাহিনীকে প্রদেশ দুটি পরিত্যাগ করতে বাধ্য করা হয়।

স্থাপত্য, চিত্রশিল্প ও সাহিত্যের উৎকর্ষ

শিল্পকলার পৃষ্ঠপোষকতা সম্রাট শাহ্‌জাহানকে ভারত ইতিহাসে অমরত্ব দান করেছে। বস্তুতঃ তাঁর রাজত্বকালেই মুঘল স্থাপত্য ও শিল্পকলা চরম উৎকর্ষ লাভ করেছিল। সম্রাট সৌধ নির্মাণে অকাতরে অর্থব্যয় করতেন। তাঁর নির্মিত প্রাসাদগুলির স্থাপত্যরীতিতে পারসিক রীতির প্রাধান্য দেখা যায়, তবে এর সূক্ষ্ম অলঙ্করণরীতিতে হিন্দু প্রভাবেরই প্রাধান্য। এগুলির মধ্যে উল্লেখযোগ্য হল দিল্লীর লালাকেল্লা। এর অভ্যন্তরে মণিরত্ন খচিত ও অলঙ্কারবহুল দেওয়ান-ই-আম (সাধারণ দরবারখানা), দেওয়ান-ই-খাস (অন্তঃপুরস্থ দরবারখানা) ইত্যাদির সৌন্দর্য-সুষমা তুলনারহিত। দিল্লীর জুম্মা মসজিদ ও আগ্রার মতি মসজিদ শাহ্‌জাহানের রাজত্বকালের স্থাপত্য শিল্পের দুটি উল্লেখযোগ্য নিদর্শন। কিন্তু গঠন-সৌষ্ঠব ও লাবণ্যমন্ডিত স্থাপত্যের নিদর্শন আগ্রার তাজমহল আজও সারা বিশ্বের দর্শকের বিমুগ্ধ বিস্ময় সৃষ্টি করে চলেছে। শাহ্‌জাহান পত্নী মমতাজের (নূরজাহানের ভ্রাতুষ্পুত্রী) সমাধির ওপর নির্মিত এই স্মৃতিসৌধ বহুমূল্য মর্মর প্রস্তরে নির্মিত, অননুকরণীয় কারুকার্য-মন্ডিত। তিন কোটি টাকা ব্যয়ে বাইশ বৎসরে এটি নির্মিত হয়। মণিমুক্তাখচিত বিশ্ববিখ্যাত ময়ূর সিংহাসন শাহ্‌জাহানের শিল্পানুরাগের আর একটি উদাহরণ। শিল্পী বেবাদল খানের দীর্ঘ আট বৎসর পরিশ্রমে ও বিপুল অর্থব্যয়ে এটি নির্মিত হয়েছিল। বিশ্ববিশ্রুত কোহিনূর মণি তাঁর মুকুটেই শোভা পেত। শাহ্‌জাহানের আমলে হিন্দু চিত্রশিল্পরীতি ও ইউরোপীয় চিত্রশিল্পরীতির সংমিশ্রণে একটি নতুন চিত্রশিল্পের যথেষ্ট উন্নতি ঘটেছিল। এযুগের শ্রেষ্ঠ শিল্পী নাদির সমরকন্দি তাঁর রাজসভা অলঙ্কৃত করতেন। শাহ্‌জাহান সাহিত্যেরও পৃষ্ঠপোষক ছিলেন। বহু কবি ও সাহিত্যিক তাঁর রাজসভা অলঙ্কৃত করতেন। তাঁর আমলে রচিত বিখ্যাত ইতিহাস-সাহিত্য হ'ল হামিদ লাহোরী প্রণীত 'বাদশাহ্‌নামা' এবং কাফী খাঁ প্রণীত 'মুন্তাখাব-উল-লুবাব'। এই সমস্ত কারণে শাহ্‌জাহানের রাজত্বকালকে মুঘল শাসনের স্বর্ণযুগ বলে অভিহিত করা হয়।

শাহ্‌জাহানের শেষ জীবন: শাহ্‌জাহানের শেষ জীবন খুবই দুঃখময়। পীড়িত পিতার মৃত্যু আসন্ন মনে করে তাঁর চার পুত্র দারা, সুজা, ঔরঙ্গজীব ও মুরাদ সিংহাসন লাভের জন্য পরস্পর দ্বন্দ্বে লিপ্ত হন। এঁদের মধ্যে ঔরঙ্গজীব ছিলেন কূটকৌশলী, বুদ্ধিমান, সাহসী ও হৃদয়হীন। তিনি সমস্ত ভ্রাতাদের যুদ্ধে পরাজিত করেন। মুরাদ ও দারাকে হত্যা করা হয়। সুজা আরাকানে পলায়ন করেন ও

সেখানেই তাঁর মৃত্যু হয়। অবশেষে ঔরঙ্গজীবের হাতে বন্দী অবস্থায় নানা নির্যাতন ভোগ করে বৃদ্ধ শাহ্‌জাহান দেহত্যাগ করেন (১৬৬৬ খ্রীঃ)।

ঔরঙ্গজীব (১৬৫৮-১৭০৭) : রক্তক্ষয়ী ভ্রাতৃঘাতী দ্বন্দ্বে জয়ী হয়ে পিতাকে বন্দী করে নিষ্কণ্টক হয়ে সিংহাসনে বসেন ঔরঙ্গজীব। তাঁর উপাধি হয় 'আলমগীর' (পৃথিবী জয়ী), 'বাদশাহ' (সম্রাট) ও 'গাজী' (ধর্মযোদ্ধা)। উত্তরাধিকার দ্বন্দ্বের সময় বহু জমিদার ও রাজা মুঘল রাজকোষে রাজস্ব জমা না দিয়ে মুঘল সাম্রাজ্যের অন্তর্গত ভূখণ্ডে লুঠতরাজ শুরু করেছিল। তাই সে সমস্ত স্থানে মুঘল কর্তৃত্বের পুনঃপ্রতিষ্ঠা জরুরী হয়ে দেখা দিয়েছিল। প্রাথমিক পর্বে সাম্রাজ্য বিস্তৃতির চেয়ে সাম্রাজ্যের সংহতি সাধনের ওপরই তিনি গুরুত্ব আরোপ করেছিলেন বেশী। ঔরঙ্গজীব বিকানীরে মুঘল প্রাধান্য পুনঃপ্রতিষ্ঠিত করলেন কিন্তু তা অধিকার করে নেন নি। কিন্তু পালামৌতে বিদ্রোহ দমন করেই ক্ষান্ত হন নি—তার অধিকাংশ ভূখণ্ড নিজ সাম্রাজ্যভুক্ত করেন। বুন্দেলখণ্ডে বিদ্রোহ কঠোরভাবে দমিত হলেও তা দখল করে নেন নি।


উত্তর ভারতে বিদ্রোহ দমন, সাম্রাজ্যের সংহতি সাধন ও রাজ্য বিস্তার



ঔরঙ্গজীব

ঔরঙ্গজীবের রাজত্বকালে উত্তর-পূর্ব ও পূর্ব সীমান্ত আরও কিছুটা বিস্তৃতি লাভ করেছিল। বাংলার মুঘল শাসনকর্তা মীরজুমলা কুচবিহার জয় করে (১৬৬১ খ্রীঃ) আসামে প্রবেশ করেন (১৬৬৩ খ্রীঃ)। কয়েক মাস যুদ্ধ চলার পর পরাজিত আহোমরাজ বার্ষিক কর দিতে স্বীকৃত হয়ে সন্ধি স্থাপন করেন। কিন্তু মীরজুমলার আকস্মিক মৃত্যুতে দুর্ধর্ষ আহোমরা স্বাধীনতা ঘোষণা করে এবং হৃত স্থানগুলি পুনরুদ্ধার করে। সেইসঙ্গে কুচবিহারও মুঘলদের হাতছাড়া হয়ে যায়। পরবর্তী বাংলার শাসনকর্তা শায়েস্তা খান পর্তুগীজ ও আরাকানী জলদস্যুদের পরাজিত করে সন্দ্বীপ দখল করেন। এরপর পর্তুগীজদের অর্থ দিয়ে বশীভূত করে আরাকান নৌবহরকে বিধ্বস্ত করে চট্টগ্রাম দখল করে নেন (১৬৬৬ খ্রীঃ)। ফলে বাংলার বৈদেশিক বাণিজ্য সমৃদ্ধ হয়ে ওঠে। উড়িষ্যায় আফগানদের বিদ্রোহ দমন করে বালেশ্বরের বাণিজ্য পুনঃপ্রতিষ্ঠিত হয়।

রাজ্য বিস্তার উত্তর-পূর্ব ও পূর্ব সীমান্ত


ঔরঙ্গজীবের সময়ে
মোগল সাম্রাজ্য
সীমা
কাবুল
কাশ্মীর
শ্রীনগর
গজনী
কান্দাহার
মুলতান
পানিপথ
দিল্লী
আগ্রা
গোয়ালিয়র
এলাহাবাদ
পাটনা
আসাম
ঢাকা
চট্টগ্রাম
মেবার
আমেদাবাদ
কটক
বেরার
ঔরাঙ্গাবাদ
বোম্বাই
আহম্মদনগর
সাতারা
বিজাপুর
গোয়া
বেলারী
মাদ্রাজ
মাদুরা

ঔরঙ্গজীব রাজত্বকালের প্রথমার্ধে উত্তর ভারত নিয়েই ব্যস্ত ছিলেন, কিন্তু দাক্ষিণাত্য সম্বন্ধেও তাঁর আগ্রহ কম ছিল না। নিজেদের মধ্যে গৃহবিবাদে লিপ্ত হওয়ায় বিজাপুর ও গোলকুণ্ডা তখন পতনোন্মুখ। এই সুযোগে মারাঠা শক্তি দুর্বার হয়ে ওঠে। সুতরাং ঐ রাজ্যদুটির বিলোপ সাধন করে মারাঠা শক্তিকে চূর্ণ করা ছিল ঔরঙ্গজীবের দাক্ষিণাত্য নীতির মূল লক্ষ্য। এছাড়া, সুন্নীপন্থী সম্রাট শিয়াপন্থী রাজ্যকেও ধ্বংস করতে উদ্‌গ্রীব ছিলেন। ঔরঙ্গজীব তাঁর রাজত্বের শেষ পঁচিশ বৎসর (১৬৮১-১৭০৭) দাক্ষিণাত্যেই কাটিয়েছিলেন। তিনি বিজাপুর ও গোলকুণ্ডা জয় সমাপ্ত করেন। মারাঠাদের বিরুদ্ধে বহু যুদ্ধে লিপ্ত হয়ে তাদের অধিকৃত অঞ্চলগুলি জয় করেন। কিন্তু মারাঠা শক্তিকে ধ্বংস তিনি করতে পারেন নি। সে যাই হোক, এইভাবে অতি অল্প কালের জন্য হলেও প্রায় সমগ্র ভারতেই রাষ্ট্রীয় ঐক্য স্থাপিত হয়েছিল। আর তাঁর রাজত্বকালেই মুঘল সাম্রাজ্য উত্তরে কাশ্মীর থেকে দক্ষিণে জিঞ্জি এবং পশ্চিমে হিন্দুকুশ থেকে পূর্বে চট্টগ্রাম পর্যন্ত বিস্তৃত হয়ে পড়ে। অর্থাৎ এই সাম্রাজ্য তাঁর আমলেই সর্বাধিক বিস্তৃত হয়েছিল।

দাক্ষিণাত্য নীতি

মুঘল কর্তৃত্ব-বিরোধী আন্দোলনসমূহঃ ঔরঙ্গজীব মুঘল বংশের শেষ ক্ষমতাশালী সম্রাট। তাঁর প্রায় পঞ্চাশ বৎসরের রাজত্বকালে মুঘল সাম্রাজ্য যেমন সর্বাধিক বিস্তৃতিলাভ করেছিল তেমনি বিভিন্ন অঞ্চলে বিদ্রোহ সেই সাম্রাজ্যের পতনের পথ প্রস্তুত করছিল। বিদ্রোহগুলি তিনি দমন করে যেতে পারেন নি। বস্তুতঃ, উত্তর ভারতে জাঠ ও রাজপুত, উত্তর-পশ্চিম ভারতে আফগান ও শিখদের এবং দাক্ষিণাত্যে মারাঠাদের বিদ্রোহ তাঁর সাম্রাজ্যের ভিত্তি কাঁপিয়ে দিয়েছিল। প্রকৃতিগত দিক থেকে এগুলি বিভিন্ন। রাজপুত বিদ্রোহের সঙ্গে জড়িত ছিল উত্তরাধিকারের প্রশ্ন। জাঠদের আন্দোলন ছিল মূলতঃ কৃষি-সংক্রান্ত। শিখ আন্দোলনের মূলে ছিল ধর্মীয় প্রশ্ন। শেষপর্যন্ত শিখ ও জাঠ আন্দোলন স্বাধীন রাজ্য স্থাপনের আন্দোলনে পর্যবসিত হয়। আফগান বিদ্রোহের প্রকৃতি উপজাতীয় হলেও এর গভীরে ছিল স্বাধীন স্বরাজ্য স্থাপনের বাসনা। মারাঠাদের বিদ্রোহের মূলে ছিল আঞ্চলিক স্বাধীনতার কামনা। পূর্বের মত অর্থনৈতিক ও সামাজিক উপাদানও এগুলিতে ক্রিয়াশীল ছিল। আধুনিক ঐতিহাসিকরা স্বীকার করেন না যে, এগুলি সমস্তই ঔরঙ্গজীবের সংকীর্ণ ও অনুদার ধর্মীয় নীতির প্রতিক্রিয়ায় ঘটেছিল। প্রকৃতপক্ষে সংখ্যাগরিষ্ঠ হিন্দুদের যে কোন বিদ্রোহ সংখ্যালঘিষ্ঠ মুসলিম শাসক ও প্রশাসক গোষ্ঠীর দৃষ্টিতে ইসলাম ধর্মের প্রতি স্পর্ধিত আহ্বান বলে প্রতিভাত হত। আর এই বিদ্রোহগুলির হিন্দু নেতারা হিন্দুধর্ম বিপন্ন জিগীর তুলে জনসমর্থন স্ফীত করে তোলার সুযোগ নিতেন।

মুঘল সাম্রাজ্য বিরোধী আন্দোলনের প্রকৃতি

গোকলা নামে এক স্থানীয় জমিদারের নেতৃত্বে মথুরায় জাঠরা সর্বপ্রথম মুঘল সম্রাটের বিরুদ্ধে বিদ্রোহ করে। পেশায় কৃষিজীবী এই শ্রেণী ভূমি-রাজস্ব আদায়ের

ব্যাপার নিয়ে জাহাঙ্গীর ও শাহ্‌জাহানের রাজত্বকালেও বিদ্রোহ করেছিল। ঔরঙ্গজীব স্বয়ং জাঠদের পরাজিত করে এই বিদ্রোহ দমন করেন (১৬৬৯)। এর চেয়ে তীব্র হয়েছিল মথুরার সন্নিকটে সৎনামীদের বিদ্রোহ (১৬৭২)। বাণিজ্য ও কৃষিতে নিযুক্ত অনুন্নত হিন্দু ছিল এরা। হিন্দু ও মুসলমান ভেদাভেদ তারা মানত না। তাদের এক নেতৃস্থানীয় ব্যক্তি মুঘল সৈন্যের হাতে নিহত হলে তারা বিদ্রোহী হয়। এদের দমনে স্বয়ং ঔরঙ্গজীবকে সসৈন্যে আসতে হয়েছিল। রাজপুতসহ বহু হিন্দু জমিদার এই বিদ্রোহে মুঘল পক্ষ অবলম্বন করেছিলেন। পরবর্তীকালে জাঠরা রাজারামের নেতৃত্বে বিদ্রোহী হয়। রাজপুত জমিদাররা ঐ অঞ্চলে রাজস্ব আদায়ের ভার পেলে জাঠ বনাম রাজপুত দ্বন্দ্ব তীব্র হয়ে ওঠে। অবশেষে রাজারাম ও তাঁর উত্তরাধিকারী চূড়ামণ বশ্যতা স্বীকারে বাধ্য হন। তবু জাঠরা পার্শ্ববর্তী অঞ্চলে মুঘল কর্তৃত্ব অস্বীকার করে লুঠতরাজ চালিয়ে যায়। অবশেষে অষ্টাদশ শতাব্দীতে মুঘল সাম্রাজ্যের অবক্ষয়ের সুযোগে চূড়ামণ একটি স্বাধীন জাঠরাজ্য গড়ে তোলেন।

জাঠ ও সৎনামীদের বিদ্রোহ

বুন্দেলখণ্ডের বুন্দলা রাজপুতরা ছত্রশালের নেতৃত্বে মুঘল শক্তির বিরুদ্ধে দীর্ঘ সংগ্রামের পর মালবের পূর্বাংশ নিয়ে একটি ক্ষুদ্র স্বাধীন হিন্দু রাজ্য গড়ে তোলে।

বুন্দেলা বিদ্রোহ

আফগান উপজাতিদের বিদ্রোহঃ উত্তর-পশ্চিম সীমান্তে দুর্ধর্ষ ও স্বাধীনচেতা আফগান উপজাতিদের স্থায়ীভাবে দমন করে রাখতে মুঘল সম্রাটরা পারেন নি। ঔরঙ্গজীবের রাজত্বকালে সেখানকার আফ্রিদি, খটক, য়ুসুফ্‌জাই উপজাতিদের অভ্যুত্থানগুলির পেছনে তাদের ইসলাম ধর্মের অনুপ্রেরণা ছিল। কিন্তু তাদের মূল লক্ষ্য ছিল স্বতন্ত্র রাষ্ট্র গড়ে তোলা। এই সমস্ত বিদ্রোহ দমন করতে গিয়ে ঔরঙ্গজীবকে কান্দাহার থেকে আটক পর্যন্ত ক্রমাগত যুদ্ধ করতে হয়েছিল। মুঘল অর্থ ও লোকক্ষয়ই শুধু হয় নি, এখানে মুঘল সেনাপতি ও সৈন্যবাহিনীর ব্যস্ততার সুযোগে মারাঠা-গৌরব শিবাজী দাক্ষিণাত্যে তাঁর শক্তিবৃদ্ধি করেন।

আফ্রিদি, খটক, য়ুসুফজাই উপজাতিদের বিদ্রোহ

শিখদের বিদ্রোহঃ ঔরঙ্গজীবের ধর্মীয় উৎপীড়নে ক্ষুব্ধ হয়ে শিখরা মুঘল রাজশক্তির বিরোধিতা করতে বাধ্য হয়। শিখ নবম গুরু তেগবাহাদুরকে বন্দী করে দিল্লীতে আনা হয়। গুরু তেগবাহাদুর ইসলাম ধর্ম গ্রহণের পরিবর্তে প্রাণদণ্ড বেছে নেন। এই ঘটনায় শিখদের মধ্যে দারুন উত্তাপ ও উত্তেজনার সৃষ্টি হয়। মুঘলদের বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণের উদ্দেশ্যে দশম ও শেষ গুরু গোবিন্দ সিংহ শিখ সম্প্রদায়কে সামরিক সম্প্রদায়ে পরিণত করেন।

রাজপুত বিদ্রোহঃ রাজপুত নীতিঃ মুঘল সাম্রাজ্যের বিস্তার ও সমৃদ্ধিতে রাজপুতদের সামরিক সাহায্য ও রাজনৈতিক সহযোগিতার অবদান ছিল সবচেয়ে বেশি। কিন্তু ঔরঙ্গজীবের ভ্রান্ত নীতির ফলে তাদের অপরিহার্য সাহায্য থেকে বঞ্চিত হয় মুঘল সাম্রাজ্য। যোধপুরের রাজপুত রাজা যশোবন্ত সিংহ ঔরঙ্গজীবের

পক্ষাবলম্বী ছিলেন। তাঁর মৃত্যুর পর ঔরঙ্গজীব যশোবন্তের শিশুপুত্র অজিত সিংহকে দিল্লীতে এনে রাজ-অন্তঃপুরে তাকে লালন-পালনের ব্যবস্থা করেন। মারওয়ারবাসীদের ধারণা হয় সম্রাট তাঁকে ইসলাম ধর্মে ধর্মান্তরিত করবেন। তখন মারওয়ারের রাঠোর বীর দুর্গাদাস অজিত সিংহকে উদ্ধার করে যোধপুরে নিয়ে আসেন। তখন ঔরঙ্গজীব যোধপুর দখল করে নেন। ফলে রাজপুতদের সঙ্গে মুঘলদের যুদ্ধ বাধে। মেবারের রাণা রাজসিংহ এই যুদ্ধের নেতৃত্ব গ্রহণ করেন। রাজপুতদের গেরিলা আক্রমণে বিপর্যস্ত হয়ে মুঘল সম্রাট রাজসিংহের পুত্র জয়সিংহের সঙ্গে সন্ধি স্থাপন করেন (১৬৮১ খ্রীঃ)। কিন্তু আমৃত্যু ঔরঙ্গজীবকে মারওয়াড়ের সঙ্গে যুদ্ধ চালিয়ে যেতে হয়।

মারাঠা অভ্যুত্থান ঃ প্রবল পরাক্রমশালী সম্রাট ঔরঙ্গজীবের বিরুদ্ধে বিদ্রোহী মারাঠারা তাঁর জীবদ্দশাতেই স্বাধীন সত্তা অর্জন করেছিল। এর কতকগুলি কারণ ছিল। মহারাষ্ট্র ছিল পার্বত্যময় এবং অনুর্বর। তাই মারাঠারা ছিল কষ্টসহিষ্ণু, পরিশ্রমী ও দুর্ধর্ষ। এই কারণে দাক্ষিণাত্যের সুলতানরা তাদের সৈন্যবাহিনী ও রাজস্ববিভাগে নিযুক্ত করতেন। সুতরাং তারা যুদ্ধবিদ্যা ও শাসন ব্যবস্থার অমূল্য অভিজ্ঞতা লাভ করেছিল। আবার দেশ পর্বতসঙ্কুল হওয়ায় গেরিলা যুদ্ধে তারা পারদর্শী হয়ে উঠেছিল। সুতরাং মহরাষ্ট্রে বিদ্রোহ দমন আদৌ সহজসাধ্য ছিল না। একনাথ, তুকারাম, রামদাস প্রমুখ ভক্তিধর্ম প্রচারকদের প্রভাবে শতধা বিচ্ছিন্ন মারাঠা জাতির মধ্যে একাত্মবোধ জাগ্রত হয়। এই জাতীয়তাবোধকে সুদৃঢ় করার জন্য প্রয়োজন ছিল একজন সুযোগ্য নেতার। শিবাজী সেই নেতৃত্বপদ গ্রহণ করে মারাঠা জাতিকে ঐক্যবদ্ধ করে একটি ধর্মপ্রাণ দুর্ধর্ষ সামরিক জাতিতে পরিণত করলেন।

মারাঠাদের জাতীয় অভ্যুত্থানের কারণ

শিবাজীর প্রাথমিক জীবন ঃ শিবাজীর পিতা শাহজী ভোঁসলে প্রথম জীবনে আহম্মদনগরের সুলতানের অধীনে কাজ করতেন। পুণা অঞ্চলে তিনি জায়গীর লাভ করেন। ঐ সময় পুণার অন্তর্গত শিবনের গিরিদুর্গে শিবাজী জন্ম-গ্রহণ করেন (১৬২৭ খ্রীঃ, মতান্তরে ১৬৩০ খ্রীঃ)। শাহজী বিজাপুরের অধীনে চাকুরি নিয়ে তাঁর দ্বিতীয় পত্নী তুকাবাঈ-সহ সেখানে চলে যান। পুণায় শিশুপুত্র শিবাজী ও তার মাতা জীজাবাঈ-এর রক্ষণাবেক্ষণের ভার পড়েছিল দাদাজী কোণ্ডদেব নামে জনৈক ব্রাহ্মণের ওপর। মাতা ও কোণ্ডদেবের কাছ থেকে রামায়ণ-মহাভারতের গল্প শুনে বালক বয়সেই শিবাজী দক্ষিণ ভারতে হিন্দুরাজ্য গঠনের স্বপ্ন দেখতেন। মহারাষ্ট্রের দুর্ধর্ষ উপজাতি মাওয়ালীদের শিক্ষা দিয়ে শিবাজী একটি সুগঠিত সৈন্যবাহিনী গড়ে তোলেন। এদের সাহায্যে শিবাজী বিজাপুর রাজ্যের বিশৃঙ্খলার সুযোগে তোরণা দুর্গ অধিকার করেন। এরপর তিনি রায়গড়, বড়মতি, ইন্দ্রপুর, পুরন্দর, কোন্দন প্রভৃতি দুর্গগুলি দখল করে নেন।

ফলে বিজাপুরের সুলতান শিবাজীর আগ্রাসী নীতিকে প্রতিহত করার উদ্দেশ্যে তাঁর পিতা শাহজীকে বন্দী করে রাখেন। কূটকৌশলী শিবাজী শাহজাহানের পুত্র

মুরাদের হস্তক্ষেপ প্রার্থনা করলেন। এতে পিতার কারামুক্তি ঘটলেও তাঁকে ছয় বৎসর-কাল নিশ্চেষ্ট থাকতে হল। অবশ্য এই সুযোগে তিনি ভবিষ্যতের জন্য প্রস্তুতি চালাতে থাকেন।

১৬৫৬ খ্রীষ্টাব্দে দাক্ষিণাত্যের সুবাদার ঔরঙ্গজীব বিজাপুর রাজ্য আক্রমণ করলে শিবাজী বিজাপুরের বিরুদ্ধে আক্রমণাত্মক কার্যকলাপ বৃদ্ধি করেন। তিনি জাওলী দখল করে নেন। ঔরঙ্গজীব তাঁর বিরুদ্ধে মুঘল সৈন্য প্রেরণ করেন। তখন শিবাজী পলায়ন করেন। কিন্তু ঔরঙ্গজীব দিল্লী গমন করলেন। বিজাপুরের সুলতান শিবাজীর বিরুদ্ধে আফজল খানকে প্রেরণ করলেন। সন্ধির শর্তাদি আলোচনার জন্য উভয়ের সাক্ষাৎকারকালে শিবাজী 'বাঘনখ' অস্ত্রের সাহায্যে আফজল খানকে হত্যা করেন। সেনাপতির মৃত্যুসংবাদে বিচলিত মুঘল সৈন্যবাহিনী ছত্রভঙ্গ হয়ে যায়। শিবাজী কোলাপুর ও কোঙ্কন দখল করে নেন।


আফজল খানকে হত্যা

ঔরঙ্গজীব দিল্লীর সিংহাসনে অধিষ্ঠিত হয়ে সেনাপতি শায়েস্তা খানকে শিবাজীর বিরুদ্ধে প্রেরণ করেন (১৬৬০ খ্রীঃ)। কিন্তু শায়েস্তা খান পরাজিত ও আহত হয়ে ফিরে আসেন। এরপর শিবাজী সুরাট বন্দর লুঠতরাজ করেন। ঔরঙ্গজীব এরপর শিবাজীর বিরুদ্ধে পাঠালেন জয়সিং ও দিলীর খানকে। পুরন্দর দুর্গ অবরুদ্ধ হলে শিবাজী সন্ধি স্থাপন করতে বাধ্য হন। পুরন্দরের সন্ধি (১৬৬৫ খ্রীঃ) অনুযায়ী শিবাজী ২৩টি দুর্গ মুঘলদের হাতে সমর্পণ করেন এবং শিবাজীর আট বৎসরের পুত্র শম্ভুজীকে পাঁচ হাজারী মনসবদারের পদ দেওয়া হল। শিবাজী মুঘল বাদশাহের অধীনে কাজ করবেন আর বিজাপুর রাজ্য মুঘল অধিকারে এলে কয়েকটি অঞ্চল নিজে নিয়ে বার্ষিক কিস্তিতে মুঘল সম্রাটকে এক কোটি ষাট লক্ষ টাকা পাঠাবেন বলে প্রতিশ্রুতি দেন। অনুরুদ্ধ হয়ে শিবাজী আগ্রায় মুঘল দরবারে উপস্থিত হন। কিন্তু স্বাধীন নৃপতিসুলভ ব্যবহার না পাওয়ায় প্রতিবাদ করলে ঔরঙ্গজীব তাঁকে বন্দী করেন। শিবাজী তখন কৌশলে কারাগার থেকে পালিয়ে আসেন (১৬৬৬)।

পুরন্দরের সন্ধি, শিবাজীর বন্দিত্ব ও পলায়ন

কিছুকাল শান্তিতে অতিবাহিত হল, কিন্তু শীঘ্রই শিবাজীর সঙ্গে মুঘলদের সংঘর্ষ দেখা দিল। তিনি মুঘলদের হাতে যে সমস্ত দুর্গ সমর্পণ করেছিলেন সেগুলি একে একে পুনর্দখল করতে থাকেন। ১৬৭০ খ্রীষ্টাব্দে তিনি দ্বিতীয়বার সুরাট বন্দর লুণ্ঠন করেন। দু' বৎসর পর সেখান থেকে 'চৌথ' বা রাজস্বের এক-চতুর্থাংশ আদায় করেন। ঔরঙ্গজীব উত্তর-পশ্চিম সীমান্তে ব্যস্ত থাকায় শিবাজী সেই সুযোগে বারবার মুঘলদের পরাজিত করেন এবং ১৬৭৪ খ্রীষ্টাব্দে রায়গড়ে সাড়ম্বরে তাঁর রাজ্যাভিষেক সম্পন্ন হয় এবং তিনি 'ছত্রপতি' এবং 'গো-ব্রাহ্মণ-প্রতিপালক' উপাধি ধারণ করেন। এরপর তিনি জিঞ্জি, ভেলোর ও মহীশূরের এক বৃহৎ অংশ অধিকার করেন। এইভাবে তাঁর রাজ্য উত্তরে সুরাটের নিকটবর্তী ধরমপুর থেকে দক্ষিণে কানাড়া জেলা এবং পূর্বে

শিবাজীর অভিষেক ও রাজ্য বিস্তার


নর্মদা নদী
তাপ্তী নদী
সুরাট
মো গ ল
সা ম্রা জ্য
ঔরঙ্গাবাদ
গোদাবরী নদী
আহমদনগর
কুর্দলা
বেসিন
সলসেট
বোম্বাই
পুনা
রায়গড়
প্রতাপগড়
স্বর্ণদুর্গ
রত্নগিরি
সাতারা
নলদুর্গ
শোলাপুর
হায়দারাবাদ
ভীমা নদী
কৃষ্ণা নদী
ঘেরিয়া
বেলগাম
গোয়া
বেলারী
পেনার নদী
তুঙ্গভদ্রা নদী
কোলার
বাঙ্গালোর
ভেলোর
মাদ্রাজ
অরণী
জিঞ্জি
পোর্টোনোবো
কাবেরী নদী
তাঞ্জোর
শিবাজীর সাম্রাজ্য
শিবাজীর সাম্রাজ্যের সীমা

বাগনালা থেকে পশ্চিমে আরব সাগর পর্যন্ত বিস্তৃত হয়। ১৬৮০ খ্রীষ্টাব্দে তিনি আকস্মিকভাবে দেহত্যাগ করেন।

শিবাজীর শাসন ব্যবস্থাঃ শিবাজী শুধু দুঃসাহসী যোদ্ধাই ছিলেন না, ছিলেন কুশলী সংগঠক ও দক্ষ শাসক। স্বৈরতন্ত্রে তাঁর পূর্ণ আস্থা থাকলেও তিনি ছিলেন প্রজাহিতব্রতী শাসক। তিনিই ছিলেন রাষ্ট্রের সর্বময় শাসক। 'অষ্ট প্রধান' বা আটজন মন্ত্রী তাঁকে শাসন ব্যাপারে সাহায্য করতেন। এঁরা হলেন—(১) 'পেশোবা' বা প্রধান মন্ত্রী; (২) 'অমাত্য' বা অর্থমন্ত্রী ও হিসাবরক্ষক; (৩) 'সুমন্ত' বা পররাষ্ট্র মন্ত্রী; (৪) 'মন্ত্রী' বা 'ওয়াকিনবিশ' অর্থাৎ রাজ্য ও বিচারালয়ের যাবতীয় কাজের বিবরণ লেখক; (৫) 'সচিব' বা 'সুরনবিশ' অর্থাৎ সরকারী চিঠিপত্রাদির দায়িত্ব প্রাপ্ত এবং মহাল ও পরগনার হিসাব পরীক্ষার ভারপ্রাপ্ত মন্ত্রী; (৬) 'সেনাপতি' বা রাজার পরেই সর্বোচ্চ সেনাধ্যক্ষ; (৭) 'পণ্ডিতরাও' বা রাজপুরোহিত এবং (৮) 'ন্যায়াধীশ' বা প্রধান বিচারক। পণ্ডিতরাও ও ন্যায়াধীশ ছাড়া সকলকেই সামরিক ও বেসামরিক উভয় দায়িত্বই পালন করতে হত।

কেন্দ্রীয় শাসন

শাসনের সুবিধার জন্য শিবাজীর রাজ্য কয়েকটি 'প্রান্ত' বা প্রদেশে বিভক্ত ছিল। প্রত্যেকটি প্রান্তে একজন করে প্রাদেশিক শাসনকর্তা নিযুক্ত থাকতেন। তাঁকে সাহায্য করত আটজন পরামর্শদাতা। প্রান্তের নিচের শাসনবিভাগগুলি হল 'পরগনা', 'তরফ' ও 'গ্রাম'। গ্রামের শাসনভার ন্যস্ত থাকত গ্রামের পঞ্চায়েতের ওপর।

প্রাদেশিক শাসন

শিবাজী কৃষি জমি জরিপ করিয়ে কৃষকদের দেয় খাজনা ধার্য করতেন। তিনি সরাসরি প্রজাদের কাছ থেকে রাজস্ব আদায়ের ব্যবস্থা করেছিলেন। উৎপন্ন ফসলের প্রথমে শতকরা ত্রিশ ভাগ, পরে শতকরা চল্লিশ ভাগ রাজস্ব হিসাবে ধার্য করেন শিবাজী। দুর্ভিক্ষে বা শস্যহানি ঘটলে কৃষকেরা রাজকর থেকে রেহাই পেত। কৃষির উন্নয়নের জন্য গরু, বীজ ইত্যাদি ক্রয়ের জন্য সহজ কিস্তিতে পরিশোধযোগ্য সরকারী ঋণ পেত কৃষকরা। রাজস্ব কর্মচারী খাজনা আদায়ের জন্য জোরজবরদস্তি করলে কঠোর শাস্তি ভোগ করত। ভূমি রাজস্ব ছাড়া প্রতিবেশী অঞ্চলগুলি থেকে 'চৌথ' (রাজস্বের এক-চতুর্থাংশ) এবং 'সরদেশমুখী' (কৃষকদের দেয় খাজনার এক-দশমাংশ) আদায় করা হত।

রাজস্ব নীতি

শিবাজী-প্রতিষ্ঠিত 'হিন্দবী স্বরাজ্যে'র (অর্থঃ হিন্দুদের নিজস্ব রাষ্ট্র) মেরুদণ্ড-স্বরূপ ছিল সৈন্যবাহিনী। শিবাজী প্রথমে পার্বত্য মাওয়ালীদের নিয়ে সৈন্যবাহিনী গঠন করেন। কিন্তু রাজ্যের সীমা বর্ধিত হলে একটি সুসংগঠিত স্থায়ী সৈন্যবাহিনী গঠন করেন। এটি প্রধানতঃ লঘু অস্ত্রধারী পদাতিক ও অশ্বারোহী বাহিনীতে বিভক্ত ছিল। অশ্বারোহী বাহিনীর ছিল দুটি ভাগ —বর্গী ও শিলাদার। বর্গীরা সরকার থেকে নিয়মিত বেতন, অস্ত্রশস্ত্র ও অশ্ব পেত। কিন্তু শিলাদাররা অর্থ পেলেও নিজস্ব অস্ত্রশস্ত্র ও অশ্ব যোগাড় করত। তাঁর একটি

সামরিক সংগঠন

নৌবাহিনীও ছিল। শিবাজীর সামরিক শক্তির অন্যতম উৎস ছিল বহু দুর্গ। সৈন্যবাহিনীতে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা কঠোর ভাবে বজায় রাখা হত। সৈন্যশিবিরে স্ত্রীলোকের অনুপ্রবেশ নিষিদ্ধ ছিল। মহারাষ্ট্রের মত পর্বতসঙ্কুল দেশে শিবাজীর সৈন্যদের গরিলা যুদ্ধের কৌশল তাদের দুর্জয় করে তুলেছিল।

শিবাজীর চরিত্র ও কৃতিত্বঃ মারাঠা ক্ষাত্রশক্তির প্রবাদপুরুষ বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন শিবাজী। তিনি ছিলেন একাধারে রণকুশল সেনাপতি, দুর্ধর্ষ বীর, বিচক্ষণ রাজনীতিবিদ্, অসাধারণ কূটনীতিবিদ্।

চরিত্র

তাঁর চরিত্রে হৃদয়বত্তা ছিল, বুদ্ধির দীপ্তিও ছিল, তাঁর নৈতিক চরিত্র ছিল সকল সন্দেহের উর্ধ্বে। হিন্দু ধর্মের প্রতি তাঁর প্রগাঢ় অনুরাগ ছিল। কিন্তু ধর্মান্ধতার কলুষ থেকে সম্পূর্ণ মুক্ত ছিলেন। মুসলমান সাধু-সন্তদের প্রতি তিনি শ্রদ্ধাশীল ছিলেন। আক্রমণকালে তিনি মুসলমান স্ত্রীলোকদের সম্মান রক্ষা ও মুসলমান শিশুদের নিরাপত্তার দিকে সজাগ দৃষ্টি রাখতেন। যুদ্ধকালে কোন মসজিদ বা মন্দির ধ্বংস করা বা কোন ধর্মগ্রন্থের অবমাননা করা তিনি সম্পূর্ণ নিষিদ্ধ করেছিলেন। মুসলমানদের ধর্মস্থানে আলোকসজ্জার ব্যয় নির্বাহের জন্য ভূমিদান তাঁর পরধর্মসহিষ্ণুতার সাক্ষ্য বহন করে। বস্তুতঃ বীরত্ব ও মনুষ্যত্বের মাপকাঠিতে শিবাজীকে মধ্যযুগের শ্রেষ্ঠ নৃপতিদের মধ্যে অন্যতম গণ্য করা যায়।

সামান্য একজন জায়গীরদারের পুত্র হয়ে শিবাজী নিজ প্রতিভা ও বাহুবলে দক্ষিণ ভারতে একটি বিস্তৃত হিন্দুরাজ্য স্থাপন করেছিলেন—এটি কম কৃতিত্বের কথা নয়। এই কৃতিত্ব সমকালীন ভারতে সবিশেষে উল্লেখযোগ্য কেন না এটি

কৃতিত্ব

ছিল সর্বধর্মাবলম্বীদের প্রতি সমব্যবহারের ভিত্তিতে গঠিত উদার হিন্দু রাষ্ট্র। তাঁরই ব্যক্তিত্বের যাদুস্পর্শে দল-উপদলে বিভক্ত মারাঠা জাতি আত্মমর্যাদা-সচেতন ও আত্মশক্তি-নির্ভর এক জাতিতে পরিণত হয়। তাই ইংরেজ শাসনের বিরুদ্ধে জাতীয় সংগ্রামের প্রথম দিকে মহারাষ্ট্রের বিপ্লবীরা মারাঠা জাতির স্রষ্টা এই মহানায়কের প্রেরণাদায়ক আদর্শে উদ্বুদ্ধ হয়ে ওঠেন।

ঔরঙ্গজীবের দাক্ষিণাত্য নীতির শেষ পর্বঃ আমরা দেখেছি, মৃত্যুর পূর্বে শিবাজী মুঘল-অধিকৃত প্রায় সমস্ত স্থানই পুনরধিকার করতে পেরেছিলেন। শিবাজীর মৃত্যুর পর শিবাজীর পুত্র শম্ভুজীর সঙ্গে ঔরঙ্গজীব যুদ্ধে লিপ্ত হন। কিন্তু তাঁর বিরুদ্ধেও সম্পূর্ণ সাফল্য ঔরঙ্গজীব লাভ করেন নি।

মারাঠা শক্তি ছাড়া দাক্ষিণাত্যের সুলতানী রাজ্য বিজাপুর ও গোলকুণ্ডা জয় করলেন ঔরঙ্গজীব। এর পর মারাঠাদের বিরুদ্ধে তিনি সর্বশক্তি নিয়োগ করলেন। মারাঠা রাজধানী রায়গড় তাঁর করায়ত্ত হল। শম্ভুজীর পুত্র শাহু মুঘলদের হাতে বন্দী হলেন। এরপর তিনি ত্রিচিনপল্লী ও তাঞ্জোরের হিন্দুরাজ্যগুলির রাজাদের পরাজিত করে তাঁর বশ্যতা স্বীকারে বাধ্য করেন। এইভাবে সমগ্র আর্যাবর্ত ও দাক্ষিণাত্য ঔরঙ্গজীবের শাসনাধীন হয়।

ঔরঙ্গজীবের দাক্ষিণাত্য নীতির ফলাফল ঃ ঔরঙ্গজীবের দাক্ষিণাত্য বিজয়ের ফল হল মারাত্মক। প্রথমতঃ, সুদূর দাক্ষিণাত্য পর্যন্ত সাম্রাজ্য বিস্তৃত হয়ে পড়ায় দিল্লী থেকে একজন শাসকের পক্ষে শাসন পরিচালনা অসম্ভব হয়ে পড়ে। অনিবার্যভাবে শাসনকার্যে বিশৃঙ্খলা ও শিথিলতা দেখা দেয়। দ্বিতীয়তঃ, দীর্ঘকাল দাক্ষিণাত্যে যুদ্ধে ব্যাপৃত থাকায় শুধু লোকক্ষয়ই হল না, মুঘল রাজকোষও শূন্য হয়ে গেল—দাক্ষিণাত্য থেকে বিশেষ অর্থাগমও হল না। আর দীর্ঘকাল ধরে যুদ্ধ হওয়ায় মুঘল সাম্রাজ্যের অন্যতম স্তম্ভ সৈন্যবাহিনীর মধ্যে যুদ্ধশ্রান্তি দেখা দেয়, তাদের মনোবল ও দক্ষতা দুইই নষ্ট হয়ে যায়। সর্বশেষে, দাক্ষিণাত্যে নিজ আধিপত্য সুপ্রতিষ্ঠিত করতে গিয়ে ঔরঙ্গজীব সেখানেই তাঁর জীবনের শেষ পঁচিশ বৎসর কাটাতে বাধ্য হন। উত্তর ভারতে তাঁর এই অনুপস্থিতির ফলে সেখানে মুঘল শাসন ব্যবস্থা ভেঙে পড়ে। জাঠ ও শিখরা বিদ্রোহী হয়। বিভিন্ন অঞ্চলের ভূস্বামী ও শাসনকর্তারা স্বেচ্ছাচারী হয়ে ওঠে। চারদিকে দেখা দেয় অশান্তি আর বিদ্রোহ। সুতরাং মুঘল সাম্রাজ্যের ভাঙনে ঔরঙ্গজীবের দাক্ষিণাত্য নীতি কম দায়ী ছিল না।

ঔরঙ্গজীবের শাসন ব্যবস্থা ঃ ঔরঙ্গজীবের রাজত্বকালে আকবর-প্রবর্তিত শাসন ব্যবস্থার কাঠামো পরিবর্তিত হয় নি। তবু তাঁর শাসনরীতির কয়েকটি দিক লক্ষণীয়। ১৬৭২ খ্রীষ্টাব্দে একটি ফরমান জারী করেছিলেন ঔরঙ্গজীব। এতে চুরি ইত্যাদি লঘু অপরাধে প্রাণদন্ড না দিতে বা বিচারকে বিলম্বিত না করতে নির্দেশ দিয়েছিলেন। আইন-কানুন যাতে কেউ অমান্য না করে সে বিষয়ে তাঁর প্রখর দৃষ্টি ছিল। তাঁর রাজত্বকালেই মুসলমান আইনের একটি মূল্যবান সংকলন 'ফতোয়া-ঈ-আলমগীরী' রচিত হয়েছিল। রাজস্ব বিষয়ে ঔরঙ্গজীবের নির্দেশ ছিল—খাজনা এমনভাবে নির্ধারণ করতে হবে যেন রায়তের সর্বনাশ না হয় এবং তারা অত্যাচাচিত না হয়; চাষের জিনিসের অভাব থাকলে ঋণ দিতে হবে, অবশ্য ঋণ-পরিশোধের ব্যবস্থাও থাকবে এবং প্রাকৃতিক দুর্যোগবশতঃ শস্যহানি ঘটলে রাজস্ব রেহাই দিতে হবে। দাক্ষিণাত্যের শাসক হিসাবে তিনি মুর্শিদকুলি খানের সাহায্যে সেখানে রায়তওয়ারী ব্যবস্থা গ্রহণ করেন এবং কৃষি ব্যবস্থার উন্নয়নের প্রয়াস করেন।

বেসামরিক শাসন ব্যবস্থা

সামরিক ব্যবস্থার দিক থেকে ঔরঙ্গজীবের রাজত্বকালের বৈশিষ্ট্য হল গোলন্দাজরা সংখ্যায় ও দক্ষতায় উন্নত হয়েছিল। পূর্বে বড় বড় গোলন্দাজরা ছিল বিদেশী কিন্তু এখন এই বিভাগে বিদেশীদের চাকরিলাভ সহজসাধ্য ছিল না। কিন্তু নৌ-শক্তির গুরুত্ব সম্বন্ধে মুঘল সম্রাটদের কেউই সচেতন ছিলেন না। তাই মুঘল নৌবাহিনী পর্যাপ্ত বা দক্ষ ছিল না।

সামরিক ব্যবস্থা

ঔরঙ্গজীবের ধর্মনীতি ঃ ঔরঙ্গজীব ছিলেন গোঁড়া সুন্নী মুসলমান। তিনি কোরাণ-নির্ধারিত ধর্মীয় অনুশাসনকে অক্ষরে অক্ষরে পালন করতেন। তিনি মুদ্রায় কল্‌মা খোদিত করা নিষিদ্ধ করেন, কেননা বিধর্মীদের স্পর্শে তা অপবিত্র হতে পারে।

তিনি 'নওরোজ' বা নববর্ষ উদ্‌যাপন, মদ-ভাঙ্‌ ও অন্যান্য নেশার জিনিস বিক্রয়, রাজসভায় নৃত্য-গীত ইসলাম-বিরোধী বলে নিষিদ্ধ করেন। বাদশাহের জন্মদিনে সোনা-রুপো-ধনরত্ন দিয়ে তাঁকে ওজন করার রীতি হিন্দু-প্রভাবিত বলে নিষিদ্ধ করেন। তাঁর স্বধর্মনিষ্ঠায় প্রীত হয়ে সমসাময়িকরা তাঁকে 'জিন্দাপীর' (অর্থঃ জীবিত সাধু) বলে চিত্রিত করেছেন। ঔরঙ্গজীব নিজে অত্যন্ত সরল ও অনাড়ম্বর জীবন যাপন করতেন। তাঁর নির্দেশে তাঁর সিংহাসন-কক্ষ সাদাসিধা ভাবে সজ্জিত হয়েছিল। রুপোর দোয়াতদানির পরিবর্তে চীনামাটির দোয়াতদানি ব্যবহারের নির্দেশ দিয়েছিলেন কেরাণীদের। আধুনিক গবেষকরা উপরোক্ত কাজগুলি ছাড়া আরও দৃষ্টান্ত দিয়ে দেখিয়েছেন যে, এগুলির পেছনে নৈতিক ও সামাজিক উন্নয়ন ও মিতব্যয়িতার অনুপ্রেরণা ছিল।

ঔরঙ্গজীবের স্বধর্মনিষ্ঠা

কিন্তু ঔরঙ্গজীবের স্বধর্মনিষ্ঠা বা নিজ ধর্মের শ্রেষ্ঠত্ববোধ তাঁকে পরধর্ম অসহিষ্ণু করে তুলেছিল বলে অনেকে মনে করেন। তিনি হিন্দুদের ওপর জিজিয়া কর পুনঃপ্রবর্তন করেন এবং হিন্দু বণিকদের ওপর শুল্কের হার দ্বিগুণ করেন। বহু হিন্দু মন্দির ধ্বংস করেন, অনেক মন্দিরকে মসজিদে রূপান্তরিত করেন। হিন্দু ধর্মমেলাগুলি বন্ধ করে দেন। তাদের ইসলাম ধর্মে দীক্ষিত করার চেষ্টা হয়। সামগ্রিক ভাবে ভারতবর্ষকে 'দার-উল-ইসলামে' (অর্থঃ ইসলামের দেশ) পরিণত করাই তাঁর উদ্দেশ্য ছিল। কিন্তু অধুনা কোন কোন গবেষক বলেছেন যে, ঔরঙ্গজীবের এই সমস্ত কাজের পিছনে ধর্মান্ধতা নেই—এগুলির উদ্দেশ্য ছিল রাজনৈতিক। তাঁর হিন্দু মন্দির ধ্বংসের কারণ—এগুলি ছিল হিন্দু সম্প্রদায়ের মধ্যে মুঘল সাম্রাজ্য উচ্ছেদকামীদের ষড়যন্ত্র ও অস্ত্রশস্ত্র মজুদ করার ঘাঁটি। জিজিয়া ছিল সামরিক কর। এই কর বাধ্যতামূলক ছিল সেই সমস্ত হিন্দুদের পক্ষে যারা যুদ্ধে অংশ গ্রহণ করত না। আবার জোর করে হিন্দুদের ধর্মান্তরিত করার চেষ্টা হয়ে থাকলে দিল্লী ও পার্শ্ববর্তী অঞ্চলে মুসলমানদের সংখ্যাগরিষ্ঠতা দেখা যেত। কিন্তু তা হয় নি।

ঔরঙ্গজীবের এই হিন্দুপীড়নের নীতি ও উদ্দেশ্য যাই থাক, একথা অবশ্যস্বীকার্য যে, হিন্দু-মুসলমানের সমন্বয় নীতির মাধ্যমে মুঘল শাসনকে যে দৃঢ়ভিত্তিতে আকবর প্রতিষ্ঠিত করেছিলেন তার একান্তই অভাব দেখা গেল ঔরঙ্গজীবের নীতিতে। ঔরঙ্গজীবের ধর্মীয় নীতির মূল উদ্দেশ্য সম্ভবতঃ ভারতবর্ষকে 'দার-উল-ইসলামে' পরিণত করা ছিল না। কেননা আধুনিক গবেষণায় কিছু হিন্দু মন্দির ও মঠের জন্য ঔরঙ্গজীবের পৃষ্ঠপোষকতার প্রমাণ পাওয়া গেছে। এ সমস্ত সত্ত্বেও বলা যায় যে, ঔরঙ্গজীব মুঘল রাষ্ট্রের ইসলামিক ভিত্তিকে প্রকট করে তুলেছিলেন। তাঁর হিন্দু মন্দির ধ্বংস, জিজিয়া কর স্থাপন ইত্যাদির পিছনে যে উদ্দেশ্যই থাক, হিন্দু মনে তা প্রচন্ড বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল। মনে রাখতে হবে মধ্যযুগে ধর্ম মানুষের জীবনে একটি বড় স্থান অধিকার করে থাকত। তাই জাঠ, বুন্দেলা, সৎনামী, রাজপুত, বিশেষতঃ শিখ ও মারাঠাদের বিদ্রোহের পেছনে নানাবিধ উপাদানের সঙ্গে আহত ধর্মবোধের প্রেরণা যুক্ত হয়ে সেগুলি তীব্র হয়ে ওঠে এবং মুঘল সাম্রাজ্যের ভিত্তি দুর্বল করে

দিতে থাকে। বস্তুতঃ মুঘল সাম্রাজ্যের পতনের পথ বহুল পরিমাণে প্রশস্ত করেছিল ঔরঙ্গজীবের ধর্মীয় নীতি।

ঔরঙ্গজীবের চরিত্র ও কৃতিত্বঃ ঔরঙ্গজীবের মত বিতর্কিত ব্যক্তিত্ব ইতিহাসে খুব অলপই দেখা যায়। ঔরঙ্গজীব ছিলেন তীক্ষ্মধী, দৃঢ়চিত্ত, প্রচন্ড শ্রমশীল সম্রাট। তিনি অতি সরল ও অনাড়ম্বর জীবনযাপন করতেন। তাঁর

গুণাবলী

চেহারায় রাজোচিত গাম্ভীর্য প্রকাশ পেত। তিনি ছিলেন বিদ্বান ও বিদ্যোৎসাহী। তাঁর রাজস্ব সংক্রান্ত ফরমানগুলি প্রমাণ করে যে তিনি আদৌ প্রজাপীড়ক ছিলেন না। শাসনের ক্ষেত্রে তাঁর মৌলিকতার পরিচয় পাওয়া যায় দাক্ষিণাত্যে সংস্কার সাধনের প্রয়াসের মধ্যে। রাজকর্তব্য ও দায়িত্ব সম্বন্ধে তাঁর ধারণা ছিল খুব উচ্চ। তিনি মনে করতেন যে, পরের মঙ্গল সাধনের জন্যই ঈশ্বর তাঁকে পৃথিবীতে পাঠিয়েছেন। বিদেশী পর্যটক ও ঐতিহাসিকরা তাঁর উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। কেউ কেউ তাঁকে শ্রেষ্ঠ সম্রাটও বলেছেন।

একথা সত্য যে, তিনিই মুঘল সাম্রাজ্যের সর্বাধিক বিস্তৃতি সাধন করেছিলেন, আবার তাঁর আমলেই ঐ সাম্রাজ্যের ধ্বংসের বীজ উপ্ত হয়েছিল। বহুগুণান্বিত এই সম্রাটের শাসক হিসাবে ব্যর্থতার বড় কারণ হল তাঁর ধর্মীয় নীতি।

শাসক হিসাবে ব্যর্থতার কারণ

ভারতের মত বিভিন্ন জাতি ও ধর্মের দেশে তাঁর প্রবল স্বধর্মনিষ্ঠা তাঁকে পরধর্মপীড়ক হিসাবে প্রতিভাত করেছিল। হিন্দু তথা রাজপুত, শিখ, মারাঠা এমনকি শিয়া সম্প্রদায়ভুক্ত মুসলমান সকলেরই তিনি আনুগত্য হারিয়ে মুঘল সাম্রাজ্যের পতন প্রায় সুনিশ্চিত করে তুলেছিলেন। অবশ্য এই সাম্রাজ্যের পতনের জন্য তিনিই একমাত্র দায়ী নন, তবু তার পতনের পথ বহুল পরিমাণে তিনিই প্রস্তুত করে গিয়েছিলেন।

ঔরঙ্গজীবের রাজত্বকালে ইউরোপীয় বাণিজ্য সংস্থাগুলির কার্যকলাপঃ ভারতবর্ষের প্রবাদতুল্য ঐশ্বর্যের আকর্ষণ ইউরোপীয় বণিকদের কাছে অপ্রতিরোধ্য হয়ে ওঠে। ইউরোপীয় বণিকরা ভারতের সঙ্গে

পর্তুগীজ বণিকরা

সরাসরি বাণিজ্য করার জন্য ভারতে আসতে থাকে। এ ব্যাপারে সবার আগে এসেছিল পর্তুগীজরা। ভাস্কো-ডা-গামা জলপথে দক্ষিণ ভারতের কালিকট বন্দরে পেঁছুনোর (১৪৯৮ খৃীঃ) পর পর্তুগীজরা ধীরে ধীরে দক্ষিণ ভারতের উপকূলভাগে তাদের বাণিজ্য ঘাঁটি গড়ে তোলে। কিন্তু সপ্তদশ শতকের প্রারম্ভে তাদের পতনের সূত্রপাত হয়। হল্যান্ডের অধিবাসী বা ওলন্দাজরা তাদের বহু ভারতীয় উপনিবেশ কেড়ে নেয়। ঔরঙ্গজীবের আমলে ভারতবর্ষে কেবলমাত্র গোয়া, দমন ও দিউ তাদের অধিকারে থাকে।

ওলন্দাজরা রাষ্ট্রীয় উদ্যোগে গড়ে তুলেছিল 'ইউনাইটেড ইস্ট ইন্ডিয়া কোম্পানী অব্ দি নেদারল্যান্ডস্' (১৬০২ খৃীঃ)। তারা ভারতবর্ষে কালিকট

ওলন্দাজ বণিকরা

ও সুরাটে বাণিজ্যকুঠি স্থাপন করে। পরে পর্তুগীজদের হাত থেকে সিংহল ও কোচিন দখল করে নেয়। এইভাবে ভারত মহাসাগরে পর্তুগীজদের

জায়গায় ওলন্দাজ প্রতিপত্তি স্থাপিত হয়। এছাড়াও তারা করোমন্ডল উপকূলে নেগাপটম্, বিহারে পাটনা, উড়িষ্যায় বালেশ্বর ও বাংলায় চুঁচুড়া, কাশিমবাজার, বরানগর প্রভৃতি স্থানে তাদের বাণিজ্য কুঠি গড়ে তোলে। ভারবর্ষ থেকে তারা রপ্তানী করত মসলা, নীল, কাপড়, রেশম, চাল, আফিম ইত্যাদি। অবশ্য ওলন্দাজদের সঙ্গে ইংরেজদের প্রবল প্রতিদ্বন্দ্বিতা দেখা দেয়।

দিনেমার বণিকরা

দিনেমাররা (ডেনমার্কের অধিবাসী) একটি কোম্পানী প্রতিষ্ঠিত করেছিল (১৬১৬ খ্রীঃ)। কিন্তু ভারতবর্ষে এদের ব্যবসা-বাণিজ্য আদৌ উল্লেখযোগ্য নয়। ইউরোপীয় বণিকদের মধ্যে ইংরেজ ও ফরাসীরা সাফল্য অর্জন করেছিল এবং এদের পারস্পরিক সংঘর্ষের ফলেই পরবর্তীকালে ভারত-ইতিহাসে এক নতুন অধ্যায় সংযোজিত হয়।

ইংরেজ বণিকরা

ইংরেজরাও ভারতে বাণিজ্য বিস্তারে এগিয়ে আসে। ১৬০০ খ্রীষ্টাব্দে একদল ইংরেজ বণিক জলপথে ভারতের সঙ্গে বাণিজ্য করার উদ্দেশ্যে ইস্ট ইন্ডিয়া কোম্পানী নামে একটি বাণিজ্যিক সংস্থা গড়ে তোলে এবং ইংল্যান্ডের রানী এলিজাবেথের কাছ থেকে পনের বৎসরের জন্য ভারতে একচেটিয়া বাণিজ্যের অধিকার পায়। প্রায় তের বৎসর পর এই কোম্পানী সুরাটে কুঠি নির্মাণের অনুমতি লাভ করে। পূর্বেই দেখেছি স্যার টমাস রো জাহাঙ্গীরের কাছ থেকে ইংরেজ বণিকদের স্বার্থে কিছু বাণিজ্যের সুযোগ আদায় করেন। ক্রমে আগ্রা, আমেদাবাদ, মসুলিপত্তম্ প্রভৃতি স্থানে তাদের বাণিজ্য কুঠি গড়ে ওঠে। এরপর ইস্ট ইন্ডিয়া কোম্পানী চন্দ্রগিরির রাজার কাছ থেকে মান্দ্রাজপট্টম নামে একটি ক্ষুদ্র গ্রামের ইজারা নেয় এবং সেন্ট জর্জ দুর্গ নামে একটি দুর্গ নির্মাণ করে। এখানেই পরে মাদ্রাজ শহর গড়ে ওঠে। সম্রাট শাহ্‌জাহান পর্তুগীজদের বাংলা থেকে বিতাড়িত করেন। ইংরেজরা হুগলী, ঢাকা ও কাশিমবাজারে কুঠি নির্মাণের অনুমতি পায়। তারা বাংলাদেশে সুতী ও রেশম বস্ত্র, চিনি ইত্যাদি দ্রব্যের ব্যবসা করত।

ইংল্যান্ডরাজ দ্বিতীয় চার্লস বিবাহের যৌতুক হিসাবে পর্তুগালের কাছ থেকে বোম্বাই পেয়েছিলেন। ১৬৬৮ খ্রীষ্টাব্দে তিনি বার্ষিক দেড়শ টাকার বিনিময়ে ইংরেজদের বোম্বাই ইজারা দেন। বোম্বাই বন্দরের গুরুত্ব এত বেড়ে যায় যে, এর দু'দশকের মধ্যেই সুরাটের পরিবর্তে বোম্বাই পশ্চিম উপকূলে ইংরেজদের প্রধান বাণিজ্য ঘাঁটিতে পরিণত হয়।

মুঘল সম্রাটরা ইংরেজদের বাংলাদেশে অবাধ বাণিজ্যের সুযোগ দিলেও তাঁদের কর্মচারীরা তাদের কাছ থেকে টাকা আদায় করত। এই সূত্রে ১৬৮৮ খ্রীষ্টাব্দে বাংলার সুবেদার শায়েস্তা খানের সঙ্গে কোম্পানীর বিরোধ দেখা দেয়। কোম্পানীর গভর্নর যোশিয়া চাইল্ড মুঘল সম্রাট ঔরঙ্গজীবের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে ইংরেজদের উৎসাহিত করেন কিন্তু যুদ্ধে ইংরেজরা পর্যুদস্ত হয়। সুরাটের কুঠি অধিকৃত হয় এবং ইংরেজদের এদেশ ত্যাগ করার নির্দেশ দেওয়া হয়। ঔরঙ্গজীবের কাছে ইংরেজরা ক্ষমাভিক্ষা করলে তারা এদেশে থাকার অনুমতি পায়। অবশ্য যুদ্ধের

ক্ষতিপূরণ হিসাবে তাদের দেড় লক্ষ টাকা সম্রাটকে দিতে হয় (১৬৯০ খ্রীঃ)। ঐ বৎসরই বাংলার নবাবকে বার্ষিক বারশ' টাকার বিনিময়ে জোব চার্ণক নামে জনৈক ইংরেজ সুতানুটি, গোবিন্দপুর ও কালীঘাট গ্রামগুলির ইজারা লাভ করেন এবং কলকাতার পত্তন করেন। ইংরেজরা নিজেদের নিরাপত্তার জন্য কলকাতায় ফোর্ট উইলিয়ম দুর্গ নির্মাণ করে (১৭০০ খ্রীঃ)। এইভাবে ক'লকাতা, বোম্বাই ও মাদ্রাজে ইংরেজদের তিনটি প্রধান বাণিজ্য-কেন্দ্র গড়ে ওঠে আর বাণিজ্যের পথ ধরেই ভারতবর্ষে ইংরেজ সাম্রাজ্য গড়ে ওঠে।

ফরাসী বণিকরা

সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে ফরাসীরাজ চতুর্দশ লুইয়ের মন্ত্রী কোলবার্টের উদ্যোগে 'ফ্রেঞ্চ ইস্ট ইন্ডিয়া কোম্পানী' গঠিত হয় (১৬৬৪ খ্রীঃ) এবং ভারতের সঙ্গে বাণিজ্য আরম্ভ করে। প্রথমে সুরাটে (১৬৬৮ খ্রীঃ) ও পরে মসুলিপত্তমে (১৬৬৯ খ্রীঃ) ফরাসী বাণিজ্য-কুঠি স্থাপিত হয়। ১৬৭৪ খ্রীষ্টাব্দে ফ্রাঁসোয়া মাঁর্ত্যার প্রচেষ্টায় পণ্ডিচেরী একটি সুন্দর শহর ও বাণিজ্যকেন্দ্রে পরিণত হয়। অবশ্য ১৬৯৩ খ্রীষ্টাব্দে ওলন্দাজদের সামরিক শ্রেষ্ঠত্বের জন্য তাদের কাছে পণ্ডিচেরী হারাতে হয়েছিল ফরাসীদের। তখন ইউরোপে ফ্রান্স যুদ্ধরত ছিল স্পেন, জার্মানী, হল্যাণ্ড ও ইংল্যান্ডের সঙ্গে। ১৬৯৭ খ্রীষ্টাব্দে যুদ্ধ শেষ হলে ফরাসীরা পণ্ডিচেরী ফিরে পায়। পণ্ডিচেরী ছাড়া সুরাট, মসুলিপত্তম্, চন্দননগর, ফরাসীদের অধীনে ছিল। ঢাকা, কাশিমবাজার, বালেশ্বর, পাটনা ও কালিকটে ফরাসী কারখানা ছিল। ১৭০৬ খ্রীষ্টাব্দে ফরাসীরা মালাবার উপকূলে মাহে অধিকার করে। অবশ্য একথা স্বীকার করতে হবে যে, পণ্ডিচেরী ছাড়া ফরাসীদের অন্যান্য স্থানের বাণিজ্য ও সঙ্গতিতে তাঁদের প্রতিদ্বন্দ্বী ইংরেজদের আদৌ সমকক্ষ তারা ছিল না।

পানিপথের প্রথম যুদ্ধ এবং নানা ঘটনা পরম্পরার মধ্য দিয়ে ভারতে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা ভারতবর্ষের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ঘটনা। মুঘল শাসন ভারতে এক নতুন যুগের সূচনা করে। ক্রমে মুঘল রাজশক্তির বিকাশ ও প্রসার ভারতবর্ষের রাষ্ট্র, সমাজ, অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবনে নতুন গতির সঞ্চার করে। হিন্দু-মুসলমান এই দুই ধারার মধ্যে অনেক ফারাক থাকা সত্ত্বেও ভারতবর্ষে মিশ্র এক নতুন সংস্কৃতির জন্ম হয়।

নতুন যুগের সূচনা

রাষ্ট্রীয় ঐক্যস্থাপন : প্রাচীন যুগ থেকে ভারতীয় জীবনের প্রধান বৈশিষ্ট্য হ'ল বিভেদের মধ্যে ঐক্য। একথা বলার অপেক্ষা রাখে না যে, ঐক্যবোধ ছাড়া কোনও দেশে সুগঠিত সমাজ ও রাষ্ট্রগঠন সম্ভব নয়। দিল্লীতে মুসলিম শাসনকাল আরম্ভ হওয়ার পর থেকে এই ঐক্যবোধের প্রাথমিক সূচনা হয়েছিল। মুঘল যুগে সেই রাষ্ট্রীয় ঐক্য সুদৃঢ় ও সুসংহত আকার ধারণ করে। অবশ্য এই রাষ্ট্রীয় ঐক্য একদিনে সম্ভব হয়নি। মুঘল সাম্রাজ্যের বিভিন্ন অঞ্চলে রাজনৈতিক ঐক্য গড়ে তোলার কোনও কৃতিত্ব বাবরের ছিল না। মুঘলসম্রাট আকবর কূটনীতি ও বাহুবলে এক বিশাল সাম্রাজ্য গড়ে তোলেন। তিনিই সর্বভারতীয় শাসনব্যবস্থা প্রবর্তন করে মুঘল সাম্রাজ্যের রাষ্ট্রীয় ঐক্য ও নিরাপত্তার ব্যবস্থা করেন। আকবরই সর্বপ্রথম রাষ্ট্রকে সর্বসম্মত ও ধর্মনিরপেক্ষ করার প্রয়াসী হ'ন। সম্রাটের অপ্রতিহত ক্ষমতা প্রয়োগের দ্বারা বিক্ষিপ্ত ভারতবর্ষ এক-সম্রাটের অধীনস্থ হয়। রাজশক্তিকে সুসংহত করার জন্য যে দূরদৃষ্টির প্রয়োজন ঔরঙ্গজীবের তা ছিল না। কাজেই রাষ্ট্রের ঐক্য সাধনে তিনি ব্যর্থ হন।

রাষ্ট্রীয় ঐক্য স্থাপনে আকবরের কৃতিত্ব

ঔরঙ্গজীবের ব্যর্থতা

কেন্দ্রীভূত শাসন : মুঘল শাসনের যুগে সারা পৃথিবীব্যাপী রাজতন্ত্র প্রচলিত ছিল। কাজেই সব দেশের রাজার অধিকার ও মর্যাদার ধরন একই রকম ছিল। রাজা ঈশ্বরের প্রতিনিধি—এই ধারণা অনুযায়ী তখন 'দিল্লীশ্বরো বা জগদীশ্বরো বা' অর্থাৎ মুঘল শাসন ব্যবস্থায় বাদশাহের ক্ষমতা একক এবং অপ্রতিহত। সম্রাট হলেন রাষ্ট্রের প্রতীক ও প্রধান পরিচালক। তাঁকে নিয়ন্ত্রণ করার মত কোনও আইন ছিল না। রাষ্ট্রশক্তিকে নিয়ন্ত্রণ করার ব্যাপারে জনমতের কোনও মূল্য ছিল না। পরিচালনা করা বিষয়ে কারুর পরামর্শ গ্রহণে সম্রাট বাধ্য ছিলেন না। শাসনকার্য ও সামরিক বাহিনীর তিনিই ছিলেন সর্বাধিনায়ক। আইন প্রণয়নের ক্ষেত্রে এবং বিচারব্যবস্থা পরিচালনায় তিনিই ছিলেন মুখ্য ব্যক্তি। ধর্মীয় বিধানকে অস্বীকার করার ক্ষমতাও সম্রাটের হাতে ছিল।

দিল্লীশ্বরো বা জগদীশ্বরো বা

কিন্তু সমস্ত ক্ষমতার অধিকারী হলেও মুঘল সম্রাটগণ স্বৈরাচারী ছিলেন না। প্রয়োজনবোধে মন্ত্রিসভার পরামর্শ তাঁরা গ্রহণ করতেন। আকবর বিশ্বস্ত রাজকর্মচারীদের সহযোগিতার উপর অনেকাংশে নির্ভর করতেন। অবশ্য মুঘল ভারতে অপদার্থ বাদশাহদের আমলে মন্ত্রীদের প্রতিপত্তি যথেষ্ট বৃদ্ধি পেয়েছিল। মুঘল যুগে সম্রাটের হাতে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত হলেও আকবরের আমলে এই স্বৈরশাসন মূলতঃ জনকল্যাণমূলক ছিল।

জনকল্যাণমুখী স্বৈরশাসন

মুঘল শাসক ও জায়গীরদার সম্প্রদায়ঃ মুঘল সাম্রাজ্যে তিন ধরনের রাষ্ট্রীয় মালিকানাধীন জমি ছিল—'খালিশা' 'জায়গীর' ও 'ময়ূরখল'। জায়গীর ভূসম্পত্তি বলতে বোঝায় শর্তাধীন জমি বিলি বন্টন করা জমিজমা। জায়গীরদাররা ভূসম্পত্তি ভোগের বিনিময়ে ছোট বা বড় আকারের সেনাবাহিনী পোষণ করত। এই সেনাবাহিনীগুলি ছিল সম্রাটের সেনাবাহিনীর অন্যতম অংশবিশেষ। জায়গীর হিসেবে বিলি করা জমিও রাষ্ট্রের সম্পত্তি হিসেবে গণ্য করা হত। রাষ্ট্রের পক্ষ থেকেই ঐ সব জমির রাজস্বের পরিমাণ নির্দিষ্ট করে দেওয়া হত। জায়গীরদারের জমির স্বত্ব বংশানুক্রমিক ছিল না। জায়গীরদারের মৃত্যুর পর তাঁর সম্পত্তি রাষ্ট্রের সম্পত্তিতে পরিণত হত। অনেক সময় জায়গীরদারের কাছ থেকে তাঁর তালুক নিয়ে নেওয়া হত এবং পরে ফিরিয়ে দেওয়া হত। সম্রাট আকবরের আমলে ভূস্বামীদের স্বেচ্ছাচারিতা বন্ধ করার জন্য এই ধরনের তালুক দেওয়া-নেওয়ার রেওয়াজ চালু ছিল। অবশ্য আকবরের রাজত্বকালে অনেক হিন্দু রাজাকে তাঁদের অগেকার বংশানুক্রমিক ভোগদখল করার জন্য জায়গীর দান করা হয়।

খালিশ ও জায়গীর

মুঘল দরবারে চাকরিতে রাজকর্মচারীরা দুই ধরনের বেতন পেত—নগদ টাকায় বা জায়গীরে। জায়গীরদার জমির মালিকানা পেত না। যতদিন তারা চাকরি করত ততদিন সেখানকার খাজনা থেকে বেতন নিত। বেতনের উদ্বৃত্ত অর্থ রাজকোষে জমা দিতে হত। বেতনের উদ্বৃত্ত অর্থ জায়গীরদাররা প্রায়ই জমা দিত না। এই দুর্নীতি বন্ধ করার জন্য আকবর জায়গীর প্রথা তুলে দিয়ে নগদ টাকায় বেতন দেওয়ার কথা চিন্তা করেন। কিন্তু এই ব্যবস্থা সফল হয় না।

দু'ধরনের বেতনভুক্ত কর্মচারী

ঔরঙ্গজীবের আমলে পদস্থ সামরিক কর্মচারী ও বে-সামরিক কর্মচারীর সংখ্যা বৃদ্ধি পায়। ফলে 'জায়গীর' হিসেবে বিলি করার মত জমি-জমারও অভাব দেখা দেয়। অপরদিকে অনবরত যুদ্ধবিগ্রহ লেগে থাকায় জায়গীরদারদের আর্থিক সংকট ক্রমশঃ বাড়তে থাকে। জায়গীরদারগণ সম্রাটের কাছে জায়গীর-এর পরিবর্তে নগদ অর্থে বেতন দেওয়ার আবেদন জানায়। শেষ পর্যন্ত জায়গীরদারগণ কৃষক শোষণ করেই তাঁদের অবস্থা

জায়গীর বণ্টনে অসুবিধা

ভালো করার পদ্ধতি গ্রহণ করেন। ঔরঙ্গজীবের আমলে ভূমি-রাজস্বের পরিমাণ দাঁড়ায় উৎপন্ন ফসলের অর্ধেকে।

ভূমি-রাজস্ব ব্যবস্থা ঃ মুঘল ভূমি-রাজস্ব ব্যবস্থা প্রবর্তনের পূর্বসূরি ছিলেন শেরশাহ্। শেরশাহ্ প্রবর্তিত ভূমিরাজস্ব ব্যবস্থাকে আরো উন্নত করেন সম্রাট আকবর। এ ব্যাপারে সম্রাটের প্রধান সহায়ক ছিলেন মুজফফর খাঁ ও টোডরমলের মত দুই বিচক্ষণ দেওয়ান। আকবরের আমলে যথাসম্ভব যত্নসহকারে ভূমি ও শস্যের পরিমাণ নির্ধারণ করার ব্যবস্থা গৃহীত হয়। জমি জরীপ করার পর জমিকে চার প্রকারে ভাগ করা হয়। মূলতঃ যে জমিতে চাষ হয় তার উপর খাজনা নির্দিষ্ট করা হয়। উৎপন্ন ফসল কিংবা নগদ অর্থে রাজস্ব দেওয়ার ব্যবস্থা ছিল। সেইসঙ্গে চাষের জমি বাড়ানোর জন্য কৃষককে উৎসাহ দেওয়া হত। জোর পূর্বক কৃষকের কাছে খাজনা আদায় নিষিদ্ধ ছিল।

জমি জরীপ

আইনের চোখে মুঘল সম্রাট ছিলেন দেশের সমস্ত ভূসম্পত্তির মালিক। এই জমিকে সাধারণতঃ তিন ভাগে ভাগ করা যায়। যথা 'খালিশা', 'জায়গীর', ও 'ময়ূরখল'। খালিশা ছিল সম্রাটের খাস জমি। জায়গীরদার আর মনসবদারদের হাতে থাকত জায়গীর জমি। আর ময়ূরখল ছিল বিদ্বান ও ধার্মিকদের আওতায় থাকা জমি।

ভূসম্পত্তির শ্রেণীবিভাগ

উৎপন্ন ফসলের এক-যষ্ঠাংশ রাজস্ব হিসেবে নির্দিষ্ট করা হত। প্রয়োজন বোধে মুঘল যুগে বিভিন্ন ধরনের কর মকুব করার ব্যবস্থা ছিল। কৃষকদের প্রয়োজনে তাদের 'তাকাভি' বা কৃষিঋণ দেওয়ার ব্যবস্থা ছিল। রাজস্ব সংগ্রহের জন্য প্রত্যেকটি সুবাকে 'সরকারে' বিভক্ত করা হয়। 'সরকার'কে 'পরগনা'য় ভাগ করা হত। কয়েকটি গ্রাম নিয়ে একটি পরগনা গঠন করা হত। মুঘলরাষ্ট্রে প্রধান প্রশাসনিক বিভাগ ছিল রাজস্ব সংক্রান্ত বিভাগ। এই বিভাগের প্রধান ছিলেন 'দেওয়ান'। জেলার রাজস্ব আদায়কারীকে বলা হত 'আমালগুজার।' গ্রামের রাজস্ব কর্মচারী 'মুকদ্দম' ও পাটোয়ারী সরকারী কর্মচারী ছিল না, তারা গ্রামসমাজ কর্তৃক নিযুক্ত হত। এ ছাড়া এই বিভাগের সরকারী কর্মচারীদের মধ্যে কারকুনের কাজ ছিল জমি জরীপ করা। কানুনগো ছিল দলিল দস্তাবেজের জিম্মাদার। জেলার খাজাঞ্চীকে বলা হত 'পোতদার'। রাজস্ব আদায়কারী কর্মচারীদের বেশীর ভাগই ছিল হিন্দু।

রাজস্ব বিভাগ

রাজস্ব কর্মচারী

বিদেশীদের চোখে ভারতীয় সমাজ ঃ মুঘল যুগে বহু ইউরোপীয় বণিক, পর্যটক, চিকিৎসক, ধর্মপ্রচারক ও রাষ্ট্রদূত ভারত পরিভ্রমণ করে গেছেন। এঁরা হলেন ফিচ, মানুচি, টেভার্নিয়ার বার্নিয়ার, মনসেরেট, হকিন্স ও স্যার টমাস-রো। তাদের লিখিত বিবরণী থেকে সমসাময়িক জনসমাজের অনেক ঐতিহাসিক তথ্য পাওয়া যায়। এছাড়াও সমসাময়িক গ্রন্থাদি থেকে ভারতীয় সমাজ জীবনের অনেক মূল্যবান তথ্য জানা যায়।

ইউরোপীয়দের আগমন

শ্রেণী বিভক্ত সমাজ

ইতিহাসের সর্বত্রই দেখা যায় যে, শ্রেণীবিভক্ত সমাজে মুষ্টিমেয় ধনীসম্প্রদায় দেশের ঐশ্বর্য শোষণ করে, আর ঐশ্বর্য সৃষ্টিকারী কৃষক ও শ্রমিক সমাজের ভাগ্যে শুধুমাত্র বঞ্চনাই জোটে। মুঘল যুগেও ভারতীয় সমাজে এর ব্যতিক্রম ছিল না। মুঘল যুগে সমাজ ছিল সামন্ততান্ত্রিক। এক শ্রেণীভিত্তিক রাষ্ট্র ও সমাজের সর্বোচ্চ স্থান ছিল সম্রাটের। সম্রাটের পরেই স্থান ছিল আমীর ওমরাহ্ বা অভিজাতদের। সব রকমের সুযোগ সুবিধারও তাঁরাই একমাত্র অধিকারী ছিলেন। সম্রাটের দরবারে জাঁকজমকের তুলনায় তাঁরাও কম যেতেন না।

মধ্যশ্রেণী ও শ্রমজীবী শ্রেণী

অভিজাত ও শ্রমজীবী শ্রেণীর মাঝামাঝি শ্রেণীদের মধ্যশ্রেণী বলা যেতে পারে। সওদাগর, ব্যবসাদার, দোকানদার, মহাজন, চিকিৎসক, কেরাণী প্রভৃতিদের নিয়ে এই মধ্যশ্রেণী গঠিত ছিল। এরা আরামে বাস করত ঠিকই কিন্তু তাদের মধ্যে অভিজাত শ্রেণীর মত বিপুল বিলাসিতা ছিল না। অপরপক্ষে দেশের অধিবাসীদের এক সুবিশাল সংখ্যা ছিল নিঃস্ব শ্রমজীবীদের নিয়ে গঠিত। যারা রাষ্ট্রের উৎপাদন ব্যবস্থাকে সচল করে রেখেছিল তাদের জন্য ছিল খড়ে ছাওয়া কুটির আর ভাতের সঙ্গে সামান্য নুন।

স্ত্রীজাতির সামাজিক অবস্থা

মুঘল যুগে মেয়েদের সামাজিক অবস্থার অবনতি ঘটে। হিন্দু মেয়েদের মধ্যে পর্দাপ্রথার প্রচলন হয়। হিন্দুদের তুলনায় মুসলমান মেয়েদের মধ্যে পর্দাপ্রথার ব্যাপক প্রচলন হয়। হিন্দুদের মধ্যে বিধবা বিবাহ নিষিদ্ধ ছিল, কিন্তু মুসলমানদের মধ্যে বিধবা বিবাহ প্রচলিত ছিল। সতীদাহ, বাল্যবিবাহ, বরপণ প্রথা, কৌলিন্য প্রভৃতি প্রথাগুলির ফলে সমাজে নানা সংকীর্ণতা দেখা দেয়। মোটের উপর তখন হিন্দু-মুসলমান উভয় সমাজেই স্ত্রীজাতিকে পুরুষের অধীন করে রাখা হয়েছিল। কিন্তু এসব সত্ত্বেও মুঘল যুগে কিছু মহীয়সী মহিলার উল্লেখ পাওয়া যায়। এঁরা হলেন আহম্মদনগরের চাঁদবিবি, মহারাষ্ট্রের রাজমাতা তারাবাঈ, রানী দুর্গাবতী, জাহানারা, জেবুন্নিসা ও শিবাজী-জননী জিজাবাঈ।

সাম্প্রদায়িক সম্প্রীতি

ভারতে মূলতঃ হিন্দু ও মুসলমান ধর্মাবলম্বীরা বাস করত। হিন্দুরা একেশ্বরবাদে বিশ্বাসী হলেও তাদের মধ্যে মূর্তিপূজার প্রচলন ছিল। এই যুগে বৈষ্ণবধর্ম ও ভক্তিবাদের প্রচলন হয়; তাছাড়া নানা হিন্দু-সংস্কারকেরও এই যুগে আবির্ভাব হয়। হিন্দু-মুসলমানদের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি মোটামুটি বজায় ছিল।

শিল্প

শিল্প ও বাণিজ্য: মুঘল যুগে সরকারী ও বেসরকারী উদ্যোগে শিল্প পরিচালিত হত। সারা দেশ জুড়ে প্রধান শিল্প বলতে বস্ত্র শিল্পকেই বোঝাত। গুজরাট, খান্দেশ, জৌনপুর, কাশী, পাটনা লক্ষ্ণৌ ও বাংলাদেশ বস্ত্রশিল্পের প্রধান কেন্দ্র ছিল।

ঢাকার মসলিন সারা বিশ্বের বাজারে চালু ছিল। এ ছাড়াও সূচের কাজ, সোনার

কাজ, জরীর কাজ, কাশ্মীরী শাল ও গালিচা তৈরীর অনেক কেন্দ্র ছিল। বার্নিয়ের বিবরণীতে সে যুগের অনেক কারখানার উল্লেখ পাওয়া যায়। সে যুগের উপযোগী জাহাজ তৈরীর কারখানাও ছিল। বারুদ তৈরীর জন্য বিহার অঞ্চলে প্রচুর সোরা উৎপন্ন হত।

বাণিজ্য কেন্দ্র

শিল্পোৎপন্ন অধিকাংশ পণ্যসামগ্রী বিদেশে রপ্তানী হত। বাকী দ্রব্যাদি সরকার কিংবা অভিজাত সম্প্রদায় ও ব্যবসাদররা ক্রয় করত। দিল্লী, আগ্রা, লাহোর প্রভৃতি ব্যবসা কেন্দ্রের সঙ্গে দেশের বিভিন্ন অংশের যোগাযোগের জন্য সুদীর্ঘ ও প্রশস্ত সড়ক ছিল। এ ছাড়াও নদী ও খালপথেও যাতায়াতের ব্যবস্থা ছিল। বিদেশ থেকে ভারতে আমদানি করা পণ্য সামগ্রীর মধ্যে ছিল রুপো, মূল্যবান মণিমুক্তা, হাতির দাঁত, ভেলভেট প্রভৃতি।

ভারতীয় বন্দর

সে যুগের উল্লেখযোগ্য ভারতীয় বন্দরগুলি হ'ল সুরাট, ক্যাম্বে, কালিকট, কোচিন, চট্টগ্রাম, মসুলিপত্তম, সাতগাঁও প্রভৃতি। স্থলপথে লাহোর থেকে কাবুল এবং মুলতান থেকে কান্দাহার পর্যন্ত দুটি প্রধান বাণিজ্যপথ ছিল। মুঘল যুগে বাংলাদেশ ছিল ব্যবসা-বাণিজ্যের অন্যতম পীঠস্থান।

ইউরোপীয় বণিক সম্প্রদায় : আকবরের সময় থেকে ভারতীয় বাণিজ্যের প্রধান বৈশিষ্ট্য ছিল ইংরেজ ও ওলন্দাজ বণিকদের বাণিজ্যিক তৎপরতা। এই বিদেশী বণিকেরা ক্রমে দেশের নানা অংশে বাণিজ্য কুঠি স্থাপন করে। পশ্চিমে দিউ ও দমনে ওলন্দাজ বণিকেরা একচেটিয়া বাণিজ্যের অধিকার লাভ করে।

ইংরেজ ও ওলন্দাজ বণিক

তারা ভারত থেকে প্রধানতঃ নীল, রেশম ও পশম বস্ত্রাদি, আফিম ও সোরা রপ্তানি করত। সম্রাট জাহাঙ্গীরের আমলে সম্রাটের অনুমতি নিয়ে ইংরেজ বণিকরা সুরাটে বাণিজ্য কুঠি স্থাপন করে। সার টমাস রো সম্রাটের কাছে ভারতের বিভিন্ন স্থানে বাণিজ্য করার অনুমতি আদায় করেন। ইতিমধ্যে পাটনা ও কাশিমবাজারে ইংরেজদের বাণিজ্য কুঠি স্থাপিত হয়। বাংলাদেশে এই সময় ইংরেজ বণিকেরা রেশমী ও সুতীবস্ত্র, সোরা ও চিনি ক্রয় করে বিদেশে রপ্তানি করত।

সাংস্কৃতিক জীবন : মুঘল যুগে সাংস্কৃতিক জীবন এক বিবর্তনের পথে এগিয়ে চলে। হিন্দু ও মুসলিম সম্প্রদায় পাশাপাশি বাস করার ফলে সে যুগের সামাজিক ও সাংস্কৃতিক জীবনে ঐক্যের পরিচয় পাওয়া যায়। শিল্পকলা,


সাংস্কৃতিক জীবনে ঐক্য

সাহিত্য, শিক্ষা প্রভৃতি প্রতিটি বিষয়ের ক্ষেত্রে এক নতুন ধরনের সাংস্কৃতিক ঐক্য গড়ে ওঠে। মুঘল রাজসভাকে কেন্দ্র করে সাহিত্য, শিল্প ও সংস্কৃতির অভূতপূর্ব পরিবেশ রচিত হয়। শিল্পকর্মে বিভিন্ন বিভাগে আকবরের উৎসাহ ও আগ্রহের ফলে তাঁর রাজসভায় বিভিন্ন দেশ থেকে আগত জ্ঞানী-গুণীর সমাবেশ হয়। তাছাড়া ঔরঙ্গজীব ব্যতীত মুঘল সম্রাটরা প্রত্যেকেই শিল্পকলা সম্পর্কে আগ্রহান্বিত ছিলেন। তাঁদের প্রচেষ্টায় হিন্দু ও মুসলিম শিল্পধারার সংমিশ্রণে এক অপূর্ব শিল্পরীতির সৃষ্টি হয়।

স্থাপত্য ও ভাস্কর্য : স্থাপত্য ও ভাস্কর্যে মুঘল যুগ ভারতবর্ষের এক গৌরবময় অধ্যায় হিসেবে চিহ্নিত। মুঘল স্থাপত্যে দুটি বৈশিষ্ট্য লক্ষ্যণীয়। আকবরের রাজত্বের শেষ পর্যন্ত ভারতীয় স্থাপত্যে পারসিক প্রভাব ছিল। কিন্তু তার পর থেকে ভারতীয় স্থাপত্য সম্পূর্ণভাবে ভারতীয় রীতিতে গড়ে ওঠে। পানিপথে, আগ্রায় এবং অন্যত্র দু'-একটি মসজিদ ছাড়া বাবরের সময়কার স্থাপত্যের কোন নিদর্শন পাওয়া যায় না। সাসারামে অবস্থিত শেরশাহের সমাধি সৌধ স্থাপত্য শিল্পের এক উজ্জ্বল নিদর্শন। আকবরনির্মিত প্রাসাদ ও সৌধগুলির মধ্যে হুমায়ুনের সমাধি সৌধ, ফতেপুর সিক্রীতে 'যোধাবাঈ মঞ্জিল,' সেলিম চিস্তির কবর, দেওয়ান-ঈ-আম, দেওয়ান-ঈ খাস, পঞ্চমহল, বুলন্দ দরোজা, প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য। জাহাঙ্গীরের আমলে নূরজাহাননির্মিত ইতমাদ-উদ-দৌলার অপরূপ সমাধি-সৌধ হিন্দু ও মুসলিম স্থাপত্যরীতির সমন্বয়ে গঠিত। শাহ্‌জাহানের রাজত্বকালকে মুঘল স্থাপত্যের সুবর্ণযুগ বলা যায়।

মুঘল স্থাপত্য দুটি ধারা

মুঘল স্থাপত্যের স্বর্ণ যুগ



তাজমহল

শাহ্‌জাহান নির্মিত প্রাসাদ ও সৌধের মধ্যে লালকেল্লার দেওয়ান-ঈ-খাস, দেওয়ান-ঈ-আম, জামা মসজিদ, মতি মসজিদ এবং তাজমহল উল্লেখযোগ্য। তাজমহল শাহ্‌জাহানের শ্রেষ্ঠ স্থাপত্য কীর্তি। তাঁর আমলে দিল্লীতে একটি মর্মর প্রস্তরের মসজিদ নির্মিত হয়। এ যুগের স্থাপত্যের আরো উল্লেখযোগ্য নিদর্শন মেলে বিজাপুরের গোলগোম্বুজ, চাঁদ সুলতানার সমাধি প্রভৃতি শিল্পকর্মের মধ্যে।

শাহ্জাহানের স্থাপত্য কীর্তি

চিত্রকলা : মুঘল চিত্রকলায় ভারতীয় রীতির সাথে বৌদ্ধ, ইরানীয় ও চীনা শিল্পরীতির এক অপূর্ব সংমিশ্রণ লক্ষ্য করা যায়। মুঘল আমলের চিত্রশিল্পের প্রধান কেন্দ্র ছিল গুজরাট ও রাজপুতানা। মিনিয়েচার বা ক্ষুদ্র চিত্রই ছিল এ যুগের চিত্রশিল্পের প্রধান বৈশিষ্ট্য। বাবরের আমলে মুঘল দরবারে চিত্রশিল্পী নিযুক্ত করা হত। হুমায়ুন পারস্যের দুই শ্রেষ্ঠ চিত্রকর মীর সয়ীদ আলী ও খাজা আবদুল সামাদকে মুঘল দরবারে নিয়ে আসেন। আকবরের আমলে বিদেশী শিল্পীদের মধ্যে অন্যতম ছিলেন আবদুল সামাদ। তাঁর আমলে হিন্দু শিল্পীদের মধ্যে বসাওয়ান, হরিবংশ মুকুন্দ, দশবন্ত প্রভৃতির নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। জাহাঙ্গীর চিত্রকলার বিশেষ পৃষ্ঠপোষক ছিলেন। তাঁর আমলের শ্রেষ্ঠ চিত্রশিল্পীদের মধ্যে ফারুক বেগ, মহম্মদ নাসির ও মহম্মদ মুরাদ প্রভৃতির নাম উল্লেখ করার মত। তাঁর আমলের কিছু চিত্রকরদের মধ্যে বিষণদাস, গোবর্ধন প্রভৃতির নাম উল্লেখযোগ্য। শাহজাহানের আমলে চিত্রশিল্পের কোন প্রসার ঘটে নি। দারাশিকো চিত্রকলার অনুরাগী ছিলেন। তাঁর অকালমৃত্যুতে চিত্রশিল্পের যথেষ্ট ক্ষতি হয়। শিল্পের ঘোরতর বিরোধী ঔরঙ্গজীবের আদেশে বহু শিল্পকর্ম বিনষ্ট করা হয়। মুঘল যুগের চিত্রশিল্পীরা জীবন্ত মানুষের ছবি, প্রাকৃতিক দৃশ্যাবলীর ছবি, বন্য পশুশিকারের দৃশ্য প্রভৃতি এঁকে গেছেন। অল্প পরিসরে ছবি আঁকা এ যুগের শিল্পীদের অন্যতম রীতি ছিল।

গুজরাট ও রাজপুতানা চিত্রশিল্পের প্রধান কেন্দ্র

আব্দুল সামাদ

চিত্র শিল্পের বৈশিষ্ট্য

সাহিত্য : সাহিত্য বিকাশের ক্ষেত্রে মুঘল আমল ভারতে এক বিশিষ্ট স্থান অর্জন করেছে। বহু আঞ্চলিক ভাষায় এর প্রকাশ ঘটেছিল। মূলতঃ হিন্দী, উর্দু ও বাংলা ভাষায় সাহিত্যের এই বিকাশ ঘটে। এ যুগের হিন্দী রচনাসমূহের মধ্যে 'রামচরিত মানস'-এর রচয়িতা তুলসীদাস, 'সুরসাগর' রচয়িতা অন্ধকবি সুরদাস, কবীর রচিত দোঁহা, মালিক মহম্মদ জৈসী রচিত 'পদ্মাবৎ' বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়াও আব্দুর রহমান, খান-ঈ-খানান মানসিংহ, জয়সিংহ, যশোবন্ত সিংহ, বীরবল প্রভৃতি প্রত্যেকেই সুকবি ও সাহিত্যিক ছিলেন। অন্যান্য কবিদের মধ্যে রাজপুত মহিলা কবি মীরাবাঈ, মহারাষ্ট্রের একনাথ, আসামের শঙ্করদেব বিশেষভাবে উল্লেখযোগ্য। ফারসী ভাষায় রচয়িতাদের মধ্যে ফৈজী ও বেদিল সর্বাধিক জনপ্রিয় কবি ছিলেন। 'গ্রন্থসাহেব' শিখগুরুদের উপদেশাবলী সমৃদ্ধ হলেও তা ছিল সাহিত্য রসে সম্পৃক্ত। এ যুগের উর্দু লেখকদের মধ্যে ওয়ালি, হাতিম, খান আজু প্রভৃতির নাম উল্লেখযোগ্য। বাংলা ভাষায় রচিত সাহিত্য গ্রন্থের মধ্যে কৃষ্ণদাস রচিত 'চৈতন্য চরিতামৃত', বৃন্দাবন দাসের 'চৈতন্য ভাগবৎ', কাশীরাম দাসের 'মহাভারত' ও মুকুন্দরাম চক্রবর্তী রচিত 'কবিকঙ্কনচণ্ডী' বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ। এ ছাড়াও জয়সিংহ, ত্রিলোচন দাস ও নরহরি চক্রবর্তী সাহিত্যসৃষ্টির ক্ষেত্রে স্মরণীয় হয়ে আছেন। সংস্কৃত সাহিত্য রচনার ক্ষেত্রে গঙ্গালহরী'র রচয়িতা জগন্নাথ

হিন্দী উর্দু ও বাংলা ভাষার সাহিত্য

ফারসী সাহিত্য

পণ্ডিত, 'বিদগ্ধ মাধব' রচয়িতা রূপ গোস্বামী, গিরিধারীনাথ ও মহিলাদের মধ্যে বৈজয়ন্তী ও বল্লভী দেবী যথেষ্ট খ্যাতি অর্জন করেন। এ যুগে সংস্কৃত ভাষায় রচিত রামায়ণ, মহাভারত, অথর্ববেদ, যোগবশিষ্ঠ, রাজতরঙ্গিনী, পঞ্চতন্ত্র, হরিবংশ প্রভৃতি গ্রন্থের ফারসী ভাষায় অনুবাদ হয়। দারাশিকো উপনিষদ ও অন্যান্য দার্শনিক গ্রন্থ অনুবাদের ব্যবস্থা করেন। বাইবেলেরও ফারসী ভাষায় তর্জমা করা হয়।

ফারসী ভাষায় অনুবাদ

ইতিহাস রচনাঃ মুঘল রাজত্বকালে ইতিহাস বিষয়ে কয়েকটি মূল্যবান গ্রন্থ রচিত হয়। তুর্কী ভাষায় রচিত বাবরের আত্মচরিত একটি অমূল্য গ্রন্থ। আকবরের আমলে রচিত ঐতিহাসিক গ্রন্থটির মধ্যে আবুল ফজল রচিত 'আইন-ঈ-আকবরী' ও 'আকবরনামা', নিজাম-উদ-দীন আহ্মদ রচিত 'তাবকাতে আকবরী', বদাউনি রচিত 'মুন্তকাব-উল-তোয়ারিখ' বিশেষভাবে উল্লেখযোগ্য। জাহাঙ্গীরের আমলে রচিত উল্লেখযোগ্য ঐতিহাসিক গ্রন্থ হ'ল 'মাসিরে জাহাঙ্গীরী' ও ইকবাল-নামা-য়ে-জাহাঙ্গীরী'। শাহ্জাহান সম্পর্কিত আব্দুল হামিদ লাহোরীর রচিত গ্রন্থ 'বাদশাহনামা'য় যথেষ্ট ঐতিহাসিক তথ্য পাওয়া যায়। মির্জা মহম্মদ কাজিম কর্তৃক রচিত আলম্গীরীনামা', মহম্মদ সাকির 'মাসিয়ে আলমগীরী', ঈশ্বর দাস বিরচিত 'ফতুহাতে আলমগীরী' এবং কাফি খাঁ রচিত 'মনতখাব-উল-হুবাব' প্রভৃতি ঐতিহাসিক গ্রন্থগুলি ঔরঙ্গজীবের আমলে রচিত হয়। এ ছাড়াও এ যুগে রচিত ঐতিহাসিক গ্রন্থাদির মধ্যে মির্জা পাথানের 'রাখারিস্তান-ই-গাইবি', আব্দুর হামিদ লাহোরী রচিত 'পাতশাহ্-নামা' প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য।

বাবরের আত্মচরিত

সঙ্গীতঃ ঔরঙ্গজীব ব্যতীত অন্যান্য মুঘল সম্রাটগণ প্রত্যেকেই সঙ্গীত রসিক ছিলেন। বাবর নিজে সঙ্গীতের উপযোগী কাব্যও রচনা করতেন। হুমায়ুন কণ্ঠ ও যন্ত্রসঙ্গীত—দুইয়েরই অনুরাগী ছিলেন। আকবরের রাজসভায় ৩৬ জন বিশিষ্ট গায়ক ছিলেন। তাঁদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন তানসেন। অন্যান্য গায়কদের মধ্যে ছিলেন বাবা রামদাস, বৈজু বাওরা, এবং সুরদাস। তাঁর আমলে হিন্দু ও মুসলিম সঙ্গীত-কলার সংমিশ্রণে এক অপূর্ব সঙ্গীতশিল্পের বিকাশ ঘটে। জাহাঙ্গীর এবং শাহ্জাহানের আমলে সঙ্গীতচর্চার যথেষ্ট প্রসার ঘটে। এ যুগের সঙ্গীত শিল্পীদের মধ্যে রাজাবাহাদুরের নাম বিশেষভাবে উল্লেখ্য। ঔরঙ্গজীবের আমলে সঙ্গীতচর্চা নিষিদ্ধ করা হয়।

আঞ্চলিক চিত্রকলা ও স্থাপত্যঃ অষ্টাদশ শতাব্দীতে মুঘল চিত্রকলা ও স্থাপত্যের ক্ষেত্রে অবক্ষয় সুস্পষ্ট হয়ে ওঠে। বলা বাহুল্য, মুঘল সাম্রাজ্যের ভাঙনই এর মুখ্য কারণ ছিল। মুঘল সাম্রাজ্যের ভাঙনের যুগে বহু চিত্রশিল্পী দিল্লী থেকে প্রাদেশিক রাজ্যগুলিতে আশ্রয় গ্রহণ করেন ও শিল্পচর্চা চালিয়ে যান। তাঁদের এই শিল্পচর্চা ক্রমশঃ এক বিশিষ্ট চিত্ররীতির জন্ম দেয়। মুঘল চিত্ররীতি থেকে এই চিত্ররীতি সম্পূর্ণ স্বতন্ত্র ছিল। এই নতুন চিত্রশৈলীর মধ্যে রাজপুত ও

কাংড়া চিত্রশৈলী বিশেষভাবে উল্লেখযোগ্য। কাংড়া ও রাজপুত শৈলীর চিত্রকলায় সজীব ও রুচিসম্পন্ন বিকাশ বিশেষভাবে লক্ষ্যণীয় ছিল। রাজপুত শিল্পকলার প্রধান বিষয়বস্তু ছিল রামায়ণ ও পুরাণে বর্ণিত কাহিনী ও উপাখ্যান। পাঞ্জাবের কাংড়া অঞ্চলে গড়ে ওঠা এই চিত্রাঙ্কন ধারা 'পাহাড়ী শিল্প' নামে পরিচিত ছিল।

রাজপুত ও কাংড়া শিল্প

মুঘল সাম্রাজ্যের গৌরব ও শক্তি স্তিমিত হওয়ার যুগে স্থাপত্য শিল্পের অবনতি ঘটলেও দাক্ষিণাত্যে নতুন ধরনের স্থাপত্য শিল্পের উল্লেখযোগ্য বিকাশ ঘটে। বিদেশী প্রভাব বর্জিত হিন্দু স্থাপত্যরীতির বিকাশ এখানে পরিলক্ষিত হয়। জয়পুর শহরের সৌধমালাও প্রাণবন্ত আঞ্চলিক স্থাপত্যশিল্পের প্রকৃষ্ট উদাহরণ।

দাক্ষিণাত্য ও জয়পুরের স্থাপত্য শিল্প

মুঘল রাজবংশের শ্রেষ্ঠ সম্রাটদের অন্যতম সর্বশেষ সম্রাট ঔরঙ্গজীবের অদূরদর্শিতার ফলে তাঁর জীবদ্দশাতেই মুঘল সাম্রাজ্যের ভাঙনের সূত্রপাত হয়। আর এই ভাঙনের জন্য ঔরঙ্গজীবের উগ্র ধর্মনীতি কম দায়ী ছিল না। পূর্বেই বলা হয়েছে যে, আধুনিক কোন কোন ঐতিহাসিক ঔরঙ্গজীবের উগ্র ধর্মনীতির পেছনে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক উদ্দেশ্য ছিল বলে মতপ্রকাশ করেছেন। কিন্তু তাঁর উদ্দেশ্য যাই থাক, হিন্দুদের উপর জিজিয়া কর পুনঃস্থাপন, হিন্দু মন্দির ধ্বংস, হিন্দু মেলা বন্ধ করা ইত্যাদি হিন্দু ধর্মের ওপর আঘাত ও পরিকল্পিতভাবে হিন্দুপীড়ন নীতি হিসাবে নিশ্চয়ই হিন্দুদের কাছে প্রতিভাত হয়েছিল। আবার একথাও অস্বীকার করা যায় না যে, হিন্দু ও মুসলমান সম্প্রদায়কে একসূত্রে গ্রথিত করে পারস্পরিক সদিচ্ছা ও সহযোগিতার মাধ্যমে ভারতবর্ষে মুঘল শাসনকে স্থায়ী করার যে চেষ্টা মহামতি আকবর করেছিলেন ঔরঙ্গজীবের রাজত্বকালে তা পরিত্যক্ত হয়েছিল। ফলে মথুরার জাঠ, বুন্দেলখন্ডের বুন্দেলা, পাতিয়ালা ও আলোয়ার অঞ্চলের সৎনামীরা বিদ্রোহ ঘোষণা করে। শিখ, রাজপুত ও মারাঠাদের অভ্যুত্থানও মুঘল সম্রাটের প্রচন্ড শিরঃপীড়ার কারণ হয়েছিল। শিখদের নবম গুরু তেগবাহাদুরকে ইসলাম ধর্ম গ্রহণ করার নির্দেশ দেন ঔরঙ্গজীব। তা অস্বীকার করায় তাঁকে প্রাণদণ্ড দেওয়া হয়। ফলে শিখরা প্রচন্ড ক্ষুব্ধ হয় এবং তাদের সঙ্গে মুঘলদের দীর্ঘস্থায়ী শত্রুতার সৃষ্টি হয়। আবার মুঘল সাম্রাজ্যের বিস্তার ও সমৃদ্ধিতে যে-রাজপুত জাতির সামরিক সাহায্য ও রাজনৈতিক সহযোগিতার অবদান ছিল অত্যন্ত বেশি তাদের সঙ্গেই তিনি সশস্ত্র সংঘর্ষে লিপ্ত হন। মারওয়াড় ও মেবারের রাজপুতদের সঙ্গে যুদ্ধ করেও যখন তাদের দমন করতে পারলেন না তখন ঔরঙ্গজীব মেবারের সঙ্গে সন্ধি স্থাপন করেন। কিন্তু আমৃত্যু মারওয়াড়ের সঙ্গে তাঁকে যুদ্ধ চালিয়ে যেতে হয়।

মুঘল সাম্রাজ্যের ভাঙনের সূত্রপাত

জাঠ, বুন্দেলা, সৎনামী, শিখ, রাজপুত ও মারাঠাদের বিদ্রোহ

মারাঠা শক্তির ধ্বংসসাধন ঔরঙ্গজীবের দাক্ষিণাত্য নীতির অন্যতম উদ্দেশ্য ছিল। কিন্তু তাঁর দাক্ষিণাত্য বিজয়ের ফল হল বিষময়। মুঘল সাম্রাজ্যের ধ্বংসের পথ প্রশস্ত হয়েছিল নানাভাবে। প্রথমতঃ, সুদূরে মুঘল সাম্রাজ্য বিস্তৃত হয়ে পড়ায় দিল্লী থেকে একজন শাসকের পক্ষে শাসন পরিচালনা অসম্ভব হয়ে পড়ে। অনিবার্যভাবে শাসনকার্যে শিথিলতা ও বিশৃঙ্খলা দেখা দেয়। দ্বিতীয়তঃ, দীর্ঘকাল দাক্ষিণাত্যে যুদ্ধে ব্যাপৃত থাকায় মুঘল রাজকোষ প্রায় শূন্য হয়ে পড়ে। সেখান থেকে বিশেষ অর্থও পাওয়া যায় নি। মুঘল সাম্রাজ্যের অন্যতম স্তম্ভ সৈন্যবাহিনীর দক্ষতা ও মনোবল নষ্ট হয়। তৃতীয়তঃ, দাক্ষিণাত্যে তাঁর আধিপত্য

দাক্ষিণাত্য নীতির ফল

সুপ্রতিষ্ঠিত করতে গিয়ে ঔরঙ্গজীব সেখানে পঁচিশ বছর কাটাতে বাধ্য হন। উত্তর ভারতে তাঁর এই অনুপস্থিতির ফলে সেখানে মুঘল শাসনব্যবস্থা ভেঙে পড়ে। বিভিন্ন অঞ্চলের শাসনকর্তা ও অভিজাতরা স্বেচ্ছাচারী হয়ে ওঠে। চারিদিকে দেখা দেয় বিক্ষোভ আর বিদ্রোহ।

আর্থিক সঙ্কট ও জায়গীরদারী প্রথার কুফল

মুঘল রাজসভার জাঁকজমক, বিশাল সৈন্যবাহিনীর ব্যয় নির্বাহ, অভিজাতদের উচ্চ-হারে বেতন দান, ব্যয়বহুল স্থাপত্য নির্মাণ ইত্যাদি মুঘল রাজকোষের ওপর চাপ সৃষ্টি করেছিল। এর ওপর ঔরঙ্গজীব অন্যান্য স্থানে বিশেষতঃ দাক্ষিণাত্যে অবিরত যুদ্ধ করে রাজকোষ শূন্য করে ফেলেছিলেন। অর্থাভাবে বিভিন্ন দুর্গের মেরামত এমন কি সৈন্যবাহিনীর বেতন দান অসম্ভব হয়ে পড়ে। তাঁর রাজত্বের শেষ দিকে এর সঙ্গে যুক্ত হল জায়গীরদারী প্রথার সংকট। মনসবদাররা বেতন পেতেন নগদ অর্থে বা জায়গীর পেয়ে। জায়গীরের অন্তর্গত জমির মালিকানা তাঁরা পেতেন না, তবে সেখানকার সংগৃহীত রাজস্ব থেকে তাঁরা বেতন নিতেন। বেতনের পরিমাণের চেয়ে রাজস্ব উদ্বৃত্ত হলে তা সরকারী ভান্ডারে জমা দিতে হত। জায়গীরগুলি ছিল হস্তান্তরযোগ্য। কোন বিশেষ জায়গীরদারের স্থানীয় প্রভাব-প্রতিপত্তি যাতে না বাড়তে পারে তার জন্য কিছুকাল পর এক জায়গীর থেকে সরিয়ে অন্য জায়গীর তাঁকে দেওয়া হত। সে যাই হোক, ঔরঙ্গজীব মারাঠাদের বিরুদ্ধে যুদ্ধের জন্য সৈন্যের প্রয়োজনে বা দাক্ষিণাত্যের অভিজাতদের স্বপক্ষে রাখতে বহু ব্যক্তিকে মনসব দান করেছিলেন। কিন্তু প্রার্থীদের তুলনায় জায়গীরের পরিমাণ ছিল খুবই কম। ফলে নবনিযুক্ত বহু মনসবদার চার-পাঁচ বৎসর কোন জায়গীরই পেতেন না। আবার জায়গীর পেলেও তার রাজস্ব থেকে তাঁর বরাদ্দ অর্থ পেতেন না। আগ্রার চারপাশে ও দাক্ষিণাত্যের কোন কোন জায়গায় রাজস্বের মাধ্যমে সম্পূর্ণ বরাদ্দ অর্থ সংগ্রহ করতে যাওয়ায় কৃষকরা তাদের বাসভূমি ছেড়ে পালিয়ে গিয়েছিল। সুতরাং জায়গীর থেকে আয়ের নিশ্চয়তা ছিল না। এর ফলে প্রশাসন ব্যবস্থা দুর্বল হয়ে পড়ে। বহু মনসবদার বেআইনীভাবে কম সংখ্যক সৈন্য রাখতেন। অনেকে জায়গীরের পরিবর্তে নগদ অর্থে বেতন নিতেন বা জায়গীর-গুলি ঠিকাদারদের মধ্যে বিলি-ব্যবস্থা করে দিতেন। সুতরাং জায়গীরের সংখ্যা বাড়লেও রাজস্বের পরিমাণ মোটেই বাড়েনি।

মুঘল দরবারে দল-উপদলের দ্বন্দ্ব ও তার ফলাফল

এই জায়গীর বিতরণকে কেন্দ্র করেই মুঘল দরবারে দল-উপদলের দ্বন্দ্ব বেড়ে যায়। মুঘল অভিজাত শ্রেণী বা আমীর-ওমরাহ (আমীর শব্দের বহুবচন) শাসন ব্যবস্থার অন্যতম স্তম্ভ ছিল। বিভিন্ন অঞ্চল, জাতি ও ধর্ম অনুযায়ী এরা বিভিন্ন দলে বিভক্ত ছিল, যেমন তুরানী ইরানী, আফগান দল, খানাজাদ (ভারতীয়, মুসলমান), দক্ষিণী (দাক্ষিণাত্যের মুসলমান), রাজপুত মারাঠা ইত্যাদি। জায়গীর আর দরবারের নিয়োগ নিয়ে এদের মধ্যে মারাত্মক প্রতিযোগিতা দেখা দেয়। ঔরঙ্গজীব তাঁর রাজত্বের শেষদিকে এত বেশি জায়গীর বন্টন করেন যে তা প্রকৃতপক্ষে কাগুজে ব্যাপার হয়ে

দাঁড়ায়। এইভাবে মুঘল সামরিক সংগঠনের কেন্দ্রস্বরূপ মনসবদারী প্রথা ভেঙে পড়ে। এর ফলে সামরিক ও প্রশাসনিক দুর্বলতা প্রকট হয়ে ওঠে।

পরবর্তী মুঘল সম্রাটরা : ঔরঙ্গজীবের উত্তরাধিকারীরা কেউই শাসনে যোগ্যতা দেখাতে পারে নি। এই সুযোগে স্বার্থপর মুঘল অভিজাত শ্রেণী সর্বেসর্বা হয়ে ওঠে। সিংহাসনের দাবীদারদের মধ্যে প্রায়ই 'তখ্‌ত্‌য়া তখ্‌তার' (অর্থ : হয় সিংহাসন, নয় কফিন) লড়াই দেখা দিত।

বাহাদুর শাহ্ (১৭০৭-১৭১২) : ঔরঙ্গজীবের মৃত্যুর সঙ্গে সঙ্গে তাঁর তিনপুত্র মুয়াজ্জম, আজম্ ও কামবক্স সিংহাসন নিয়ে ভ্রাতৃঘাতী সংঘর্ষে লিপ্ত হন। এতে মুয়াজ্জম দুই ভ্রাতাকে পরাজিত ও নিহত করে বাহাদুর শাহ্ উপাধি ধারণ করে সিংহাসনে আসীন হন (১৭০৭)। সাম্রাজ্যের শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনার যোগ্যতা এই বৃদ্ধ সম্রাটের ছিল না। অবশ্য শাহুজীকে মুক্তি দিয়ে (পরবর্তী অধ্যায় দ্রষ্টব্য) মাঠাদের মধ্যে গৃহযুদ্ধ লাগিয়ে তিনি কিছুকালের জন্য মারাঠা উৎপাত বন্ধ করেন। তিনি অজিত সিংহকে মারওয়াড়ের অধিপতি হিসাবে স্বীকৃতি দিয়ে রাজপুতদের সঙ্গে সদ্ভাব প্রতিষ্ঠিত করেন। কিন্তু শিখ নেতা বান্দাকে তিনি কিছুতেই দমন করতে পারেন নি।

জাহান্দার শাহ্ (১৭১২-১৩) : বাহাদুর শাহের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠপুত্র জাহান্দার শাহ্ তার অপর তিন ভ্রাতাকে হত্যা করে সম্রাট হয়ে বসেন। তাঁর ক্ষমতা লাভের মূলে ছিল জুলফিকর নামে এক ধুরন্ধর আমীর। প্রধানমন্ত্রী হিসেবে তিনিই সর্বেসর্বা ছিলেন। কিন্তু শীঘ্রই তাঁর ভ্রাতুষ্পুত্র ফাররুখশিয়ার সম্রাট ও প্রধানমন্ত্রী দুজনকেই হত্যা করে সিংহাসন দখল করেন।

ফাররুখশিয়ার (১৭১৩-১৭১৯) : ফাররুখশিয়ার হাসান আলী (আবদুল্লা খান বলে বেশি পরিচত) ও হুসেন আলী নামে সৈয়দ ভ্রাতৃদ্বয়ের সাহায্যে সিংহাসন দখল করেছিলেন। সম্রাটকে নেপথ্যে সরিয়ে তাঁরাই প্রকৃত শাসন পরিচালক হয়েছিলেন। মুঘল দরবারের দল-উপদলের দ্বন্দ্বে পরিবেশ কলুষিত হয়ে গিয়েছিল। দুর্বলচিত্ত ও অকর্মণ্য সম্রাট সৈয়দ ভ্রাতৃদ্বয়কে ক্ষমতাচ্যুত করতে ষড়যন্ত্রে লিপ্ত হন। শেষ পর্যন্ত সৈয়দ ভ্রাতৃদ্বয়ই তাঁকে হত্যা করে 'নৃপতি স্রষ্টা'র ভূমিকা নেয়। ফাররুখশিয়ারের রাজত্বকালের অবশ্য তিনটি ঘটনা উল্লেখযোগ্য। (১) মারওয়াড়ের বিদ্রোহী রাজপুতরাজ অজিত সিংহ পরাজিত হয়ে মুঘল সম্রাটের কাছে আনুগত্যের শপথ নেন। (২) শিখগুরু বান্দাকে পরাজিত করে হত্যা করা হয় (১৭১৬ খ্রীঃ)। (৩) বহুকষ্টে বিদ্রোহী জাঠনেতা চূড়ামণকে বশ্যতা স্বীকারে বাধ্য করা হয়।

ফাররুখশিয়ারের পর সৈয়দ ভ্রাতৃদ্বয় পরপর বাহাদুর শাহের দুই পৌত্রকে সিংহাসনে বসান। অবশেষে তাঁদেরই আনুকূল্যে অপর এক পৌত্র রোশন আখতার মহম্মদ শাহ্ উপাধি ধারণ করে সম্রাট হয়ে বসেন (১৭১৯)।

মহম্মদ শাহ্ (১৭১৯-১৭৪৮) : মহম্মদ শাহ্ সৈয়দ ভ্রাতৃদ্বয়ের আধিপত্য সহ্য করতে না পেরে দাক্ষিণাত্যের নিজাম-উল-মুল্‌কের সাহায্যে তাঁদের দমন করেন।

আবদুল্লাকে বিষপ্রয়োগে হত্যা করা হয় আর হুসেন আলি নিজামের সঙ্গে যুদ্ধ করতে যাওয়ার পথে নিহত হন। কিন্তু বিলাস-ব্যসনে মত্ত সম্রাট শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠিত করতে পারলেন না। প্রাদেশিক শাসনকর্তাদের নিজ নিয়ন্ত্রণে আনতে ব্যর্থ হলেন। দাক্ষিণাত্যের নিজাম-উল-মুল্ক, অযোধ্যার সাদাত খান, বাংলায় আলীবর্দী খান, রোহিলখণ্ডে রোহিলা-আফগানরা স্বাধীনতা ঘোষণা করে। রাজপুত, শিখ ও মারাঠারা নিজ নিজ অঞ্চলে স্বাধীন হয়ে ওঠে। এই সংকটময় পরিস্থিতিতে পারস্যরাজ নাদির শাহের ভারত আক্রমণ (১৭৩৯ খ্রীঃ) মুঘল সাম্রাজ্যের ওপর হানল চরম আঘাত।

উদ্দেশ্য

নাদির শাহের আক্রমণ ঃ একদিকে ঔরঙ্গজীবের উত্তরাধিকারীদের অপদার্থতা আর অন্যদিকে স্বার্থপর অভিজাতদের হানাহানিতে মুঘল সাম্রাজ্য যখন ক্রমশঃ অধঃপতনের দিকে এগোচ্ছে তখন ঘটল পারস্যরাজ নাদির শাহের ভারত আক্রমণ। নাদির শাহের এই আক্রমণের উদ্দেশ্য ছিল ভারতের প্রবাদতুল্য ঐশ্বর্য দিয়ে নিজ রাজকোষ পূর্ণ করা এবং রাজ্যজয়ের মাধ্যমে নিজ গৌরব বৃদ্ধি করা।

ভারত আক্রমণের অজুহাত

ক্ষমতালাভের (১৭৩৬ খ্রীঃ) এক বৎসরের মধ্যেই নাদির শাহ্ আফগানদের অধিকৃত কান্দাহার অবরোধ করেন। তাঁর আক্রমণে ভীত হয়ে বহু আফগান মুঘল অধিকৃত কাবুলে আশ্রয় নেয়। এ ব্যাপারে নাদির শাহের প্রতিবাদ সত্ত্বেও মুঘল সম্রাট মহম্মদ শাহ্ কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। এরপর নাদির শাহ্ দিল্লীতে দূত পাঠালেন। এই দূতকে সম্রাট স্বদেশে ফেরার ব্যাপারে বাধা দিলেন। ক্রুদ্ধ নাদির শাহ্ তখন ভারত আক্রমণের প্রস্তুতি নিলেন। মুঘল সাম্রাজ্যের উত্তর-পশ্চিম সীমান্ত দীর্ঘকাল অরক্ষিত থাকায় নাদির শাহের সুবিধা হল। তিনি গজনী ও কাবুল দখল করলেন। শীঘ্রই পেশোয়ার ও লাহোর তাঁর হস্তগত হল। অবশেষে পানিপথের কুড়ি মাইল দূরে কর্নালে তিনি উপস্থিত হলেন। এখানেই মুঘল বাহিনীর সঙ্গে তাঁর যুদ্ধ বাধল (ফেব্রুয়ারী, ১৭৩৯ খ্রীঃ)। এই যুদ্ধে মুঘল বাহিনী বিধ্বস্ত হয়ে গেল। মুঘল সম্রাট মহম্মদ শাহের পক্ষে শান্তি ভিক্ষা ছাড়া কোন উপায় রইল না। যুদ্ধের ক্ষতিপূরণ হিসাবে নাদির শাহ্ পেলেন পঞ্চাশ লক্ষ টাকা। এরপর তিনি ও মুঘল সম্রাট একই সঙ্গে দিল্লীতে প্রবেশ করলেন।

কর্নালের যুদ্ধ

দিল্লীতে নাদির শাহের গণহত্যা ও লুণ্ঠন

কয়েকদিন দিল্লীতে অবস্থানের পর হঠাৎ নাদির শাহের মৃত্যুর মিথ্যা গুজব ছড়িয়ে পড়লে কিছু দিল্লীর অধিবাসী পারস্য বাহিনীর জনকয়েককে হত্যা করে। এর প্রতিশোধে অমানুষিক গণহত্যা, অগণিত অর্থ ও ধনরত্ন লুণ্ঠন করে নাদির শাহ্ দিল্লীকে শ্মশানে পরিণত করেন। নাদির শাহ্ প্রায় দু' মাস দিল্লীতে ছিলেন। ঐ সময়ে তাঁর নামাঙ্কিত মুদ্রা প্রচলিত হয়েছিল, প্রার্থনাকালে সম্রাট হিসাবে তাঁর নাম উচ্চারিত হত। তিনি পারস্যে ফিরে যান সুবিখ্যাত কোহিনুর মণি ও শাহ্জাহানের ময়ূর সিংহাসনসহ নগদে ও

মূল্যবান জিনিসপত্রে প্রায় ৭০ কোটি টাকা নিয়ে। সিন্ধুনদের পশ্চিম উপকূলের সমস্ত প্রদেশও তাঁকে ছেড়ে দিতে হয়েছিল।

নাদির শাহের আক্রমণ ও লুন্ঠন মুঘল সম্রাটের ক্ষমতা ও কর্তৃত্বের ওপর নিদারুণ আঘাত হেনেছিল। মুঘল সম্রাট, মুঘল অভিজাত শ্রেণী, ব্যবসায়ী ও অধিবাসীদের কাছ থেকে যে বিপুল অর্থ নাদির শাহ্ নিয়ে গিয়েছিলেন তাতে সাম্রাজ্যের সম্পদের একটা বড় অংশ বাইরে চলে যায়। তাছাড়া, ব্যাপক ধনসম্পদ নাশের ক্ষতিপূরণের জন্য আমীররা জায়গীর লাভের জন্য হানাহানি আরম্ভ করে। অনিবার্যভাবে কৃষকদের ওপর করভার বৃদ্ধি করা হয়, তাদের কাছ থেকে অত্যাচার করে জায়গীরদাররা রাজস্ব আদায় করে। অন্যদিকে, কাবুল ও সিন্ধু নদীর পশ্চিম অঞ্চল হাতছাড়া হওয়ায় ভারতবর্ষের উত্তর-পশ্চিম অঞ্চলের নিরাপত্তা বিপন্ন হয়। তাছাড়া, এই আক্রমণ উদ্ঘাটিত করে দিয়েছিল মুঘল সাম্রাজ্য কত অসহায় ও দুর্বল। এতে বাণিজ্য সম্প্রসারণকামী ইউরোপীয় বণিকরা কম উল্লসিত হয় নি।

ফলাফল

শেষ মুঘল সম্রাটরা ঃ মহম্মদ শাহের মৃত্যুর পর তাঁর পুত্র আহম্মদ শাহ্ (১৭৪৮-১৭৫৪) দিল্লীর সিংহাসনে বসেন। মুঘল সাম্রাজ্যের আয়তন তখন খুই সংকুচিত—দিল্লী ও তার উপকন্ঠেই তাঁর আদেশ-নির্দেশ বলবৎ থাকত। তাঁর সময়ে আফগান দলপতি আহম্মদ শাহ্ আবদালী একাধিকবার ভারত আক্রমণ করে পাঞ্জাব জয় করেন। আবদালীর আক্রমণে মুঘল সাম্রাজ্য খান খান হয়ে ভেঙে পড়ে। মুঘল সাম্রাজ্যে সর্বেসর্বা হয়ে উঠেছিলেন প্রধানমন্ত্রী নিজাম উল-মুল্কের পৌত্র গাজী-উদ্দীন ইমাদ-উল্-মুল্ক। ১৭৫৪ খ্রীষ্টাব্দে তিনি আহম্মদ শাহ্কে সিংহাসনচ্যুত করে জাহান্দার শাহের পুত্র আজিজউদ্দীনকে (১৭৫৪-৫৯) সিংহাসনে বসান। তিনি দ্বিতীয় আলমগীর উপাধি ধারণ করেন। প্রকৃত ক্ষমতা থাকে গাজী-উদ্দীনের হাতেই। প্রধান-মন্ত্রীর প্রভাবমুক্ত হতে চেষ্টা করতেই তাঁকে হত্যা করা হয়। পরবর্তী সম্রাট ও তাঁর পুত্র দ্বিতীয় শাহ্ আলম্ (১৭৫৯-১৮০৬) গাজীউদ্দীনের বিরোধিতায় দীর্ঘকাল দিল্লী ত্যাগ করে ইস্ট ইন্ডিয়া কোম্পানী ও অযোধ্যার নবাবের আশ্রয়ে এলাহাবাদে কাটান। মারাঠাদের সাহায্যে দিল্লী ফিরে এলেও তিনি প্রকৃত শাসক হতে পারেন নি। অবশেষে ইংরেজদের বৃত্তিভোগী হয়ে তিনি দিল্লীতে আমৃত্যু কাটান। তাঁর পরবর্তী সম্রাট দ্বিতীয় আকবর (১৮০৬-১৮৩৭ খ্রীঃ) এবং বাহাদুর শাহ্ (১৮৩৭-১৮৫৮ খ্রীঃ) ইংরেজ কোম্পানীর বৃত্তিভোগী ছিলেন। সিপাহী বিদ্রোহে যোগদানের অপরাধে বাহাদুর শাহকে রেঙ্গুনে নির্বাসিত করে ইংরেজ কোম্পানী। সেখানেই তাঁর মৃত্যু হয় (১৮৬২ খ্রীঃ)। মুঘল রাজবংশের অবসান ঘটে।

পঞ্চদশ অধ্যায় | আঞ্চলিক স্বাধীন রাজ্যের উদ্ভব

পূর্বেই আলোচনা করা হয়েছে যে, ঔরঙ্গজীবের মৃত্যুর পর থেকে মুঘল সাম্রাজ্যের ভগ্নদশার সূত্রপাত হয়। মুঘল সাম্রাজ্য যে ক্রমশঃ ছিন্ন ভিন্ন হয়ে পড়ছে তার চিত্র চারদিকে সুস্পষ্ট হয়ে ওঠে। কেন্দ্রীয় শাসনে দুর্বলতা এবং প্রশাসনিক বিশৃঙ্খলার সুযোগে প্রাদেশিক শাসনকর্তারা একে একে মুঘল আধিপত্য অস্বীকার করে স্বাধীন হয়ে ওঠেন। মুঘল সাম্রাজ্যের ধ্বংসাবশেষের উপর কয়েকটি স্বাধীন বা অর্ধস্বাধীন রাজ্যের উদ্ভব হয়। এই রাজ্যগুলির মধ্যে বাংলা, হায়দ্রাবাদ, মহীশূর, অযোধ্যা ও মারাঠা রাজ্য বিশেষভাবে উল্লেখযোগ্য। অষ্টাদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে এই শক্তিগুলি ভারতে ইংরেজের সাম্রাজ্যবাদী শক্তি বিস্তারের বিরুদ্ধে প্রচেষ্টা চালায়।

মুঘল সাম্রাজ্যের ভগ্নদশা

বাংলা : দিল্লীতে কেন্দ্রীয় শাসনের অপদার্থতার সুযোগে মুর্শিদকুলি খাঁ ও আলিবর্দী খাঁ নামে দুজন সুযোগ্য ব্যক্তি বাংলা সুবাকে প্রকৃতপক্ষে স্বাধীন সুবায় পরিণত করেন। মুর্শিদকুলি খাঁ বাংলার রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে সরিয়ে আনেন। জমিদারদের কাছ থেকে মোটা টাকা খাজনা আদায় করে তিনি রাজ্যের আর্থিক সংগতি বৃদ্ধি করেন। বাংলা প্রদেশকে আভ্যন্তরীণ ও বাইরের আক্রমণ থেকে মুক্ত করে তিনি রাজ্যে শান্তি প্রতিষ্ঠা করতে সক্ষম হন। ইস্ট ইন্ডিয়া কোম্পানীর বণিকদেরও তিনি দেশীয় বণিকদের মত শুল্ক দিতে বাধ্য করেন। ১৭২৭ খ্রীষ্টাব্দে মুর্শিদকুলি খাঁর মৃত্যু হয়। তাঁর মৃত্যুর পর জামাতা সুজাউদ্দীন বাংলার সুবেদার হন। তাঁর আমলে বিহার বাংলার সঙ্গে যুক্ত হয়। সুজাউদ্দীনের পরে আসেন তাঁর পুত্র সরফরাজ খান। ১৭৪০ খ্রীষ্টাব্দে বিহারের 'নায়েব নাজিম' আলিবর্দী খাঁ সরফরাজ খানকে পদচ্যুত ও হত্যা করে নিজেকে বাংলার নবাব হিসেবে ঘোষণা করেন। শাসক হিসেবে আলিবর্দী খাঁ নানান গুণের অধিকারী ছিলেন। যুদ্ধ ও শাসনকার্যে তিনি যথেষ্ট পারদর্শী ছিলেন। পাশ্চাত্য বণিকদেরও তিনি তাঁর কর্তৃত্ব মানতে বাধ্য করেন। আলিবর্দী খাঁ মারাঠাদের আক্রমণে পর্যুদস্ত হওয়ায় মারাঠাদের সঙ্গে সন্ধি করে বৎসরে বারো লক্ষ টাকা ও উড়িষ্যার একাংশের রাজস্ব দিতে বাধ্য হন। ১৭৫৬ খ্রীষ্টাব্দে আলিবর্দীর মৃত্যুর পর তাঁর প্রিয় দৌহিত্র সিরাজ-উদ-দৌলা বাংলার নবাব হন। বাংলার নবাবদের বড় ত্রুটি হল, তাঁরা শক্তিশালী সৈন্যবাহিনী গড়ে তোলার ব্যাপারে সচেষ্ট ছিলেন না। পরবর্তীকালে সিরাজের বিরুদ্ধে ইস্ট ইন্ডিয়া কোম্পানীর জয়লাভের বড় একটা কারণ ছিল নবাবের সৈন্যবাহিনীর স্বল্পতা।

মুর্শিদকুলি খাঁ ও আলিবর্দী খাঁ

হায়দ্রাবাদ ঃ মুঘল ভগ্নাবশেষের উপর প্রতিষ্ঠিত আর একটি রাজ্যের নাম হায়দ্রাবাদ। এর প্রতিষ্ঠাতা হলেন কমরুদ্দীন চিন কিলিচ খান। ফাররুখশিয়ার বাদশাহ হওয়ার সময় চিন-কিলিচ খানের সমর্থনের পুরস্কার-স্বরূপ তাঁকে 'খান খানান' ও 'নিজাম-উল-মুলক্ ফতে জং' উপাধি দিয়ে দাক্ষিণাত্যের রাজপ্রতিনিধি নিযুক্ত করা হয় (১৭১৩ খ্রীঃ)। ১৭২০ থেকে ১৭২২ খ্রীষ্টাব্দের মধ্যে তিনি তাঁর বিরোধীদের বিপর্যস্ত করে দাক্ষিণাত্যে তাঁর প্রভাব সুপ্রতিষ্ঠিত করতে সমর্থ হ'ন। সম্রাট মুহম্মদ শাহের আমলে তাঁকে কিছুদিন দিল্লীতে উজীর-এ-আজম বা প্রধানমন্ত্রীর পদে থাকতে হয়। কিন্তু তিনি এই পদ ছেড়ে পুনরায় দাক্ষিণাত্যে ফিরে যান। দাক্ষিণাত্যে ফিরে গিয়ে তিনি হায়দ্রাবাদ রাজ্য প্রতিষ্ঠা করেন। দিল্লীর বাদশাহ তাঁকে 'আসফ জা' উপাধিতে ভূষিত করেন। প্রকাশ্যে এই রাজ্যকে স্বাধীন বলে ঘোষণা না করলেও স্বাধীন নবাব হিসেবেই তিনি রাজ্য চালাতে শুরু করেন। পরিণত বয়স পর্যন্ত অত্যন্ত বিচক্ষণতা ও নৈপুণ্যের সঙ্গে তিনি রাজ্য শাসন করেন। ১৭৪৮ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যুর পর থেকেই বিদেশী বণিকরা দাক্ষিণাত্যের আভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ শুরু করে। মুঘল রাজবংশের মত হায়দ্রাবাদ রাজ্যেও বিচ্ছিন্নতার সূত্রপাত ঘটে।

নিজাম-উল-মুলক্

মহীশূর ঃ হায়দ্রাবাদের পরই দাক্ষিণাত্যে অন্য স্বাধীন রাজ্য গড়ে উঠেছিল হায়দার আলীর নেতৃত্বে। বিজয়নগর সাম্রাজ্য বিলুপ্ত হওয়ার পরও মহীশূর রাজ্যের স্বাধীনতা বজায় থাকে। রাজা কৃষ্ণরায়ের আমলে এই রাজ্যের মূল কর্তৃত্ব ছিল প্রধানমন্ত্রী ও সেনাপতি নঞ্জরাজের হাতে। হায়দার ছিলেন এই নঞ্জরাজের অত্যন্ত প্রিয়পাত্র। হায়দার মহীশূরের সেনাবাহিনীতে সামান্য 'নায়ক' হিসেবে কাজ শুরু করে ১৭৫৫ খ্রীষ্টাব্দে ফৌজদার হিসেবে নিযুক্ত হন। তিনি ছিলেন বুদ্ধিমান, উদ্যমী, সাহসী ও দৃঢ়প্রতিজ্ঞ। পাশ্চাত্য রণকৌশল আয়ত্ত করে তিনি সৈন্যবাহিনীকে সুশিক্ষিত করে তোলেন। ১৭৬১ খ্রীষ্টাব্দে রাজ্যের রাজনৈতিক অস্থিরতার সুযোগ নিয়ে তিনি নঞ্জরাজকে পরাজিত করেন ও মহীশূর রাজ্যের কর্তৃত্ব লাভ করেন। ক্রমে তিনি বিজাপুর, কানাড়া ও মালাবার প্রভৃতি অঞ্চল জয় করেন। অতি অল্প সময়ের মধ্যে মহীশূর ভারতবর্ষের মধ্যে অন্যতম শক্তিশালী রাজ্যে পরিণত হয়। ক্ষমতায় আসার পর থেকেই মারাঠা, নিজাম ও ইংরেজদের সঙ্গে হায়দারকে সংগ্রাম চালাতে হয়।

হায়াদার আলী

অযোধ্যা ঃ বাংলার মত অযোধ্যাও নামে মাত্র মুঘল সাম্রাজ্যের সুবা হয়েও প্রকৃত-পক্ষে স্বাধীন রাজ্যে পরিণত হয়। অযোধ্যা ছাড়া বারাণসী, এলাহাবাদ ও কানপুরের কয়েকটি অঞ্চল নিয়ে এই সুবা গঠিত হয়। সাদাত খান বুরহান উল মুলক্ ছিলেন অযোধ্যা রাজ্যের প্রতিষ্ঠাতা। তিনি ছিলেন উদ্যমী, সাহসী ও অত্যন্ত বিচক্ষণ ব্যক্তি। প্রজাদের উন্নতিকল্পে তিনি নতুন ভূমি বন্দোবস্ত ও রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ করেন। তাঁর সৈন্যবাহিনীও ছিল অত্যন্ত সুসজ্জিত ও সুশিক্ষিত। তাঁর মৃত্যুর পর তাঁর ভ্রাতুষ্পুত্র সফ্‌দার জঙ

সাদাত খান বুরহান-উল-মুলক্

অযোধ্যার নবাব হন। তাঁর সুশাসনে অযোধ্যার প্রজারা শান্তিতেই ছিল। নবাবদের শাসনকালে শান্তি ও অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য থাকায় কলা ও সাহিত্যচর্চার কেন্দ্র হিসেবে লক্ষ্মৌ বিশিষ্ট স্থান অধিকার করে। সফদর জঙ্গের মৃত্যুর পর তাঁর পুত্র সুজা-উদ-দৌলা নবাব পদে অভিষিক্ত হ'ন। তাঁর সময় থেকে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর সঙ্গে অযোধ্যার প্রত্যক্ষ রাজনৈতিক সম্পর্ক স্থাপিত হয়।

শিখ শক্তির উত্থান: শিখ ধর্মের প্রবর্তক গুরু নানকের সময় থেকে ভারতে শিখজাতির আবির্ভাব ঘটে। নানক-প্রবর্তিত শিখধর্ম পাঞ্জাবের জাঠ ও অন্যান্য নিম্নবর্ণের মানুষের মধ্যে ক্রমশঃ ছড়িয়ে পড়ে।

গুরু নানক



গুরু নানক

গুরু অর্জুনের (১৫৮১-১৬০৬ খ্রীঃ) সময় থেকে শিখগণ রাজনীতিতে অংশগ্রহণ করতে শুরু করে। মুঘল সম্রাট জাহাঙ্গীরের আদেশে গুরু অর্জুন সিংকে হত্যা করার সময় থেকেই শিখজাতি মুঘলদের শত্রুতে পরিণত হয়। এই সময় থেকেই নিজেদের আত্মরক্ষার জন্য শিখরা সামরিক শক্তির প্রয়োজনীয়তা অনুভব করে।

অর্জুন সিং

গুরু অর্জুনের মৃত্যুর পর গুরু হরগোবিন্দ সিং প্রকৃতপক্ষে সামরিক সংগঠনে মনোনিবেশ করেন। তাঁর সময় শিখদের মধ্যে সংগ্রামী মানসিকতার উন্মেষ ঘটে। হরগোবিন্দ তাঁর অনুচরবর্গের কাছে অর্থের পরিবর্তে অশ্ব ও অস্ত্র দাবি করেন। তাছাড়া তিনি একটি স্বেচ্ছাসেবী সামরিক বাহিনী গঠন করেন। এই কার্যকলাপের জন্য সম্রাট জাহাঙ্গীর ও হরগোবিন্দের মধ্যে বিবাদ উপস্থিত হয়।

হরগোবিন্দ সিং

তবে শিখদের একটি রাজনৈতিক ও সামরিক জাতিরূপে আবির্ভাব সম্ভব হয়েছিল দশম বা শেষ শিখগুরু গোবিন্দ সিং (১৬৭৫-১৭০৮)-এর নেতৃত্বে। গুরু গোবিন্দ সিং সামরিক শিক্ষার উপর অত্যন্ত গুরুত্ব আরোপ করেন। 'খালসা' বাহিনী গঠন করে তিনি শিখজাতিকে প্রকৃতপক্ষে সামরিক জাতিতে পরিণত করেন। ১৬৯৯ খ্রীষ্টাব্দ থেকে গুরু গোবিন্দ সিং মুঘল সম্রাট ঔরঙ্গজীব ও পাঞ্জাবের পার্বত্য অঞ্চলের রাজাদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যান। ঔরঙ্গজীবের মৃত্যুর পর তাঁর পুত্র সম্রাট বাহাদুর শাহের সঙ্গে গুরু গোবিন্দের মিত্রতা স্থাপিত হয়। তাঁকে পদাতিক ও অশ্বারোহী বাহিনীর অধিনায়ক হিসেবে দরবারে অভিজাত ব্যক্তির মর্যাদা দেওয়া হয়। ১৭০৮ খ্রীষ্টাব্দে দাক্ষিণাত্য অভিযানের সময় একজন

গুরু গোবিন্দ সিং

পাঠান আততায়ীর হাতে তিনি নিহত হ'ন। গুরু গোবিন্দের মৃত্যুর পর 'গুরু' পদের বিলুপ্তি হয়। পরের শিখ নেতা বান্দাবাহাদুর মুঘল সেনাবাহিনীর সঙ্গে দীর্ঘ আট বৎসর লড়াই চালিয়ে যান।

মারাঠা শক্তির উত্থান ও পতন

বহু বাধা ও দুর্বলতা থাকা সত্ত্বেও মুঘল শাসনের বিরুদ্ধে লড়াই করার শক্তি হিসেবে মারাঠাদের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। মুঘল শক্তির দুর্বলতার সুযোগে ভারতবর্ষের রাজনৈতিক শূন্যতা পূরণ করার মত ক্ষমতা একমাত্র মারাঠাদের ছিল একথা বললে অত্যুক্তি হয় না। মুঘল সাম্রাজ্যের ধ্বংসাবশেষের উপর ভারতব্যাপী সাম্রাজ্য গড়ে তোলার মত কোনও সুনির্দিষ্ট কর্মপন্থা তারা গ্রহণ করতে পারেনি। এমনকি মুঘল সাম্রাজ্যকে উৎখাত করে নিজেদের আধিপত্য বিস্তার করতেও পারেনি। কিন্তু মুঘল সাম্রাজ্যের বিরুদ্ধে তাদের নিরবচ্ছিন্ন সংগ্রাম অব্যাহত ছিল। মুঘল সিংহাসনের বিভিন্ন দাবিদারদের মধ্যে দ্বন্দ্ব চলাকালীন মারাঠারা পশ্চিম ভারতে তাদের রাজনৈতিক অবস্থা মজবুত করে তোলে।

নতুন রাজনৈতিক শক্তি হিসেবে মারাঠা

ঔরঙ্গজীবের মৃত্যুর পর শম্ভুজীর পুত্র শাহু মুক্তিলাভ করেন। স্বদেশে ফিরে এসে তিনি সিংহাসনের দাবী করেন। তারাবাঈ সাহুর দাবী অস্বীকার করায় মারাঠাদের মধ্যে গৃহযুদ্ধ শুরু হয়। সাহু সাতারা থেকে এবং তারাবাঈ কোলাপুর থেকে পরস্পর পরস্পরের প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হন। কিন্তু সাহুর প্রধান সমর্থক 'পেশোয়া' বালাজী বিশ্বনাথের কূটকৌশলে তারাবাঈ-এর প্রচেষ্টা শেষ পর্যন্ত ব্যর্থ হয়। পেশোয়া বালাজী বিশ্বনাথের নেতৃত্বে মারাঠা ইতিহাসে নতুন অধ্যায়ের সূত্রপাত ঘটে।

মারাঠাদের গৃহযুদ্ধ

বালাজী বিশ্বনাথ (১৭১৪-১৭২৫)

কঙ্কন অঞ্চলের চিৎপাবন গোষ্ঠীর এই ব্রাহ্মণ একজন অসাধারণ ব্যক্তি ছিলেন। রাজস্ব বিভাগের সামান্য কেরানীর চাকরি নিয়ে তিনি জীবন শুরু করেন। পরে সৈন্যবিভাগ সম্পর্কেও তিনি অভিজ্ঞতা অর্জন করেন। ১৭১৩ খ্রীষ্টাব্দে সাহু তাঁকে পেশোয়া বা প্রধানমন্ত্রী পদে নিযুক্ত করেন। পেশোয়া বালাজী বিশ্বনাথ বস্তুতঃ সকল ক্ষমতা নিজের হাতে কুক্ষিগত করে মহারাষ্ট্রে পেশোয়া বংশের পত্তন করেন। সাহু বালাজী পরিবারের পেশোয়া পদ বংশানুক্রমিক করার নির্দেশ দেন।

বংশানুক্রমিক পেশোয়াপদ

নিজ প্রতিভা ও কর্মদক্ষতার ফলে বালাজী বিশ্বনাথ ক্রমে রাজ্যের সর্বময় কর্তা হয়ে ওঠেন। তিনি দিল্লীর বাদশাহ ফাররুখশিয়ারের সঙ্গে সন্ধি করে দাক্ষিণাত্যে মারাঠা প্রভুত্ব স্থাপন করেন। দাক্ষিণাত্যের ছয়টি মুঘল সুবা থেকে মারাঠারা 'চৌথ' ও 'সরদেশমুখী' আদায় করার অনুমতি পায়। এর বিনিময়ে সাহু নামেমাত্র মুঘল

সাম্রাজ্যের প্রভুত্ব মেনে নিয়ে মুঘল সম্রাটকে বাৎসরিক দশ লক্ষ টাকা নজরানা ও পনেরো হাজার অশ্বারোহীর ব্যয় বহন করতে রাজী হন। এই ব্যবস্থা শিবাজীর মারাঠা সাম্রাজ্যের আদর্শ থেকে বিচ্যুতি ছাড়া আর কিছু নয়। কিন্তু এর ফলে দাক্ষিণাত্যে মারাঠা প্রভাব নিঃসন্দেহে বিস্তৃত হয়। ১৭১৯ খ্রীষ্টাব্দে একটি মারাঠা সেনাবাহিনী নিয়ে বালাজী বিশ্বনাথ দিল্লী যান এবং মুঘল সম্রাটকে পদচ্যুত করার ব্যাপারে সৈয়দ ভ্রাতৃদ্বয়কে সাহায্য করেন। এর কিছুকাল পরেই তাঁর মৃত্যু হয় (১৭২০ খ্রীঃ)।

দাক্ষিণাত্যে মারাঠা প্রভাব বিস্তার

বালাজী বিশ্বনাথ ছিলেন সুযোগ্য শাসক। তিনি মারাঠা রাজ্যে শান্তি ও শৃঙ্খলা ফিরিয়ে আনতে সমর্থ হন। 'চৌথ' ও 'সরদেশমুখী' কর আদায় যাতে সুষ্ঠুভাবে করা যায় তার জন্য তিনি এক একজন মারাঠা সর্দারকে এক একটি এলাকার দায়িত্ব অর্পণ করেন। অবশ্য পরিণামে এই ব্যবস্থা মারাঠা সাম্রাজ্যের একটি প্রধান দুর্বলতার কারণ হয়ে দাঁড়ায়। নায়ক ও জায়গীরদারদের প্রভাব বৃদ্ধি পাওয়ায় মারাঠা রাষ্ট্রের সংহতি বিপন্ন হয়ে ওঠে।

বালাজীর কৃতিত্ব

প্রথম বাজীরাও (১৭২০-১৭৪০)

বালাজী বিশ্বনাথের মৃত্যুর পর তাঁর পুত্র বাজীরাও পেশোয়া নিযুক্ত হ'ন। অল্প বয়স হলেও তিনি ছিলেন সাহসী, দক্ষ সেনানায়ক, উচ্চাকাঙ্ক্ষী ও সুচতুর রাজনীতিবিদ। শিবাজীর পরেই তাঁকে শ্রেষ্ঠ গেরিলা যুদ্ধকৌশলী বলা হয়ে থাকে। মুঘল সাম্রাজ্যের দুরবস্থা দেখে তিনি স্থির সিদ্ধান্তে আসেন যে হিন্দু আধিপত্য স্থাপনের সময় উপস্থিত। তাঁর স্বপ্ন ছিল হিন্দু পাদ্ পাদ্শাহী বা হিন্দু সাম্রাজ্য স্থাপন। এই পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য তিনি মারাঠা শক্তিকে সুসংহত ও ঐক্যবদ্ধ করার পরিকল্পনা গ্রহণ করেন। এ ছাড়া অন্যান্য হিন্দু রাজাদের সঙ্গে তিনি মিত্রতা করতে প্রয়াসী হন। জয়পুরের রাজা দ্বিতীয় জয়সিংহ এবং বুন্দেলখন্ডের রাজা ছত্রশাল প্রমুখের সমর্থনও তিনি সংগ্রহ করেন। সাম্রাজ্য বিস্তারের উদ্যোগ গ্রহণ করে তিনি বিভিন্ন মুসলিম রাজ্য বিজয়ে অগ্রসর হন। মালব ও গুজরাট সহজেই অধিকারভুক্ত হয়। বুন্দেলখন্ডের কতক অংশ মারাঠা সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়। বাজীরাও মারাঠা রাজ্যের অভ্যন্তরে পেশোয়া-বিরোধী শক্তিগুলিকে দমন করেন। ১৭৩১ খ্রীষ্টাব্দে হায়দ্রাবাদের নিজামের সঙ্গে সম্পাদিত এক চুক্তির দ্বারা স্থির হয় যে, পেশোয়া উত্তরাপথে এবং নিজাম দাক্ষিণাত্যে নিজেদের শক্তি বৃদ্ধি করতে পারবেন। এরপর বাজীরাও সৈন্যসামন্ত নিয়ে দিল্লীর কাছে উপস্থিত হলে মুঘল সম্রাটের আহ্বানে নিজাম পেশোয়ার বিরুদ্ধে যুদ্ধ করতে অগ্রসর হন। যুদ্ধে নিজাম পরাজিত হন। নর্মদা ও চম্বল নদীর মধ্যবর্তী এলাকায় মারাঠা আধিপত্য মুঘল সম্রাট মেনে নিতে বাধ্য হ'ন। পেশোয়াকে ক্ষতিপূরণ হিসাবে পঞ্চাশ লক্ষ টাকা দেওয়ার শর্ত স্থির হয়। বাজীরাওয়ের এই বিজয়ের জন্য তাঁকে প্রাশিয়ার 'ফ্রেডারিক দি গ্রেট'-এর সঙ্গে তুলনা করা হয়।

হিন্দু-পাদ-পাদশাহী

ফ্রেডারিক দি গ্রেট

এই ঘটনার পর বাজীরাও পশ্চিম উপকূলে পর্তুগীজদের বিরুদ্ধে অভিযান চালিয়ে সালসেট ও বেসিন দখল করেন। ১৭৪০ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যু হয়।

বাজীরাও মাত্র কুড়ি বৎসর রাজত্বকালে মারাঠা সাম্রাজ্যের কাঠামোতে কিছু পরিবর্তন সাধনে সক্ষম হ'ন। প্রকৃতপক্ষে মারাঠা সাম্রাজ্যের ভিত্তি স্থাপন তাঁর প্রধান কীর্তি। নাদির শাহের আক্রমণ যখন আসন্ন তখন বিদেশী শত্রুর বিরুদ্ধে প্রতিরোধ সৃষ্টির পরিকল্পনা তার রাজনৈতিক দূরদৃষ্টিরই পরিচয় দেয়। কিন্তু তিনি মারাঠা সাম্রাজ্যের ভিত্তিকে সুসংহত করতে সক্ষম হন নি। কারণ নতুন নতুন রাজ্য বিস্তৃত হলেও সেখানে সুশাসনের ব্যবস্থা করা হয়নি। দেশবাসীর মঙ্গলের জন্য রাষ্ট্রনীতি ও অর্থনীতি নিয়ন্ত্রণ করার মত দূরদৃষ্টি ও সামর্থ্যের তাঁর যথেষ্ট অভাব ছিল। তার ফলে মারাঠা সাম্রাজ্যের ভিত্তি দুর্বল হয়ে পড়ে। বাজীরাও কর্তৃক মারাঠা রাজ্যের সুশাসনের জন্য বিভক্ত অঞ্চলগুলির শাসকরা প্রথমে পেশোয়ার আধিপত্য স্বীকার করলেও পরবর্তীকালে তাঁরা স্বাধীনভাবে শাসন করতে শুরু করেন। এরা হলেন বেরারের ভোঁসলে, বরোদার গাইকোয়াড়, গোয়ালিয়রের সিন্ধিয়া এবং ইন্দোরের হোলকার। এই মারাঠা নায়কদের পারস্পরিক বিরোধিতা মারাঠা সাম্রাজ্যের পতনের সূত্রপাত করে।

বাজীরাও-এর কৃতিত্ব

মারাঠা সাম্রাজ্যের ভাঙ্গনের পথ

বালাজী বাজীরাও (১৭৪০-১৭৬১ খ্রীঃ)

বাজীরাওয়ের মৃত্যুর পর তাঁর পুত্র বালাজী বাজীরাও পেশোয়া পদ গ্রহণ করেন (১৭৪০ খ্রীঃ)। তখন তাঁর বয়স মাত্র আঠারো বছর। শাহুর মৃত্যুর পর বালাজী রাষ্ট্রের সমস্ত ক্ষমতা নিজের হাতে কেন্দ্রীভূত করেন ও সাম্রাজ্যের রাজধানী পুণেতে স্থানান্তরিত করেন। পিতার মত দক্ষ না হলেও তিনি যুদ্ধ ব্যাপারে পারদর্শী ছিলেন। কিন্তু বাজীরাও-প্রবর্তিত হিন্দু রাজ্য প্রসারের আদর্শ থেকে তিনি বিচ্যুত হন। তাঁর সৈন্যবাহিনী হিন্দু-মুসলমান নির্বিশেষে আক্রমণ ও লুন্ঠনে প্রবৃত্ত হয়। এর ফলে দেশের মুসলিম শাসকবর্গ, রাজপুত ও অন্যান্য হিন্দুরাজারা মারাঠাদের বিরোধিতা শুরু করেন। শিবাজীর আমলে মারাঠা পদাতিক বাহিনী ছিল মারাঠা সেনাবাহিনীর মেরুদন্ড। কিন্তু বালাজী বাজীরাও-এর আমলে মারাঠা সেনাবাহিনীতে মুসলিম, ফরাসী, জার্মান প্রভৃতি বিদেশী সেনাপতি এবং সৈন্য নিযুক্ত করা হয়। ফলে মারাঠাবাহিনী থেকে জাতীয়তার ভাবধারা বিলুপ্ত হয়।

হিন্দু রাজ্য প্রসারের আদর্শ থেকে বিচ্যুতি

কিন্তু একথা অনস্বীকার্য যে বালাজী বাজীরাওয়ের প্রচেষ্টায় মারাঠা সাম্রাজ্য চরম উন্নতির শিখরে আরোহণ করে। এই সময় মালব, গুজরাট ও বুন্দেলখন্ডে মারাঠা শক্তি সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হয়। বাংলার নবাব উড়িষ্যার অধিকার মারাঠাদের হাতে ছেড়ে দিতে বাধ্য হন। দক্ষিণ ভারতে মহীশুর-সহ কয়েকটি ছোট ছোট রাজ্যের রাজারা মারাঠা প্রভুত্বের

মারাঠা সাম্রাজ্যের প্রসার

নিদর্শনস্বরূপ কর দিতে বাধ্য হন। ১৭৬০ খ্রীষ্টাব্দে বিখ্যাত মারাঠা সেনাপতি সদাশিব রাও হায়দ্রাবাদের নিজামকে পরাজিত করে বিজাপুর, ঔরঙ্গাবাদ, এবং বিদরের কিছু অংশ মারাঠা অধিকারভুক্ত করেন। ইমাদ-উল্-মুলুককে দিল্লীর মুঘল সাম্রাজ্যের উজীর পদে নিযুক্ত করতে সাহায্য করে বালাজী বাজীরাও দিল্লীতে মারাঠা প্রভাব স্থাপিত করেন। এর ফলে বালাজী বাজীরাও-এর আমলে মারাঠা সাম্রাজ্য হিমালয় থেকে সিন্ধুনদ এবং দক্ষিণ ভারতের দক্ষিণ সীমান্ত পর্যন্ত বিস্তৃত হয়। কিন্তু মারাঠাদের এই প্রতিপত্তি দীর্ঘস্থায়ী হয় নাই।

পানিপথের তৃতীয় যুদ্ধ

ইতিমধ্যে ১৭৫৮ খ্রীষ্টাব্দে মলহর রাও হোলকার এবং পেশোয়ার ভ্রাতা রঘুনাথ রাও আহ্মদ শাহ্ আব্দালীর পুত্র তৈমুর শাহকে পরাজিত করে পাঞ্জাব দখল করেন। এই ঘটনায় ক্রুদ্ধ হয়ে আফগান অধিপতি আহ্মদ শাহ্ আবদালী মারাঠাদের বিধ্বস্ত করার জন্য ভারত আক্রমণ করার প্রস্তুতি গ্রহণ করেন। অপরপক্ষে বালাজী বাজীরাও আহম্দ শাহকে প্রতিহত করার জন্য আয়োজন শুরু করেন। আহমদ শাহের সঙ্গে রোহিলখন্ডের নাজিব-উদ্-দৌলা ও অযোধ্যার সুজা-উদ্-দৌলা মিত্রতা চুক্তিতে আবদ্ধ হন। মারাঠাদের উচ্চাভিলাষ ও আচরণের জন্য উত্তর ভারতের রাজারা কেউই তাদের সাহায্যে অগ্রসর হয় না। এই অবস্থায় নিজেদের শক্তি সম্বল করে আফগান অধিপতির বিরুদ্ধে বালাজী যুদ্ধে অগ্রসর হন। পেশোয়ার পুত্র বিশ্বাসরাও-এর সেনাপতিত্বে এবং সদাশিব রাও ভাউ-এর পরিচালনায় বিরাট মারাঠাবাহিনী যুদ্ধে অগ্রসর হয়। ১৭৬১ খ্রীষ্টাব্দে ঐতিহাসিক পানিপথের প্রান্তরে মারাঠাবাহিনী আহ্মদ শাহের কাছে সম্পূর্ণভাবে পরাস্ত হয়। এই যুদ্ধ পানিপথের তৃতীয় যুদ্ধ নামে ইতিহাসে প্রসিদ্ধ। যুদ্ধে বিশ্বাস রাও, সদাশিব রাও ও অন্যান্য প্রখ্যাত মারাঠা সেনানায়ক ও প্রায় আটাশ হাজার মারাঠা সৈন্যকে প্রাণ বিসর্জন দিতে হয়। এই শোচনীয় পরাজয় পেশোয়া সহ্য করতে পারেন না। ১৭৬১ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যু হয়।

মারাঠাদের পতনের কারণ ঃ পানিপথের তৃতীয় যুদ্ধে মারাঠাদের পরাজয় মোটেই আকস্মিক ছিল না। এই পরাজয়ের প্রধান কারণ হল বালাজী বাজীরাওয়ের হিন্দু পাদ্-পাদ্শাহী নীতি পরিত্যাগ এবং হিন্দু-মুসলমান নির্বিশেষে প্রত্যেকের উপর অত্যাচার ও লুন্ঠন-নীতি গ্রহণ। আহ্মদ শাহ্কে প্রতিহত করার জন্য মারাঠারা অন্যান্য রাজন্যবর্গের সহায়তা পায়নি। পক্ষান্তরে অযোধ্যার নবাব সুজা-উদ্-দৌলা ও রোহিলা-নায়ক নাজিব-উদ-দৌলা আহমদ শাহের পক্ষ অবলম্বন করেন। এমনকি মারাঠাদের দ্বারা অত্যাচারিত হওয়ায় জাঠ, রাজপুত নায়কগণ এবং মারাঠা নায়ক রঘুজী ভোঁসলে পানিপথের যুদ্ধে নিরপেক্ষ থাকেন। এছাড়া গেরিলা রাজনীতি পরিত্যাগ, বিরাট সেনাবাহিনীর উপযুক্ত রসদের অভাব, এবং সেনানায়কদের মধ্যে মতভেদ প্রভৃতি বিষয়গুলি মারাঠাদের পরাজয়ের অন্যতম কারণ। সর্বোপরি যুদ্ধ-কৌশলের দিক থেকে আফগান অধিপতি আহমদ শাহ আবদালী মারাঠাদের তুলনায় অধিকতর যোগ্যতার পরিচয় দেন। মারাঠাদের পরাজয়ের এও আর এক কারণ ছিল।

পানিপথের তৃতীয় যুদ্ধের ফলাফল ও গুরুত্ব : পানিপথের তৃতীয় যুদ্ধ ভারতবর্ষের ইতিহাসে এক উল্লেখযোগ্য গুরুত্বপূর্ণ ঘটনা। পানিপথের পরাজয় মারাঠাদের ইতিহাসে এক শোচনীয় ঘটনা। এর ফলে তাদের কেবলমাত্র সুদক্ষ সেনাবাহিনীই বিনষ্ট হয়নি, তাদের রাজনৈতিক মর্যাদাও বহুলাংশে বিনষ্ট হয়। উত্তর ভারতে মারাঠাদের প্রতিপত্তি বিশেষভাবে প্রতিহত হয়। দক্ষিণ ভারতেও তাদের অগ্রগতি বন্ধ হয়। মারাঠাদের পতনের সুযোগে মহীশূরে হায়দার আলি ক্ষমতায় প্রতিষ্ঠিত হন। মোটের উপর ১৭৬১ খ্রীষ্টাব্দের পূর্বে মারাঠাদের যে গৌরব ও প্রতিপত্তি ছিল ১৭৬১ খ্রীষ্টাব্দের পর তার কিছু অবশিষ্ট থাকে না। মুঘল শক্তির ধ্বংসাবশেষের উপর সারা ভারতব্যাপী মারাঠা সাম্রাজ্য স্থাপনের আশা-ভরসার সমাপ্তি ঘটে। মারাঠাদের এই পরাজয়ে সবচেয়ে লাভবান হয় ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানী। পানিপথের তৃতীয় যুদ্ধ ভারতে ব্রিটিশ আধিপত্যের বাধাসমূহকে দূর করার পথ প্রস্তুত করে। কিন্তু একথা নিঃসন্দেহে বলা যায় যে, মারাঠা শক্তি পানিপথের যুদ্ধে একেবারে নিশ্চিহ্ন হয়ে যায় নি। পরবর্তীকালে মারাঠারা আবার ভারতবর্ষের ইতিহাসে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে এবং ইংরেজদের অন্যতম প্রতিদ্বন্দ্বীর ভূমিকায় তারা অবতীর্ণ হয়।

উল্লেখযোগ্য ঘটনা

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর বাধা অপসারণ

ইংরেজদের প্রতিদ্বন্দ্বী

ষোড়ষ অধ্যায়

ইউরোপীয় উপনিবেশ প্রতিষ্ঠার সূচনা ও প্রসার

প্রাচীনকাল থেকে ইউরোপের সঙ্গে ভারতবর্ষের ব্যবসা-বাণিজ্যের সম্পর্ক স্থাপিত হয়। মূলতঃ দুটি জলপথ দিয়ে বাণিজ্যিক লেনদেন চলত—একটি পারস্য উপসাগর দিয়ে, অপরটি লোহিত সাগর হয়ে। ভারতের সঙ্গে প্রথম প্রত্যক্ষ বাণিজ্য স্থাপন করতে সচেষ্ট হয় পর্তুগীজ বণিকেরা। ক্রমে সপ্তদশ শতাব্দীর প্রথম দিকে ইংরেজ, ওলন্দাজ, দিনেমার এবং ফরাসী বণিকগণ ভারতে আসতে শুরু করে। ইউরোপীয় বিভিন্ন বাণিজ্য কোম্পানীগুলি পরস্পর পরস্পরের মধ্যে প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত হয়। এর পরিণতিস্বরূপ শেষ পর্যন্ত একমাত্র ইংরেজ ও ফরাসী কোম্পানী ভারতের মাটিতে তাদের অস্তিত্ব বজায় রাখতে সমর্থ হয়।

ইউরোপীয় বণিকদের আগমন

ভারতে পর্তুগীজদের আগমন ঃ আফ্রিকার দক্ষিণ উপকূলে উত্তমাশা অন্তরীপ অতিক্রম করে পর্তুগাল নিবাসী ভাস্কো-দা-গামা দক্ষিণ ভারতের কালিকট বন্দরে উপস্থিত হন (২৭শে মে, ১৪৯৮)। ভারতে আসার জলপথ আবিষ্কার বিশ্ব ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করে। কালিকটের রাজা জামোরিন পর্তুগীজদের তাঁর রাজ্যে বাণিজ্য করার অনুমতি দান করেন। প্রায় এক শতাব্দী ধরে পর্তুগীজরা প্রাচ্যের সঙ্গে ব্যবসায়ের সুযোগ এককভাবে ভোগ করে। তারা এডেন থেকে সিংহল পর্যন্ত নানা-স্থানে কুঠি স্থাপন করে। গোয়া বন্দর তাদের প্রধান বাণিজ্য ঘাঁটিতে পরিণত হয়। ভারতের পশ্চিম উপকূলে পর্তুগীজ শাসনকর্তা আলবুকার্ক পর্তুগীজ নৌশক্তির প্রাধান্য সুপ্রতিষ্ঠিত করেন।

ভারতে আসার জলপথ আবিষ্কার

কিন্তু পর্তুগীজরা দীর্ঘকাল ধরে তাদের একচেটিয়া ব্যবসা ও রাজনৈতিক প্রতিপত্তি বজায় রাখতে পারেনি। ব্যবসার নামে লুন্ঠন, নরহত্যা, দাসব্যবসা, বিভিন্ন সম্প্রদায়কে বলপূর্বক খ্রীষ্টধর্মে দীক্ষিত করা প্রভৃতির ফলে পর্তুগীজদের বিরুদ্ধে এ দেশে ব্যাপক অসন্তোষ ও ঘৃণার সৃষ্টি হয়। মুঘল সম্রাট শাহজাহানের আদেশে পর্তুগীজরা হুগলী থেকে বিতাড়িত হয়। ইতিমধ্যে ইংল্যান্ড এবং হল্যান্ড এবং কিছু পরে ফ্রান্স পর্তুগীজদের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হয়। এর ফলে পর্তুগীজরা পিছু হটতে বাধ্য হয় এবং তাদের প্রাচ্যদেশের সাম্রাজ্য গোয়া, দমন ও দিউ-এর মধ্যে সীমাবদ্ধ হয়ে পড়ে।

পতুর্গীজদের পশ্চাদ-পসরণ

অন্যান্য ইউরোপীয় বণিকদের আগমন ঃ ভারতে পর্তুগীজদের ব্যবসা-বাণিজ্যে ঈর্ষান্বিত হয়ে ইউরোপের বণিক সম্প্রদায় ভারতে আসতে শুরু করে। ১৫৯৯

খ্রীষ্টাব্দে প্রাচ্যদেশে ব্যবসা-বাণিজ্য চালানোর উদ্দেশ্যে ইংরেজ বণিকগণ 'ইস্ট ইন্ডিয়া কোম্পানী' গঠন করে। ইংল্যান্ডের রানী প্রথম এলিজাবেথ এই বণিকদের একটি রাজকীয় সনদ প্রদান করেন। ১৬০২ খ্রীষ্টাব্দে ওলন্দাজ বণিকগণ ইউনাইটেড ইস্ট ইন্ডিয়া কোম্পানী নামে এক বণিকসমিতি গঠন করে। দিনেমার বণিকগণও একটি বণিক কোম্পানী গঠন করে ভারতে বাণিজ্য করার উদ্যোগ গ্রহণ করে। এ ছাড়া ১৬৬৪ খ্রীষ্টাব্দে ফরাসী ইস্ট ইন্ডিয়া কোম্পানী গঠিত হয়। ফ্লান্ডার্সের বণিকসম্প্রদায় 'অস্টেন্ড কোম্পানী' (১৭৭২ খ্রীঃ) এবং সুইডেনের বণিকগণ 'ইস্ট ইন্ডিয়া কোম্পানী' (১৭৩১ খ্রীঃ) গঠন করে ব্যবসায়ে উদ্যোগী হয়।

ইংরেজ, ওলন্দাজ, ফরাসী বণিক সমিতি

এইসব বণিক সমিতির মধ্যে ওলন্দাজ, ইংরেজ ও ফরাসী কোম্পানীগুলিই প্রতিপত্তিশালী ছিল। ওলন্দাজরা ভারতবর্ষের দিকে তেমন মনোযোগ দেয়নি। তাদের দৃষ্টি ছিল সিংহল ও মালয় দ্বীপপুঞ্জের দিকে। দিনেমারগণ বাংলাদেশের শ্রীরামপুরে কুঠি স্থাপন করে। অন্যান্য বণিক সম্প্রদায় ভারতবর্ষে তেমন সুবিধা করতে পারে না। শেষ পর্যন্ত এই বাণিজ্য প্রতিযোগিতায় ইংরেজ ও ফরাসী কোম্পানী তাদের অস্তিত্ব বজায় রাখতে সমর্থ হয়।

ইংরেজদের ইস্ট ইণ্ডিয়া কোম্পানী : মুঘল সম্রাট জাহাঙ্গীরের আমলে দরবারের সনদ অনুযায়ী ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানী সর্বপ্রথম ভারতের পশ্চিম উপকূলে কয়েকটি বাণিজ্য কুঠি স্থাপনের অনুমতি লাভ করে। ১৬১৫ খ্রীষ্টাব্দে ইংল্যান্ডের রাজদূত সার টমাস রো মুঘল সাম্রাজ্যের সর্বত্র বাণিজ্য কুঠি স্থাপন ও ব্যবসা-বাণিজ্যের অধিকার লাভ করেন। ক্রমে, সুরাট, ব্রোচ, আমেদাবাদ, আগ্রা ও মসুলিপত্তমে ইংরেজদের কুঠি স্থাপিত হয়। মাদ্রাজে 'ফোর্ট সেন্ট জর্জ' নামে একটি ইংরেজ দুর্গ নির্মিত হয়। ইতিমধ্যে ইংরেজরা পর্তুগীজদের কাছ থেকে বোম্বাই-এর অধিকার লাভ করে এবং সেখানে একটি সুরক্ষিত দুর্গ নির্মাণ করে। কিছুদিনের মধ্যে তারা বাংলা-বিহারের পাটনা, বালেশ্বর, ঢাকা প্রভৃতি স্থানে কুঠি স্থাপন করে। হুগলীতেও তারা ব্যবসা করবার অনুমতি পায়।

ব্যবসা-বাণিজ্যের অনুমতিলাভ

ভারতে পর্তুগীজদের পরাজয়ই ইংরেজদের উপনিবেশ স্থাপনের পথকে ত্বরান্বিত করে। ১৬৫১ খ্রীষ্টাব্দে ইংরেজরা বার্ষিক তিন হাজার টাকা কর দেওয়ার পরিবর্তে শাহজাদা সুজার কাছ থেকে বংলাদেশে বাণিজ্য করার অধিকার লাভ করে। সপ্তদশ শতাব্দীর শেষদিকে ১৬৯০ খ্রীষ্টাব্দে কোম্পানীর কর্মচারী জোব চার্ণক ভাগীরথী নদীর তীরে সুতানুটি, গোবিন্দপুর ও কালীঘাট এই তিনটি গ্রামের জমিদারি নিয়ে কলিকাতা মহানগরীর গোড়াপত্তন করেন। ১৭৮০ খ্রীষ্টাব্দে ইংল্যান্ডের রাজা তৃতীয় উইলিয়ামের নাম অনুসারে কোম্পানীর কুঠির চারপাশে 'ফোর্ট উইলিয়াম দুর্গ'

কলকাতা, বোম্বাই ও মাদ্রাজে ব্রিটিশ উপনিবেশ স্থাপন

স্থাপিত হয়। মাদ্রাজ, বোম্বাই ও কলিকাতা—এই তিনটি স্থান ব্রিটিশ উপনিবেশ তথা প্রধান ব্যবসাকেন্দ্র রূপে গড়ে উঠতে শুরু করে।

ফরাসী ইস্ট ইণ্ডিয়া কোম্পানী : ১৬৬৪ খ্রীষ্টাব্দের আগে প্রাচ্যে ফরাসী বাণিজ্য ও উপনিবেশ স্থাপনের পরিকল্পনা বাস্তবায়িত হয়নি। ঐ বৎসরেই ফরাসী ইস্ট ইন্ডিয়া কোম্পানী প্রতিষ্ঠিত হয়। ১৬৭০ খ্রীষ্টাব্দ নাগাদ ফরাসীরা ভারতের দিকে দৃষ্টি দেয়। এর কিছু আগে ১৬৬৮ খ্রীষ্টাব্দে ফরাসীরা সুরাটে কুঠি স্থাপন করে এবং মসুলিপত্তমে কারখানা তৈরীর অনুমতি লাভ করে। এরপর ধীরে ধীরে পন্ডিচেরী, চন্দননগর, কারিকল, মাহে প্রভৃতি স্থানে ফরাসী কুঠি গড়ে ওঠে। পন্ডিচেরী ছিল ফরাসীদের প্রধান বাণিজ্য কেন্দ্র। ফরাসীরা এদেশে বাণিজ্য স্থাপনে উদ্যোগী হলেও তারা ক্রমে ভারতের রাজনীতিতে অংশগ্রহণ করতে অগ্রসর হয়। এর মূল কারণ ছিল অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে ভারতে রাজনৈতিক অস্থিরতার সূত্রপাত। মুঘল সাম্রাজ্যের ধ্বংসাবশেষের উপর এদেশে ফরাসী সাম্রাজ্য স্থাপনের উদ্দেশ্যে ফরাসী গভর্ণর দুপ্লে ইউরোপীয় যুদ্ধবিদ্যায় একদল ভারতীয় সৈন্য শিক্ষিত করে তোলেন।

ভারতীয় রাজনীতিতে ফরাসীদের হস্তক্ষেপ

ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা : ১৭৪০ খ্রীষ্টাব্দে ইউরোপে অস্ট্রিয়ার উত্তরাধিকার সংক্রান্ত যুদ্ধ শুরু হ'লে ইংল্যান্ড ও ফ্রান্স পরস্পর-বিরোধীপক্ষে যোগদান করে। আমেরিকার উপনিবেশগুলির অধিকার নিয়ে প্রতিদ্বন্দ্বিতা এই যুদ্ধের অন্যতম কারণ ছিল। ভারতে বাণিজ্য নিয়ে প্রতিযোগিতাও এই সংঘর্ষের অপর এক কারণ ছিল। ভারতে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা চলে প্রায় কুড়ি বছর ধরে। এই সংঘর্ষের চূড়ান্ত পরিণতি ঘটে ভারতে ব্রিটিশ শক্তি প্রতিষ্ঠার মধ্য দিয়ে।

অষ্ট্রিয়ার উত্তরাধিকার সংক্রান্ত যুদ্ধ

কর্ণাটকের প্রথম যুদ্ধ : ইউরোপে ইংরেজ ও ফরাসীদের লড়াই ভারতবর্ষেও সংক্রামিত হয়। করমন্ডল উপকূলে ইংরেজগণ কয়েকটি ফরাসী জাহাজ আক্রমণ করলে ভারতে যুদ্ধ শুরু হয় (১৭৪৪ খ্রীঃ)। এই যুদ্ধ কর্ণাটকের প্রথম যুদ্ধ নামে পরিচিত। এরপর ইংরেজরা পন্ডিচেরী আক্রমণ করে। পন্ডিচেরীর ফরাসী গভর্ণর দুপ্লে এর পাল্টাস্বরূপ ১৭৪৬-খ্রীষ্টাব্দে মাদ্রাজ অধিকার করেন। এর ফলে ইঙ্গ-ফরাসী সংঘর্ষ নতুন মোড় নেয়। মাদ্রাজ ছিল কর্ণাটকের অন্তর্ভুক্ত। কাজেই ইংরেজরা মাদ্রাজ ফিরে পাওয়ার জন্য কর্ণাটকের নবাব আনোয়ারউদ্দীনের সাহায্য প্রার্থনা করে। নবাব তাঁর রাজ্য থেকে ফরাসী বিতাড়ণের উদ্দেশ্যে একটি সৈন্যবাহিনী প্রেরণ করেন। আদিয়ার নদীর তীরে সেন্ট টোমের যুদ্ধে নবাবের বাহিনী ফরাসী বাহিনীর কাছে পরাস্ত হয়। এর কারণ হল ফরাসী বাহিনীর পাশ্চাত্য সামরিক কৌশল। এই যুদ্ধে ভারতীয় বাহিনীর


ডুপ্লে

সেন্ট টোমের যুদ্ধ

তুলনায় পাশ্চাত্য সামরিক বিদ্যার শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়। ইতিমধ্যে ইউরোপের আয়-লা-শাপেলের সন্ধি (১৭৪৮ খৃীঃ) দ্বারা ইংরেজ ও ফরাসীদের মধ্যে শান্তি স্থাপিত হলে ভারতেও তাদের মধ্যে শান্তি স্থাপিত হয়। ফরাসীরা ইংরেজদের মাদ্রাজ ফিরিয়ে দেয়। ইংরেজ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতা প্রথম পর্ব এই ভাবে শেষ হয়। কিন্তু ভারতে ব্যবসা-বাণিজ্য ও রাজনৈতিক প্রভুত্ব স্থাপনের প্রশ্নে এদেশে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব অব্যাহত থাকে। ভারতের রাষ্ট্রীয় ও সামরিক দুর্বলতা এই দুই বণিকশক্তিকে ভারতে রাজ্য বিস্তারের বিষয়ে আকৃষ্ট করে।

আয়-লা-শাপেলের সন্ধি

কর্ণাটকের নবাব আনোয়ারউদ্দীনের সঙ্গে যুদ্ধের অভিজ্ঞতাকে মূলধন করে এর পর ফরাসী গভর্নর দুপ্লের রাজনীতি শুরু হয়। ভারতীয় রাজন্যবর্গের বিবাদ-বিসংবাদে কারো পক্ষ অবলম্বন করে তাঁর কাছে বাণিজ্যিক সুবিধা, অর্থ বা ভূখন্ড আদায় করাই তাঁর মূল উদ্দেশ্য ছিল। ১৭৪৮ খৃীষ্টাব্দে কর্ণাটক ও হায়দ্রাবাদে এই ধরনের রাজনৈতিক অবস্থার উদ্ভব হলে দুপ্লে তাঁর কূটকৌশল প্রয়োগে অগ্রসর হ'ন। হায়দ্রাবাদের শূন্য সিংহাসনের দাবিদার নিয়ে নিজাম আসফ জাহ্-র পুত্র নাসির জঙ্গ ও দৌহিত্র মুজফ্ফর জঙ্গের মধ্যে বিবাদের সূত্রপাত হয়। অপরপক্ষে কর্ণাটকে নবাবী পদ নিয়ে চাঁদা সাহেব ও আনোয়ারউদ্দীনের মধ্যে বিবাদ শুরু হয়। এই অবস্থার সুযোগে দুপ্লে চাঁদা সাহেব ও মুজফ্ফর জঙ্গের সঙ্গে এক গোপন চুক্তিতে আবদ্ধ হন। এই তিন শক্তির কাছে অম্বুরের যুদ্ধে নবাব আনোয়ারউদ্দীন পরাজিত ও নিহত হন। তাঁর পুত্র মুহম্মদ আলি ত্রিচিনাপল্লীতে আশ্রয় গ্রহণ করেন। চাঁদা সাহেব আর্কটের নবাব হয়ে বসেন। চাঁদা সাহেবের মিত্রশক্তি ফরাসীরা দাক্ষিণাত্যে এক অপ্রতিহত শক্তিরূপে নিজেদের প্রতিষ্ঠিত করে। ফরাসীরা আর্কটে বহু সুবিধা ও অধিকার আদায় করে।

দেশীয় রাজনীতিতে ফ্রান্সের হস্তক্ষেপ

অম্বুরের যুদ্ধ

কর্ণাটকের দ্বিতীয় যুদ্ধ ঃ দাক্ষিণাত্যে ফরাসীদের এই রাজনৈতিক শক্তিবৃদ্ধি ইংরেজদের ভাবিয়ে তোলে। কারণ এইরূপ পরিস্থিতি ভারতে ব্রিটিশ অবস্থানের পক্ষে মারাত্মক হবে এই ভেবে ব্রিটিশরা নীরব দর্শক হয়ে থাকতে পারে না। তারাও অপর দুই পক্ষ নাসির জঙ্গ ও মুহম্মদ আলির সঙ্গে ষড়যন্ত্রে যোগদান করে। ফলে দাক্ষিণাত্যে ইংরেজ ও ফরাসীদের মধ্যে দ্বিতীয় যুদ্ধের সূত্রপাত হয়। এই যুদ্ধ দ্বিতীয় কর্ণাটক যুদ্ধ (১৭৫১-১৭৫৪ খৃীঃ) নামে পরিচিত। ফরাসী প্রতিপত্তি বিনষ্ট করার জন্য ইংরেজরা মুহম্মদ আলিকে আর্কটের নবাব রূপে স্বীকার করে ও ত্রিচিনাপল্লী দুর্গে তাঁকে সামরিক সাহায্য পাঠায়। হায়দ্রাবাদ থেকে নাসির জঙ্গকে কর্ণাটকে ফিরে আসার জন্য ইংরেজরা অনুরোধ জানায়। ইতিমধ্যে হায়দ্রাবাদে নাসির জঙ্গ নিহত হওয়ায় ফরাসী প্রতিপত্তি পুনরায় বাড়তে থাকে। দুপ্লে ফরাসীদের মিত্র মুজফ্ফর জঙ্গকে নিজামের সিংহাসনে বসাতে মনস্থ করেন। ফরাসী সেনাপতি বুশি মুজফ্ফর জঙ্গকে নিয়ে হায়দ্রাবাদ যাওয়ার পথে মুজফ্ফর জঙ্গ নিহত হ'ন। সেনাপতি বুশি সালাবৎ জঙ্গকে

ফরাসীদের প্রতিপত্তি বৃদ্ধি

সিংহাসনে বসান। এর বিনিময়ে নিজাম ফরাসীদের সৈন্যবাহিনীর ব্যয়নির্বাহের জন্য করমন্ডল উপকূলের চারটি জেলা হস্তান্তর করেন। ফরাসীরা দাক্ষিণাত্যে আর একবার তাদের অবস্থান সুদৃঢ় করতে সমর্থ হয়। ইংরেজরা কিছুকালের জন্য দাক্ষিণাত্যের রাজনীতিতে কোণঠাসা হয়ে পড়ে।

ত্রিচিনাপল্লী দুর্গ

এবার দুপ্লের নজর পড়ে ত্রিচিনাপল্লী দুর্গটির দিকে। কিন্তু বার বার চেষ্টা সত্ত্বেও দুপ্লের পক্ষে এই দুর্গ দখল করা সম্ভব হয় না। ইতিমধ্যে ত্রিচিনাপল্লী দুর্গের উপর থেকে ফরাসীদের চাপ কমানোর জন্য ইংরেজ সেনাপতি ক্লাইভ চাঁদা সাহেবের রাজধানী আর্কট অধিকার করে নেন। শেষ পর্যন্ত চাঁদা সাহেব ও ফরাসী বাহিনী ত্রিচিনাপল্লী দুর্গের অবরোধ তুলে নিতে বাধ্য হয়। ফরাসী সৈন্য ক্রমাগত পিছু হটতে থাকে। কিছুদিন পর চাঁদা সাহেব বন্দী হয়ে নিহত হ'ন। দাক্ষিণাত্যে ফরাসী প্রতিপত্তি হীনবল হতে শুরু করে। মুহম্মদ আলি আর্কটের সিংহাসন লাভ করেন। দুপ্লের ফরাসী সাম্রাজ্য স্থাপনের স্বপ্ন বাস্তবায়িত হয় না। ১৭৫৫ খ্রীষ্টাব্দে ইংরেজ ও ফরাসীদের মধ্যে শান্তিচুক্তিতে স্থির হয় যে, দেশীয় রাজন্যবর্গের আভ্যন্তরীণ কোঁদলে কোন পক্ষই অংশগ্রহণ করবে না। এ ছাড়া ইংরেজরা উত্তর সরকার অঞ্চলে একটি নগর লাভ করে এবং হায়দ্রাবাদে ফরাসী সেনাপতি বুশির ক্ষমতা অব্যাহত থাকে।

ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব অব্যাহত

কর্ণাটকের তৃতীয় যুদ্ধ (১৭৫৮-১৭৬৩ খ্রীঃ) দুপ্লের স্বদেশে ফেরার পর ভারতে ফরাসী শক্তির দ্রুত অধঃপতন শুরু হয়। দুই বিদেশী কোম্পানীর মধ্যে সন্ধি হলেও ইঙ্গ-ফরাসী বিরোধ চলতে থাকে। ১৭৫৬ খ্রীষ্টাব্দে ইউরোপে সপ্তবর্ষের যুদ্ধ (Seven Years War, 1756-63) শুরু হলে ইউরোপে ইংল্যান্ড ও ফ্রান্সের মধ্যে পুনরায় যুদ্ধ বাধে। এই যুদ্ধের সূত্র ধরে ভারতেও ইংরেজ ও ফরাসীদের মধ্যে পুনরায় দ্বন্দ্ব শুরু হয়। এই যুদ্ধের সূচনা পর্বেই ইংরেজরা পলাশীর যুদ্ধে জয়লাভ করে বাংলায় তাদের শক্তি বৃদ্ধি করে। ইতিমধ্যে ইংরেজ শক্তিকে ভারত থেকে উচ্ছেদ করার জন্য কাউন্ট লালীর নেতৃত্বে এক ফরাসী বাহিনী ভারতে প্রেরিত হয়। লালী ইংরেজদের সেন্ট ডেভিড ফোর্ট দখল করে মাদ্রাজ শহর অবরোধ করেন। তিনি তাঁর শক্তি বৃদ্ধির জন্য হায়দ্রাবাদ থেকে ফরাসী সেনাপতি বুশিকে নিয়ে আসেন। কিন্তু বুশি হায়দ্রাবাদ ত্যাগ করার সঙ্গে সঙ্গে সেখানে ফরাসী আধিপত্য বিনষ্ট হয়। সেখানে ইংরেজদের প্রতিপত্তি স্থাপিত হয়। ইতিমধ্যে ক্লাইভের নির্দেশে সেনাপতি কর্নেল ফোর্ড মসুলিপত্তম আক্রমণ করেন। ফরাসীদের পাওয়া উত্তর সরকারের অঞ্চলগুলিও ইংরেজদের হস্তগত হয়। ১৭৬০ খ্রীষ্টাব্দে বন্দীবাসের যুদ্ধে ইংরেজদের কাছে লালীর পরাজয় হয় এবং একে একে ফরাসী উপনিবেশগুলি ইংরেজদের কবলে আসে। ১৭৬০ খ্রীষ্টাব্দে পন্ডিচেরীর পতন হলে ভারতে ফরাসী শক্তি সম্পূর্ণভাবে পর্যুদস্ত হয়। ইতিমধ্যে ১৭৬৩ খ্রীষ্টাব্দে প্যারিসের সন্ধির ফলে সপ্তবর্ষব্যাপী

সপ্তবর্ষ্যব্যাপী যুদ্ধ

বন্দীবাসের যুদ্ধ

যুদ্ধের অবসান হলে ভারতবর্ষেও ইংরেজ এবং ফরাসী বণিকদের মধ্যে শান্তি স্থাপিত হয়। ভারতে ফরাসীগণ পণ্ডিচেরী ও অন্যান্য ঘাঁটিগুলি ফিরে পেলেও ভারতবর্ষে তাদের সাম্রাজ্য স্থাপনের স্বপ্নের পরিসমাপ্তি ঘটে।

কর্ণাট যুদ্ধের ফলাফল ঃ দাক্ষিণাত্যে প্রভুত্ব বিস্তার নিয়ে ইংরেজ আর ফরাসীদের এই দীর্ঘকাল সংগ্রামের ফলে ভারতে ফরাসী সাম্রাজ্য স্থাপনের আশা ব্যর্থতায় পর্যবসিত হয়। পরবর্তীকালে দুঃসাহসী ফরাসী সমরনায়কদের বেতনের বিনিময়ে এদেশের যুদ্ধক্ষেত্রে দেখা গেলেও ভারতে রাজনৈতিক কর্তৃত্ব স্থাপনের আর কোনও সম্ভাবনা তাদের দেখা যায় না। কর্ণাটের যুদ্ধের পর থেকে ইংরেজদের রাজনৈতিক অগ্রগতি ও ফরাসীদের অধঃপতন পাশাপাশি চলতে থাকে। ফরাসী কোম্পানী তাদের বাণিজ্য ঘাঁটিগুলি ফেরৎ পেলেও সেখানে দুর্গ নির্মাণ বা সৈন্য মোতায়েনের অনুমতি পায় না। ফরাসীরা এই মর্মে প্রতিশ্রুতি দিতে বাধ্য হয় যে তারা এ দেশের রাজনীতিতে অংশগ্রহণ করবে না। ব্যবসা-বাণিজ্যের মধ্যেই তাদের কার্যক্রম সীমাবদ্ধ থাকবে। কাজেই ফরাসীদের পরাজয়ের ফলে এদেশে তাদের রাজনৈতিক প্রভাব-প্রতিপত্তি স্থাপনের স্বপ্ন শূন্যে মিলিয়ে যায়।

ফরাসী সাম্রাজ্য স্থাপনের ব্যর্থতা

অপরপক্ষে ইংরেজরা ভারতের সমুদ্রপথে তাদের প্রভাব-প্রতিপত্তি বজায় রাখতে সমর্থ হয়। ভারতে ইংরেজদের রাজনৈতিক প্রভাব-প্রতিপত্তি বৃদ্ধি পায়। তাদের প্রধান প্রতিদ্বন্দ্বী ফরাসীদের হটিয়ে দিয়ে ইংরেজরা ভারতীয় সাম্রাজ্য স্থাপনের ব্যাপারে মনোনিবেশ করে। ফরাসী ও তার ভারতীয় মিত্রদের বিরুদ্ধে যুদ্ধের সময় ইংরেজরা দুটি বিষয় লক্ষ্য করে। একটি এদেশের রাজন্যবর্গের মধ্যে পারস্পরিক বিবাদ, অপরটি ইউরোপীয় শিক্ষায় শিক্ষিত সৈনিকদের তুলনায় ভারতীয় বাহিনীর সামরিক দুর্বলতা। এই দুটি বিষয়ই ইংরেজ কোম্পানীকে ভারতীয় রাজনীতিতে ব্যাপক অংশগ্রহণে ও ভারতীয় সৈন্যবাহিনীকে ইউরোপীয় কায়দায় শিক্ষিত করে তাদের পক্ষে কাজে লাগানোর ব্যাপারে উৎসাহ যোগায়। ক্রমে ইংরেজরা প্রতিদ্বন্দ্বীহীনভাবে এদেশের অর্থনৈতিক শোষণ ও মুনাফা লোটার অবাধ স্বাধীনতা ও রাজনৈতিক প্রভাবপ্রতিপত্তি বিস্তারের বিরাট সুযোগ গ্রহণ করে। ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর ভারতে সাম্রাজ্য বিস্তারের পরিকল্পনা শুরু হয়।

ইংরেজদের অগ্রগতি

ফরাসীদের ব্যর্থতার কারণ ঃ ইংরেজদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায় ফরাসীদের ব্যর্থতার অনেক কারণ ছিল। সবচেয়ে উল্লেখযোগ্য কারণ হল ফরাসীদের নৌশক্তির দুর্বলতা। স্থলযুদ্ধে ফরাসীদের উৎকর্ষ থাকলেও তাদের নৌবহর তেমন শক্তিশালী ছিল না। জলপথে ইংরেজদের ক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ায় দুপ্লের মত সমরনায়ককে শেষ পর্যন্ত পরাজয় বরণ করতে হয়েছিল। তাছাড়া করমন্ডল উপকূলে রাজনৈতিক প্রাধান্য বজায় রাখার জন্য ফরাসীদের সুদূর বুরবঁ দ্বীপ থেকে সরবরাহ ও যুদ্ধজাহাজের উপর নির্ভর

ফরাসী নৌশক্তির দুর্বলতা.

করতে হত। অপরদিকে বাংলাদেশে সামরিক ঘাঁটি প্রতিষ্ঠিত হওয়ায় ইংরেজদের পক্ষে অনেক সুবিধা হয়েছিল। সামরিক যোগ্যতার কথা বিচার করলে একথা বলা যায় যে সান্ডার্স, আয়ারকুট, ক্লাইভ প্রমুখ ইংরেজ সেনানায়কদের সঙ্গে তুলনা করার মত সেনানায়ক ফরাসীদের মধ্যে ছিল না। দুপ্লে, মাত্যাঁ প্রমুখের মত প্রতিভাবান ফরাসী সমরনায়ক ফরাসী পক্ষে অল্পই ছিল। যুদ্ধ পরিচালনার ক্ষেত্রে ফরাসীদের ভুলভ্রান্তিও তাদের পতনের কারণ। দুপ্লেকে স্বদেশে প্রত্যাবর্তনের আদেশ দান, দাক্ষিণাত্য থেকে বুশিকে অপসারণ এবং ফ্রান্স কর্তৃক ভারতস্থ ফরাসীদের উপযুক্ত সামরিক সরবরাহের অক্ষমতা প্রভৃতিও ফরাসীদের পতনের পথ প্রশস্ত করে।

ইংরেজদের যোগ্য সেনানায়ক

আর্থিক দিক থেকে ইংরেজরা ফরাসীদের তুলনায় বহুগুণে সমৃদ্ধ ছিল। অর্থের অভাবে যখন ফরাসীরা বিপন্ন তখন ইংরেজরা সে অভাব থেকে মুক্ত ছিল। বাংলাদেশে ইংরেজদের প্রতিপত্তি স্থাপিত হওয়ায় তারা অপরিসীম সম্পদের অধিকারী হয়। অপরপক্ষে যুদ্ধের প্রয়োজন অনুপাতে ফরাসীদের অর্থের পরিমাণ ছিল খুবই নগণ্য। ইংরেজরা ভারতীয় রাজনীতিতে অংশগ্রহণ করলেও তারা বিস্মৃত হয়নি যে তাদের প্রথম ও প্রধান পেশা হ'ল ব্যবসা-বাণিজ্য। অথচ দুপ্লে বাণিজ্যের চেয়ে কূটনীতিকে বড় করে দেখেছিলেন। কিন্তু স্বদেশের কর্তৃপক্ষের কাছ থেকে তাঁর পরিকল্পনা বিষয়ে প্রয়োজনীয় সমর্থন না পাওয়ায় দুপ্লের ভারতে সাম্রাজ্য স্থাপন অলীক স্বপ্নে পরিণত হয়।

ইংরেজদের তুলনায় ফরাসীদের আর্থিক দুর্বলতা

সর্বোপরি ফরাসী ইস্ট ইন্ডিয়া কোম্পানী ও ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর মধ্যে মৌলিক ফারাক ছিল। সরকারী পৃষ্ঠপোষকতায় ও প্রত্যক্ষ সাহায্য নিয়ে ফরাসী ইস্ট ইন্ডিয়া কোম্পানী গঠিত হয়। অপরপক্ষে সরকারী সনদ দ্বারা গঠিত হলেও ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানী ছিল প্রকৃতপক্ষে ব্যবসাদারদের নিজস্ব সংস্থা। ইংল্যান্ডের পার্লামেন্ট কোম্পানীর স্বার্থ সম্পর্কে যথেষ্ট সজাগ ছিল। কিন্তু ফ্রান্সের সরকারের সেই মনোযোগ ছিল না। কাজেই ফরাসীদের পতন এদেশে অনিবার্য ছিল।

ফরাসী ও ইংরেজ কোম্পানীর মধ্যে মৌলিক ফারাক

সপ্তদশ অধ্যায়

বাংলাদেশে ব্রিটিশ বাণিজ্য ও রাজনৈতিক প্রভুত্বের বিস্তার

বাংলাদেশে ব্রিটিশ বাণিজ্যের প্রসার ঃ ভারতবর্ষে অন্যান্য প্রদেশের তুলনায় বাংলাদেশে ব্যবসা-বাণিজ্য ও শিল্পের যথেষ্ট প্রসার ছিল। কাজেই বাংলাদেশে ব্যবসা-বাণিজ্য প্রসারের দিকে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর যথেষ্ট উদ্যোগ ছিল। ১৭১৭ খ্রীষ্টাব্দে সম্রাট ফাররুখশিয়ার এক ফরমান বা আদেশনামা জারি করেন। এই আদেশনামার বলে বাৎসরিক মাত্র তিন হাজার টাকার বিনিময়ে ইংরেজ কোম্পানী বাংলাদেশে বিনা শুল্কে বাণিজ্য করার অধিকার লাভ করে। এই ফরমান অনুসারে কোম্পানী তার পণ্যসামগ্রী অবাধে চলাফেরা করার জন্য 'দস্তক' নামে একপ্রকার ছাড়পত্র সরবরাহ করার অধিকার অর্জন করে। বাংলা তথা ভারতবর্ষে ব্রিটিশ শক্তি সম্প্রসারণের ইতিহাসে এই ফরমানের এক বিশেষ গুরুত্ব ছিল। কোম্পানীর কর্মচারীরা ফরমানের যথেষ্ট অপব্যবহার শুরু করে এবং তাদের ব্যবসা-বাণিজ্য ক্রমশঃ বৃদ্ধি পেতে থাকে।

ফাররুখশিয়ার-এর ফরমান

অষ্টাদশ শতাব্দীর প্রথমার্থে বাংলার প্রকৃত শাসক ছিলেন যথাক্রমে মুর্শিদকুলি খাঁ ও আলিবর্দী খাঁ নামে দুজন শক্তিশালী নবাব। তাঁরা ইংরেজদের দিকে কড়া নজর রাখতেন। কোম্পানীর রাজনৈতিক উচ্চাভিলাষ খর্ব হলেও ইংরেজদের বাণিজ্যিক সাফল্য অপ্রতিহত ছিল। ১৭৪০ খ্রীষ্টাব্দের মধ্যে তাদের আমদানির পরিমাণ যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পায়। বাংলাদেশে কোম্পানীর বাণিজ্য যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পায়। কলকাতা বন্দর দিয়ে বৎসরে দশ হাজার টন মাল যাতায়াত করে। কলকাতার আনুমানিক লোকসংখ্যা প্রায় এক লক্ষে দাঁড়ায়। বাংলাদেশে ব্রিটিশ উপনিবেশের কেন্দ্র কলকাতা সমৃদ্ধিশালী বাণিজ্যকেন্দ্রে পরিণত হয়। বিপুল সংখ্যক বণিক ও মহাজন সম্প্রদায় এখানে এসে বাসা বাঁধে।

কলকাতা সমৃদ্ধিশালী বাণিজ্যকেন্দ্র

বাংলার নবাবদের সঙ্গে ইংরেজদের বিরোধ ঃ সম্রাট ফাররুখশিয়ার প্রদত্ত ফরমানের যথাযথ প্রয়োগ নিয়ে বাংলার নবাব মুর্শিদকুলির আমল থেকে আলিবর্দী খাঁর সময় পর্যন্ত কোম্পানীর সঙ্গে বিরোধ চলে। মুর্শিদকুলি খাঁ এই ব্যবস্থা মেনে নিতে পারেননি। এই ব্যবস্থার ফলে ইংরেজ কোম্পানীর সঙ্গে সঙ্গে কোম্পানীর কর্মচারীরাও বিনা শুল্কে বাণিজ্য চালাতে থাকে। ফলে দেশীয় ও বিদেশীয় বণিকরা ছাড়াও নবাবের রাজকোষের ক্ষতি হয়। এই অবস্থার পরিপ্রেক্ষিতে নবাব ও কোম্পানীর মধ্যে বিরোধ শুরু হয়। অবশ্য নবাব মুর্শিদকুলি খাঁ কোম্পানীকে মোটা

মুর্শিদকুলি খাঁ-এর সঙ্গে কোম্পানীর বিরোধ

অঙ্কের টাকা রাজকোষে কর হিসেবে জমা দিতে বাধ্য করেন এবং দস্তকের যথেষ্ট অপব্যবহার কঠোর হস্তে দমন করেন।

নবাব আলিবর্দী খাঁ-ও একই নীতি অনুসরণ করেন। কিন্তু কোম্পানীর কর্মচারীরা সুযোগ পেলেই নবাবী নিষেধ অগ্রাহ্য করেও কর ফাঁকি দিত। ১৭৫২ খ্রীষ্টাব্দে আলিবর্দী ইংরেজদের ব্যবসা করার অধিকার সম্পর্কে এক পরোয়ানা জারি করেন। কিন্তু বিদেশী কোম্পানীর গন্ডগোল ক্রমাগত বাড়তে থাকে। নবাবের নিষেধ সত্ত্বেও তারা দুর্গ তৈরি করে। পরস্পরের মধ্যে বিবাদবিসম্বাদ বৃদ্ধি পায়। অপরপক্ষে আলিবর্দীও তাদের রাজনৈতিক ও সামরিক প্রতিপত্তি বৃদ্ধির প্রচেষ্টাকে দৃঢ়ভাবে প্রতিহত করার চেষ্টা চালিয়ে যান।

আলিবর্দী খাঁ-এর সঙ্গে কোম্পানীর বিরোধ

সিরাজ-উদ্-দৌলার সঙ্গে ইংরেজদের বিরোধ পলাশীর যুদ্ধ

আলিবর্দীর মৃত্যুর পর বাংলার নবাব হন সিরাজ-উদ্-দৌলা। দাক্ষিণাত্যের ইঙ্গ-ফরাসী প্রতিযোগিতা বাংলার নবাব আলিবর্দী খাঁকে চিন্তিত করে তুলেছিল। ইংরেজ নৌশক্তি সম্পর্কে সচেতন আলিবর্দী মন্তব্য করেন যে, স্থলে আগুন নেভানো কঠিন, কিন্তু জলের আগুনকে নেভাবে? কাজেই আলিবর্দী তাঁর মৃত্যুর পূর্বেই সিরাজ-উদ্-দৌলাকে ইঙ্গ-ফরাসী কোম্পানীগুলি সম্পর্কে সতর্ক করে দেন। কাজেই বাংলার নবাব সিরাজ-উদ্-দৌলা প্রথম থেকেই ইংরেজ কোম্পানীর ক্ষমতা ও প্রতিপত্তি রোধ করার জন্য প্রস্তুত হন। অপরদিকে ইংরেজরাও স্বার্থরক্ষার তাগিদে বাংলাদেশে তাদের প্রাধান্য বিস্তারের জন্য সচেষ্ট হয়ে ওঠে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে কয়েকটি বিষয়কে কেন্দ্র করে ইংরেজদের সঙ্গে সিরাজের প্রত্যক্ষ সংঘর্ষের সূত্রপাত হয়। ইতিমধ্যে সিরাজকে ক্ষমতাচ্যুত করার উদ্দেশ্যে তাঁর মাসী ঘসেটি বেগম ও শওকৎ জঙ-এর ষড়যন্ত্র শুরু হওয়ায় বাংলাদেশের রাজনীতিতে ইংরেজদের প্রভাব প্রতিপত্তি বিস্তারের পথ সুগম হয়।

ইঙ্গ-ফরাসী কোম্পানী সম্পর্কে আলিবর্দীর সতকর্তা


সিরাজ-উদ্-দৌলা

ইউরোপে সপ্তবর্ষব্যাপী যুদ্ধের প্রস্তুতি স্বরূপ ইঙ্গ-ফরাসী কোম্পানীগুলি বাংলাদেশে তাদের ঘাঁটিগুলিতে দুর্গ নির্মাণের কাজ শুরু করলে সিরাজ তাতে আপত্তি জানান। কিন্তু ইংরেজ কোম্পানী নবাবের কথায় কর্ণপাত করে না। অপরপক্ষে সিরাজ তাঁর শত্রু ঘসেটি বেগমের দেওয়ান রাজা রাজবল্লভের পুত্র কৃষ্ণরামকে গ্রেপ্তারের আদেশ দিলে কৃষ্ণরাম কলকাতায় ইংরেজদের আশ্রয় গ্রহণ করেন। নবাব কর্তৃক কৃষ্ণরামকে প্রত্যর্পণের দাবি ইংরেজ কোম্পানী অমান্য করে। সিরাজ কোম্পানীর কাছে দস্তকের অপব্যবহার বন্ধ করার প্রতিশ্রুতি দাবি করেন। কিন্তু কোম্পানী এই দাবি মেনে নিতে সম্মত হয় না।

ইংরেজদের ঔদ্ধত্যপূর্ণ আচরণ

ইংরেজ কোম্পানীর ঔদ্ধত্যের জবাব দেওয়ার জন্য সিরাজ ১৭৫৬ খ্রীষ্টাব্দের ১৬ই জুন কলকাতা আক্রমণ করেন। যাওয়ার পথে ইংরেজদের কাশিমবাজার কুঠি দখল করা হয়। ইংরেজরা সিরাজের আক্রমণ প্রতিহত করতে অক্ষম হওয়ায় পলায়ন করে। কথিত আছে, এই সময়ে ১৪৬ জন ইংরেজ বন্দীকে একটি ছোট ঘরে বন্দী করে রাখায় অধিকাংশের মৃত্যু ঘটে। এই ঘটনাকে 'অন্ধকূপ হত্যা' বলা হয়। আধুনিক ঐতিহাসিকগণ এই কাহিনীকে অবাস্তব ও উদ্দেশ্য-প্রণোদিত বলে মনে করেন। যাই হোক, সিরাজ মানিকচাঁদকে কলকাতার শাসনকর্তা নিযুক্ত করে রাজধানী মুর্শিদাবাদে ফিরে আসেন। এই সময় সিরাজ কলকাতার নামকরণ করেন 'আলিনগর'।

সিরাজের কলকাতা আক্রমণ

এই ঘটনার পর মাদ্রাজ থেকে অ্যাডমিরাল ওয়াট্সন ও রবার্ট ক্লাইভ নৌবহর নিয়ে কলকাতায় হাজির হন ও কলকাতা পুনরায় দখল করেন। এই সংবাদ পেয়ে সিরাজ পুনরায় কলকাতা আক্রমণ করেন। শেষ পর্যন্ত সিরাজ ও ইংরেজ কোম্পানীর মধ্যে আলিনগরের সন্ধি স্বাক্ষরিত হয় (৪ঠা জানুয়ারী, ১৭৫৭ খ্রীঃ)। সন্ধির শর্তানুসারে ইংরেজরা বাণিজ্যিক সুযোগ-সুবিধা, কলকাতায় দুর্গ নির্মাণ, টাকশাল স্থাপন প্রভৃতির অনুমতি পায়।

আলিনগরের সন্ধি

নবাবের সঙ্গে ইংরেজদের শান্তি স্থাপিত হলেও কোম্পানীর সিরাজ-বিরোধী মনোভাবের অবসান ঘটে না। ইতিমধ্যে ইউরোপে সপ্তবর্ষব্যাপী যুদ্ধ শুরু হওয়ায় ইংরেজ ও ফরাসীরা পরস্পর সংঘর্ষে লিপ্ত হয়। নবাবের নিষেধ অমান্য করেই রবার্ট ক্লাইভ চন্দননগরে ফরাসী কুঠি দখল করেন। চন্দননগর থেকে পলাতক ফরাসীদের নবাবের আশ্রয়প্রাপ্তি এবং দাক্ষিণাত্যে ফরাসীদের সঙ্গে সিরাজের গোপন পত্রালাপের সংবাদ ইংরেজদিগকে আশঙ্কিত করে। ঠিক এই সময়ে সিরাজকে বাংলার মসনদ থেকে অপসারিত করার জন্য মুর্শিদাবাদে এক নবাব-বিরোধী ষড়যন্ত্র শুরু হয়।

সপ্তবর্ষব্যাপী যুদ্ধ ও ফরাসী-ইংরেজ সংঘর্ষ

বাংলার সিপাহসালার মীরজাফর সিরাজের বিরুদ্ধে এই ষড়যন্ত্রের প্রধান উদ্যোগীর ভূমিকা গ্রহণ করেন। সিরাজকে অপসারিত করে মীরজাফরকে নবাবীপদে প্রতিষ্ঠিত করার উদ্দেশ্যে জগৎশেঠ, রাজবল্লভ, রায়-দুর্লভ, উমিচাঁদ প্রমুখ বাংলার বিশিষ্ট ব্যক্তিবর্গ এই ষড়যন্ত্রে সামিল হ'ন।

সিরাজ-বিরোধী ষড়যন্ত্র

১৭৫৭ খ্রীষ্টাব্দে জুন মাসে ষড়যন্ত্রকারীদের সঙ্গে ইংরেজদের এক গোপন সন্ধিপত্র স্বাক্ষরিত হয়। এই সন্ধিপত্র অনুযায়ী মীরজাফরের সিংহাসনলাভের পরিবর্তে ইংরেজগণকে বাণিজ্যিক সুবিধাদান ও বাংলাদেশ থেকে ফরাসীদের বিতাড়ণের সিদ্ধান্ত হয়।

ষড়যন্ত্রের উদ্যোগপর্ব শেষ হলে ক্লাইভ সামান্য কারণে সিরাজের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। ১৭৫৭ খ্রীষ্টাব্দে ২৩শে জুন পলাশীর প্রান্তরে এই যুদ্ধ হয়। যুদ্ধক্ষেত্রে মীরমদন ও মোহনলালের অধিনায়কত্বে নবাবের সৈন্য সাহসিকতার সঙ্গে যুদ্ধ করে। কিন্তু বিশ্বাসঘাতক সেনাপতি মীরজাফরের পরামর্শ অনুযায়ী যুদ্ধবিরতির আদেশ দেওয়ামাত্র ইংরেজ পক্ষ পাল্টা আক্রমণ চালায়। ফলে নবাব বাহিনী পরাজিত হয়। পরাজিত নবাব সিরাজ-উদ্‌-দৌলা যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন করতে বাধ্য হন। পরে বন্দী নবাবকে মীরজাফরের পুত্র মীরনের আদেশে হত্যা করা হয়।

পলাশীর যুদ্ধ

পলাশীর যুদ্ধের ফলাফল: যুদ্ধের স্থায়িত্ব এবং হতাহতের দিকে বিচার করলে পলাশীর যুদ্ধকে সামান্য খন্ডযুদ্ধ ছাড়া কিছু বলা যায় না। কিন্তু তা সত্ত্বেও ইতিহাসের বহু যুদ্ধের তুলনায় পলাশীর যুদ্ধের ফল ছিল সুদূরপ্রসারী। বাংলাদেশে ব্রিটিশ কর্তৃত্বের প্রথম ভিত্তি স্থাপিত হয় পলাশীতেই। আর সমৃদ্ধিশালী বাংলা দেশের ধনসম্পদ আত্মসাৎ করে ইংরেজের পক্ষে ক্রমশঃ সমগ্র ভারতে সাম্রাজ্য স্থাপনের পরিকল্পনা বাস্তব রূপ পরিগ্রহ করে। ইংরেজদের খেয়াল খুশীমত বাংলার রাজনৈতিক রঙ্গমঞ্চে ঘন ঘন নবাবী বদলের পালা শুরু হয়। কলকাতায় ইংরেজ কোম্পানীর সার্বভৌম ক্ষমতা প্রতিষ্ঠিত হয়। সামান্য সংখ্যক ইংরেজ বাহিনীর কাছে নবাবের বিরাট বাহিনী পরাজিত হওয়ায় ইংরেজদের সামরিক শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়। ফলে বাংলাদেশে ইংরেজদের সামরিক প্রভুত্ব প্রতিষ্ঠিত হয়। যুদ্ধের পর মীরজাফর বাংলার মসনদে বসেন। বিনিময়ে বাংলার রাজকোষ উজাড় করে তাঁকে বিরাট পরিমাণ অর্থ কোম্পানীর হাতে তুলে দিতে হয়। এর ফলে বাংলার অর্থনৈতিক কাঠামোর উপর চরম আঘাত নেমে আসে। কিন্তু পলাশীর যুদ্ধের পরেই এদেশে ইংরেজ কর্তৃত্ব প্রতিষ্ঠিত হওয়ার কোনও লক্ষণ দেখা যায় না। কারণ তখনও ইংরেজদের পক্ষে এদেশে সাম্রাজ্য স্থাপন সম্পর্কে কোনও সুস্পষ্ট ধারণা ছিল না। অপরপক্ষে বাংলার নবাব তখনও একেবারে দুর্বল হয়ে পড়েননি; তার পরিচয় মেলে মীরকাশিম-এর ইংরেজ প্রতিরোধ প্রচেষ্টায়।

ব্রিটিশ কর্তৃত্বের ভিত্তিস্থাপন

কিন্তু পলাশীর যুদ্ধের ফলেই এদেশে ইংরেজদের প্রতিপত্তি ও মর্যাদা যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পায়। একটি বাণিজ্য প্রতিষ্ঠান ক্রমে সুসংহত সামরিক ও রাজনৈতিক শক্তিতে পরিণত হতে শুরু করে। এই যুদ্ধের ফলে ইংরেজদের প্রধান শত্রু ফরাসীরা বাংলাদেশ থেকে বিদায় নিতে বাধ্য হয়। বাংলাদেশে ইংরেজ কোম্পানীর একচেটিয়া অধিকার সুপ্রতিষ্ঠিত হয়। কোম্পানীর কর্মচারীরা বাংলাদেশের বিপুল ধনসম্পদ স্বদেশে প্রেরণ করায় শুরু হয় বাংলার অর্থনৈতিক শোষণ। এ ছাড়া সমৃদ্ধ বাংলা

বাণিজ্যিক প্রতিষ্ঠানের রাজনৈতিক শক্তিতে রূপান্তর

প্রদেশের রাজস্বের বিনিময়ে ইংরেজরা এক শক্তিশালী সৈন্যবাহিনী গঠন করে। বণিকের মানদন্ড রাজদন্ডরূপে ক্রমশঃ আত্মপ্রকাশ করে। বাঙালী কবি নবীনচন্দ্রের ভাষায় "ভারতের শেষ আশা হইল স্বপন।"

নতুন যুগের সূত্রপাত

কোনও কোনও ঐতিহাসিকের মতে এদেশে ইংরেজদের আবির্ভাব আশীর্বাদ স্বরূপ ছিল। ঐতিহাসিক যদুনাথ সরকারের মতে, পশ্চিম থেকে নতুন ভাবধারার স্পর্শে ভারতীয় সমাজজীবনে এক নতুন যুগের সূত্রপাত হয়। মধ্যযুগীয় ধ্যানধারণা ও কুসংস্কার থেকে বাংলা তথা ভারতবর্ষে আধুনিক যুগের সূচনা হয়। শিক্ষা, সাহিত্য, সমাজ, ধর্ম, রাজনৈতিক জীবন—সর্বক্ষেত্রেই পরিবর্তন শুরু হয়।

মীরকাশিমের সঙ্গে ইংরেজদের বিরোধ : বক্সারের যুদ্ধ (১৭৬৪ খ্রীঃ) সিরাজের পতনের পর মীরজাফর বাংলার নবাব হলেও তিনি ইংরেজদের হাতের পুতুলে পরিণত হন। মীরজাফর তাঁর এই নবাবীলাভের বিনিময়ে ইংরেজ কোম্পানীকে ৮ লক্ষ পাউন্ড রৌপ্যমুদ্রা উপহার দেন। কিন্তু মীরজাফরের কাছ থেকে প্রচুর অর্থ এবং বর্ধমান, নদীয়া ও হুগলীর জমিদারী পাওয়া সত্ত্বেও ইংরেজদের চাহিদা ক্রমাগত বেড়ে যায়। এই অবস্থায় মীরজাফর ইংরেজদের বিরুদ্ধে চুঁচুড়ার ওলন্দাজদের সঙ্গে গোপন ষড়যন্ত্র করেন। কিন্তু বিদেরার যুদ্ধে (১৭৫৯ খ্রীঃ) ওলন্দাজগণ ইংরেজদের হাতে পরাজিত হওয়ায় মীরজাফরের সব আশা বিনষ্ট হয়। ইতিমধ্যে মীরজাফরকে সিংহাসন থেকে অপসারিত করার ষড়যন্ত্র শুরু হয়। এই সময় বাংলার গভর্নর ছিলেন ভ্যানসিটার্ট। এক গোপন সন্ধি অনুযায়ী মীরজাফরের জামাতা মীরকাশিমকে বাংলার নবাবী পদে প্রতিষ্ঠিত করা হয়।

মীরজাফর

বিদেরার যুদ্ধ



মীরকাশিন

মীরকাশিমের সঙ্গে বিরোধ : ইংরেজদের অনুগ্রহে নবাবী পেলেও মীরকাশিম ছিলেন সুদক্ষ শাসক। তিনি ইংরেজদের পুতুল শাসক হতে চাননি। তিনি প্রথমেই কোম্পানীর সমস্ত প্রাপ্য মিটিয়ে দেন এবং বর্ধমান মেদিনীপুর ও চট্টগ্রামের রাজস্ব কোম্পানীকে দেন। এরপর ব্রিটিশ প্রভাব থেকে মুক্ত হওয়ার উদ্দেশ্যে তিনি নিজ শক্তিবৃদ্ধিতে মনোনিবেশ করেন। পাশ্চাত্যের অনুকরণে মীরকাশীম একটি শক্তিশালী সৈন্যবাহিনী গঠন করেন। বাংলাদেশের জটিল রাজনৈতিক আবর্ত থেকে মুক্ত থাকার জন্য মুঙ্গেরে তাঁর রাজধানী স্থানান্তরিত করেন। সেখানে সুদৃঢ় দুর্গও নির্মাণ করেন। মুঙ্গেরে কামান, বন্দুক ও অস্ত্রশস্ত্র নির্মাণের এক বিরাট কারখানা স্থাপিত হয়। রাজকোষে অর্থাভাব

মীরকাশিম কর্তৃক গৃহীত ব্যবস্থাদি

দূর করার জন্য তিনি রাজস্ব বিভাগের সংস্কার করেন। রাজস্ব বৃদ্ধির উদ্দেশ্যে বণিকদের কর ফাঁকি দেওয়ার বিরুদ্ধেও তিনি কড়া নজর রাখেন।

মীরকাশিমের কার্যসমূহ ইংরেজদের অসন্তুষ্ট করে। ইতিমধ্যে দস্তকের অপব্যবহারের প্রশ্নে মীরকাশিম ইংরেজ গভর্নরের বারবার দৃষ্টি আকর্ষণ করলেও কোনও ফল হয় না। শেষ পর্যন্ত নবাব বাধ্য হয়ে দেশীয় বণিকদেরও আভ্যন্তরীণ বাণিজ্য শুল্ক রহিত করেন। এই ব্যবস্থার বিরুদ্ধে ক্রুদ্ধ হয়ে পাটনায় ইংরেজ কুঠিয়াল এলিস পাটনা আক্রমণ করেন। এই পরিস্থিতিতে মীরকাশিম ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করতে বাধ্য হন। মীরকাশিম পর পর কাটোয়া, গিরিয়া ও উদয়নালার যুদ্ধে ইংরেজদের কাছে পরাজিত হন (১৭৬৩ খ্রীঃ)। মীরকাশিম অযোধ্যার নবাব সুজা-উদ্-দৌলা ও মুঘল সম্রাট দ্বিতীয় শাহ আলমের সাহায্যে একটি শক্তি জোট গঠন করেন এবং পুনরায় ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রস্তুত হ'ন। কিন্তু বক্সারের যুদ্ধে (১৭৬৪ খ্রীঃ) ইংরেজ সেনাপতি মেজর হেক্টর মনরোর কাছে মীরকাশিম ও তাঁর মিত্ররা পরাজিত হন। বক্সারের যুদ্ধে ইংরেজদের জয়লাভের ফলে মীরকাশিমের বাংলায় স্বাধীন নবাবী প্রতিষ্ঠার শেষ প্রচেষ্টা ব্যর্থ হয়।

দস্তকের প্রশ্নে বিরোধ

কাটোয়া, গিরিয়া ও উদয়নালার যুদ্ধ

বক্সারের যুদ্ধ

ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের ভিত্তি স্থাপনে পলাশীর যুদ্ধ অপেক্ষা বক্সারের যুদ্ধ অধিক গুরুত্বপূর্ণ ছিল। পলাশীর যুদ্ধে ইংরেজ শক্তির প্রভুত্ব বিস্তারের যে সূচনা হয় বক্সারে তা পূর্ণতা লাভ করে। পলাশীতে যার সংকেত তাই যেন বক্সারে এসে অবশ্যম্ভাবী হয়ে পড়ে। বক্সার যুদ্ধের পর প্রদেশের সমগ্র উত্তর-পশ্চিম সীমান্তের উপর ব্রিটিশ প্রভুত্ব স্থাপিত হয়। এই যুদ্ধে বাংলা, অযোধ্যার নবাব ও মুঘল সম্রাটের পরাজয় ঘটে। ব্রিটিশ কোম্পানীর অস্তিত্ব রক্ষাকল্পে বক্সারের যুদ্ধকেই শেষ যুদ্ধ বলা যায়। কারণ এর পরের অধ্যায়ে অস্তিত্ব রক্ষার যুদ্ধে ব্যাপৃত না হয়ে ব্রিটিশ কোম্পানী ভারতবর্ষে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের যুদ্ধে অগ্রসর হয়। বক্সারের পর বাংলার স্বাধীন নবাবীর অবসান ঘটে। যুদ্ধে জয়লাভের ফলে কোম্পানীর বাংলা, বিহার, উড়িষ্যার দেওয়ানী লাভের পথও প্রশস্ত হয়।

বক্সারের যুদ্ধের ঐতিহাসিক গুরুত্ব

কোম্পানীর দেওয়ানী লাভ (১৭৬৫ খ্রীঃ)ঃ মীরকাশিমের পর কোম্পানী পুনরায় বৃদ্ধ নবাব মীরজাফরকে সিংহাসনে বসায়। ১৭৬৫ খ্রীষ্টাব্দে মীরজাফরের মৃত্যুর পর তাঁর পুত্র নাজিম-উদ্-দৌলা নবাব পদে অধিষ্ঠিত হন। কিন্তু বাংলাদেশে সুষ্ঠু শাসন প্রতিষ্ঠাকল্পে কোম্পানী কোনওরূপ দায়িত্বশীল ভূমিকা পালন না করায় সর্বত্র অরাজকতা ও বিশৃঙ্খলা চরম আকার ধারণ করে। এই সংকটময় পরিস্থিতিতে লর্ড ক্লাইভ দ্বিতীয়বার বাংলার গভর্নর নিযুক্ত হয়ে আসেন।

লর্ড ক্লাইভের আগমন

এদেশে এসেই ক্লাইভের প্রথম কাজ হ'ল বক্সারের যুদ্ধে পরাজিত সম্রাট দ্বিতীয়

শাহ আলম এবং অযোধ্যার নবাব সুজা-উদ্‌-দৌলা সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা। ক্লাইভ প্রথমে অযোধ্যার নবাব সুজা-উদ্‌-দৌলার সঙ্গে এলাহাবাদের সন্ধিপত্র স্বাক্ষর করেন। এই শর্ত অনুসারে অযোধ্যার নবাব কোম্পানীকে পঞ্চাশ লক্ষ টাকা এবং কোরা ও এলাহাবাদ জেলা দুটি দিতে চুক্তিবদ্ধ হন। বিনিময়ে নবাবকে তাঁর রাজ্যে পুনরায় অধিষ্ঠিত করা হয়। অযোধ্যার পর মুঘল সম্রাট শাহ আলমের সঙ্গে ক্লাইভ এলাহাবাদের দ্বিতীয় সন্ধি স্বাক্ষর করেন (১৭৬৫ খৃঃ)। সন্ধির শর্ত অনুযায়ী কোম্পানী সম্রাট শাহ আলমের ক্ষমতা ও মর্যাদা স্বীকার করে। সদ্যপ্রাপ্ত কোরা ও এলাহাবাদ অঞ্চল দুটি সম্রাটকে দান করা হয়।

এলাহাবাদের সন্ধি

কৃতজ্ঞ বাদশাহ কোম্পানীকে বৎসরে ছাব্বিশ লক্ষ টাকা কর দানের বিনিময়ে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানীর ভার দেন (১২ই আগস্ট, ১৭৬৫)। এই প্রথম আইনগতভাবে এদেশে ইংরেজদের অধিকার স্বীকৃত হয়। রাজ্যের রাজস্ব আদায় ও দেওয়ানী মামলার বিচারের দায়িত্ব কোম্পানী লাভ করে। নবাব নামমাত্র শাসকে পরিণত হন। প্রকৃত ক্ষমতা কোম্পানীর হস্তগত হয়। অর্থের জন্য নবাব সম্পূর্ণভাবে ইংরেজদের উপর নির্ভরশীল হয়ে পড়েন।

কোম্পানীর দেওয়ানী লাভ

———

অষ্টাদশ অধ্যায়

ব্রিটিশ সাম্রাজ্যের বিস্তার

১৭৬৫ খ্রীষ্টাব্দে দেওয়ানী লাভের মধ্য দিয়েই বাংলাদেশে ইংরেজরা রাজনৈতিক প্রভুত্ব স্থাপন করে। রবার্ট ক্লাইভ দ্বিতীয়বারের জন্য গভর্নর হয়ে এসে বুঝতে পারেন যে, এদেশে ইংরেজদের রাজনৈতিক প্রভুত্ব বাড়িয়ে তুলতে হবে। কিন্তু এ ব্যাপারে তিনি কিছু করে যেতে পারেননি। ১৭৭২ খ্রীষ্টাব্দে ওয়ারেন হেস্টিংস গভর্নর জেনারেল নিযুক্ত হন। তিনি এদেশের অন্যান্য শক্তিগুলির সঙ্গে বোঝাপড়া করে ইংরেজ শাসনের পরিধি বিস্তার করতে বদ্ধপরিকর হন। লর্ড ওয়েলেস্‌লীর আমল থেকে কোম্পানীর দেশীয় রাজ্যগুলির সম্পর্কিত নীতি পরিবর্তিত হয়। লর্ড ওয়েলেসলী তাঁর অধীনতামূলক মিত্রতা নীতি প্রয়োগের দ্বারা দেশীয় রাজ্যগুলির উপর ব্রিটিশ প্রাধান্য স্থাপনে অগ্রসর হন। এই নীতির অন্যতম প্রধান শর্তানুযায়ী ব্রিটিশ কর্তৃক দেশীয় রাজ্যগুলির নিরাপত্তা রক্ষার বিনিময়ে উক্ত রাজ্যসমূহের রাজন্যবর্গকে নিজ ব্যয়ে তাঁদের রাজ্যে ব্রিটিশ সৈন্য পোষণ করতে বলা হয়। লর্ড হেস্টিংসের সময় দেশীয় রাজ্যগুলি কোম্পানীর অধীনস্থ সহযোগী রাজ্যে পরিণত করার নীতি গৃহীত হয়। লর্ড ডালহৌসীর আমলে ব্রিটিশ সরকারের আগ্রাসী নীতি চরম পরিণতি লাভ করে। কোম্পানীর সাম্রাজ্যবাদী নীতির শিকারে পরিণত হয় মারাঠা, মহীশূর, শিখ প্রভৃতি দেশীয় বৃহৎ শক্তি ও অন্যান্য ক্ষুদ্র রাজ্যসমূহ।

ব্রিটিশ সরকারের সাম্রাজ্যবাদ নীতি

ইঙ্গ-মারাঠা সম্পর্ক : ১৭৬১ খ্রীষ্টাব্দে তৃতীয় পানিপথের যুদ্ধে মারাঠা-শক্তির শোচনীয় পরাজয়ে মারাঠারা দারুণভাবে আঘাতপ্রাপ্ত হয়। কিন্তু এই যুদ্ধের ফলে মারাঠাশক্তি সম্পূর্ণভাবে বিনষ্ট হয় না। বালাজী বাজিরাওয়ের সুযোগ্য পুত্র পেশোয়া মাধব রাওয়ের নেতৃত্বে মারাঠাশক্তি ধীরে ধীরে পুনরুজ্জীবিত হয়ে ওঠে। ক্রমশঃ মারাঠারা উত্তর ও দক্ষিণ ভারতে প্রবল পরাক্রান্ত শক্তিতে পরিণত হয়।

মারাঠা শক্তির পুনরুত্থান

ইতিমধ্যে পেশোয়া মাধব রাওয়ের অকালমৃত্যুতে পেশোয়ার পদ নিয়ে মারাঠাদের মধ্যে গৃহবিবাদ শুরু হয়। মৃত মাধব রাওয়ের ভ্রাতা নারায়ণ রাও পেশোয়া পদে অধিষ্ঠিত হলে তাঁর পিতৃব্য রঘুনাথ রাও বা রাঘোবা নারায়ণ রাওকে হত্যা করে পেশোয়া পদ গ্রহণ করেন (১৭৭৩ খ্রীঃ), কিন্তু শীঘ্রই নানা ফড়নবীশ নামে একজন প্রভাবশালী ব্রাহ্মণ নারায়ণ রাওয়ের শিশুপুত্র মাধবরাও নারায়ণকে পেশোয়া বলে ঘোষণা করেন। রাঘোবা পুণা হতে বিতাড়িত হন।

রাঘোবা পুণা ত্যাগ করে ইংরেজদের শরণাপন্ন হন। ১৭৭৫ খ্রীষ্টাব্দে সুরাটের সন্ধির দ্বারা ইংরেজরা সলসেট ও বেসিনের বিনিময়ে রাঘোবাকে পেশোয়া পদে

অধিষ্ঠিত করার জন্য সাহায্যদানে সম্মত হয়। এইভাবে প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের সূত্রপাত হয় কিন্তু কলকাতা কাউন্সিল সুরাটের সন্ধি বাতিল করে এবং ১৭৭৬ খ্রীষ্টাব্দে পুরন্দরের সন্ধি স্বাক্ষর করে রাঘোবার বিরুদ্ধে পেশোয়া মাধবরাও নারায়ণকে সমর্থন করতে সম্মত হয়। বিনিময়ে কোম্পানী পেশোয়ার নিকট সলসেটি রাজ্য লাভ করে। কিন্তু ইতিমধ্যে ডাইরেক্টর বোর্ড কর্তৃক সুরাটের সন্ধি অনুমোদিত হলে বোম্বাই কাউন্সিল পুরন্দরের সন্ধি অগ্রাহ্য করে রাঘোবার পক্ষ অবলম্বন করে এবং মারাঠাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। তেলেগাঁও-এর যুদ্ধে ইংরেজরা শোচনীয়ভাবে পরাস্ত হয়ে মারাঠাদের সঙ্গে ওয়ারগাঁওয়ের সন্ধি স্বাক্ষর করতে বাধ্য হয়। কিন্তু কলকাতা কাউন্সিল এই সন্ধি অনুমোদন না করায় পুনরায় যুদ্ধ শুরু হয়। ১৭৮২ খ্রীষ্টাব্দে মহাদাজী সিন্ধিয়ার মধ্যস্থতায় সলবাইয়ের সন্ধি স্বাক্ষরিত হয়।

প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ

সলবাইয়ের সন্ধি দ্বারা ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসান হয়। সন্ধির শর্তানুসারে ইংরেজদের বিজিত স্থানগুলি মারাঠাদের প্রত্যর্পণ করা হয়, বিনিময়ে ইংরেজরা সলসেটি বন্দর লাভ করে। ইংরেজরা মাধবরাও নারায়ণকে পেশোয়া বলে স্বীকার করে এবং রাঘোবাকে বাৎসরিক বৃত্তি দানের ব্যবস্থা করা হয়। ভারতে ব্রিটিশ শাসন স্থাপনে সলবাইয়ের সন্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সন্ধির ফলে ইংরেজ ও ফরাসীদের মধ্যে কুড়ি বৎসরের জন্য শান্তি স্থাপিত হয়।

সলবাইয়ের সন্ধি

প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের পরবর্তীকালে মারাঠা নায়ক নানা ফড়নবীশের মৃত্যুর পর মারাঠা সাম্রাজ্যের ঐক্য ও শৃঙ্খলার পতন শুরু হয়। মারাঠা সাম্রাজ্যের অন্তর্গত গোয়ালিয়র, নাগপুর, বরোদা প্রভৃতি রাজ্য স্বাধীন হয়ে ওঠে। পুণায় পেশোয়ার ক্ষমতা ও প্রতিপত্তি পূর্বের তুলনায় দুর্বল হয়ে পড়ে। মারাঠা সাম্রাজ্যের এই দুর্বলতার সুযোগে ইংরেজগণ মারাঠা শক্তি সম্পূর্ণভাবে বিনষ্ট করার জন্য প্রস্তুত হয়।

মারাঠা সাম্রাজ্যে ভাঙ্গন

সাম্রাজ্যের প্রভুত্বের প্রশ্নে দৌলতরাও সিন্ধিয়া ও যশোবন্ত রাও হোলকারের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা শুরু হয়। মারাঠাদের অন্তর্কলহের সুযোগে সাম্রাজ্যবাদী লর্ড ওয়েলেসলী তাদের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করেন। ১৮০২ খ্রীষ্টাব্দে বেসিনের সন্ধি দ্বারা পেশোয়া ইংরেজদের অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ হন। কিন্তু পেশোয়া অধীনতামূলক মিত্রতা গ্রহণ করলেও সিন্ধিয়া এবং ভোঁসলে মারাঠাশক্তির স্বাধীনতা বিসর্জন দিতে অস্বীকৃত হন। ১৮০৩ খ্রীষ্টাব্দে সিন্ধিয়া ও ভোঁসলে ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হন। পেশোয়া দ্বিতীয় বাজীরাও তাঁদের সঙ্গে যোগদান করেন। এইভাবে দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের সূত্রপাত হয়। প্রথমদিকে নিরপেক্ষতা অবলম্বন করলেও যশোবন্ত রাও হোলকার ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। ভোঁসলে ও সিন্ধিয়া ইংরেজদের নিকট পরাজিত হয়ে যথাক্রমে দেওগাঁ (১৮০৩) এবং সুর্জী ওঞ্জনগাঁওয়ের সন্ধি (১৮০৩) করতে বাধ্য হন।

দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ

১৮০৪ খ্রীষ্টাব্দে হোলকারও পরাজয় বরণ করেন। যুদ্ধে জয়লাভের ফলে ইংরেজদের প্রতিপত্তি ও প্রভাব বৃদ্ধি পায় এবং মারাঠাশক্তির পতনের পথ প্রশস্ত হয়।

তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ

বেসিনের সন্ধির দ্বারা পেশোয়া দ্বিতীয় বাজীরাও ইংরেজদের সঙ্গে অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ হলেও প্রথম থেকেই তিনি এই অপমানসূচক সন্ধি বাতিল করার সুযোগে ছিলেন। প্রধানমন্ত্রী ত্রম্বকজীর পরামর্শক্রমে পেশোয়া ব্রিটিশ শক্তি বিতাড়ণের উদ্দেশ্যে হোলকার, সিন্ধিয়া ও ভোঁসলের সঙ্গে যোগাযোগ স্থাপন করেন এবং মারাঠা শক্তিজোট গঠনে মনোনিবেশ করেন। অপর-পক্ষে পেশোয়ার ক্ষমতা খর্ব করার জন্য লর্ড হেস্টিংস ১৮১৭ খ্রীষ্টাব্দে পেশোয়াকে পুণার সন্ধি স্বাক্ষর করতে বাধ্য করেন। এই সন্ধির শর্তানুসারে পেশোয়া তাঁর রাজ্যের একাংশ ইংরেজদের ছেড়ে দেন এবং ইংরেজ সরকারের অনুমতি ছাড়া কোন দেশীয় বা ইউরোপীয় শক্তির সঙ্গে মিত্রতা না করার প্রতিশ্রুতি দেন। পেশোয়া দ্বিতীয় বাজীরাও এই অপমান সহ্য করতে না পেরে যুদ্ধ ঘোষণা করেন। এবং এইভাবে তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ শুরু হয়। কিরকীর যুদ্ধে পেশোয়া পরাজিত হয়ে পলায়ন করেন এবং ব্রিটিশ বাহিনী পুণা অধিকার করে। ইতিমধ্যে ভোঁসলে ও হোলকার ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হন। কিন্তু উভয়েই পরাজিত হন। কোরেগাঁও এবং অশতির যুদ্ধে ব্রিটিশদের নিকট পেশোয়া বাহিনী সম্পূর্ণরূপে বিধ্বস্ত হওয়ায় পেশোয়া আত্মসমর্পণ করতে বাধ্য হন। এইভাবে তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের (১৮১৭-১৮১৯ খ্রীঃ) অবসান ঘটে।

মারাঠা সাম্রাজ্যের অবসান

এই যুদ্ধে পরাজয়ের ফলে মারাঠা শক্তির পতন ঘটে। পেশোয়ার পদ বিলুপ্ত করা হয় এবং পেশোয়াকে বাৎসরিক ৮ লক্ষ টাকা বৃত্তি দেওয়ার ব্যবস্থা হয় এবং কানপুরের কাছে বিঠুরে তাঁকে অন্তরীণ করা হয়। ভোঁসলে ও হোলকার নিজেদের রাজ্যের কিছু অংশ ইংরেজদের হাতে তুলে দেন এবং অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ হন। মারাঠা শক্তির অবসানে ভারতবর্ষে ব্রিটিশ সাম্রাজ্যবাদ দ্রুতগতিতে প্রসারলাভ করে।

মারাঠাদের পতনের কারণ : তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধে মারাঠাদের পরাজয়ের পর মারাঠা শক্তির পতন ঘটে। কিন্তু এই পতন আকস্মিক ছিল না। শিবাজীর ব্যক্তিগত প্রচেষ্টায় এই শক্তি গড়ে ওঠে এবং তৃতীয় পানিপথের যুদ্ধের পর পেশোয়া মাধবরাওয়ের কুশলতা এবং ব্যক্তিত্বের জন্য মারাঠা শক্তি পুনরুজ্জীবিত হয়। কিন্তু পরবর্তীকালে এই ধরনের ব্যক্তিত্ব বা প্রতিভার অভাবহেতু মারাঠা সাম্রাজ্য ধ্বংসের পথে অগ্রসর হয়।

ব্যক্তিগত প্রতিভাশ্রয়ী রাষ্ট্র

পর্বতসংকুল মারাঠা দেশে শিল্প ও বাণিজ্যের বিকাশ সম্ভব ছিল না। রাষ্ট্রের আয়ের একমাত্র উৎস ছিল যুদ্ধবিগ্রহ, লুন্ঠন, এবং চৌথ ও সরদেশমুখী প্রভৃতি জবরদস্তিমূলক কর। এই অনিশ্চিত আয় রাষ্ট্রের আর্থিক কাঠামোকে শক্তিশালী করতে সক্ষম ছিল না।

দুর্বল আর্থিক কাঠামো

জায়গীর প্রথা পুনরায় প্রবর্তন করায় জায়গীরদারদের পারস্পরিক স্বার্থপরতা এবং অন্তর্দ্বন্দ্ব জাতীয় ঐক্যের ভিত্তি দুর্বল করে।

গৃহবিবাদ

পেশোয়া প্রথম মাধবরাওয়ের মৃত্যুর পর মারাঠাদের মধ্যে গৃহবিবাদ শুরু হওয়ায় রাষ্ট্রের ভিত্তি দুর্বল হয়ে পড়ে। মারাঠাদের অন্তর্দ্বন্দ্বের সুযোগে ব্রিটিশ শক্তি তৎপর হয়ে ওঠে।

মারাঠাদের 'গেরিলা যুদ্ধ' পদ্ধতি পরিত্যাগও তাদের পতনের অন্যতম কারণ।

সামরিক দুর্বলতা

এছাড়া আধুনিক অস্ত্রশস্ত্রে সজ্জিত ব্রিটিশ সামরিক বাহিনীর আক্রমণ মোকাবিলা করার মত সামর্থ্য মারাঠা বাহিনীর ছিল না। অপরপক্ষে হিন্দু পাদ-পাদশাহী আদর্শ ত্যাগ করে অপরাপর জাতি থেকে ভাড়াটিয়া সৈন্য নিয়োগ করায় মারাঠাদের সামরিক দুর্বলতা দেখা দিয়েছিল। সর্বোপরি বলা যায় যে, পরবর্তী মারাঠা নেতাগণ পারস্পরিক যুদ্ধে লিপ্ত থাকায় মারাঠা সাম্রাজ্যের অখন্ডতা ও সংহতি বিপন্ন হয়ে পড়ে।

হিন্দু পাদ-পাদশাহী আদর্শ ত্যাগ

ইঙ্গ-মহীশূর সম্পর্ক

হায়দার আলির উত্থান

দাক্ষিণাত্যের কর্ণাটে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্ব এবং বাংলাদেশে দ্রুত রাজনৈতিক পটপরিবর্তন চলাকালীন দাক্ষিণাত্যের রাজনৈতিক বিশৃঙ্খলার সুযোগে হায়দার আলি নামে একজন ভাগ্যান্বেষী সৈনিক ১৭৬১ খ্রীষ্টাব্দে মহীশূরে তাঁর ক্ষমতা সুপ্রতিষ্ঠিত করেন।



হায়দার আলি

প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ

হায়দার আলির শক্তিবৃদ্ধি মারাঠা, হায়দ্রাবাদের নিজাম এবং ইংরেজ—এই তিন শক্তির আশংকার কারণ হয়ে দাঁড়ায়। ১৭৬৭ খ্রীষ্টাব্দে ইংরেজ ও নিজামের যৌথ বাহিনী মহীশূর আক্রমণ করে। কিন্তু হায়দার কূটকৌশলে নিজামকে ইংরেজপক্ষ ত্যাগ করাতে সক্ষম হন। এই অবস্থায় ইংরেজগণ এককভাবে হায়দারের বিরুদ্ধে যুদ্ধ চালাতে বাধ্য হন। নিজাম ও হায়দারের মিলিত বাহিনী কর্ণাটক আক্রমণ করলে প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধের সূত্রপাত হয়। এই যুদ্ধে হায়দার ইংরেজ সেনাপতি কর্নেল স্মিথের কাছে চঙ্গম ও ত্রিনোমালির যুদ্ধে পরাস্ত হন। ইতিমধ্যে নিজাম পুনরায় হায়দারের পক্ষ ত্যাগ করে ইংরেজদের সঙ্গে এক সন্ধি স্থাপন করেন এবং হায়দারের বিরুদ্ধে ইংরেজ ও কর্ণাটকের নবাবকে সাহায্য করতে মনস্থ করেন। হায়দার এই পরিস্থিতিতেও এককভাবে যুদ্ধ চালিয়ে ইংরেজ বাহিনীকে শোচনীয়ভাবে পরাস্ত করেন।

শেষ পর্যন্ত ১৭৬৯ খ্রীষ্টাব্দে ইংরেজ পক্ষ হায়দারের সঙ্গে এক সন্ধি স্বাক্ষর করতে বাধ্য হয়। এই সন্ধির শর্তানুসারে উভয় পক্ষ পরস্পরের বিজিত স্থান ও যুদ্ধবন্দী প্রত্যপর্ণ করে এবং মহীশূর রাজ্য অপর কোন শক্তি দ্বারা আক্রান্ত হলে ইংরেজ সরকার হায়দারকে সাহায্যদানের চুক্তিতে আবদ্ধ হয়।

দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ

১৭৭০ খ্রীষ্টাব্দে পেশোয়া মাধবরাও হায়দারের রাজ্য আক্রমণ করলে ইংরেজ পক্ষ হায়দার আলিকে সাহায্যদান করতে সম্মত হয় না। এই অবস্থার পরিপ্রেক্ষিতে হায়দার আলি ফরাসীদের সাহায্য গ্রহণ করেন। অপরদিকে তিনি নিজাম, বেরারের রাজা ও মহারাজা সিন্ধিয়াকে নিয়ে ব্রিটিশ-বিরোধী এক শক্তিজোট গঠন করেন। ইতিমধ্যে আমেরিকায় ইংরেজ ও ফরাসীদের মধ্যে যুদ্ধ আরম্ভ হলে ভারতেও উভয় পক্ষে যুদ্ধের সূত্রপাত হয়। ইংরেজগণ ফরাসী অধিকৃত মাহে বন্দর দখল করায় হায়দার তীব্র প্রতিবাদ জানান, কিন্তু ইংরেজগণ এই প্রতিবাদে কর্ণপাত না করায় ১৭৮০ খ্রীষ্টাব্দে হায়দার আলি ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। এইভাবে দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ আরম্ভ হয়।

ম্যাঙ্গালোর সন্ধি

প্রথম দিকে ইংরেজবাহিনী হায়দারের নিকট সম্পূর্ণভাবে পরাজিত হয়। কিন্তু ওয়ারেন হেস্টিংস ব্রিটিশ শক্তিকে এই শোচনীয় পরাজয় থেকে রক্ষা করার জন্য স্যার আয়ারকুটের নেতৃত্বে এক বিশাল বাহিনী প্রেরণ করেন এবং হায়দার আলির ত্রিশক্তি জোট থেকে তাঁর মিত্রদের বিচ্ছিন্ন করেন। হায়দার একক শক্তিতে যুদ্ধ চালিয়ে বার বার ইংরেজদের হাতে পরাজিত হন। ইতিমধ্যে ফরাসী সরকার কয়েকটি যুদ্ধজাহাজ ভারতবর্ষে প্রেরণ করেন। ফরাসী নৌ-বাহিনীর আগমনে হায়দার আলি পুনরায় শক্তিশালী হয়ে ওঠেন। কিন্তু এই অবস্থায় আকস্মিকভাবে হায়দারের মৃত্যু হয় (১৭৮২ খ্রীঃ)। হায়দারের মৃত্যুর পর তাঁর পুত্র টিপু সুলতান যুদ্ধ চালিয়ে যান। ১৭৮৪ খ্রীষ্টাব্দে ম্যাঙ্গালোরের সন্ধি দ্বারা ইঙ্গ-মহীশূর যুদ্ধের অবসান ঘটে এবং উভয় পক্ষ পরস্পরের বিজিত স্থান ও যুদ্ধবন্দীদের প্রত্যর্পণ করে।

হায়দার আলির কৃতিত্ব

ভারতের ইতিহাসে হায়দার আলি একটি বিশিষ্ট স্থান অধিকার করে আছেন। মহীশূর রাজ্যের স্বাধীনতা রক্ষায় তিনি বারবার ইংরেজদের সঙ্গে যুদ্ধ করেছেন। তাঁর জীবিত অবস্থায় ইংরেজ শক্তি মহীশূর রাজ্য দখল করতে পারেনি। ইংরেজ-বিরোধী ভূমিকায় হায়দারের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ

ম্যাঙ্গালোরের সন্ধির দ্বারা ইঙ্গ-মহীশূর যুদ্ধের অবসান ঘটলেও উভয়পক্ষের পারস্পরিক সম্পর্কের কোন উন্নতি ঘটে না। স্বাধীনতাকামী টিপু সুলতান দাক্ষিণাত্যে ইংরেজ প্রভুত্ব বিলোপ সাধনের জন্য গোপনে ফ্রান্স, কনস্ট্যান্টিনোপল, মরিশাস, কাবুল প্রভৃতি স্থানে সামরিক সাহায্যের আবেদন করে দূত প্রেরণ করেন। টিপুর ইংরেজ-বিরোধী কার্যকলাপ ও ফ্রান্সের সাথে তাঁর গোপন যোগাযোগ পুনরায় ইঙ্গ-মহীশূর সংঘর্ষের পথ প্রস্তুত করে। ইতিমধ্যে ১৭৮৮ খ্রীষ্টাব্দে লর্ড কর্নওয়ালিশ টিপুর শত্রু নিজামের সাথে মিত্রতা স্থাপন করেন।

নিজামের সঙ্গে কর্নওয়ালিশের এই চুক্তির বিষয় প্রকাশিত হলে টিপু সুলতান ইংরেজদের মিত্ররাজ্য ত্রিবাঙ্কুর আক্রমণ করেন। এইভাবে তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ আরম্ভ হয়।

লর্ড কর্নওয়ালিশ মারাঠা ও নিজামের সাথে ত্রিশক্তি জোট গঠন করে টিপুর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। দুই বৎসর যুদ্ধ চলার পর ১৭৯২ খ্রীষ্টাব্দে শ্রীরঙ্গপত্তমের সন্ধির দ্বারা যুদ্ধের অবসান ঘটে। এই সন্ধি দ্বারা টিপু সুলতান রাজ্যের অর্ধাংশ ইংরেজ, মারাঠা ও নিজামকে সমর্পণ করতে এবং যুদ্ধের ক্ষতিপূরণ স্বরূপ প্রভূত অর্থ প্রদান করতে বাধ্য হন। তাছাড়া জামিন স্বরূপ তাঁর দুই পুত্রকে ইংরেজদের কাছে সমর্পণ করতে হয়।

শ্রীরঙ্গপত্তমের সন্ধি

তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধে টিপু পরাজিত হলেও তাঁর শক্তি সম্পূর্ণভাবে বিনষ্ট হয় না। তিনি পুনরায় ফ্রান্স, কাবুল প্রভৃতি দেশে দূত প্রেরণ করে সামরিক সাহায্য প্রার্থনা করেন। উপরন্তু উন্নত সামরিক শিক্ষাদানের সাহায্যে তিনি পুনরায় এক শক্তিশালী বাহিনী গঠন করেন।

এই সময় ভারতের গভর্নর জেনারেল লর্ড ওয়েলেসলী টিপুর সামরিক প্রস্তুতির উদ্দেশ্য উপলব্ধি করে টিপুর বিরুদ্ধে যুদ্ধের জন্য প্রস্তুত হন। নিজাম ব্রিটিশ পক্ষ অবলম্বন করেন কিন্তু মারাঠারা ব্রিটিশ পক্ষে যোগদান করে না। সামরিক প্রস্তুতি সম্পন্ন হওয়ার পর ওয়েলেসলী টিপুকে ইংরেজদের সঙ্গে অধীনতামূলক মিত্রতা গ্রহণের প্রস্তাব করেন। কিন্তু স্বাধীনচেতা টিপু এই প্রস্তাব ঘৃণার সঙ্গে প্রত্যাখ্যান করেন। ফলে ১৭৯৯ খ্রীষ্টাব্দে চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধের সূত্রপাত হয়। সদাশির ও মলভেলীর যুদ্ধে টিপু পরাজিত হন। ব্রিটিশ বাহিনী টিপুর রাজধানী শ্রীরঙ্গপত্তম অবরোধ করে। এই অবরোধের সময় টিপু যুদ্ধক্ষেত্রে প্রাণ হারান। মহীশূর রাজ্যের অধিকাংশ ইংরেজ, মারাঠা ও নিজাম নিজেদের মধ্যে ভাগ করে নেয়। অবশিষ্ট অংশে মহীশূরের পূর্বতন হিন্দু রাজবংশকে প্রতিষ্ঠিত করা হয়। এইভাবে স্বাধীন মহীশূরের পতন ঘটে এবং হায়দার আলি প্রতিষ্ঠিত রাজবংশের অবসান হয়।

চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ ও টিপুর পরাজয়

ভারতের ইতিহাসে টিপু সুলতান স্বদেশপ্রেমের এক উজ্জ্বল প্রতিমূর্তি। তিনি ইংরেজদের দাসত্ব বরণের পরিবর্তে যুদ্ধ করে বীরের মত মৃত্যুবরণ অধিকতর শ্রেয়ঃ মনে করেন। ইংরেজ শক্তির বিরুদ্ধে মহীশূর রাজ্যের অস্তিত্ব রক্ষার সংগ্রামে তাঁর ভূমিকা অনবদ্য।

টিপুর কৃতিত্ব

মহীশূর শক্তির পতনের কারণ ঃ মহীশূর রাজ্য বা টিপু সুলতানের পতনের কারণ ছিল একাধিক। প্রথমতঃ টিপু সুলতান দেশপ্রেমিক ও বীর যোদ্ধা হলেও তাঁর মধ্যে হায়দার আলির মত বাস্তববাদী দৃষ্টিভঙ্গী ও কূটনীতির যথেষ্ট অভাব ছিল। ইংরেজদের প্রতিরোধ করার জন্য দাক্ষিণাত্যের অন্যান্য শক্তিগুলি থেকে তাদের বিচ্ছিন্ন করা একান্ত প্রয়োজন ছিল। কিন্তু টিপু এই ধরনের কূটনীতি প্রয়োগের চিন্তা করেন নি।

টিপুর বাস্তববাদী দৃষ্টিভঙ্গী ও কূটনীতির অভাব

দ্বিতীয়তঃ ইংরেজ ও অন্যান্য শক্তিজোটের বিরুদ্ধে মহীশূর রাজ্যের অপরাপর অংশের নিরাপত্তা রক্ষার কোন ব্যবস্থা টিপু গ্রহণ করেন নি। টিপুর এই ভ্রান্ত প্রতিরক্ষা নীতি তাঁর পতনের অন্যতম কারণ ছিল।

প্রতিরক্ষা ব্যবস্থায় ত্রুটি

তৃতীয়তঃ টিপুর শাসনব্যবস্থা স্বৈরাচারের ভিত্তিতে গড়ে উঠেছিল। কিন্তু সামগ্রিকভাবে সামরিক বা প্রশাসনিক ব্যবস্থা সম্পর্কে খুঁটিনাটিভাবে জানা তাঁর পক্ষে সম্ভব হত না। তাছাড়া তাঁর আমলে হায়দার আলি গঠিত শক্তিশালী অশ্বারোহী বাহিনীর দক্ষতা যথেষ্ট হ্রাস পেয়েছিল। সামরিক বাহিনীর এই দুর্বলতা টিপুর পতনের অন্যতম কারণ।

সামরিক ও প্রশাসনিক ত্রুটি

চতুর্থতঃ টিপু সুলতান ভারতের বাইরে বিভিন্ন দেশে তাঁর দূত প্রেরণ করেছিলেন। কিন্তু এইসব দেশ তাঁর প্রতি সাহায্যের হাত প্রসারিত করেনি। কেবলমাত্র সামান্য সংখ্যক ফরাসী স্বেচ্ছাসেবক টিপু সুলতানের সাহায্যে এগিয়ে এসেছিল। এই সাহায্যের ফলে তদানীন্তন গভর্নর জেনারেল লর্ড ওয়েলেসলীর তিনি বিরাগভাজন হয়েছিলেন।

বিদেশী শক্তির সাহায্যের অভাব

সর্বোপরি ব্রিটিশ বাহিনীর উন্নততর রণকৌশল ও সামরিক দক্ষতা মহীশূরের পরাজয়কে দ্রুততর করেছিল। প্রবল প্রতিপক্ষ ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে টিপুর একক প্রচেষ্টা সার্থক হয় নি। সুতরাং ইংরেজ বাহিনীর ও মহীশূর-বিরোধী দেশীয় শক্তিজোটের আঘাতে মহীশূর রাজ্যের পতন ঘটে।

ব্রিটিশদের উন্নত রণকৌশল ও আধুনিক অস্ত্রশস্ত্র

ইঙ্গ-নেপাল সম্পর্ক

১৮০১ খ্রীষ্টাব্দে অযোধ্যার নবাব কর্তৃক গোরক্ষপুর অঞ্চলটি কোম্পানীকে অর্পণ করা হলে কোম্পানীর রাজ্যসীমা নেপালের সীমান্ত পর্যন্ত বিস্তৃত হয়। এই সময় নেপাল ও ব্রিটিশ রাজ্যের মধ্যে কোন সুনির্দিষ্ট সীমারেখা না থাকায় উভয়ের মধ্যে সীমান্ত সংঘর্ষ অনিবার্য হয়ে ওঠে। ১৮১৪ খ্রীষ্টাব্দে গুর্খাগণ অতর্কিতে ভুটওয়াল নামক স্থানের তিনটি পুলিস থানা আক্রমণ করলে গভর্নর জেনারেল লর্ড হেস্টিংস নেপালের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন।

ইঙ্গ-নেপাল যুদ্ধ

হেস্টিংসের পরিকল্পনা অনুযায়ী নেপালের বিরুদ্ধে একযোগে চারটি অভিযান প্রেরণ করা হয়। শেষ পর্যন্ত জেনারেল লর্ড অক্‌টারলনীর নেতৃত্বে এক বিরাট বাহিনী নেপাল সেনাপতি অমর সিং থাপাকে পরাজিত করে। ১৮১৬ খ্রীষ্টাব্দে সগৌলির সন্ধি দ্বারা উভয় পক্ষের মধ্যে শান্তি স্থাপিত হয়। সন্ধির শর্তানুযায়ী ব্রিটিশের উত্তর-পশ্চিম সীমান্ত নেপালের পার্বত্য এলাকা পর্যন্ত বিস্তৃত হয় এবং সিমলা, মুসৌরী, আলমোড়া, রানীখেত, ল্যান্ডোর, নৈনীতাল প্রভৃতি স্থান ব্রিটিশ অধিকারভুক্ত হয়। নেপালের রাজা কাঠমান্ডুতে একজন ব্রিটিশ রেসিডেন্ট রাখতে এবং সিকিম থেকে গুর্খা সৈন্য অপসারণ করতে সম্মত হন। উপরন্তু মধ্য এশিয়ার সঙ্গে ইংরেজদের যোগাযোগের পথ উন্মুক্ত হয়। এরপর ১৮১৭ খ্রীষ্টাব্দে

সগৌলির সন্ধি

লর্ড হেস্টিংস সিকিমের সঙ্গে এক মিত্রতামূলক চুক্তি স্বাক্ষর করেন এবং নেপালের নিকট প্রাপ্ত স্থানগুলির কিয়দংশ সিকিম রাজ্যকে অর্পণ করেন। সগৌলির সন্ধির পর ইঙ্গ-নেপাল সম্পর্ক শান্তিপূর্ণ ছিল।

ইঙ্গ-ব্রহ্ম সম্পর্ক

অষ্টাদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ পর্যন্ত ইংরেজগণ শান্তিপূর্ণভাবে ব্রহ্মদেশে ব্যবসা-বাণিজ্য চালিয়ে যায় এবং বর্মীদের সাথে তাদের কোন রাজনৈতিক বিরোধ ঘটে না। কিন্তু ইতিমধ্যে চট্টগ্রামের দক্ষিণে আরাকান, পেগু ও টেনাসেরিমে ব্রিটিশ প্রভুত্ব বিস্তৃত হলে এবং বর্মীরাজ বোদোপয়া ও তাঁর পুত্র পগিদোয়ার আমলে ব্রহ্মদেশের সীমা ব্রিটিশ রাজ্যসীমা পর্যন্ত বিস্তৃত হলে উভয়পক্ষের সংঘর্ষ আসন্ন হয়ে ওঠে। ১৮২৩ খ্রীষ্টাব্দে পগিদোয়ার সেনাপতি চট্টগ্রামের নিকট ব্রিটিশ অধিকৃত শাহপুরী দ্বীপটি দখল করায় উভয় পক্ষে যুদ্ধ অনিবার্য হয়ে ওঠে। ব্রহ্মদেশের সাথে মীমাংসা করার জন্য ইংরেজ পক্ষ যখন আলোচনায় ব্যস্ত সেই সময় দুজন ব্রিটিশ কর্মচারীকে বর্মীগণ বলপূর্বক আটক করলে লর্ড আমহার্স্ট ব্রহ্মদেশের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন (১৮২৪ খ্রীষ্টাব্দ)।

ইঙ্গ-ব্রহ্ম বিরোধের কারণ

১৮২৪ খ্রীষ্টাব্দে শ্রীহট্টের নিকট বর্মীদের সঙ্গে ইংরেজদের প্রথম সংঘর্ষের সূত্রপাত হয়। ক্রমে আসাম, আরাকান, ইরাবতী উপত্যকা এবং টেনাসেরিমে ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ বিস্তারলাভ করে। ইংরেজ বাহিনী ব্রহ্মদেশের রাজধানী প্রোম দখল করার পর ইয়ান্দাবুরের দিকে অগ্রসর হলে বর্মীরাজ ব্রিটিশ পক্ষের সাথে ইয়ান্দাবুর সন্ধি (১৮২৬ খ্রীষ্টাব্দ) স্বাক্ষর করতে বাধ্য হন।

প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ

ইয়ান্দাবুর সন্ধি দ্বারা ব্রহ্মদেশের রাজা টেনাসেরিম ও আরাকান প্রদেশ দুটি ব্রিটিশদের নিকট সমর্পণ করতে বাধ্য হন এবং যুদ্ধের ক্ষতিপূরণ বাবদ ইংরেজগণকে এক কোটি টাকা প্রদান করেন। আসাম, জয়ন্তিয়া, কাছাড় ও মণিপুর রাজ্যের উপর সমস্ত দাবি বর্মীরাজ কর্তৃক পরিত্যক্ত হয়। দুপক্ষের মধ্যে একটি বাণিজ্য চুক্তি সম্পাদিত হয়। ব্রহ্মদেশের রাজসভায় একজন ব্রিটিশ প্রতিনিধি রাখার ব্যবস্থা হয়।

ইয়ান্দাবুর সন্ধি

প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধে বর্মীরাজ পরাজিত হলেও পরবর্তী সময়ে ব্রহ্মদেশের সঙ্গে ইংরেজদের বিরোধ দেখা দেয়। ১৮৫১ খ্রীষ্টাব্দে লর্ড ডালহৌসীর শাসনকালে কয়েকজন ব্রিটিশ বণিক বর্মীদের হাতে অপমানিত ও ক্ষতিগ্রস্ত হলে ব্রহ্মদেশের সাথে বাণিজ্য সংক্রান্ত বিবাদ উপস্থিত হয়। ডালহৌসী উক্ত ঘটনার প্রতিকার এবং উপযুক্ত ক্ষতিপূরণের দাবি জানিয়ে কমডোর ল্যাম্বট নামক একজন নৌ-সেনাপতিকে একটি রণতরীসহ ব্রহ্মদেশে প্রেরণ করেন। উক্ত নৌ-সেনাপতি ব্রহ্ম সরকারের একটি যুদ্ধজাহাজ বলপূর্বক *অধিকার করায় বর্মী সেনাগণ ব্রিটিশ রণতরীর ওপর গুলিবর্ষণ করে। এভাবে দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের সূত্রপাত হয়* (১৮৫২ খ্রীষ্টব্দে)। বর্মীরাজ সহজেই ইংরেজদের

দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের কারণ ও ফলাফল

কাছে পরাজিত হন। কিন্তু তিনি ব্রিটিশের সাথে কোন প্রকার সন্ধি স্বাক্ষরে অস্বীকৃত হওয়ায় লর্ড ডালহৌসী সমগ্র পেগু ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত বলে ঘোষণা করেন। ব্রহ্মদেশের উপকূল অঞ্চল ব্রিটিশ অধিকারভুক্ত হওয়ায় চট্টগ্রাম থেকে সিঙ্গাপুর পর্যন্ত সমস্ত উপকূল অঞ্চল ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়।

রণজিৎ সিং-এর সময় ইঙ্গ-শিখ সম্পর্ক

মুঘল সাম্রাজ্যের অকথ্য অত্যাচার ও উৎপীড়ন সত্ত্বেও শিখ নেতা বান্দার নেতৃত্বে শিখগণ ১৭০৮ হতে ১৭১৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত তাদের স্বাধীনতা আন্দোলন চালিয়ে যান।

শিখ শক্তির উত্থান

১৭৬৭ খ্রীষ্টাব্দে আহম্মদ শাহ্ আব্দালী ভারত ত্যাগ করার পর শিখগণ রাওয়ালপিন্ডি ও যমুনার মধ্যবর্তী অঞ্চলে নিজেদের প্রভুত্ব সুপ্রতিষ্ঠিত করে এবং শীঘ্রই শিখজাতি বারোটি মিসল্ বা দলে বিভক্ত হয়। ক্রমশঃ এই মিসল্গুলির মধ্যে অন্তর্দ্বন্দ্বের সূত্রপাত ঘটে। এই পরস্পর বিরোধী মিসল্গুলিকে ঐক্যবদ্ধ করে সুকারচুকিয়া মিসলের দলপতি রণজিৎ সিংহ পাঞ্জাবের এক বৃহত্তম অংশ জুড়ে শিখ সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন।

মাত্র সতেরো বৎসর বয়সে রণজিৎ সিংহের রাজনৈতিক জীবনের সূত্রপাত হয়। ১৭৯৮ খ্রীষ্টাব্দে কাবুলের অধিপতি জামান শাহ্ পাঞ্জাব আক্রমণ করলে রণজিৎ সিংহ তাঁকে সাহায্য করেন। জামান শাহ্ রণজিৎ সিংহের উপর সন্তুষ্ট হয়ে তাঁকে 'রাজা' উপাধিতে ভূষিত করেন এবং তাঁকে লাহোরের সিংহাসনে প্রতিষ্ঠিত করেন। ১৮০৫ খ্রীষ্টাব্দে

রণজিৎ সিংহের রাজ্যবিস্তার

তিনি অমৃতসর অধিকার করেন এবং ক্রমশঃ শতদ্রু নদীর পশ্চিমদিকে অবস্থিত শিখ মিসল্গুলি তাঁর রাজ্যভুক্ত করেন। শতদ্রু নদীর পূর্বতীরস্থ শিখ মিসল্গুলির অন্তর্দ্বন্দ্বের সুযোগে ১৮০৬ খ্রীষ্টাব্দে তিনি লুধিয়ানা দখল করেন। শিখ সর্দারগণ রণজিৎ সিংহের আগ্রাসী মনোভাবে আশংকিত হয়ে নিজেদের অস্তিত্ব রক্ষাকল্পে ইংরেজদের সাহায্য প্রার্থনা করেন।



রণজিৎ সিংহ

এই অবস্থার পরিপ্রেক্ষিতে গভর্নর জেনারেল লর্ড মিন্টো চার্লস মেটকাফকে রণজিৎ সিংহের দরবারে আলোচনার জন্য প্রেরণ করেন।

অমৃতসরের সন্ধি

প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য যে, ঐ সময় ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে রুশ আক্রমণের আশংকা থাকায় ইংরেজ সরকার রণজিৎ সিংহের সঙ্গে যুদ্ধে লিপ্ত হতে চায়নি, অপরদিকে রণজিৎ সিংহও ইংরেজদের সঙ্গে যুদ্ধবিগ্রহ করার পক্ষপাতী ছিলেন না। উভয়পক্ষের সুদীর্ঘ আলোচনার পর ১৮০৯ খ্রীষ্টাব্দে

রণজিৎ সিংহ ও ইংরেজদের মধ্যে সম্পাদিত অমৃতসরের সন্ধির দ্বারা শতদ্রু নদী রণজিৎ সিংহের রাজ্যের পূর্ব সীমারেখা হিসেবে নির্ধারিত হয়। শতদ্রু নদীর পূর্বতীরে অবস্থিত শিখ মিসলগুলিতে রণজিৎ সিংহ হস্তক্ষেপ না করার প্রতিশ্রুতি দান করেন। ১৮৩১ খ্রীষ্টাব্দে লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক রণজিৎ সিংহের সঙ্গে 'চিরস্থায়ী মিত্রতা' স্হাপন করেন।

রাজ্য বিস্তার

অমৃতসরের সন্ধির পর রণজিৎ সিংহ পুনরায় রাজ্যবিস্তারে আত্মনিয়োগ করেন। তাঁর রাজ্য পাঞ্জাব থেকে খাইবার গিরিপথ এবং সিন্ধুদেশের সীমান্ত পর্যন্ত বিস্তৃত হয়। সিন্ধু উপত্যকায় তাঁর কর্তৃত্ব সম্পূর্ণরূপে প্রতিষ্ঠিত হয়। ১৮৩৯ খ্রীষ্টাব্দে রণজিৎ সিংহের মৃত্যু হয়।

রণজিৎ সিংহের কৃতিত্ব

ভারতবর্ষের ইতিহাসে রণজিৎ সিংহ একটি বিশিষ্ট নাম। তাঁর প্রতিভাবলে তিনি বিচ্ছিন্ন ও বিবদমান শিখজাতিকে ঐক্যবদ্ধ করে এক স্বাধীন শিখ রাষ্ট্র গঠনের পরিকল্পনা করেন। তিনি ছিলেন একজন প্রকৃত দেশপ্রেমিক। শাসক এবং সামরিক সংগঠক হিসাবেও তিনি দক্ষতার পরিচয় দেন। ফরাসী পর্যটক জ্যাকেমোঁ তাঁকে 'ভারতের নেপোলিয়ান' আখ্যায় অভিহিত করেন।

শিখ সাম্রাজ্যের পতনের সূত্রপাত

শিখশক্তির পতন : পাঞ্জাব অধিকার : রণজিৎ সিংহের মৃত্যুর অব্যবহিত পরেই শিখদের মধ্যে পরস্পর বিরোধ এবং আত্মকলহের ফলে শিখ সাম্রাজ্যের সর্বত্র বিশৃঙ্খলা শুরু হয় এবং শিখ সাম্রাজ্যের পতনের পথ প্রস্তুত হয়। এই রাজনৈতিক অনিশ্চয়তার সুযোগে খালসা বাহিনীর দুজন সেনানায়ক লালসিংহ ও তেজসিংহ রণজিৎ সিংহের কনিষ্ঠ পুত্র দলীপ সিংহকে সিংহাসনে বসিয়ে রাজনৈতিক ক্ষমতা দখল করেন। রানী ঝিন্দন দলীপ সিংহের অভিভাবিকা নিযুক্ত হন।

প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ

রানী ঝিন্দনের প্ররোচনায় শিখ বাহিনী ১৮৪৫ খ্রীষ্টাব্দে শতদ্রু নদী অতিক্রম করে ইংরেজ রাজ্য আক্রমণ করলে প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধের সূত্রপাত হয়। মুদেকী, ফিরোজ শাহ, আলিওয়াল ও সোঁব্রাও-এর যুদ্ধে শিখবাহিনী পরাজিত হয় এবং ব্রিটিশ বাহিনী লাহোর অধিকার করে। ফলে শিখগণ ইংরেজদের সঙ্গে লাহোরের সন্ধি (১৮৪৬) স্বাক্ষর করতে বাধ্য হয়।

লাহোরের সন্ধি

লাহোরের সন্ধি দ্বারা শিখগণ শতদ্রু নদীর পূর্বতীরে অধিকৃত অঞ্চলসমূহ ত্যাগ করতে বাধ্য হয়। লাহোরে একজন ব্রিটিশ রেসিডেন্ট এবং এক বৎসরের জন্য একটি ব্রিটিশ বাহিনী রাখার ব্যবস্থা হয়। এর পরে অপর এক চুক্তি দ্বারা ব্রিটিশ রেসিডেন্টের নিয়ন্ত্রণে আটজন শিখ সর্দারকে নিয়ে গঠিত একটি কাউন্সিলের উপর পাঞ্জাবের শাসনভার ন্যস্ত করা হয়। লাহোরে একদল ব্রিটিশ সৈন্য মোতায়েন করা হয়। এই বাহিনীর ব্যয়নির্বাহের জন্য শিখ সরকার বাৎসরিক ২২ লক্ষ টাকা দিতে সম্মত হয়।

লাহোরের সন্ধি ও অপর এক সন্ধি দ্বারা শিখদের সাথে ব্রিটিশ কর্তৃপক্ষের শান্তি স্থাপিত হলেও শিখ নেতৃবর্গ ব্রিটিশ রেসিডেন্টের কর্তৃত্ব মনেপ্রাণে গ্রহণ করতে

পারেন নি। ইতিমধ্যে রানী ঝিন্দনকে চুনার দুর্গে নির্বাসিত করা হলে শিখদের মধ্যে ব্রিটিশ-বিরোধী মনোভাব চরম আকার ধারণ করে। ঠিক একই সময়ে মুলতান ও হাজরার শিখ শাসনকর্তারা ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। আফগানগণও পেশোয়ার ফিরে পাওয়ার আশায় বিদ্রোহী শিখদের সাথে মিলিত হন। এই বিদ্রোহের পরিপ্রেক্ষিতে লর্ড ডালহৌসী শিখদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। এই যুদ্ধ দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ (১৮৪৯) নামে পরিচিত। চিলিয়ানওয়ালার যুদ্ধে শিখবাহিনী ইংরেজদের বিপর্যস্ত করে। কিন্তু শেষ পর্যন্ত গুজরাটের যুদ্ধে (১৮৪৯) শিখবাহিনী সম্পূর্ণরূপে পরাজিত হয়। দ্বিতীয় শিখযুদ্ধের ফলে সমগ্র পাঞ্জাব ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়। দলীপ সিংহকে বাৎসরিক পাঁচ লক্ষ টাকা ভাতা দানের ব্যবস্থা হয়। খালসা বাহিনী ভেঙ্গে দেওয়া হয়। পাঞ্জাব ব্রিটিশ অধিকারভুক্ত হওয়ায় ব্রিটিশ সাম্রাজ্যের সীমা আফগান সীমান্ত পর্যন্ত বিস্তৃত হয়। রণজিৎ সিংহ প্রতিষ্ঠিত শিখ সাম্রাজ্যের স্বাধীনতা বিলুপ্ত হয়।

দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ

শিখ সাম্রাজ্যের অবসান

শিখ শক্তির পতনের কারণ : রণজিৎ সিংহের মৃত্যুর অব্যবহিত পর থেকেই শিখ শক্তির পতনের সূত্রপাত ঘটে। শিখদের এই পতনের কারণ ছিল একাধিক প্রথমতঃ সামরিক শক্তির উপর এই শক্তি প্রতিষ্ঠিত ছিল। সামরিক শক্তির উপর স্থাপিত সাম্রাজ্য সংহত ও স্থায়ী করার জন্য শক্তিশালী ও ব্যক্তিত্বসম্পন্ন শাসকের একান্ত প্রয়োজন। কিন্তু রণজিৎ সিংহের মৃত্যুর পর এইরূপ শক্তিশালী শাসকের আবির্ভাব আর হয় নি।

উপযুক্ত নেতৃত্বের অভাব

দ্বিতীয়তঃ শিখদের মধ্যে পারস্পরিক কলহ, দলাদলি ও ষড়যন্ত্র এই শক্তিকে শক্তিহীন করে। নিজেদের মধ্যে বিবাদ ও অনৈক্য থাকায় তাদের পক্ষে ব্রিটিশ শক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলা সম্ভবপর হয়নি।

পারস্পরিক অন্তর্দ্বন্দ্ব

তৃতীয়তঃ শিখ সম্প্রদায় বিশেষ করে খালসা বাহিনীর নৈতিক অবনতিও এই সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ ছিল। খালসা বাহিনী রাজনীতিতে সক্রিয়-ভাবে অংশ গ্রহণ করার ফলে পরিস্থিতির আরও অবনতি ঘটে। এই সৈন্যবাহিনীকে নিয়ন্ত্রিত করার মত কোন যোগ্য সামরিক নেতৃত্ব না থাকায় যুদ্ধক্ষেত্রে শিখ শক্তির পরাজয় ঘটতে থাকে।

নৈতিক অবনতি

চতুর্থতঃ যুদ্ধক্ষেত্রে শিখ সেনাপতিদের অন্তর্ঘাতমূলক কার্যকলাপ ও বিশ্বাস-ঘাতকতা এই সাম্রাজ্যের দ্রুত পতনে সাহায্য করে।

সর্বোপরি এই সময় ভারতবর্ষে শিখ শক্তির প্রবল প্রতিপক্ষ ছিল ব্রিটিশ সাম্রাজ্য-বাদী শক্তি। এই প্রবল প্রতিপত্তিশালী শক্তির বিরুদ্ধে অন্তর্দ্বন্দ্বে বিভক্ত ও দুর্বল নেতৃত্বসম্পন্ন শিখ জাতির অস্তিত্ব রক্ষা করা মোটেই সম্ভবপর ছিল না।

ব্রিটিশ সাম্রাজ্যবাদের দুরন্ত গতি

ব্রিটিশদের সিন্ধুদেশ অধিকার : অষ্টাদশ শতাব্দীর শেষ দিকে এবং ঊনবিংশ

শতাব্দীর শুরুতে হায়দ্রাবাদ, খইরপুর, মীরপুর প্রভৃতি অঞ্চলের আমীরগণ সিন্ধুদেশের শাসনকর্তা ছিলেন। ১৮৩২ খ্রীষ্টাব্দে লর্ড উইলিয়াম বেন্টিঙ্কের সাথে সিন্ধুদেশের আমীরদের এক সন্ধির শর্তানুসারে সিন্ধুদেশে ইংরেজ বণিকদের ব্যবসাবাণিজ্যের অধিকার প্রতিষ্ঠিত হয়। অপরপক্ষে ব্রিটিশ কর্তৃপক্ষ সিন্ধুর মধ্য দিয়ে সামরিক সাজসরঞ্জাম বা নৌবাহিনী প্রেরণ না করার প্রতিশ্রুতিবদ্ধ হন। ১৮৩৮ খ্রীষ্টাব্দের অপর এক সন্ধি দ্বারা লর্ড অকল্যান্ড হায়দ্রাবাদে একজন ব্রিটিশ রেসিডেন্ট নিয়োগের ব্যবস্থা করায় উক্ত প্রদেশে ব্রিটিশ প্রাধান্য সুপ্রতিষ্ঠিত হয়।

সিন্ধুদেশের সহিত ইংরেজদের সম্পর্ক

কিন্তু প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধের সময় লর্ড অকল্যান্ড ১৮৩২ খ্রীষ্টাব্দের সন্ধির শর্ত আগ্রাহ্য করে সিন্ধুর মধ্য দিয়ে সৈন্য প্রেরণ করেন ও আমীরদের নিকট হতে বলপূর্বক প্রচুর অর্থ আদায় করেন। গভর্নর জেনারেল লর্ড এলেনবরা সিন্ধুদেশ ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে স্যার চার্লস নেপিয়ারকে সিন্ধুদেশে প্রেরণ করেন। নেপিয়ার আমীরগণের সাথে সম্পাদিত এক নতুন সন্ধি অনুসারে তাঁদের নিজ নিজ রাজ্যের এক বিরাট অংশ ব্রিটিশের নিকট সমর্পণ করতে বাধ্য করেন। আমীরগণকে মুদ্রা প্রচলনের অধিকার থেকেও বঞ্চিত করা হয়। এছাড়া আমীরগণকে আতঙ্কিত করার উদ্দেশ্যে ইমামগড় নামক দুর্গটি ধ্বংস করা হয়। একই সঙ্গে নেপিয়ার বেলুচগণকে নানাভাবে প্ররোচিত করতে আরম্ভ করেন। এই অবস্থায় বেলুচগণ ব্রিটিশ রেসিডেন্সী আক্রমণ করলে নেপিয়ার যুদ্ধ ঘোষণা করেন। মিয়ানী ও দাবোর যুদ্ধে আমীরগণ সম্পূর্ণরূপে পরাজিত হন। সিন্ধুদেশ ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয় (১৮৪৩) এবং আমীরগণকে তাঁদের রাজ্য হতে নির্বাসিত করা হয়। ব্রিটিশের সাথে মিত্রতা চুক্তিতে আবদ্ধ একটি স্বাধীন দেশের স্বাধীনতা বিলোপ করা সুসভ্য ইংরেজদের চরম নীতিজ্ঞানহীনতার পরিচয় বহন করে।

সিন্ধুদেশের ব্রিটিশ সাম্রাজ্যভুক্তি

ডালহৌসী কর্তৃক ব্রিটিশ সাম্রাজ্যবিস্তার : ভারতবর্ষে ব্রিটিশ শাসনের ইতিহাসে লর্ড ডালহৌসীর রাজত্বকাল এক গুরুত্বপূর্ণ অধ্যায়। ১৮৪৮ থেকে ১৮৫৬ খ্রীঃ পর্যন্ত তিনি ভারতবর্ষের গভর্নর জেনারেল হিসেবে অধিষ্ঠিত ছিলেন। সাম্রাজ্যবাদী শাসক নামেই তিনি বিশেষভাবে পরিচিত। রাজ্য জয় করাই ছিল তাঁর সাম্রাজ্যবাদী নীতির প্রধান উদ্দেশ্য। ভারতবর্ষে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারকল্পে তিনি তিনটি অস্ত্র অবলম্বন করেন : প্রত্যক্ষ যুদ্ধ, স্বত্ত্ববিলোপ নীতির প্রয়োগ এবং কুশাসনের অজুহাত।

ডালহৌসীর সাম্রাজ্যবাদী নীতি

দ্বিতীয় শিখযুদ্ধ এবং দ্বিতীয় ব্রহ্মযুদ্ধে লিপ্ত হয়ে লর্ড ডালহৌসী যথাক্রমে পাঞ্জাব ও সমগ্র পেগু ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন। তাছাড়া ১৮৫০ খ্রীষ্টাব্দে তিনি নেপাল ও ভুটানের মধ্যবর্তী ক্ষুদ্র সিকিম রাজ্যের একাংশ অধিকার করেন।

প্রত্যক্ষ যুদ্ধ

যুদ্ধের দ্বারা সাম্রাজ্য বিস্তার অপেক্ষা তিনি তাঁর দ্বিতীয় অস্ত্র স্বত্ত্ববিলোপ নীতি


ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের বিস্তার (মহাবিদ্রোহ পর্যন্ত)
১৭৮৫ খ্রীঃ ব্রিটিশ অধিকৃত অঞ্চল
১৭৮৫-১৮০৫ পর্যন্ত ,, ,,
১৮০৫-১৮১৯ ,, ,, ,,
১৮১৯-১৮৫৮ ,, ,, ,,
গিলগিট ১৮৯৫
কাশ্মীর ১৮৪৬
পাঞ্জাব ১৮৪৯
বেলুচিস্তান
রাজপুতানা ১৮১৮
সিন্ধু ১৮৪৩
মালব ১৮১৮
অযোধ্যা ১৮৫৬
বিহার ১৭৬৫
আসাম ১৮২৬
বাংলা ১৭৬৫
কলিকাতা
উড়িষ্যা ১৮০৩
বেরার ১৮৫৩
মারাঠা
নিজামের রাজ্য ১৮০০
হায়দ্রাবাদ
সরকার ১৭৬৬
মসুলিপট্টম ১৬২০
বোম্বাই ১৬৬৮
সুরাট ১৬১২
কুর্ণুল ১৮৩৯
মহীশূর ১৮৩৯
মাদ্রাজ ১৬৩৯
ত্রিবাঙ্কুর ১৭৮৮
সিংহল ১৭৯৫

প্রয়োগের দ্বারা ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারে অধিক সাফল্যলাভ করেন। ডালহৌসী প্রবর্তিত স্বত্ববিলোপ নীতিতে বলা হয় যে, ব্রিটিশ-সৃষ্ট কোন দেশীয় রাজবংশের কোন উত্তরাধিকারী না থাকলে উক্ত রাজ্যগুলি ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করা হবে। কোন দত্তকপুত্রের উত্তরাধিকার ব্রিটিশ সরকার কর্তৃক স্বীকৃত হবে না। এই নীতির প্রথম শিকার হয় সাতারা। এর পর থেকে সম্বলপুর, ঝাঁসি, ভগৎ, উদয়পুর, জৈৎপুর, জৌনপুর, কৌরোলী প্রভৃতি রাজ্যগুলি ব্রিটিশ অধিকারভুক্ত হয়। ডালহৌসী তাঁর কুখ্যাত নীতি প্রয়োগ করে ১৮৫৩ খ্রীষ্টাব্দে পেশোয়া দ্বিতীয় বাজীরাও-এর দত্তকপুত্র নানাসাহেবের বৃত্তি বন্ধ করে দেন। ১৮৫৩ ও ১৮৫৫ খ্রীষ্টাব্দে যথাক্রমে কর্ণাট ও তাঞ্জোরের রাজবংশের ভাতা বন্ধ করা হয় এবং তাঞ্জোরের রাজপরিবারের 'রাজা' উপাধি বাতিল করা হয়।

স্বত্ববিলোপ নীতি প্রয়োগ

এরপর ডালহৌসী তাঁর তৃতীয় এবং শেষ অস্ত্র কুশাসনের অজুহাতে দেশীয় রাজ্য গ্রাসে অগ্রসর হন। এই নীতি অযোধ্যা রাজ্যের প্রতি প্রয়োগ করে অযোধ্যাকে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করা হয়। অযোধ্যা রাজ্যের আইনশৃঙ্খলা এবং শাসনব্যবস্থার অবনতির জন্য নবাবকে দায়ী করা হয় এবং তাঁর রাজ্য ব্রিটিশের নিকট সমর্পণ করার জন্য ডালহৌসী দাবি জানান। অযোধ্যায় নবাব এতে অস্বীকৃত হলে লর্ড ডালহৌসী ১৮৫৬ খ্রীষ্টাব্দে এক ঘোষণাপত্রের মাধ্যমে অযোধ্যা ব্রিটিশ অধিকারভুক্ত করেন। অপরদিকে হায়দ্রাবাদের নিজাম কোম্পানীর সেনাবাহিনীর জন্য প্রতিশ্রুত অর্থ নিয়মিতভাবে না দেওয়ায় বেরার প্রদেশটি তাঁর কাছ থেকে ছিনিয়ে নিয়ে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করা হয়।

কুশাসনের অজুহাত

ডালহৌসীর স্বত্ববিলোপ নীতি ও কুশাসনের অজুহাতে দেশীয় রাজ্যগ্রাসের নীতি ভারতের রাজনীতিতে এক জটিলতার সৃষ্টি করে। ভারতে ব্রিটিশ সাম্রাজ্যবিস্তারে তিনি কোনপ্রকার নৈতিকতার কথা বিবেচনা করেননি। দেশীয় রাজন্যবর্গ ইংরেজদের বিরুদ্ধে চরম অসন্তোষ পোষণ করতে থাকেন। তাঁদের সাথে পূর্ব-সম্পাদিত চুক্তি ও সন্ধিপত্রগুলি ডালহৌসী কর্তৃক উপেক্ষিত হওয়ায় দেশীয় রাজারা ইংরেজদের প্রতি বিশ্বাস ও আস্থা হারিয়ে ফেলেন। নাগপুর রাজপ্রাসাদ অবরোধ করার সময় ব্রিটিশ বাহিনীর অত্যাচার এবং রাজপ্রাসাদ লুণ্ঠন দারুণ অসন্তোষের সৃষ্টি করে। অযোধ্যা রাজ্য অধিকারের সময় একই রকম অত্যাচার অনুষ্ঠিত হয়। অযোধ্যার সৈনিকরা বেকার হয়ে পড়ে। রাজার আশ্রিত কর্মচারিগণ সহায়সম্বলহীন হয়। ঝাঁসি রাজ্য দখল এবং নানাসাহেবের ভাতা বন্ধ হওয়ায় রাজন্যবর্গের মধ্যে বিক্ষোভ বৃদ্ধি পায়। অপরদিকে ভারতীয় জনগণের মধ্যেও ব্রিটিশ-বিরোধী অসন্তোষ ধূমায়িত হয়। ভারতীয় রাজন্যবর্গের অসন্তোষ ও ক্ষোভ ক্রমশঃই দানা বেঁধে ওঠে এবং ১৮৫৭ খ্রীষ্টাব্দে মহাবিদ্রোহে তার চরম বহিঃপ্রকাশ ঘটে। এইভাবে ডালহৌসীর আমলে মহাবিদ্রোহ না দেখা দিলেও একথা নিঃসন্দেহে বলা যায় যে, তিনিই এই বিদ্রোহের পথ প্রস্তুত করেন।

ডালহৌসীর রাজ্যগ্রাস নীতির প্রতিক্রিয়া

ইংরেজদের রাজনৈতিক ক্ষমতা বৃদ্ধি

বাংলা তথা ভারতবর্ষে ব্রিটিশ প্রভুত্ব স্থাপনের ইতিহাসে ১৭৬৫ খ্রীষ্টাব্দে কোম্পানীর দেওয়ানীলাভ এক গুরুত্বপূর্ণ ঘটনা। দেওয়ানী লাভের পর বাংলার নবাব নামমাত্র শাসকে পরিণত হন। প্রকৃত ক্ষমতা কোম্পানীর হস্তগত হয়। মুঘল সম্রাটের অনুমোদনের ফলে কোম্পানীর ক্ষমতা আইনগত স্বীকৃতিলাভ করে। বাংলাদেশে কোম্পানীর সার্বভৌম ক্ষমতা স্থাপনের সুদৃঢ় ভিত্তি স্থাপিত হয়। সেই সঙ্গে কোম্পানীর আর্থিক অস্বচ্ছলতা দূরীভূত হয়। সৈন্যসংখ্যা বৃদ্ধি পায় ও শক্তিশালী হয়ে ওঠে। কোম্পানী বাংলার নবাবের সমমর্যাদাসম্পন্ন হয়ে ওঠে। ব্রিটিশ কোম্পানী প্রকৃতপক্ষে বাণিজ্যিক প্রতিষ্ঠান থেকে রাজনৈতিক প্রতিষ্ঠানে পরিণত হয়। বাংলার প্রকৃত প্রভুত্ব ইস্ট ইন্ডিয়া কোম্পানীর হস্তগত হয়ে পড়ে। বাংলাদেশের প্রতিরক্ষার ভার ও সর্বোচ্চ রাজনৈতিক অধিকারও ব্রিটিশদের হাতে আসে।

দেওয়ানী লাভের গুরুত্ব

দেওয়ানী লাভের পর নবাব নাজিব-উদ-দৌলাকে ৫৩ লক্ষ টাকা বৃত্তিদানের পরিবর্তে ক্লাইভ তাঁকে বাংলার রাজস্বের উপর সকল দাবি ত্যাগ করতে বাধ্য করেন। বেসামরিক শাসন ব্যবস্থার দায়িত্ব নবাবের উপর অর্পিত হয়। কিন্তু সামরিক শাসনভার কোম্পানী নিজ হাতে গ্রহণ করে। এই ভাবে বাংলার নবাবকে বৃত্তিভোগী নবাবে পরিণত করে লর্ড ক্লাইভ বাংলাদেশে দ্বৈত শাসন প্রচলন করেন। ফলে নবাবের আইনগত দায়িত্ব থাকলেও বাস্তবে কোনও ক্ষমতা ছিল না। অপরপক্ষে কোম্পানীর হাতে ক্ষমতা থাকলেও শাসনের দায়িত্ব ছিল না। রাজস্ব আদায়ের দায়িত্ব রেজা খাঁ ও সীতাব রায় নামক দুজন নায়েব-সুবার উপর ন্যস্ত হয়। ক্লাইভ প্রবর্তিত দ্বৈতশাসন ব্যবস্থা মোটেই ত্রুটিমুক্ত ছিল না। এই ব্যবস্থার ফলে কোম্পানীর কর্মচারীদের অবৈধ ব্যবসা-বাণিজ্যের মাত্রা বৃদ্ধি পায়। এদিকে ক্রমাগত রাজস্ব বৃদ্ধির ফলে দেশের প্রজাদের উপর নায়েব-সুবাদের অত্যাচার চরমে ওঠে। আভ্যন্তরীণ শাসনব্যবস্থা সম্পূর্ণভাবে ভেঙে পড়ে। দ্বৈতশাসনের পথ ধরে ১৭৭০ খ্রীষ্টাব্দে বাংলার বুকে নেমে আসে ভয়াবহ দুর্ভিক্ষ ও মহামারী—যা 'ছিয়াত্তরের মন্বন্তর' নামে পরিচিত।

দ্বৈতশাসন ও তার ত্রুটি

প্রশাসনে কেন্দ্রীকরণ: দ্বৈতশাসন ব্যবস্থা-প্রসূত কোম্পানীর দায়িত্বহীন ক্ষমতা এবং নবাবের ক্ষমতাহীন দায়িত্বের ফলে বাংলাদেশের সর্বত্র প্রশাসন ভেঙ্গে পড়ে। শক্তিশালী কেন্দ্রীয় শাসন বলতে যা বোঝায় তার কিছুই অবশিষ্ট থাকে না। ভারতের সেই সময়ের সমস্যা সমাধানকল্পে ব্রিটিশ পার্লামেন্টে রেগুলেটিং অ্যাক্ট (Regulating Act, ১৭৭৩) নামে একটি আইন বিধিবদ্ধ হয়। এই আইনের উদ্দেশ্য ছিল কোম্পানীর কার্যকলাপ নিয়ন্ত্রণ করা। এই আইনের বলে ভারতীয় সাম্রাজ্যের প্রশাসনের ভার গভর্নর জেনারেল এবং একটি কাউন্সিলের উপর অর্পণ করা হয়। ভারতে কোম্পানীর প্রথম গভর্নর জেনারেল পদে নিযুক্ত হন ওয়ারেন হেস্টিংস। মাদ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সীর জন্যও একজন গভর্নর

রেগুলেটিং এ্যাকট

ও কাউন্সিলের ব্যবস্থা করা হয়। কলকাতায় একটি সুপ্রীম কোর্ট স্থাপন করা হয়। ১৭৮৪ খ্রীষ্টাব্দে আর একটি আইন প্রবর্তিত হয়। এই আইন পিটের ভারত আইন (Pitt's India Act, 1784) নামে পরিচিত। এই আইনে ভারত সরকারের পূর্ণ দায়িত্ব গভর্নর জেনারেল ও তার কাউন্সিল বা পরিষদের উপর ন্যস্ত হয়। শাসনব্যবস্থা, যুদ্ধ-বিগ্রহ, রাজস্ব প্রভৃতি ব্যাপারে মাদ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সিকে গভর্নর জেনারেলের উপর নির্ভরশীল করা হয়। ১৭৮৬ খ্রীষ্টাব্দে গভর্নর জেনারেলকে সাম্রাজ্যের সর্বময় কর্তৃত্বের অধিকারী করা হয়। লর্ড কর্নওয়ালিশকে এই বিশেষ অধিকার দেওয়া হয়। গুরুত্বপূর্ণ বিষয়ে কাউন্সিলের মতামত অগ্রাহ্য করে কাজকর্ম পরিচালনার অধিকার পাওয়ায় গভর্নর জেনারেলই হয়ে ওঠেন ভারতের অপ্রতিদ্বন্দ্বী শাসক। ওয়ারেন হেস্টিংস ও লর্ড কর্নওয়ালিশের আমলে বাংলার শাসন-ব্যবস্থা ব্রিটিশ ধাঁচে গড়ে তোলা হয়। সাম্রাজ্যবাদের প্রয়োজনের দিকে লক্ষ্য রেখেই এই শাসনব্যবস্থা গড়ে ওঠে। ১৭৭২ থেকে ১৭৯৩ খ্রীষ্টাব্দের মধ্যে ওয়ারেন হেস্টিংস ও লর্ড কর্নওয়ালিশের আমলে গড়ে-ওঠা এদেশের প্রশাসন ব্যবস্থাকে ইঙ্গ-ভারতীয় প্রশাসন ব্যবস্থার নতুন অধ্যায় বলা যেতে পারে। এই সময়েই ইঙ্গ-ভারতীয় প্রশাসনের ভিত্তি রচিত হয়।

পিটের ভারত আইন

ইঙ্গ-ভারতীয় প্রশাসনের ভিত্তি

নতুন ব্যবস্থার প্রবর্তন : বিচার ব্যবস্থা : ভারতের ব্রিটিশ শাসনের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় ছিল বিচারব্যবস্থা। মুঘল আমলে রাজস্ব সংগ্রহ এবং ভূমি সংক্রান্ত বিরোধের নিষ্পত্তির ভার ছিল দেওয়ানীর উপর। ১৭৬৫ খ্রীষ্টাব্দ থেকে দেওয়ানী বিচারের দায়িত্ব ইংরেজদের উপর এসে পড়ে। ফৌজদারী আদালত ছিল নবাবের আওতায়। কিন্তু ইংরেজরা ক্রমশঃ সেখানেও কর্তৃত্ব স্থাপনে এগিয়ে যায়। প্রচলিত বিচার ব্যবস্থায় নানা ধরনের গলদ ও দুর্নীতি অনুপ্রবেশ করায় ওয়ারেন হেস্টিংস বিচার ব্যবস্থার সংস্কার সাধন করে এই ব্যবস্থাকে সুষ্ঠুভাবে প্রতিষ্ঠিত করার কাজে মন দেন। তাঁর নির্দেশক্রমে হিন্দু পন্ডিতদের পরামর্শ অনুসারে হিন্দু আইনবিধি সংকলন করা হয়। Committee of circuit-এর সুপারিশক্রমে প্রত্যেক জেলায় একটি করে মফঃস্বল দেওয়ানী আদালত ও ফৌজদারী আদালত স্থাপন করা হয়। উক্ত দেওয়ানী ও ফৌজদারী আদালতের দায়িত্ব যথাক্রমে কালেক্টর ও কাজীর অধীনে ন্যস্ত করা হয়। এই আদালতগুলির উপর কলকাতায় একটি সদর দেওয়ানী আদালত ও মুর্শিদাবাদে সদর নিজামত আদালত গঠন করা হয়। মফঃস্বল আদালতগুলির রায়ের বিরুদ্ধে সদর আদালতগুলিতে আপীল করার ব্যবস্থা করা হয়। তাছাড়া বিচার ব্যবস্থার উন্নতিকল্পে মামলা সংক্রান্ত কাগজপত্রাদি সংরক্ষণ করা, আদালতে অভিযোগ উত্থাপনের সময়সীমা নির্ধারণ করা, অধিক পরিমাণ অর্থদন্ড নিষেধ করা, কাজী, মুফ্‌তি প্রভৃতি বিচারকদের নিয়মিত বেতনদান প্রভৃতি বিষয়গুলি হেস্টিংসের আমলে গৃহীত হয়। উচ্চতর বিচারালয়গুলি কলকাতায় স্থাপন করে এবং দেওয়ানী কোষাগার মুর্শিদাবাদ থেকে কলকাতায় নিয়ে এসে হেস্টিংস কেন্দ্রীভূত শাসনব্যবস্থার ভিত্তি স্থাপন করেন।

ওয়ারেন হেস্টিংস প্রবর্তিত বিচার ব্যবস্থা

মফঃস্বল দেওয়ানী ও ফৌজদারী আদালত

ওয়ারেন হেস্টিংস ভারতে এক নতুন ধরনের বিচারব্যবস্থার ভিত্তি স্থাপন করেন। লর্ড কর্নওয়ালিশ এই ব্যবস্থাকে আরো সুসংহত ও সুগঠিত করে তোলেন। তিনি ফৌজদারী ও দেওয়ানী বিচার ব্যবস্থার সংস্কার করেন। সদর নিজামত আদালত মুর্শিদাবাদ থেকে কলকাতায় নিয়ে আসা হয়। সদর নিজামত আদালতের অধীনে চারটি ভ্রাম্যমান বিচারালয় (Court of circuit) স্থাপন করা হয়। এগুলির প্রতিটিতে দুইজন করে ইংরেজ বিচারক নিয়োগ করা হয়। দেশীয় আইন ব্যাখ্যা করার জন্য কাজী ও মুফতি নিযুক্ত হয়। এই বিচারকদের উপর বছরে দুইবার জেলাগুলি পরিভ্রমণ করা এবং স্থানীয় ফৌজদারী বিচারকার্য সম্পাদন করার দায়িত্ব দেওয়া হয়। প্রচলিত নিষ্ঠুর দণ্ডদান প্রথা রহিত করা হয়। পূর্বতন বৈষম্যমূলক ব্যবস্থাদি রহিত করে আইনের চোখে সমতার অধিকার প্রতিষ্ঠা করা হয়।

লর্ড কর্নওয়ালিশ প্রবর্তিত বিচারব্যবস্থা

ভ্রাম্যমাণ বিচারালয়

চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তিত হওয়ার পর লর্ড কর্নওয়ালিশ দেওয়ানী বিভাগকে রাজস্ব বিভাগ থেকে পৃথক করেন। সদর দেওয়ানী আদালতের পরেই পাটনা, ঢাকা মুর্শিদাবাদ ও কলকাতায় চারটি প্রাদেশিক আপীল আদালত স্থাপন করা হয়। জেলা আদালতে বিচারের বিরুদ্ধে এই সব প্রাদেশিক আপীল আদালতে আপীল করার অনুমতি দেওয়া হয়। প্রত্যেক জেলায় একটি করে জেলা বিচারালয় স্থাপন করা হয়। এই বিচারালয়গুলি এক একজন জেলা জজের অধীনে ন্যস্ত হয়। সর্বনিম্ন বিচার ব্যবস্থায় সদর আমিন, সালিম ও মুনসেফী বিচারালয় স্থাপিত হয়। এই সব আদালতগুলিতে ভারতীয় বিচারকদের বিচারকার্য পরিচালনার জন্য কমিশন দেওয়ার ব্যবস্থা করা হয়।

প্রাদেশিক আপীল আদালত

১৮৩৩ খ্রীষ্টাব্দে লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক কর্নওয়ালিশ-প্রবর্তিত ভ্রাম্যমাণ বিচারালয় এবং প্রাদেশিক আপীল আদালতগুলি বাতিল করে দেন। এই বিচারভার তিনি বিভাগীয় কমিশনারদের উপর ন্যস্ত করেন। ফৌজদারী বিচারের সম্পূর্ণ দায়িত্ব জেলা বিচারকদের উপর অর্পণ করা হয়। এইসব বিচারকগণ জেলা জজ বা সেশন জজ নামে পরিচিত। কালেক্টারদের পুনরায় ম্যাজিস্ট্রেটের ক্ষমতা দেওয়া হয়। বিচারালয়গুলিতে ফার্সী ভাষার পরিবর্তে স্থানীয় ভাষা চালু করা হয়। প্রধান সদর আমিন নামে একটি নতুন বিচারকের পদ সৃষ্টি করা হয়। এলাহাবাদে সদর দেওয়ানী ও সদর নিজামত আদালত স্থাপন করা হয়। তিনি বিচার সংক্রান্ত বিষয়ে ভারতীয়দের পদমর্যাদা, ক্ষমতা ও বেতন বৃদ্ধি করেন।

বেন্টিক প্রবর্তিত বিচার ব্যবস্থা

১৮৩৩ খ্রীষ্টাব্দে ভারত সরকার লর্ড মেকলের নেতৃত্বে একটি আইন কমিশন গঠন করেন। এই কমিশনের প্রচেষ্টায় ভারতীয় দন্ডবিধি আইন প্রণীত হয়। এ ছাড়া পশ্চিমী অনুকরণে দেওয়ানী ও ফৌজদারী বিচার পদ্ধতি সম্পর্কিত আইন তৈরী হয়। সারা দেশব্যাপী এই বিধিবদ্ধ আইন ও বিচার পদ্ধতি অনুযায়ী বিচার ব্যবস্হা প্রবর্তিত হয়। ১৮৬৫ খ্রীষ্টাব্দে সদর দেওয়ানী ও সদর নিজামত আদালত তুলে দেওয়ায় কলকাতা, মাদ্রাজ ও বোম্বাইএ হাইকোর্ট প্রতিষ্ঠিত হয়।

ভারতীয় দণ্ডবিধি প্রণয়ন

পুলিসী ব্যবস্থা : ব্রিটিশ কোম্পানীর আগমনের পূর্বে এ দেশের আইন-শৃঙ্খলা রক্ষার জন্য গ্রামাঞ্চলে 'চৌকিদারী' এবং শহরাঞ্চলে 'কোতোয়ালী' ব্যবস্থা প্রবর্তিত ছিল। অষ্টাদশ শতাব্দীর শেষ দিকে সাধারণ প্রশাসনিক ব্যবস্থায় বিশৃঙ্খলা শুরু হওয়ায় আইন শৃঙ্খলা রক্ষায় এই ধরনের দেশীয় ব্যবস্থায় ভাঙন ধরে। অপরদিকে জমিদার সম্প্রদায় শান্তিরক্ষার দায়িত্ব যথাযথ পালন করেন না।

প্রাক ব্রিটিশ শান্তিরক্ষা ব্যবস্থায় ভাঙন

এই অবস্থায় কোম্পানী শাসনের গোড়ার দিকে ওয়ারেন হেস্টিংস প্রবর্তিত 'থানাদার' এবং 'ফৌজদার' নামে নতুন ধরনের পুলিসী ব্যবস্থা সফল হয় না। শেষ পর্যন্ত ১৭৮১ খ্রীষ্টাব্দে উক্ত ব্যবস্থা বাতিল করা হয়। ফলে পুলিসী দায়িত্ব প্রকৃতপক্ষে জমিদারদের উপর ন্যস্ত হয় এবং বিশৃঙ্খলা যথারীতি অব্যাহত থাকে।

ওয়ারেন হেস্টিংস

লর্ড কর্নওয়ালিশ কলকাতা এবং মফঃস্বলের পুলিসী ব্যবস্থা সংস্কারের সুদৃঢ় ব্যবস্থা অবলম্বন করেন। ১৭৯২ খ্রীষ্টাব্দে নতুন পুলিসবিধি প্রবর্তনের দ্বারা জমিদারগণকে শান্তি-রক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়। এখন থেকে এই দায়িত্ব জেলা ম্যাজিস্ট্রেটের উপর অর্পণ করা হয়। প্রত্যেক জেলাকে কয়েকটি থানায় বিভক্ত করা হয়। স্থানীয় আইনশৃঙ্খলা রক্ষার জন্য কয়েকজন সশস্ত্র পুলিস-সহ একজন দারোগার উপর থানার দায়িত্ব দেওয়া হয়। গ্রামাঞ্চলে একজন চৌকিদারকে শান্তিরক্ষার দায়িত্ব দেওয়া হয়। কিন্তু এই ব্যবস্থায় সুফল পাওয়া যায় না। দারোগারা সমাজ-বিরোধীদের দমন করতে পারে না এবং তাদের মধ্যে অনেকেই দুর্নীতিপরায়ণ হয়ে ওঠে।

লর্ড কর্নওয়ালিশ



লর্ড কর্নওয়ালিশ

১৮০৭ খ্রীষ্টাব্দে একটি বিধি অনুসারে জমিদারদের উপর পুনরায় পুলিসী দায়িত্ব দিয়ে তাঁদের পুলিস কমিশনার বা আমিন হিসাবে শান্তি রক্ষার ভার দেওয়া হয়। ১৮০৮ খ্রীষ্টাব্দে লর্ড মিন্টো কলকাতায় একজন পুলিস সুপারিন্টেন্ডেন্ট নিয়োগ করেন। তাঁকে সাহায্য করার জন্য কয়েকজন 'গোয়েন্দা' এবং 'গিরদাওয়ার' নিয়োগ করা হয়। কিন্তু এই ব্যবস্থাও শেষ পর্যন্ত ব্যর্থ হয়। ১৮১৩ খ্রীষ্টাব্দে পুলিসী শাসন ব্যবস্থার সংস্কার সাধনের জন্য একটি বিশেষ কমিটি নিয়োগ করা হয়। উক্ত কমিটির সুপারিশ অনুসারে গ্রামের মোড়লদের অধীনে চৌকিদারকে গ্রামের নিরাপত্তা ও শান্তিরক্ষার দায়িত্ব দেওয়া হয়। জেলায় পুলিসী ব্যবস্থার প্রধান ছিলেন তহশীলদারগণ। তাঁরা

পুলিসী বিভাগের অন্যান্য সংস্কার

কালেক্টর ও ম্যাজিস্ট্রেটের নির্দেশ অনুসারে তাঁদের কর্তব্য পালন করেন। বোম্বাই ও মাদ্রাজে যথাক্রমে ১৮১৬ এবং ১৮২৭ খ্রীষ্টাব্দের বিধি অনুসারে পুলিসী ব্যবস্থার সংস্কার করা হয়।

লর্ড উইলিয়াম বেন্টিঙ্কের রাজত্বকালে ডিভিশনাল কমিশনার নামে একটি নতুন পদের সৃষ্টি হয় এবং পুলিস সুপারিন্টেন্ডেন্টের পদটি বিলোপ করা হয়। ডিভিশনাল কমিশনার এক একটি বিভাগে পুলিস সুপারিন্টেন্ডেন্টের দায়িত্ব গ্রহণ করেন।

লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক



লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক

বাংলার লেফটেন্যান্ট গভর্নর স্যার ফ্রেডারিক হেলিডে ১৮৫৫ খ্রীষ্টাব্দে পুলিস প্রশাসন সংস্কারের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের কাছে কতকগুলি সুপারিশ-মূলক প্রস্তাব করেন। এইপ্রস্তাবগুলির মধ্যে গ্রামীণ চৌকিদারী প্রথার উন্নয়ন, পুলিস কর্মীদের উপযুক্ত বেতন দান, অভিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট নিয়োগ, বেশী সংখ্যক ডেপুটি ম্যাজিস্ট্রেট নিয়োগ, ফৌজদারী আদালতের উন্নয়ন প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য। কিন্তু এই সুপারিশগুলি কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করা হয় না। ১৮৫৬ খ্রীষ্টাব্দের 'চৌকিদারী' আইন দ্বারা বাংলা ও উত্তর-পশ্চিম প্রদেশে জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক উপযুক্ত বেতনে চৌকিদার নিয়োগের ব্যবস্থা হয়। সাঁওতাল বিদ্রোহের পর বাংলার আভ্যন্তরীণ প্রতিরক্ষার জন্য একদল সামরিক পুলিস বাহিনী গঠন করা হয়।

ফ্রেডারিড হেলিডের সুপারিশ

ইতিমধ্যে সিন্ধু দেশে স্যার চার্লস নেপিয়ার আইরিশ পুলিস ব্যবস্থার অনুকরণে পুলিশ ও বিচার ব্যবস্থা পৃথক করেন এবং পুলিস বিভাগে শৃঙ্খলা স্থাপন করেন। নেপিয়ার-প্রবর্তিত ব্যবস্থা ক্রমশঃ বোম্বাই পাঞ্জাব ও মাদ্রাজেও অনুসরণ করা হয়।

অন্যান্য প্রদেশের পুলিসী ব্যবস্থা

ভূমি রাজস্ব নীতি ঃ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর শাসন পরিচালনা, ব্যবসা, যুদ্ধ পরিচালনা প্রভৃতি বাবদ যে খরচ হত তার সম্পূর্ণ অংশটাই আসত ভারতীয় কৃষক সম্প্রদায়ের কাছ থেকে। ভারতের মত বিরাট দেশে সাম্রাজ্য স্থাপনের ক্ষেত্রে বিরাট অর্থের প্রয়োজন ছিল। সেই অর্থের নিয়মিত যোগানের জন্য প্রজাদের উপর করের বোঝা চাপানো একটা স্বাভাবিক ব্যাপার ছিল। অবশ্য বহু প্রাচীনকাল থেকে কৃষিজাত ফসলের একটা অংশ ভূমি রাজস্ব হিসেবে রাজকোষে জমা দেওয়ার রেওয়াজ প্রচলিত ছিল। রাজকর্মচারীরা, জমিদার সম্প্রদায় এই রাজস্ব আদায় করার বিনিময়ে কমিশন পেত।

ভূমি রাজস্ব

আগেই বলা হয়েছে যে, ১৭৬৫ খ্রীষ্টাব্দে ইস্ট ইন্ডিয়া কোম্পানী বাংলা, বিহার ও উড়িষ্যার রাজস্ব আদায়ের অধিকার লাভ করে। কোম্পানী প্রথম দিকে প্রচলিত প্রথামতই রাজস্ব সংগ্রহ করত। ১৭৭৩ খ্রীষ্টাব্দে ইস্ট ইন্ডিয়া কোম্পানী সরাসরি প্রজার কাছ থেকে রাজস্ব সংগ্রহ করার নীতি গ্রহণ করে। ওয়ারেন হেস্টিংস নীলামের মাধ্যমে সর্বোচ্চ পরিমাণ রাজস্ব দানের পরিবর্তে জমি বন্দোবস্ত দেওয়ার ব্যবস্থা করেন। কিন্তু এই ব্যবস্থার দ্বারা প্রকৃতপক্ষে যে রাজস্ব আদায় হত তা কোম্পানীর আশা পূরণ করতে পারত না। কোম্পানীর অর্থের প্রয়োজন ছিল বেশী। কাজেই প্রয়োজন ছিল ভূমিরাজস্বের হার স্থায়ীভাবে নির্দিষ্ট করে দেওয়া।

নীলামের মাধ্যমে জমি বন্দোবস্ত

চিরস্থায়ী বন্দোবস্ত: দীর্ঘ আলোচনা ও বিতর্কের পর ১৭৯০ খ্রীষ্টাব্দে ১০ই ফেব্রুয়ারী লর্ড কর্নওয়ালিশ জমিদারদের সঙ্গে 'দশসালা' বন্দোবস্ত করেন। ১৭৯৩ খ্রীষ্টাব্দের ২২শে মার্চ দশসালা বন্দোবস্ত 'চিরস্থায়ী বন্দোবস্তে' পরিণত হয়। বাংলা ও বিহারে এই ব্যবস্থা প্রবর্তিত হয়। এই ব্যবস্থায় জমিদারগণ সরকারকে নির্দিষ্ট পরিমাণ বার্ষিক করদানের পরিবর্তে জমির স্থায়ী মালিক হিসেবে স্বীকৃত হন। পুরুষানুক্রমে জমির স্বত্ব ভোগ করার অধিকারও তাদের দেওয়া হয়। রাজস্বের দশ ভাগের নয় ভাগ কোম্পানীকে আদায় দিতে বলা হয়। সূর্যাস্ত আইন অর্থাৎ বাংলা সালের শেষ দিনের মধ্যে রাজস্ব জমা না দিলে জমিদারী নীলাম করার ব্যবস্থা চালু হয়। জমিদারী এলাকার শান্তি রক্ষার দায়িত্ব কোম্পানী গ্রহণ করে। মধ্য ভারতের কোনও কোনও অঞ্চলে এবং অযোধ্যায় প্রবর্তিত জমিদারী ব্যবস্থায় জমিদারদের দেয় রাজস্বের পরিমাণ নির্দিষ্ট করা হয়নি। সময়ে সময়ে জমিদারদের দেয় রাজস্বের হার বৃদ্ধির অধিকার কোম্পানীর হাতে রাখা হয়।

পুরুষানুক্রমে জমির স্বত্ব ভোগের অধিকার

রায়তওয়ারী বন্দোবস্ত: দক্ষিণ এবং দক্ষিণ-পশ্চিম ভারতে আর এক ধরনের রাজস্ব ব্যবস্থা প্রবর্তন করা হয়। এই ব্যবস্থা রায়তওয়ারী বন্দোবস্ত নামে পরিচিত। রায়তওয়ারী ব্যবস্থায় প্রজাদের কাছ থেকে সরাসরি রাজস্ব আদায়ের নীতি বলবৎ করা হয়। এই প্রথায় একটি নির্দিষ্ট ভূমিখন্ডের উপর নির্দিষ্ট খাজনার বিনিময়ে প্রজার অধিকার মেনে নেওয়া হয়। কিন্তু এই ব্যবস্থা স্থায়ী ছিল না। কারণ খাজনার পরিমাণ একই রাখা হয় না। কুড়ি বা ত্রিশ বৎসর পর পর খাজনার হার বাড়িয়ে দেওয়ার ব্যবস্থা রাখা হয়।

সরাসরি রাজস্ব আদায়ের নীতি

মহলওয়ারী বন্দোবস্ত: গঙ্গা উপত্যকা, উত্তর-পশ্চিম প্রদেশ, মধ্য ভারতের কিছু অঞ্চল এবং পাঞ্জাব প্রদেশে আর এক ধরনের রাজস্ব ব্যবস্থা চালু হয়। এই ব্যবস্থা মহলওয়ারী বন্দোবস্ত নামে পরিচিত। কতকগুলি গ্রাম নিয়ে একটি মহল ধরা হত। মহলগুলির উপর একাধিক জমিদারদের দাবি মেনে নেওয়া হয় এবং তাদের উপর রাজস্ব ধার্য করা হয়। মহলওয়ারী ব্যবস্থায় রাজস্বের হার মাঝে মাঝে বাড়ানোর ব্যবস্থা রাখা হয়। পাঞ্জাবে মহলওয়ারী ব্যবস্থায় কিছু কিছু পরিবর্তন করে ভাইয়াচারী প্রথা চালু করা হয়। এই প্রথা অনুযায়ী গ্রামের প্রত্যেক চাষীর

ভাইয়াচারী, মৌজাওয়ার ও মালগুজারি ব্যবস্থা

উপর কর ধার্য করা হয় এবং খাজনা আদায়ের দায়িত্ব গ্রামের প্রধান ব্যক্তিকে দেওয়া হয়। এই প্রথায় কয়েক বৎসর পর পর রাজস্বের হার বৃদ্ধি করা হত।

মধ্যপ্রদেশ, পাঞ্জাব, বোম্বাই ও উত্তরপ্রদেশে মৌজাওয়ার বা মালগুজারি নামে আর এক ধরনের রাজস্বব্যবস্থা প্রচলিত ছিল এই ব্যবস্থায় মালগুজারগণ সরকারের কাছ থেকে জমি ইজারা নিয়ে চাষীদের মধ্যে বিলি বন্দোবস্ত করত। এরা কৃষকদের কাছ থেকে খাজনা আদায় করে সরকারের কাছে দাখিল করার বিনিময়ে দস্তুরী পেত। এই ব্যবস্থায় গ্রামের প্রধান বা মোড়লকে পূর্ণ হস্তান্তরযোগ্য জমির মালিকানা দেওয়া হ'ত।

রাজস্ব ব্যবস্থার ফলাফল ঃ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর প্রয়োজন ছিল নির্দিষ্ট রাজস্বের। চিরস্থায়ী বন্দোবস্ত কোম্পানীর এই প্রয়োজন সম্পূর্ণভাবে পূরণ করে। পূর্বের রাজস্ব ব্যবস্থার অনিশ্চয়তা দূর করে চিরস্থায়ী বন্দোবস্ত কোম্পানীর আর্থিক নিরাপত্তা এনে দেয়। একটা নির্দিষ্ট রাজস্বের অঙ্ক লাভের ব্যবস্থা পাকা হয়। সরকারের বার্ষিক আয় সুনির্দিষ্ট হওয়ায় বাৎসরিক বাজেটের সুবিধা হয়। বার্ষিক আয় সম্পর্কে সুনিশ্চিত হওয়ায় দেশে সুদৃঢ় শাসন ব্যবস্থা প্রবর্তনের পথ সুগম হয়। ব্রিটিশ শাসনের সঙ্গে জমিদারী প্রথার মিলনে ভারতে ইংরেজ শাসনের সামাজিক ভিত্তি রচিত হয়। ভারতে ইংরেজ শাসনের প্রধান সমর্থক রূপে নূতন ভূস্বামী শ্রেণীর আবির্ভাব ঘটে।

কোম্পানীর আর্থিক নিরাপত্তা

অপরপক্ষে এই ব্যবস্থায় জমি জরীপ, জমির শ্রেণীবিন্যাস প্রভৃতি বিষয়ে বিস্তারিত অনুসন্ধান না করায় রাজস্বের হার অত্যন্ত বেশী হয়। এই ব্যাপারে জমিদারগণ সরকারকে একটি নির্দিষ্ট হারে রাজস্ব দেবে স্থির হয়। কিন্তু জমিদারগণ কৃষকের কাছে কি পরিমাণ খাজনা আদায় করবে তা স্থির হয় না। ফলে জমিদারগণ প্রজাদের কাছ থেকে বহুগুণ বেশী খাজনা আদায় শুরু করে। নতুন রাজস্ব ব্যবস্থায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয় রায়ত বা কৃষক সম্প্রদায়। জমির উপর প্রজাদের কোনও স্বত্ব দেওয়া হয় না। কাজেই জমি থেকে রায়তের উচ্ছেদ হওয়া দৈনন্দিন ঘটনায় পরিণত হয়। অধিকাংশ জমিদার গ্রাম থেকে শহরে চলে যান। তাদের নায়েব গোমস্তারা রায়তদের উপর অত্যাচার চালান। বাংলাদেশের আর্থনীতিক ব্যবস্থায় ধস নেমে আসে।

রাজস্বের হার বৃদ্ধি

রায়তদের উপর অত্যাচার

ব্রিটিশ প্রবর্তিত নতুন রাজস্ব ব্যবস্থার ফলশ্রুতি স্বরূপ কৃষিক্ষেত্রে ভারতের প্রাচীন আর্থনীতিক সম্পর্ক ও সংগঠনসমূহ বিনষ্ট হয় এবং এক ধরনের নতুন ব্যবস্থার অনুপ্রবেশ ঘটে। জমিদারগণ সরকারী খাজনা আদায়ের সুবিধার্থে কিছু কিছু জমি তালুকদার, জোতদার প্রভৃতি বিভিন্ন উপস্বত্বভোগীদের মধ্যে বিলি বন্দোবস্ত করে। এই উপস্বত্ব-ভোগের প্রথা থেকেই মধ্যস্বত্বভোগী জমিদার শ্রেণীর আবির্ভাব ঘটে। কৃষকদের উপর বহুসংখ্যক মধ্যস্বত্বভোগী সৃষ্টি হওয়ায় জমির বিলি ব্যবস্থা, প্রজাদের স্বত্ব, দেয় খাজনার পরিমাণ প্রভৃতি বিষয়গুলি ন্যায় ও যুক্তির ভিত্তিতে ধার্য হয় না। ফলে অত্যধিক খাজনার হার, নানা ধরনের অবৈধ আদায় ও জমি থেকে উচ্ছেদ প্রভৃতির

মধ্যস্বত্ব শ্রেণীর আবির্ভাব

ফলে প্রজারা সর্বস্বান্ত হয়। সরকার ও কৃষকদের মধ্যে সব রকম যোগসূত্র বিচ্ছিন্ন হওয়ায় কৃষক ও কৃষিকার্যের উন্নতির কোনও ব্যবস্থা গ্রহণ করা হয় না। ফলে উৎপাদন ব্যাহত হয়। মধ্যস্বত্বভোগীদের একাংশ ইংরেজী শিক্ষায় শিক্ষিত হয়ে ক্রমশঃ জমি থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। ভাগচাষী বা কৃষি শ্রমিকদের হাতে চাষ-আবাদের দায়িত্ব দিয়ে এরা মধ্যবিত্ত বাবু শ্রেণীতে পরিণত হয়। পরবর্তীকালে দেশের শিক্ষা, সংস্কৃতি ও রাজনৈতিক চেতনা ও জাতীয় আন্দোলনের ক্ষেত্রেও এই শ্রেণীর অবদান উল্লেখযোগ্য।

মধ্যবিত্ত শ্রেণী

মধ্যস্বত্বভোগীদের পাশাপাশি সমাজে মহাজনী সম্প্রদায় নামে এক নতুন শ্রেণীর আবির্ভাব হয়। কৃষককে চড়া সুদে ঋণ দেওয়াই ছিল এদের প্রধান কাজ। ইংরেজ শাসনে ফসলের পরিবর্তে নগদ অর্থে খাজনা দেওয়ার রীতি প্রচলিত হওয়ায় কৃষককে খাজনা দেওয়ার জন্য ফসল বিক্রয় করতে বাধ্য হতে হয়। বেশীরভাগ ক্ষেত্রে জমিদারদের চড়া হারে খাজনা মেটানো ফসল বিক্রয়ের টাকায় সম্ভব হত না। কাজেই কৃষককে ঋণ গ্রহণের জন্য মহাজনের কাছে হাত পাততে হত। ঋণগ্রস্ত কৃষকশ্রেণীর সম্পদ হরণ করে মহাজন সম্প্রদায় সমাজে সব রকমের প্রতিপত্তি প্রতিষ্ঠা করে। ক্রমে মহাজন শ্রেণীর পাশাপাশি বিত্তশালী জোতদার সম্প্রদায়ও কৃষক শোষণের ভূমিকা পালন করে। এইভাবে রায়তের উপর অবাধে ত্রিমুখী শোষণ চালায় মধ্যস্বত্ব শ্রেণীর জমিদার, মহাজন ও জোতদার শ্রেণী। কার্ল মার্কসের ভাষায়—কর্নওয়ালিশ গ্রাম বাংলার মানুষকে কৃত্রিমভাবে ভূমিহীন করেছিলেন। কৃষকগণ ভাড়াটিয়া প্রজায় পরিণত হয়।

মহাজন ও জোতদার শ্রেণী

কৃষকের উপর ত্রিমুখী শোষণ

রায়তওয়ারী ব্যবস্থায় চাষীকে জমির মালিকানা দেওয়ার নীতি কার্যকর করা হয় নি। অধিকাংশ এলাকায় খাজনার হার এত বেশি ছিল যে তা মিটিয়ে চাষীর দিন গুজরান সম্ভব হত না। উৎপন্ন ফসলের ৪৫ থেকে ৫৫ ভাগ খাজনা হিসেবে দিতে হত। এই ব্যবস্থায় খেয়ালখুশী মত খাজনার হার বৃদ্ধি করা হত। এমন কি শস্যের হানি হলেও প্রজারা খাজনার হার থেকে অব্যাহতি পেত না। কাজেই দেখা যাচ্ছে যে চিরস্থায়ী ও রায়তওয়ারী—দুই ব্যবস্থাই ভারতের প্রচলিত ভূমি ব্যবস্থার বিপরীত মেরুতে অবস্থিত ছিল। নতুন ব্যবস্থায় ব্যক্তিগত মালিকানায় কৃষির উন্নতি ঘটলেও কৃষকের আর্থিক লাভের কোনও সম্ভাবনা ছিল না। দেশে জমি একটি হস্তান্তরযোগ্য বা ক্রয়-বিক্রয়যোগ্য সম্পদে পরিণত হয়। মহলওয়ারী, ভাইয়াচারী, মালগুজারী রাজস্ব ব্যবস্থায় শাসকবর্গের ইচ্ছানুযায়ী কয়েক বৎসর পর পর রাজস্বের হার বৃদ্ধি হওয়ায় কৃষকদের দুর্দশার সীমা থাকে না।

খাজনার হার বৃদ্ধি

ব্রিটিশ সরকারের এই ভূমি ব্যবস্থা ভারতের গ্রামীণ সমাজকে ধ্বংসের মুখে ঠেলে দেয়। বাংলার ভূমি রাজস্ব ব্যবস্থা ও রায়তওয়ারী ব্যবস্থার মূল পার্থক্য হল বাংলার জমিদার জমির মালিক হিসেবে স্বীকৃতি পেয়েছিল, কিন্তু রায়তওয়ারী ব্যবস্থায় কৃষকরা জমির মালিক হিসেবে স্বীকৃতি পেলেও জমি তার কাছে মূল্যহীন হয়ে পড়েছিল।

জমি পণ্যে পরিণত

———

ভারতীয় বহির্বাণিজ্যের বিস্তার

ভারতে রাজনৈতিক শক্তিতে পরিণত হওয়ার আগে ইস্ট ইন্ডিয়া কোম্পানীর কাজ ছিল ভারতীয় পণ্যসামগ্রী অন্য দেশে নিয়ে গিয়ে বিক্রয় করা। এরা নিজের দেশে বা অন্য দেশে ভারতীয় জিনিসপত্র বিক্রয়ের নতুন বাজার খুঁজত। এই বাজার ক্রমাগত বেড়ে চলায় ভারতীয় পণ্যদ্রব্যের রপ্তানির হারও ক্রমে বৃদ্ধি পায়। পলাশীর যুদ্ধের পর ভারতের সঙ্গে কোম্পানীর বাণিজ্যিক সম্পর্কের পরিবর্তন ঘটে। রাজনৈতিক শক্তি হিসেবে কোম্পানী এদেশের ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতি নিয়ন্ত্রণ করতে শুরু করে। ভারতীয় বাণিজ্য থেকে ওলন্দাজ ও ফরাসীরা বিতাড়িত হওয়ায় এদেশের আভ্যন্তরীণ বাণিজ্যে ইংরেজ কোম্পানীর একচেটিয়া বাণিজ্য সুপ্রতিষ্ঠিত হয়। ১৮১৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত এই অবস্থা চলতে থাকে। লবঙ্গ, সুপারি, তামাক, সুতীবস্ত্র, সিল্ক, চিনি প্রভৃতি ব্যবসায়কে একচেটিয়া করা হয়। এ ছাড়া বাংলা দেশ থেকে ভারতের বাইরে বস্ত্র রপ্তানি করার ক্ষেত্রেও কোম্পানীর কর্মচারীরা একচেটিয়া অধিকার আদায় করে।

কোম্পানীর একচেটিয়া বাণিজ্য

বস্ত্র রপ্তানির ক্ষেত্রে একচেটিয়া অধিকার লাভ করায় দেশীয় বস্ত্র উৎপাদনকারী এবং ব্যবসায়ীদের চরম ক্ষতি হয়। বাংলার তাঁতীদের ভয় দেখিয়ে কোম্পানী খেয়ালখুশীমত দরে তাদের বস্ত্র বিক্রয় করতে বাধ্য করে। তাঁতীরা সব সময় লোকসান মেনে নিতে বাধ্য হত। ফলে তাঁতীদের পক্ষে অধিক দাম পাওয়া বা বেশী দামে মাল বিক্রয় করার সব চেষ্টাই ব্যর্থ হয়। কাঁচা তুলা বিক্রয়ের ব্যবসাও কোম্পানীর একচেটিয়া ছিল। বাঙালী তাঁতীরা কোম্পানীর কাছে বেশী দামে তুলা কিনতে বাধ্য হত। অপরপক্ষে ইংল্যান্ডে আমদানিকৃত ভারতীয় বস্ত্রের উপর উঁচুহারে শুল্ক বসানো হয়। এইভাবে ব্যবসা-বাণিজ্যে একচেটিয়া অধিকারের ফলে ভারতীয় বস্ত্রশিল্প ক্ষতিগ্রস্ত হয়।

বস্ত্রবাণিজ্যে একচেটিয়া অধিকার

অষ্টাদশ শতাব্দীর শেষের দিকে ইংল্যান্ডে শিল্পবিপ্লব সেদেশের আর্থিক পরিস্থিতি সম্পূর্ণভাবে পরিবর্তিত করে। শিল্পবিপ্লবের ফলে নানা ধরনের শিল্পের উদ্ভব ঘটায় শিল্পজাত পণ্যসামগ্রী বিক্রয়ের জন্য বৃহত্তর বাজারের প্রয়োজন দেখা দেয়। নতুন শিল্পপতি ও কলকারখানার মালিক প্রভৃতি মূলধনী সম্প্রদায় ভারত থেকে কাঁচামাল আমদানি এবং এদেশে যন্ত্রজাত দ্রব্য রপ্তানি করার জন্য ব্যগ্র হয়। কাজেই এই মূলধনী সম্প্রদায় ইস্ট ইন্ডিয়া কোম্পানীর একচেটিয়া ব্যবসাবাণিজ্যের অধিকার বাতিল করার জন্য ব্রিটিশ সরকারের কাছে চাপ সৃষ্টি করে। এর উদ্দেশ্য ছিল ভারত তাদের শিল্পজাত দ্রব্যের বাজারে পরিণত হোক।

শিল্পবিপ্লব

১৮১৩ খ্রীষ্টাব্দের আইন : অবাধ বাণিজ্য নীতি

১৮১৩ খ্রীষ্টাব্দের আইনের দ্বারা ইস্ট ইন্ডিয়া কোম্পানীর একচেটিয়া বাণিজ্যাধিকারের বিলোপ করা হয়। যে কোনও ইংরেজ বণিককেই ভারতের সঙ্গে ব্যবসা করার সুযোগ দেওয়া হয়। তবে চায়ের ব্যবসার ক্ষেত্রে কোম্পানীর একচেটিয়া অধিকার বলবৎ থাকে। ভারতে অবাধ বাণিজ্যনীতি ঘোষিত হয়।

অবাধ বাণিজ্যনীতি ঘোষিত হওয়ায় ব্রিটিশ শিল্পপতি ও বণিকরা ভারতে বাণিজ্য করার অধিকার পায়। ভারতীয় বাণিজ্যে ব্রিটিশ শিল্পপতিদের পুঁজির ব্যাপক হারে অনুপ্রবেশ ঘটে। আগে ভারতীয় শিল্পজাত দ্রব্য ইউরোপীয়দের কাছে চরম প্রিয় ছিল। ইস্ট ইন্ডিয়া কোম্পানী এগুলি নামমাত্র মূল্যে নিয়ে যেত। কিন্তু ব্রিটিশ শিল্পপতিরা নিজেদের উৎপাদিত পণ্যসামগ্রী ভারতে বিক্রয় করে মোটা অঙ্কের মুনাফা অর্জনের জন্য ভারতীয় শিল্পের ধ্বংস সাধনে ব্রতী হয়। এই উদ্দেশ্যে ব্রিটিশ সরকার এক অসম শুল্কনীতি প্রবর্তন করে। এই নীতির দ্বারা ইংল্যান্ডের বাজারে ভারতীয় পণ্যসামগ্রীর রপ্তানির জন্য উচ্চহারে শুল্ক ধার্য করা হয়। অপরপক্ষে ভারতের বাজারে ব্রিটিশ পণ্য আমদানির জন্য কোন রকম শুল্ক আরোপ করা হয় না। ফলে ভারতীয় কুটির শিল্পের ধ্বংসের পথ প্রস্তুত হয়।

ব্রিটিশ পুঁজির অনুপ্রবেশ

ভারতীয় কুটির শিল্প ধ্বংস হওয়ায় ভারত থেকে কাঁচামাল ইংল্যান্ডে আমদানি শুরু হয়। সস্তা দরের কাঁচামাল থেকে যন্ত্রে প্রস্তুত জিনিষপত্র ভারত ও অন্যান্য দেশের বাজারে বিক্রয়ের জন্য পাঠানো হয়। তুলা, নীল, কফি, চা, রেশম প্রভৃতি ভারতে উৎপন্ন দ্রব্যাদিও ইংল্যান্ডে পাঠানো হতে থাকে। ইংল্যান্ডে যন্ত্রচালিত বস্ত্রশিল্পের উদ্ভব হওয়ায় নীলের চাহিদা বৃদ্ধি পায়। কাজেই এ দেশে নীল চাষের উপর ব্রিটিশ সরকার বিশেষ জোর দেয়। বহুসংখ্যক ইংরেজ বণিক ব্যবসা চালানোর জন্য ম্যানেজিং এজেন্সী প্রথা চালু করে। এই প্রথা দ্বারা বণিকগণ অংশীদার হিসেবে এক একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান তৈরী করে। ১৮৩৩ খ্রীষ্টাব্দে চার্টার আইন দ্বারা কোম্পানীর বাণিজ্য সম্পূর্ণভাবে বন্ধ করা হলে সর্বপ্রকার ব্যবসাবাণিজ্য ইংরেজ ব্যবসায়ীদের নিয়ন্ত্রণে আসে। ইতিমধ্যে এদেশে ইংরেজদের জমিজায়গা ক্রয় করার ও খামার গড়ে তোলার অনুমতি দেওয়া হয়। এইসব খামারে চা, কফি, রবার প্রভৃতি উৎপন্ন হলে ঐ সব জিনিসের রপ্তানি বৃদ্ধি পায়। ইংরেজ বণিকের স্বার্থে টাকার বিনিময় হার ও শুল্ক হার স্থির করে ব্রিটিশ সরকার। ১৮৫৩ খ্রীষ্টাব্দে বাণিজ্যিক ও সামরিক স্বার্থে ভারতের মাটিতে রেলপথ পাতা আরম্ভ হয়। রেলপথ ও রাস্তাঘাট নির্মিত হলে দেশের অভ্যন্তর ভাগে পর্যন্ত ব্রিটিশ পণ্যের অনুপ্রবেশ ঘটে। ব্রিটিশ শিল্পপতিদের স্বার্থে ব্রিটিশ পুঁজি ভারতকে শিল্পপ্রধান দেশ থেকে কাঁচামাল সরবরাহকারী দেশে রূপান্তরিত করে।

ভারত থেকে কাঁচামাল আমদানি

নীলচাষ

ভারত কাঁচামাল সরবরাহকারী দেশে পরিণত

ভারতীয় শিল্পের অবনতি: স্মরণাতীত কাল থেকে ভারতের শিল্প ও

বাণিজ্য তার সম্পদ বৃদ্ধিতে সাহায্য করেছে। ভারতবর্ষে উৎপন্ন শিল্পজাত দ্রব্যের মধ্যে সুতীবস্ত্র ও হস্তশিল্প ছিল প্রধান। সুতীবস্ত্র ছাড়াও রেশম ও পশম শিল্পেও ভারতের যথেষ্ট খ্যাতি ছিল। বস্ত্রশিল্পের প্রধান কেন্দ্র ছিল ঢাকা, কৃষ্ণনগর, বারাণসী, লক্ষ্মৌ, আমেদাবাদ, ব্রোচ, নাগপুর ও মাদুরা। পাঞ্জাব ও কাশ্মীরে মিহি শাল প্রস্তুত হত। ব্রোঞ্জ, তামা, কাঁসা, শিল্পের জন্য বারাণসী, তাঞ্জোর, পুণা, নাসিক এবং আমেদাবাদ বিখ্যাত ছিল। এ ছাড়াও পাথর খোদাই শিল্প, সোনা-রূপার কাজ, মার্বেল, চন্দনকাঠ ও হাতীর দাঁতের কাজ প্রভৃতি ভারতীয় শিল্পও প্রসিদ্ধ ছিল। গোয়া, বেসিন, সুরাট, হুগলী প্রভৃতি স্থানে জাহাজ নির্মাণ শিল্পও যথেষ্ট উন্নতিলাভ করে।

বস্ত্রশিল্প

ধাতুশিল্প ও জাহাজ শিল্প

ইস্ট ইন্ডিয়া কোম্পানীর বাণিজ্যনীতির ফলে ভারতবর্ষের শিল্পবাণিজ্য ধীরে ধীরে ধ্বংসের পথে অগ্রসর হয়। ভারতীয় শিল্পের ধ্বংস উনিশ শতকের গোড়ার দিকে শুরু হলেও ১৮১৩ খ্রীষ্টাব্দে অবাধ বাণিজ্য নীতি গৃহীত হওয়ার ফলে ধ্বংসের মাত্রা বৃদ্ধি পায়। দুই দশকের মধ্যে একদা উন্নত বস্ত্রশিল্প বিলুপ্তির পথে অগ্রসর হয়। শিল্পবিপ্লবের ফলে ইংল্যান্ডের যন্ত্রে প্রস্তুত বস্ত্রাদি ভারতের বাজার ছেয়ে ফেলে। ভারতের তাঁতে প্রস্তুত বস্ত্রশিল্প বিলাতী বস্ত্রের সঙ্গে প্রতিযোগিতায় পেরে ওঠে না। অপরদিকে রাজকীয় ক্ষমতার অপব্যবহার করে ভারত থেকে সুতী ও রেশম বস্ত্রের রপ্তানি নিষিদ্ধ করা হয়। শিল্প বিপ্লবের ফলে ইংল্যান্ডে বড় বড় সুতার কারখানা গড়ে ওঠে। ভারত থেকে কাঁচা তুলা ইংল্যান্ডে পাঠানো হয় এবং সেই তুলাজাত পণ্যসামগ্রী ভারতে আমদানি করা হয়। এইভাবে ভারতের ঐতিহ্যময় বস্ত্রশিল্প ধ্বংসের সম্মুখীন হয়।

বস্ত্রশিল্পের বিলুপ্তি

১৮১৪ খ্রীষ্টাব্দে ইংল্যাড থেকে এদেশে সুতীবস্ত্র আমদানি করা হয় দশ লক্ষ গজ। ১৮৩৫ খ্রীষ্টাব্দে তার পরিমাণ বেড়ে দাঁড়ায় ৫ কোটি দশ লক্ষ গজ। অর্থাৎ এ দেশ থেকে সুতী কাপড় রপ্তানি প্রায় বন্ধ হয়ে যায়। ১৮১৫ থেকে ১৮৩৫ খ্রীষ্টাব্দের মধ্যে এ দেশে প্রস্তুত সুতীবস্ত্রের রপ্তানির মূল্য ১৩ লক্ষ পাউন্ড থেকে এক লক্ষ পাউন্ডের নীচে নেমে যায়। অপরপক্ষে ইংল্যান্ডে প্রস্তুত সুতীবস্ত্রের আমদানির মূল্য ২৬,০০০ পাউন্ড থেকে বেড়ে চার লক্ষ পাউন্ডে দাঁড়ায়। এ দেশে বিলাতী সুতোর আমদানি বাড়ে পাঁচ হাজার গুণেরও বেশী। একদা সারা বিশ্বে বস্ত্র রপ্তানি-কারক দেশ ভারতবর্ষ ইংল্যান্ডের উপর বস্ত্রের জন্য নির্ভরশীল হতে বাধ্য হয়। ভারতীয় বস্ত্রশিল্প ধ্বংস হওয়ার সাথে সাথে মুর্শিদাবাদ, ঢাকা, পাটনা, লক্ষ্মৌ প্রভৃতি জনবহুল শিল্পনগরীগুলি শ্মশানপুরীতে পরিণত হয়। হাজার হাজার তন্তুবায়, কাটুনি, রঙ-শিল্পী প্রভৃতি শিল্পীরা বেকার হয়ে পড়ে।

সুতীবস্ত্র আমদানির পরিমাণ বৃদ্ধি

শিল্পনগরীর পতন

বিলাতী বস্ত্র ছাড়াও দৈনন্দিন জীবনে ব্যবহার্য নানা যন্ত্রজাত দ্রব্যও ভারতের

বাজার ছেয়ে ফেলে। ভারতীয় কুটির শিল্পকে এই অসম প্রতিযোগিতার হাত থেকে রক্ষা করার কোনও সরকারী ব্যবস্থা গৃহীত হয় না। ফলে ভারতের কুটির শিল্পও বস্ত্রশিল্পের মত ধ্বংসপ্রাপ্ত হয়। ভারতীয় কুটির শিল্পের অন্যতম পৃষ্ঠপোষক ভারতীয় রাজন্যবর্গের বিলুপ্তির ফলেও কুটির শিল্পের অবনতি ঘটে। তাছাড় যন্ত্রে প্রস্তুত সস্তা বিলাতী সৌখিন দ্রব্যসামগ্রী অভিজাত ও মধ্যবিত্ত সম্প্রদায়ের মধ্যে ক্রমে জনপ্রিয় হয়ে ওঠায় কুটির-শিল্পজাত দ্রব্যের উৎপাদন ক্রমশঃ লোপ পায়।

অসম প্রতিযোগিতা

দেশের কুটির শিল্পের উপর অধিকাংশের জীবিকা নির্ভর করত। কাজেই এই শিল্প ধ্বংস হওয়ার সাথে সাথে কারিগর, হস্তশিল্পী, কুম্ভকার, চর্মকার, কর্মকার ইত্যাদি শিল্পীশ্রেণী বেকারে পরিণত হয়। শিল্প ধ্বংস হলে কৃষির উপর চাপ পড়ে। অনেকে ক্রমশঃ দিনমজুর শ্রেণীতে পরিণত হয়। আবার কেউ কেউ জীবিকার আশায় নতুন গড়ে ওঠা শহরে আশ্রয় নেয়। তাদের আর্থিক দুর্দশা চরম সীমায় পেঁছায়। ব্রিটিশ প্রবর্তিত অর্থনৈতিক ব্যবস্থায় কৃষি ও শিল্পের গ্রামীণ অর্থনীতি চূর্ণবিচূর্ণ হয়। ভারত পরিণত হয় ব্রিটিশ ধনতন্ত্র বিকাশের উপনিবেশে। কার্ল মার্কসের ভাষায়, অর্থনৈতিক পরিবর্তন হল 'এ যুগে এশিয়ার একমাত্র সমাজ বিপ্লব।'

কারিগরশ্রেণীর বেকারত্ব

একবিংশ অধ্যায়

শিক্ষা ও সংস্কৃতি

প্রাচীন শিক্ষাব্যবস্থা : কোম্পানীর রাজত্বের বেশ কিছুকাল পর্যন্ত ভারতে প্রচলিত প্রাচীন শিক্ষাব্যবস্থার ধারা অব্যাহত ছিল। বাংলাদেশে হিন্দু-মুসলমানদের মধ্যে প্রাথমিক ও উচ্চশিক্ষার ধারা ছিল চিরাচরিত। হিন্দুরা পাঠশালায় আর মুসলমান ছাত্ররা মক্তবে পড়ত। নব্য-ন্যায়, স্মৃতি, ও ব্যাকরণ শিক্ষা হিন্দুদের মধ্যে প্রচলিত ছিল। মুসলমানদের মধ্যে আরবী ও ফারসী ভাষার মাধ্যমে শিক্ষাদানের রেওয়াজ ছিল। টোল, চতুষ্পাঠি, মক্তব ও মাদ্রাসায় চিরাচরিত শিক্ষাব্যবস্থা প্রচলিত ছিল। পাঠশালা ও মক্তবে সাধারণতঃ বাংলা, গণিত ও ফারসী পড়ানো হোত। টোলে সংস্কৃত ও মাদ্রাসায় আরবী, ফারসী শিক্ষা দেওয়া হত। উইলিয়াম অ্যাডামের রিপোর্ট থেকে জানা যায় যে, উনিশ শতকের গোড়ার দিকে বাংলা ও বিহারে পাঠশালাগুলির অধিকাংশের ঘর ছিল না, শিক্ষকদের বেতন ছিল খুবই সামান্য। শিক্ষকদের শিক্ষাদানের যোগ্যতাও ছিল না। ভারতের অন্যান্য অঞ্চলেও দেশীয় ভাষায় শিক্ষা পদ্ধতির চেহারা প্রায় একই রকম ছিল। মোটের উপর ভারত আধুনিক শিক্ষাব্যবস্থা থেকে অনেক পিছিয়ে ছিল। পাশ্চাত্যের বাস্তববাদী প্রগতিশীল জ্ঞানবিজ্ঞানের সঙ্গে এই শিক্ষার লেশমাত্র সম্পর্ক ছিল না। শিক্ষাজগতে মৌলিক চিন্তা-ভাবনার একান্ত অভাব ছিল।

হিন্দু ও মুসলমানদের প্রচলিত শিক্ষাব্যবস্থা

সাধারণতঃ রাজা, নবাব ও জমিদার শ্রেণীর আর্থিক অনুদানে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যয় নির্বাহ হত। মেয়েদের শিক্ষায় উৎসাহ দেওয়া হত না। শিক্ষকগণ সমাজে অত্যন্ত সম্মানিত ব্যক্তি ছিলেন। তদানীন্তন শিক্ষাব্যবস্থা সেই সময়ের তুলনায় পর্যাপ্ত ছিল বলা যায়। প্রথম দিকে এদেশে শিক্ষাবিস্তার সম্পর্কে ইস্ট ইন্ডিয়া কোম্পানী উদাসীন ছিল। দেশীয় শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে ওয়ারেন হেস্টিংস কলকাতায় মাদ্রাসা স্থাপন করেন। উইলিয়াম জোনস্ এবং জোনাথান ডানকান যথাক্রমে বেঙ্গল এশিয়াটিক সোসাইটি ও বারাণসী সংস্কৃত কলেজ স্থাপন করেন।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর ঔদাসীন্য

ইংরেজী শিক্ষার প্রবর্তন : ইংরেজ কোম্পানীর বাণিজ্যিক স্বার্থে কলকাতা বোম্বাই ও মাদ্রাজে নতুন নগর-সভ্যতা গড়ে ওঠে। এই নগর-সভ্যতা বিকাশের সঙ্গে সঙ্গে সমাজে একটি নতুন মধ্যবিত্ত শ্রেণীরও উদ্ভব হয়। নগর-সভ্যতা ও মধ্যবিত্ত শ্রেণীর উদ্ভব হওয়ার সঙ্গে সঙ্গে উচ্চ সম্প্রদায়-ভুক্ত ভারতীয়দের মধ্যে ইংরেজী শিক্ষা গ্রহণের প্রবণতা দেখা দেয়। সরকারী চাকরি এবং অন্যান্য বৃত্তিগুলি চালানোর ক্ষেত্রে ইংরেজী শিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে মধ্যবিত্ত শ্রেণী যথেষ্ট সজাগ ছিল। অষ্টাদশ শতাব্দীর শেষভাগ

নগর-সভ্যতা ও মধ্যবিত্ত শ্রেণী

পর্যন্ত ভারতীয়দের মধ্যে ইংরেজী শিক্ষার প্রসার অত্যন্ত সীমিত ছিল। ঊনবিংশ শতাব্দীর সূচনায় পাশ্চাত্য ধ্যানধারণা ও জ্ঞান অর্জনের জন্য ভারতীয়দের মধ্যে ইংরেজী শিক্ষা গ্রহণের প্রয়োজনীয়তা বিশেষভাবে অনুভূত হয়।

কোম্পানীর একজন কর্মচারী চার্লস গ্র্যান্ট সর্বপ্রথম ভারতবর্ষে ইংরেজী শিক্ষা প্রবর্তনের জন্য সুপারিশ করে একটি স্মারকলিপি পেশ করেন। কিন্তু তাঁর সুপারিশ অনুমোদিত হয় না। ১৮১৩ খ্রীষ্টাব্দে চার্টার অ্যাক্ট অনুযায়ী ভারতীয়দের শিক্ষাদানের উদ্দেশ্যে এক লক্ষ টাকা ব্যয় করার কথা বলা হয়। এরপর দীর্ঘদিন শিক্ষার মাধ্যম দেশীয় ভাষা, না ইংরেজী ভাষা—এই নিয়ে প্রচন্ড বাকবিতন্ডা চলে। শেষ পর্যন্ত ভারত সরকারের আইন সচিব ও কমিটি অব্ পাবলিক ইনস্ট্রাক্শনের সভাপতি লর্ড মেকলে ভারতে পাশ্চাত্য শিক্ষা প্রবর্তনের সুপারিশ করেন। গভর্নর জেনারেল লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক মেকলের সুপারিশ পুরোপুরি গ্রহণ করেন। ইংরেজী ভাষার মাধ্যমে ইউরোপীয় জ্ঞানবিজ্ঞানের চর্চার সরকারী নীতি গৃহীত হয়। এই সময়ে বাংলাদেশে চল্লিশটি শিক্ষাকেন্দ্র স্থাপিত হয়। এর মধ্যে হুগলী কলেজ (১৮৩৬ খ্রীঃ) বিশেষভাবে উল্লেখযোগ্য। বেন্টিঙ্কের প্রচেষ্টায় কলকাতা মেডিক্যাল কলেজ ও বোম্বাই এলফিনস্টোন ইনস্টিটিউশন স্থাপিত হয়। ১৮৫৫ খ্রীষ্টাব্দের মধ্যে ১৫১টি ইংরেজী বিদ্যালয় স্থাপন ও ১৩ হাজারেরও বেশী ছাত্রের ইংরেজী শিক্ষার ব্যবস্থা করা হয়।

চার্লস গ্র্যান্টের সুপারিশ

লর্ড মেকলের সুপারিশ

কোম্পানীর শাসনের শেষ ভাগে স্যার চার্লস উডের সুপারিশযুক্ত একটি বিখ্যাত শিক্ষাসংক্রান্ত দলিল প্রকাশিত হয়। এই সুপারিশ অনুযায়ী ১৮৫৭ খ্রীষ্টাব্দে কলকাতা, বোম্বাই ও মাদ্রাজে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। বোম্বাইয়ে বোর্ড অব এডুকেশনের সুপারিশক্রমে ইংরেজী ভাষায় পাশ্চাত্য শিক্ষা বিস্তারের নীতি গৃহীত হয়। মাদ্রাজেও একটি কলেজ ও একাধিক জেলা বিদ্যালয় স্থাপিত হয়।

চার্লস উডের সুপারিশ

এদেশে পাশ্চাত্য শিক্ষা বিস্তারে সরকারী উদ্যোগ অপেক্ষা বেসরকারী উদ্যোগের ভূমিকা ছিল বেশী। ভারতে আগত খ্রীষ্টান মিশনারীগণ ও দেশী এবং বিদেশী চিন্তাশীল ব্যক্তিগণ এই উদ্যোগে প্রধান অগ্রণী ছিলেন। বাংলাদেশে উইলিয়াম কেরী, মার্শম্যান এবং উইলিয়াম ওয়ার্ড—এই ত্রয়ী মিশনারীর প্রচেষ্টায় শ্রীরামপুরে একটি ইংরেজী বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। এই বিদ্যালয় পরে শ্রীরামপুর কলেজ-এ (১৮১৮ খ্রীঃ) পরিণত হয়। রবার্ট মে নামক একজন ধর্মপ্রচারক চুঁচুড়াতে একটি ইংরেজী বিদ্যালয় স্থাপন করেন। ১৮২০ খ্রীষ্টাব্দে বিশপস্ কলেজ স্থাপিত হয়। আলেকজান্ডার ডফ-প্রতিষ্ঠিত 'জেনারেল অ্যাসেম্বলীজ ইনস্টিটিউট নামক বিদ্যালয়টি পরবর্তীকালে স্কটিশ চার্চ কলেজে পরিণত হয়। ১৮৩৩ খ্রীষ্টাব্দে চার্টার আইন পাস হওয়ায় মিশনারীরা ভারতে খ্রীষ্টধর্ম প্রচারের অধিকার লাভ করে, তাঁদের প্রচেষ্টায় ভারতবর্ষের শিক্ষাক্ষেত্রে সুবর্ণ যুগ শুরু হয়। এই সময় মিশনারীদের প্রচেষ্টায় মাদ্রাজে খ্রীষ্টান

বেসরকারী উদ্যোগ

স্কুল ও কলেজ প্রতিষ্ঠা

কলেজ, মশলিপট্টম নোবেল কলেজ, কলকাতার চার্চ ইনস্টিটিউশন, নাগপুরে হিসলপ কলেজ, আগ্রায় সেন্ট জোসেফ কলেজ প্রভৃতি প্রসিদ্ধ কলেজগুলি প্রতিষ্ঠিত হয়। কলেজ ছাড়াও এ যুগে প্রতিষ্ঠিত ইংরেজী বিদ্যালয়গুলির মধ্যে কলকাতার সেন্ট জেভিয়ার্স স্কুল ও সেন্ট পলস্ স্কুল বিশেষভাবে উল্লেখযোগ্য।

পাশ্চাত্য শিক্ষা বিস্তারে এদেশীয় ও বিদেশীয় কয়েকজন চিন্তাশীল ব্যক্তির অবদান বিশেষভাবে স্মরণীয়। ব্যক্তিগত প্রচেষ্টায় এদেশে ইংরেজী শিক্ষা প্রবর্তনের ক্ষেত্রে শেরবার্ন, মার্টিন, ব্রান্ডন, অ্যান্টনী ফিরিঙ্গী প্রমুখ বিদেশীদের নাম সবিশেষ উল্লেখযোগ্য। দেশীয় চিন্তাশীল ব্যক্তিদের মধ্যে রাজা রামমোহন রায় ইংরেজী শিক্ষা বিস্তারে প্রধান ভূমিকা গ্রহণ করেন। কোম্পানীর দেয় এক লক্ষ টাকা তিনি ইংরেজী ভাষা ও বিজ্ঞান শিক্ষায় ব্যয়ের জন্য অনুরোধ করেন। ডেভিড হেয়ার ও রাজা রামমোহন রায় কলকাতায় একটি করে ইংরেজী বিদ্যালয় স্থাপন করেন। ১৮১৭ খ্রীষ্টাব্দে রাজা রামমোহন রায়, ডেভিড হেয়ার ও সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি স্যার হাইড ইস্টের প্রচেষ্টায় কলকাতায় হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়। পরবর্তীকালে এই কলেজ প্রেসিডেন্সী কলেজ নামে পরিচিত হয়। বাংলাদেশে ইংরেজী শিক্ষা বিস্তারে হিন্দু কলেজের অবদান অতুলনীয়। ইতিমধ্যে জয়রাম ঘোষাল ও গৌরমোহন আড্ডির প্রচেষ্টায় যথাক্রমে বেনারস ইংরেজী বিদ্যালয় এবং ওরিয়েন্টাল সেমিনারী প্রতিষ্ঠিত হয়। মাদ্রাজের জনৈক ধনী ব্যক্তির অর্থানুকূল্যে পচাই যাপ্পা কলেজ, চিদাম্বরম্ ও কাঞ্জিভোরম্ বিদ্যালয় স্থাপিত হয়।

দেশী ও বিদেশী চিন্তাবিদদের অবদান

হিন্দু কলেজ প্রতিষ্ঠা

ভারতে ইংরেজী শিক্ষা বিস্তারে বেসরকারী ব্যক্তিদের প্রচেষ্টাই ছিল মুখ্য। এঁদের উদ্দেশ্যও ছিল মহৎ। অপরপক্ষে ব্রিটিশ কর্তৃপক্ষের শিক্ষানীতির মূল উদ্দেশ্য ছিল কম অর্থব্যয়ে সরকারী শাসনব্যবস্থার জন্য উপযুক্ত সংখ্যক কর্মচারী সংগ্রহ। মোট কথা, স্কু-কলেজে আধুনিক শিক্ষা ব্যবস্থার বন্দোবস্ত হয়েছিল কেরানী তৈরীর প্রয়োজন মেটাতে। সরকারী শিক্ষানীতির আর এক উদ্দেশ্য ছিল ভারতে ব্রিটিশ পণ্যসামগ্রীর চাহিদা বৃদ্ধি করা। সর্বোপরি ভারতে ব্রিটিশ রাজনৈতিক প্রভুত্ব স্থায়ী করার উদ্দেশ্যেই ইংরেজ কোম্পানী ঐ ধরনের শিক্ষানীতি গ্রহণ করে।

পাশ্চাত্য শিক্ষা বিস্তারের পশ্চাতে সরকারী উদ্দেশ্য

প্রাচীন শিক্ষা ব্যবস্থার অবনতি : ভারতে ইংরেজী শিক্ষাবিস্তারে সরকারী আনুকূল্য থাকলেও ভারতে প্রাচীন শিক্ষাধারার স্রোত সরকারী ঔদাসীন্যে ক্রমশঃ শুকিয়ে আসে। ১৮৪৪ খ্রীষ্টাব্দে তৎকালীন গভর্নর জেনারেল লর্ড হার্ডিঞ্জ সরকারী চাকরির ক্ষেত্রে ইংরেজী শিক্ষিত ব্যক্তিদের অগ্রাধিকার ঘোষণা করেন। এর ফলে ভারতীয়দের মধ্যে ইংরেজী শিক্ষা গ্রহণের উৎসাহ বৃদ্ধি পায়। দেশে ইংরেজী মাধ্যমের বিদ্যালয়গুলি বিশেষভাবে জনপ্রিয় হয়ে ওঠে। প্রাচীনপন্থী বিদ্যালয়ে পড়াশোনার উৎসাহে ভাঁটা পড়ে। তাছাড়া উচ্চশিক্ষালাভ ব্যয়সাধ্য হওয়ায় সাধারণ মানুষের পক্ষে এই শিক্ষা গ্রহণ করা সম্ভব হয় না। ধনী ছাত্রদের মধ্যে উচ্চশিক্ষা সীমাবদ্ধ হয়ে

পড়ে। শিক্ষার মাধ্যম হিসেবে ভারতীয় ভাষার পরিবর্তে ইংরেজী গ্রহণ করায় সাধারণ মানুষের মধ্যে শিক্ষার আলো প্রবেশ করে না। আধুনিক শিক্ষাব্যবস্থার সঙ্গে প্রতিযোগিতায় সাবেকী শিক্ষা ব্যবস্থা ক্রমশঃ পিছিয়ে পড়ে।

পাশ্চাত্য সংস্কৃতির সংস্পর্শ ঃ ইংরেজী শিক্ষা প্রসারের ফলে ভারতবর্ষের সামনে পাশ্চাত্যের দ্বার উন্মুক্ত হয়। ভারতে যখন ইংরেজী শিক্ষা বিস্তারের সূচনা, ঠিক সেই সময় ফরাসী বিপ্লবের ঢেউ সারা ইউরোপের বুকে ছড়িয়ে পড়ে। ফরাসী বিপ্লব-প্রসূত যুক্তিবাদ এবং স্বাধিকারবাদ ভারতীয়দের গভীরভাবে প্রভাবিত করে। গতানুগতিক প্রাচীন রক্ষণশীল দৃষ্টিভঙ্গী ও চিন্তাধারার পরিবর্তে ভারতব্যাপী আধুনিক বিজ্ঞান, এবং পাশ্চাত্য চিন্তার যুক্তিবাদ ও উদার মানবিকতা বোধের প্রতি বিশেষভাবে আকৃষ্ট হন। এই নতুন চিন্তাধারা-প্রভাবিত ভারতীয় সমাজ সনাতন ধর্মকে আচার বিধি ও কুসংস্কারের বেড়াজাল থেকে মুক্ত করার প্রচেষ্টা শুরু করে। ধর্মের নবমূল্যায়নের মাধ্যমেই ধর্মভিত্তিক ভারতীয় সমাজে নবজাগরণের সূত্রপাত ঘটে। এই নবজাগরণের প্রাণস্পন্দন ক্রমশঃ ভারতীয় সমাজ, সাহিত্য ও রাজনৈতিক চিন্তাধারাকে গভীরভাবে প্রভাবিত করে। পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত যুব সমাজ, সমাজ, রাজনীতি, শাসনব্যবস্থা, অন্যান্য অবিচার ও দুর্নীতির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেন। নবজাগরণের ফলে জাতীয়তাবাদের উন্মেষ ঘটে। ইংরেজী শিক্ষিত ভারতবাসী নিজেদের অস্তিত্ব রক্ষার প্রয়োজনেই সমাজ ও রাষ্ট্রব্যবস্থা আধুনিকীকরণের দাবি তোলেন।

পাশ্চাত্যের দ্বার উন্মোচন

নবজাগরণ

সামাজিক ও সাংস্কৃতিক নবজাগরণ ঃ বাংলাদেশই সর্বপ্রথম পাশ্চাত্য চিন্তাধারার সংস্পর্শে আসে। শিক্ষা ও ধ্যান ধারণার ক্ষেত্রে এখানে যে বিপুল পরিবর্তন লক্ষ্য করা যায় তাকে ইউরোপের রেনেসাঁ বা নবজাগরণের সঙ্গে তুলনা করা হয়ে থাকে। উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে পাশ্চাত্য ভাবধারার স্পর্শে বাংলায় যে নবজাগরণের সূত্রপাত হয় রাজা রামমোহন রায় ছিলেন তার প্রধান কেন্দ্রবিন্দু। ভারতীয় দর্শনের প্রতি রামমোহনের গভীর অনুরাগ থাকলেও তিনি বিশ্বাস করতেন যে পাশ্চাত্য ধ্যান-ধারণা ও সংস্কৃতিই ভারতীয় সমাজের পুনরুজ্জীবন ঘটাতে সক্ষম। রামমোহন ছিলেন প্রাচ্য ও পাশ্চাত্য ভাবধারার সমন্বয়ের প্রতীক। তিনি সংস্কৃত, ফারসী, আরবী, ইংরেজী, ল্যাটিন ও হিব্রু-সহ বারোটির বেশী ভাষা জানতেন। ভারতে প্রচলিত অন্যান্য ধর্ম সম্পর্কেও তাঁর গভীর জ্ঞান ছিল। মূল বাইবেল গ্রন্থও তিনি অধ্যয়ন করেন। ভারতের প্রথম আধুনিক মানুষ রাজা রামমোহনের নেতৃত্বে ধর্ম সংস্কারের ক্ষেত্রে

রেনেসাঁ

রাজা রামমোহন রায়



রাজা রামমোহন রায়

এক নতুন চিন্তাধারার সূচনা হয়। একেশ্বরবাদ ও অপৌত্তলিকবাদ আদর্শের উপর ভিত্তি করে রামমোহন 'ব্রাহ্মসভা' বা 'ব্রাহ্মসমাজ' নামে একটি ধর্ম-সভা প্রতিষ্ঠা করেন (১৮২৮ খ্রীঃ)। ব্রাহ্মসমাজের মূলমন্ত্র ছিল সকল মানুষের প্রতি শ্রদ্ধাবোধ এবং সামাজিক কুপ্রথা ও মূর্তি-পূজার বিরোধিতা।

ব্যক্তিস্বাধীনতার যুক্তিবাদ ও ব্রাহ্মসমাজ

হিন্দুধর্ম সংস্কারের কাজ করার সঙ্গে সঙ্গে রামমোহন ভারতীয় সমাজ সংস্কারক-রূপে আবির্ভূত হন। স্বামীর মৃত্যুর পর বিধবা নারীর সহমরণ বা সতীদাহ প্রথার বিরুদ্ধে তিনি জনমত গঠনে আত্মনিয়োগ করেন। ১৮২৯ খ্রীষ্টাব্দে রামমোহন ও তাঁর কয়েকজন সমর্থকের প্রচেষ্টায় লর্ড উইলিয়াম বেন্টিংক সতীদাহ প্রথা বেআইনী বলে ঘোষণা করেন। সমাজে বাল্যবিবাহ ও কুলীন প্রথার বিরুদ্ধেও সর্বপ্রথম রামমোহনের কন্ঠে প্রতিবাদ ধ্বনিত হয়। বিধবা নারীর প্রতি সমাজের অন্যায় ও অবিচারের বিরুদ্ধেও রামমোহন প্রতিবাদ জানান। নারীদের সম্পত্তির অধিকার প্রতিষ্ঠার ব্যাপারেও তাঁর প্রচেষ্টা ছিল উল্লেখযোগ্য। ভারতে ইংরেজী শিক্ষা প্রবর্তনেও রামমোহন ছিলেন অগ্রণী, স্ত্রীশিক্ষা বিস্তারের জন্যও তিনি যথেষ্ট উদ্যোগ গ্রহণ করেন। বাংলা ভাষায় তিনিই সর্বপ্রথম ব্যাকরণ রচনা করেন। রাজনীতির ক্ষেত্রেও তিনি ছিলেন প্রগতিশীল আদর্শে বিশ্বাসী। প্রকৃতপক্ষে রামমোহন ছিলেন ভারতীয় সভ্যতার অগ্রদূত ও ভারতের প্রথম আধুনিক মানুষ। রামমোহনের মৃত্যুর পর ব্রাহ্মসমাজকে পুনরুজ্জীবিত করেন দেবেন্দ্রনাথ ঠাকুর। তাঁর প্রতিষ্ঠিত 'তত্ত্ববোধিনী সভা', 'তত্ত্ববোধিনী পত্রিকা'র মাধ্যমে ভারতের সনাতন ধর্ম ও প্রাচীন ঐতিহ্য সম্পর্কে দেশবাসীকে অবহিত করার চেষ্টা করেন। দেবেন্দ্রনাথের নেতৃত্বে ব্রাহ্মসমাজ বিধবা বিবাহ প্রচলন, বহুবিবাহ প্রথার বিলোপ সাধন, স্ত্রীজাতির জন্য শিক্ষা প্রসার প্রভৃতি সমাজ সংস্কারের স্বপক্ষে মত প্রকাশ করেন। ব্রাহ্মসমাজ আন্দোলন বাংলার বাইরে একমাত্র মহারাষ্ট্রেই সর্বাধিক প্রভাব বিস্তার করে। ১৮৪৯ খ্রীষ্টাব্দে ব্রাহ্মসমাজের অনুকরণে প্রার্থনা সমাজ নামে এক নতুন সংস্থার জন্ম হয়। এই সংস্থাই একেশ্বরবাদে বিশ্বাস করত। জাতিভেদ প্রথার বিলোপ এদের প্রধান লক্ষ্য ছিল। প্রার্থনা সমাজের অধিবেশনের সময় সংস্থার সদস্যরা নীচু জাতির রান্না খেত।

সতীদাহ

ভারতের প্রথম আধুনিক মানুষ

দেবেন্দ্রনাথ ঠাকুর

প্রার্থনা সমাজ

কিন্তু সমাজ সংস্কারের কর্মসূচী কেবলমাত্র ব্রাহ্মসমাজের মধ্যে সীমাবদ্ধ ছিল না। উনিশ শতকের যুক্তিবাদী ও উদারনৈতিক চিন্তাধারায় অনুপ্রাণিত অনেক ইংরেজী শিক্ষিত ভারতীয় মনীষী সমাজ সংস্কার আন্দোলনে নেতৃত্ব করেন। বাংলাদেশে বিধবা বিবাহ আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। এই আন্দোলনের বিরুদ্ধে রক্ষণশীল হিন্দুসমাজ বিদ্যাসাগরের বিরুদ্ধে প্রচন্ড আক্রমণ চালান। কিন্তু তাঁর অক্লান্ত প্রচেষ্টায় ১৮৫৬ খ্রীষ্টাব্দে হিন্দু বিধবা বিবাহ আইন প্রবর্তিত হয়। তিনি

পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

হিন্দুসমাজে প্রচলিত বাল্যবিবাহ ও কৌলীন্য প্রথার বহুবিবাহের বিরুদ্ধেও সোচ্চার হন।

স্ত্রীশিক্ষা বিস্তারও সংস্কার আন্দোলনের অন্যতম কর্মসূচী ছিল। স্ত্রীশিক্ষা বিস্তারে ঈশ্বরচন্দ্রের খুবই আগ্রহ ছিল। মিঃ বেথুন ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রচেষ্টায় ১৮৪৯ খ্রীষ্টাব্দে কলকাতায় সর্বপ্রথম বালিকা বিদ্যালয় স্থাপিত হয়। বিদ্যালয়ের পরিদর্শক থাকাকালীন ঈশ্বরচন্দ্র পঁয়ত্রিশটি বালিকা বিদ্যালয় স্থাপন করেন। এইসব বিদ্যালয়ের কিছু কিছু ব্যয়ভার তিনি নিজে গ্রহণ করেন। ঈশ্বরচন্দ্র এদেশে স্ত্রীশিক্ষা বিস্তারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন।

স্ত্রীশিক্ষা



বিদ্যাসাগর

উনবিংশ শতাব্দীর প্রথমার্ধে হিন্দু কলেজের অধ্যাপক হেনরী ভিভিয়ান ডিরোজিয়ো আধুনিকতম ধ্যান ধারণার প্রবক্তা ছিলেন। তিনি এবং তাঁর তরুণ ছাত্র সম্প্রদায় নব্যবঙ্গ বা Young Bengal নামে পরিচিত। তিনি এবং তাঁর শিষ্যমন্ডলী পুরাতন কুপ্রথা এবং গোঁড়ামি ও রক্ষণশীলতার বিরুদ্ধে সংগ্রামে অবতীর্ণ হ'ন। তাঁরা নারীজাতির স্বাধিকার প্রতিষ্ঠা ও তাদের মধ্যে শিক্ষাবিস্তারের পক্ষপাতী ছিলেন। একথা নিঃসন্দেহে বলা যায় যে, ডিরোজিয়ো এই নব্যবাদী যুবকদের মধ্যে স্বাধীন চিন্তা ও যুক্তিবাদী দৃষ্টিভঙ্গীর বিকাশ ঘটিয়েছিলেন। পাশ্চাত্য শিক্ষার বিস্তার, সংবাদপত্রের স্বাধীনতা, গ্রন্থাগার স্থাপন, কলকাতা মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা প্রভৃতি কল্যাণমূলক কাজের সাথেও নব্যবঙ্গ সম্প্রদায়ের নাম বিশেষভাবে যুক্ত রয়েছে।

ডিরোজিয়ো ও নব্যবঙ্গ

বাংলাদেশের পাশ্চাত্য ভাবধারা পশ্চিম ভারতেও প্রবাহিত হয়। কয়েকজন শিক্ষিত যুবকের প্রচেষ্টায় মহারাষ্ট্রে Students Library and Scientific Society নামে সাহিত্য ও বিজ্ঞান চর্চার প্রতিষ্ঠান স্থাপিত হয়। এই সংস্থা 'জ্ঞান প্রকাশ মণ্ডলী' নামেও পরিচিত ছিল। এই সমিতির অপর উদ্দেশ্য ছিল স্ত্রীশিক্ষা বিস্তার। জোতিবা ফুলে ও তাঁর স্ত্রী পুণেতে একটি বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। এরপর ভাউদাজী ও শংকর শেঠের উদ্যোগে আরো কয়েকটি বালিকা বিদ্যালয় স্থাপিত হয়। পণ্ডিত বিষ্ণুশাস্ত্রী মহারাষ্ট্রে বিধবা বিবাহ প্রচলন করার জন্য একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। আর এক সংস্কারক করণদাস মুলজী বিধবা বিবাহ সম্পর্কে জনমত সৃষ্টির উদ্দেশ্যে 'সত্যপ্রকাশ' নামে একটি সাময়িক পত্র প্রবর্তন করেন। মহারাষ্ট্রে শিক্ষা বিস্তার ও সমাজ সংস্কারের ক্ষেত্রে গোপাল হরি

মহারাষ্ট্রে পাশ্চাত্য ভাবধারার প্রকাশ

বিষ্ণুশাস্ত্রী

গোপালহরি দেশমুখ

দেশমুখ উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেন। বোম্বাই প্রদেশের আর একজন উল্লেখযোগ্য সমাজ সংস্কারক ছিলেন দাদাভাই নৌরজী। পার্শীদের মধ্যে ধর্মসংস্কার, স্ত্রীজাতির অধিকার প্রতিষ্ঠায় তিনি অগ্রণী ভূমিকা গ্রহণ করেন। প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য যে, সমাজ ও ধর্ম সংস্কার আন্দোলন মূলতঃ নবগঠিত মধ্যশ্রেণীর মধ্যে সীমাবদ্ধ ছিল। এর সাথে নিম্নবিত্ত কৃষক-শ্রমিকদের কোন সম্পর্ক ছিল না।

সাহিত্যে নবযুগ

ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলন ছাড়াও ভারতীয় চিন্তা জগতের নতুন আলোড়নের প্রতিফলন ঘটে সাহিত্যের নানা ধারায়। বাংলাদেশে আধুনিক গদ্য সাহিত্যের বিকাশে উইলিয়াম কেরী, মার্শম্যান প্রমুখ খ্রীষ্টান মিশনারী ও ফোর্ট উইলিয়াম কলেজের পন্ডিত ও মুন্সীগণ উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেন।

গদ্য সাহিত্যের বিকাশ

গদ্য সাহিত্যে স্বচ্ছন্দ ভাষার প্রচলন করেন রাজা রামমোহন রায়। ঈশ্বর গুপ্তের 'তত্ত্ববোধিনী পত্রিকা' বাংলা ভাষায় মননশীল সাহিত্যের ভিত্তি স্থাপন করে। পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর অনূদিত 'শকুন্তলা', 'সীতার বনবাস', 'কথামালা' প্রভৃতি গ্রন্থ বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ।

মাইকেল মধুসূদন দত্ত ও বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

পাশ্চাত্যের রীতি অনুসারে নতুন সাহিত্য সৃষ্টিতে মাইকেল মধুসূদন দত্তের ভূমিকাও অনবদ্য। তাঁর রচিত 'শর্মিষ্ঠা', 'তিলোত্তমা নাটক' ও 'মেঘনাদবধ কাব্য' এ যুগের অন্যতম শ্রেষ্ঠ সাহিত্য। মধুসূদন প্রবর্তিত রচনাধারা একদিকে হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং নবীনচন্দ্র সেনের মহাকাব্যে, অপরদিকে দীনবন্ধু মিত্র ও গিরীশচন্দ্র ঘোষের নাট্য রচনার মধ্যে বিবর্তিত হয়। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস 'দুর্গেশনন্দিনী' 'কপালকুন্ডলা' ও 'আনন্দমঠ' বাংলা সাহিত্যে নতুন দিগন্তের সৃষ্টি করে। ঊনবিংশ শতাব্দীর প্রথমভাগে আবির্ভূত মারাঠা লেখকগণ সংস্কৃত ও ইংরেজী ভাষার প্রভাবে মারাঠী ভাষা ও সাহিত্যে এক নবধারার প্রবর্তন করেন। মহারাষ্ট্রে বিষ্ণু শাস্ত্রী ও আন্না সাহেব কির্লোস্কার মারাঠী গদ্য ও মারাঠী নাটকের ভিত্তি স্থাপন করেন।

পত্র পত্রিকার বিকাশ ও ভূমিকা

ঊনিশ শতকের নবচেতনার দ্রুত বিকাশে পত্রপত্রিকার ভূমিকা অবিস্মরণীয়। মুদ্রিত পত্রপত্রিকা প্রকাশের সঙ্গে সমাজের বিভিন্ন স্তরে চিন্তাশীল ব্যক্তিত্বের স্বাধীন চিন্তাধারার দ্রুত বিকাশ ঘটে। ভারতীয়দের সম্পাদনায় প্রকাশিত ইংরেজী পত্রিকাগুলির মধ্যে 'ইন্ডিয়া রিফর্মার', 'হিন্দু পেট্রিয়ট' ও 'পার্থেনণ' বিশেষভাবে উল্লেখযোগ্য। বাংলা ভাষায় মুদ্রিত সাময়িক পত্রপত্রিকার মধ্যে 'দিগদর্শন', 'সমাচার দর্পণ', 'সংবাদ কৌমুদী', 'সংবাদ প্রভাকর' ও 'তত্ত্ববোধিনী পত্রিকা' প্রভৃতি বাংলা পত্রপত্রিকার মাধ্যমে প্রগতিশীল মতাদর্শ প্রচার এবং সমাজ ও ধর্মীয় সংস্কার প্রভৃতি বিষয়গুলি পরিস্ফুট হয়। মহারাষ্ট্রে প্রকাশিত পত্রপত্রিকার মধ্যে 'বোম্বে হেরাল্ড', 'বোম্বে কোরিয়ার', 'বোম্বে গেজেট' ইত্যাদি বিশেষভাবে উল্লেখযোগ্য;

———

দ্বাবিংশ অধ্যায় | কৃষক বিদ্রোহ

পলাশীর যুদ্ধের পরবর্তী একশত বৎসরে ভারতবর্ষের ইতিহাসের প্রধান বৈশিষ্ট্য হ'ল ভারতে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তার। এই যুগে ভারতে ব্রিটিশ শাসন শান্তি-সমৃদ্ধির এক নতুন যুগের সূচনা করেছিল বলে অনেকে দাবি করেন। কিন্তু এই দাবি আংশিক সত্য। মুঘল সাম্রাজ্যের পতনের পরিপ্রেক্ষিতে ভারতবর্ষের রাজনীতি যে অস্থিরতা ও সংকটের মধ্য দিয়ে আবর্তিত হচ্ছিল সেই অবস্থা থেকে দেশ মোটামুটি মুক্ত হয়েছিল। কিন্তু ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধ জুড়ে ভারতবর্ষে নিরবচ্ছিন্ন শান্তি বা সুস্থিরতা ছিল না। ব্রিটিশ অধিকার পর্বের সময় থেকে ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহ পর্যন্ত দেশ-জুড়ে বিচ্ছিন্ন এবং সংগঠিত নানা ধরনের ব্রিটিশ-বিরোধী উত্থান অনেক ক্ষেত্রে সমগ্র সংগ্রামে পরিণত হয়েছিল। ব্রিটিশ কর্তৃক অত্যাধিক পরিমাণে ভূমি রাজস্ব বৃদ্ধি, কৃষকগণের নিকট জোরপূর্বক রাজস্ব আদায় প্রভৃতি অর্থনৈতিক কারণে এক ধরনের ব্রিটিশ-বিরোধী প্রতিরোধ আন্দোলন শুরু হয়। এ ছাড়া ব্রিটিশ শাসক সৃষ্ট ভূস্বামী, জমিদার ও মহাজন প্রভৃতি শোষক শ্রেণীর শোষণের বিরুদ্ধেও সমগ্র সংগ্রাম শুরু হয়। এই সংগ্রাম বা আন্দোলনের প্রধান শক্তি ছিল দেশের কৃষক সম্প্রদায়। অনেকক্ষেত্রে কৃষকের সংগ্রামী ভূমিকা ধর্মীয় সংস্কার আন্দোলন রূপে আরম্ভ হয়ে শেষ পর্যন্ত ব্রিটিশ সরকার ও তার সৃষ্ট জমিদার তালুকদার-মহাজন গোষ্ঠীর বিরুদ্ধে তীব্র আকার ধারণ করে। বাংলাদেশে ফরাজী ও ওয়াহাবী আন্দোলন মূলতঃ ধর্মীয় আন্দোলনরূপে শুরু হলেও শেষ পর্যন্ত কৃষক বিদ্রোহে পরিণত হয়।

ব্রিটিশ বিরোধী বিদ্রোহ

ফরাজী আন্দোলন : ঊনবিংশ শতাব্দীর প্রথম দিকে বাংলাদেশে ফরাজী আন্দোলন নামে এক মুসলিম সংস্কার আন্দোলন শুরু হয়। ফরাজীরা ছিল ফরিদ-পুরের একটি ধর্মীয় সম্প্রদায়। 'ফরাজী' শব্দের অর্থ হল 'আল্লার আদেশ অনুসরণকারী'। ফরিদপুরের হাজী শরিয়ৎ উল্লাহ্ ও তাঁর পুত্র মহম্মদ মহসীন বা দুদুমিঞা ছিলেন এই ধর্মমতের প্রবর্তক। তাঁরা মুসলমান সমাজে প্রচলিত ধর্মের সংস্কার সাধন করে ফরাজী মতবাদ জনসাধারণের মধ্যে প্রচার করেন।

শরিয়ৎ উল্লাহ্ ও ফরাজী আদর্শ

শরীয়ৎ উল্লাহ্-র ধর্মপ্রচারের মূল উদ্দেশ্য ছিল ধর্মীয় অত্যাচারের হাত থেকে গরীব কৃষক ও শ্রমজীবী মুসলমান সম্প্রদায়কে রক্ষা করা। ধর্মীয় সংস্কারের পাশাপাশি তিনি জমিদার, মহাজন ও নীলকর সাহেবদের শোষণ ও অত্যাচারের হাত থেকে মুসলমানদের রক্ষা করার প্রচেষ্টা করেন। ফরাজীরা জমিতে ব্যক্তিগত মালিকানার বিরোধী ছিল। তাঁদের এই ধর্মমত অল্প সময়ের মধ্যে ঢাকা ও ফরিদপুর অঞ্চলে সাধারণ গরীব মুসলমানদের মধ্যে জনপ্রিয় হয়ে ওঠে।

শরিয়ৎ উল্লাহ্-এর মৃত্যুর পর তাঁর পুত্র দুদুমিঞা ফরাজী মতবাদ প্রচার ও সংগঠনের বিষয়ে আত্মনিয়োগ করেন। দুদুমিঞা জমিদারী শোষণ ও বিদেশী ব্রিটিশ শাসন উচ্ছেদ করে স্বাধীন মুসলমান রাজ্য প্রতিষ্ঠার এক পরিকল্পনা গ্রহণ করেন। অল্পদিনের মধ্যে মুসলমান কৃষক, কারিগর প্রভৃতি সাধারণ মানুষ দুদুমিঞার অনুরক্ত হয়ে ওঠে। বাহাদুরপুরে তিনি তাঁর প্রধান ঘাঁটি স্থাপন করেন। ক্রমশঃ দুদুমিঞা তাঁর অনুগামীদের নিকট ধর্মীয় ও রাজনৈতিক স্বাধীনতার প্রতিমূর্তি রূপে দেখা দেন। তিনিই একাধারে ধর্মীয় সমস্যার সমাধান, জমিজমার বিরোধ নিষ্পত্তি, বিচারকার্য প্রভৃতি সমাধা করেন। এমনকি তিনি পাল্টা শাসন ব্যবস্থার প্রবর্তন করেন। তিনি জমিদারদের কবল থেকে কৃষকদের রক্ষা করেন, জমিদারদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমার অর্থ সংগ্রহ করেন। প্রয়োজনবোধে তাদের বিরুদ্ধে লাঠিয়াল পাঠান।

দুদুমিঞার নেতৃত্বে ফরাজী আন্দোলন

দুদুমিঞার নেতৃত্বে কৃষক সংগ্রাম ক্রমে ফরিদপুর, বিক্রমপুর, খুলনা ও ২৪পরগনা জেলায় দ্রুত বিস্তারলাভ করে। তাঁর নির্দেশে প্রজারা বেআইনী কর দেওয়া বন্ধ করে। দুদুমিঞার এই ধরনের কার্যকলাপ জমিদার ও নীলকর সাহেবদের শঙ্কিত করে। নীলকর ও জমিদারগণ কৃষকদের উপর অমানুষিক অত্যাচার শুরু করে। এর পাল্টা আঘাতস্বরূপ ফরাজী বিদ্রোহীদের হাতে বহু নীলকর ও জমিদারদের সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয় এবং তাদের অনেকেই হতাহত হয়। এই ঘটনার কিছুদিন পর এই বিদ্রোহ দমন করার জন্য ব্রিটিশ কর্তৃপক্ষ সামরিক বাহিনী তলব করে। ইংরেজ বাহিনী দুদুমিঞা ও তাঁর অনুচরবর্গের উপর চরম অত্যাচার চালায়। দুদুমিঞাকে গ্রেপ্তার করা হয়। ১৬৮০ খৃষ্টাব্দে তাঁর মৃত্যু হয়। তাঁর মৃত্যুর পর ফরাজী আন্দোলনের অবসান ঘটে।

আন্দোলনের সমাপ্তি

ফরিদপুরের ফরাজী আন্দোলন মূলতঃ ধর্মসংস্কার আন্দোলন রূপে শুরু হলেও শেষ পর্যন্ত এই আন্দোলন জনসাধারণের অর্থনৈতিক মুক্তি ও স্বাধীন মুসলমান রাজ্য স্থাপনের সংগ্রামে পরিণত হয়। জমিদার-নীলকরদের অর্থনৈতিক শোষণ ও ব্রিটিশের রাজনৈতিক শাসন উচ্ছেদকল্পে এই ধর্মীয় আন্দোলন ক্রমশঃ রাজনৈতিক স্তরে উন্নীত হয়। দুদুমিঞার নেতৃত্বে স্বাধীন সরকার গঠনের পরিকল্পনা, স্বাধীন বিচারালয় স্থাপন, জনসাধারণের নিকট থেকে কর আদায় প্রভৃতি কার্যক্রমের মাধ্যমে ফরাজী বিদ্রোহ জনগণের বৈপ্লবিক স্বাধীনতা সংগ্রামের রূপ পরিগ্রহ করে। এই বিদ্রোহে প্রকৃত শ্রেণীসংগ্রামের চিত্রটিও স্পষ্ট হয়ে ওঠে। সংকীর্ণ ধর্মীয় দৃষ্টিভঙ্গী, দলীয় সংগঠনের অভাব, বিদ্রোহীদের সংগ্রামের বাস্তব অভিজ্ঞতার অভাব প্রভৃতি কারণে ফরাজী বিদ্রোহ ব্যর্থতায় পর্যবসিত হয়। তবু ফরাজী আন্দোলন ভারতবর্ষে কৃষকদের স্বাধীনতা ও অর্থনৈতিক মুক্তির সংগ্রামের ইতিহাসে বিশেষভাবে উল্লেখযোগ্য।

ফরাজী আন্দোলনের বৈশিষ্ট্য

ওয়াহাবী আন্দোলন : ভারতে ইংরেজ শাসনের সূচনাকাল থেকে মুসলমান সম্প্রদায় ছিল ব্রিটিশ শাসনের চরম শত্রু। ইংরেজ আক্রমণকারীরা মুসলমান

শাসকদের কাছ থেকেই এদেশের ক্ষমতা অপহরণ করে। এদেশের শাসক হিসেবে মুসলমান সম্প্রদায় যে সমস্ত বিশেষ সুযোগ-সুবিধা ভোগ করত ব্রিটিশ শাসনে তাদের সে সমস্ত সুযোগ-সুবিধা একেবারে অবরুদ্ধ হয়ে যায়। সরকারী উচ্চপদগুলি থেকে মুসলমান সম্প্রদায় বঞ্চিত হয়। ফার্সী ভাষার জায়গায় ইংরেজীকে সরকারী ভাষা হিসেবে প্রতিষ্ঠিত করায় তারা অসুবিধার সম্মুখীন হয়। হিন্দুরা ইংরেজী শিক্ষা গ্রহণ করলেও মুসলমানগণ এই শিক্ষা গ্রহণের জন্য আগ্রহ প্রকাশ করেনি, এর ফলে ব্রিটিশ শাসনের গোড়ার দিকে ইংরেজী শিক্ষিত হিন্দুরা মুসলমানদের তুলনায় অধিকতর সুযোগ সুবিধা লাভ করে। এই সব কারণে মুসলমান সম্প্রদায়ের মধ্যে হতাশা ও অসন্তোষ সৃষ্টি হয়। এই হতাশা ও ক্ষোভ থেকেই এই সম্প্রদায়ের মধ্যে ওয়াহাবী আন্দোলনের সূত্রপাত হয়।

মুসলমান সম্প্রদায়ের মধ্যে হতাশা ও ক্ষোভ

উনবিংশ শতাব্দীর প্রথম দিকে ভারতবর্ষে ওয়াহাবী আন্দোলনের সূচনা হয়। রায়বেরিলীর সৈয়দ আহম্মদ ছিলেন ভারতবর্ষের এই আন্দোলনের প্রবর্তক। তিনি মক্কায় গিয়ে এই আন্দোলনের জনক আব্দুল ওয়াহাবের নিকট দীক্ষিত হন। আব্দুল ওয়াহাবের নামানুসারে এই আন্দোলন 'ওয়াহাবী আন্দোলন' নামে পরিচিত। তদানীন্তন প্রচলিত ইসলাম ধর্ম ও রীতিনীতির মধ্যে নানা ধরনের কুসংস্কার ও দুর্নীতি দূর করে ধর্মকে সংস্কার করাই ছিল এই আন্দোলনের উদ্দেশ্য। সৈয়দ আহম্মদ মক্কা থেকে ভারতে ফিরে আসার পর ১৮২০ থেকে ১৮২২ খ্রীষ্টাব্দ পর্যন্ত সারা ভারতবর্ষ পরিভ্রমণ করেন এবং এই নতুন ধর্ম সংস্কারের বাণী ও আদর্শ প্রচার করেন। শীঘ্রই এই সংস্কার আন্দোলন ধর্মীয়-রাজনৈতিক আন্দোলনে রূপান্তরিত হয়। সৈয়দ আহম্মদ ব্রিটিশ অধিকৃত ভারতবর্ষকে দার-উল-হারব (অমুসলমান রাজ্য) নামে ঘোষণা করেন। এদেশ থেকে ব্রিটিশ প্রভুত্বের অবসান ঘটিয়ে দার-উল-ইসলাম (মুসলমান রাজ্য) প্রতিষ্ঠার জন্য সংকলপবদ্ধ হন। বিদেশী শত্রুর কবল থেকে দেশকে উদ্ধার করার জন্য তিনি দেশীয় রাজাদের সাহায্য প্রার্থনা করেন। বিদ্রোহ পরিচালনার জন্য তিনি সুসংহত সংগঠন তৈরী করেন ও শিষ্যদের অস্ত্রচালনা সম্পর্কে প্রশিক্ষণের ব্যবস্থা করেন। বিহারের পাটনা বিদ্রোহীদের প্রধান কর্মকেন্দ্রে পরিণত হয়।

ওয়াহাবী আন্দোলনের সূচনা

১৮২৭ খ্রীষ্টাব্দে সৈয়দ আহম্মদ পাঞ্জাবের শিখদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। চার বৎসর পর শিখদের সঙ্গে যুদ্ধে সৈয়দ আহম্মদ নিহত হন। তাঁর মৃত্যুর পর খলিফা এনায়েৎ আলীর নেতৃত্বে বিদ্রোহীদের আস্তানা উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের সীতানা দুর্গে স্থানান্তরিত হয়। এই সীতানা দুর্গ থেকে ওয়াহাবীদের ধর্মযুদ্ধ পুরোদমে চলতে থাকে। এই আন্দোলন বাংলা, বিহার, মীরাট, হায়দ্রাবাদ প্রভৃতি অঞ্চলে ছড়িয়ে পড়ে। ব্রিটিশ বাহিনী বিদ্রোহ দমনের প্রচেষ্টায় বার বার ব্যর্থ হয়। শেষ পর্যন্ত ইংল্যান্ডের মহারানীর বিরুদ্ধে ষড়যন্ত্র ও যুদ্ধ ঘোষণার অভিযোগে নেতৃস্থানীয় কয়েকজন ওয়াহাবীকে কারারুদ্ধ করা হয় এবং

আন্দোলনের প্রসার

তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। বিচারে বিদ্রোহীদের যাবজ্জীবন কারাদন্ড হয় এবং অনেকের প্রাণদন্ড হয়। ১৮৭০ খ্রীষ্টাব্দের পর এই আন্দোলনের অবসান ঘটে।

বাংলাদেশে ওয়াহাবী আন্দোলনের নেতা ছিলেন মীর নিসার আলি। নিসার আলি 'তিতুমীর' বা 'তিতুমিঞা' নামেই বেশী পরিচিত। ১৮২৭ খ্রীষ্টাব্দে তিতুমীর বারাসতে ওয়াহাবী আদর্শ প্রচার শুরু করেন। তাঁর নেতৃত্বে যশোর ও নদীয়ার একদল কৃষক ও তন্তুবায় এই আন্দোলনে যোগদান করে। জমিদার ও মহাজনদের অত্যাচার ও শোষণের বিরুদ্ধে তিতুমীর প্রচার শুরু করেন। তিতুর প্রচারে সম্ভ্রান্ত ধনী মুসলমানগণ ও মোল্লাগণ তাঁর প্রতি বিরূপ হয়ে ওঠে। সেইসঙ্গে হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের জমিদার, মহাজন ও নীলকর সাহেবগণ ঐক্যবন্ধভাবে ওয়াহাবী আন্দোলন দমন করতে বদ্ধপরিকর হয়। তিতুমীর চব্বিশ পরগনা জেলার নারকেলবেড়িয়াতে এক 'বাঁশের কেল্লা' তৈরি করেন। নদীয়া, চব্বিশ পরগমা ও বারাসতের বিভিন্ন জায়গায় নীলকুঠি ও জমিদারদের গৃহ তিতুমীরের নেতৃত্বে আক্রান্ত হয়। শেষ পর্যন্ত ১৮৩১ খ্রীষ্টাব্দে একজন কর্ণেলের নেতৃত্বে ব্রিটিশবাহিনী এই কেল্লা ধ্বংস করে। তিতু এই যুদ্ধে নিহত হন। দুর্বল সংগঠন ও অস্ত্রশস্ত্রের অপ্রাচুর্য নিয়ে শক্তিশালী ব্রিটিশ শক্তির বিরুদ্ধে স্বাধীনতা প্রতিষ্ঠার এই প্রচেষ্টা নিঃসন্দেহে অবিস্মরণীয়।

বাংলাদেশে ওয়াহাবী আন্দোলন

ওয়াহাবী আন্দোলন প্রথমদিকে মূলতঃ ধর্মসংস্কার আন্দোলন রূপে আবির্ভূত হয় ও বিশেষতঃ নিম্নশ্রেণীর মুসলমানগণ এতে অংশগ্রহণ করে। হিন্দু সম্প্রদায়ের অধিকাংশই প্রথমদিকে এই আন্দোলনের উদ্দেশ্য ও প্রকৃতি সম্পর্কে সন্দিহান ছিল। কিন্তু শিখ রাজ্যের পতনের পর যখন এই আন্দোলন ব্রিটিশ-বিরোধী রাজনৈতিক আন্দোলনে পরিণত হয় তখন অনেক হিন্দুই এর প্রতি সহানুভূতিশীল হয়ে ওঠে। বাংলাদেশের বারাসতে এই আন্দোলন অনেকাংশে শ্রেণী সংগ্রামের রূপ নেয় ও জাতিধর্ম নির্বিশেষে কৃষক সম্প্রদায় জমিদারদের বিরুদ্ধে লড়াইয়ে যোগদান করে। কিন্তু এত ব্যাপকতা সত্ত্বেও ওয়াহাবী আন্দোলনকে জাতীয় আন্দোলনের পর্যায়ে গ্রহণ করা যায় না। ডক্টর রমেশচন্দ্র মজুমদারের ভাষায় 'It was a movement of the Muslims, by the Muslims and for the Muslims' হিন্দু সম্প্রদায়ের অধিকাংশ এই আন্দোলন থেকে নিজেদের দূরে সরিয়ে রাখে। ব্রিটিশ শাসন থেকে ভারতবর্ষকে মুক্ত করার সংকল্পে ওয়াহাবী সম্প্রদায় অনুপ্রাণিত হয় সত্য, কিন্তু তাদের এই সংগ্রাম ভারতবর্ষের স্বাধীনতার জন্য নয়, মূলতঃ মুসলমান আধিপত্য পুনঃপ্রতিষ্ঠার জন্যই সংগঠিত হয়। প্রসঙ্গতঃ বলা যায় যে, ওয়াহাবী আন্দোলন ভারতবর্ষের পরবর্তীকালের আলিগড় আন্দোলন, খিলাফৎ আন্দোলন, অখিল মুসলমান আন্দোলন ও পাকিস্তান প্রভৃতি মুসলিম আন্দোলনের পথিকৃৎ। কিন্তু ব্রিটিশ ঐতিহাসিক স্মিথ (W. C. Smith) ওয়াহাবী আন্দোলনকে সাম্প্রদায়িক আখ্যা দেননি। তাঁর মতে অর্থনৈতিক দিক দিয়ে এই আন্দোলন ছিল পুরোমাত্রায় শ্রেণীসংগ্রাম। গ্রামকেন্দ্রিক ভারতবর্ষের গ্রাম্য অর্থনৈতিক শোষণের বিরুদ্ধে কৃষকের সপক্ষেই

আন্দোলনের বৈশিষ্ট্য

আন্দোলনের নেতারা বক্তব্য রেখেছিলেন। কাজেই বলা যায় যে, ওয়াহাবীদের ধর্মনৈতিক ও অর্থনৈতিক আন্দোলন ব্রিটিশ-বিরোধী সশস্ত্র সংগ্রামে পরিণত হয়েছিল। প্রাচীন মূল্যবোধকে আদর্শ হিসেবে সামনে রেখে কৃষকদের সামাজিক ও সম্পত্তিগত সমতা অর্জনের লক্ষ্যই ছিল ওয়াহাবীদের মূল উদ্দেশ্য।

উপজাতীয়দের বিদ্রোহ : ভারতে ব্রিটিশ শক্তির প্রসারের সঙ্গে সঙ্গে বিভিন্ন স্থানের পার্বত্য ও অরণ্যচারী উপজাতিসমূহ ব্রিটিশ শোষণ-নীতির শিকার হয়। জমিদার, ব্যবসায়ী, মহাজন, জোতদার, ইজারাদার প্রভৃতি ব্রিটিশ শাসনের প্রতিনিধিদের অত্যাচারের বিরুদ্ধে উপজাতিরা বিদ্রোহের জন্য প্রস্তুত হয়। অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগ থেকে উপজাতিদের সশস্ত্র সংগ্রাম শুরু হয়। ভারতবর্ষের ইতিহাসে তাদের বীরত্ব ও সংগ্রাম এক গৌরবোজ্জ্বল অধ্যায়। উড়িষ্যার খন্দ, কচ্ছ সীমান্তে কোল, খান্দেশের ভীল, মণিপুর ত্রিপুরার কুকি প্রভৃতি উপজাতিরা ব্রিটিশের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। এইসব উপজাতিদের বিদ্রোহের মধ্যে কোল বিদ্রোহ ও সাঁওতাল বিদ্রোহ বিশেষভাবে উল্লেখযোগ্য।

উপজাতি বিদ্রোহের পটভূমি

কোল বিদ্রোহ : কোল উপজাতিরা বিহার সীমান্তে বাস করত। তারা 'রাজা' উপাধিধারী দলপতিদের অধীনে বসবাস করত। ব্রিটিশ সরকার কোল দলপতি 'মুন্ডা'-র কাছ থেকে গ্রামগুলি কেড়ে নিয়ে সেখানকার খাজনা আদায়ের দায়িত্ব শিখ ও মুসলমানদের মধ্যে অর্পণ করে। এর প্রতিবাদ-স্বরূপ ১৮৩১ খ্রীষ্টাব্দে 'কোল' সম্প্রদায় বিদ্রোহী হয়ে ওঠে। রাঁচীতেই প্রথম কোল বিদ্রোহ শুরু হয়। রাঁচী-হাজারীবাগ অঞ্চলের প্রায় ৪ হাজার বর্গমাইল অঞ্চল জুড়ে এই বিদ্রোহ ছড়িয়ে পড়ে। সিংভূম ব্রিটিশের অধিকারে আসায় পোরহাটের রাজার অধীনস্থ 'হো' প্রজারাও এই বিদ্রোহে যোগদান করে। বিদ্রোহ ক্রমে পালামৌ, মানভূম প্রভৃতি অঞ্চলে বিস্তৃত হয়। ব্যাপক সামরিক অভিযান ও অকথ্য অত্যাচার চালিয়ে ১৮৩২ খ্রীষ্টাব্দে এই বিদ্রোহ দমন করা হয়। কিছুদিন পর 'হো'রা পুনরায় বিদ্রোহী হলে তাদের বিদ্রোহ দমন করা হয়। কোল বিদ্রোহের নায়কদের মধ্যে বুদ্ধু ভগত, জোয়া ভগত, নরেন্দ্র শা মানকি প্রমুখের নাম উল্লেখযোগ্য।

রাঁচী-হাজারীবাগ অঞ্চলের বিদ্রোহ

সাঁওতাল বিদ্রোহ : কোম্পানী শাসনের আমলে যে সমস্ত আদিম উপজাতিদের সশস্ত্র সংগ্রাম হয়েছিল সাঁওতাল বিদ্রোহ তার মধ্যে বিশেষ উল্লেখের দাবি রাখে। ইংরেজ শাসন এবং শোষণের কবল থেকে মুক্তি ও স্বাধীনতা প্রতিষ্ঠার ধ্বনিই ছিল এই বিদ্রোহের মূলমন্ত্র। সাঁওতাল বিদ্রোহ যে সাঁওতাল অঞ্চলের মুক্তি-সংগ্রাম সে কথা ব্রিটিশ ঐতিহাসিক ও শাসকবর্গ স্বীকার করেছেন।

সাঁওতালগণ তাদের আদি বাসভূমি ছেড়ে ১৭৯০ খ্রীঃ থেকে বাংলা ও বাংলা-বিহার সীমান্তে আসতে শুরু করে। পরবর্তীকালে তারা ক্রমশঃ বীরভূম, বাঁকুড়া, মুর্শিদাবাদ, দুমকা, পাকুড়, ভাগলপুর, পূর্ণিয়া প্রভৃতি অঞ্চলে ছড়িয়ে পড়ে। ভাগলপুরের

দামিন-ই-কো ছিল সর্বপ্রধান সাঁওতাল অধ্যুষিত অঞ্চল। সাঁওতালেরা এই অঞ্চলে বন কেটে বসত এবং চাষবাস আরম্ভ করার সাথে সাথে আরো অন্যান্য সম্প্রদায় এখানে এসে হাজির হয়। গরীব ও সরল সাঁওতালদের শোষণ করার জন্য বাঙালী, পাঞ্জাবী, ভাটিয়া মহাজনরা বারহাইত শহরে এসে জেঁকে বসে। সাঁওতালদের কাছ থেকে মহাজনরা চড়া হারে সুদ গ্রহণ করত। একজন সাঁওতালকে তার ঋণের জন্য জমির ফসল, লাঙ্গলের বলদ, এমনকি নিজেকে ও তার পরিবারকে পর্যন্ত হারাতে হত। আর সেই ঋণের দশগুণ পরিমাণ পরিশোধ করলেও তার প্রকৃত ঋণের বোঝা একই রকম থেকে যেত। বারহাইত আর হিরণপুর ছিল মহাজনদের প্রধান আড্ডা। মহাজন লুটেরাদের পাশেই ছিল জমিদার শ্রেণী। এছাড়া জমিদারদের গোমস্তা, পেয়াদা, পুলিস, রাজস্ব কর্মচারী, আদালতের আমলা সম্প্রদায় সকলে মিলে সাঁওতালদের উপর শোষণ, বলপ্রয়োগ, অপশাসন, প্রহার ও নানা প্রকারের উৎপীড়নের জাল বিস্তার করে চলেছিল। সাঁওতাল রমণীদের অসম্মান করা দৈনন্দিন ব্যাপারে দাঁড়িয়েছিল।

বিদ্রোহের কারণ

এই প্রকার শোষণ, অত্যাচার ও অবিচারের বিরুদ্ধে ১৮৫৫ খ্রীষ্টাব্দে সাঁওতালগণ বিদ্রোহী হয়ে ওঠে। বিদ্রোহের নেতৃত্ব গ্রহণ করেন সিদু, কানু, চাঁদ, ভৈরব। ৩০শে জুন ভাগনাদিহি গ্রামে প্রায় দশ হাজার সাঁওতালের জমায়েতে সিদু-কানুর নির্দেশে সাঁওতালরা শপথ গ্রহণ করে যে, দামিন-ই-কো থেকে সকল প্রকার শোষক মহাজনদের উচ্ছেদ করে তারা জমি দখল করবে ও সাঁওতালদের স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করবে। ৩০শে জুনের জমায়েত থেকেই সমতল ভূমির উপর দিয়ে কলকাতা অভিমুখে প্রায় ত্রিশহাজার সাঁওতালের বিরাট অভিযান শুরু হয়। বিদ্রোহী সাঁওতালরা পাকুড়, মহেশপুর প্রভৃতি জায়গায় মহাজন, শোষক ও উৎপীড়কদের নির্বিচারে হত্যা করে ও জমিদারদের গৃহ লুন্ঠন ও ভস্মীভূত করে। বিভিন্ন স্থানে ইংরেজ কুঠিয়ালরা এই বিদ্রোহীদের হাতে নিহত হয়। বীরভূম, বাঁকুড়া, মুর্শিদাবাদ, ভাগলপুর ও রাজমহল জেলায় বিদ্রোহের আগুন বিস্তারলাভ করে।

বিদ্রোহের সূচনা ও প্রসার

সাঁওতাল বিদ্রোহের সংবাদ ব্রিটিশ শাসকদের স্তম্ভিত করে। ভাগলপুরের কমিশনার মেজর বারোজকে বিদ্রোহীদের বাধাদানের নির্দেশ দেওয়া হয়। কিন্তু বিদ্রোহীদের আক্রমণের সম্মুখে ইংরেজ বাহিনী সম্পূর্ণরূপে পরাজিত হয়। শেষ পর্যন্ত বিদ্রোহ দমনের জন্য সামরিক বাহিনীর উপর দায়িত্ব অর্পণ করা হয়। ইংরেজ সরকার সামরিক আইন জারি করে। ব্রিটিশ বাহিনী কর্তৃক সাঁওতালদের উপর অকথ্য বর্বর অত্যাচার, ধ্বংস ও হত্যার তান্ডবলীলা শুরু হয়। অবশেষে ১৮৫৬ খ্রীষ্টাব্দের ফেব্রুয়ারী মাসে এক বৎসর ব্যাপী সাঁওতাল বিদ্রোহের অবসান ঘটে।

বিদ্রোহ দমন

সাঁওতাল বিদ্রোহ ব্যর্থ হলেও তাদের এই সংগ্রাম বাংলা তথা ভারতের কৃষক

বিদ্রোহের ইতিহাস ও ঐতিহ্যকে গৌরবান্বিত করেছে। তাদের বীরত্বের কাহিনী পরবর্তীকালের শোষিত কৃষকদের সংগ্রামকে অনুপ্রাণিত করেছে।

বিদ্রোহের গুরুত্ব

বিদ্রোহীদের দাবি পুরোপুরি না মেনে নিলেও ব্রিটিশ সরকার সাঁওতালদের জন্য কয়েকটি ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হন। সাঁওতাল অধ্যুষিত এলাকা নিয়ে সাঁওতাল পরগনা গঠন করা হয়। সাঁওতাল কৃষককে কিছু কিছু জমিও দেওয়া হয় এবং শোষণ-পীড়নের মাত্রাও আগের তুলনায় হ্রাস পায়। কিন্তু এগুলি ছিল তাদের প্রয়োজনের তুলনায় খুবই কম। ফলে শোষণ অব্যাহত থাকে, এবং এর বিরুদ্ধে পরবর্তীকালে ব্যাপক গণবিভোক্ষ দেখা দেয়। পরবর্তীকালে ভারতবর্ষের কৃষক সম্প্রদায়ের যে সংগ্রাম তীব্রতা লাভ করে সাঁওতাল বিদ্রোহ তারই সূচনা করে।

ত্রয়োবিংশ অধ্যায় | ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ

আধুনিক ভারতবর্ষের ইতিহাসে ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহ বা মহাবিদ্রোহ এক গৌরবময় অধ্যায়। এই বিদ্রোহ উত্তর ও মধ্যভারতে এক ব্যাপক গণবিদ্রোহের আকার ধারণ করে। লর্ড ক্যানিং তখন এদেশের গভর্নর জেনারেল। নিছক 'সিপাহী বিদ্রোহ' নামে ব্রিটিশ সরকার কর্তৃক অভিহিত এই সংগ্রাম শুধু সিপাহীদের মধ্যে সীমাবদ্ধ ছিল না। বিরাট এলাকার জনগণের মধ্যেও এই বিদ্রোহের আগুন ছড়িয়ে পড়ে।

বিদ্রোহের কারণ: ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের পেছনে নানা কারণ ছিল। এগুলিকে অর্থনৈতিক, রাজনৈতিক, শাসন সংক্রান্ত, সামাজিক, ধর্মনৈতিক ও সামরিক প্রভৃতি ভাগে ভাগ করা যেতে পারে।

অর্থনৈতিক: ব্রিটিশ শাসকশক্তি একশত বৎসর ধরে যে ভাবে ভারতবর্ষের অর্থনৈতিক জীবন বিধ্বস্ত করেছিল পৃথিবীর ইতিহাসে তার দৃষ্টান্ত নেই। বিভিন্ন অঞ্চলে ব্রিটিশ প্রবর্তিত বিভিন্ন প্রকারের ভূমি রাজস্ব ব্যবস্থার ফলে জমিদার, কৃষক, ক্ষুদ্র চাষী—সকলের উপরেই প্রচন্ড আঘাত নেমে আসে। ইংরেজদের শোষণমূলক শিল্পনীতির ফলে ভারতীয় শিল্পোদ্যোগ প্রচন্ডভাবে বাধাপ্রাপ্ত হয়। এদেশের গ্রামীণ সমাজে কৃষি ও কুটীর-শিল্পের উপর প্রতিষ্ঠিত প্রচলিত দ্বৈত অর্থনীতিক কাঠামো (Dual Economy) ধ্বংসপ্রাপ্ত হয়। বিরাট সংখ্যক চাষী-মজুর-কারিগর শ্রেণীর মানুষ জীবিকা নির্বাহের জন্য বাধ্য হয়ে জমির উপর ভীড় বাড়ায়। দেশের অনেক সম্ভ্রান্ত রাজরাজড়ারাও অর্থনৈতিক ক্ষতির হাত থেকে রেহাই পান না। বিলাতী শিল্পজাত দ্রব্য এদেশে জোর করে আমদানি শুরু হয়। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে ব্রিটিশদের একচেটিয়া অধিকার প্রতিষ্ঠিত হয়। দেশীয় বণিকরা বিনাশুল্কে ব্যবসা না করতে পারায় ইংরেজ বণিকদের সঙ্গে প্রতিযোগিতায় মার খায়, তাদের কাজকারবার লাটে ওঠে। এ ছাড়া ভারতবর্ষ থেকে খাদ্য রপ্তানির পরিমাণ বছর বছর বৃদ্ধি পাওয়ায় দেশবাসী দুর্ভিক্ষের কবলে পড়তে থাকে। এদেশের সোনা, রূপা প্রভৃতি মূল্যবান ধাতু ব্রিটিশ বণিকরা নিজেদের দেশে চালান করতে শুরু করে। ভারতবর্ষ ক্রমে ব্রিটেনের অর্থনৈতিক শিকারে পরিণত হয়।

সার্বিক অর্থনৈতিক বিপর্যয়

দেশীয় বাণিজ্যের ক্ষতি

সমাজের উচ্চ ও মধ্যবিত্ত মানুষেরা সরকারী শাসনব্যবস্থায় উচ্চপদগুলি থেকে বঞ্চিত হওয়ায় আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। দেশীয় রাজা-মহারাজ বা নাবব-বাদশাহদের দরবারে যাঁরা শিল্পকলা চর্চার জন্য নিযুক্ত থাকতেন তাঁরাও জীবিকাচ্যুত হয়ে পড়েন।

অন্যান্য শ্রেণীরও অর্থ নৈতিক বিপর্যয়

রাজনৈতিক: ব্রিটিশ সরকারের সাম্রাজ্যবাদী স্বৈরাচারী নীতি মহাবিদ্রোহের পটভূমিকা রচনা করে। লর্ড ওয়েলেসলীর আমল থেকে কোম্পানীর রাজ্যগ্রাস নীতি

লর্ড ডালহৌসীর সময় চরম সীমায় উপনীত হয়। ডালহৌসী-প্রবর্তিত স্বত্ত্ববিলোপ নীতি দেশীয় রাজাদের মধ্যে চরম অসন্তোষ ও সন্ত্রাসের সৃষ্টি করে। এই নীতির শিকার হয় সাতারা, ঝাঁসি, সম্বলপুর ও নাগপুর। তাঞ্জোর ও কর্ণাটকের রাজপরিবারের বৃত্তি ও নানা সাহেবের ভাতা বন্ধ করে দেওয়া হয়। ডালহৌসী মোগল সম্রাটের উপাধি পর্যন্ত বিলুপ্ত করার ষড়যন্ত্র করেন। কুশাসনের শাস্তি হিসেবে অযোধ্যার নবাবকে রাজ্যচ্যুত করে এবং অযোধ্যার কোষাগার নির্লজ্জভাবে লুন্ঠন করে চরম অমানুষিকতার পরিচয় দেওয়া হয়। ক্ষমতাচ্যুত ও সম্পত্তিচ্যুত রাজন্যবর্গ কোম্পানীর শাসন ও শোষণের বিরুদ্ধে বিক্ষুব্ধ হয়ে ওঠেন।

দেশীয় রাজন্যবর্গের উপর অত্যাচার

কুশাসনের অজুহাতে অযোধ্যাকে ব্রিটিশ কবলীভুক্ত করা হলো। অযোধ্যার হাজার হাজার রাজকর্মচারী, সম্ভ্রান্ত পুরুষ, সৈনিক, বণিক, ব্যবসায়ী ইত্যাদি শ্রেণীর মানুষ চরম আর্থিক সংকটের সম্মুখীন হন। ভারতীয় সিপাহীদের মধ্যে অযোধ্যা রাজ্যের মানুষই বেশী ছিল। স্বাভাবিক কারণে তারাও ব্রিটিশ-বিরোধী হয়ে ওঠে।

সাধারণ মানুষের সংকট

অপরদিকে ব্রিটিশের আশ্রিত রাজ্যগুলিতে কুশাসনের ফলে ব্রিটিশ বিরোধী মনোভাব সশস্ত্র সংগ্রামের আকার নেয়। ১৮০৪ খ্রীষ্টাব্দে সৈনিকদের ভাতা হ্রাস করার চক্রান্ত হলে ত্রিবাঙ্কুর রাজ্যে সেনাবাহিনী বিদ্রোহ ঘোষণা করে। ১৮১৫-১৮ খ্রীষ্টাব্দে দ্বিতীয় বাজীরাওয়ের প্ররোচনায় রাজপুতানা অঞ্চলে কয়েকটি ব্রিটিশ-বিরোধী বিদ্রোহ ছড়িয়ে পড়ে। ব্রিটিশের সাম্রাজ্যবাদী নীতির প্রতিক্রিয়া স্বরূপ ভারতবর্ষের নানা স্থানে কোলারী, খন্দ ও সাঁওতাল প্রভৃতি উপজাতিরা সশস্ত্র সংগ্রামের পথ গ্রহণ করে।

ব্রিটিশ-বিরোধী আন্দোলন

শাসন সংক্রান্ত : বিদেশী শাসনের প্রতি সহজাত বিদ্বেষ ছাড়াও ব্রিটিশ-প্রবর্তিত শাসনব্যবস্থার বিরুদ্ধে প্রতিকূল মনোভাবের সৃষ্টি হয়। বহু শতাব্দী ধরে গড়ে ওঠা শাসনব্যবস্থার সাথে পরিচিত মানুষ ব্রিটিশ শাসন-ব্যবস্থার বিদেশীয়ানার সাথে নিজেদের খাপ খাওয়াতে পারে না। বিদেশী আইন কানুনও মানুষের বোধগম্য হয় না। প্রশাসনের নিম্নস্তরে ব্যাপক দুর্নীতি বাসা বাঁধায় সাধারণ মানুষের দুর্গতির সীমা থাকে না। বিচার বিভাগের জটিল ব্যবস্থার সুযোগ নিয়ে ধনী ব্যক্তিরা গরীবদের উপর জুলুম চালায়।

ব্রিটিশ শাসনের বিদেশীয়ানা

সামাজিক : সামাজিক জীবনে ইংরেজরা ভারতীয়দের সঙ্গে কোনও সম্পর্ক স্থাপন করতে চায়নি। তারা নিজেদের ভারতীয়দের চেয়ে উচ্চতর জাত বলে মনে করত। কাজেই ভারতীয়দের প্রতি এদের চালচলন ও ব্যবহার ছিল ঔদ্ধত্যে ভরা। উদ্ধত ও গর্বিত এই ইংরেজদের কাছে 'নেটিভ' ভারতীয়রা ছিল বর্বর বা অর্ধসভ্য। আহমদ খান বলেছেন যে, ব্রিটিশ রাজকর্মচারীর সঙ্গে দেখা করতে গিয়ে অত্যন্ত সম্ভ্রান্ত কোন ভারতীয় ভদ্রলোকও ভয়

উদ্ধত ও বিজাতীয় দৃষ্টিভঙ্গী

পেতেন। কাজেই ব্রিটিশরা যে ভারতের উপকার করতে আসেনি একথা বুঝতে ভারতবাসীর কষ্ট হয়নি। অপরপক্ষে ভারতে ইংরেজ কর্তৃক পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতা বিস্তারের ফলে প্রাচীনপন্থী রক্ষণশীল ভারত-বাসীর মনে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। রেলপথ ও টেলিগ্রাফ স্থাপন, সতীদাহ ও শিশু বিসর্জন প্রথার বিলুপ্তি সাধন, হিন্দু বিধবা বিবাহ আইন প্রভৃতি বিষয় রক্ষণশীল ভারতবাসীর মধ্যে বিক্ষোভ ও অসন্তোষ সৃষ্টি করে।

প্রাচীনপন্থী ভারতীয়দের প্রতিক্রিয়া

ধর্ম নৈতিক : ব্রিটিশ শাসনের বিরুদ্ধে ভারতবাসীর বিক্ষোভের ধর্মীয় কারণও ছিল। মিশনারী সম্প্রদায়ের ব্যাপক ধর্মীয় কর্মসূচীই এই আতংকের প্রধান কারণ ছিল। সরকারী শিক্ষায়তনে বাইবেল পড়ানোর ব্যবস্থা, সরকারী বন্দীশালায় ও সিপাহীদের মধ্যে খ্রীষ্টধর্ম প্রচার, মন্দির ও মসজিদের জমির উপর কর আরোপ, হিন্দু ও ইসলাম ধর্মের বিরুদ্ধে প্রকাশ্য মিথ্যা প্রচার ভারতীয়দের ধর্মনাশের আশংকাকে আরো বৃদ্ধি করে। সরকার প্রবর্তিত আইনের দ্বারা একজন খ্রীষ্টধর্ম অবলম্বনকারীকে পৈতৃক সম্পত্তি থেকে বঞ্চিত করা রোধ করায় ধর্মভীরু ভারতীয়দের মনে আতংকের সৃষ্টি হয়।

খ্রীষ্টান ধর্মপ্রচারকদের কর্মসূচী

সামরিক : সারা দেশব্যাপী অসন্তোষ ও বিক্ষোভের ক্ষেত্র প্রস্তুত হলেও যতদিন পর্যন্ত সিপাহীরা ব্রিটিশ শাসনের প্রতি অনুগত ছিল ততদিন বিক্ষুব্ধ ভারতবাসী ঐক্যবদ্ধভাবে বিদ্রোহী হওয়ার সুযোগলাভ করেনি। ব্রিটিশ মনিবদের বিরুদ্ধে সিপাহীদের বিক্ষোভেরও অনেক কারণ ছিল। বেতন ও পদোন্নতির ব্যাপারে ইংরেজ ও ভারতীয়দের মধ্যে বৈষম্যমূলক নীতি প্রচলিত ছিল। উচ্চপদস্থ ব্রিটিশ সামরিক কর্মচারীরা ভারতীয়দের ঘৃণার চোখে দেখত। বিদেশে দীর্ঘদিন যুদ্ধে লিপ্ত থাকার সময় সিপাহীদের অতিরিক্ত ভাতার দাবি মেনে নেওয়া হত না। 'বেঙ্গল আর্মি'র উচ্চজাতি-অন্তর্ভুক্ত সিপাহীরা ব্রিটিশ কর্তৃক ভারতবর্ষের পাশ্চাত্যকরণ ও ধর্মান্তরিতকরণ নীতিকে সন্দেহের চোখে দেখত। জেনারেল সার্ভিস এনলিস্টমেন্ট আইন দ্বারা সেনাবাহিনীকে ভারতের বাইরে এবং ভেতরে যুদ্ধ অভিযানে অংশগ্রহণে বাধ্য করা হত। এই আইন সিপাহীদের কাছে তাদের ধর্মমত-বিরোধী ছিল। কারণ তখনকার দিনে 'কালাপানি' অর্থাৎ সমুদ্রযাত্রা করলে জাতি ও ধর্মচ্যুত হতে হত।

বৈষম্যমূলক নীতি ও আচরণ

এই সময় ভারতীয় সেনাবিভাগে ইংরেজ সৈন্য অপেক্ষা ভারতীয় সৈন্য অধিক সংখ্যায় থাকায় সিপাহীদের আত্মপ্রত্যয় ও সচেতনতা বৃদ্ধি পায়। এ ছাড়া ঐ সময় অনুষ্ঠিত প্রথম আফগান যুদ্ধ (১৮৩৯ খ্রীঃ), পাঞ্জাবের যুদ্ধ (১৮৪৫ খ্রীঃ) ও ক্রিমিয়ার যুদ্ধে (১৮৫৪ খ্রীঃ) ব্রিটিশ শক্তির বিপর্যয়ের ঘটনায় সিপাহীরা ভেবেছিল যে ব্রিটিশ শক্তি অজেয় নয়।

ব্রিটিশের পরাজয় ও সিপাহীদের আত্মপ্রত্যয়

মহাবিদ্রোহের প্রত্যক্ষ কারণ : ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিদ্রোহের বারুদ বলতে যা বোঝায় তা তৈরিই ছিল। এনফিল্ড রাইফেল সেই বারুদে স্ফুলিঙ্গ সংযোগ করে।

এনফিল্ড রাইফেল

উক্ত রাইফেলের কার্তুজ দাঁত দিয়ে কেটে পুরতে হ'ত। সিপাহীদের মধ্যে একটা গুজব ছড়িয়ে পড়ে যে গরু ও শুয়োরের চর্বিমিশ্রিত ঐ কার্তুজ হিন্দু ও মুসলমান সম্প্রদায়ভুক্ত সৈনিকদের ধর্মনাশ করবে। কাজেই বিদ্রোহ ঘোষণা ছাড়া সিপাহীদের আর কিছু করার থাকে না। ১৮৫৭ খ্রীষ্টাব্দে ২৯শে মার্চ ব্যারাকপুরের মঙ্গল পান্ডে নামক জনৈক সৈনিক বিদ্রোহ করলে শতদ্রু থেকে নর্মদা পর্যন্ত সারা ভারত জুড়ে বিদ্রোহের আগুন জ্বলে ওঠে।

মহাবিদ্রোহের প্রসার ও পরিণতি : ১০ই মে, ১৮৫৭, দিল্লী থেকে ৩৬ মাইল দূরে উত্তর ভারতের মীরাট শহরে মহাবিদ্রোহ বিশাল আকার ধারণ করে। মীরাট

মীরাট, দিল্লী, লক্ষ্মৌ, বেরিলী কানপুর ও ঝাঁসীতে বিদ্রোহের বিস্তার

থেকে বিদ্রোহ দিল্লীর দিকে অগ্রসর হয়। দিল্লীর পতন ঘটে। বৃদ্ধ সম্রাট বাহাদুর শাহকে বিদ্রোহীরা সম্রাট বলে ঘোষণা করে। অযোধ্যা এবং উত্তর প্রদেশে এই বিদ্রোহ সুবিস্তৃত ও শক্তিশালী হয়ে ওঠে। ক্রমে, লক্ষ্মৌ, শাহজাহানপুর, মোরাদাবাদ, এলাহাবাদ, ফতেপুর, কানপুর, ফৈজাবাদ প্রভৃতি বহুস্থানে বিদ্রোহের আগুন বিস্তৃত হয়। দিল্লী ছাড়া বিদ্রোহের প্রধান কেন্দ্র ছিল লক্ষ্মৌ, বেরিলী, কানপুর, ঝাঁসী এবং বিহারের আরা জেলা। বিদ্রোহের প্রথম দিকে ব্রিটিশরা বহু জায়গায় পরাজিত ও পর্যুদস্ত হলেও জন ও' হেনরী লরেন্স, হ্যাভলক, প্রমুখ ব্রিটিশ

বিদ্রোহের যবনিকা


সমরনায়কদের যুদ্ধ-কৌশল এবং শিখ, গোর্খা সৈন্যদের সহায়তায় বিদ্রোহ দমন করা সম্ভব হয়। ১৮৫৭ খ্রীষ্টাব্দের ২২শে সেপ্টেম্বর ইংরেজরা দিল্লী দখল করে। সম্রাট বাহাদুর শাহকে রেঙ্গুনে নির্বাসিত করা হয়। ১৮৫৯ খ্রীষ্টাব্দের মাঝামাঝি বিদ্রোহের উপর পূর্ণ যবনিকা পড়ে।

মহাবিদ্রোহে জনসাধারণের অংশগ্রহণ : বিরাট এলাকা জুড়ে বিস্তৃত এই বিদ্রোহে সিপাহীদের সঙ্গে জনসাধারণের বিদ্রোহ মিলে মিশে একাকার হয়ে পড়ে।

ইংরেজদের বিরুদ্ধে সাধারণ মানুষের সংগ্রাম

সিপাহীরা বিদ্রোহ ঘোষণা করার সঙ্গে সঙ্গে সাধারণ মানুষও বর্শা, টাঙ্গি, তীর-ধনুক, লাঠি বা গাদা বন্দুক নিয়ে ইংরেজদের বিরুদ্ধে লড়াইয়ে নেমে পড়ে। বিশেষ করে বর্তমান উত্তর প্রদেশ ও বিহারের চাষী মজুর শ্রেণীর সাধারণ মানুষের অংশগ্রহণ বিশেষভাবে উল্লেখ করার মত। জনসাধারণ মূলতঃ প্রাচীন জমিদার সম্প্রদায় ও সুদখোর মহাজনদের উপর আক্রমণ চালায়। বিদ্রোহীরা ব্রিটিশরাজের আদালত, থানার উপরও আক্রমণ করে। যেখানে বিদ্রোহ ঘটেনি সেখানেও বিদ্রোহীদের প্রতি জনসাধারণের সহানুভূতি পরিলক্ষিত হয়। যে সব সিপাহী ব্রিটিশদের পক্ষে ছিল জনসাধারণ তাদের সামাজিকভাবে বর্জন করে। সিপাহীদের সম্পর্কে কোনও সংবাদ এরা ব্রিটিশ সেনাবাহিনীকে দিত না, বরং ভুল সংবাদ দিয়ে বিভ্রান্ত করার চেষ্টা করত। **সাঁওতাল, ভীল, গুর্জর, বানজার, মেওয়াতি, জাঠ, চৌহান প্রমুখ** উপজাতিরাও বিদ্রোহে

যোগ দেয়। এদের আক্রমণস্থল ছিল ইংরেজের রাজস্ব দপ্তর। এই বিদ্রোহে জনসাধারণের অংশগ্রহণ সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ তথ্য হ'ল যে, ব্রিটিশ-বিরোধী লড়াইয়ে



সিপাহীদের চেয়ে জনসাধারণের সংখ্যা বেশী ছিল। জনসাধারণের এই অংশগ্রহণের একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হ'ল হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায় কর্তৃক কাঁধে কাঁধ মিলিয়ে একত্রে লড়াই করা।

কিন্তু একথা সত্য যে, ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের পেছনে সমাজের সর্বস্তরের সমর্থন বা সহযোগিতা ছিল না। ভারতের বিভিন্ন রাজ্যের রাজা বা বড় বড় জমিদারগণ এতে অংশগ্রহণ করেননি। সমাজের উচ্চ ও মধ্যবিত্ত শ্রেণীর অধিকাংশ মানুষ এর বিরোধী ছিল। আধুনিক শিক্ষায় শিক্ষিত ভারতবাসীও এই বিদ্রোহ সমর্থন করেননি।

সর্বস্তরের মানুষের সমর্থন ও সহযোগিতার অভাব

বিদ্রোহের নেতৃত্ব ঃ সিপাহীদের দ্বারা বিদ্রোহের আগুন প্রজ্জ্বলিত ও বিস্তৃত হলেও একথা ঠিক যে, এই মহাবিদ্রোহে ভারতের সামন্তপ্রভুরা বিভিন্নস্থানে নেতৃত্বের ভূমিকা গ্রহণ করেন। দিল্লীতে বিদ্রোহীদের প্রতীক হিসেবে ছিলেন সম্রাট বাহাদুর শাহ। কিন্তু বিদ্রোহের প্রধান কেন্দ্রে তাঁর মত দুর্বল ব্যক্তিত্ব বিদ্রোহকে রাজনৈতিক দিক থেকে দুর্বল করে। কানপুরে বিদ্রোহের নেতা ছিলেন পেশোয়া দ্বিতীয় বাজীরাওয়ের দত্তক পুত্র নানা সাহেব। নানা সাহেবের সংগ্রাম পরিচালনার ভার ছিল তাঁতিয়া তোপীর উপর। তাঁতিয়া তোপী ছিলেন রণকৌশলী ও দেশপ্রেমিক। নানা সাহেবের আর একজন অনুচর হলেন আজিমুল্লা।

সম্রাট বাহাদুর শাহ, নানা সাহেব, তাঁতিয়া তোপী

অযোধ্যার বেগম লক্ষ্মৌর বিদ্রোহের নেতৃত্ব গ্রহণ করেন। মহাবিদ্রোহের অন্যতম প্রধান নেত্রী ঝাঁসির রানী লক্ষ্মীবাই ভারতীয় ইতিহাসে বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি ব্রিটিশরাজের বিরুদ্ধে প্রত্যক্ষভাবে সিপাহীদের পক্ষে যোগদান করেন। তাঁর নিজস্ব সেনাবাহিনী ছিল। ১৮৫৮ খ্রীষ্টাব্দে তিনি যুদ্ধক্ষেত্রে প্রাণ বিসর্জন দেন। বিহারে বিদ্রোহের প্রধান নেতা ছিলেন কুনওয়ার সিং। তিনি বিহার, অযোধ্যা এবং মধ্যভারতেও বিদ্রোহের নেতৃত্ব দেন। ফৌজাবাদের মৌলভী আহম্মদউল্লাও মহাবিদ্রোহের এক উল্লেখযোগ্য নেতা ছিলেন। তিনি ছিলেন মাদ্রাজের অধিবাসী। অযোধ্যা, লক্ষ্মৌ ও রোহিলখন্ডে তিনি বিদ্রোহ পরিচালনা করেন। ব্রিটিশ ঐতিহাসিকরাও আহম্মদউল্লার দেশপ্রেম, বীরত্ব ও রণকৌশলের উচ্ছ্বসিত প্রশংসা করেন। এ ছাড়াও বেরিলীর খাঁন বাহাদুর খাঁ, অমরসিং প্রমুখের নাম এ প্রসঙ্গে উল্লেখযোগ্য।

রানী লক্ষ্মীবাঈ কুনওয়ার সিং, আহম্মদউল্লা

মহাবিদ্রোহের ব্যর্থতার কারণ ঃ ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের ব্যর্থতার কারণ মূলতঃ দুটি—সিপাহী পক্ষের দুর্বলতা ও ব্রিটিশ শাসকের উন্নত রণকৌশল ও বিদ্রোহ দমনের সুসংহত পরিকল্পনা।

প্রথমতঃ মহাবিদ্রোহ পরিচালনার জন্য কোনও সুসংহত কেন্দ্রীয় সংগঠন ছিল না। ফলে ইতস্ততঃ বিক্ষিপ্ত সশস্ত্র সংগ্রামকে দমন করা সহজ হয়েছিল।

দ্বিতীয়তঃ বিদ্রোহের নেতৃবর্গের মধ্যে ব্রিটিশ বিতাড়ন সম্পর্কে একই প্রকার আদর্শ বা ধারণার অভাব ছিল। তাছাড়া নেতৃবৃন্দের মধ্যে আত্মঘাতী কলহ-বিবাদও

ছিল। কাজেই নেতৃবৃন্দের স্বার্থপরতা, গোষ্ঠীতান্ত্রিক মনোবৃত্তি বিদ্রোহের প্রাণশক্তিকে দুর্বল করে।

তৃতীয়তঃ মহাবিদ্রোহের প্রস্তুতিস্বরূপ কোনও সুনির্দিষ্ট পরিকল্পনা না থাকায় প্রথমদিকে ব্রিটিশ বাহিনীকে পর্যুদস্ত করলেও বিদ্রোহীরা শেষ পর্যন্ত সফল হতে পারেনি।

চতুর্থতঃ মহাবিদ্রোহকে পরিচালনার জন্য সচেতন রাজনৈতিক দৃষ্টিভঙ্গী ও নেতৃত্বের যথেষ্ট অভাব ছিল। কাজেই সর্বভারতীয় সুযোগ্য নেতৃত্ব ও রাজনৈতিক দৃষ্টি-ভঙ্গীর অভাব থাকায় এই বিদ্রোহ ব্যর্থতায় পর্যবসিত হয়।

পঞ্চমতঃ বিদ্রোহীদের হাতে আধুনিক অস্ত্রশস্ত্রের যথেষ্ট অভাব ছিল।

অপরপক্ষে ব্রিটিশ বাহিনীর উন্নত রণকৌশল, টেলিগ্রাফ ব্যবস্থা ও ব্রিটিশ কূটকৌশল বিদ্রোহ দমনে যথেষ্ট সাহায্য করে। তাছাড়া অনেক দেশীয় রাজন্য ও সামন্তবর্গ বিদ্রোহ দমনে ব্রিটিশকে সাহায্য করে। শিখ ও গুর্খা বাহিনী বিদ্রোহ দমনে ব্রিটিশপক্ষ অবলম্বন করে। সর্বোপরি মুঘল সম্রাটের সেনাপতি ও কর্মচারীদের বিশ্বাসঘাতকতার ফলে বিদ্রোহীদের পরাজয় ত্বরান্বিত হয়।

মহাবিদ্রোহের প্রকৃতি : ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের প্রকৃতি সম্পর্কে ঐতিহাসিক মহলে মতভেদ ও বিতর্কের শেষ নেই। এই বিদ্রোহ কারো মতে সামরিক বিদ্রোহ, কেউ বলেন জাতীয় সংগ্রাম, আবার একদল এই বিদ্রোহকে সামন্ততান্ত্রিক প্রতিক্রিয়া হিসেবে আখ্যা দেন।

ঐতিহাসিকদের মধ্যে মতভেদ

ভি. সাভারকর রচিত, 'The Indian War of Independence' গ্রন্থটি প্রকাশিত হওয়ার পর মহাবিদ্রোহকে জাতীয় সংগ্রাম রূপে অভিহিত করার প্রবণতা দেখা যায়। প্রখ্যাত ঐতিহাসিক ডঃ রমেশচন্দ্র মজুমদারের মতে বিদ্রোহকে জাতীয় সংগ্রাম বলা যায় না, কারণ উত্তর প্রদেশ ও পার্শ্ববর্তী কয়েকটি অঞ্চল ছাড়া এই বিদ্রোহ জনবিদ্রোহে পরিণত হয়নি। তিনি প্রমাণ করতে চেয়েছেন যে, ব্রিটিশ কর্তৃক ব্যক্তিগত স্বার্থ ক্ষুণ্ণ হওয়ায় একদল দেশীয় রাজন্য ও সামন্তবর্গ বিদ্রোহে যোগদান করেন।

ডঃ রমেশচন্দ্র মজুমদারের মতামত

ডঃ মজুমদারের মতে ব্রিটিশ-বিরোধী যে কোনও সংগ্রামকে যদি জাতীয় স্বাধীনতা সংগ্রাম বলতে হয় সেক্ষেত্রে ওয়াহাবী আন্দোলন, পিন্ডারীদের বিদ্রোহকেও জাতীয় সংগ্রাম বলতে হয়। এছাড়া সিপাহী বিদ্রোহের পূর্বে অনুষ্ঠিত সাঁওতাল বিদ্রোহও ব্রিটিশের বিরুদ্ধে এক বিরাট সংগ্রামের আকার ধারণ করে। অতএব সেক্ষেত্রে সিপাহী বিদ্রোহকে প্রথম স্বাধীনতা সংগ্রাম বলা যায় না।

ঐতিহাসিক ডঃ সুরেন্দ্রনাথ সেন মন্তব্য করেছেন যে ১৮৫৭ সালের আন্দোলন প্রথমে সিপাহী বিদ্রোহ রূপে শুরু হলেও এই বিদ্রোহ সিপাহীদের মধ্যে সীমাবদ্ধ ছিল না। অযোধ্যায় এই বিদ্রোহ জাতীয় সংগ্রামে পরিণত হয়। ডঃ শশীভূষণ চৌধুরী এই বিদ্রোহকে সিপাহী বিদ্রোহ ও গণবিদ্রোহ দুই নামেই অভিহিত করেছেন।

ডঃ সুরেন্দ্রনাথ সেন ও ডঃ শশীভূষণ চৌধুরীর মতামত

মহাবিদ্রোহ সম্পর্কে পরস্পরবিরোধী মতবাদ যাই থাকুক না কেন, একথা নিঃসন্দেহে বলা যায় যে, মহাবিদ্রোহে বিদেশী শাসনের বিরুদ্ধে নানা ধরনের শক্তিসমূহ সংহত রূপ ধারণ করে। ব্রিটিশ কর্তৃক প্রতিষ্ঠিত রাজনৈতিক প্রভুত্ব ও নতুন ব্যবস্থা প্রবর্তনের বিরুদ্ধে এই বিদ্রোহ আত্মপ্রকাশ করে। এই সমস্ত সংগ্রামের মূল লক্ষ্য ছিল ভারতে ব্রিটিশ রাজশক্তিকে উচ্ছেদ করে ভারতীয়দের শাসন প্রতিষ্ঠা করা। এদিক দিয়ে এই প্রতিরোধের বৈশিষ্ট্য খুব স্পষ্ট। এইজন্যই কার্ল মার্কস সিপাহী বিদ্রোহকে ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম হিসেবে অভিহিত করেছেন।

ব্রিটিশ-বিরোধী সশস্ত্র স্বাধীনতা-সংগ্রাম

মহাবিদ্রোহের সঙ্গে পরবর্তীকালের মহাত্মা গান্ধী পরিচালিত অসহযোগ ও আইন অমান্য আন্দোলনের তুলনামূলক বিচার করলে মহাবিদ্রোহে গণচরিত্রের সুস্পষ্টতার পরিচয় মেলে। আইন অমান্য আন্দোলনে মাত্র ১ লক্ষ স্বেচ্ছাসেবক কারাবরণ করেন। কিন্তু মহাবিদ্রোহে অংশগ্রহণ করে লক্ষাধিক সিপাহী, কৃষক, কারিগর প্রভৃতি প্রাণবিসর্জন দেন। এ প্রসঙ্গে সুপ্রকাশ রায় মন্তব্য করেছেন—"যদি চল্লিশ কোটি মানুষের মধ্যে মাত্র একলক্ষ স্বেচ্ছাসেবকের কারাবরণ জাতীয় সংগ্রাম বলিয়া গণ্য হইতে পারে, তবে কোটি কোটি মানুষের সর্বস্বপণ সংগ্রাম ও লক্ষাধিক ভারতবাসীর আত্মবলিদানকে জাতীয় সংগ্রাম বলিতে অস্বীকার করা……ভারতের জনসাধারণের প্রতি চরম অবমাননা এবং চরম জনবিরোধী মনোভাবেরই পরিচায়ক।" কাজেই ভারতবর্ষের ইতিহাসে এই বিদ্রোহই প্রথম গণবিদ্রোহ।

সুপ্রকাশ রায়ের মন্তব্য

অনুশীলনী

প্রথম অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। ভারতবর্ষের প্রধান প্রধান প্রাকৃতিক বিভাগগুলি বর্ণনা কর।
২। ভারতের জাতিগোষ্ঠীর সংক্ষিপ্ত পরিচয় দাও।
৩। ভারতীয় ইতিহাসে ভৌগোলিক প্রভাব আলোচনা কর।
৪। "ভারতবর্ষের বৈচিত্র্যের মধ্যে ঐক্য বর্তমান"—ব্যাখ্যা কর।
৫। প্রাচীন ভারতের ইতিহাসের প্রধান উপাদানগুলির সংক্ষিপ্ত বর্ণনা দাও।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। আর্যাবর্তের তিনটি ও দাক্ষিণাত্যের দুটি বিভাগের নাম লিখ।
২। ভারতের কোন্ কোন্ জাতি মোঙ্গলয়েড অথবা নর্ডিক নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
৩। ভারতে একটি স্বতন্ত্র ও সমৃদ্ধ সভ্যতার বিকাশের কারণ কি?
৪। ভারতীয় সভ্যতার মূলগত ঐক্য বলতে কি বোঝায়?
৫। প্রাচীন ভারতের ইতিহাস রচনার অসুবিধা কি?
৬। ঐতিহাসিক উপাদান হিসাবে লিপির গুরুত্ব কি?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। বাংলা, বিহার, উড়িষ্যার অধিবাসীরা প্রধানতঃ কোন্ নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
২। ভারতের প্রাচীনতম ধর্মগ্রন্থ কি?
৩। প্রাচীন ভারতের ইতিহাস রচনায় সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান কি?
৪। 'রাজতরঙ্গিণী' কার রচনা?
৫। 'হর্ষচরিত' কে রচনা করেন?
৬। 'তহ্কিক-ই-হিন্দ' কে রচনা করেন?

দ্বিতীয় অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। পুরাতন প্রস্তরযুগ সম্বন্ধে যা জান লেখ।
২। নব্য প্রস্তরযুগ সম্বন্ধে কি জান?
৩। হরপ্পা সভ্যতার বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।
৪। হরপ্পা সভ্যতার মানুষদের অর্থনৈতিক অথবা সামাজিক ও ধর্মীয় জীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। হরপ্পা সভ্যতার নগর পরিকল্পনা সম্বন্ধে যা জান লেখ।
২। হরপ্পা সভ্যতার সঙ্গে বহির্বিশ্বের সম্পর্কের ওপর একটি টীকা লেখ।

৩। হরপ্পা সভ্যতার ধ্বংসের কারণ বিশ্লেষণ কর।

৪। হরপ্পা সভ্যতার নিদর্শন কোথায় কোথায় পাওয়া যায়? কে বা কারা তা আবিষ্কার করেন?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। ভারতবর্ষের প্রাচীনতম সভ্যতা কোন্‌টি?

২। হরপ্পা সভ্যতা আনুমানিক কোন্ সময়ের সভ্যতা?

৩। হরপ্পা বা সিন্ধু সভ্যতার লোকেদের প্রধান উপজীবিকা কি ছিল?

৪। হরপ্পা বা সিন্ধু সভ্যতার লোকেরা লোহার ব্যবহার জানত কি?

৫। হরপ্পা সভ্যতার বন্দর-নগরটির নাম কি?

তৃতীয় অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। আর্য কারা? তাদের আদি বাসভূমি সম্বন্ধে তোমার মতামত কি?

২। আর্যদের সাহিত্যচর্চা সম্বন্ধে কি জান?

৩। ঋগ্বেদের যুগে আর্যদের রাজনৈতিক ও সামাজিক জীবনের বর্ণনা দাও।

৪। পরবর্তী বৈদিকযুগে আর্যদের সামাজিক ও অর্থনৈতিক জীবনের বর্ণনা দাও।

৫। আর্যরা আনুমানিক কোন্ সময়ে ভারতে এসেছিল? বেদ ও উপনিষদ থেকে আমরা কি জানতে পারি?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। প্রাচীন ভারতের ইতিহাসে ঋগ্বেদের গুরুত্ব কি?

২। বেদ কয়ভাগে বিভক্ত? এই ভাগগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও।

৩। বেদাঙ্গ ও ষড়দর্শন সম্বন্ধে কি জান?

৪। বৈদিক যুগে আর্যদের সমাজজীবন আলোচনা কর।

৫। পরবর্তী বৈদিকযুগে আর্যদের সমাজ অথবা অর্থনৈতিক জীবন সম্বন্ধে আলোচনা কর।

৬। ভারত ইতিহাসে লৌহযুগের কাল নির্ণয় কর। এর গুরুত্ব কি?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। আনুমানিক কোন্ সময়ে আর্যরা ভারতে এসেছিল?

২। ইন্দো-ইউরোপীয় ভাষায় রচিত সবচেয়ে প্রাচীন গ্রন্থ কোন্‌টি?

৩। বেদের অন্য নাম কি?

৪। আর্য শাসনব্যবস্থায় গ্রামের সমষ্টিকে কি বলা হত?

৫। চতুরাশ্রমের শেষ আশ্রমটি কি?

৬। আনুমানিক কোন্ সময়ে ভারতে লৌহযুগ শুরু হয়েছিল?

চতুর্থ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন :

১। জৈন ও বৌদ্ধধর্মের অভ্যুত্থানের কারণ ব্যাখা কর।
২। বুদ্ধদেবের জীবনী সংক্ষেপে আলোচনা কর।
৩। বুদ্ধদেবের উপদেশ ও বৌদ্ধধর্মগ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও।
৪। হিন্দুধর্ম, জৈনধর্ম ও বৌদ্ধধর্মের মধ্যে কি কি সাদৃশ্য লক্ষ্য করা যায় ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

১। জৈনধর্মের একজন প্রধান প্রচারকের নাম লেখ। তিনি কি প্রচার করেছিলেন ?
২। 'দ্বাদশ অঙ্গ' সম্বন্ধে কি জান ?
৩। 'আর্যসত্য' কি ?
৪। 'অষ্টাঙ্গিক মার্গ' কি ?
৫। বৌদ্ধধর্মের প্রাথমিক সাফল্যের কারণ কি ?
৬। 'ত্রিপিটক' ও 'জাতক' সম্বন্ধে কি জান ?

বিষয়মুখী প্রশ্ন :

শূন্যস্থান পূর্ণ কর :

(ক) পার্শ্বনাথের প্রচারিত চারটি উপদেশ —— হল জৈনধর্মের মূল ভিত্তি।
(খ) জৈনধর্মের শেষ তীর্থঙ্করের নাম ——।
(গ) বুদ্ধদেব —— মৃগশিখা বনে তাঁর ধর্মমত ব্যাখ্যা করেন।
(ঘ) —— শতাব্দীর মধ্যেই বৌদ্ধধর্মের উদ্ভব ক্ষেত্র ভারতবর্ষ থেকে এই ধর্মের বিলুপ্তি ঘটে।

পঞ্চম অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন :

১। মগধ সাম্রাজ্যের ক্রমবিস্তারের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।
২। চন্দ্রগুপ্ত মৌর্য সম্বন্ধে যা জান লেখ।
৩। মৌর্য যুগের শাসনব্যবস্থা সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা কর।
৪। অশোকের জীবনী সংক্ষেপে লেখ।
৫। অশোকের ধর্মপ্রচার ও জনহিতকর কাজ সম্বন্ধে কি জান ?
৬। বিশ্ব ইতিহাসে অশোকের স্থান নিরূপণ কর অথবা অশোকের কৃতিত্ব আলোচনা কর।
৭। আলেকজান্ডারের ভারত-আক্রমণের ফলাফল কি হয়েছিল ?
৮। অশোকের মৃত্যুর পর ভারতে বৈদেশিক আক্রমণের বিবরণ দাও।
৯। মৌর্য যুগে ভারতে সমাজ ও অর্থনীতির একটি রেখাচিত্র অঙ্কন কর।

১০। মৌর্যোত্তর যুগে ভারতের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা আলোচনা কর।
১১। কুষাণ কারা ? কণিষ্ককে কুষাণ বংশের শ্রেষ্ঠ সম্রাট বলা হয় কেন ?
১২। কুষাণ যুগে ভারতের সাংস্কৃতিক সমুন্নতির সংক্ষিপ্ত পরিচয় দাও।
১৩। সাতবাহন কারা ? সংক্ষেপে ঐ বংশের রাজনৈতিক ইতিহাস বর্ণনা কর।
১৪। বিজেতা হিসাবে সমুদ্রগুপ্তের কৃতিত্ব নিরূপণ কর।
১৫। প্রথম চন্দ্রগুপ্ত থেকে স্কন্দগুপ্ত পর্যন্ত ভারতে ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনের প্রয়াসের সংক্ষিপ্ত বর্ণনা দাও।
১৬। ফা-হিয়েনের বিবরণ সংক্ষেপে আলোচনা কর।
১৭। গুপ্ত সাম্রাজ্যের পতনের কারণ কি ?
১৮। গুপ্ত যুগকে ভারতের স্বুবর্ণ যুগ বলা হয় কেন ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। চন্দ্রগুপ্ত মৌর্যের কৃতিত্ব আলোচনা কর।
২। মেগাস্থিনিসের বিবরণ সম্বন্ধে একটি টীকা লেখ।
৩। অশোকের কলিঙ্গ জয়ের ফলাফল কি।
৪। অশোকের ধর্মমত সম্বন্ধে কি জান ?
৫। মৌর্য শিল্পকলা সম্বন্ধে কি জান।
৬। গান্ধার শিল্প সম্বন্ধে একটি টীকা লেখ।
৭। গৌতমীপুত্র শাতকর্ণির রাজ্যবিস্তার সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।
৮। সমুদ্রগুপ্তের কৃতিত্ব আলোচনা কর।
৯। দ্বিতীয় চন্দ্রগুপ্ত কি কারণে ইতিহাসে খ্যাতিলাভ করেন ?
১০। গুপ্তযুগে বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার উন্নতি সম্বন্ধে কি জান ?

বিষয়মুখী প্রশ্ন ঃ

শূন্যস্থান পূর্ণ কর ঃ

১। বুদ্ধদেবের সমকালীন ভারতে — টি রাজ্য বর্তমান ছিল।
২। —— শৈশুনাগ বংশকে উচ্ছেদ করে নন্দ বংশের শাসন প্রতিষ্ঠিত করেন।
৩। —— যুগে বৌদ্ধধর্ম বিশ্বধর্মে পরিণত হয়।
৪। মৌর্য বংশের প্রতিষ্ঠাতা ছিলেন ——।
৫। —— খ্রীষ্টপূর্বাব্দে অশোক সিংহাসনে আরোহণ করেন।
৬। আলেকজাণ্ডারের কাছে —— রাজ্যের রাজা পুরু পরাজিত ও বন্দী হন।
৭। কুষাণরা ছিল মধ্য এশিয়ার যাযাবর —— জাতির পাঁচটি শাখার অন্যতম।
৮। কুষাণরাজদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন ——।
৯। —— 'গুপ্ত সম্বত' প্রচলন করেন।
১০। বিখ্যাত চীনা পরিব্রাজক —— দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে ভারতবর্ষে এসেছিলেন।

(খ) সঠিক উত্তরটি রেখে অন্যগুলি কেটে দাও।

১। সর্বক্ষত্রান্তক উপাধি ধারণ করেন—কালাশোক, চন্দ্রগুপ্ত মৌর্য, মহাপদ্মনন্দ।

২। ভারতের আদি সাম্রাজ্য স্রষ্টা ছিলেন—চন্দ্রগুপ্ত মৌর্য, মহাপদ্মনন্দ, আলেকজান্ডার।

৩। 'অমিত্রঘাত' উপাধি ধারণ করেন—বিন্দুসার, চন্দ্রগুপ্ত মৌর্য, অশোক।

৪। আলেকজান্ডার ভারত আক্রমণ করেন খ্রীষ্টপূর্ব চতুর্থ / তৃতীয় শতকের শেষ দিকে।

৫। শকরা ছিল মধ্য এশিয়া / পূর্ব এশিয়া / দক্ষিণ-পূর্ব এশিয়ার যাযাবর জাতি।

৬। ইন্দো-গ্রীক শাসকদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন গন্ডোফার্নিস, মিনান্ডার, নহপান।

৭। শকাব্দ প্রচলন করেন কণিষ্ক, শকরাজ প্রথম আজেস, রুদ্রদমন।

৮। সাতবাহন বংশের সর্বশেষ পরাক্রান্ত রাজা ছিলেন গৌতমীপুত্র শাতকর্ণি, বশিষ্ঠপুত্র পুলমায়ী, যজ্ঞশ্রী শাতকর্ণি।

৯। 'পরাক্রমাক' উপাধি ধারণ করেন সমুদ্রগুপ্ত, প্রথম চন্দ্রগুপ্ত।

১০। সমুদ্রগুপ্তের / দ্বিতীয় চন্দ্রগুপ্তের সভাকবি ছিলেন হরিষেণ।

১১। 'শকারি' উপাধি ধারণ করেন সমদ্রগুপ্ত, প্রথম চন্দ্রগুপ্ত, দ্বিতীয় চন্দ্রগুপ্ত।

১২। গুপ্ত বংশের শেষ পরাক্রমশালী সম্রাট ছিলেন প্রথম কুমার গুপ্ত, স্কন্দগুপ্ত, দ্বিতীয় চন্দ্রগুপ্ত।

ষষ্ঠ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। বিজেতা হিসাবে গৌড়রাজ শশাঙ্কের মূল্যায়ন কর।

২। বিজেতা হিসাবে হর্ষবর্ধনের কৃতিত্ব আলোচনা কর।

৩। হিউয়েন সাঙের বিবরণ সম্বন্ধে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা কর।

৪। হর্ষোত্তর যুগে পাল-প্রতিহার-রাষ্ট্রকূট বংশের ত্রিশক্তি প্রতিদ্বন্দ্বিতার একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

৫। বাংলার সেন বংশের রাজনৈতিক ইতিহাস সংক্ষেপে বিবৃত কর।

৬। বাতাপির চালুক্য বংশের ইতিহাস সংক্ষেপে আলোচনা কর।

৭। রাষ্ট্রকূট বংশের ইতিহাস সংক্ষেপে বিবৃত কর।

৮। পল্লভ অথবা চোল বংশের ইতিহাস সংক্ষেপে আলোচনা কর।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। মালবের যশোধর্মণ সম্বন্ধে কি জান ?

২। হর্ষবর্ধনের রাজ্যসীমা সম্বন্ধে কি জান ?

৩। ভারতীয়দের চরিত্র ও তাদের ব্যবসা-বাণিজ্য সম্পর্কে হিউয়েন সাঙ্ কি বলেছিলেন ?

৪। ধর্মপাল সম্বন্ধে কি জান ?

৫। লক্ষ্মণ সেন সম্বন্ধে কি জান ?

৬। চালুক্যবংশের শ্রেষ্ঠ নরপতি কে ছিলেন ? তাঁর কৃতিত্ব আলোচনা কর।

৭। পল্লভবংশের সর্বশ্রেষ্ঠ নরপতি কে ছিলেন ? বিজেতা হিসাবে তাঁর মূল্যায়ন কর।

৮। রাজেন্দ্র চোলের রাজত্বকালে চোল নৌশক্তির উন্নতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। শশাঙ্কের রাজধানী কোথায় ছিল ?

২। 'হর্ষচরিত' কার রচনা ?

৩। কাকে 'সকলোত্তরপথনাথ' নামে অভিহিত করা হয়েছিল ?

৪। হর্ষবর্ধনের রাজত্বকালে কোন্ চীনা পরিব্রাজক এসেছিলেন ?

৫। রাষ্ট্রকূট রাজ্যকে কে ভারতের সবচেয়ে শক্তিশালী রাজ্যে পরিণত করেন ?

৬। কোন্ পল্লভরাজ 'গঙ্গইকোণ্ড' উপাধি ধারণ করেন ?

সপ্তম অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। সপ্তম শতাব্দীতে উত্তর ভারতের অর্থনৈতিক অবস্থার বর্ণনা দাও।

২। সপ্তম শতাব্দীতে উত্তর ভারতের সমাজ ও সংস্কৃতি বিষয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা কর।

৩। অষ্টম থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত উত্তর ভারতের অর্থনৈতিক বা সামাজিক অবস্থার একটি রূপরেখা দাও।

৪। পালযুগে ভারতের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার একটি রেখাচিত্র অঙ্কন কর।

৫। পালযুগে সাংস্কৃতিক বৈভবের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৬। সেন আমলে বাংলার সমাজ ও সংস্কৃতি বিষয়ে একটি টীকা লেখ।

৭। সপ্তম থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত দক্ষিণ ভারতের স্থাপত্য ও ভাস্কর্যের সংক্ষিপ্ত আলোচনা কর।

৮। সপ্তম থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত দক্ষিণ ভারতের জ্ঞানবিজ্ঞান বা ধর্ম বিষয়ে সংক্ষেপে আলোচনা কর।

৯। প্রাচীনকালে বহির্জগতের সঙ্গে ভারতের সংযোগ কিভাবে স্থাপিত হয়েছিল ? এ প্রসঙ্গে মধ্য ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় সংস্কৃতির প্রসার সম্বন্ধে লেখ।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। সপ্তম শতাব্দীতে উত্তর ভারতে কিভাবে সামন্তপ্রথার উদ্ভব হয়েছিল ?
২। পালযুগে সাহিত্য ও জ্ঞানবিজ্ঞানের উন্নতি সংক্ষেপে আলোচনা কর।
৩। কৌলিন্য প্রথা কে প্রবর্তন করেন ? এ বিষয়ে সংক্ষেপে আলোচনা কর।
৪। পল্লভ অথবা চোল স্থাপত্য ও ভাস্কর্য সম্বন্ধে একটি টীকা লেখ।
৫। সপ্তম শতাব্দী থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যে দক্ষিণ-ভারতের জ্ঞানবিজ্ঞানের উন্নীত বিষয়ে একটি টীকা লেখ।
৬। শঙ্করাচার্য সম্বন্ধে কি জান ?
৭। টীকা লেখ (যে কোন একটি)—(ক) বরবুদর, (খ) আঙ্কোরভাটের বিষ্ণু-মন্দির, (গ) চম্পা ও (ঘ) কম্বুজ।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। সপ্তম শতাব্দীতে ভারতীয়দের প্রধান উপজীবিকা কি ছিল ?
২। সপ্তম শতাব্দীতে উত্তর ভারতে শাসক ও বিদগ্ধজনের ভাষা কি ছিল ?
৩। বৌদ্ধচর্যাপদগুলি কি ?
৪। দীপঙ্কর শ্রীজ্ঞান কে ছিলেন ?
৫। কৌলিন্য প্রথার প্রবর্তক কে ছিলেন ?
৬। কোন্ রাজাদের আমলে অজন্তার গুহাচিত্র অঙ্কিত হয় ?
৭। পুরীর জগন্নাথের মন্দির উড়িষ্যার কোন্ রাজার আমলে নির্মিত হয়।
৮। 'কুরল' কোন্ যুগে রচিত হয়েছিল ?
৯। দণ্ডিন কোন্ যুগে আবির্ভূত হয়েছিলেন ?

অষ্টম অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। 'মুসলিম ভারত' অভিধা যুক্তিযুক্ত নয় কেন বুঝিয়ে দাও।
২। সুলতানী যুগের যে কোন তিনটি ঐতিহাসিক উপাদান সম্বন্ধে লেখ।
৩। আরবদের সিন্ধু-বিজয় কাহিনী সংক্ষেপে লেখ।
৪। সুলতান মামুদের ভারত-অভিযানগুলির বর্ণনা দাও।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। টীকা লেখ—(ক) আরব শাসনের ফলাফল ; (খ) সুলতান মামুদের ভারত-আক্রমণের ফলাফল ; (গ) অলবেরুণী।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। আরবরা যখন ভারত আক্রমণ করেছিল তখন সিন্ধু রাজ্যের রাজা কে ছিলেন ?
২। আরবরা কত খ্রীষ্টাব্দে সিন্ধু জয় করে ?

৩। কে সিন্ধুদেশ জয় করলে ভারতে আরব শাসনের অবসান হয় ?

৪। সুলতান মামুদের রাজ্যজয়ের উদ্দেশ্য কি ?

নবম অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। দাসবংশের প্রতিষ্ঠাতা কে ? এই বংশের শ্রেষ্ঠ সুলতানের বিভিন্ন কার্যকলাপ ও কৃতিত্ব আলোচনা কর।

২। গিয়াসুদ্দীন বলবন কত খ্রীষ্টাব্দে দিল্লীর সিংহাসনে আসীন হয়েছিলেন ? তাঁর কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ দাও।

৩। ইলতুত্‌মিস ও রাজিয়ার কৃতিত্ব আলোচনা কর।

৪। ইলবারী শাসনকালে বৈদেশিক সংকটের প্রকৃতি ও তা প্রতিরোধের প্রয়াস সম্বন্ধে যা জান লেখ।

৫। ইলবারী শাসনকালে আভ্যন্তরীণ সংকটের প্রকৃতি বিশ্লেষণ কর। এই সংকট থেকে কিভাবে দিল্লীর সুলতানী রক্ষা পায় ও তার ভৌমিক সংহতি সাধিত হয় ?

৬। বিজেতা হিসাবে আলাউদ্দীন খলজীর মূল্যায়ন কর।

৭। শাসক হিসাবে আলাউদ্দীন খলজীর মূল্যায়ন কর।

৮। আলাউদ্দীন খলজীর মূল্য নিয়ন্ত্রণ সম্বন্ধে কি জান ? এর ফলাফল কি হয়েছিল ?

৯। মহম্মদ-বিন-তুঘলকের কার্যাবলী আলোচনা কর। দিল্লীর সুলতানীর পতনের জন্য তাঁকে কতদূর দায়ী করা যায় ?

১০। মহম্মদ-বিন-তুঘলকের চরিত্র ও কৃতিত্ব আলোচনা কর।

১১। ফিরুজ তুঘলকের শাসনকাল পূর্ববর্তী শাসনকালের থেকে কোন্ কোন্ ক্ষেত্রে পৃথক ?

১২। তৈমুরলঙ্গের ভারত-আক্রমণের বিবরণ দাও। এর ফল কি হয়েছিল ?

১৩। তুর্কী-আফগান সাম্রাজ্যের বা দিল্লী সুলতানীর পতনের কারণ বিশ্লেষণ কর।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। গিয়াসউদ্দীন বলবনের মঙ্গোল আক্রমণ প্রতিরোধের ব্যবস্থা কি ছিল ?

২। আলাউদ্দীন খলজীর মূল্য নিয়ন্ত্রণ ব্যবস্থার ফলাফল কি হয়েছিল ?

৩। মহম্মদ-বিন-তুঘলককে কি পাগলা রাজা বলা সঙ্গত ?

৪। নির্মাতা ও সংস্কৃতির পৃষ্ঠপোষক হিসাবে ফিরুজ তুঘলকের কৃতিত্ব কি ?

৫। তৈমুরলঙ্গের ভারত আক্রমণের ফলাফল কি হয়েছিল ?

বিষয়মুখী প্রশ্ন ঃ

সঠিক উত্তরটির নিচে দাগ দাও ঃ

১। দাসবংশের প্রতিষ্ঠাতা হলেন মহম্মদ ঘোরী, ইলতুতমিস, কুতবউদ্দীন আইবক।

২। খলজী বংশের প্রতিষ্ঠাতা ছিলেন জালালুদ্দীন, আলাউদ্দীন খলজী।
৩। তুঘলক বংশের প্রতিষ্ঠাতা ছিলেন মহম্মদ ঘোরী, গিয়াসউদ্দীন তুঘলক, মহম্মদ-বিন-তুঘলক।

দশম অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। ইলিয়াসশাহী বংশের অধীনে বাংলার ইতিহাস সংক্ষেপে আলোচনা কর।
২। হুসেন শাহী আমলে বাংলার ইতিহাস সংক্ষেপে বর্ণনা কর।
৩। ইলিয়াসশাহী ও হুসেনশাহী আমলে বাংলার সাংস্কৃতিক উন্নতির সংক্ষিপ্ত পরিচয় দাও।
৪। বাহমনী রাজ্যের উত্থান থেকে পতন পর্যন্ত ইতিহাস সংক্ষেপে আলোচনা কর।
৫। বাহমনী-বিজয়নগর সংগ্রামের ইতিহাস সংক্ষেপে বর্ণনা কর।
৬। বিজয়নগর রাজ্যের উত্থান থেকে শালুভ বংশের পতন পর্যন্ত ইতিহাস আলোচনা কর।
৭। তুলুভ বংশের শ্রেষ্ঠ রাজার কৃতিত্ব আলোচনা কর। তাঁর মৃত্যুর পর থেকে বিজয়নগর সাম্রাজ্যের পতন পর্যন্ত ইতিহাস আলোচনা কর।
৮। বিজয়নগর রাজ্যের শাসনব্যবস্থার একটি রেখাচিত্র অঙ্কন কর।
৯। বিজয়নগরের অর্থনৈতিক জীবন সম্বন্ধে কি জান? এ বিষয়ে বিদেশী পর্যটকদের বিবরণ থেকে কি তথ্য পাওয়া যায়?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। ইলিয়াসশাহী বংশের প্রতিষ্ঠাতা কে? তাঁর কৃতিত্ব আলোচনা কর।
২। আলাউদ্দীন হুসেনশাহ সম্বন্ধে কি জান?
৩। ইলিয়াসশাহী ও হুসেনশাহী আমলে বাংলায় সাহিত্যের ক্ষেত্রে যে উন্নতি ঘটে তার সংক্ষিপ্ত আলোচনা কর।
৪। বাহমনী রাজ্যোদ্ভূত পঞ্চরাজ্যের নাম লেখ।
৫। বিজয়নগরের কৃষ্ণদেব রায়ের কৃতিত্ব আলোচনা কর।
৬। বিজয়নগর রাজ্যের সাংস্কৃতিক জীবন আলোচনা কর।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। চীনা পর্যটক মা-হুয়ান যখন বাংলায় আসেন তখন বাংলায় সুলতান ছিলেন কে?
২। আলাউদ্দীন হুসেনশাহের দুজন বিখ্যাত হিন্দু মন্ত্রীর নাম কি?
৩। 'শ্রীকৃষ্ণ বিজয়' কাব্য কে রচনা করেন।
৪। 'বিদগ্ধ মাধব' ও 'ললিত মাধব' কার রচনা?

৫। ভারতের সর্বাপেক্ষা বৃহৎ মসজিদ কোন্‌টি ?

৬। গৌড়ের 'কদম রসুল' বা 'বড়সোনা' মসজিদ বাংলার কোন্‌ সুলতান নির্মাণ করিয়েছিলেন ?

৭। বাহমনী রাজ্যের অথবা বিজয়নগর রাজ্যের প্রতিষ্ঠাতার নাম কর।

৮। বিজয়নগর রাজ্যের তুলুভ বংশীয় সর্বশ্রেষ্ঠ রাজা কে ?

৯। বিজয়নগর রাজ্যে আগত দু'জন বিদেশী পর্যটকের নাম কর।

১০। বিজয়নগর রাজ্যের স্থাপত্য শিল্পের দুটি নিদর্শনের নাম কর।

একাদশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। ইসলাম ধর্মাবলম্বীরা আত্মস্বাতন্ত্র্য বিসর্জন দিয়ে ভারতীয় সমাজে মিশে যেতে পারেনি কেন ? কিভাবে উভয় সম্প্রদায়ের মধ্যে বিরোধ হ্রাস পায় ?

২। ভক্তিবাদ কি বুঝিয়ে দাও। এই প্রসঙ্গে রামানন্দ অথবা শ্রীচৈতন্য সম্বন্ধে একটি টীকা লেখ।

৩। ভারতে সুফী আন্দোলন সম্বন্ধে কি জান ? এর ফলাফল কি হয়েছিল ?

৪। দিল্লীর সুলতানী আমলে ভারতীয় শিল্প, স্থাপত্য ও সঙ্গীতের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৫। দিল্লীর সুলতানী আমলে ভারতীয় ভাষা ও সাহিত্যের সংক্ষিপ্ত বিবরণ দাও।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। সংক্ষিপ্ত টীকা লেখ (যে কোন একটি) ঃ
(ক) নামদেব ; (খ) রামানন্দ ; (গ) কবীর ; গুরু নানক ; (ঙ) শ্রীচৈতন্য ।

২। সুফীবাদ সম্বন্ধে কি জান ?

৩। ভক্তিবাদ ও সুফীবাদের ফলাফল কি হয়েছিল ?

৪। কিভাবে 'উর্দু' ভাষার উদ্ভব হয়েছিল ?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। 'কাল নির্ণয়' অথবা 'মদন পারিজাত'-এর রচয়িতার নাম কি ?

২। 'দোঁহা' কি ?

৩। 'যবন হরিদাস' কার শিষ্য ছিলেন ?

৪। ভারতের দুজন সুফী সন্তের নাম কর।

৫। 'হিন্দুস্থানের তোতা' কাকে বলা হয় ?

৬। কোন্‌ সাহিত্য স্রষ্টা সর্বপ্রথম কবি-কল্পনা প্রকাশের বাহন হিসাবে 'উর্দু'কে ব্যবহার করেন ?

দ্বাদশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। মুঘল যুগের ঐতিহাসিক উপাদান সম্বন্ধে যা জান লেখ।

২। মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে? তাঁর সম্বন্ধে যা জান লেখ।

৩। হুমায়ুনের রাজত্বকালে মুঘল-আফগান সংঘর্ষের বিবরণ সংক্ষেপে লেখ।

৪। শেরশাহের শাসন প্রণালী বর্ণনা কর।

৫। আকবরের রাজ্যবিস্তার সংক্ষেপে বর্ণনা কর।

৬। আকবরের শাসন প্রণালী সংক্ষেপে বর্ণনা কর।

৭। আকবরের রাজত্বকালে মুঘল সংস্কৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৮। আকবরের রাজপুত নীতি ও ধর্মনীতি আলোচনা কর।

৯। আকবরের রাজত্বকালে দু'জন ঐতিহাসিকের নাম কর। কি কি কারণে আকবর ইতিহাসে এত প্রসিদ্ধ?

১০। জাহাঙ্গীরের রাজ্যবিস্তার সংক্ষেপে বর্ণনা কর।

১১। ঔরঙ্গজীবের রাজত্বকালে মুঘল সাম্রাজ্য-বিরোধী আন্দোলনগুলির প্রকৃতি বিশ্লেষণ কর। এই প্রসঙ্গে যে কোন দুটি আন্দোলন সংক্ষেপে আলোচনা কর।

১২। ঔরঙ্গজীবের আমলে মুঘল-মারাঠা সংঘর্ষের একটি বিবরণ দাও।

১৩। শিবাজীর শাসন ব্যবস্থা সংক্ষেপে বিবৃত কর।

১৪। শিবাজীর চরিত্র ও কৃতিত্বের একটি মূল্যায়ন কর।

১৫। ঔরঙ্গজীবের দাক্ষিণাত্য নীতির ফলাফল বিশ্লেষণ কর?

১৬। ঔরঙ্গজীবের ধর্মনীতি আলোচনা কর। এর ফল কি হয়েছিল?

১৭। ঔরঙ্গজীবের সঙ্গে ইংরেজ ও ফরাসীদের সম্বন্ধে যা জান লেখ।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। বাবরের আত্মজীবনী সম্বন্ধে কি জান?

২। শেরশাহের রাজস্ব নীতি সম্বন্ধে যা জান লেখ।

৩। রাজপুতদের অধীনে আনার জন্য আকবর কি কি নীতি অনুসরণ করেছিলেন?

৪। আকবরের আমলে সাহিত্যের উন্নতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫। সংক্ষিপ্ত টীকা লেখ ঃ

(ক) মনসবদারী প্রথা ; (খ) দীন-ই-ইলাহী ; (গ) নূরজাহান।

৬। জাহাঙ্গীরের সঙ্গে পর্তুগীজ অথবা ইংরেজদের সম্পর্ক কেমন ছিল?

৭। শাহজাহানের রাজত্বকালকে মুঘল শাসনের স্বর্ণযুগ বলা হয় কেন?

৮। মুঘল যুগে মারাঠা অভ্যুদয়ের কারণ কি?

৯। শিবাজীর শাসন ব্যবস্থায় 'অষ্ট প্রধান' সম্বন্ধে যা জান লেখ।

১০। শাসক হিসাবে ঔরঙ্গজীবের ব্যর্থতার কারণ কি?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। প্রথম পানিপথের যুদ্ধ কত খ্রীষ্টাব্দে সংঘটিত হয় ?
২। ব্রহ্মজিৎ গৌড় কে ছিলেন ?
৩। দ্বিতীয় পানিপথের যুদ্ধ কত খ্রীষ্টাব্দে সংঘটিত হয় ?
৪। হিমু কে ছিলেন ?
৫। হলদিঘাটের যুদ্ধ কত খ্রীষ্টাব্দে কাদের মধ্যে সংঘটিত হয়েছিল ?
৬। 'আকবরনামা' ও 'আইন-ই-আকবরী' কার রচনা ?
৭। ইবাদৎখানা কে কোথায় নির্মাণ করিয়েছিলেন ?
৮। শাহজাহানের প্রকৃত নাম কি ?
৯। স্যার টমাস রো যখন মুঘল দরবারে আসেন তখন মুঘল সম্রাট কে ছিলেন ?
১০। পুরন্দরের সন্ধি কাদের মধ্যে হয়েছিল ?
১১। কোথায় এবং কত খ্রীষ্টাব্দে শিবাজীর রাজ্যাভিষেক হয় ?
১২। 'জিন্দাপীর' কাকে বলা হত ?
১৩। কে কলকাতার পত্তন করেন ?
১৪। কত খ্রীষ্টাব্দে ক'লকাতায় ফোর্ট উইলিয়ম দুর্গ নির্মিত হয় ?

ত্রয়োদশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। মুঘল শাসনে জায়গীরদার সম্পর্কে আলোচনা কর।
২। মুঘল শাসনাধীনে ভূমিরাজস্ব ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ দাও।
৩। মুঘল যুগে ভারতীয় সমাজ সম্পর্কে আলোচনা কর।
৪। মুঘল যুগে শিল্প ও বাণিজ্য সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দাও।
৫। মুঘল আমলে স্থাপত্য ও ভাস্কর্যের বিকাশ সম্পর্কে আলোচনা কর।
৬। মুঘল যুগে সাহিত্যের বিকাশ সম্পর্কে আলোচনা কর।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। মুঘল শাসনে রাষ্ট্রীয় ঐক্য স্থাপনের সংক্ষিপ্ত বিবরণ দাও।
২। মুঘল যুগে সম্রাটের ক্ষমতা কতখানি ছিল ?
৩। মুঘল যুগের অভিজাত ও শ্রমজীবী মানুষের তুলনামূলক আলোচনা কর।
৪। মুঘল আমলে স্ত্রীজাতির সামাজিক অবস্থান সম্পর্কে আলোচনা কর।
৫। মুঘল যুগে শিল্প ও বাণিজ্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।
৬। মুঘল আমলে ইউরোপীয় বণিক সম্প্রদায়ের সম্পর্কে কি জান ?
৭। মুঘল যুগের চিত্রকলা সম্পর্কে আলোচনা কর।
৮। মুঘল রাজত্বকালে ইতিহাস রচনার ক্ষেত্র কতখানি সমৃদ্ধ হয়েছিল ?
৯। মুঘল আমলে সঙ্গীত শিল্পের বিকাশ ও প্রসার সম্পর্কে কি জান ?
১০। মুঘল যুগের কয়েকটি আঞ্চলিক চিত্ররীতি আলোচনা কর।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। 'দিল্লীশ্বরো বা জগদীশ্বরো বা' কাদের বলা হত ?
২। মুঘল আমলে রাষ্ট্রীয় মালিকানাধীনে কয় ধরনের জমি ছিল ?
৩। বংশানুক্রমিক জায়গীর প্রথা কে চালু করেন ?
৪। রাজস্ব ব্যবস্থাকে উন্নত করার জন্য আকবরের প্রধান সহায়ক কে ছিলেন ?
৫। তাকাভি বলতে কি বোঝ ?
৬। রাজস্ব বিভাগের প্রধানকে কি বলা হত ?
৭। কয়েকটি রাজস্ব বিভাগের কর্মচারীর নাম কর।
৮। মুঘল যুগে ভারতে আগমনকারী কয়েকজন ইউরোপীয়ের নাম কর।
৯। মুঘল যুগের প্রধান শিল্প বলতে কি বোঝাত ?
১০। কয়েকটি বস্ত্রশিল্প কেন্দ্রের নাম লেখ।
১১। সে যুগের কয়েকটি উল্লেখযোগ্য বন্দরের নাম কর।
১২। মুঘল আমলে কোন্ কোন্ ইউরোপীয় বণিকদের আগমন হয়েছিল ?
১৩। আকবর নির্মিত কয়েকটি সৌধের নাম কর।
১৪। নূরজাহানের সময় কোন্ সমাধিসৌধ নির্মিত হয় ?
১৫। হুমায়ুনের আমলের দুই চিত্রশিল্পীর নাম লেখ।
১৬। রামচরিত মানস-এর রচয়িতা কে ?
১৭। দোঁহা কে রচনা করেন ?
১৮। 'পদ্মাবৎ' কে রচনা করেন ?
১৯। কৃষ্ণদাস কবিরাজ কোন্ গ্রন্থ রচনা করেন ?
২০। কয়েকজন সংস্কৃত সাহিত্য রচয়িতার নাম কর।
২১। মুঘল যুগের দু'জন মহিলা সাহিত্য-রচয়িতার নাম কর।
২২। মুঘল আমলের তিনটি ইতিহাস বিষয়ক গ্রন্থের নাম লেখ।
২৩। মুঘল আমলের সর্বশ্রেষ্ঠ সঙ্গীত শিল্পী কে ছিলেন ?
২৪। মুঘল যুগের দুটি আঞ্চলিক চিত্রশিল্পের নাম কর।

চতুর্দশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। মুঘল সাম্রাজ্যের পতনে মুঘল সম্রাট ঔরঙ্গজীবের দায়িত্ব নিরূপণ কর।
২। ঔরঙ্গজীবের উত্তরাধিকারীদের সম্বন্ধে যা' জান লেখ।
৩। নাদির শাহের আক্রমণ সম্বন্ধে কি জান ? ফলাফল কি হয়েছিল ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। ঔরঙ্গজীবের রাজত্বকালে জায়গীরদারী প্রথার কুফল সম্বন্ধে কি জান ?
২। মুঘল দরবারে দল-উপদলের দ্বন্দ্বের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। সম্রাট ফাররুখশিয়ারের রাজত্বকালের ওপর একটি টীকা লেখ।
৪। নাদির শাহের আক্রমণের ফলাফল আলোচনা কর।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। মুঘল দরবারে বিভিন্ন দলগুলির মধ্যে যে কোন দুটির নাম কর।
২। সম্রাট ফাররুখশিয়ারের আমলে কারা প্রকৃতপক্ষে শাসন পরিচালনা করতেন ?
৩। কত খ্রীষ্টাব্দে নাদির শাহ ভারত আক্রমণ করেন ?
৪। ভারতবর্ষ থেকে কোহিনুর মণি ও ময়ূর সিংহাসন কে পারস্যে নিয়ে গেছিলেন ?
৫। সর্বশেষ মুঘল সম্রাটের নাম কি ?

পঞ্চদশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। বাংলা সুবার স্বাধীনতা প্রতিষ্ঠায় মুর্শিদকুলি খাঁ ও আলিবর্দী খাঁর ভূমিকা আলোচনা কর।
২। স্বাধীন হায়দ্রাবাদ ও মহীশূর রাজ্য প্রতিষ্ঠার ইতিহাস লেখ।
৩। গুরু গোবিন্দ সিং পর্যন্ত শিখশক্তি বিকাশের বর্ণনা দাও।
৪। প্রথম তিন পেশোয়ার নেতৃত্বে মারাঠা সাম্রাজ্যের অভ্যুত্থান সংক্ষেপে লেখ। মারাঠাদের পতনের কারণ কি ?
৫। হায়দ্রাবাদ, অযোধ্যা ও বাংলার শাসকদের শাসননীতি বিশ্লেষণ কর।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। স্বাধীন অযোধ্যা রাজ্যের বিকাশ বর্ণনা কর।
২। হায়দার আলি কে ছিলেন ? তাঁর নেতৃত্বে মহীশূর রাজ্যের প্রতিষ্ঠা বর্ণনা কর।
৩। শিখগণ কিভাবে সামরিক সম্প্রদায়ে পরিণত হয় ?
৪। প্রথম বাজীরাওয়ের সময় হিন্দু পাদ পাদশাহী নীতির আলোচনা কর।
৫। পানিপথের তৃতীয় যুদ্ধের ফলাফল ও গুরুত্ব আলোচনা কর।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। বাংলায় স্বাধীন সুবা প্রতিষ্ঠা করেন এমন একজন সুবাদারের নাম কর।
২। বাংলার কোন্ নবাব মারাঠাদের দ্বারা পর্যুদস্ত হ'ন ?
৩। সিরাজ-উদ-দৌলার ঠিক আগে বাংলার নবাব কে ছিলেন ?
৪। হায়দ্রাবাদ রাজ্যের প্রতিষ্ঠাতা কে ?
৫। কাকে পরাজিত করে হায়দার মহীশূরে ক্ষমতা দখল করেন ?
৬। অযোধ্যা রাজ্যের প্রতিষ্ঠাতা কে ?
৭। শিখ ধর্মের প্রবর্তক কে ?

৮। কোন্ গুরুর আমল থেকে শিখরা সামরিক শক্তির প্রয়োজনীয়তা অনুভব করেন ?

৯। 'খালসা' বাহিনী কে গঠন করেন ?

১০। শিখদের সর্বশেষ গুরুর নাম কি ?

১১। মুঘল শক্তির রাজনৈতিক শূন্যতা পূরণ কবার মত শক্তি কাদের ছিল ?

১২। প্রথম তিনজন পেশোয়ার নাম কর।

১৩। হিন্দু পাদ পাদশাহী পরিকল্পনা কে করেছিলেন ?

১৪। 'ফ্রেডারিক দি গ্রেটের,' সঙ্গে কোন্ পেশোয়ার তুলনা করা হয় ?

১৫। পাঁচটি শক্তিশালী মারাঠা রাজবংশের নাম কি কি ?

১৬। হিন্দুরাজ্য প্রসারের আদর্শ থেকে কোন্ পেশোয়া বিচ্যুত হন ?

১৭। পানিপথের তৃতীয় যুদ্ধ কোন্ দুই শক্তির মধ্যে হয়েছিল ?

১৮। পানিপথের তৃতীয় যুদ্ধ কোন্ সালে হয়েছিল ? এই যুদ্ধের সেনাপতির নাম কি ?

ষোড়শ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। ভারতে পর্তুগীজ বণিকদের ব্যবসা-বাণিজ্যের সংক্ষিপ্ত বিবরণ দাও।

২। ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর ব্যবসা-বাণিজ্যের প্রসার সম্পর্কে সংক্ষেপে লেখ।

৩। দাক্ষিণাত্যে ইঙ্গ-ফরাসী দ্বন্দ্বের সংক্ষিপ্ত বিবরণ দাও। এই দ্বন্দ্বে ফরাসীদের পতনের কারণ কি ?

৪। প্রথম ও দ্বিতীয় কর্ণাটকের যুদ্ধের কারণ ও ফলাফল বর্ণনা কর।

৫। তিনটি কর্ণাটকের যুদ্ধের ফলাফল ও গুরুত্ব বর্ণনা কর।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। ইউরোপের কোন্ কোন্ দেশের বণিকেরা ভারতে বাণিজ্য করতে আসে ? তাদের বাণিজ্যকুঠি নির্মাণ সম্পর্কে সংক্ষেপে লেখ।

২। ভারতে ফরাসী সাম্রাজ্য স্থাপনের উদ্দেশ্যে দুপ্লে কি ব্যবস্থা গ্রহণ করেছিলেন ? এর পরিণাম কি হয়েছিল ?

৩। ভারতে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতার ফলাফল কি হয়েছিল ?

৪। ভারতের রাজন্যবর্গের ঘরোয়া কোঁদলে কিভাবে ইংরেজ ও ফরাসীরা অংশগ্রহণ করেছিল ?

৫। ইউরোপে ইংল্যান্ড ও ফ্রান্সের যুদ্ধ কি ভাবে ভারতে সংক্রমিত হয়েছিল ?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। ভাস্কো-দা-গামা কোন্ বৎসর ভারতবর্ষে আসার জলপথ আবিষ্কার করেন ?

২। ভাস্কো-দা-গামা ভারতের কোন্ বন্দরে উপস্থিত হন ?

৩। ভারতের কোন্ রাজার রাজ্যে পর্তুগীজরা বাণিজ্য করার অনুমতি পায় ?
৪। ভারতে পর্তুগীজ শাসনকর্তার নাম কি ?
৫। ওলন্দাজ বণিকরা কোন্ কোম্পানী গঠন করে ?
৬। ভারতে ব্যবসা-বাণিজ্যের জন্য আগত ব্রিটিশ প্রতিষ্ঠানের নাম কি ?
৭। স্যার টমাস রো কোন্ মুঘল সম্রাটের দরবারে উপস্থিত হয়েছিলেন ?
৮। ইংরেজরা কাদের কাছ থেকে বোম্বাই অধিকার করে ?
৯। কে কোন্ খ্রীষ্টাব্দে কলিকাতা মহানগরীর পত্তন করেন ?
১০। অস্ট্রিয়ার উত্তরাধিকার যুদ্ধ কোন্ সালে হয় ?
১১। সেন্ট টোমের যুদ্ধে কাদের মধ্যে অনুষ্ঠিত হয় ?
১২। আয় লা শাপেলের সন্ধি কখন কাদের মধ্যে সম্পাদিত হয় ?
১৩। কর্ণাটকের নবাব কে ছিলেন ?
১৪। হায়দ্রাবাদের সিংহাসন নিয়ে কাদের মধ্যে বিবাদ শুরু হয় ?
১৫। হায়দ্রাবাদে যাওয়ার পথে কে নিহত হন ?
১৬। সপ্তবর্ষের যুদ্ধ কখন শুরু হয় ?
১৭। বন্দীবাসের যুদ্ধ কোন্ সালে অনুষ্ঠিত হয় ?

সপ্তদশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন ঃ

১। বাংলাদেশে ব্রিটিশ বাণিজ্য বিস্তারের সংক্ষিপ্ত বিবরণ দাও।
২। সিরাজ-উদ্-দৌলার সঙ্গে ইংরেজদের বিরোধের কারণ কি ? এর পরিণাম কি হয়েছিল ?
৩। নবাব সিরাজ-উদ্-দৌলার সঙ্গে কোম্পানীর বিরোধের জন্য নবাবের কতখানি দায়িত্ব ছিল ?
৪। পলাশীর যুদ্ধের কারণ ও ফলাফল বর্ণনা কর। এই যুদ্ধে বাংলার স্বাধীনতা ধ্বংস হয়েছিল কি ?
৫। মীরকাশিম কে ছিলেন ? তাঁর সঙ্গে ইংরেজদের বিরোধের কি কারণ ছিল ? এই বিরোধের পরিণাম কি হয়েছিল ?
৬। ভারতে ইংরেজ শক্তি বিস্তারে ১৭৫৭, ১৭৬৪ এবং ১৭৬৫ খ্রীষ্টাব্দের গুরুত্ব আলোচনা কর।
৭। বক্সারের যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর।
৮। কোম্পানী কি ভাবে দেওয়ানী লাভ করে ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। সম্রাট ফাররুখশিয়ারের ফরমানের গুরুত্ব বর্ণনা কর।
২। নবাব মুর্শিদকুলি খাঁ ও আলিবর্দী খাঁয়ের সঙ্গে ইংরেজদের সম্পর্ক কেমন ছিল ?

৩। নবাব সিরাজ-উদ্-দৌলা কেন কলকাতা আক্রমণ করেন ? এই আক্রমণের ফলাফল কি হয়েছিল ?
৪। নবাব সিরাজ-উদ্-দৌলার সঙ্গে ইংরেজদের বিরোধের দুটি কারণ বর্ণনা কর।
৫। পলাশী ও বকসারের যুদ্ধের তুলনামূলক আলোচনা কর।
৬। কোম্পানীর দেওয়ানীলাভে এলাহাবাদের সন্ধির কি ভূমিকা ছিল।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। ফাররুখশিয়ারের ফরমান কোন্ সালে জারি করা হয় ?
২। কোন্ সালে সিরাজ প্রথম কলকাতা আক্রমণ করেন ?
৩। 'অন্ধকূপ হত্যা' কাকে বলা হয় ?
৪। আলিনগরের সন্ধি কোন্ সালে অনুষ্ঠিত হয় ?
৫। 'আলিনগর' কোন্ শহরের নামকরণ করা হয় ?
৬। সিরাজের বিরুদ্ধে দুজন ষড়যন্ত্রকারীর নাম কর।
৭। কোন্ সালে পলাশীর যুদ্ধ হয়। সিরাজের দুজন সেনাপতির নাম লেখ।
৮। কার আদেশে সিরাজকে হত্যা করা হয় ?
৯। বিদেরার যুদ্ধ কাদের মধ্যে অনুষ্ঠিত হয় ?
১০। বাংলার কোন্ গভর্নরের সহায়তায় মীরকাশিম বাংলার সিংহাসনে বসেন ?
১১। মীরকাশিমের রাজধানী কোথায় ছিল ?
১২। ইংরেজদের বিরুদ্ধে কাদের নিয়ে মীরকাশিম শক্তিজোট গঠন করেন ?
১৩। কোন্ সালে কোম্পানী দেওয়ানী লাভ করে ?
১৪। এলাহাবাদের সন্ধি কাদের মধ্যে অনুষ্ঠিত হয় ?

অষ্টাদশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। পানিপথের তৃতীয় যুদ্ধ থেকে পরবর্তীকালে মারাঠা সাম্রাজ্যের উত্থান ও পতন আলোচনা কর।
২। সুরাটের সন্ধি থেকে সলবাইয়ের সন্ধি পর্যন্ত ইঙ্গ-মারাঠা সম্পর্ক আলোচনা কর।
৩। ১৭৬১ থেকে ১৮১৮ পর্যন্ত মারাঠাদের একটি সংক্ষিপ্ত ইতিহাস রচনা কর। মারাঠাশক্তি পতনের কারণ কি ?
৪। হায়দার আলি ও টিপুসুলতানের আমলে ইঙ্গ-মহীশূর সম্পর্কের ইতিহাস লেখ।
৫। ব্রিটিশ আক্রমণ প্রতিরোধে হায়দার আলি ও টিপুসুলতানের ভূমিকা আলোচনা কর। মহীশূর শক্তির পতনের কারণ কি ছিল ?
৬। হায়দার আলি ও টিপুসুলতানের আমলে মহীশূরের ইতিহাস রচনা কর।
৭। প্রথম ও দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের কারণ ও ফলাফল আলোচনা কর।

৮। রণজিৎ সিংহের সঙ্গে ইংরেজদের সম্পর্কের ইতিহাস লেখ।

৯। অমৃতসরের সন্ধি থেকে লাহোরের সন্ধি পর্যন্ত ইঙ্গ-শিখ সম্পর্ক আলোচনা কর।

১০। রণজিৎ সিংহের পরবর্তীকালে শিখরাজ্য কিভাবে ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়েছিল ? শিখদের পতনের কারণ কি ?

১১। লর্ড ডালহৌসী ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারে কি কি নীতি গ্রহণ করেন ? তার পরিণতি কি হয়েছিল ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। পানিপথের তৃতীয় যুদ্ধের পর মারাঠাদের অবস্থা কেমন ছিল ?

২। সলবাইয়ের সন্ধি কোন্ দুই শক্তির মধ্যে স্বাক্ষরিত হয়েছিল ? এই সন্ধির গুরুত্ব কি ?

৩। তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের কারণ কি ?

৪। বেসিনের সন্ধি কি ভাবে স্বাক্ষরিত হয় ? এর গুরুত্ব কি ছিল ?

৫। হায়দার আলির বিরুদ্ধে নিজাম-মারাঠা ও ইংরেজদের ভূমিকা আলোচনা কর।

৬। টিপুসুলতান কে ছিলেন ? 'ম্যাঙ্গালোরের সন্ধি' ব্রিটিশ ও টিপুর মধ্যে শান্তি স্থাপিত করতে পেরেছিল কি ?

৭। টিপুসুলতান অধীনতামূলক 'মিত্রতা' গ্রহণ না করায় পরিণাম কি হয়েছিল ?

৮। নেপাল যুদ্ধের কারণ ও ফলাফল কি ছিল ?

৯। ইঙ্গ-ব্রহ্ম সম্পর্কের অবনতির কারণ কি ?

১০। কোন্ পরিপ্রেক্ষিতে 'অমৃতসরের সন্ধি' স্বাক্ষরিত হয়েছিল ?

১১। প্রথম ও দ্বিতীয় শিখ যুদ্ধের ফলাফল বর্ণনা কর।

১২। সিন্ধুদেশে ব্রিটিশ শক্তির বিস্তার সম্পর্কে আলোচনা কর।

১৩। 'স্বত্ববিলোপ নীতি' বলতে কি বোঝায় ?

১৪। কুশাসনের অজুহাতে কিভাবে লর্ড ডালহৌসী ব্রিটিশ সাম্রাজ্য বিস্তার করেছিলেন ?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। কোন্ সন্ধির দ্বারা প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধের অবসান হয় ?

২। সুরাটের সন্ধি কোন্ খ্রীষ্টাব্দে সম্পাদিত হয়েছিল ?

৩। 'সলবাইয়ের সন্ধি' কোন্ দুই শক্তির বিরোধের সাময়িক অবসান ঘটিয়েছিল ?

৪। দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধ কোন্ খ্রীষ্টাব্দে শুরু হয়েছিল ?

৫। 'বেসিনের সন্ধি' ও 'পুণের সন্ধি' কখন স্বাক্ষরিত হয় ?

৬। কোন্ সন্ধির দ্বারা প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধের অবসান ঘটে ?
৭। 'ম্যাঙ্গালোরের সন্ধি' কোন্ খ্রীষ্টাব্দে স্বাক্ষরিত হয় ?
৮। কোন সন্ধির দ্বারা তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধের অবসান হয় ?
৯। 'সগৌলির সন্ধি' কখন কাদের মধ্যে অনুষ্ঠিত হয় ?
১০। নেপাল অধিকারে ইংরেজ সেনাপতি কে ছিলেন ?
১১। 'ইয়ান্দবুর সন্ধি' কখন কাদের মধ্যে অনুষ্ঠিত হয় ?
১২। শিখগণ কখন তাদের স্বাধীনতা ঘোষণা করে ?
১৩। কাকে 'ভারতের নেপোলিয়ন' আখ্যা দেওয়া হয় ?
১৪। ইংরেজদের সঙ্গে কার 'অমৃতসরের সন্ধি' স্বাক্ষরিত হয় ?
১৫। লাহোরের সন্ধি কখন সম্পাদিত হয় ?
১৬। লর্ড এলেনবরা কার নেতৃত্বে সিন্ধুদেশে অভিযান প্রেরণ করেন ?
১৭। স্বত্ববিলোপনীতির প্রবর্তক কে ?
১৮। স্বত্ববিলোপনীতি প্রয়োগের কালে দুজন রাজ্যচ্যুত শাসকের নাম কর।

উনবিংশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন ঃ

১। কোম্পানীর দেওয়ানী লাভ ও বাংলাদেশে দ্বৈতশাসনের ফলাফলের গুরুত্ব বর্ণনা কর।
২। ওয়ারেন হেস্টিংস ও লর্ড কর্নওয়ালিসের আমলে ভারতীয় প্রশাসনে কেন্দ্রীকরণ সম্পর্কে আলোচনা কর।
৩। ব্রিটিশ প্রবর্তিত বিচার ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ দাও।
৪। কোম্পানীর আমলে পুলিসী ব্যবস্থার বিবরণ দাও।
৫। কোম্পানীর আমলে প্রবর্তিত ভুমিরাজস্ব ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ দাও।
৬। চিরস্থায়ী বন্দোবস্ত সম্পর্কে কি জান ? ভারতীয় সমাজ ও অর্থনৈতিক জীবনে এই ব্যবস্থার প্রভাব কি ছিল ?
৭। ভারতে ব্রিটিশ রাজস্ব ব্যবস্থার ফলাফল সম্পর্কে সংক্ষেপে লেখ।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। কোম্পানীর দেওয়ানী লাভের গুরুত্ব আলোচনা কর।
২। দ্বৈতশাসন ব্যবস্থা বলতে কি বোঝ ? এর ত্রুটি কি ছিল ?
৩। ওয়ারেন হেস্টিংস প্রবর্তিত বিচার ব্যবস্থা সংক্ষেপে লেখ।
৪। লর্ড কর্নওয়ালিস প্রবর্তিত বিচার ব্যবস্থা সংক্ষেপে বর্ণনা কর।
৫। ওয়ারেন হেস্টিংস ও লর্ড কর্নওয়ালিস প্রবর্তিত পুলিসী ব্যবস্থার বিবরণ দাও।
৬। ফ্রেডারিক হেলিডের সুপারিশ সম্পর্কে কি জান ?
৭। চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তনের আগে বাংলাদেশে ভূমিব্যবস্থা কেমন ছিল ?

৮। রায়তওয়ারী ও মহলওয়ারী ব্যবস্থা সম্পর্কে কি জান ?

৯। চিরস্থায়ী বন্দোবস্তের ফলে কৃষকদের দুর্দশা কতখানি বেড়েছিল ?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। কে দ্বৈতশাসন প্রচলন করেন ?

২। ছিয়াত্তরের মন্বন্তর কোন্ খ্রীষ্টাব্দে হয়েছিল ?

৩। রেগুলেটিং অ্যাক্ট কখন বিধিবদ্ধ হয় ?

৪। বাংলার প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন ?

৫। পিটের ভারত আইন কখন প্রবর্তিত হয় ?

৬। কাদের আমলে ভারতে ইঙ্গ-ভারতীয় প্রশাসনের ভিত্তি গড়ে ওঠে ?

৭। সদর দেওয়ানী আদালত কোথায় গঠন করা হয় ?

৮। ভারতে কে প্রথম কেন্দ্রীভূত শাসনব্যবস্থার ভিত্তি স্থাপন করেন ?

৯। ভ্রাম্যমাণ বিচারালয় কে স্থাপন করেন ?

১০। লর্ড কর্নওয়ালিসের আমলে সর্বোচ্চ ও সর্বনিম্ন বিচারালয় কি কি ছিল ?

১১। বিচারালয়ে ফার্সী ভাষার পরিবর্তে স্থানীয় ভাষা কে চালু করেন ?

১২। কোন্ গভর্নর জেনারেল ভারতীয় বিচারকদের পদমর্যাদা বৃদ্ধি করেন ?

১৩। শান্তিশৃঙ্খলা স্থাপনে কোন্ গভর্নর জেনারেলের আমলে থানা গঠন করা হয় ?

১৪। পুলিসী ব্যবস্থা সংস্কারের জন্য কে সুপারিশমূলক প্রস্তাব করেন ?

১৫। পুলিসী ব্যবস্থা সংস্কারের ক্ষেত্রে কে আইরিশ পুলিস ব্যবস্থার অনুমোদন করেন ?

১৬। চিরস্থায়ী বন্দোবস্ত কখন প্রবর্তিত হয় ?

১৭। রায়তওয়ারী ব্যবস্থা ভারতের কোন্ কোন্ অঞ্চলে প্রবর্তিত হয় ?

১৮। ভাইরাচারী প্রথা কোথায় প্রবর্তিত হয়েছিল ?

১৯। চিরস্থায়ী বন্দোবস্তে সরকারকে দেয় জমিদারের রাজস্বের হার কি ছিল ?

২০। মহলওয়ারী ব্যবস্থা ভারতের কোন্ অঞ্চলে চালু ছিল ?

বিংশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। ইস্ট-ইন্ডিয়া কোম্পানীর একচেটিয়া বাণিজ্য সম্পর্কে সংক্ষেপে লেখ।

২। শিল্প বিপ্লবের ফলে ভারতীয় ব্যবসা-বাণিজ্যের কি পরিবর্তন হয় ?

৩। ভারতীয় বস্ত্রশিল্পের অবনতির সংক্ষিপ্ত বিবরণ দাও।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। ১৮১৩ খ্রীষ্টাব্দের পর ভারতীয় ব্যবসা-বাণিজ্যে কি পরিবর্তন হয়েছিল ?

২। অবাধ বাণিজ্য নীতি বলতে কি বোঝ ?

৩। ভারত কি ভাবে কাঁচা মাল সরবরাহকারী দেশে পরিণত হয় ?

৪। কোম্পানী আসার পূর্বে ভারতীয় শিল্প ও বাণিজ্যের অবস্থা কেমন ছিল ?

৫। ভারতীয় শিল্পের পতন এদেশের অর্থনীতিতে কি প্রভাব ফেলেছিল ?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। কোন্ কোন্ ব্যবসায়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানীর একচেটিয়া অধিকার ছিল ?

২। শিল্প বিপ্লব কখন হয় ?

৩। কোন্ আইনের দ্বারা কোম্পানীর একচেটিয়া বাণিজ্যাধিকার বাতিল করা হয়।

৪। কোন্ ব্যবসায়ে কোম্পানীর অধিকার বলবৎ থাকে ?

৫। ইংরেজ বণিকরা এদেশে ব্যবসা চালানোর জন্য কোন্ প্রথা চালু করে।

৬। কখন ভারতে রেলপথ পাতা শুরু হয় ?

৭। ভারতের দুটি প্রধান শিল্পের নাম কর।

৮। জাহাজ শিল্প কোথায় কোথায় গড়ে উঠেছিল ?

৯। ১৮১৩ খ্রীষ্টাব্দে কোন্ বাণিজ্যনীতি গৃহীত হয় ?

একবিংশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। কোম্পানী আসার পূর্বে এদেশের প্রাচীন শিক্ষাব্যবস্থা সম্পর্কে কি জান ?

২। এদেশে সরকারী প্রচেষ্টায় ইংরেজী শিক্ষা প্রসারের বিবরণ দাও।

৩। এদেশে খ্রীষ্টান ধর্মপ্রচারকদের প্রচেষ্টায় ইংরেজী শিক্ষাপ্রসারের বিবরণ দাও।

৪। এদেশের শিক্ষাবিস্তারে দেশী ও বিদেশী চিন্তাবিদ্দের অবদান সম্পর্কে আলোচনা কর।

৫। ইংরেজী শিক্ষা প্রসারের ফলে প্রাচীন শিক্ষা ব্যবস্থার অবনতি কি ভাবে হয়েছিল ?

৬। পাশ্চাত্য সংস্কৃতির সংস্পর্শে ভারতবর্ষে ।ক পরিবর্তন এসেছিল ?

৭। এদেশের সামাজিক ও সাংস্কৃতিক নবজাগরণে রাজা রামমোহন রায়ের ভূমিকা আলোচনা কর।

৮। সমাজ সংস্কারক হিসেবে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা কর।

৯। ঊনবিংশ শতাব্দীতে সাহিত্যের নবযুগ সম্পর্কে আলোচনা কর।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। এদেশে ইংরেজী শিক্ষা প্রবর্তনের পেছনে কি কারণ ছিল ?

২। ইংরেজী শিক্ষা প্রবর্তনে লর্ড মেকলে ও চার্লস উডের সুপারিশের কি ভূমিকা ছিল।

৩। পাশ্চাত্য শিক্ষা বিস্তারে সরকারী উদ্দেশ্য কি ছিল ?
৪। ভারতে স্ত্রীশিক্ষা প্রসারের সংক্ষিপ্ত বিবরণ দাও।
৫। ধর্ম সংস্কার আন্দোলনে ব্রাহ্ম সমাজ ও প্রার্থনা সমাজের ভূমিকা আলোচনা কর।
৬। ডিরোজিও-র নব্যবঙ্গ আন্দোলন সংক্ষেপে লেখ।
৭। মহারাষ্ট্রে শিক্ষা, সংস্কার সংস্কৃতি ও সমাজ আন্দোলন সম্পর্কে লেখ।
৮। বাংলাদেশে গদ্যসাহিত্য বিকাশের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।
৯। উনিশ শতকে পত্রপত্রিকা বিকাশের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। কার রিপোর্ট থেকে উনিশ শতকের গোড়ার দিকের শিক্ষা ব্যবস্থার কথা জানা যায় ?
২। সর্বপ্রথম ভারতে ইংরেজী শিক্ষা প্রবর্তনের সুপারিশ কে করেন ?
৩। কলকাতা বিশ্ববিদ্যালয় কখন প্রতিষ্ঠিত হয় ?
৪। শ্রীরামপুর কলেজ কখন প্রতিষ্ঠিত হয় ?
৫। হিন্দু কলেজ কখন প্রতিষ্ঠিত হয় ?
৬। ভারতের প্রথম আধুনিক মানুষ কাকে বলা হয় ?
৭। ব্রাহ্ম সমাজ কে প্রতিষ্ঠা করেন ?
৮। হিন্দু বিধবা বিবাহ আইন কখন প্রবর্তিত হয় ?
৯। কলকাতায় সর্বপ্রথম বালিকা বিদ্যালয় কখন প্রতিষ্ঠিত হয় ?
১০। নব্যবঙ্গ কাদের বলা হত ?
১১। বোম্বাই-এ প্রতিষ্ঠিত একটি সাহিত্য ও বিজ্ঞানচর্চা প্রতিষ্ঠানের নাম কর।
১২। পুণেতে বালিকা বিদ্যালয় কে প্রতিষ্ঠা করেন ?
১৩। মহারাষ্ট্রের একজন সমাজ সংস্কারকের নাম লেখ।
১৪। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দুটি অনুবাদ গ্রন্থের নাম লেখ।
১৫। 'মেঘনাদবধ কাব্যে'র রচয়িতা কে ?
১৬। ঊনবিংশ শতাব্দীর দুটি বাংলা পত্রিকার নাম লেখ।

দ্বাবিংশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। পলাশী যুদ্ধের পরবর্তী একশ' বৎসরের ব্রিটিশ-বিরোধী বিদ্রোহের পটভূমিকা আলোচনা কর।
২। ফরাজী আন্দোলন সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দাও।
৩। ওয়াহাবী আন্দোলনের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।
৪। সাঁওতাল বিদ্রোহ সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। এই বিদ্রোহের গুরুত্ব কি ছিল ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। ফরাজী আন্দোলনে দুদু মিঞার ভূমিকা আলোচনা কর।
২। ফরাজী আন্দোলনের বৈশিষ্ট্য কি ছিল ?
৩। ব্রিটিশ শাসনের গোড়ার দিকে ভারতীয় মুসলিম সম্প্রদায়ের কি প্রতিক্রিয়া ছিল ?
৪। ভারতে ওয়াহাবী আন্দোলনের বৈশিষ্ট্য কি ছিল ?
৫। কোল বিদ্রোহ সম্পর্কে সংক্ষেপে লেখ।

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। ফরাজী আন্দোলনের প্রবর্তক কে ?
২। বাংলাদেশে ওয়াহাবী আন্দোলনের নায়ক কে ?
৩। ভারতে ওয়াহাবী আন্দোলনের নেতা কে ?
৪। কোল বিদ্রোহ কখন অনুষ্ঠিত হয় ?
৫। দুটি উপজাতি বিদ্রোহের নাম কর।
৬। সাঁওতাল বিদ্রোহ কখন হয় ?
৭। কোল বিদ্রোহের দুজন নেতার নাম কর।
৮। সাঁওতাল বিদ্রোহের দুজন নেতার নাম কর।

ত্রয়োবিংশ অধ্যায়

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্ন ঃ

১। ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের কারণগুলি বর্ণনা কর।
২। মহাবিদ্রোহে জনসাধারণের অংশগ্রহণ সম্পর্কে আলোচনা কর।
৩। মহাবিদ্রোহের নেতৃত্ব সম্পর্কে আলোচনা কর।
৪। মহাবিদ্রোহের প্রকৃতি সম্পর্কে আলোচনা কর।

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন ঃ

১। মহাবিদ্রোহের রাজনৈতিক ও অর্থনৈতিক কারণ কি ছিল ?
২। মহাবিদ্রোহের সামাজিক কারণ কি ছিল ?
৩। মহাবিদ্রোহের প্রত্যক্ষ কারণ সম্পর্কে লেখ ?
৪। মহাবিদ্রোহের ব্যর্থতার কারণ কি ?
৫। মহাবিদ্রোহকে ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম বলা যায় কি ?
৬। এই বিদ্রোহকে গণবিদ্রোহ বলা যায় কি ?

বিষয়মুখী প্রশ্ন ঃ

১। এনফিল্ড রাইফেলের বৈশিষ্ট্য কি ?
২। মহাবিদ্রোহের প্রথম কোথায় সূত্রপাত হয় ?

৩। মহাবিদ্রোহে সর্বপ্রথম একক বিদ্রোহ কে করেন ?
৪। মহাবিদ্রোহে সিপাহীরা কাকে ভারত সম্রাট বলে ঘোষণা করেন ?
৫। মহাবিদ্রোহে কোন্ নারী নেতৃত্ব দান করেন ?
৬। মহাবিদ্রোহের সঙ্গে যুক্ত চারজন ভারতীয় নেতার নাম কর।
৭। মহাবিদ্রোহে কোন্ কোন্ উপজাতি অংশগ্রহণ করে ?
৮। মহাবিদ্রোহের চারটি মূল কেন্দ্রের নাম কর।
৯। মহাবিদ্রোহের সঙ্গে যুক্ত তিনজন ইংরেজ সেনাপতির নাম কর।
১০। মহাবিদ্রোহকে 'ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম' কে বলেছেন ?

॥ বিষয়মুখী প্রশ্ন ॥

নিচের ঐতিহাসিক ব্যক্তি ও ঘটনাগুলি কালানুক্রমিকভাবে সাজিয়ে দাও ঃ

১। আর্য সভ্যতা, মৌর্য সভ্যতা, গুপ্ত সভ্যতা, হরপ্পা সভ্যতা।
২। নব্যপ্রস্তর যুগ, লৌহ যুগ, তাম্র-প্রস্তর যুগ।
৩। বিম্বিসার, কণিষ্ক, সমুদ্রগুপ্ত, দ্বিতীয় চন্দ্রগুপ্ত।
৪। লক্ষ্মণসেন, হর্ষবর্ধন, দেবপাল।
৫। রাজেন্দ্র চোল, শশাঙ্ক, অশোক, আলেকজান্ডার।
৬। আরবদের সিন্ধু বিজয়, আলেকজান্ডারের ভারত আক্রমণ, নাদির শাহের ভারত আক্রমণ, তৈমুরলঙ্গের ভারত আক্রমণ।
৭। মহম্মদ-বিন-তুঘলক, আলাউদ্দীন খলজী, মহম্মদ ঘোরী, বলবন।
৮। পলাশীর যুদ্ধ, হলদিঘাটের যুদ্ধ, বক্সারের যুদ্ধ, পানিপথের তৃতীয় যুদ্ধ।
৯। কুতুবউদ্দীন, শাহ্‌জাহান, জাহাঙ্গীর, ফিরুজ তুঘলক।
১০। রঞ্জিত সিং, শিবাজী, টিপু সুলতান, মীরকাশিম।
১১। ম্যাঙ্গালোরের সন্ধি, অমৃতসরের সন্ধি, সলবাই-এর সন্ধি।
১২। হিউয়েন সাঙ্, নিকোলো কণ্টি, ই. সিং, ফা-হিয়েন।
১৩। কোম্পানী কর্তৃক দেওয়ানী লাভ, পলাশীর যুদ্ধ, শিবাজীর রাজ্যাভিষেক, নাদির শাহের ভারত আক্রমণ।
১৪। লর্ড ডালহৌসী, রবার্ট ক্লাইভ, লর্ড ওয়েলেসলি, লর্ড কর্নওয়ালিস।
